শ্রীশ্রীপদকল্পতরু

অর্থাৎ

পদকর্ত্তা বৈষ্ণবদাসের সঙ্কলিত সার্দ্ধশতাধিক বৈষ্ণব পদকর্ত্তৃগণের তিন সহস্রের অধিক পদাবলি এবং সম্পাদকের সংগৃহীত ও পরিশিষ্টে মুদ্রিত প্রায় এক সহস্র পদাবলি, শব্দকোষ, পদসূচী, ভূমিকা ইত্যাদি-সম্বলিত পদ-সংগ্রহ।

তৃতীয় খণ্ড

(চতুর্থ শাখা—প্রথম ভাগ)

শ্রীসতীশচন্দ্র রায় এম্‌ এ কর্ত্তৃক
সম্পাদিত

কলিকাতা
২৪৩।১ আপার সারকুলার রোড, বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ মন্দির হইতে
শ্রীরামকমল সিংহ কর্ত্তৃক প্রকাশিত।
১৩৩০

কলিকাতা

বিশ্বকোষ প্রেসে ১ম—৭ম ফর্ম্মা ; আর মোনো প্রেসে ৮ম—৩১শ ফর্ম্মা ; এবং ৩২শ—৪২শ ফর্ম্মা, সূচী ও কভার ২ বেথুন রো, ভারতমিহির প্রেসে শ্রীসর্ব্বেশ্বর ভট্টাচার্য্য দ্বারা মুদ্রিত।

বিষয়-সূচী

চতুর্থ শাখা

[প্রথম ভাগ]

প্রথম পল্লব

(অদূর প্রবাস)

দ্বিতীয় পল্লব

(সুদূর প্রবাস—ভাবী বিরহ)

তৃতীয় পল্লব

(সুদূর প্রবাস—ভবন্ বিরহ)

চতুর্থ পল্লব

(সুদূর প্রবাস—ভূত বিরহ)

পঞ্চম পল্লব

(অর্দ্ধবাহ্য দশায় প্রলাপ)

ষষ্ঠ পল্লব

(দিব্যোন্মাদ)

সপ্তম পল্লব

(স্বপ্ন-রসোদ্গার)

অষ্টম পল্লব

(বসন্তাদি-সময়োচিত বিরহ)

নবম পল্লব

(দ্বাদশ মাসিক বিরহ)

দশম পল্লব

(নানাবিধ বিরহ)

একাদশ পল্লব

(বিরহের দশ দশা)

দ্বাদশ পল্লব

(ভাবোল্লাস)

ত্রয়োদশ পল্লব

(সমৃদ্ধিমান্ সম্ভোগের রসোদগার)

চতুর্দ্দশ পল্লব

(প্রকারান্তর সমৃদ্ধিমান্ সম্ভোগ)

পঞ্চদশ পল্লব

(সমৃদ্ধিমান্ সম্ভোগের রসোদ্গার)

ষোড়শ পল্লব

সপ্তদশ পল্লব

অষ্টাদশ পল্লব

ঊনবিংশ পল্লব

বিংশ পল্লব

একবিংশ পল্লব

দ্বাবিংশ পল্লব

ত্রয়োবিংশ পল্লব

চতুর্ব্বিংশ পল্লব

পঞ্চবিংশ পল্লব

(শ্রীগৌরচন্দ্রের ভক্ত-বৃন্দের চরিত্র-বর্ণন)

ষড়্‌বিংশ পল্লব

(শ্রীবিদ্যাপতিচণ্ডীদাস ঠাকুরের মিলন-বর্ণন)

শ্রীশ্রীপদকল্পতরু

চতুর্থ শাখা

অথ প্রবাসঃ।

উজ্জ্বলনীলমণৌ যথা।

পূর্ব্বসঙ্গতয়োর্যূনোর্ভবেদ্দেশান্তরাদিভিঃ।
ব্যবধানন্তু যৎ প্রাজ্ঞৈঃ স প্রবাস ইতীর্য্যতে॥
তজ্জন্যবিপ্রলম্ভোঽয়ং প্রবাসত্বেন কথ্যতে।
কিঞ্চিদ্দূরে সুদূরে চ গমনাদপ্যয়ং দ্বিধা॥*

অদূরপ্রবাসো যথা।

কালিয়দমনং গোষ্ঠে নন্দমোক্ষস্তথৈব চ।
কার্য্যানুরোধে রাসে চাপ্যন্তর্দ্ধানং বিদাং মতঃ॥

আদৌ কালিয়দমনং

যথা শ্রীদশমে।

আবালবৃদ্ধবনিতাঃ সর্ব্বে বৈ পশুবৃত্তয়ঃ।
নির্জ্জগ্মুর্গোকুলাৎ দীনাঃ কৃষ্ণ-দর্শন-লালসাঃ॥

তদুচিত-শ্রীগৌরচন্দ্রঃ।

ধানশী।১

গৌরাঙ্গ সুন্দর প্রেমে গর গর
ভ্রময়ে যমুনা-তীরে।
কৃষ্ণদাস সহ[২] পুরব রভস-
ধাম দেখিয়া ফিরে॥
দেখিতে দেখিতে উনমত-চিতে
ভ্রমিতে মোহন বন।
কৃষ্ণদাস কহ হের কালিদহ
আগে কর দরশন॥
এই ত কদম্ব তরুর উপরে
চড়িয়া দিলেন ঝাঁপ।
এথা শিশুকুল কান্দিয়া আকুল
সুরগণ হেরি কাঁপ॥
ব্রজপুরে কত দেখি উতপাত
যতেক বরজ-বাসী।
নন্দ যশোমতী হৈয়া উনমতি
কান্দয়ে[৩] এথায় আসি॥
গোপ গোপীগণ করয়ে রোদন
লোটায় অবনী মাঝ।
ব্রজ-বাসিকুল হেরি বেয়াকুল[৪]
উঠিলা নাগর-রাজ॥

---

* 'কিঞ্চিদ্দূরে' ইত্যাদি শ্লোকার্দ্ধের পরিবর্ত্তে ক, খ, ঘ ও চ পুথিতে 'সুদূরাদ্দূরতশ্চৈব দ্বিবিধশ্চ স চ ক্রমাৎ' পাঠ আছে। কিন্তু ক পুথিতে পাঠান্তর-রূপে 'কিঞ্চিদ্দূরে' ইত্যাদি শ্লোকার্দ্ধ লিখিত থাকায় 'উজ্জ্বলনীলমণি' গ্রন্থ-সম্মত পাঠ বলিয়া মূলে উহাই গৃহীত হইল।

এ কথা শুনিয়া বিভোর হইয়া
পড়িলা গৌরহরি।
পুলকে পূরল সব কলেবর
ভূমে যায় গড়াগড়ি॥
কাহাঁ মোর মাতা শ্রীদামাদি সখা
কাহাঁ মোর গোপীগণ।
ইহা বলি কান্দে থির নাহি বান্ধে
মাধব আকুল মন॥১॥১৫৮৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১১৭ সংখ্যক পদ। ২। 'কহ' প-র-সা। ৩। 'কান্দিয়ে' ক। ৪। 'হেরিয়া আকুল' ক; 'হেরি বিয়াকুল' খ, চ; 'হেরিয়া বেকুল' প-র-সা।

কি বলি যাইব ঘরে কি বলিব যশোদার
ধেনু বৎস[৯] কান্দে উভরায়।
শুনিতে[১০] এ সব বাণী পাষাণ হইল প
মাধব অবনী গড়ি যায় ॥২॥১৫৮৭

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৫৮ সংখ্যক
২। 'তাহা' ক, খ, চ, প-র-সা। ৩। 'ত
খ। ৪। 'পাইয়া' খ; 'লয়া' প-র-সা।
'মরিয়াছে' ক, খ, চ, প-র-সা। ৬। 'উঠিে
ক, খ; 'উঠিলা যে' প-র-সা। ৭। 'কদ
ক, খ, চ, প-র-সা। ৮। 'তাহার' ইত্যাদি
'ঘন মালসাট মারি কদম্বের ডাল ধরি' প-র-
৯। 'বচ্ছ' খ, প-র-সা। ১০। 'শুনিয়া' প-র-স

সিন্ধুড়া।১

কালিন্দীর এক দহে কালী নাগ তাহাঁ[২] রহে
বিষ-জল দহন সমান।
তাহার উপরে বায় পাখী যদি উড়ি যায়
পড়ে তাহে[৩] তেজিয়া পরাণ॥
বিষ উথলিছে জলে প্রাণী যদি যায় কূলে
জলের বাতাস পাঞা[৪] মরে।
স্থাবর জঙ্গম যত কূলে মরি আছে[৫] কত
বিষ-জ্বালা সহিতে না পারে॥
দেখি যদুনন্দন দুষ্ট-দর্প-বিনাশন
উঠিলেন[৬] কদমের[৭] ডালে।
তাহার উপরে চড়ি ঘন মালশাট মারি[৮]
ঝাঁপ দিলা কালীদহ-জলে॥
দেখিয়া রাখালগণ কান্দিয়া আকুল-মন
পড়ে সভে মুরছিত হৈয়া।
ফুকরি শ্রীদাম কান্দে কেহো থির নাহি বান্ধে
ক্ষণেকে চেতন সভে পাঞা॥

গান্ধার।১

দিবসে আন্ধার গোকুল নগর
সঘনে কাঁপয়ে মহী।
রুধির বরিখে নয়ান-নিমিখে
সভাই হেরয়ে অহি॥
নন্দ যশোমতী গোপ গোপী-ততি
বিচার করয়ে মনে।
বলরাম বিনে সখাগণ সনে
কানাই গিয়াছে বনে॥
যশোমতী কহে দারুণ স্বপন
দেখিনু রজনী-শেষে।
আমার গোপালে ভুজঙ্গে বেঢ়ল
জারল বিষম বিষে॥
ব্রজ-বাসী কিবা বাল বৃদ্ধ যুবা
শুনিয়া চলিলা ধাই।
যাহাঁ শিশুগণ করয়ে[২] রোদন
তাহাঁই মিলিলা[৩] যাই॥

ঝাঁপ দিলা জলে শুনিয়া সকলে
বালকগণের মুখে।
অবনী মাঝারে মুরছি পড়য়ে
মাধব কান্দয়ে দুখে ॥৩॥১৫৮৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৫৯ সংখ্যক পদ। ২। 'করই' প-র-সা। ৩। 'মিলল' খ; 'মীলল'

পাহিড়া।১

কান্দে ব্রজেশ্বরী উচ্চ স্বর করি
কোথা রে২ গোকুল-চন্দ।
ভুলি৩ কার বোলে ঝাঁপ দিয়া৪ জলে
ভুজগে হইলা বন্ধ ॥
অপুত্রক হৈয়া মন্দির৫ লইয়া
আছিলুঁ পরম সুখে।
পুত্র হৈয়া তুমি জঠরে জনমি
শেল দিয়া গেলা৬ বুকে ॥
নিদারুণ বিধি এ৭ বাদ সাধিলা
বিচারিলা অদভুত।
কি দোষ পাইয়া লইলা কাড়িয়া
আমার সোণার সুত ॥
শিরে কর হানে বিষ-জল পানে
সঘনে ধাইয়া যায়।
দুবাহু পসারি বলরাম ধরি
প্রবোধ করয়ে তায়।
নন্দঘোষ কান্দে থির নাহি বান্ধে
ভূমে পড়ি৮ মুরুছায়৯।
গোপগণ তাহা হেরিয়া কান্দয়ে
মাধব প্রবোধে তায় ॥৪॥১৫৮৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৬০ সংখ্যক পদ। ২। 'কোথায়ে' প-র-সা। ৩। 'শুনি' প-র-সা। ৪। 'দিলা' ক, প-র-সা। ৫। 'নন্দির' খ। অমৃত-বাজারের সংস্করণে 'নন্দন' পাঠ আছে; 'অপুত্রক হৈয়া নন্দন লইয়া আছিলুঁ পরম সুখে' বাক্য কিরূপে সঙ্গত হয়? 'মন্দির' পাঠেও ভাল অর্থ হয় না। 'নন্দেরে' প্রকৃত পাঠ হইবে কি? ৬। 'দিয়া গেলা' স্থলে 'দিলা মোর' প-র-সা। ৭। 'যে' ক, খ, চ, প-র-সা। ৮। 'তহি' প-র-সা। ৯। 'মুরছায়' ক, খ, প-র-সা।

শ্রীরাধিকা-বিলাপো যথা।

ভথা রাগ।১

সহচরি সঙ্গে রাই খিতি২ লুঠই
খণহি খণহি মুরছায়।
কুন্তল তোড়ি সঘনে শির হানই৩
কো পরবোধব তায় ॥
হরি হরি কি ভেল বজর নিপাত।
কাহে লাগি কালিন্দি-বিষ-জলে পৈঠল
সো মঝু জীবন-নাথ ॥ধ্রু॥
চৌদিগে৪ সবহুঁ রমণীগণ রোয়ত
লোরহিঁ মহি বহি যায়।
বিগলিত ভরম সরম সব তেজল
ঘন রোয়ত উভরায় ॥
বিষ-জল পানে ছুটই কোই লুঠই
কোই না বান্ধই কেশ।
মাধবদাস সবহুঁ পরবোধই
গদগদ বচন বিশেষ ॥৫॥১৫৯০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৬১ সংখ্যক পদ।

২। 'ক্ষিতি' ক, খ, প-র-সা। ৩। 'হানহ' ঘ।
৪। 'চৌদিশে' ক।

তথা রাগ।১

ব্রজ-বাসিগণ কান্দে ধেনু বৎস২ শিশু।
কোকিল মউর৩ কান্দে যত মৃগ পশু॥
যশোদা রোহিণী দেহ ধরণে না যায়।
সবে৪ মাত্র বলরাম প্রবোধে সভায়॥
নন্দ উপনন্দ আদি যত গোপগণ।
ধাইয়া চলয়ে বিষ করিতে ভক্ষণ॥
শ্রীদাম সুদাম আদি যত সখাগণ।
সভে বলে৫ বিষ-জল করিব ভক্ষণ॥
বলরাম রাখে সভার প্রবোধ করিয়া।
এখনি উঠিছে কালী-দমন করিয়া॥

॥৬॥১৫৯১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৬২ সংখ্যক পদ। ২। 'বচ্ছ' খ, চ, প-র-সা। ৩। 'ময়ূর' ক, প-র-সা। ৪। 'সভে' চ। ৫। 'বোলে' ঘ।

সুহই।১

ব্রজ-বাসিগণ-জীবন-শেষ।
দেখিয়া উঠিলা নটবর২-বেশ॥
কালিয়-ফণায় নটন-রঙ্গ।
হেরি জনু তনু জীবন সঙ্গ॥
মরণ-শরীরে আইল প্রাণ।
হেরিয়া ঐছন সবহুঁ মান॥
ফণায় ফণায় দমন করি।
নটবর-ভঙ্গে নাচয়ে হরি॥
ভাঙ্গিল দরপ ভুজগ-ঈশ৩।
উগারে অনল-সমান বিষ॥
ফণি-মণিগণ পড়য়ে খসি।
পূজয়ে চরণ-নখর-শশী॥
নাগাঙ্গনাগণ করয়ে স্তুতি।
শুনি ব্রজ-মণি হরষ-মতি॥
ফণি-পতি৪ অতি৫ হইয়া ভীত।
শরণ লইল চরণ নীত॥
ফণি-পতিবরে অভয় করি।
জল সঞে তীরে আইলা হরি॥
মাতা যশোমতী লইল কোরে।
মাধব ভাসয়ে আনন্দ লোরে॥

॥৭॥১৫৯২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৬১ সংখ্যক পদ। ২। 'নটবর' প-র-সা। ৩। 'ভুজঙ্গ ঈশ' খ; 'ভুজঙ্গ সিব' প-র-সা। ৪। 'কালিপত্নি' প-র-সা। ৫। 'অতি' স্থলে 'মতি' ক, খ, ঘ, চ; 'ষতি' প-র-সা। 'মতি' কিংবা 'ষতি' কোন পাঠেই অর্থ হয় না; 'অতি' শব্দের 'অ' অক্ষরটি কোন পুথিতে 'ম' লিখিত হওয়ায় ও লিপিকর-প্রমাদে 'ম' অক্ষরটি 'ষ' ও ম অক্ষরে পরিণত হওয়ায়ই এই পাঠ-বিভ্রাট ঘটিয়াছে অনুমান হয়।

কালিয়স্য ফণ-রত্ন-কুট্টিমং
কুট্টয়ন্ পদ-সরোজ-ঘট্টনৈঃ।
মঙ্গলানি বিতনোতু তাণ্ডবে
পণ্ডিতস্তব শিখণ্ড-শেখরঃ॥

টীকা

১—৪। "কালিয়স্যে"তি। তাণ্ডবপণ্ডিতো নৃত্যকুশলঃ শিখণ্ডশেখরঃ শিখি-পুচ্ছ-মৌলিঃ শ্রীকৃষ্ণঃ পাদ-সরোজয়োঃ পাদপঙ্কজয়োঃ ঘট্টনৈঃ প্রহারৈঃ কালিয়স্য কালিয়-নাগস্য ফণ-রত্ন-কুট্টিমং ফণরত্নানাং

দৃঢ়-ভিত্তিং কুট্টয়ন্ বিপাটয়ন্ তব মঙ্গলানি কুশলানি বিতনোতু বিস্তারয়তু।

অনুবাদ

১—৪। তাণ্ডব-পণ্ডিত শিখি-পুচ্ছ-মৌলি শ্রীকৃষ্ণ পদ-পঙ্কজের পীড়নে কালিয়-নাগের দৃঢ়-গ্রথিত কণা-মণি-সমূহ বিদলিত করিয়া আপনার মঙ্গল বিধান করুন।

তিরোথা ধানশী।১

ব্রজ-নিজজন হেরি আনন্দ-চন্দ২।
হেরই ভুখল চকোরক ছন্দ৩॥
কাহুঁক বয়নে না নিকসয়ে বাত।
কর-সরসীরুহে মাজই গাত॥
বিষ-জলে জনু তনু দাহন ভেল।
ব্রজ-প্রেমামৃতে শীতল কেল॥
যৈছন যাহে করই৪ সম্ভাষ।
সবহুঁ আলিঙ্গয়ে গদগদ ভাষ॥
সহচরিগণ লোচন ভরি দেখ।
ইষদবলোকনে করু অভিষেক॥
পুরল মনরথ দরশ-রস-পানে।
আনন্দে সুবদনি আপনা না জানে॥
দ্বিজকুল আকুল আনন্দে ভাস।
নিরখি নিরাপদ মাধবদাস॥৮॥১৫৭৩॥

ইত্যাদি কালিয়দমনং।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৭৪ সংখ্যক পদ। ২। 'আনন্দ-চন্দ' স্থলে 'আনন্দ' খ। ৩। 'চকোরক ছন্দ' স্থলে 'চকোর চন্দ' খ। ৪। 'করল' খ।

অথ গোষ্ঠগমন-জনিত-বিয়োগঃ।

"নিজ-মন্দিরে ধনি বৈঠল বিরহিণি" ইত্যাদি বহবঃ সন্তি।

অথ নন্দমোক্ষো যথা শ্রীদশমে।

ভগবাংস্তদুপশ্রুত্য১ পিতরং বরুণাহৃতং।
তদন্তিকগতো রাজন্ স্বানামভয়দো বিভুঃ২॥

পাঠান্তর

১। 'ভগবাংস্তদনুশ্রুত্বা' ক; 'ভগবস্তদুপশ্রুত্বা' খ, চ। ২। সকল পুথিতেই 'হরিঃ' পাঠ থাকিলেও শ্রীমদ্ভাগবত-সম্মত 'বিভুঃ' পাঠই সমীচীন বোধে গৃহীত হইল।

শ্রীগৌরচন্দ্রঃ।

তথা রাগ।১

ভ্রমিতে ভ্রমিতে গোরা যমুনার কূলে।
কৃষ্ণদাস কোলে করি ভাসে প্রেম-জলে॥
কৃষ্ণদাস বলে হের দেখ নন্দঘাট।
বরুণে হরিয়া নন্দ নিল নিজ পাট॥
পিতার উদ্দেশে কৃষ্ণ২ জলে প্রবেশিলা।
গোপ-গোপীগণ হেরি কান্দিতে লাগিলা॥
শুনি গোরাচাঁদের ধারা বহে দুনয়নে।
সেই ভাবাবিষ্ট হৈয়া কান্দেন৩ আপনে॥
॥৯॥১৫৭৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৭৫ সংখ্যক পদ। ২। 'কৃষ্ণ' প-র-সা। ৩। 'কান্দয়ে' খ। প-র-সা।

শ্রীরাগ ।১

একাদশী করি নিশি-অবশেষে
স্নানে গেলা ব্রজ-পতি ।
জলের মাঝারে বরুণের চরে
নন্দেরে হরিল তথি ॥
এ বোল শুনিয়া নন্দের নন্দন
পিতার উদ্দেশ লাগি ।
জলে ঝাঁপ দিয়া বরুণ-নিয়ড়ে
গেলা মনে দুখ জাগি ॥
তাহা শুনি ধনী রাই সুবদনী
মরমে পাইয়া দুখ ।
হা নাথ বলিয়া কান্দে ফুকরিয়া
না দেখিয়া চাঁদ-মুখ ॥
ব্রজ-বাসিগণ করয়ে রোদন
ক্ষিতি-তলে লোটাইয়া ।
বিষাদ হেরিয়া[২] উদ্ধব দাসের
বিদরিয়া যায় হিয়া ॥১০॥১৫৯৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৬৬ সংখ্যক পদ।
২। 'ভাবিয়া' ক।

কামড়া।১

নীরাধিপ-ভৃত্য-রূপ ।
হরল নন্দ ব্রজক ভূপ ॥
ঐছন শুনি গোপ-শূর ।
ত্বরিতে আইলা বরুণ-পূর[২] ॥
হেরি বরুণ চরণে গীর[৩] ।
ধূলি লুঠয়ে ধূসর শীর[৪] ॥
সিংহাসন দেই[৫] তাহি ।
পূজল কত অবধি নাহি ॥
তাত লেই চলল পূর[৬] ।
ব্রজ-জন-দুখ গেও[৭] দূর ॥
জীবন পাই নন্দ-রাণী ।
প্রেমে বিভোর কছু[৮] না জানি ॥
ব্রজ-ভূপতি চমক পাই ।
নিজগণে সব কহল যাই ॥
গোপীগণ পাওল সুখ[৯] ।
টুটল নব বিরহ-দুখ[১০] ॥
আনন্দে ব্রজ-লোক ভাস ।
হেরত সুখে মাধব দাস ॥১১॥১৫৯৬॥

ইত্যাদি নন্দহরণং ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৬৭ সংখ্যক পদ। ২। 'পুর' ক, চ, প-র-সা। ৩। 'গীরে' খ। ৪। 'শির' ক, ঘ, প-র-সা ; 'শিরে' খ। ৫। 'আনি দেই' খ, প-র-সা। ৬। 'পুর' ক, প-র-সা। ৭। 'গেয়ল' খ ; 'গেয়' চ ; 'গেয়ত' প-র-সা। ৮। 'কিছু' ক, খ, চ, প-র-সা। ৯। 'সুখ' ক, চ, প-র-সা। ১০। 'দুঃখ' ক, চ, প-র-সা।

অথ কার্য্যানুরোধো যথা।

কৃষ্ণছত্রবনং গত্বা সূর্য্যে মূর্দ্ধ্নি স্থিতেঽহ্নি চ ।
তত্রৈতোমূর্চ্ছিতা রাধাকথয়ৎ স্বসখীং প্রতি ॥

তদুচিত-শ্রীগৌরচন্দ্রঃ।

পাহিড়া।

গোরা গেলা পূর্ব্বদেশ নিজগণ পাই ক্লেশ
বিলাপয়ে[১] কত পরকার ।
কান্দে দেবী লক্ষ্মী প্রিয়া শুনিতে বিদরে হিয়া
দিবসে মানয়ে অন্ধকার ॥
হরি হরি গৌরাঙ্গ-বিচ্ছেদ নাহি সহে।
পুন সেই গোরা-মুখ দেখিয়া ঘুচিবে দুখ
এখন[২] পরাণ যদি রহে ॥ধ্রু॥

শচীর করুণা শুনি   কান্দয়ে অখিল প্রাণী
মালিনী প্রবোধ করে তায় ।
নদিয়া-নাগরীগণ   কান্দে তারা অনুক্ষণ
বসন ভূষণ নাহি ভায় ॥
সুরধুনী-তীরে যাইতে   দেখিব গৌরাঙ্গ পথে
কত দিনে হবে শুভ দিন ।
চাঁদ-মুখের বাণী শুনি   জুড়াবে তাপিত প্রাণী
গোবিন্দ ঘোষের দেহ ক্ষীণ ॥১২॥১৫৯৭॥

তত্র কার্য্যানুরোধেন শ্রীকৃষ্ণস্য মথুরাগমনাদয়ঃ।
ইতি চতুর্থ-শাখায়াং প্রথম-পল্লবঃ।

পাঠান্তর

১। 'বিলপয়ে' ঘ, চ। ২। 'এমন' ক।

অথ সুদূরঃ প্রবাসঃ।

প্রোষিত-ভর্তৃকা। তল্লক্ষণং যথা।

কুতশ্চিৎ কারণাৎ যস্যা বিদূরস্থো ভবেৎ পতিঃ।
তদসঙ্গম-দুঃখার্ত্তা ভবেৎ প্রোষিত-ভর্তৃকা ॥
দূরদেশং গতে কান্তে ভবেৎ প্রোষিতভর্তৃকা।
ভাবী ভবন্ ভূতশ্চেতি ত্রিবিধঃ স তু কীর্ত্ত্যতে ॥

অথ ভাবী বিরহঃ।

তস্যাবাক্রান্তঃ শ্রীমহাপ্রভুঃ।

সুহই। কন্দর্পতাল।[১]

আজু কেনে[২] গোরাচাঁদের বিরস বয়ান।
কে আইল কে আইল বলি ঝরয়ে নয়ান ॥
চৌদিগে ভকতগণ কাঁদি অচেতন।
গৌরাঙ্গ এমন কেনে[৩] না বুঝি কারণ[৪] ॥
সে মুখ[৫] চাহিতে হিয়া কেমন জানি[৬] করে।
কত সুরধুনী-ধারা আঁখিযুগে ঝরে[৭] ॥
হরি হরি বলি গোরা ছাড়য়ে নিশ্বাস।
শিরে কর হানে বাসু গদগদ ভাষ ॥১॥১৫৯৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮০৬ সংখ্যক পদ। ২—৩। 'কেন' ক। ৪। 'বুঝি কারণ' স্থলে 'বুঝিলু মন' ঘ। ৫। 'সমুখ' ক। ৬। 'জানি' খ পুথিতে নাই। ৭। 'ঝুরে' প-র-সা।

কামোদ।[১]

সাঁঝহি শচিসুত[২] হেরিয়ে আন মত
কি কহত কছু[৩] নাহি জানি।
নগর-গমন লাগি বোলত রাজ-দূত[৪]
বড় ইহ দারুণ বাণি ॥
কান্দি কহত পুন রোই।
লাখে লাখে বিঘিনী মঝু পরে[৫] বীতউ[৬]
পাছে জানি বিচ্ছেদ হোই ॥ধ্রু॥
কাহে মঝু দখিণ নয়ন ইহ ফুরই[৭]
কাহে মঝু হৃদয় কাঁপ[৮]।
কাঁহে মঝু চিত করত উচাটন
এত কহি করত বিলাপ[৯] ॥
ঐছন হেরি পরাণ মঝু রোয়ত
কি করয়ে নাহিক থেহ।
এ রাধামোহন কহ ইহ আন মত নহ
কাঠ-কঠিন[১০] মঝু দেহ ॥২॥১৫৯৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮০৭ সংখ্যক পদ। ২। 'শচীসুত' ক, চ। ৩। 'কিছু' ঘ। ৪। 'রাজদূত' ক, খ। ৫। 'পর' খ, চ, প-র-সা। ৬। 'বেড়ই' ক; 'বিতই' খ, প-র-সা; 'বিতউ' ঘ, চ। 'বিতউ' পাঠে ছন্দোভঙ্গ ঘটে; সুতরাং প-স গ্রন্থের 'বীতউ' পাঠই সমীচীন বটে। ৭। 'ফুরই' ক, ঘ, চ, প-র-সা। ৮। 'কাঁপি' প-র-সা। ৯। 'বিলাপি' প-র-সা। ১০। 'কঠিন কঠিন' খ।

সুহই।১

না জানিং কো মথুরা সঞে আয়লং
তাহে হেরি কাহে জিউ কাঁপি।
তব ধরি দখিণ পয়োধর ফুরয়ে৪
লোরে নয়নযুগ ঝাঁপি ॥
সজনিং অকুশল-শত নাহি মানি৬।
বিপদক৭ লাখ তৃণহুঁ করি না গণিয়ে
কানু-বিছেদ৮ হয়ে৯ জানি১০ ॥
কিয়ে ঘর বাহির চীত না১১ রহ থির
জাগরে নিঁদ১২ নাহি ভায়।
গড়ল মনোরথ তৈখনে ভাঙ্গত১৩
কিয়ে সখি করব উপায় ॥
কুসুমিত কুঞ্জে ভ্রমর নাহি গুঞ্জয়ে১৪
সঘনে রোয়ত শুক সারি।
গোবিন্দদাস১৫ আনি সখি পুছহ১৬
কাহে এত বিঘিনি বিথারি ॥৩।১৬০০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮০৯ ও প-র পুথির ৪০।২ সংখ্যক পদ। 'সুহই' স্থলে 'কামোদ' প-র। ২। 'জানিয়ে' ক, চ, প-র-সা, প-র। ৩। 'আওল' ক, চ, প-র-সা, প-র। ৪। 'ফুরয়ে' ক, প-র-সা; 'ফুরই' প-র। ৫। 'সখি হে' প-র। ৬। 'মান' প-র। ৭। 'বিপদ' ক, খ, প-র-সা। ৮। 'বিচ্ছেদ' ক, চ, প-র। ৯। 'হয়' ক, চ; 'হোয়ে' ঘ। ১০। 'জান' প-র। ১১। 'চিত' ক, চ, প-র-সা। ১২। 'নিন্দ' প-র। ১৩। 'ভাঙ্গয়ে' প-র। ১৪। 'গুঞ্জরে' প-র। ১৫। 'গোবিন্দদাস কহ' খ। ১৬। 'পুছই' ক; 'পুছত' ঘ; 'পুছত' প-র-সা, প-র।

ধানশী।১

ঝাঁপল২ উতপত লোরে নয়ান।
কৈছে করত হিয়া কিছুই৩ না জান ॥
তুহুঁ পুন কি করবি গুপতহিঁ৪ রাখি।
তনু মন তুহুঁ মুখে৫ দেয়ত৬ সাখী ॥
তব কাহে৭ গোপসি কি কহব তোয়।
বজরক বারণ৮ কর-তলে হোয় ॥
জানলুঁ রে সখি৯ মৌনক১০ ওর।
পিয়া পরদেশ১১ চলব মোহে ছোড় ॥
গমনক সময়ে বিরোধ১২ জনি কোয়১৩।
পিয়াক অমঙ্গল যৈছে না হোয়১৪ ॥
সময়-সমাপন কী১৫ ফল আর।
প্রেমক সমুচিত অবহুঁ নিবার১৬ ॥
গোবিন্দ দাস অতয়ে অনুমান১৭।
পিয়া পরদেশি কাহে রহ প্রাণ ॥
॥৪।১৬০১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮১০ ও প-র পুথির ৪০।৯ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'বরাড়ী' প-র। ২। 'ঝাঁপই' ক। ৩। 'কহই' প-র। ৪। 'গুপতি' ঘ; 'গুপতহুঁ' প-র। ৫। 'মখু' প-র। ৬। 'দেওত' ক, চ; 'দেয়ল' প-র। ৭। 'তব কাহে' স্থলে 'তবহুঁ সো' প-র। ৮। 'বজরক বারণ' স্থলে 'বজর নিবারণ' প-র। ৯। 'এ' প-র-সা। ১০। 'মৌনকি' ক, খ, ঘ, চ, প-র-সা। ১১। 'পরদেশিয়া' ক, খ। ১২। 'রোধব' ক, খ, চ। ১৩। 'কোই' প র। ১৪। 'যৈছে না' স্থলে 'যদি পাছে' ক, ঘ, চ; 'নাহি পাছে' খ। ১৫। 'কি' ক, ঘ, চ, প-র। ১৬। 'বিচার' প-র। ১৭। 'গোবিন্দদাস' ইত্যাদি কলির স্থলে প-র পুথির পাঠ, যথা—

"এ ধনি অচিরহিঁ তোহারি সপাশ।
আওব কহ ঘনশ্যামর দাস ॥"

টীকা

১—২। "ঝাঁপল" ইত্যাদি। (কোন সখী শ্রীরাধাকে কহিতেছেন) উত্তপ্ত অশ্রুজলে তোমার

নয়ন প্লাবিত ; (ইহা দেখিয়া) আমার হৃদয় কিরূপ করিতেছে, কিছুই বুঝিতে পারি না !

৩—৪। "তুহুঁ" ইত্যাদি। হে সখি! তুমি (মনের গূঢ় কথা) গুপ্ত রাখিয়া কি করিবে ? (তোমার) দেহ ও মন উভয়েই আমার নিকট সাক্ষ্য দিতেছে।

৫—৬। "তব" ইত্যাদি। তবে কেন (মনের কথা) গোপন করিতেছ ? তোমাকে কি বলিব অর্থাৎ কি বলিয়া তিরস্কার করিব ? কর-তল দ্বারা কি বজ্রের বারণ হয় ? (অর্থাৎ করতল দ্বারা যেরূপ বজ্রের বারণ হয় না—সেইরূপ মৌন-ভাবে থাকায় তোমার মনের ভাব গোপন থাকিতেছে না)।

৭—৮। "জানলুঁ" ইত্যাদি। (শ্রীরাধা সখীর কথার উত্তরে কহিতেছেন) হে সখি ! মৌনের যাহা শেষ অর্থাৎ পরিণাম, তাহা জানিলাম ; (মৌন-ভাবে থাকায় অর্থাৎ মুখ ফুটিয়া কিছু না বলায়) প্রিয়তম আমাকে ছাড়িয়া প্রবাসে যাইতেছেন।

৯—১০। "গমনক" ইত্যাদি। (প্রিয়তমের) প্রবাসে গমনের কালে কেহ (নিষেধ-বাক্যে) বাধা দিও না ;—যেন আমার প্রিয়তমের কোন অমঙ্গল না হয়। (কেহ কোন স্থানে যাত্রা করিলে তাহাকে নিষেধ করা অমঙ্গল-জনক বলিয়া প্রবাদ আছে। আবশ্যক হইলে যাত্রার পূর্ব্বেই নিবারণ করা কর্ত্তব্য)।

১১—১২। "সময়" ইত্যাদি। কাল গত করিয়া আর কি ফল ? এখন নিবারণই প্রেমের উপযুক্ত কার্য্য।

১৩—১৪। "গোবিন্দ দাস" ইত্যাদি। গোবিন্দদাস তাই চিন্তা করেন যে, প্রিয়তম প্রবাসী হইলে প্রাণ কেন থাকে ! অর্থাৎ প্রিয়তমকে ছাড়িয়া প্রাণের দেহে অবস্থান করা সঙ্গত নহে,—প্রিয়তমের সহিত গমনই প্রাণের একান্ত কর্ত্তব্য। তুলনা করুন,—

"প্রস্থানং বলয়ৈঃ কৃতং প্রিয়সখৈরস্রৈরজস্রং গতং
ধৃত্যা ন ক্ষণমাসিতং ব্যবসিতং চিত্তেন গন্তুং পুরঃ।
যাতুং নিশ্চিতচেতসি প্রিয়তমে সর্ব্বে সমং প্রস্থিতা
গন্তব্যে সতি জীবিত প্রিয়সুহৃৎসার্থঃ কিমু ত্যজ্যতে॥"

—অমরুশতক।

সুহই।১

নামহি অক্রুর২ ক্রুর৩ নাহি যা সম
সো আওল ব্রজ মাঝ৪।
ঘরে ঘরে ঘোষই শ্রবণ-অমঙ্গল
কালি কালিহুঁ৫ সাজ৬॥
সজনি রজনি পোহাইলে কালি।
রচহ উপায় যৈছে নহ৭ প্রাতর
মন্দিরে রহু বনমালী॥ ধ্রু॥
যোগিনি-চরণ৮ শরণ করি সাধহ৯
বান্ধহ১০ যামিনি-নাথে।
নখতর১১ চাঁন্দ বেকত রহু অম্বরে
যৈছে নহত পরভাতে॥
কালিন্দি দেবি সেবি তাহে ভাখহ১২
সো রাখউ১৩ নিজ তাতে।
কীয়ে১৪ শমন আনি তুরিতে মিলাওব
গোবিন্দদাস অনুমাতে॥৫॥১৬০২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮১১ ও প-র পুথির ৪০।৩ সংখ্যক পদ। ২। 'অক্রূর' ক, খ, চ। 'অক্রূর' পাঠে ছন্দোভঙ্গ ঘটে। ৩। 'ক্রূর' ক, খ, চ। 'ক্রূর' পাঠে ছন্দোভঙ্গ ঘটে। ৪। 'মাহ' প-র-সা। ৫। 'নিকালিম' প-র। ৬। 'সাহ' প-র-সা। ৭। 'নহে' প-র। ৮। 'বচন' খ। ৯। 'সাধই' ক, খ ; 'সাধব' প-র। ১০। 'বান্ধব' প-র। ১১। 'নখ উর' খ ; 'নকতক' প-র। ১২। 'ভাখব' প-র। ১৩। 'রাখব' প-র। ১৪। 'কিয়ে' ক, খ, চ, প-র।

টীকা

১—৪। "নামহি" ইত্যাদি। (শ্রীরাধা প্রিয়-

সখীকে কহিতেছেন) নামেই (শুধু) অক্রূর (ন+ক্রূর=অক্রূর), কিন্তু প্রকৃত পক্ষে যাহার ন্যায় ক্রূর নাই—সে ব্রজের মধ্যে আসিয়াছে। সে (ব্রজের) প্রতি ঘরে শ্রবণের পীড়াজনক "কা'ল, কা'লই প্রস্তুত হও"—এইরূপ ঘোষণা করিতেছে।

৫—৭। "সজনি" ইত্যাদি। হে সখি! রজনী পোহাইলে ত কল্য হইবে! (এরূপ) উপায় রচনা কর, যেন প্রভাত না হয় (এবং) আমাদিগের বনমালী শ্রীকৃষ্ণ গৃহেই থাকেন। (পদ-কর্ত্তা 'বনমালী' শব্দের ধ্বনি দ্বারা বুঝাইতেছেন যে, শ্রীকৃষ্ণ বন-মালা-প্রিয় বলিয়া বন্য-পুষ্প-বহুল বৃন্দাবনই তাঁহার প্রিয়; রাজ-ধানী মথুরা-নগরীর অট্টালিকাদি তাঁহার প্রিয় নহে; সুতরাং তিনি বৃন্দাবনে থাকিতে পারিলেই সুখী হইবেন)।

৮—১১। "যোগিনি" ইত্যাদি। (অঘটন-ঘটন-পটীয়সী) যোগিনীর অর্থাৎ যোগ-মায়া পৌর্ণমাসী দেবীর চরণ শরণ করিয়া (অভীষ্ট কার্য্য) সিদ্ধ কর—নিশা-পতি চন্দ্রকে বন্ধন অর্থাৎ স্তম্ভিত কর, যেন নক্ষত্র ও চন্দ্র আকাশে প্রকাশিত থাকে—প্রভাত না হয়!

১২—১৫। "কালিন্দি" ইত্যাদি। (যদি তাহা সম্ভবপর না হয়, তাহা হইলে) যমুনা দেবীকে আরাধন করিয়া, তাঁহাকে বল, তিনি নিজের পিতা সূর্য্যকে ধরিয়া রাখুন! (যদি তিনি তাহা না পারেন, তাহা হইলে) গোবিন্দদাস অনুমান করেন যে, তিনি সত্বর (নিজের ভ্রাতা) যমকে আনিয়া দিবেন (তাহা হইলেই সকল যাতনার অবসান হইবে)।

তত্র বিলাপঃ।

গান্ধার।১

কি করিব কোথা যাব সোয়াথ২ না হয়।
না যায় কঠিন প্রাণ কিবা লাগি রয়॥
পিয়ার লাগিয়া হাম কোন দেশে যাব।
রজনী প্রভাত হৈলে কার মুখ চাব॥
বন্ধু যাবে দূরদেশে মরিব আমি শোকে।
সাগরে তেজিব প্রাণ নাহি৩ দেখে লোকে॥
নহে ত পিয়ারে গলার মালা যে করিয়া।
দেশে দেশে ভরমিব যোগিনী হইয়া॥
বিদ্যাপতি কবি ইহ দুখ৪ গান।
রাজা শিবসিংহ লছিমা পরমাণ॥৬॥১৬০৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা। পুথির ৮১২ ও প-র পুথির ৪০।১১ সংখ্যক পদ। 'গান্ধার' স্থলে 'ধানশ্রী' প-র। ২। 'সোমাস্ত' প-র। ৩। 'যেন' প-র। ৪। 'রস' প-র।

শ্রীগান্ধার।১

যাহে লাগি গুরু-গঞ্জনে মন রঞ্জলুঁ
দুরজন কিয়ে নাহি কেল।
যাহে লাগি কুলবতি-বরত সমাপলুঁ
লাজে তিলাঞ্জলি দেল॥
সজনি জানলুঁ কঠিন পরাণ।
ব্রজ-পুর পরিহরি যাওব সো হরি২
শুনইতে নাহি বাহিরাণ॥ধ্রু॥
যো মধু সরস-সমাগম৩-লালস
মণিময়-মন্দির ছোড়ি।
কণ্টক-কুঞ্জে জাগি নিশি বাসর
পন্থ নেহারত৪ মোরি॥
যাহে লাগি চলইতে চরণ৫ বেড়ল৬ ফণি
মণি-মঞ্জির করি মানি৭।
গোবিন্দদাস ভণ কৈছনে সো দিন
বিছুরব ইহ অনুমানি৮॥৭॥১৬০৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮১৩ ও প-র পুথির ৪০।৩ সংখ্যক পদ। 'শ্রীগান্ধার' স্থলে 'সুহই' প-র। ২। 'সো হরি' স্থলে 'মধুপুরি' প-র। ৩। 'পরশ-

রস' প-র। ৪। 'নেহারই' প-র। ৫। 'চরণে' ক, ঘ, চ। ৬। 'পড়ল' ক, খ, ঘ, চ; 'বেড়ল' প-র-সা। ৭। 'মান' ক। ৮। 'অনুমান' ক।

টীকা

১২—১৫। "যাহে" ইত্যাদি। যাঁহার জন্য (গহন কুঞ্জে) যাইতে বিষধর সর্প (আমার) চরণ বেষ্টন করিল; (আমি) উহাকে মণিময় নূপুর বলিয়া মনে করিলাম। গোবিন্দদাস বলিতেছেন, (প্রেমিক-শিরোমণি) শ্রীকৃষ্ণ সেই দিন অর্থাৎ সেই দিনের কথা বিস্মৃত হইবেন—ইহা কি প্রকারে অনুমান করিলে?

সুহই।১

আজু পরভাতে দেখিলুঁ কার মুখ।
কোন নিদারুণ বিধি দিলে এত দুখ॥
কোন দুরাচার হেন ঘোষণা ঘুষিল।
কেমন বজর-হিয়া পিয়া লইতে আইল॥
কার২ পূর্ণ ঘট মুঞি ভাঙ্গিলুঁ বাম পায়।
পদাঘাত কৈলুঁ কোন৩ ভুজঙ্গ-মাথায়॥
না জানিয়া৪ মুঞি কোন দেবেরে নিন্দিল।
কে মোর হিয়ার ধন লইতে আইল॥
এত কহি সুবদনী ভেল মুরছিত।
জ্ঞানদাস কহে সখী করায়৫ সম্বিত॥

॥৮॥১৬০৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ৮১৫ সংখ্যক পদ। ২। 'কাম' ক। ৩। 'মুঞি' প-র-সা। ৪। 'জানিয়ে' প-র-সা। ৫। 'কয়য়ে' ক; 'করাও' প-র-সা।

তত্র প্রকারান্তরং যথা।

শ্রীগৌরচন্দ্রঃ।

শ্রীপণ্ডিতগোস্বামিনোক্তং।

পাহিড়া।১

প্রাণের মুকুন্দ হে কি আজি শুনিলু আচম্বিতং।
কহিতে পরাণ যায় মুখে নাহি বাহিরায়
শ্রীগৌরাঙ্গ ছাড়িবে নবদ্বীপ৩॥ ধ্রু॥
ইহা ত না জানি মোরা সকালে মিলিলুঁ গোরা
অবনত-মাথে আছে বসি।
নিঝরে নয়ান ঝরে৪ বুক বাহি ধারা পড়ে
মলিন হৈয়াছে মুখ-শশী॥
দেখিয়া তখনি৫ প্রাণ সদা করে আনছান৬
সুধাইতে নাহি অবসর।
ক্ষণেকে সম্বিত হৈল তবে মুঞি নিবেদিল
শুনিয়া দিলেন এ উত্তর॥
আমি ত বিবশ হৈয়া তারে কিছু না কহিয়া
ধাইয়া আইলুঁ তুয়া৭ পাশ।
এই ত কহিলুঁ আমি যে করিতে পার৮ তুমি
মোর নাহি জীবনের আশ॥
শুনিয়া মুকুন্দ কান্দে হিয়া থির নাহি বান্ধে
গদাধরের বদন হেরিয়া।
এ গোবিন্দ ঘোষে কয় ইহা যেন নাহি হয়
তবে মুঞি যাইমু৯ মরিয়া॥৯॥১৬০৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ৮১৬ সংখ্যক পদ। ২। 'আচম্বিতে' প-র-সা। ৩। 'নদিয়াতে' প-র-সা। ৪। 'ঝুরে' প-র-সা। ৫। 'তখন' ক, খ। ৬। 'আনচান' ক, প-র-সা। ৭। 'তব' ক, খ। ৮। 'কহিতে' ক। ৯। 'যাইব' ক, খ, চ, প-র-সা।

তথা রাগ ।১

গুরুজন মোহে কবহুঁ নহ[২] বাম ।
শুনইতে উলসিত[৩] পিয়া মঝু নাম ॥
সখিগণ-পিরিতি সে কছুই না জান ।
পরিজন মোহে লাগি নিছয়ে পরাণ ॥
এ সখি অকুশল কছু নাহি হেরি ।
চমকি উঠয়ে কাহে হিয়া বেরি বেরি ॥ ধ্রু ॥
সহচরি একু[৪] দৈব-গতি জান ।
মোহে হেরি সো ভেল[৫] সজল-নয়ান ॥
পুছইতে মৌন কয়ল মঝু পাশ ।
কি কহব অব[৬] ঘনশ্যামর দাস ॥১০।১৬০৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮১৭ ও প-র পুথির ৪০।৮ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'ধানশ্রী' প-র। ২। 'কবহুঁ নহ' স্থলে 'নহত অব' ক, খ, ঘ, চ, প-র-সা। ৩। 'উলসি' ঘ। ৪। 'এক' প-র। ৫। 'কাহে' প-র। ৬। 'কহ' প-র।

শ্রীরাগ ।১

মো[২] যদি কখন[৩] ঘুমের[৪] আলসে
শুতিয়ে[৫] সে তনু[৬] লাগি ।
মোর অঙ্গ[৭]-জল বসনে মোছয়ে[৮]
রজনি পোহায় জাগি ॥
সখি[৯] এই সে বুঝলুঁ[১০] সাচি[১১] ।
সে হেন মাধব দুরদেশে যাব
মুঞি সে রহিমু[১২] বাঁচি[১৩] ॥ ধ্রু ॥
সে সব পিরিতি[১৪] আরতি চরিত[১৫]
সে কথা কহিব কায় ।
সোঙরি সোঙরি[১৬] সে সব কাহিনী
পরাণ ফাটিয়া যায় ॥
বিধির ঘটন কত[১৭] নারীগণ
সুখেতে বৈসয়ে[১৮] তারা ।
মোরি[১৯] সে কপালে এতেক পোড়নি
এ হেন[২০] বিষের জ্বালা ॥
এ দুখ-বেদন না যায় সহন
কি কাজ পরাণে জীয়া[২১] ।
এ গোপীরমণ আগে সে মরিবে[২২]
তোমার নিছনি[২৩] লৈয়া[২৪] ॥
॥১১॥১৬০৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮২০ ও প-র পুথির ৪০।১১ সংখ্যক পদ। ২। 'মুঞী' প-র। ৩। 'কখনো' ঘ; 'কভু' প-র; ৪। 'অধিক' প-র। ৫। 'শুতিয়া' প-র-সা; 'শুতল' প-র। ৬। 'সো তনু' ঘ; 'ঘুমক' প-র। ৭। 'শ্রম' প-র। ৮। 'মোছই' প-র। ৯। 'সই' প-র। ১০। 'বুঝিনু' ক। ১১। 'এই সে' ইত্যাদি স্থলে 'এ বড় মোর অভাগী' প-র। ১২। 'রহব' ঘ; 'রহিলুঁ' প-র-সা। ১৩। 'মুঞি' ইত্যাদি স্থলে 'রহিব কি সুখ লাগী' প-র। ১৪। 'চরিত' প-র। ১৫। 'আরতি চরিত' স্থলে 'পিরিতি আরতি' প-র। ১৬। 'গুঙরি গুঙরি' প-র। ১৭। 'যত' প-র। ১৮। 'সুখেতে বৈসয়ে' স্থলে 'সুখের বসতি' প-র। ১৯। 'মোর' প-র-সা। ২০। 'এমন' প-র। ২১। 'কি কাজ' ইত্যাদি স্থলে 'মরিব প্রাণ তেজিয়া' প-র। ২২। 'আগে' ইত্যাদি স্থলে 'মরুক এখন' প-র। ২৩। 'তোমার নিছনি' স্থলে 'এ দুখের বালাই' প-র। ২৪। 'নিয়া' ঘ।

সুহিনী ।১

কালি হাম কুঞ্জে কানু যব ভেট ।
নিরমদ নয়ন[২] বয়ন[৩] করু হেট ॥

মান-ভরমে হাম হাসি হাসি সাধ।
না জানিয়ে[৪] ঐছে পড়ব পরমাদ ॥
এ সখি অব মোহে কহবি বিশেষ[৫]।
জানলুঁ কানু চলব পরদেশ ॥ ধ্রু॥
পুছইতে কহ গদ গদ আধ বোল[৬]।
ঢর ঢর নয়ন[৭] হেরি মুখ[৮] মোর ॥
নিবিড় আলিঙ্গনে রহু পুন ধন্দ।
দর দর হৃদয় শিথিল ভুজ-বন্ধ ॥
চুম্বনে[৯] বদনে বদনে[১০] রহু[১১] মেলি।
আনহি ভাতি রভস-রস-কেলি ॥
এতহুঁ কপট কৈছে[১৩] হিয় মাহা গোই।
গোবিন্দদাস কহে[১৪] মোহে হেরি রোই ॥
॥১২॥১৬০৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮১৯ ও প-র পুথির ৪০।৫ সংখ্যক পদ। 'সুহিনী' স্থলে 'সুহই' প-র। ২। 'নয়ান' ক; 'নয়নে' প-র-সা। ৩। 'বয়ান' ক। ৪। 'না জানিয়ে' স্থলে 'কো জানে' প-র-সা, প-র। ৫। 'অব' ইত্যাদি স্থলে 'কহ মোরে বচন বিশেষ' প-র-সা; 'মোহে কহবি উপদেশ' প-র। ৬। 'কহ' ইত্যাদি স্থলে 'কহতহি গদ গদ বোল' প-র। ৭। 'নয়নে' প-র-সা; 'লোচন' প-র। ৮। 'তনু' প-র। ৯। 'চুম্বয়ে' ক, খ, প-র-সা। ১০। 'বদন' প-র-সা। ১১। 'বহু' ক, খ, প-র-সা। ১২। 'যে তুহুঁ' ক; 'এ তুহুঁ' খ। ১৩। 'কৈছে' প-র-সা পুথিতে নাই। ১৪। 'কহ' খ; 'ভালে' প-র-সা; 'ভণে' প-র।

টীকা

১—২। "কালি" ইত্যাদি। (শ্রীরাধা শ্রীকৃষ্ণের যে ভাবান্তর লক্ষ্য করিয়াছেন, তাহা সখীর নিকট বলিতেছেন) গত কল্য আমি যখন শ্রীকৃষ্ণের সহিত মিলিত হইলাম, (তখন) তিনি তাঁহার নির্ম্মদ অর্থাৎ উল্লাসবিহীন নয়ন ও বদন (কি জানি কেন?) অবনত করিলেন।

৩—৪। "মান" ইত্যাদি। মান-ভ্রমে অর্থাৎ না জানি তিনি কি কারণে আমার প্রতি মান করিয়াছেন, এই ভ্রান্ত ধারণায় আমি হাসিয়া হাসিয়া তাঁহাকে সাধিতে লাগিলাম। আমি জানি না যে, এইরূপ প্রমাদ উপস্থিত হইবে।

গান্ধার।[১]

কানু বিরস কথি লাগি।
কিয়ে[২] ভেল হামারি অভাগি ॥
যব হাম গেলুঁ[৩] পিয়া পাশ।
তেজই[৪] দীঘ[৫] নিশাস ॥
যবহুঁ পুছলুঁ[৬] বেরি বেরি।
সজল-নয়নে রহু হেরি[৭] ॥
যব হাম[৮] রহল নেহারি[৯]।
লোচনে ঝরু অনিবার[১০] ॥
তব ধরি বুঝলুঁ বিচারি।
কঠিন-জিবন[১১] বর নারি ॥
কবি শেখর পরমাণ[১২]।
না যায়ত পাপ[১৩] পরাণ ॥১৩॥১৬১০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮২১ ও প-র পুথির ৫০।১০ সংখ্যক পদ। ২। 'কি' প-র। ৩। 'গেল' প-র-সা, প-র। ৪। 'তব ছোড়ল পিয়া' প-র। ৫। 'দীঘল' ক, খ। ৬। 'যবহুঁ পুছলুঁ' স্থলে যব মুঞি পুছলু তাহে' প-র, প-র-সা। ৭। 'হেরি হেরি' প-র। ৮। 'মুঞি' প-র। ৯। 'নেহারি' খ, ঘ। ১০। 'অনিবারি' খ, ঘ। ১১। 'জীবন' ক। ১২। 'মন মান' প-র। ১৩। 'না যায়ত পাপ' স্থলে 'না যায় কঠিন' প-র।

তথা রাগ।[১]

কখন না জানি আমি বিচ্ছেদের[২] জ্বালা।
কে সহিবে ইহ দুখ হইয়া অবলা ॥

মরিব মরিব সখি না রাখিব জিউ ।
কে রাখিবে দেহ না হেরিয়া সেহ[৩] পিউ ॥
কে রহিবে গোকুলে কে শুনিবে বোল ।
কে করিবে অনুখণ ক্রন্দনের[৪] রোল ॥
কে হেরিবে শূন্য কদম্বক কোর ।
কে যাওব ঐছন কুঞ্জক ওর ॥
নারিব নারিব প্রাণ রাখিতে নারিব ।
কহে বলরাম হাম আগে সে মরিব ॥

॥১৪॥১৬১১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮২২ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'সুহিনী' ঘ। ২। 'বিচ্ছেদের' ঘ। ৩। 'সেই' ক, খ, চ, প-র-সা। ৪। 'ক্রন্দন' চ, প-র-সা।

মল্লার।১

শুনলহুঁ কালি পরাতরে[২] মাধব
মথুরা করব পয়ান ।
সো অব অনুভব[৩] দুরহিঁ দূরে[৪] রহুঁ
শুনইতে হরয়ে গেয়ান ॥
এ বিহি মঝু বোলে কর অবধান ।
লাখ বরিখ ইহ যামিনি জীবউ
এ তুয়া মাগিয়ে দান ॥১৬॥১৬১৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮২৪ সংখ্যক পদ। ২। 'পরভাতে' প-র-সা। ৩। 'অব অনুভব' স্থলে 'সব অনুভবি' খ। ৪। 'দুরহিঁ দূরে' ক।

তথা রাগ।১

কিয়ে সখি চম্পক-দাম বনায়সি
করইতে রভস-বিহার ।
সো বর নাগর যাওব মধুপুর
ব্রজ-পুর করি আন্ধিয়ার ॥
প্রিয়তম দাম শ্রীদাম আর হলধর
এ সব সহচর সাথ ।
শুনইতে মুরছি পড়ল সোই কামিনি
কুলিশ পড়ল জনু মাথ ॥
খেণে খেণে উঠত খেণে খেণে বৈঠত
অবশ কলেবর কাঁপি ।
ভণ যদুনন্দন শুনইতে ঐছন
লোরে নয়নযুগ ঝাঁপি ॥১৫॥১৬১২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮২৩ সংখ্যক পদ।

গান্ধার।১

কামিনি করি কোন[২] বিহি নিরমায়ল
তাহে পুন কুল-মরিযাদ ।
তাহে পুন[৩] হরি সঞে নেহ[৪] ঘটায়ল
তাহে[৫] বিঘটন পরমাদ ॥
সজনি[৬] বিহি[৭] মোরে কি ভেল[৮] বাম ।
ছোড়ি বৃন্দাবন জানলুঁ মথুরা[৯]
যাওব সুন্দর শ্যাম ॥ধ্রু॥
ও মুখ-চান্দ[১০] হাস মধুরাধর
ও দিঠে[১১] বঙ্ক নেহারি ।
ও মৃদু বচন সুধারসে[১২] পূরিত
কৈছনে বিছুরব[১৩] নারি ॥
যাহে[১৪] বিনু নিমিখ-আধ কত যুগ সম[১৫]
সো অব আনত যাব ।
কঠিন পরাণ[১৬] অবহুঁ নাহি[১৭] নিকসয়ে
পুন কিয়ে দরশন পাব ॥

কহইতে গোরি লোরে ভরু লোচন
মুরছি পড়ল তহিঁ ভোর।
হা হা প্রাণ-রাই ভেল অচেতন
গোবিন্দদাস করু কোর ॥১৭॥১৬১৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮২৫ ও প-র পুথির ৪০।১৩ ও ৪০।৩৬ সংখ্যক পদ। ২। 'কো' ঘ। ক, খ, চ ও প-র-সা পুথিতে 'কামিনি করি কোন' ইত্যাদি পংক্তি-চতুষ্টয় লিপিকর-প্রমাদে পরিত্যক্ত হইয়াছে। ৩। 'তাহে পুন' স্থলে 'তহি পরে' ঘ; 'তা পরে' প-র ৪০।৩৬। ৪। 'লেহ' ক, প-র-সা, প-র। ৫। 'তহি' প-র-সা, প-র। ৬। 'সজনি' স্থলে 'কামিনি করি' ক, খ, চ, প-র-সা। বোধ হয়, প্রথম কলির 'কামিনি করি' অংশ মাত্র লিখিয়া, বাকি অংশ কোন লিপিকর ভ্রমবশতঃ পরিত্যাগ করায় ক, খ, চ ও প-র-সা পুথির 'কামিনি করি বিহি' ইত্যাদি অসংলগ্ন পাঠের সৃষ্টি হইয়াছে। ৭। 'বিধি' প-র। ৮। 'মোরে' ইত্যাদি স্থলে 'মোহে' ইত্যাদি প-র-সা; 'মোরে কিয়ে ভেলহি' প-র ৪০।৩৬। ৯। 'মাথুর' প-র ৪০।১৩ 'ছোড়ি' ইত্যাদি স্থলে 'তেজি বৃন্দাবন কো জানে মথুরা' প-র ৪০।৩৬। ১০। 'চন্দ' ক। ১১। 'দিঠি' ক, খ, চ, প-র-সা, প-র। ১২। 'সুধারস' প-র। ১৩। 'বিছুরব' প-র। ১৪। 'যাহ' ক, খ; 'যা' প-র। ১৫। 'আধ' ইত্যাদি স্থলে 'কত যুগ মানিয়ে' প-র। ১৬। 'জীবন' প-র। ১৭। 'অবহুঁ নাহি' স্থলে 'অব নাহি' ক, খ, ঘ, চ, প-র-সা।

টীকা

১—৪। "কামিনি" ইত্যাদি। (শ্রীরাধা নিজের অদৃষ্টকে ধিক্কার দিয়া বলিতেছেন) জানি না, কোন্ বিধাতা আমাকে নারী করিয়া সৃষ্টি করিল; তাহাতে আবার কুল-মর্য্যাদা (দিল!); তাহাতে আবার শ্রীকৃষ্ণের সহিত প্রেম সঙ্ঘটিত করিল! তাহাতে (আবার) বিঘটন অর্থাৎ বিচ্ছেদ-রূপ বিপদ্ ঘটাইল! ('কামিনি' ইত্যাদি বাক্যের তাৎপর্য্য এই যে, নারী-জীবনই ক্লেশকর, তাহাতে কুলমর্য্যাদা ততোধিক; কুলাঙ্গনার পক্ষে শ্রীকৃষ্ণের সহিত প্রেম ততোধিক; এবং সেই প্রেমে বিচ্ছেদ-রূপ বিপদ্ ততোধিক ক্লেশকর)।

ধানশী।[১]

মুরছিত রাই হেরি সব সখিগণ
হোয়ল বিকল পরাণ।
উর পর কত শত কর-ঘাত হানই
নীঝরে ঝরয়ে[২] নয়ান[৩] ॥
হরি হরি কিয়ে[৪] আজু দৈবক[৫] খেলি।
রাইক শ্রবণে শ্যাম দুই আখর
উচ-সরে[৬] সব জন[৭] কেলি ॥ধ্রু॥
বহুখণে চেতন পাই সুধামুখি
কাতরে চৌদিশে[৮] চাহ।
বেঢ়ি[৯] সব সহচরি করয়ে আশ্বাসন
কানু কাহে যাবে পুর মাহ[১০] ॥
তুরিতহিঁ সঙ্কেত-কুঞ্জে তোহে মীলব[১১]
হোয়ব অধিক উলাস।
তাক সম্বাদ জানাইতে তৈখনে
চলু যদুনন্দনদাস ॥১৮॥১৬১৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮২৬ ও প-র পুথির ৪০।১৪ সংখ্যক পদ। ২। 'নিঝরে ঝরয়ে' ক, খ, প-র; 'নিঝুরে ঝুরয়ে' প-র-সা। ৩। 'দু নয়ান' প-র। ৪। 'কি' ক, খ, ঘ, চ, প-র-সা। ৫। 'দেবক' খ, প-র-সা। ৬। 'উচ্চস্বরে' চ। ৭। 'শবদহি' প-র। ৮। 'চৌদিশ' ঘ, প-র। ৯। 'বেড়ি' ক, খ, প-র-সা; 'বৈঠি' প-র। ১০। 'কানু' ইত্যাদি স্থলে 'কাহে যাবে মধুপুর' প-র। ১১। 'মিলব' ক, প-র-সা, প-র।

গান্ধার।১

প্রাতরে তুহুঁ চলবি মথুরাপুর
যবহুঁ শুনল ব্রজ-নারি।
বিরহক ধূমে ঘুম২ নাহি লোচনে৩
মোছত উতপত বারি॥
মাধব ভালে তুহুঁ ব্রজ-অনুরাগি।
অব সব বল্লবি জ্বলু বিরহানলে
কো পুন ইহ বধ-ভাগি॥
গিরিবর-কুঞ্জ কুসুমময় কানন
কালিন্দি কেলি-কদম্ব।
মন্দির গোপুর নগর সরোবর
কো কাহে৪ করু অবলম্ব॥
ব্রজ-পতি লেই অতয়ে৫ চলু আকুর৬
সঙ্গে৭ শ্রীদাম সুদাম।
গোবিন্দদাস কহ৮ যব ঐছন নহ৯
আপে চলউ১০ বলরাম॥১৯॥১৬,৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮২৭ ও প-র পুথির ৪০১৬ সংখ্যক পদ। 'গান্ধার' স্থলে 'শ্রীরাগ' প র। ২। 'ঘুম' ক, চ, প-র-সা। ৩। 'লোচন' ক, খ, চ। ৪। 'কাহাঁ' ক, খ, ঘ, চ, প-র-সা। ৫। 'সঙ্গে' ক। ৬। 'অক্রুর' প-র। ৭। 'সঙ্গে চলু' প-র। ৮। 'ভণ' প-র। ৯। 'নহ ঐছন' প-র। ১০। 'চলু' ক, প-র-সা।

টীকা

৫—৭। "মাধব" ইত্যাদি। (কোন সখী শ্রীকৃষ্ণকে ভাবী বিরহের আশঙ্কায় ব্রজাঙ্গনা-গণের যে অবস্থা হইয়াছে, তাহা বলিতেছেন) হে মাধব! তুমি বেশ বৃন্দাবন-প্রিয় বটে! (বিক্রপোক্তি)। এখন সকল গোপীরা বিরহাগ্নিতে জ্বলিতেছে; এই (স্ত্রী-বধের (পাপ)-ভাগী কে হইবে? ('মাধব' এই সম্বোধন-পদের ধ্বনি দ্বারা সখী বুঝাইতেছেন যে, শ্রীকৃষ্ণ লক্ষ্মীপতি (মা—লক্ষ্মী; ধব=পতি) সুতরাং তিনি তাঁহার প্রণয়িনী নীচকুলোদ্ভবা গোপীদিগকে গ্রাহ্য করিবেন কেন? অথবা যিনি লক্ষ্মীপতি, তাঁহার কোন্ ধন অপ্রাপ্য আছে, যাহার জন্ম তাঁহাকে মথুরায় যাইতে হইবে!)

১২-১৫। "ব্রজ-পতি" ইত্যাদি। অতএব অর্থাৎ শ্রীকৃষ্ণ ব্রজাঙ্গনাদিগের প্রতি নির্দ্দয় হইয়াছেন বলিয়াই ব্রজের পতিকে লইয়া অক্রূর চলিয়াছেন; শ্রীদাম ও সুদাম সঙ্গে আছে; গোবিন্দদাস কহেন,—যখন এরূপ নহে অর্থাৎ আমাদিগের প্রার্থনা সফল হইতেছে না, তখন বলরাম নিজে (সঙ্গে) চলুন! (দাদা বলরাম সঙ্গে গেলে তিনি শ্রীকৃষ্ণকে সঙ্গে না লইয়া প্রত্যাগমন করিবেন না, সখী-স্থানীয় পদ-কর্ত্তার এই অভিপ্রায়)।

বালা ধানশী।১

মাধব বিধু-বদনা।
কবহুঁ না জানই বিরহক২ বেদনা॥
তুহুঁ পরদেশ যাব৩ শুনি ভই৪ খীণা।
প্রেম-পরিতাপে৫ চেতন হরু৬ দীনা॥
কিশলয় তেজি ভুমে শুতলি আয়াসে।
কোকিল-কলরবে উঠউ৭ তরাসে॥
লোরহি কুচ-কুঙ্কুম দুরে৮ গেল।
কৃশ-ভুজ-ভূখন খিতি৯-তলে মেল॥
আনত-বয়নে রাই হেরত গীম।
খিতি১০ লিখইতে ভেল অঙ্গুরি১১ ছীন১২॥
কহই বিদ্যাপতি সোঙরি চরিত।
সো সব গণইতে ভেলি মুরছিত॥
॥২০॥১৬১৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮২৮ সংখ্যক পদ। ২। 'জানই বিরহক' স্থলে 'জানে ধনী বিরহ' প-র-সা। ৩। 'তাহে' প-র-সা। ৪। 'শুনি ভই' স্থলে 'ভৈ গেই' প-র-সা। ৫। 'পরতাপে'

ক। ৬। 'হয়' ক, খ, চ। ৭। 'উঠত' ক। ৮। 'দূরে' ক। ৯। ১০। 'ক্ষিতি' ক। ১১। 'অঙ্গুলি' ক, প-র-সা। ১২। 'চিন' প-র-সা।

মল্লার।[১]

দোতিঽ-বচন শুনি বিদগধ-শিরোমণি
কুঞ্জে মিলল ধনি পাশ।
রাধা-বদন-চান্দ হেরি পুলকিত
ভাব-সন্ধি পরকাশ ॥
সুন্দরি কি কহব বচন না ফুর[৩]।
আওল রাজ-দূত হাম যাওব[৪]
কালি নিচয়ে[৫] মধুপুর[৬] ॥
পুনরাগমনে কত যে ঘটি[৭] হোয়ব
না জানিয়ে তাহে বিলম্ব।
হৃদয়ে খেদ দঢ় পকৃতি কঠিন বড়
রাজ-কাজ অবলম্ব ॥
ধনি কহে গিরিধর তোহারি সঙ্গে মোর
প্রাণ চলউ[৮] সব সাজে।
কহ শিবরাম দাস অব সমুচিত
তেজবি[৯] নিজ কোন[১০] কাজে ॥

॥২১॥১৬১৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৩১ সংখ্যক পদ। ২। 'দূতিক' প-র-সা। ৩। 'ফুর' ক, চ, প-র-সা। ৪। 'হাম যাওব' স্থলে 'মোয়ে লেই যাওব' খ। ৫। 'নিচয়' ক, খ। ৬। 'মধুপুর' ক, ষ, প-র-সা। ৭। 'ঘটী' ক। ৮। 'চলত' ক। ৯। 'তেজবি' ক, খ, চ, প-র-সা। ১০। 'নিজ কোন' স্থলে 'বিনি কোন' খ।

টীকা

১২—১৫। "ধনি" ইত্যাদি। শ্রীরাধা কহিতেছেন, হে গিরিধারী! (তুমি যদি নিতান্তই যাইবে, তাহা হইলে) আমার প্রাণ সকল সজ্জার সহিত তোমার সঙ্গেই চলুক; শিবরাম দাস বলিতেছেন—(ইহাই) এখন সমুচিত; (নতুবা) প্রাণকে নিজের কোন্ কার্য্যে পাঠাইবে? ('সব সাজে' বাক্যের দ্বারা প্রাণের সকল আশা, ভরসা, সুখ প্রভৃতি সম্পদ্ ব্যঞ্জিত হইতেছে) 'তেজবি বিনি কোন কাজে' পাঠে অর্থ এইরূপ হইবে যে,—প্রাণকে বিনা কার্য্যে অর্থাৎ বিনা প্রয়োজনে কেন ত্যাগ করিবে? তাহা অপেক্ষা প্রিয়তমের সঙ্গে তাহার গমনই শ্রেয়ঃ।

তিরোতা।[১]

কানু-মুখ হেরইতে ভাবিনি রমণী।
ফুকরই[২] রোয়ত ঝর ঝর নয়নী ॥
অনুমতি মাগিতে বরবিধু-বদনী।
হরি হরি শবদে মুরছি পড়ু ধরণী ॥
আকুল কত পরবোধই কান।
অব নাহি মাথুর করব পয়ান ॥
ইহ সব[৩] শবদ পশিল[৪] যব শ্রবণে।
তব বিরহিণি ধনি পাওল চেতনে ॥
নিজ করে ধরি দুই কানুক হাথ[৫]।
যতনে ধরল ধনি আপনক মাথ ॥
বুঝিয়া[৬] কহয়ে বর নাগর কান।
হাম নাহি মাথুর[৭] করব পয়ান ॥
যব ধনি পাওল ইহ আশোয়াস।
বৈঠলি দুহুঁ তব ছোড়ি[৮] নিশাস ॥
রাই পরবোধিয়া চলল মুরারি।
বিদ্যাপতি ইহ কহই[৯] না পারি ॥

॥২২॥১৬১৯॥

ইত্যাদি ভাবী বিরহঃ।

ইতি পদকল্পতরু-গ্রন্থে দ্বিতীয়-পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৩৬ সংখ্যক পদ। ২। 'ফুকরি' ঘ। ৩। 'বব' খ; 'সভ' প-র-সা। ৪। 'পশি' ক, খ। ৫। 'হাত' ক, চ, প-র-সা।

৬। 'বুঝিয়ে' ক। ৭। 'মথুরা' ক, চ, প-র-সা। ৮। 'ছাড়ি' প-র-সা। ৯। 'কহন' ক, খ, চ, প-র-সা।

টীকা

৯—১০। "নিজ" ইত্যাদি। (শ্রীরাধা) নিজের হস্ত দ্বারা শ্রীকৃষ্ণের দুইটি হস্ত ধরিয়া (উহা) সযত্নে নিজের মস্তকে ধারণ করিলেন। (শ্রীরাধার এই সুন্দর ও স্বাভাবিক কার্য্যটির দ্বারা, তিনি যে শ্রীকৃষ্ণের শপথ-বাক্য শুনিবার জন্য একান্ত ব্যাকুল, তাহাই ব্যঞ্জিত হইতেছে)।

অথ ভবন্ বিরহ।

তত্র শ্রীমদ্গৌরচন্দ্রো যথা।

পাহিড়া ॥১

হরি হরি কি কহব গৌর-চরীত[২]।
অকুর অকুর বলি পুন পুন ধাবই
ভাবই[৩] পুরব পিরীত[৪] ॥ধ্রু॥
কাহাঁ মঝু প্রাণ-নাথ লেই যাওই
ডারই শোককি কূপে।
কো পুন বচন বোলে নাহি ঐছন
সব জন রহল নিচুপে[৫] ॥
যোই কত খনে[৬] বোলই পুন পুন
তুহুঁ সব না কহসি তায।
ঐছন হেরি ভকতগণ রোয়ত
না বুঝল গোবিন্দদাস ॥১।১৬২০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৪০ সংখ্যক পদ। ২। 'চরিত' ক, চ; 'চরিতি' প-র-সা। ৩। 'ভাবহি' ক, খ। ৪। 'পিরিত' ক, চ; 'পিরিতি' প-র-সা। ৫। 'নিচুপে' ক, খ। ৬। 'ভকতগণে' খ, চ, প-র-সা।

পুনশ্চ।

সুহই।১

আজুক প্রাতরে[২] কান্দি শচিনন্দন[৩]
কহতহিঁ গদগদ বাত।
হোর দেখ অক্রুর[৪] লেই চলু প্রাণ-পতি[৫]
অবুধ[৬] গোপ চলু সাথ ॥
সজনি কঠিন প্রাণ নাহি যায়।
হেরইতে যো[৭] মুঁখ নিমিখ দেই দুখ
সো অব বহু[৮] অন্তরায় ॥ ধ্রু ॥
কি করব গুরুজন আর যত দুরজন
বারহ নাহ আগোরি।
ঐছন ভাতি কহই গোরাচাঁদ পহু
তৈখনে পড়লহি ভোরি ॥
নয়নক নীর বহই জনু সুরধুনি
ঐছন হোয়ত ভান।
রাধামোহন[৯] কাঠ-কঠিন মতি
ও[১০] রস যতি করু গান ॥২॥১৬২১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৪১ সংখ্যক পদ। ২। 'প্রাতর' ক, চ, প-র-সা। ৩। 'শচীনন্দন' ক। ৪। 'অক্রূর' প-র-সা। ৫। 'প্রাণনাথ' প-র-সা। ৬। 'অবোধ' খ। ৭। 'ও' ক, খ, চ, প-র-সা। ৮। 'রহ' খ, চ, প-র-সা। ৯। 'রাধামোহন মন' খ। ১০। 'যো' খ।

টীকা

৫—৭। "সজনি" ইত্যাদি। হে সখি! আমার কঠিন প্রাণ যাইতেছে না; (প্রিয়তমের) যেই মুখ নিরীক্ষণ করিতে নিমেষ অর্থাৎ চক্ষুর পলক (প্রাণে) দুঃখ দেয় অর্থাৎ চক্ষুর পলক থাকায় স্থির-নয়নে প্রিয়তমের মুখ সাধ মিটাইয়া দেখিতে পারি না বলিয়া দুঃখ হয়—সেই (মুখ-দর্শন) এখন বহু-প্রতিবন্ধকযুক্ত হইয়াছে।

১২—১৫। "নয়নক" ইত্যাদি। নয়নের জল—

যেন গঙ্গা প্রবাহিত হইতেছে, এরূপ প্রতীতি হয়। (পদকর্ত্তা) রাধামোহন ঐ রস অর্থাৎ করুণ-রসাত্মক মাথুর-লীলা যত গান করুক না কেন, (কিন্তু সে) কাষ্ঠের ন্যায় কঠিন-প্রাণ। (নতুবা এই লীলা গান করিতে যাইয়া তাহার হৃদয় অবশ্যই বিদীর্ণ হইত।)

অথ গৌর-বিরহেণ নবদ্বীপ-বাসি-ভক্তগণস্যোক্তিঃ।

সুহই।১

হেদে রে নদিয়াবাসী কার মুখ চাও।
বাহু পসারিয়া গোরাচাঁদেরে ফিরাও॥
তো-সভারে কে আর করিবে নিজ কোরে।
কে যাচিয়া দিবে প্রেম দেখিয়া কাতরে॥
কি শেল হিয়ায় হায়[২] কি শেল হিয়ায়।
পরাণ-পুতলী[৩] নবদ্বীপ ছাড়ি যায়॥
আর না যাইব মোরা গৌরাঙ্গের পাশ।
আর না করিব মোরা কীর্ত্তন-বিলাস॥
কান্দয়ে ভকত বুক বিদরিয়া।
পাষাণ গোবিন্দ ঘোষ না যায় মিলিয়া॥
॥৩॥১৬২২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৪২ সংখ্যক পদ। ২। 'হায়' খ পুথিতে নাই। ৩। 'নয়ানপুতলী' ক।

শ্রীমত্যুক্তির্যথা।

সুহই।১

অতমিত যামিনি-কন্ত।
বিফল[২] তেজ[৩] মণি মন্ত॥
উদয়াচল-বরণারুণ[৪]।
উয়ল[৫] দিনমণি দারুণ॥
দেখ সখি পাপি অকুর[৬]।
হেরি লেই চলু মধুপুর[৭]॥
দ্বিজকুল মঙ্গল উচার।
চলু সব[৮] গোপ গোঙার[৯]॥
কোই না কহ অছু[১০] বাত।
হরি জনি[১১] মাথুর যাত॥
ব্রজপতি-দম্পতি চীতে[১২]।
কোন করল বিপরীতে॥
তে বুঝি নিকরুণ ধাতা।
গোবিন্দদাস দুখ-গাথা[১৩]॥৪॥১৬২৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৪৩ ও প-র পুথির ৪০।১০ সংখ্যক পদ। 'সুহই' স্থলে 'সিন্ধুড়া' প-র। ২। 'কি কল' ক, খ, প-র-সা। ৩। 'হইল' প-র। ৪। 'বরুণারুণ' ক। ৫। 'উয়ল' ক; 'উদয়' খ। ৬। 'অক্রুর' ক। ৭। 'মধুপুর' ক, খ, চ, প-র-সা, প-র। ৮। 'চলু সব' স্থলে 'সঙ্গে চলু' প-র। ৯। 'গঙার' প-র। ১০। 'ইহ' প-র। ১১। 'জনু' ক। ১২। 'চিতে' ক, চ, প-র-সা ১৩। 'গাঁথা' ক, খ, চ; 'দাতা' প-র।

টীকা

১—২। "অতমিত" ইত্যাদি। যামিনী-কান্ত অস্তমিত হইলেন অর্থাৎ রজনী প্রভাত হইল; (শ্রীকৃষ্ণের মথুরা-গমন স্থগিত করার জন্য অনুষ্ঠিত) মণি অর্থাৎ গ্রহ-দোষ নিবারণ উদ্দেশ্যে মণি-ধারণ ও মন্ত্র অর্থাৎ মন্ত্র-পাঠ নিষ্ফল হইল।

৩—৪। "উদয়াচল" ইত্যাদি। উদয়াচল অরুণ-বর্ণ হইল; নিষ্ঠুর সূর্য্য উদিত হইল।

৭—৮। "দ্বিজ-কুল" ইত্যাদি। ব্রাহ্মণগণ মঙ্গল অর্থাৎ মঙ্গল-উদ্দেশ্যে বেদ-মন্ত্রাদি উচ্চারণ করিতেছেন; সকল গোপ ও গ্রামবাসিগণ (শ্রীকৃষ্ণের) সঙ্গে চলিতেছেন।

৯—১০। "কোই" ইত্যাদি। (কি আক্ষেপের বিষয়!) কেহই এরূপ কথা কহিতেছে না—হরি যেন মথুরায় না যায়! অর্থাৎ শ্রীকৃষ্ণের মথুরা-গমন নিষেধ করার জন্ত কেহই বাক্য-ব্যয় করিতেছে না।

১১—১২। "ব্রজপতি" ইত্যাদি। (অন্ত কেহ নিষেধ না করুক, ক্ষতি নাই; কিন্তু কি আশ্চর্য্য!) ব্রজ-রাজ-দম্পতি নন্দ ও যশোদার চিত্তকে কে (এইরূপ) বিপরীত-স্বভাব করিল? (তাঁহাদিগের প্রাণ ত এরূপ কঠিন ছিল না, তবে এখন কেন এমন কঠিন হইল?)

১৩—১৪। "তে" ইত্যাদি। গোবিন্দদাসের দুঃখ-গাথা এই যে,—তাই বুঝিতেছি, বিধাতা নিকরুণ হইয়াছেন! অর্থাৎ গোবিন্দদাস দুঃখ-গাথা দ্বারা জানাইতেছেন যে, ইহাঁদিগের কাহারই কোন দোষ নাই; নির্দ্দয় বিধাতাই এই বিপদ্ ঘটাইয়াছেন!

ধানশী ।১

হরি নহ নিরদয় রসময়-দেহ।
কৈছন তেজব নবিন[২] সনেহ[৩] ॥
পাপী অক্রূর কিয়ে গুণ জান।
সব সুখ বারি লেই[৪] চলু কান ॥
এ সখি কাহুক[৫] জনি মুখ[৬] চাহ।
আঁচর গহি[৭] বাহুরায়হ[৮] নাহ ॥ ধ্রু ॥
যতি খণে দ্বিজকুল মঙ্গল না পঢ়ই[৯]।
যদি খণে রথ পর কোই না চঢ়ই[১০] ॥
যতি খণে গোকুলে তিমির না গিরই[১১]।
করইতে যতন দৈবে যদি[১২] ফিরই ॥
এতহুঁ বিপদে জিউ রহয়ে একান্ত।
বুঝলুঁ নেহারত লাজক পন্থ ॥
অতয়ে সে কী ফল[১৩] দারুণ লাজ।
গোবিন্দ দাস কহে না সহে বেয়াজ ॥
॥৫॥১৬২৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৪৪ ও প-র পুথির ৪০।২১ সংখ্যক পদ। ২। 'নবীন' ক। ৩। 'সিনেহ' প-র। ৪। 'নিয়ে' ঘ। ৫। 'কামুক' প-র। ৬। 'জনি মুখ' স্থলে 'জানি মুখ' ক, খ, চ; 'মুখ জনি' ঘ, প-র। ৭। 'গোই' ক। ৮। 'রহি রাখহ' প-র। ৯। 'পড়ই' ঘ, চ, প-র। ১০। 'চড়ই' ক, চ। ১১। 'গিরই' ঘ। ১২। 'যব' ক, খ, ঘ, চ, প-র-সা। ১৩। 'কি' ক, চ, প-র-সা, প-র।

টীকা

৫—৬। "এ সখি" ইত্যাদি। হে সখি! কাহারও মুখের দিকে (কাহার কি ইচ্ছা জানিবার জন্তে) চাহিও না; (নাথের) বস্ত্রাঞ্চল গ্রহণ করিয়া নাথকে ফিরাও!

৯—১০। "যতি খণে" ইত্যাদি। যত ক্ষণে গোকুলকে তিমিরে না গিলে অর্থাৎ অন্ধকারে গ্রাস না করে, (তত ক্ষণে 'আঁচর গহি' ইত্যাদি বাক্যের সহিত অন্বয় হইবে)। (কেন না) যতন করিলে পরে দৈবে যদি ফিরে!

১১—১২। "এতহুঁ" ইত্যাদি। এত বিপদেও (যে হেতু) জীবন নিতান্তই রহিতেছে, (তাই) বুঝিলাম, (সেই জীবন) লাজের পথ নিরীক্ষণ করিতেছে, লজ্জার সহিত যাইতে ইচ্ছা করিতেছে। (অর্থাৎ লজ্জা যেমন যাইতে ইচ্ছা করিয়াও যাইতে পারিতেছে না, সেইরূপ আমার জীবনও যাইতে পারিতেছে না)।

১৩—১৪। "অতয়ে" ইত্যাদি। অতএব সেই দারুণ লজ্জায় কি ফল? অর্থাৎ যে লজ্জা আমাকে প্রেমের অনুরূপ কার্য্য প্রিয়তমের গতি-রোধ করিতে বাধা দিতেছে এবং প্রিয়তমের বিরহে আমার জীবনকেও দুর্ব্বিষহ করিয়া তুলিয়াছে, সেই লজ্জাকে রাখিয়া কি ফল হইবে? গোবিন্দ দাস কহিতেছেন—আমার বিলম্ব সহিতেছে না অর্থাৎ শ্রীরাধে!

তুমি অবিলম্বে লজ্জা ত্যাগ করিয়া তোমার প্রিয়তমকে নিবারণ কর।

শ্রীগান্ধার।[১]

কানু নহ[২] নিঠুর   চলত যো মধুপুর[৩]
মঝু মনে[৪] এ বড়[৫] সন্দেহ।
সে হেন রসিক পিয়া   পিরিতি-পুরিত হিয়া[৬]
কাহে ভেল শিথিল-সনেহ[৭] ॥
চল চল[৮] সহচরি   অকুর-চরণে ধরি
তিল[৯] এক হরি বিলম্বাহ।
করুণা-ক্রন্দন   শুনইতে ঐছন
জানি ফিরয়ে বর নাহ ॥ ধ্রু[১০] ॥
পরিহরু[১১] গুরুজন   হসউ বা দুরজন
কি করব পরিজন পাপ।
কানু বিনে[১২] জীবন   জ্বলতহিঁ অনুখণ
কো সহ এ হেন সন্তাপ[১৩] ॥
ও মুখ[১৪] সমুখে ধরি   নয়ন-অঞ্জলি ভরি
পিবইতে জিউ করে[১৫] সাধ।
গোবিন্দদাস ভণ   সো বিহি নিকরুণ
যো করু ইহ[১৬] রস-বাধ ॥৬॥১৬২৫ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৪৫ ও প-র পুথির ৪০।২২ সংখ্যক পদ। 'শ্রীগান্ধার' স্থলে 'গান্ধার' ঘ, চ; 'শ্রীরাগ' প-র। ২। 'হই' প-র-সা। ৩। 'যো মধুপুর' স্থলে 'মথুরাপুর' প-র-সা। ৪। 'মন' ক, খ, প-র। ৫। 'বড়ি' ক, খ, চ, প-র-সা। ৬। 'পিরিতি' ইত্যাদি স্থলে 'পিরিতি পুরিত' প-র। ৭। 'সিনেহ' প-র। অতঃপর প-র-সা পুথিতে নিম্নলিখিত প্রক্ষিপ্ত কলিটি দৃষ্ট হয়, যথা—

'সজনি কৈছে তেজব নাহ।
সো সব পিরিতি   সোঙরি সোঙরি
মনেতে পাই মনদাহ॥"

৮। 'চল চল' স্থলে 'শুন শুন' প-র। ৯। 'খণ' প-র। ১০। কেবল প-র পুথিতে 'ধ্রু' আছে। ১১। 'পরিহর' খ; 'পরিহরি' প-র-সা। ১২। 'বিনু' প-র। ১৩। 'সহ এ হেন' স্থলে 'হেন সহয়ে' প-র-সা। ১৪। 'মুখ' প-র-সা, প-র। ১৫। 'করি' ক, খ, চ; 'করু' ঘ। ১৬। 'হেন' প-র।

শ্রীগান্ধার।[১]

খেণে ধনি রোই রোই খিতি লুঠত[২]
খেণে গীরত[৩] রথ আগে।
খেণে ধনি সজল-নয়নে হেরি হরি-মুখ
মানই করম অভাগে ॥
দেখ দেখ প্রেমক রীত।
করুণা-সাগরে বিরহ-বিয়াধিনি[৪]
ডুবায়ল সবজন-চীত ॥ ধ্রু ॥
খেণে ধনি দশনহি তৃণ ধরি কাতরে
পড়লহিঁ রাম সমুখে[৫]।
শিবরাম দাস ভাব নাহি ফুরয়ে[৬]
ভেল সকল মন-দুখে[৭] ॥৭॥১৬২৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৪৭ সংখ্যক পদ। ২। 'লুঠই' ক, খ, চ, প-র-সা। ৩। 'গিরত' ক, চ, প-র-সা। ৪। 'বেয়াধিনি' ক, খ, ঘ, চ। ৫। 'সমুখে' ক, ঘ, চ, প-র-সা। ৬। 'ফুরয়ে' ক, চ, প-র-সা। ৭। 'দুখে' ক, চ, প-র-সা।

টীকা

১—১১। "খেণে ধনি রোই" ইত্যাদি পদটি সরল বলিয়া টীকা নিষ্প্রয়োজন; তবে ইহা বলা আবশ্যক যে, এই পদে ও ইহার পরবর্তী 'খেণে খেণে কান্দি' ইত্যাদি সদৃশ পদটিতে শ্রীস্বরূপ গোস্বামীর নিম্নলিখিত শ্লোকের ভাব গৃহীত হইয়াছে, যথা—

"ক্ষণং বিক্রোশন্তী বিলুঠতি শতাঙ্গস্য পুরতঃ
ক্ষণং বাষ্পগ্রস্তাং কিরতি কিল দৃষ্টিং হরিমুখে।

ক্ষণং রামভাগ্রে পততি দশনোত্তম্ভিত-তৃণা
ন রাধেয়ং কং বা ক্ষিপতি করুণাম্ভোধি-কুহরে ॥"

তথা রাগ। দশকোশী।১

খেণে খেণে কান্দি লুঠই রাই রথ আগে২
খেণে খেণে হরি-মুখ চাহ।
খেণে খেণে মনহি করত জানি ঐছন
কানু২ সঞে জীবন যাহ ॥
সজনি ইহ দুখ-সাগর৩ মাঝ।
কো নাহি ডুবল ঐছন হেরইতে
গোকুল-গোপ-সমাজ ॥ ধ্রু ॥
খেণে তৃণ মুখে ধরি রামক৪ আগুসরি৫
আছাড়ি পড়ল নিজ অঙ্গে।
খেণে পুন৬ মুরছই খেণে পুন৭ উঠই৮
ডুবই৯ বিরহ-তরঙ্গে১০ ॥
রাধামোহন পহু আগমন সঙ্কেতে১১
করি অছু১২ হরল গেয়ান।
হেরি অক্রূর পুন সময়হি ঐছন
রথ লেই করল১৩ পয়ান ॥৮॥১৬২৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৪৮ ও প-র পুথির ৪০।৩২ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'তুড়ী' প-র। ২। 'খেণে খেণে' ইত্যাদি পংক্তি-চতুষ্টয়ের স্থলে প-র পুথির পাঠ, যথা—

"ক্ষেণে ক্ষেণে কান্দি কান্দি লোটই রাই।
রথ আগে ক্ষেণে ক্ষেণে হরি-মুখ চাই ॥
ক্ষেণে ক্ষেণে মনহি করত নিরবাহ।
ঐছে নাহ সনে জীবন চাহ ॥"

২। 'নাহ' প-স। ৩। 'জলনিধি' প-র। ৪। 'রাম' খ। ৫। 'আগে সরি' ক, খ, চ, প-র-সা। 'খেণে তৃণ' ইত্যাদি পংক্তি-দ্বয় স্থলে প-র পুথির পাঠ, যথা—

"ক্ষেণে ক্ষেণে হাথ মাথে ধরি রোয়ই
ধুলি ধুসর সব অঙ্গ।"

৬-৭। 'ক্ষেণে পুন' স্থলে 'ক্ষণে ক্ষণে' প-র। ৮। 'উঠত' ক, খ; 'উঠই' চ, প-র-সা, প-র। ৯। 'ডুবল' খ; 'বুড়ল' প-র। ১০। 'বিরহ-তরঙ্গ' প-র। ১১। 'রাধামোহন' ইত্যাদি স্থলে প-র পুথির, পাঠ যথা—

'শিবা সহচরী ' পহুক গমন হেরি'

১২। 'করি অছু' স্থলে 'করি আছু' খ; 'মুরছিত' প-র। ১৩। 'রথ' ইত্যাদি স্থলে 'খেনে পুন উঠই' ক, খ, চ।

শাঙ্গার।১

কোথা যাহ২ পরাণ রাধার।
মুখ তুলি চাহ একবার ॥
কি কহিলা৩ কুঞ্জ-কুটীরে।
দুটি হাত দিয়া মোর শিরে ॥
দাঁড়াইতে নাহি গাছতলা।
সায়রে ভাসাইলা ব্রজ-বালা ॥
তোহারি সোহাগে মজি৪ গেলুঁ।
গুরু গরবিত না মানিলুঁ৫ ॥
উভ হাতে৬ শঙ্কর বোলে।
রথ রাখ যমুনার কূলে ॥৯॥১৬২৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৪৯ ও প-র পুথির ৪০।৩৩ সংখ্যক পদ। ২। 'যাও' প-র-সা; 'যাও হে' প-র। ৩। 'বলিলে' প-র। ৪। 'মরি' ক, খ, চ, প-র-সা। ৫। 'তোহারি' ইত্যাদি পংক্তিদ্বয় প-র পুথিতে নাই। ৬। 'উভ হাতে' স্থলে 'বাহু তুলি' প-র।

টীকা

৩—৪। "কি কহিলা" ইত্যাদি। এ স্থলে ১৬১৯ সংখ্যক পদের নিম্নলিখিত পংক্তিগুলি দ্রষ্টব্য, যথা—

"ইহ সব শবদ পশিল যব শ্রবণে।
তব বিরহিণি ধনি পাওল চেতনে ॥

নিজ করে ধরি দুই কানুক হাথ।
যতনে ধরল ধনি আপনক মাথ॥"

সুহই ॥১

না দেখিয়েং রথ আরু না দেখিয়েং ধূল।
নিচয়েং জানিলুঁ মোহে বিধি প্রতিকূল॥
কহি ভেল মুরছিত রাই ভূমিতলে।
শ্বাস-রহিত দেখি সখি করু কোলে॥
উচ-সরেং কান্দি কহে ওহেং রাই প্রাণ।
শ্রবণে ঐছে কোই কহে ঘনশ্যাম॥
কোই কোই করতহিঁ হৃদি শির ঘাত।
কোই কোই কহ কিয়ে বজর-নিপাত॥
ঐছন নিরখিতে রাই-মুখ-চাঁদে।
পয়াল জীবন প্রেমক ফাঁদে॥
তৈখনে তৈছন বিরহ-সম্বাদ।
রাধামোহন পহু রস-মরিযাদ॥১০॥১৬২৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৬৪ সংখ্যক পদ। ২-৩। 'দেখই' প-র-সা। ৪। 'নিচয়' ক। ৫। 'উচ্চ স্বরে' চ; 'উঠ সভে' প-র-সা। ৬। 'অহে' প-র-সা।

অহো বিধাতস্তব ন কচিদ্দয়া
সংযোজ্য মৈত্র্যা প্রণয়েন দেহিনঃ।
তাংশ্চাকৃতার্থান্ বিযুনঙ্ক্ষ্যপার্থকং
বিচেষ্টিতং তেঽর্ভকচেষ্টিতং যথা॥
॥১১॥১৬৩০॥

টীকা

১—৪। "অহো" ইত্যাদি। রাধামোহন ঠাকুরের কৃত ব্যাখ্যা যথা—'হে বিধাতঃ কুত্রচিদপি দয়া নাস্তীত্যাশ্চর্য্যং যতো মৈত্র্যা প্রণয়েন মিত্রভাবাতিরপ্রেম্না দেহিনঃ সংযোজ্য তান্ অকৃতার্থান্ অসিদ্ধপ্রয়োজনকানপি বিযুনঙ্ক্ষি পৃথক্ করোষি। অতস্তব চেষ্টিতং অপার্থকং নিরর্থকং বালকচেষ্টিতমিব।'

১—৪। ওরে বিধাতা! তোর কোথায়ও দয়া নাই; (কেন না) তুই মিত্রতা ও প্রণয় দ্বারা প্রাণীদিগকে সম্মিলিত করিয়া, তাহাদিগের প্রেমের প্রয়োজন সিদ্ধ না হইতেই, অকারণে তাহাদিগকে বিযুক্ত করিয়া থাকিস্; (অতএব) তোর কার্য্য বালকের কার্য্যের সদৃশ।— শ্রীমদ্ভাগবত, ১০।৩৯।১৯।

যস্ত্বং প্রদর্শ্যাসিত-কুন্তলাবৃতং
মুকুন্দ-বক্ত্রং সুকপোলমুন্নসং।
শোকাপনোদ-স্মিত-লেশ-সুন্দরং
করোষি পারোক্ষ্যমসাধু তে কৃতং॥
॥১২॥১৬৩১॥

টীকা

১—৪। শ্রীধর স্বামিকৃত টীকা যথা—"কিঞ্চ তবেদং কর্ম্মেত্যাহঃ যস্ত্বমিতি। শোকমপনুদতীতি শোকাপনোদঃ স চাসৌ স্মিতলেশশ্চ গূঢ়হাসঃ তেন সুন্দরং মুকুন্দস্য বক্ত্রং সকৃৎ প্রদর্শ্য পুনস্তস্য পারোক্ষ্যং অদৃশ্যতাং করোষি অতস্তব কৃতং কর্ম্ম অসাধু নিন্দ্যমিত্যর্থঃ।"

অনুবাদ

১—৪। (ওরে বিধাতা!) তুই যে কৃষ্ণ-কেশ-সুন্দর কপোল, উচ্চ নাসা ও শোকাপনোদন-কারী ঈষৎ-হাস্য দ্বারা শোভিত শ্রীকৃষ্ণের বদন প্রদর্শিত করিয়াই উহাকে অদৃশ্য করিতেছিস্, ইহা তোর নিতান্ত অন্যায় কার্য্য।—শ্রীমদ্ভাগবত, ১০।৩৯।২০।

ক্রূরস্ত্বমক্রূর-সমাখ্যয়া স্ম ন-
শ্চক্ষুর্হি দত্তং হরসে বতাজ্ঞবৎ।
যেনৈকদেশেঽখিল-সর্গ-সৌষ্ঠবং
ত্বদীয়মদ্রাক্ষ্ম বয়ং মধু-দ্বিষঃ॥

"অক্রূরমক্রূর" ইত্যাদি শ্লোকটি এ স্থলে গণিত করিলে পদ-সংখ্যা একটি বেশী হয় বলিয়াই বোধ হয়, ক, খ, ঘ, চ পুথিতে এ স্থলে শ্লোকটি সন্নিবেশিত হয় নাই; কিন্তু এই শ্লোকটি "পদামৃত-সমুদ্র" গ্রন্থে শ্রীধরস্বামীর টীকা সহ উদ্ধৃত হওয়ায় এবং কবিরাজ-গোস্বামীর "শ্রীচৈতন্যচরিতামৃত" হইতে এই শ্লোকত্রয়ের মর্ম্মানুবাদ-স্বরূপ "না জানিস প্রেম-মর্ম্ম" ইত্যাদি পদটি বৈষ্ণব দাস পদ-কল্পতরু গ্রন্থে সন্নিবেশিত করায় 'অক্রূরমক্রূর' ইত্যাদি শ্লোকটি যে তিনি ত্যাগ করিয়াছেন, ইহা বিবেচনা হয় না; সুতরাং আমরা পদ-সংখ্যার সামঞ্জস্যের অনুরোধে এই শ্লোকটি গণনা হইতে বাদ দিলেও মূলে সন্নিবেশিত করিলাম।

টীকা

১—৪। শ্রীধর-স্বামি-কৃত টীকা যথা—"কিঞ্চ ত্বত্তাপহারিত্বেনাতিক্রূরত্বমিত্যাহুঃ" ক্রূরত্বমিতি। নমু অক্রূরো হয়তি নাহমিতি চেদত আহুঃ অক্রূরসমাখ্যয়া ইতি। ন হ্যেবং কর্ত্তুমর্হঃ প্রভবতি অতো নামান্তরেণ ত্বমেবাগতোঽসি। শ্রীকৃষ্ণং হরামি ন তু ত্বচ্চক্ষুরিতি চেন্ন। যেন ত্বদ্দত্তেন চক্ষুষা মধুদ্বিষঃ অঙ্গৈকদেশে নেত্র-বক্ত্রাদৌ ত্বদীয়ং সমগ্র-সৃষ্টি-নৈপুণ্যং অস্মাভিঃ দৃষ্টবত্যো বয়ং তচ্চক্ষুঃ। অয়ং ভাবঃ মম সর্ব্বং রহস্যং আভিজ্ঞাতমিত্যমর্ষেণৈব শ্রীকৃষ্ণং তিরোভাবয়ন্ অস্মানন্ধীকরোষীতি।

অনুবাদ

১—৪। আমরা তোর প্রদত্ত চক্ষু দ্বারা মধু-রিপু শ্রীকৃষ্ণের অঙ্গের একদেশেই তোর সৃষ্টির সমস্ত নৈপুণ্য দেখিয়াছি বলিয়াই ক্রূর তুই অক্রূর নাম-গ্রহণ করিয়া, অজ্ঞের ন্যায় আমাদিগের চক্ষু হরণ করিয়া দত্তাপহারী হইয়াছিস্।—শ্রীমদ্ভাগবত, ১০।৩৯।২১।

ধ্বনি।

না জানিস্ প্রেম-মর্ম্ম   ব্যর্থ করিস্ পরিশ্রম
তোর চেষ্টা বালক সমান।
তোর যদি লাগি১ পাইয়ে তবে তোরে শিক্ষা দিয়ে
এমন যেন না করিস্ বিধান॥
ওরে৩ বিধি তো বড়৪ নিঠুর৫।
অন্যোন্য৬-দুর্লভ জন প্রেমে করাই৭ সম্মিলন
অকৃতার্থে৮ কেনে করিস্ দূর॥ধ্রু॥
ওরে৯ বিধি অকরুণ   দেখাইয়া কৃষ্ণানন
নেত্র মন লোভাইলি আমার।
ক্ষণেক করিতে পান   কাড়ি নিলি১০ অন্য স্থান
পাপ কৈলে দত্ত-অপহার॥
অক্রূর করে তোর দোষ আমায় কেনে কর রোষ
ইহা যদি কহ১১ দুরাচার১২।
তুঞি অক্রূর-মূর্ত্তি ধরি   কৃষ্ণ নিলি চুরি করি
অন্যের নহে ঐছে ব্যবহার॥

॥১৩।১৬৩২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৫৫ সংখ্যক পদ। এই পদটি কবিরাজ-গোস্বামীর "শ্রীচৈতন্যচরিতামৃত" গ্রন্থের অন্ত্যলীলার ঊনবিংশ পরিচ্ছেদ হইতে উদ্ধৃত হইয়াছে। ২। 'লাগে' ঘ। ৩। 'অরে' ঘ। ৪। 'বড়ই' ঘ। ৫। 'নিঠুর' ক, খ; 'নিঠুর' ঘ। ৬। 'অন্যোন্যে' ঘ, চ; 'অন্যোন্যে' প-র-সা। ৭। 'করাইয়া' ক, খ, চ; 'করায়' প-র-সা। ৮। 'অকৃ-তার্থা' ঘ। ৯। 'অরে' ঘ; 'আরে' চ। ১০। 'নিলে' ক। ১১। 'কর' প-র-সা। ১২। কোন কোন মুদ্রিত "শ্রীচৈতন্যচরিতামৃত" গ্রন্থে "ইহা যদি" ইত্যাদি স্থলে 'ইহো যদি কয়ে দুরাচার' এই অসঙ্গত পাঠ দৃষ্ট হয়।

টীকা

৫—৭। "ওরে" ইত্যাদি। ... তুই ... নিঠুর; ... [illegible]

দুর্লভ—এরূপ (প্রণয়ী) জনদিগকে পরস্পরের সহিত প্রণয়-বন্ধনে সংযুক্ত করিয়া, অকৃতার্থ অবস্থায় অর্থাৎ তাঁহাদিগের প্রেমের উদ্দেশ্য সফল না হইতেই তাঁহাদিগকে কেন বিযুক্ত করিস্? (কবিরাজ-গোস্বামীর কৃত এই পদের ১ম ও ২য় কলিটি 'অহো বিধাতঃ' ইত্যাদি পূর্ব্বোদ্ধৃত ১৬৩৮ সংখ্যক ভাগবতীয় শ্লোকের মর্ম্মানুবাদ)।

৮—১১। "ওরে" ইত্যাদি পংক্তি-চতুষ্টয় 'যস্ত্বং' ইত্যাদি পূর্ব্বোদ্ধৃত ১৬৩৭ সংখ্যক ভাগবতীয় শ্লোকের স্বাধীন মর্ম্মানুবাদ।

১২—১৫। "অক্রূর" ইত্যাদি। রে দুরাচার! যদি তুই ইহা কহিস্, (যে,) "অক্রূর তোর নিকট অপরাধ করিয়াছে, আমার প্রতি কেন ক্রোধ করিস্?" (ইহার উত্তর এই) তুই নিজেই অক্রূরের মূর্ত্তি ধারণ করিয়া শ্রীকৃষ্ণকে অপহরণ করিয়াছিস্; (কেন না) অন্য কাহারও এ প্রকার অন্যায় ব্যবহার নহে। (ইহা ভাগবতীয় ক্রূরস্ত্বম-ক্রূর' ইত্যাদি শ্লোকের স্বাধীন মর্ম্মানুবাদ)।

অথাস্য রসস্যোচিতা কৃষ্ণস্য মথুরানিবাসিন আপ্তদূতী যথা।

ধানশী ॥১

পেখলুঁ গোকুল- বসতি বেয়াকুল
গোপ-নারিগণ[২] রোই[৩]।
ভিগি গেও[৪] বসন লাগি রহল তনু
তোহারি গমন পথ জোই[৫]॥
মাধব[৬] দূর নগর মধু গেহ।
তুহুঁ আওলি যব ব্রজহি গোপ সব
তব হাম গোকুলে[৭] থেহ॥ ধ্রু॥
তহিঁ এক রমণী থোরি বয়স ধনি
চীত[৮]-পুতলি-সম থারি।

যবহুঁ লোচন-পথ দূরহি গেও রথ
তবহুঁ পড়ল তনু ঢারি॥
ঘেরল সকল সখীগণ রোয়ই[৯]
কী ভেল বলি অবধারি[১০]।
কুন্তল তোড়ই বসন কোই ফারই
বিধিরে দেই কেহ গারি॥
কোই শিরে কঙ্কণ হানই ঘন ঘন
কোই কোই হরই[১১] গেয়ান।
কহ ঘনশ্যাম হাম চলি আয়লুঁ[১২]
পুন কিয়ে ভেল না জান[১৩]॥

॥১৪॥১৬৩৩॥

ইত্যাদি ভবন্ বিরহঃ।

ইতি পদকল্পতরু-গ্রন্থে চতুর্থ-শাখায়াং তৃতীয়-পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৫৬।১০৪৭ ও প-র পুথির ৪০।১১২ সংখ্যক পদ। ২। 'রমণিগণ' প-র। ৩। 'রোয়' প-র। ৪। 'ভী গেও' খ; 'ভিগিল' প-র-সা; 'ভিগেয়ো' প-র। ৫। 'জোয়' প-র। ৬। 'এ হরি' প-র। ৭। 'গোকুল' ক, খ; 'গকুলে' প-র-সা। ৮। 'চিত' ক, চ, প-র-সা। ৯। 'সখীগণ রোয়ই' স্থলে 'সঙ্গিণি চৌদিগে' প-র-সা; 'সঙ্গিনিগণ চৌদিশে' প-র। ১০। 'কী' ইত্যাদি স্থলে 'কি' ইত্যাদি ক, চ; 'রোয়ত হেরি অগেয়ান' প-র-সা, প-র। 'কুন্তল তোড়ই' ইত্যাদি পরবর্ত্তী চারিটি পংক্তি প-র-সা ও প-র পুথিতে নাই। ১১। 'হরয়ে' খ, চ। ১২। 'হাম' ইত্যাদি স্থলে 'দাস আয়লু পুন' প-র-সা; 'দাস হাম আওলুঁ' প-র। ১৩। 'পুন' ইত্যাদি স্থলে 'কিয়ে ভেল হাম নাহি জান' প-র-সা।

অথ ভূত-বিরহঃ ।
নায়িকা প্রোষিতভর্ত্তৃকা।
তদ্ভাবাক্রান্তঃ শ্রীগৌরচন্দ্রো যথা।

সুহই ।১

রোই রোই জপে গোরা কৃষ্ণ-নাম-মধু।
অমিয়া বরিখে২ যেন নিরমল৩ বিধু ॥
শিব বিহি নাহি পায় যার পদ ভজি৪ ।
তরুতলে বৈঠল সব সঙ্গ তেজি ॥
ছাড়িয়া সকল সুখ ভেল৫ অশকতি৬ ।
শাতকুম্ভ-কলেবর ভাব-বিভূতি ॥
দেখিয়া সকল লোক অনুক্ষণ কান্দে ।
বাসুদেব ঘোষ হিয়া থির৭ নাহি বান্ধে ॥
॥১॥১৬৩৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৫৭ ও প-র পুথির ৪০।১৯ সং পদ। 'সুহই' স্থলে 'সিন্ধুড়া' প-র। ২। 'ঝরয়ে' ক, খ, চ, প-র-সা। ৩। 'বিমল' ক, খ, ঘ; চ, প-র-সা। ৪। 'ভক্তি' ক, চ; 'খুজি' প-র। ৫। 'গেল' ক, খ, প-র। ৬। 'ছাড়িয়া' ইত্যাদি স্থলে 'ছাড়ল সব সুখ তেজিয়া শকতি' প-র। ৭। 'হিয়া থির' স্থলে 'স্থির' প-র।

টীকা

৫—৬। "ছাড়িয়া" ইত্যাদি। (শ্রীগৌরাঙ্গ) সকল বিলাস-সুখ পরিত্যাগ করিয়া অশক্তি অর্থাৎ স্ত্রী-ত্যাগী হইলেন। (তাঁহার) স্বর্ণবর্ণ দেহ ও (অপূর্ব্ব) সাত্ত্বিক-ভাবের সম্পদ্ ('দেখিয়া' ইত্যাদি পরবর্তী চরণের সহিত অন্বয় হইবে)।

তথা রাগ ।১

বিরলে বসিয়া একেশ্বরে২ ।
হরিনাম জপে নিরন্তরে ॥
সুগন্ধি চন্দন মাখা গায় ।
ধূলা বিনু আর৩ নাহি তায়৪ ॥
ছাড়ি পহুঁ৫ লখিমী-বিলাস ।
এবে৬ ভেল তরুতলে বাস ॥
ছাড়িয়া মোহন করে৭ বাঁশী ।
দণ্ড ধরি হইলা সন্ন্যাসী ॥
রাতি দিবস নাহি জান৮ ।
বাসু কহে বিদরে পরাণ৯ ॥২॥১৬৩৫ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৫৮ ও প-র পুথির ৪০।৪১ সং পদ। 'তথা রাগ' স্থলে 'সিন্ধুড়া' প-র। ২। 'একাসরে' প-র। ৩। 'আর' ক। ৪। অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত কলিটি দৃষ্ট হয়, যথা—

"সব অবতার-শিরোমণি।
অকিঞ্চন জনের চিন্তামণি।"

৫। 'ছাড়ি পহুঁ' স্থলে 'ছাড়ল' প-র। ৬। 'ইবে' প-র। ৭। 'ছাড়িয়া' ইত্যাদি স্থলে 'ছাড়ল বনমালা' প-র। ৮। 'মান' ক, খ, প-র-সা; 'জানে' প-র। ৯। 'পরাণে' প-র।

অথ শ্রীগৌরচন্দ্র-বিরহেণ ভক্তগণস্য তথা নবদ্বীপ-নাগরীণাং বিলাপো যথা।

সুহই ।১

হরি হরি গোরা কোথা গেল।
কোন নিদারুণ বিধি এত দুখ দিল ॥
হিয়া মোর জরজর পাঁজর খসে২ ।
পরাণ গেল যদি পিরিতি কিসে ॥
ফুকারি কান্দিতে নারি৩ চোরের রমণী ।
অনুক্ষণ পড়ে মনে গোরা-মুখখানি৪ ॥
ঘরের বাহির নহি কুলের ঝি৫ ।
স্বপনে না হয় দেখা করিব কি ॥
সে রূপ-মাধুরী লীলা কাহারে কহিব ।
গোরা পহুঁ বিনে মুঞি আনলে পশিব ॥

গোরা বিনু[৬] প্রাণ রহে এহ[৭] বড় লাজ।
রাধু কহে কেনে মুণ্ডে না পড়য়ে[৮] বাজ॥
।৩॥১৬৩৬।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৫৯ ও প-র পুথির ৪০।১১১ সং পদ। 'সুহই' স্থলে 'সিন্ধুড়া' প-র। ২। 'ধরে' প-র। ৩। 'নারে' ক, খ, প-র। ৪। 'গোরা-বরণ' প-র। ৫। 'ঘরের বাহির' ইত্যাদি পংক্তি চারিটি প-র পুথিতে নাই। ৬। 'বিনে' ঘ। ৭। 'এই' ক; 'ইহ' খ, ঘ; প-র-সা, প-র। ৮। 'পড়িল' প-র।

শ্রীমহাপ্রভুগৌরচন্দ্রস্য সন্ন্যাস-জনিত-বিরহঃ।

প্রবাস-রসেন পূর্ব্বাপরং গীয়তে।

ধানশী।[১]

শুনলহুঁ[২] মাথুর চলব[৩] মুরারি।
চলতহিঁ পেখলুঁ নয়ন পসারি॥
পালটি নেহারিতে হাম রহু[৪] হেরি।
শূনহিঁ[৫] মন্দিরে[৬] আয়লুঁ ফেরি॥
দেখ[৭] সখি নীলজ[৮] জীবন মোই[৯]।
পিরিতি জনায়ত[১০] অব ঘন রোই[১১]॥ ধ্রু॥
সো কুসুমিত বন কুঞ্জ-কুটীর।
সো যমুনা-জল মলয়-সমীর॥
সো হিমকর হেরি লাগয়ে চঙ্ক[১২]।
কানু বিনে জীবন কেবল কলঙ্ক॥
এত দিনে বুঝল[১৩] বচনক অন্ত।
চপল প্রেম থির জিবন[১৪] দুরন্ত॥
তাহে অতি দুরজন আশকি পাশ।
সমাধি[১৫] না আওত গোবিন্দদাস॥
॥৪॥১৬৩৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৬০ ও প-র পুথির ৪০।২৪ সং পদ। ২। 'চলবহুঁ' ক, খ; 'চললহু' চ। ৩। 'চলল' চ। ৪। 'রহ' প-র-সা। ৫। 'শূন্তহি' ঘ, চ; 'শূন' প-র-সা, প-র। ৬। 'মন্দির' ক, ঘ, চ, প-র-সা। ৭। 'দেখি' ক, খ, ঘ, চ। ৮। 'নিলজ' ক, খ, ঘ, চ, প-র-সা। ৯। 'মোর' ঘ, প-র। ১০। 'জানাওত' ক; 'না জায়ত' খ; 'জনাওত' প-র। ১১। 'রোর' ঘ, প-র। ১২। 'উপচঙ্ক' খ। ১৩। 'বুঝলু' প-র-সা; 'জানলু' প-র। ১৪। 'জীবন' ক, চ, প-র-সা। ১৫। 'সমতি' ক, খ, ঘ, চ, প-র-সা।

টীকা

৫—৬। "দেখ" ইত্যাদি। হে সখি! দেখ, (আমার) নির্লজ্জ প্রাণ এখন বারংবার ক্রন্দন করিয়া, আমার নিকট (কৃত্রিম) প্রণয় জানাইতেছে। (প্রিয়-তমের সঙ্গে সঙ্গে গমন না করায়ই প্রাণের নির্লজ্জতা ও উহার প্রেমের কৃত্রিমতা প্রকাশ পাইতেছে)।

১১—১২। "এত দিনে" ইত্যাদি। "প্রেম চঞ্চল অর্থাৎ অস্থায়ী, (কিন্তু) জীবন কঠিন ও স্থায়ী" —এই বাক্যের পরিণাম-ফল এত দিনে বুঝিলাম।

শ্রীগান্ধার।[১]

হরি কি মথুরাপুর[২] গেল।
আজু গোকুল শুন[৩] ভেল॥
রোদতি পিঞ্জর-শূকে[৪]।
ধেনু ধাবই মাথুর মুখে[৫]॥
অব সোই যমুনার কূলে।
গোপ গোপি[৬] নাহি বুলে[৭]॥
হাম সাগরে[৮] তেজব পরাণ।
আন জনমে হব কান॥
কানু হোয়ব যব রাধা।
তব[৯] জানব বিরহক বাধা॥
বিদ্যাপতি কহ নীত।
অব রোদন নহ সমুচীত[১০]॥ ॥৫॥১৬৩৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৬১ ও প-র পুথির ৪০।২৩ সং পদ। ২। 'মথুরাপুর' ক। ৩। 'শূন' ক, খ; 'শূন্ত' প-র-সা। ৪। 'শুকে' ক, খ, চ, প-র-সা। ৫। 'মুখে' ক, খ, চ, প-র-সা; 'ধেহু' ইত্যাদি স্থলে 'ধাওত ধেহু মাথুর মুখে' প-র। ৬। 'গোপী' ক, ঘ, চ। ৭। 'অব' ইত্যাদি পংক্তিদ্বয় প-র পুথিতে নাই। ৮। 'হাম সাগরে' স্থলে 'সো অব' প-র। ৯। 'তব' প-র পুথিতে নাই। ১০। 'সমুচিত' ক, চ, প-র-সা। 'বিদ্যাপতি' ইত্যাদি পংক্তিদ্বয় স্থলে প-র পুথির পাঠ, যথা—

"হেন বুঝি নিকরুণ ধাতা।
গোবিন্দ দাস দুখ দাতা॥"

তিরোথা ধানশী।১

অব মথুরাপুর মাধব গেল২।
গোকুল-মাণিক কো হরি নেল॥
গোকুলে উছলল করুণাক৩ রোল৪।
নয়ন৫-জলে দেখ৬ বহয়ে হিলোল॥
শুন৭ ভেল মন্দির শুন৮ ভেল নগরী।
শুন৯ ভেল দশ দিশ শুন১০ ভেল সগরী॥
কৈছনে যায়ব যামুন১১ তীর।
কৈছে নেহারব কুঞ্জ-কুটীর॥
সহচরি সঞে১২ যাহাঁ করল১৩ ফুলখারি।
কৈছনে জীয়ব তাহিঁ১৪ নেহারি॥
বিদ্যাপতি কহে কর অবধান।
কৌতুকে ছাপিত১৫ তহিঁ রহুঁ কান॥
॥৬॥১৬৩৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৬২ ও প-র পুথির ৪০।২৫ সং পদ। 'তিরোথা ধানশী' স্থলে 'ধানশী' ক, খ, ঘ, চ, প-র-সা। ২। 'অব' ইত্যাদি পংক্তিদ্বয় প-র পুথিতে নাই। ৩। 'করুণায়' ক, চ; 'করুণা' খ, প-র। ৪। 'বোল' প-র-সা। ৫। 'নয়নের' ক, খ, চ, প-র-সা; 'করুণাক' ঘ। ৬। 'সখি' প-র। ৭—১০। 'শূন' ক, খ, প-র-সা। ১১। 'যমুনা' ক। 'কৈছনে' ইত্যাদি পরবর্ত্তী পংক্তিগুলির স্থলে প-র পুথির পাঠ, যথা—

"হা হা মাধব মাথুর গেল।
তরুণি-সাথ-বধ কো বিহি দেল॥ ধ্রু॥
হরি বিনু কৈছে যাওব সোই ঠাম।
ধনি ধরি পৈঠে যাহা দারুণ কাম॥
কৈছে যাওব সখি নিভৃত নিকুঞ্জে।
কুলিশ-পবন জনু ভ্রমরক গুঞ্জে॥"

১২। 'সঁনে' ঘ, চ। ১৩। 'করল' খ। ১৪। 'তবহিঁ' খ, প-র-সা; 'তহি' চ। ১৫। 'ছাপি' ক, খ, প-র-সা।

সুহই।১

প্রেমক অঙ্কুর জাত আত২ ভেল
না ভেল যুগল পলাশা।
প্রতিপদ-চাঁদ উদয় যৈছে৩ যামিনি
সুখ-লব ভৈ গেল নৈরাশা॥
সখি হে৪ অব মোহে নিঠুর মাধাই।
অবধি রহল বিছুরাই॥ ধ্রু॥
কো জানে চাঁদ চকোরিণি বঞ্চব
মাধবি৫ মধুপ সুজান।
অনুভবি কানু পিরিতি অনুমানিয়ে
বিঘটিত বিহি নিরমাণ৬॥
পাপ পরাণ৭ আন নাহি জানত
কানু কানু করি ঝুর৮।
বিদ্যাপতি কহ নিকরুণ মাধব
গোবিন্দদাস রস-পূর॥৭॥১৬৪০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৬৩ ও প-র পুথির ৪০।৪২ সং পদ। ২। 'জাত আত' স্থলে 'আর্ত্ত জাত' চ; 'জাত রাত' ঘ। ৩। 'ভেল' প-র-সা। ৪। 'সজনি' প-র। ৫। 'মাধব' ক, চ, প-র; 'মাধবী' প-র-সা। ৬। 'পরমাণ' ঘ, চ, প-র-সা,

প-র। ৭। 'পরাণ মোর' খ, ঘ, চ, প-র-সা।
৮। 'মুর' ক, চ, প-র-সা।

টীকা

১—৪। "প্রেমক" ইত্যাদি। প্রেমের অঙ্কুর জাত-মাত্রেই আতপ অর্থাৎ রৌদ্র হইল; (উহার) দুইটি পত্রও হইল না; যেন যামিনীতে প্রতিপদের চন্দ্র উদিত হইল অর্থাৎ প্রতিপদের চন্দ্র উদিত হইয়াই অস্তমিত হইল; সুখ-কণা-লাভে নৈরাশ্য হইয়া গেল। (রাধামোহন ঠাকুর পদামৃতসমুদ্রের টীকায় লিখিয়াছেন—'আত আতপঃ তন্নাশক-প্রচণ্ডরৌদ্র ইত্যর্থঃ। প্রেমবিলাপাৎ কণ্ঠরোধেন পকারচ্যুতির্ন দোষঃ।' অর্থাৎ 'আত' শব্দের অর্থ—আতপ—কি না অঙ্কুর-নাশক প্রচণ্ড রৌদ্র। প্রেম-বিলাপ-জনিত কণ্ঠ-রোধ হেতু 'আতপ' শব্দের 'প' অক্ষর-চ্যুতি দূষণীয় নহে।' বস্তুতঃ কণ্ঠরোধহেতু 'প'-অক্ষর-চ্যুতি অনুমান না করিলেও ভাষা-তত্ত্বের নিয়ম অনুসারে 'আতপ' শব্দের অপভ্রংশে 'আতব'—'আতও'—'আতো'—'আত' নিষ্পন্ন হইতে পারে। কণ্ঠ-রোধ হেতু অক্ষর-চ্যুতি হইলে উদ্ধৃত পদে উহার অপর নিদর্শন না থাকা বিচিত্র বটে। সুতরাং 'আত' শব্দের শেষোক্ত ব্যুৎপত্তিই সমীচীন বোধ হয়। বিদ্যাপতির সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্র বাবু 'আতপ' শব্দের অর্থ 'রৌদ্রদগ্ধ' লিখিয়াছেন; উহা কিরূপে সিদ্ধ হয়, বুঝিলাম না।

৭—১০। "কো" ইত্যাদি। কে জানে যে, চন্দ্র (নিজের প্রতিপালিত) চকোরীকে ও সুজন মধুকর (প্রিয়তমা) মাধবী-লতাকে বঞ্চন করিবে? শ্রীকৃষ্ণের প্রেম অনুভব করিয়া (আবার) অনুমান হইতেছে যে, বিধাতার নির্মাণ অর্থাৎ বিধান বিঘটিত অর্থাৎ ব্যর্থ হইল।

কি কহসি কি পুছসি শুন প্রিয় সজনি।
কৈছনে বঞ্চব[৪] ইহ[৫] দিন রজনি॥ধ্রু॥
নয়নক নিন্দ গেও বয়নক হাস[৬]।
সুখ গেও পিয়া সঙ্গ দুখ হাম পাশ॥
ভণয়ে বিদ্যাপতি শুন বরনারি।
সুজনক কুদিন[৭] দিবস দুই চারি॥
॥৮॥১৬৪১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৬৪ ও প-র পুথির ৪০।২৬ সং পদ। ২। 'হরি গেও' স্থলে 'পিয়া গেল' প-র। প-র-সা ও প-র পুথিতে নিম্নলিখিত কলিটির দ্বারা এই পদটি আরম্ভ করা হইয়াছে, যথা—

"শুনলহুঁ মাধব মাথুর গেল।
গোকুল-মাণিক কো হরি লেল॥"

কলিটি ১৬৩৯ সংখ্যক পদের প্রারম্ভের কলিটির সহিত প্রায় অভিন্ন বলিয়া, এ স্থলে 'শুনলহুঁ' ইত্যাদি কলিটি প্রক্ষিপ্ত বলিয়াই বিবেচনা হয়। ৩। 'মালতিক' প-র-সা, প-র। ৪। 'কৈছনে বঞ্চব' স্থলে 'কৈছে বঞ্চব হাম' প-র। ৫। 'এ' ঘ, প-র। ৬। 'নয়নক' ইত্যাদি বাকি পংক্তিগুলির পরিবর্তে প-র পুথির পাঠ যথা—

"যত ছিল মনোরথ সব ভেল বাদ।
পরিহরি গেল বন্ধু বিনি অপরাধ॥
শুন ভেল দশ দিশ শুন ভেল সগরী।
শুন ভেল মন্দির শুন ভেল নগরী॥
হাম নারি অভাগিনি বিহি ভেল বাম।
পিয়া গেল মধুপুর না পূরল কাম॥
গোবিন্দদাস কহ শুন ধনি রাই।
ধৈরজ ধর চিতে মিলব মুরারি (কানাই?)॥"

৭। 'দুখ' ক, খ, চ, প-র-সা।

তিরোথা ধানশী।[১]

হরি গেও[২] মধুপুর হাম কুল-বালা।
বিপথে পড়ল যৈছে মালতি[৩]-মালা॥

গান্ধার।[১]

সজল নয়ন করি পিয়া-পথ হেরি হেরি
তিল[২] এক হয়ে[৩] যুগ চারি।

বিহি৪ বড় দারুণ   তাহে পুন ঐছন
দূরহি করল মুরারি ॥
সজনি কীয়ে৫ করব পরকার।
কি মোর করম-ফলে   পিয়া গেল দেশান্তরে
নিতি নিতি মদন-ধিকার ॥ধ্রু॥
নারীর দীঘ নিশাস   পড়ুক তাহার পাশ
মোর পিয়া যার কাছে বৈসে।
পাখী জাতি যদি হঙ পিয়া পাশে উড়ি যাঙ
সব দুখ কহোঁ৬ তছু পাশে ॥
আনি দেই৭ পিউ   রাখহ৮ আমার জিউ
কো ইহ করুণাবান।
বিদ্যাপতি কহ   ধৈরজ ধর চিতে৯
তুরিতহিঁ মীলব১০ কান ॥৯॥১৬৪২॥

ইত্যাদি চিন্তাদশায়াং বিলাপঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৬৫ সং পদ। ২। 'ভিলে' ক, খ, চ, প-র-সা। ৩। 'হয়' ক, প-র-সা। ৪। 'বিধি' ক। ৫। 'কিয়ে' ক, চ, প-র-সা; 'কী' খ। ৬। 'কহ' প-র-সা। ৭। 'দেই মোর' ক, চ, প-র-সা। ৮। 'রাখ' খ। ৯। 'ধরহ চিত' খ; 'ধর চিত' প-র-সা। ১০। 'মিলব' ক, খ, প-র-সা।

অথ কেবলজাগরণদশায়াং বিলাপো যথা।

তত্র শ্রীগৌরচন্দ্রঃ।

তথা রাগ।১

গম্ভিরা২ ভিতরে গোরা রায়।
জাগিয়া রজনি পোহায় ॥
খেণে খেণে করয়ে বিলাপ।
খেণে রোয়ত খেণে কাঁপ ॥
খেণে ভিতে মুখ শির ঘসে।
কোই না৩ রহ পহু-পাশে ॥
খেণে কান্দে তুলি দুই হাথ৪।
কোথায় আমার প্রাণনাথ ॥
নরহরি কহে মোর গোরা।
রাই-প্রেমে হইলা৫ বিভোরা ॥
॥১০॥১৬৪৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৬৬ সং পদ। ২। 'গম্ভীরা' ক। ৩। 'কোন' ক, খ, চ, প-র-সা। ৪। 'হাত' ক। ৫। 'হইয়া' ক, খ, চ, প-র-সা।

ধানশী।১

যো ধনি সপনে নাহ-মুখ হেরই
সো পুণবতি ব্রজ মাঝ।
ধনি ধনি তাক সফল বরু২ জীবন
দেহ গেহ তছু কাজ ॥
সজনি নিন্দ বৈরিণি৩ মুঝে৪ ভেল।
যো দিন অবধি ছোড়ল ব্রজনন্দন
তাকর সঙ্গহি গেল ॥ধ্রু॥
শয়নক সাধ বাদ করু যো বিধি৫
সো বিপরিত৬ মতি মন্দ।
সহজে অভাগিনি মোহে পুন বঞ্চই
দরশনে ও৭ মুখচন্দ ॥
কৈছনে ঐছন দরশন পাইয়ে
সুন্দর বিদগধ শ্যাম।
রাধামোহন পহুঁ কঠিন উজাগর
তিল এক৮ নহত বিরাম ॥১১॥১৬৪৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৬৭ সং পদ। ২। 'বরু' শব্দ ক, খ ও চ পুথিতে নাই। ৩। 'বৈরী' ক। ৪। 'মঝু' ক। ৫। 'বিহি' ক, খ। ৬। 'বিপরীত' ক, প-র-সা। ৭। 'উ' খ। ৮। 'তিলে আধ' খ; 'তিলে এক' চ।

টীকা

১—৪। "যো" ইত্যাদি। যে নারী স্বপ্নে নাথের মুখ দর্শন করে, ব্রজের মধ্যে সে পুণ্যবতী। তাহাকে ধন্ত ধন্ত করি; (তাহার) জীবন, দেহ, গৃহ ও কার্য্য বরং সফল। (নাথের সম্পূর্ণ অদর্শন হইতে স্বপ্নে দর্শনও কিঞ্চিৎ ভাল—ইহাই 'বরু' শব্দ দ্বারা ব্যঞ্জিত হইতেছে। মুদ্রিত 'পদামৃত-সমুদ্র' গ্রন্থে 'বরু' স্থলে 'করু' পাঠ আছে; ঐ পাঠ স্বীকার করিলে, উহার কর্ত্তৃপদ 'ধনী' উহ্য করিতে হইবে, কিংবা 'ধনি ধনি' বাক্যের অর্থ '(সেই) ধনী ধন্তা,—(সে) তাহার জীবন, দেহ, গেহ ও তাহার কার্য্য সফল করিতেছে' এইরূপ অর্থ করিতে হইবে)।

৫—৭। "সজনি" ইত্যাদি। হে সখি! (আমি এত কাল যাহাকে নিজের সঙ্গে সঙ্গে রাখিয়াছি, আমার সেই সঙ্গিনী) নিদ্রা আমার প্রতি বৈরিণী হইল! (কেন না) যে দিন হইতে ব্রজের আনন্দ-নিধান (ব্রজ) ছাড়িয়া গেলেন, (সেই দিন হইতে) সেই নিদ্রা (আমার দিকে ফিরিয়া না চাহিয়া) তাঁহার সঙ্গেই গেল। (অর্থাৎ শ্রীকৃষ্ণের সঙ্গে সঙ্গে নিদ্রাও আমার নেত্র হইতে অন্তর্দ্ধান করিয়াছে)।

৮—১১। "শয়নক" ইত্যাদি। যে বিধাতা (নিদ্রার অভাব হেতু) আমার শয়নের সাধ বর্জ্জিত করিয়াছে, সে অতি দুর্ব্বুদ্ধি ও অনিষ্টকারী; আমি (একেই) দুর্ভাগিনী, (তাহাতে) আবার সে আমাকে সেই মুখ-চন্দ্রের দর্শনে বঞ্চিত করিতেছে!

—

পঠমঞ্জরী ।১

কে মোরে মিলাওব[২] দিবে সো চাঁদ-বয়ান।
আঁখি তিরপিত হবে জুড়াবে পরাণ॥
কাল-রাতি না পোহায় কত জাগিব বসিয়া[৩]।
গুণ শুনি প্রাণ কান্দে না যায় পাতিয়া॥
উঠি বসি করি কত পোহাইব রাতি।
না যায় কঠিন প্রাণ ছার নারী জাতি[৪]॥
ধন জন যৌবন দোসর বন্ধুজন[৫]।
পিয়া বিনু শূন্ত ভেল এ তিন ভুবন॥
কেহো[৬] ত না বোলে[৭] যে আওব তোর পিয়া[৮]।
কত না রাখিব চিত নিবারণ দিয়া॥
কত দূরে পিয়া মোর করে[৯] পরবাস।
দুখ জানাইতে[১০] চলু বলরামদাস॥১২॥১৬৪৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৬৮ ও প-র পুথির ৪০।৫৩ সং পদ। 'পঠমঞ্জরী' স্থলে 'শ্রীরাগ' প-র। ২। 'মিলাইয়া' খ, চ। ৩। 'কাল' ইত্যাদি পংক্তিদ্বয় প-র পুথিতে নাই; ইহার পরেই উহাতে 'কেহো ত' ইত্যাদি পংক্তি-দ্বয়, তৎপরে 'উঠি বসি' ইত্যাদি পংক্তি-দ্বয় ও সর্ব্বশেষে 'কত দূরে' ইত্যাদি পংক্তিদ্বয় সন্নিবেশিত দেখা যায়। ৪। 'না যায়' ইত্যাদি স্থলে 'কঠিন পরাণে রে নিলজ তিরি জাতি' প-র। ৫। 'ধন জন' ইত্যাদি কলিটি প-র পুথিতে নাই। ৬। 'কেহ' ক, খ, ঘ, চ,। ৭। 'কহে' প-র। ৮। 'কেহো ত' ইত্যাদি কলিটি ক, খ, ঘ ও চ পুথিতে নাই। ৯। 'কত' প-র। ১০। 'দুখ জানাইতে' স্থলে 'সংবাদ লেই চলু' ক, খ; 'কত বা বিলম্ব কহ' প-র।

—

অথোদ্বেগ-দশায়াং বিলাপো যথা,—

গান্ধার ।১

হৃদয়[২] বিদারত মনমথ-বাণ[৩]।
কো জানে কাহে নহত দুই[৪] ঠাম॥
জলু[৫] বিরহানল মন মাহা গোয়[৬]।
কঠিন শরীর ভসম নাহি[৭] হোয়[৮]॥
কাহে সমুঝায়ব মরমক খেদ।
মরত না জীয়ত কানু[৯]-বিছেদ[১০]॥ ধ্রু॥
যো মুখ হেরইতে[১১] নিমিখ বিরোধ।
পুন হেরব বলি[১২] তাহে পরবোধ॥
হেরইতে কুসুমিত কেলি-নিকুঞ্জ।
শুনইতে পিক-রব অলিকুল-গুঞ্জ॥

অনুভবি মালতি-পরিমল এহ।
কেহ জানে জীউ রহত ইহ দোহা॥
জানইতে কানুক সো আশোয়াস।
চলু মথুরাপুর গোবিন্দদাস ॥১৩।১৬৪৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৬১ ও প-র পুথির ৪০।২৮ সং পদ। ২। 'হৃদয়ে' প-র-সা। ৩। 'বায়' ঘ। ৪। 'দো' ঘ। ৫। 'জনু' ক, খ, চ, প-র-সা। ৬। 'গোই' প-র। ৭। 'শরীর' ইত্যাদি স্থলে 'শরির মঝু ভসম না' প-র। ৮। 'হোই' প-র। ৯। 'কানুক' ক, খ, চ, প-র-সা। ১০। 'বিচ্ছেদ' ক, খ, প-র-সা। ১১। 'নিরখিতে' চ। ১২। 'করি' প-র।

টীকা

১—২। "হৃদয়" ইত্যাদি। রাধামোহন ঠাকুর 'মনমথ' শব্দের অর্থ লিখিয়াছেন,—'তত্র মন্মথঃ শ্রীকৃষ্ণো জ্ঞেয়ঃ'। বস্তুতঃ কৃষ্ণ-প্রিয়াদিগের নিকট অপ্রাকৃত মন্মথ শ্রীকৃষ্ণ ব্যতীত অন্য মন্মথের অস্তিত্ব প্রতিভাত হইত না; সেই জন্যই জয়দেব গোস্বামী লিখিয়াছেন—"বিলিখতি রহসি কুরঙ্গমদেন ভবন্তমসম-শরভূতম্।" সুতরাং 'হৃদয়' ইত্যাদি বাক্যের অর্থ—মন্মথরূপী শ্রীকৃষ্ণের বাণ অর্থাৎ অরবিন্দ, অশোক প্রভৃতি পুষ্পশর আমার হৃদয় বিদারণ করিতেছে; কে জানে কেন উহা দুই ভাগ হইতেছে না?

৩—৪। "জনু" ইত্যাদি। শ্রীকৃষ্ণের বিরহাগ্নি আমার মনের মাঝে গুপ্ত-ভাবে থাকিয়া জ্বলিতেছে; আমার দেহ লৌহাদির ন্যায় কঠিন; (তাই) ভস্ম হইতেছে না।

৫—৬। "রাহে" ইত্যাদি। আমি মর্ম্মের যাতনা কাহাকে বুঝাইব? (আমার প্রাণ) শ্রীকৃষ্ণের বিরহে মরিতেছে না, জীবিতও থাকিতেছে না (অর্থাৎ আমি জীবন্মৃত হইয়াছি।)

৭—৮। "বো" ইত্যাদি। (যদি বল যে, তোমার অথবা শ্রীকৃষ্ণকে জানাইবার জন্য সখী-স্থানায় বলরামদাসই গিয়াছে, তবে এত অধীর হইতেছ কেন? ইহার উত্তরে বলিতেছেন) শ্রীকৃষ্ণের যে মুখ নিরীক্ষণকালে নিমেষ অর্থাৎ চক্ষুর পলকও বিরোধ আচরণ করে, তাহাকে আবার দেখিব বলিয়া প্রবোধ দিতেছ? (অর্থাৎ যে পলকের জন্যও প্রিয়তমের অদর্শন সহ্য করিতে পারে না, সে কিরূপে প্রিয়তম আসিবে বলিয়া ধৈর্য্য ধারণ করিয়া থাকিতে পারে?)

অথ তানবং।

পুন নাহি হেরব সোঁ চান্দ-বয়ান।
দিনে দিনে ক্ষীণ তনু না রহে পরাণ॥
আর কত পিয়া-গুণ কহিব কান্দিয়া।
জীবন সংশয় হৈল পিয়া না দেখিয়া॥
উঠিতে বসিতে আর নাহিক শকতি।
জাগিয়া জাগিয়া কত পোহাইব রাতি॥
সো সুখ-সম্পদ মোর কোথাকারে গেল।
পরাণ-পুতলী মোর কে হরিয়া নিল॥
আর না যাইব সোই যমুনার জলে।
আর না হেরব শ্যাম কদম্বের তলে॥
নিলজ পরাণ মোর রহে কি লাগিয়া।
জ্ঞানদাস কহে মোর ফাটি যায় হিয়া॥
॥১৪।১৬৪৭॥

মলিন দশা।

ধানশী।১

দেখ সখি অপরূপ বিরহ-বেয়াধি।
দুরে২ রহুঁ বসন ভূষণ৩ রূপ৪ যৌবন
জিবন৫ জলত৬ জনু আগি৭॥
কি কহব হৃদয় যৈছে৮ জলি৯ যায়ত
যৈছে মলিন১০ ভেল দেহ।
চঞ্চল চীত১১ থার১২ নাহি বান্ধত।
বিষ১৩ জনু লাগয়ে কেহ॥
আন জন অনুখন গুরুজন-গঞ্জন।
শ্রবণ জিবন পুন দাহ॥

ছুখিত নন্দ দিন[১৫] জলহীন[১৬] যেন মিন[১৭]
যেন তাহি[১৮] ভুল[১৯] নাহি পাহ ॥১৫॥১৬৪৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৭১ সং পদ। ২। 'দূরে' ক। ৩। 'ভূষণ' ক। ৪। 'রূপ' ক। ৫। 'জীবন' ক। ৬। 'অর্পিত' ক, চ। ৭। 'লাগি' ক, খ, চ, প-র-সা। ৮। 'যৈছন' ক। ৯। 'অলি' ক। ১০। 'তৈছে মিলন' ক। ১১। 'চিত' ক, প-র-সা। ১২। 'থির' ক, প-র-সা। ১৩। 'বিবে' ক, খ। ১৪। 'জীবন' ক। ১৫। 'দীন' ক। ১৬। 'জলহীন' ক। ১৭। 'মীন' ক। ১৮। 'নাহি' খ; 'তাহে' ঘ। ১৯। 'তুহিন' ক, ঘ, চ, প-র-সা। সংস্কৃত-ব্যাকরণ অনুযায়ী হ্রস্ব-দীর্ঘ উচ্চারণ রক্ষা করিলে কিরূপে মাত্রাচ্ছন্দটি বিনাশ প্রাপ্ত হয়, এই পদটি উহার সুন্দর উদাহরণ।

ধানশী।[১]

যে মোর অঙ্গের পবন-পরশে
অমিয়া-সায়রে ভাসে।
এক আধ তিলে মোরে না দেখিলে
যুগ-শত হেন বাসে ॥
সই সে কেনে এমন হৈল।
কঠিন গান্ধিনী- তনয় কি গুণে
তারে উদাসীন কৈল ॥ধ্রু॥
পরাণে পরাণে[২] বান্ধা যেই জনে[৩]
তাহারে করিয়া ভীন।
মথুরা নগরে থুইলে[৪] কার ঘরে
সোঙরি জীবন ক্ষীণ ॥
কেমনে গোঙাব এ দিন রজনী
তাহার দরশ বিনে।
বিরহ-দহনে যে দেহ মলিন
[illegible] বিনে ॥

অন্তর বাহির [illegible] মলিন শরীর
জীবনে নাহিক আশ[৫]।
শুনি বেয়াকুল হইয়া ধাইয়া[৬]
চলিল[৭] শঙ্কর দাস ॥১৬॥১৬৪৯॥

ইতি পদকল্পতরু-গ্রন্থে চতুর্থ-শাখায়াং
চতুর্থ-পল্লবঃ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৭২ সং পদ। ২। 'পরাণ' প-র-সা। ৩। 'জন' প-র-সা। ৪। 'থুইল' ক, খ, প-র-সা। ৫। 'আকুল' ক, খ। ৬। 'হইয়া ধাইয়া' স্থলে 'ধাইয়া চলিলা' খ; 'হইয়া ধাইলা' প-র-সা। ৭। 'ছুখিনি' খ।

ততোঽর্দ্ধবাহ্যদশায়াং প্রলাপো যথা।

ক্ব নন্দকুল-চন্দ্রমাঃ ক্ব শিখি-চন্দ্রকালঙ্কৃতিঃ[১]
ক্ব মন্দ্র-মুরলী-রবঃ ক্ব নু সুরেন্দ্র-নীল-দ্যুতিঃ।
ক্ব রাস-রস-তাণ্ডবী ক্ব সখি জীব-রক্ষৌষধিঃ
নিধির্মম সুহৃত্তমঃ ক্ব তব হন্ত হা ধিগ্বিধিং ॥
॥১॥১৬৫০॥

পাঠান্তর

১। 'চন্দ্রিকাণকৃতিঃ' ক।

টীকা

১—৪। "ক্ব" ইতি। শ্রীরূপ গোস্বামীর 'ললিত-মাধব' নাটকের তৃতীয় অঙ্ক হইতে উদ্ধৃত এই শ্লোকটির শ্রীরাধা মোহন ঠাকুর-কৃত টীকা যথা—'হে সখি নন্দকুলস্য চন্দ্রমাঃ ক। এতেন কুলস্য ক্ষীরসমুদ্রত্বং নিজচক্ষুষশ্চকোরত্বং ধ্বনিতং। ময়ূরবর্হ-শিরোভূষণঃ ক। মন্দ্রো গম্ভীরো মুরলীরবো যস্য স ক। নু ভোঃ ইন্দ্রনীলমণিদ্যুতিঃ ক। রাসরস-নৃত্যকারী ক। মম জীবরক্ষা মহৌষধিঃ ক। নিধিরমূল্যরত্নং ক। তব সুহৃত্তমঃ ক হন্ত ইতি খেদে।

বিধিং ধিক্। অত্র সর্ব্বত্রৈব ক্রিয়াভাবাৎ ব্যর্থ-চেষ্টিতত্বাচ্চ দিব্যোন্মাদস্য প্রলাপোঽনুভাবঃ। কিন্তু পৌর্ব্বাপর্য্যব্যবহারাৎ প্রলাপদশায়ামপি এতস্য তথা অব্যবহিত-বক্ষ্যমাণস্য চ গানমুপযুক্তম্।"

অনুবাদ

১—৪। নন্দ-কুল-চন্দ্রমা কোথায়? শিখি-পুচ্ছ-মৌলি কোথায়? গম্ভীর-মুরলী-নাদ-কারী কোথায়? ওগো! ইন্দ্র-নীলমণি-কান্তিধারী কোথায়? রাস-রস-নৃত্যকারী কোথায়? হে সখি! আমার জীবন-রক্ষায় মহৌষধ কোথায়? আমার অমূল্য-রত্ন, তোমার সখা-শ্রেষ্ঠ কোথায়? হায়! বিধাতাকে ধিক্!

রাধামোহন ঠাকুর বলেন যে,'ক নন্দ-কুল-চন্দ্রমাঃ' ইত্যাদি শ্লোকে ক্রিয়া-পদের অভাব ও ব্যর্থ চেষ্টা দ্বারা ইহা দিব্যোন্মাদ-দশার প্রলাপ বলিয়াই বুঝিতে হইবে; কিন্তু পূর্ব্বাপর ব্যবহার আছে বলিয়া অর্দ্ধ-বাহ্য প্রলাপ-দশায়ও এই শ্লোক ও ইহার অব্যবহিত পরবর্ত্তী শ্লোকগুলি গান করা যাইতে পারে।

সুহই।[১]

ব্রজেন্দ্র-কুল দুগ্ধ-সিন্ধু কৃষ্ণ তাহে পূর্ণ ইন্দু
জন্মি কৈল জগত উজোর।
যার কান্ত্যমৃত পিয়ে নিরন্তর পিয়া[২] জীয়ে
ব্রজজন-নয়ন-চকোর॥
সখি হে কোথা কৃষ্ণ করাও[৩] দরশন।
তিলেক যাহার মুখ না দেখিলে[৪] ফাটে বুক
শীঘ্র দেখাও[৫] না রহে জীবন॥ধ্রু॥
এই ব্রজের[৬] রমণী কামার্ক-তপ্ত কুমুদিনী
নিজ করামৃত দিয়া দান।
প্রফুল্লিত করে যেই কাহাঁ মোর চন্দ্র সেই
দেখাই[৭] সখি রাখ মোর প্রাণ॥
কাহাঁ সে চূড়ার ঠান[৮] শিখি-পুচ্ছের[৯] উড়ান
নব মেঘে যেন ইন্দ্র-ধনু।
পীতাম্বর তড়িদ্দ্যুতি মুক্তামালা বক-পাঁতি
নবাম্বুদ জিনি শ্যাম-তনু॥
একবার যার নয়নে লাগে সদা তার হৃদয়ে জাগে
কৃষ্ণ-তনু যেন আম্র-আঠা।
নারীর মনে পৈশে যায় যত্নে নাহি বাহিরায়
তনু নহে সেহাকুলের[১০] কাঁটা॥
জিনিয়া তমাল-দ্যুতি ইন্দ্রনীল-সম কাঁতি[১১]
যে কান্তিতে জগত মাতায়।
শৃঙ্গার-রস ছানি তাহে চন্দ্র-জ্যোৎস্না আনি[১২]
জানি বিধি নিরমিল তায়॥
কাহাঁ সে মুরলী-ধ্বনি নবাভ্র[১৩]-গর্জ্জন জিনি
জগতাকর্ষে শ্রবণে[১৪] যাহার।
উড়ি যায় ব্রজ-জন তৃষিত চাতকগণ
আসি পিয়ে কান্ত্যমৃত-ধার॥
মোর সেই কলানিধি প্রাণ-রক্ষা-মহৌষধি
সখি তোমার[১৫] তেঁহো[১৬] সুহৃত্তম।
যেই[১৭] জীয়ে তাহা[১৮] বিনে ধিক্ সেই জীবনে
বিধি করে এত বিড়ম্বন॥২।১৬৫১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৭৪ সংখ্যক পদ। এই পদটি কবিরাজ গোস্বামীর 'শ্রীচৈতন্য-চরিতামৃত' গ্রন্থের অন্ত্যলীলার উনবিংশ পরিচ্ছেদ হইতে উদ্ধৃত হইয়াছে। ২। 'পিয়ে' ক, খ, ঘ, চ। ৩। 'করায়' ঘ, চ। ৪। 'দেখিয়া' খ। ৫। 'দেখায়' ঘ, চ। ৬। 'ব্রজ' ক। ৭। 'দেখাহ' ক; 'দেখাও' খ, প-র-সা। ৮। 'ঠাম' খ। ৯। 'পুচ্ছ' ঘ; 'পিচ্ছ' চ। ১০। 'সিহাকুলের' ক, খ, চ। ১১। 'কান্তি' ঘ, চ। ১২। 'সানি' ক; 'সানী' খ; 'সানি' ঘ; 'মানী' চ। ১৩। 'নবাম্বু' খ; 'নবাম্বুদ' খ। ১৪। 'জগদাকর্ষে' ক। ১৫। 'তোর' খ, ঘ, চ। ১৬। 'সেহো' ক। ১৭। 'যোহে' ক, খ। ১৮। 'যাহা' ঘ।

পঠমঞ্জরী ।১

অমূন্যধন্যানি দিনান্তরাণি
হরে ত্বদালোকনমন্তরেণ ।
অনাথবন্ধো করুণৈকসিন্ধো
হা হন্ত হা হন্ত কথং নয়ামি ॥৩॥১৬৫২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ৮৭৫ সং পদ। শ্রীমাধবেন্দ্রপুরী গোস্বামীর রচিত এই শ্লোক ও পরবর্ত্তী শ্লোকটি শ্রীরূপ গোস্বামীর সঙ্কলিত 'পদ্যাবলী' গ্রন্থ হইতে উদ্ধৃত হইয়াছে।

টীকা

১—৪। 'অমূনী"ত্যাদি। শ্রীরাধামোহন-কৃত টীকা যথা,—"বাহ্যদশায়াং কিঞ্চিদ্বিষয়জ্ঞানশূন্যা সতী অমূন্যধন্যানীত্যাদি শ্লোকদ্বয়েন বিলপতি। হে হরে, ত্বদালোকনং বিনা অমূনি দিনমধ্যগতদণ্ডপলানি অধন্যানি কথং নয়ামি যাপয়ামীত্যর্থঃ। হে অনাথবন্ধো, হে করুণৈকসিন্ধো ইতি সম্বোধনদ্বয়েন অনাথায়াং ময়ি করুণাং কুর্ব্বিতি ভাবঃ। হা হন্ত ইত্যতিখেদসূচকম্।"

অনুবাদ

১—৪। হে হরি! হে অনাথবন্ধু! করুণাসিন্ধু! হায়! তোমার অদর্শনে এই অধন্য দিনগুলি আমি কিরূপে যাপন করিব!

বরাড়ী ।১

অয়ি দীন-দয়ার্দ্র নাথ হে
মথুরানাথ কদাবলোক্যসে।
হৃদয়ং ত্বদলোক-কাতরং
দয়িত ভ্রাম্যতি কিং করোম্যহং ॥৪॥১৬৫৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ৮৭৬ সং পদ। 'বরাড়ী' স্থলে 'পাহিড়া' প-র-সা।

টীকা

১—৪। "অয়ী"ত্যাদি। শ্রীরাধামোহন-কৃত টীকা যথা,—"অয়ীতি কোমলামন্ত্রণে, হে দীনদয়ার্দ্র, ত্বং কদাহবলোক্যসে অর্থাৎ অহমপি দীনা, ময়ি দয়াং কুর্ব্বিতি হৃদয়ং মম মনঃ ত্বদদর্শনবিকলং সৎ ভ্রাম্যতি, অতঃ কিং করোমি তৎ কথয়েতি ভাবঃ। শ্লোকদ্বয়ো দয়াহ্বানসূচক-বহুসম্বোধন-পদবিন্যাসাৎ উচ্চ-স্বরেণ রোদনমবগম্যতে।"

অনুবাদ

১—৪। ওহে দীন-দয়াল স্বামিন্! ওহে মথুরানাথ! কবে তোমার দর্শন পাইব? প্রিয়তম! তোমার অদর্শন-কাতর হৃদয় ঘূর্ণিত হইতেছে,—বল আমি কি করিব?

কবিরাজ গোস্বামী 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থের মধ্যলীলার ৪র্থ পরিচ্ছেদে শ্রীমহাপ্রভুর অতীব প্রিয় এই শ্লোকটির সম্বন্ধে লিখিয়াছেন,—

"ঘষিতে ঘষিতে যৈছে মলয়জ-সার।
গন্ধ বাড়ে—তৈছে এই শ্লোকের বিচার॥
রত্নগণ মধ্যে যৈছে কৌস্তুভ-মণি।
রস-কাব্য মধ্যে তৈছে এই শ্লোক গণি॥
এই শ্লোক করিয়াছেন রাধা ঠাকুরাণী।
তাঁর কৃপায় স্ফুরিয়াছে মাধবেন্দ্র-বাণী॥
কিবা গৌরচন্দ্র ইহা করে আস্বাদন।
ইহা আস্বাদিতে আর নাহি চৌঠ জন॥
শেষকালে এই শ্লোক পঠিতে পঠিতে।
সিদ্ধিপ্রাপ্তি হৈল পুরীর শ্লোক সহিতে॥"

পঠমঞ্জরী ।১

নবঘন-শ্যাম　　ওহেং প্রাণ-বন্ধুয়া
আমি তোমা পাসরিতে নারি।
তোমার বদন-শশী　　অমিয়া-মধুর হাসি
তিল আধ না দেখিলে মরি॥
তোমার নামের আকৃতি॰ হৃদয়ে লিখিতাম॰ যদি
তবে তোমা দেখিতাম সদাই।

এমন[৫] গুণের নিধি হরিয়া লইল বিধি
এবে তোমা দেখিতে না পাই ॥
এমত[৬] বেথিত হয় পিয়ারে[৭] আনিয়া দেয়
তবে মোর পরাণ[৮] জুড়ায় ।
মরম কহিলুঁ তোরে পরাণ কেমন করে
কি কহিব কহন[৯] না যায় ॥
এবে সে বুঝিলুঁ সখি পরাণ-সংশয় দেখি
মনে মোর কিছু নাহি[১০] তায় ।
যে কিছু মনের সাধ বিধাতা পাড়িলে বাদ
নরোত্তম-জীবন অপায়[১১] ॥৫॥১৬২৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৭৭ সং পদ। ২। 'অহে' ঘ; 'তাহে' চ। ৩। 'নামের আকৃতি' খ স্থলে 'নামে আদি' ক, চ, প-র-সা; 'নামের আদি' ঘ। ৪। 'দেখিতাম' খ। ৫। 'এমত' প-র-সা। ৬। 'এমন' ক। ৭। 'কানুরে' প-র-সা। ৮। 'নয়ন' প-র-সা। ৯। 'কহনে' ঘ। ১০। 'কিছু নাহি' স্থলে 'কিছুই না' প-র-সা। ১১। 'আপায়' ঘ, চ, প-র-সা।

তথা রাগ।১

পিয়ার ফুলের বনে পিয়ার ভ্রমরা[২] ।
পিয়া বিনে মধু না খায় ঘুরি বুলে তারা ॥
মো[৩] যদি জানিতাম[৪] পিয়া যাবে রে[৫] ছাড়িয়া।
পরাণে পরাণ দিয়া রাখিতাম[৬] বান্ধিয়া ॥
কোন নিদারুণ বিধি[৭] মোর পিয়া[৮] নিল ।
এ ছার[৯] পরাণ কেনে অবহুঁ রহিল ॥
মরম ভিতর মোর রহি গেল দুখ ।
নিচয়ে[১০] মরিব পিয়ার না দেখিয়া মুখ ॥
এইখানে করিত[১১] কেলি রসিয়া নাগর-রাজ[১২] ।
কে বা নিল কি বা হৈল কে পাড়িল বাজ ॥
সে পিয়ার প্রেয়সী আমি আছি একাকিনী ।
এ ছার শরীরে রহে[১৩] নিলজ পরাণী ॥
চরণে ধরিয়া কান্দে গোবিন্দ[১৪] দাসিয়া ।
মুঞি অভাগিয়া আগে যাইব[১৫] মরিয়া ॥৬॥১৬৫৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৭৮ ও প-র পুথির ৪০।৩৮ সং পদ। ২। 'পিয়ার' ইত্যাদি কলিটি প-র পুথিতে ৩য় কলিরূপে সন্নিবেশিত হইয়াছে। ৩। 'মুঞি' প-র। ৪। 'জানিতুঁ' প-র। ৫। 'যাইব' প-র। ৬। 'পরাণে' ইত্যাদি স্থলে 'হিয়ার ভিতরে রাখিতুঁ' প-র। ৭। 'বিহি' ক, খ, চ, প-র। ৮। 'মোর পিয়া' স্থলে 'পিয়া হরি' প-র। ৯। 'পাপ' প-র। ১০। 'নিশ্চয়' প-র। ১১। 'করিতা' প-র। ১২। 'রসিয়া নাগর' স্থলে 'রসিকবর' প-র। ১৩। 'আছে' প-র। ১৪। 'বলরাম' প-র। ১৫। 'আগে যাইব' স্থলে 'কেন নাহি গেলুঁ' প-র।

গান্ধার।১

যোই নিকুঞ্জে রাই পরলাপয়ে
সোই নিকুঞ্জ-সমাজ ।
সুমধুর গুঞ্জনে[২] সব মনরঞ্জনে
মীলল মধুকর-রাজ ॥
রাইক চরণ নিয়ড়ে উড়ি যাওত
হেরইতে বিরহিণি রাই ।
সখি অবলম্বনে সচকিত লোচনে
বৈঠল[৩] চেতন পাই ॥
অলি হে না পরশ চরণ হামারি ।
কানু-অনুরূপ বরণ গুণ যৈছন
ঐছন সবহুঁ তোহারি ॥ধ্রু॥
পুর-রঙ্গিণি-কুচ- কুঙ্কুম-রঞ্জিত
কানু-কণ্ঠে বন-মাল ।
তাকর শেষ বদনে তুয়া লাগল
জ্ঞানদাস হিয়ে কাল ॥৭॥১৬৫৬॥

পাঠান্তর

১। ইহা প-ক-সা পুথির ৮৭৯ সং পদ। ২। 'গঞ্জনে' ক, খ। ৩। 'বৈঠত' ক, খ।

টীকা

৯—১৫। "অলি হে" ইত্যাদি কলি দুইটিতে শ্রীমদ্ভাগবতীয় নিম্নলিখিত শ্লোকদ্বয়ের মর্ম্ম গৃহীত হইয়াছে। যথা,—

"কাচিন্মধুকরং দৃষ্ট্বা ধ্যায়ন্তী কৃষ্ণসঙ্গমম্।
প্রিয়প্রস্থাপিতং দূতং কল্পয়িত্বেদমব্রবীৎ ॥
গোপ্যুবাচ
মধুপ কিতববন্ধো মা স্পৃশাঙ্ঘ্রিং সপত্ন্যাঃ
কুচ-বিলুলিত-মালা-কুঙ্কুম-শ্মশ্রুভির্নঃ।
বহতু মধুপতিস্তন্মানিনীনাং প্রসাদং
যদুসদসি বিড়ম্ব্যং যস্য দূতস্ত্বমীদৃক্ ॥"
—১০।৪৭। (১১—১২)।

কোন ব্রজ-গোপী (এ স্থলে শ্রীরাধা) দিব্যোন্মাদদশায় পুষ্প-রেণু দ্বারা রঞ্জিতশ্মশ্রু কৃষ্ণবর্ণ ভ্রমরকে দেখিয়া, উহাকে মথুরা হইতে শ্রীকৃষ্ণ কর্ত্তৃক প্রেরিত দূত বিবেচনা করিয়া, প্রেম-সুলভ অসূয়া, ঈর্ষাদি ভাব-বশতঃ উহাকে বলিতেছেন,—হে ভ্রমর! তুমি (প্রণাম উদ্দেশ্যে) আমার চরণ স্পর্শ করিও না! (কেন না) কৃষ্ণের যেরূপ বর্ণ ও (প্রতারণা, লম্পটতা প্রভৃতি) গুণ,—তোমারও ঠিক সেইরূপ বটে! (লম্পট) শ্রীকৃষ্ণের কণ্ঠের বন-মালা (মথুরা) নগরের বিলাসিনীদিগের কুচ-কুঙ্কুম দ্বারা রঞ্জিত হইয়াছে; সেই বন-মালার উচ্ছিষ্ট (মধু) তোমার মুখে লাগিয়াছে; ইহা সখীস্থানীয় জ্ঞানদাসের হৃদয়ে কালস্বরূপ বোধ হইতেছে।

"উজ্জ্বল-নীলমণি" গ্রন্থে ইহা চিত্রজল্পের অন্তর্গত 'প্রজল্প' নামে উক্ত হইয়াছে। যথা,—

"প্রেষ্ঠস্য সুহৃদালোকে গূঢ়রোষাভিজৃম্ভিতঃ।
ভূরিভাবময়ো জল্পো যস্তীব্রোৎকণ্ঠিতান্তিমঃ ॥
চিত্রজল্পো দশাঙ্গোঽয়ং প্রজল্পঃ পরিজল্পিতং।
বিজল্পোজ্জল্পসংজল্পা অবজল্পোঽভিজল্পিতং ॥
আজল্পঃ প্রতিজল্পশ্চ সুজল্পশ্চেতি কীর্ত্তিতাঃ।
এষ ভ্রমর-গীতাখ্যো দশমে প্রকটীকৃতঃ ॥
অসংখ্যভাববৈচিত্রী চমৎকৃতি-সুদুস্তরঃ।
অপি চেচ্চিত্রজল্পোঽয়ং মনাক্ তদপি কথ্যতে ॥"

তত্র প্রজল্পঃ—

"অসূয়ের্ষামদ-যুজা যোঽবধীরণমুদ্রয়া।
প্রিয়স্যাকৌশলোদ্গারঃ প্রজল্পঃ স তু কীর্ত্ত্যতে ॥"

শ্রীরূপ গোস্বামী অপূর্ব্ব রসগ্রাহিতা ও বিশ্লেষণ-শক্তিদ্বারা দিব্যোন্মাদ বা 'চিত্র-জল্প' ভাবের 'প্রজল্প' প্রভৃতি দশটি সূক্ষ্ম ভেদ নির্ণয় করিয়া শ্রীমদ্ভাগবতের 'মধুপ কিতববন্ধো' ইত্যাদি ভ্রমর-গীতাখ্য দশটি শ্লোক যথাক্রমে 'প্রজল্প' প্রভৃতি দশটি ভাবের উদাহরণ প্রদর্শিত করিয়াছেন। ধ্বনি-কাব্যের হিসাবে এই ভ্রমর-গীতাখ্য শ্লোক-গুলি সংস্কৃত-সাহিত্যে অতুলনীয়। সুপণ্ডিত পাঠকবর্গকে আমরা ভাগবতের 'বৈষ্ণব-তোষণী' টীকায় ও উজ্জ্বল-নীলমণির বিশ্বনাথ চক্রবর্ত্তি-কৃত "আনন্দ-চন্দ্রিকা" নামক টীকায় এই শ্লোকগুলির 'অসংখ্য ভাব-বৈচিত্রী-চমৎকৃতি' আস্বাদন করিতে অনুরোধ করি।

শ্রীমদ্ভাগবতীয় শ্লোকটিতে 'কিতব' শব্দ দ্বারা 'অসূয়া', সপত্নীর উল্লেখ দ্বারা 'ঈর্ষা', 'চরণ স্পর্শ করিও না'—এই বাক্য দ্বারা মদ বা গর্ব্ব, 'মানিনী ক্ষত্রিয়স্ত্রীদিগের অনুগ্রহ-পরম্পরা উপভোগ করুক'—এই বাক্য দ্বারা অবজ্ঞা ও 'যদু-সভায় বিড়ম্বনা' দ্বারা অকৌশল বা অবিদগ্ধতা প্রকাশিত হইতেছে। পদ-কল্পতরুর এই পদে 'না পরশ চরণ' ইত্যাদি দ্বারা গর্ব্ব ও অবজ্ঞা, 'কানু-অনুরূপ বরণ' ইত্যাদি দ্বারা অসূয়া, 'পুর-রঙ্গিণি' ইত্যাদি দ্বারা ঈর্ষা ও 'হিয়ে কাল' বাক্য দ্বারা অবিদগ্ধতা প্রকাশিত হইয়াছে।

সুহই ॥১

ওরে কালা[২] ভ্রমরা তোমার মুখেতে[৩] নাহি লাজ।
যাও তুমি মধুপুরী যথা নিদারুণ হরি
আমার মন্দিরে কিবা কাজ ॥ধ্রু॥

ব্রজ-বাসিগণ দেখি নিবারিতে নারি আঁখি
তাহে তুমি দেখা দিলে অলি।
বিরহ-অনল একে তনু খাণ শ্যাম-শোকে
নিভান আনল[৪] দিলা জ্বালি ॥
মথুরায় কর বাস থাকহ শ্যামের পাশ
চূড়ার ফুলের মধু খাও।
সেথা ছাড়ি এথা[৫] কেনে দুখ দিতে মোর প্রাণে
মন্দির ছাড়িয়া ঝাট[৬] যাও ॥
সে সুখ-সম্পদ মোর তুমি জান মধুকর
এবে সে আমার দুখ দেখ।
কহিয় কানুর ঠাম ইহ বিরহিণী নাম[৭]
জ্ঞানদাস কহে না উপেখ ।৮॥১৬৫৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৮০ সং পদ। ২। 'কাল' ক, খ, প-র-সা। ৩। 'সুখে' ক; 'সুখের' খ। ৪। 'আগুনি' ক, খ; 'আগুন' চ। ৫। 'হেথা' ক, খ। ৬। 'ঝটি' প-র-সা। ৭। 'দাম' (?) খ।

শ্রীগান্ধার।১

ভ্রমর দূত করি কি তোহে সম্বাদব[২]
মধু-রসে সো[৩] মাতোয়ারা।
মলয়-পবন দেই কি তোহে সম্বাদব[৪]
সো অতি মন্দ-সঁচারা[৫] ॥
মাধব কা দেই সম্বাদব তোয়[৬]।
যব তুহুঁ আওব[৭] সবহুঁ[৮] নিবেদব
মদন রাখয়ে যদি[৯] মোয় ॥ধ্রু॥
অছু না[১০] ঐছন চতুর সখীগণ[১১]
যা[১২] দেই সম্বাদ পঠাই[১৩]।
গুরুয়া লাজ বড় এ দুর[১৪] দেশান্তর
তেঁ[১৫] হাম একলি না যাই ॥
তো বিনু দুখ যত তাহা না[১৬] কহিব কত
দারুণ বিরহ-বিষাদ।
চম্পতি-পতি প্রতি কহইতে ঐছন
বাঢ়ল প্রেম-উনমাদ ॥৯॥ ১৬৫৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৮১ ও প-র পুথির ৪০।৮৮ সং পদ। 'শ্রীগান্ধার' স্থলে 'তিরোথা ধানশ্রী' প-র। ২। 'কি' ইত্যাদি স্থলে 'কিয়ে পাঠায়ব' প-র-সা; 'সম্বাদ পাঠাওব' প-র। ৩। 'মধু' ইত্যাদি স্থলে 'সো অতি মধু' প-র। ৪। 'মলয়' ইত্যাদি স্থলে 'দখিণ পবন বহে তা দেই সম্বাদব' প-র। ৫। 'সচারা' ক, চ; 'সাচারা' খ। ৬। 'মাধব' ইত্যাদি কলি দ্বারা প-র পুথিতে পদটি আরম্ভ করা হইয়াছে। ৭। 'যব' ইত্যাদি স্থলে 'তুহুঁ আওবি যব' প-র। ৮। 'সব দুখ' প-র। ৯। 'রাখয়ে যদি' স্থলে 'রাখব যব' প-র-সা। ১০। 'অছু না' ইত্যাদি স্থলে 'নাহিক' প-র। ১১। 'সখীজন' প-র। ১২। 'তা' প-র। ১৩। 'পাঠাই' ক, খ, ঘ, চ, প-র। ১৪। 'এ দুর' স্থলে 'এ দেশ' ক; 'এ শেষ' খ। ১৫। 'তাহে' প-র। ১৬। 'বা' প-র।

টীকা

১—৪। "ভ্রমর" ইত্যাদি। (পূর্ব্বপদে শ্রীরাধা ভ্রমরকে দূত কল্পনা করিয়া বলিয়াছেন—'কহিয় কানুর ঠাম ইহ বিরহিণি নাম'; এখন নির্ব্বেদ-বশতঃ বলিতেছেন) (হে মাধব!) ভ্রমরকে দূত করিয়া তোমাকে কি সংবাদ পাঠাইব? সে যে মধুর রসাস্বাদনে মত্ত। (যে নিজের সুখে মত্ত, সে অন্যের দৌত্য করিবে কি প্রকারে?) মলয়-পবন দ্বারা অর্থাৎ মলয়-পবন দূত করিয়া তোমাকে কি সংবাদ পাঠাইব? সে যে অতিশয় ধীরগতি! (মন্দ-গতি মলয়-পবন মথুরায় যাইয়া সংবাদ আনয়ন করায় বিলম্ব-কি সুখ হইবে?)

ধানশী।১

তোমা না দেখিয়া শ্যাম মনে বড় তাপ।
অনলে২ পশিব কি যমুনায় দিব ঝাঁপ॥
এই বার পাইলে রাঙ্গা৩ চরণ দুখানি।
হিয়ার মাঝারে থুইয়া জুড়াব পরাণী॥
মুখের মুছিব ঘাম খাওয়াব পান গুয়া।
শ্রমেত বাতাস দিব চন্দন আর৪ চুয়া॥
মালতী-ফুলের গাঁথিয়া দিব মাল৫।
বনাইয়া বান্ধব চুড়া কুন্তল-৬ ভার॥
কপালে তিলক৭ দিব চন্দনের চান্দ।
নরোত্তম দাস কহে পিরিতির ফান্দ॥১০॥১৬৫৯॥
এতদর্দ্ধবাহ্য-দশায়াং প্রলাপঃ ইতি।

পাঠান্তর।

১। ইহা প-র-সা পুথির ৮৮২ সং পদ। ২। 'আনলে' ঘ, চ। ৩। 'লাগি' প-র-সা। ৪। 'চন্দন আর' স্থলে 'চন্দন' ঘ; 'সচন্দন' প-র-সা। ৫। 'মালতী' ইত্যাদি স্থলে 'শ্রীবৃন্দাবনের ফুলে গাঁথি দিব হার' প-র-সা। ৬। 'কুন্তলের' প-র-সা। ৭। 'চন্দন' খ, ঘ, চ।

পুনশ্চ

সুহই।১

হে হরে মাধুর্য্য-গুণে হরিলে যে নেত্র মনে
মোহন মুরতি দরশাই।
হে কৃষ্ণ আনন্দ-ধাম　মহা-আকর্ষক ঠাম
তুয়া বিনে দেখিতে না পাই॥
হে হরে ধৈরজ হরি　গুরু-ভয় আদি করি
কুলের ধরম কৈলা চুর।
হে কৃষ্ণ বংশীর স্বনে২　আকর্ষিয়া আনি বনে৩
দেহ গেহ স্মৃতি কৈলা দুর॥
হে কৃষ্ণ কর্ষিতা আমি　কঞ্চুলি কর্ষহ তুমি
তা দেখি চমক মোহে লাগে।
হে কৃষ্ণ বিবিধ ছলে　উরজ কর্ষহ বলে
থির নহ অতি অনুরাগে॥
হে হরে আমারে হরি লৈয়া পুষ্প-তল্পোপরি
বিলাসের লালসে কাকুতি।
হে হরে গুপতে৪ বস্ত্র　হরিয়া সে ক্ষণমাত্র
ব্যক্ত কর মনের আকুতি॥
হে হরে বসন-হর　তাহাতে যে হেন৫ কর
অন্তরের হর যত বাধা।
হে রাম রমণ-অঙ্গ　নানা বৈদগধি-রঙ্গ
প্রকাশি পূরহ মনের৬ সাধা॥
হে হরে হরিতে বলী৭　নাহি হেন কুতূহলী
সভার সে বাম্য না রাখিলা।
হে রাম রমণরত　তাহা প্রকটিয়া৮ কত
কি না রসাবেশে৯ ভাসাইলা॥
হে রাম রমণ প্রেষ্ঠ　মন-রমণীয় শ্রেষ্ঠ
তুয়া সুখে আপনা না জানি।
হে রাম রমণ ভাগে　ভাবিতে মরমে জাগে
সে রস-মুরতি তনুখানি॥
হে হরে হরণ তোর　তাহার নাহিক ওর
চেতন হরিয়া কর ভোর১০।
হে হরে আমার লক্ষ　হর সিংহ প্রায় দক্ষ
তোমা বিনে কেহ নাহি মোর১১॥
তুমি সে আমার প্রাণ তোমা১২বিনে নাহি জান
ক্ষণেকে কলপ শত যায়।
সে তুমি অনত১৩গিয়া　রহ১৪উদাসীন হৈয়া
কহ দেখি কি করি উপায়॥
ওহে নবঘন-শ্যাম　কেবল রসের ধাম
কৈছে রহ করি মন ঝুরে।
চৈতন্য বোলয়ে যার　হেন অনুরাগ পায়
তারে১৫ বন্ধু মিলয়ে অদূরে॥১১॥১৬৬০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৮৩ সং পদ। ২। 'হরে' ক, খ, চ, প-র-সা। ৩। 'বলে' ক, চ, প-র-সা। ৪। 'গোপত' ক, খ; 'গুপত' ঘ, চ। ৫। 'তাহাতে যে হেন' স্থলে 'তাহাতে যেমন' ক, চ; 'তাহা যে হেন' খ। ৬। 'নিজ' ক, খ, চ, প-র-সা। ৭। 'বলি' ক, খ, ঘ, চ। ৮। 'তাহা প্রকটিয়া' স্থলে 'তাহাতে প্রকটি' ক, খ, প-র-সা; 'তাহাতে প্রকটিয়া' চ। ৯। 'রস আবেশে' ক, খ, ঘ, চ। ১০। 'ভোরা' ঘ. চ, প-র-সা। ১১। 'মোরা' প-র-সা। ১২। 'আমা' খ, ঘ। ১৩। 'আনত' ক, খ, প-র-সা। ১৪। 'রহু' খ, চ, প-র-সা। ১৫। 'তনে' ক, খ, চ, প-র-সা।

টীকা

পদ-কর্ত্তা এই পদে 'হরি', 'কৃষ্ণ' ও 'রাম' নামের যথাক্রমে 'হরণ-কারী', 'কর্ষণ-কারী' ও 'রমণ-কারী'—ব্যুৎপত্তি-গত অর্থ-ত্রয়ের কতকগুলি উদাহরণ ব্রজ-লীলা হইতে প্রদর্শিত করিয়াছেন।

১৭—২০। "হে হরে" ইত্যাদি। হে (ব্রজ-কুমারীগণের) বসন-হারী হরি! তাহাতে অর্থাৎ সেই সেই বস্ত্র-হরণ-লীলাতে যে প্রকার কর, (সেই-রূপ আমাদিগের) অন্তরের যত পীড়া সমস্ত অপহরণ কর। হে রাম অর্থাৎ রমণ-কারী! তুমি রসের অঙ্গ-স্বরূপ নানা বৈদগ্ধ্য-বিলাস প্রকাশ করিয়া আমার মনের বিলাস-বাসনা পূর্ণ কর। (রতি-লীলার চতুঃষষ্টি অঙ্গ-স্বরূপ নৃত্য, গীত, বাদ্য প্রভৃতি চৌষট্টি কলা বাৎস্যায়নের "কাম-সূত্র" নামক প্রসিদ্ধ গ্রন্থে এবং শ্রীকৃষ্ণ ব্রজ-কুমারীগণের বস্ত্র হরণ-ছলে কিরূপে তাঁহাদিগের লজ্জা, ভয়, যাতনা প্রভৃতি সমস্ত ভব-বন্ধন বিদূরিত করিয়াছিলেন—তাহা শ্রীমদ্ভাগবতের দশম স্কন্ধে বর্ণিত হইয়াছে)।

২১—২৪। "হে হরে" ইত্যাদি। হে হরি! হরণ করিতে কুতূহলী ও বলবান্ এই প্রকার (আর কেহ) নাই; (তাই) তুমি ব্রজ-কুমারীগণের প্রতিকূলতা রাখ নাই অর্থাৎ তাঁহাদিগের প্রতিকূলতা ঘুচাইয়া, তুমি তাঁহাদিগকে সম্পূর্ণরূপে তোমার বশীভূত করিয়া লইয়া, তাঁহাদিগকে কৃতার্থ করিয়াছ! হে রমণ-পরায়ণ রাম! তুমি (রাস-লীলা উপলক্ষে) কত (রতি-লীলা) প্রকাশ করিয়া তাঁহাদিগকে আনন্দ-সাগরে নিমগ্ন করিয়াছ!

২৫—২৮। "হে রাম" ইত্যাদি। হে রাম! হে রমণ! হে প্রিয়তম! তুমি মনোরম ও সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ! তোমার সুখ দর্শনে নিজের সুখ অথবা নিজের অস্তিত্ব বিস্মৃত হই! হে রাম! হে রমণ! (আমার) ভাগ্য হেতু তোমাকে চিন্তা করিতে তোমার সেই (ভুবন-মোহন) রসামৃত-মূর্ত্তিখানি আমার হৃদয়ে উদিত হয়!

২৯—৩২। "হে হরে" ইত্যাদি। হে হরি! তোমার যে হরণ অর্থাৎ হরণ-শক্তি, তাহার সীমা নাই; (তাই, প্রার্থনা করি) আমার এই (সুখ-দুঃখাত্মক) চৈতন্যকে হরণ করিয়া (কেবল তোমার) রসামৃত-মূর্ত্তির ধ্যানে) বিভোর করিয়া রাখ! হে হরি! সিংহের ন্যায় হরণ-কুশল তুমি আমার লক্ষ্য অর্থাৎ ভব-বাসনাকে অপহরণ কর। তোমা ব্যতীত আমার আর কেহ নাই। ('সিংহ প্রায়' বাক্যের দ্বারা পদ-কর্ত্তা বুঝাইতেছেন যে, সিংহ যেমন দূর হইতে আহার্য্য প্রাণীকে দৃষ্টি করিয়া, নিজের সমস্ত বলের সহিত উহার উপরে লাফাইয়া পড়িয়া, উহাকে আত্মসাৎ করিয়া থাকে, সেইরূপ তোমা হইতে সুদূরে অবস্থিত আমাকে তুমি দূর হইতে দৃষ্টি করিয়া, তোমার সমস্ত শক্তি প্রয়োগ করিয়া আমাকে আত্মসাৎ কর। আমি এতই দুরাচার ও বহির্ম্মুখ যে, আমার আশঙ্কা হয় যে, তুমি তোমার সমস্ত শক্তি প্রয়োগ না করিলে বুঝি আমাকে বশীভূত করিতে পারিবে না।)

শ্রীগান্ধার ॥১

ওহে পরাণ গিরিধর।
কেমনে দেখিব তোমার মুখ-সুধাকর ॥
ওহে রস-শেখর-রায়।
কেমনে পাইব তোমা কহ সেই উপায় ॥

ওহে নব-জলধর-শ্যাম।
আর কি দেখিব তোমার ত্রিভঙ্গিম ঠাম ॥
আর কি আমারে তুমি দিবে দরশন।
আর কি দেখিব তোমার ও রাঙ্গা চরণ ॥
আর কি মালতী-মালা গাঁথি দিব গলে।
আর কি অধরে দিব কর্পূর তাম্বুলে ॥
মরিব মরিব বন্ধু নিচয়ে৩ মরিব।
তোমার বিচ্ছেদ৪ আর২ সহিতে নারিব ॥
ছটপট৫ করিয়া বাহির হয় প্রাণ।
এ রাধাবল্লভ দাস ভেল সমাধান ॥১২॥১৬৬১॥
ইতি পদকল্পতরু গ্রন্থে চতুর্থ-শাখায়াং
পঞ্চম-পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৮৪ সং পদ।
২। 'না' খ। ৩। 'নিশ্চয়' ঘ। ৪। 'বিচ্ছেদ' ঘ।
৫। 'ছটফট' ক, খ, প-র-সা।

অথ দিব্যোন্মাদঃ।

তত্র শ্রীমহাপ্রভুঃ।

সুহই।১

সিংহদ্বার তেজি গোরা সমুদ্র আড়ে ধায়।
কোথা কৃষ্ণ কোথা কৃষ্ণ সভারে সুধায় ॥
চৌদিকে ভকতগণ হরি-গুণ গায়।
মাঝে কনয়া-গিরি ধূলায় লুটায় ॥
আছাড়িয়া পড়ে অঙ্গ ভূমে গড়ি যায়।
দীঘল শরীর২ গোরা পড়ি৩ মুরছায় ॥
উত্তান-শয়ন৪ মুখে ফেনা৫ বাহিরায়।
বাসুদেব ঘোষের হিয়া বিদরিয়া যায় ॥
॥১॥১৬৬২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৮৫ সং পদ।
২। 'শরীরে' ক, খ। ৩। 'ক্ষণে' প-র-সা।
৪। 'শয়নে' ঘ, চ। ৫। 'ফেন' ক, ঘ।

শ্রীরাগ।১

চেতন পাইয়া গোরা রায়।
ভূমে পড়ি২ ইতি উতি চায় ॥
সম্মুখে স্বরূপ রাম রায়।
দেখি পহুঁ করে হায় হায় ॥
কাঁহা মোর মুরলী-বদন।
এখনি পাইলুঁ দরশন ॥
ওহে নাথ পরম-করুণ।
কৃপা করি দেহ দরশন ॥
এত বিলাপয়ে৩ গোরাচান্দে।
দেখিয়া ভকতগণ৪ কান্দে ॥
॥২॥১৬৬৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৮৬ সং পদ।
২। 'গড়ি' ঘ, প-র-সা। ৩। 'বিলপয়ে' ঘ।
৪। 'গোবিন্দদাস' প-র-সা।

পঠমঞ্জরী।১

ধায়ল বিরহিণি কালিন্দি-রোধ।
সহচরি-বচনে না মানে পরবোধ ॥
মাতল করিণি যৈছে গতি ধাব।
ঐছে চললি২ কোই লাগি না পাব ॥
অতি দুরবল পুন পড়ি৩ সোই ঠাম।
মুরছিত হই তহিঁ হরল গেয়ান ॥
শ্রবণে বদন দেই কহে শ্যাম-নাম।
চেতন পাই কহে কাহাঁ ঘনশ্যাম ॥
সখিগণ লেই করু কুঞ্জ পরবেশ।
চম্পতি-পতি হেরি তনু ভেল শেষ ॥
॥৩॥১৬৬৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৮৭ সং পদ। ২। 'চলল' ঘ, চ। ৩। 'পড়ু' ঘ।

গুর্জ্জরী।১

বুঝলম২ কামুক আগমন-সঙ্কেত
পাশ ভই বান্ধল পরাণ।
দুখ দিতে ঐছন বিহি বড় দারুণ
কিসে করু ইহ নিরমাণ ॥
সজনি হোর দেখ দারুণ বিষাদ।
আপন মরণ৩ পুন তছু পায় মাগিয়ে৪
হেরইতে রাই উনমাদ ॥ধ্রু॥
খেণে উচ৫ রোয়ই৬ খেণে পুন ধাবই
খেণে পুন খলখল হাস।
চীত-পুতলি সম৭ খেণে খেণে হোয়ই
প্রলপই দীঘ নিশাস৮ ॥
এ বড়বানল লাখ অধিক ভেল
কত সহ ইহ সুকুমারি।
অতুল প্রেম-রিতি৯ ঐছন পরতিতি
রাধামোহন বলিহারি ॥৪॥১৬৬৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৮৮ সং পদ। ২। 'বুঝলমো' ক, খ, চ, প-র-সা। ৩। 'রমণ' খ; 'মরম' চ। ৪। 'মাজিয়ে প-র-সা। ৫। 'উঠে' ঘ; 'উঠি' প-র-সা। ৬। 'রোই' ঘ। ৭। 'চিত-পুতলি' ক, প-র-সা। ৮। 'দীঘ নিশাস' স্থলে 'দীঘল শোয়াস' ক; 'দিঘ নিশ্বাস' ঘ; 'দীঘল শ্বাস' চ। ৯। 'রীতি' ক।

তুড়ী।১

হে দেব হে দয়িত হে ভুবনৈকবন্ধো
হে কৃষ্ণ হে চপল হে করুণৈকসিন্ধো।
হে নাথ হে রমণ হে নয়নাভিরাম
হা হা কদা নু ভবিতাসি পদং দৃশোর্মে ॥

কাহাঁ মোর প্রাণ-নাথ মুরলী-বদন।
কাহাঁ মোর গুণ-নিধি ও চান্দ-বদন ॥
কাহাঁ মোর প্রাণ-বন্ধু নব-ঘন-শ্যাম।
কাহাঁ মোর প্রাণেশ্বর কোটি কোটি কাম ॥
কাহাঁ মোর মৃগমদ-কোটীন্দু শীতল।
কাহাঁ মোর নবাম্বুদ-সুধা-নিরমল ॥
ঐছন প্রলাপিতে ভেল মুরছিত।
এ রাধামোহন পহু বিরহ-চরিত ॥৫॥১৬৬৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৮৯ সং পদ।

টীকা

১—৪। "হে দেবে"ত্যাদি। শ্রীরাধামোহন-কৃত টীকা যথা,—"প্রথমতঃ শ্রীকৃষ্ণস্য সাক্ষাৎস্ফূর্ত্ত্যা মাং ত্যক্ত্বা কুত্র গত্বা স্থিতোঽসি ইতি কোপেন হে দেব অঙ্গনাক্রীড়ারতেতি সম্বোধনং। পুনস্তং মথুরাং গচ্ছন্তং মত্বা মাং ত্যক্ত্বা মা যাহীত্যাশয়েনাহ হে দয়িতেতি। ত্বাং বিনা ন জীবামীতি ভাবঃ। তত্রাপি নিরপেক্ষং মত্বাহ হে ভুবনৈকবন্ধো ইতি। পিত্রাদীনাং সর্ব্বেষাং বন্ধুরসি অতোঽস্মাংস্ত্যক্ত্বা কথং যাসীতি বিলপতি। নন্বু তত্রাপি মদ্বন্ধুরস্তীতি উক্তবন্তং মত্বাহ হে কৃষ্ণেতি হে আকর্ষক অস্মাকং মন আদায় কথং যাসীতি ধাবতি। নন্বু তত্র বন্ধুকৃত্যং কৃত্বা শীঘ্রমাগমিষ্যামীতি বদন্তং মত্বা সকোপমাহ হে চপলেতি। হে ভ্রমরবচ্চপল এতদুক্তেন মাং প্রতার্য্য অন্যাং যাসীতি তর্জ্জয়তি। ততঃ প্রতারণামবগম্য অক্রূরাদিনা সহ রথারূঢ়ং মত্বা সবৈক্লব্যং হে করুণৈকসিন্ধো ইতি বদতি। তাদৃশোঽপি ময়ি করুণাং ত্যক্ত্বা কুতো যাসীতি রোদিতি। পুনঃ পথি গচ্ছন্তং মত্বা হে নাথেতি বিক্রোশতি মদেক-নাথাং মাং কথং ত্যজসীতি ভাবঃ। পুনঃ পরাবর্ত্ত-মানং মত্বাহ হে রমণেতি। মাং রন্তুং কিমা-গতোঽসীতি। ততোঽন্তর্হিতং মত্বা পরমবৈক্লব্যেনাহ হে নয়নাভিরামেত্যাদি। হে নয়নানন্দন নু ভোঃ কদা দৃশোঃ পদং স্থানং ভবিতাসি তদ্দর্শনং বিনা মচ্চক্ষুঃ স্ফুটতীতি প্রলপতি।"

অনুবাদ

হে দেব! হে দয়িত! হে ভুবনৈক-বন্ধু! হে কৃষ্ণ! হে চপল! হে করুণৈক-সিন্ধু! হে নাথ! হে রমণ! হে নয়নাভিরাম! হায়! কবে তুমি আমার নয়ন-পথবর্ত্তী হইবে!

'দেব', 'দয়িত' প্রভৃতি সম্বোধন-পদের ধ্বনি সংস্কৃত টীকায় ব্যাখ্যাত হইয়াছে; ঐ টীকা সরল বলিয়া টীকার বিস্তৃত অনুবাদ দেওয়া হইল না।

সুহিনী১।

পুন যব মুরছলি গোরি।
সখিগণ ভেল বিভোরি॥
ধনি-মুখ-চান্দ নেহারি।
রোয়ত কুন্তল ঝারি॥
হা বৃষভানু-কুমারি।
হা হা কুসুম-সুকুমারি॥
চৌদিগে বেঢ়িয়া রাই।
রোয়ত ধরণি লোটাই॥
সখিগণ ভেল উনমাদ।
ছোড়ল কুল-মরিযাদ॥
বাউরি সম কোই ধায়।
কোই ভুমে২ পড়ি মুরছায়॥
কো কহে প্রাণ-পিয়ারি।
নীছিয়ে৩ জিবন৪ হমারি॥
সহচরি বাউরি ভেল।
বিন্দু পরবোধিতে গেল ॥৬॥১৬৬৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৯০ সং পদ। ২। 'ভুমে' ক। ৩। 'নিছিয়ে' ক, প-র-সা। ৪। 'জীবন' ক, খ, চ, প-র-সা।

তথা রাগ।১

মুরছল সহচরি মুরছল গোরি।
কো পরবোধব সবহুঁ বিভোরি॥
তুরিতে মিলল তাহাঁ নন্দ২-কুমার।
সবহুঁ গোপিগণ৩ নয়নে৪ নেহার॥
চেতন পাই উঠয়ে সচকীত৫।
পাওল জীবন ভেল সম্বীত৬॥
পুন না দেখিয়া রাই আকুল ভেল।
ইহ যদুনন্দন হৃদি৭ মাহা শেল॥
॥৭॥১৬৬৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৯১ সং পদ। ২। 'শ্রীনন্দ' প-র-সা। ৩। 'গোপিকা' প-র-সা। ৪। 'নয়ন' ক, খ। ৫। 'সচকিত' ক, চ, প-র-সা। ৬। 'সম্বিত' ক, চ, প-র-সা। ৭। 'হৃদয়' ক, ঘ, চ।

অথ কেবলং বাহ্য-দশায়াং বিলাপো যথা।

তত্র শ্রীগৌরচন্দ্রঃ।

সুহই।১

কহ সখি জিবন২-উপায়।
ছাড়ি গেল৩ গোরা নট-রায়॥
ভাবি ভাবি৪ তনু ভেল৫ ক্ষীণ।
বিচ্ছেদে বাঁচিব৬ কত দিন॥
নিরমল গৌরাঙ্গ-বদন।
কোথা গেলে পাব দরশন৭॥
কি বিহি লিখিল মোর ভালে।
চিড়ি দেখি কি আছে কপালে॥
হিয়া জরজর অনুরাগে।
এ দুখ কহিব কার আগে॥
কহ বাসু ঘোষ৮ নিদান।
গোরা বিনু না রহে৯ পরাণ॥
॥৮॥১৬৬৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৯২ ও প-র পুথির

৪০।১৫ ও ৪০।১২০ সং পদ। 'সুহই' স্থলে 'পহিড়া' প-র ৪০।১৫; 'গান্ধার' প-র ৪০।১২০। ২। 'জীবন' ক, চ, প-র-সা। ৩। 'যায়' প-র ৪০।১৫। ৪। 'ভাবি ভাবি' স্থলে 'ঝুরি ঝুরি' প-র। ৫। 'হৈল' প-র। ৬। 'বিচ্ছেদে বাঁচিব' স্থলে 'এ দুঃখে বঞ্চিব' প-র। ৭। 'নিরমল' ইত্যাদি পংক্তি দুইটির স্থলে 'পুন কি পাইব দরশন। নিরমল ও চান্দ-বদন ॥' প-র। ৮। 'কহ' ইত্যাদি স্থলে 'বাসু ঘোষে কহিল' প-র। ৯। 'না রহে' স্থলে 'তেজিব' প-র।

পাহিড়া ধরা।১

চির চন্দন উরে হার না দেলা।
সো অব নদি গিরি আঁতর২ ভেলা॥
পিয়াক গরবে হাম কাহুক না গণলা।
সো পিয়া বিনে মোহে কে কি না কহলা৩॥
বড় দুখ রহল৪ মরমে।
পিয়া বিছুরল যদি৫ কি আর জিবনে৬॥
পুরব জনমে বিহি লিখিল ভরমে।
পিয়াক দোখ নাহি যে ছিল করমে॥
আন অনুরাগে৭ পিয়া আন দেশে৮ গেলা।
পিয়া বিনে পাঁজর৯ ঝাঝর১০ ভেলা॥
ভণয়ে বিদ্যাপতি শুন বর-নারি।
ধৈরজ ধর১১ চিতে মিলব মুরারি॥৯॥১৬৭০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৯৩ ও প-র পুথির ৪০।৫৮ সং পদ। 'পাহিড়া' স্থলে 'সিন্ধুড়া' প-র। ২। 'আতর' খ, চ। ৩। 'সো' ইত্যাদি স্থলে 'পিয়া বিনে অব কোন কিয়ে নাহি কহলা' প-র। ৪। 'বড়' ইত্যাদি স্থলে 'ইহ বড় শেল' প-র। ৫। 'মোর' প-র। ৬। 'জীবনে' ক। ৭। 'অভিলাষে' প-র। ৮। 'আন দেশে' স্থলে 'আন সে' ক, খ, প-র-সা। ৯। 'হিয়া মোর' প-র। ১০। 'ঝাঁজর' চ। ১১। 'ধরহ' ক, খ, প-র-সা; 'করহ' ঘ, চ।

টীকা

১—২। "চির" ইত্যাদি। (যাঁহার সহিত আলিঙ্গন-কালে বক্ষে বক্ষ সংলগ্ন হইবে না বলিয়া) আমি বক্ষে চীর (বস্ত্র), চন্দন কিংবা হার দেই নাই,—সেই (প্রিয়তম) এখন গিরি ও নদী দ্বারা অন্তরিত হইয়াছেন! তুলনা করুন,—

"হারো নারোপিতঃ কণ্ঠে ময়া বিশ্লেষভীরুণা।
ইদানীমাবয়োর্মধ্যে সরিৎ-সাগর-ভূধরাঃ॥"
—মহানাটকম্।

'চির' শব্দের 'চির কাল' অর্থ এ স্থলে সমীচীন নহে।

তিরোথা ধানশী।১

পরাণ-পিয়২ সখি হামারি৩ পিয়া।
অবহুঁ না আওল৪ কুলিশ-হিয়া॥
নখর খোয়ায়লু দিবস লিখি লিখি৫।
নয়ন আন্ধায়লু৬ পিয়া-পথ দেখি॥
যব হাম বালা পিয়া৭ পরিহরি গেল।
কিয়ে দোষ কিয়ে গুণ বুঝই না ভেল॥
অব হাম তরুণি বুঝলু৮ রস-ভাষ৯।
হেন জন নাহি যে কহয়ে১০ পিয়া-পাশ॥
বিদ্যাপতি কহ কৈছন প্রীত১১।
গোবিন্দদাস কহ ঐছন রীত॥১০॥১৬৭১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৯৪ ও প-র পুথির ৪০।৬০ সং পদ। 'তিরোথা ধানশী' স্থলে 'মল্লার' প-র। ২। 'পিয়া' ঘ, প-র-সা, প-র। ৩। 'সখি হামারি' স্থলে 'মোর জিবন' প-র। ৪। 'আইল' ঘ; 'মিলল' প-র। ৫। 'লেখি লেখি' ঘ, প-র। ৬। 'আন্ধুয়া ভেল' প-র-সা, প-র। ৭। 'মুঝে' প-র। ৮। 'বুঝল' ঘ। ৯। 'রসাভাষ' প-র। ১০। 'নাহি' ইত্যাদি স্থলে 'নাহি যে বুঝায়ে' প-র। ১১। 'বিদ্যাপতি' ইত্যাদি ভণিতার কলির স্থলে প-র পুথির পাঠ পরপৃষ্ঠায় দেখুন।

"হেন মনে করে সখি যাঙ সেই দেশ।
আচরে ধরিয়া জান পিয়াক সন্দেশ॥"

প-র পুথিতে এই পদের শেষাংশরূপে পরবর্ত্তী পদের 'আওব' ইত্যাদি কলিগুলি সন্নিবেশিত হইয়াছে।

তথা রাগ॥১

হাম অভাগিনী দোসর নাহি ভেলা২।
কানু কানু করিয়া৩ জনম বহি গেলা॥
আওব করি মোর পিয়া চলি গেলা৪।
পুরবক যত গুণ বিসরিত ভেলা৫॥
মনে মোর যত দুখ৬ কহিব কাহাকে।
ত্রিভুবনে এত দুখ নাহি জানে লোকে॥
ভণয়ে বিদ্যাপতি শুন ধনি৭ রাই।
কানু সমঝাইতে হাম৮ চলি যাই॥১১॥
॥১৬৭২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৯৫ সং পদ। ২। 'হাম' ইত্যাদি কলিটি প-র পুথিতে নাই। ৩। 'করি' ঘ। ৪। 'আওব' ইত্যাদি স্থলে 'আওব পণ করি পিয়া মোর গেল' প-র। ৫। 'ভেল' প-র। ৬। 'মনে' ইত্যাদি স্থলে 'মনোরথ যত তাহা' প-র। ৭। 'বর' প-র। ৮। 'অব' প-র।

বরাড়ী।১

এই ত মাধবী-তলে আমার লাগিয়া পিয়া
যোগী যেন সদাই ধেয়ায়।
পিয়া বিনে২ হিয়া কেনে৩ ফাটিয়া৪ না পড়ে গো৫
নিলজ পরাণ নাহি যায়॥
সখি হে৬ বড় দুখ রহল মরমে।
আমারে ছাড়িয়া পিয়া মথুরা রহল গিয়া
এই বিধি লিখিল করমে॥ধ্রু॥
আমারে লইয়া সঙ্গে কেলি-কৌতুক-রঙ্গে
ফুল তুলি বিহরই৭ বনে।
নব কিশলয় তুলি৮ শেজ বিছায়ই
রস-পরিপাটীর কারণে॥
আমারে লইয়া কোরে অনিমিখে মুখ হেরে৯
যামিনী১০ জাগিয়া পোহায়।
সে হেন১১ গুণের পিয়া, কোন খানে কার সনে১২
কৈছনে দিবস গোঙায়১৩॥
এতেক১৪ দিবস হৈল প্রাণ-নাথ না আইল১৫
কার১৬ মুখে না পাই১৭ সম্বাদ।
গোবিন্দ দাস চলু শ্যাম বুঝাইতে
বাঢ়ল১৮ বিরহ-বিষাদ॥১২॥১৬৭৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৯৬ ও প-র পুথির ৪০।৩৭ সং পদ। 'বরাড়ী' স্থলে 'পঠমঞ্জরী' প-র। ২। 'বিনু' প-র। ৩। 'মোর' প-র। ৪। 'ফুটিয়া' ক, খ, ঘ, চ, প-র-সা। ৫। 'পড়ে গো' স্থলে 'যায়ত' প-র-সা। ৬। 'সজনি' প-র। 'সখি হে' ইত্যাদি ধ্রুব-কলি ক, ঘ ও চ পুথিতে নাই। প-স ও প-র পুথির এই ধ্রুব-কলির স্থলে—

'সখি হে বড় দুখ রহল মরমে।
দিবানিশি যার সনে বিলসই কুঞ্জ-বনে
হেন পিয়া গেল কোন ঠামে॥' খ
'সখি হে বড় দুখ রহল মরমে।
মোর প্রাণনাথ মেনে কোনখানে কার সনে
দিবস গোঙায়ে ভরমে॥' প-র-সা।

৭। 'বিহরয়ে' প-র-সা ৮। 'পাতি' প-র। ৯। 'অনিমিখে' ইত্যাদি স্থলে 'শয়ন স্বপনে দেখে' ক, খ, ঘ, চ; 'শয়ন মন্দিরে ঘরে' প-র-সা। ১০। 'দিবা নিশি' প-র। ১১। 'সো হেন' প-র-সা; 'এমন' প-র। ১২। 'কোন খানে' ইত্যাদি স্থলে 'আমারে বঞ্চিত হয়া' প-র-সা; 'কোথায় রহিল গিয়া' প-র। ১৩। 'কৈছনে' ইত্যাদি স্থলে 'কার সনে পিরিতি বাঢ়ায়' প-র-সা। ১৪। 'অনেক' প-র-সা। ১৫। 'প্রাণ-নাথ না' স্থলে 'তবু পিয়া নাহি' প-র-সা।

১৬। 'কাক' খ; 'শোক' প-র-সা। ১৭। 'শুনি' প-র সা, প-র। ১৮। 'রাইক' প-র।

পঠমঞ্জরী।১

মথুরার নাম শুনি পরাণ কেমন করে২।
বড় মনে সাধ লাগে৩ কানু দেখিবারে॥
আর কি গোকুল-চান্দ না করিব৪ কোলে।
পাইয়া৫ পরশ-মণি হারাইলুঁ৬ হেলে॥
ও পারে৭ বন্ধুর৮ ঘর কৈসে গুণনিধি।
পাখী হৈয়া উড়ি যাঙ৯ পাখা না দেয় বিধি॥
আগুনেতে দিয়ে১০ ঝাঁপ আগুন নিভায়।
পাষাণেতে দিয়ে১১ কোল পাষাণ মিলায়॥
যমুনাতে১২ দিয়ে১৩ ঝাঁপ না জানি সাঁতার।
কলসে কলসে সিঁচি১৪ না টুটে পাথার॥
তরু-তলে যাঙ যদি সেহ না দেয় ছায়া১৫।
যার লাগি মুঞি মরোঁ সে হৈল নিদয়া॥
কত দূরে প্রাণ-নাথ আছে কোন দেশ১৬।
চম্পতি-পতি বিনু তনু ভেল শেষ১৭॥১৩॥১৬৭৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৯৭ ও প র পুথির ৪০।৭৪ সং পদ। 'পঠমঞ্জরী' স্থলে 'তুড়ী' প-র। ২। 'মথুরার' ইত্যাদি স্থলে 'মথুরার নামে প্রাণ কি জানি কি করে' প-র। ৩। 'করে' ক, খ, প-র-সা। ৪। 'না করিব' স্থলে 'করিব গো' প-র। ৫। 'হাথের' প-র। ৬। 'হারাঞাছি' প-র। ৭। 'কুলে' প-র। ৮। 'বন্ধুয়ার' প-র-সা; 'আপন' প-র। ৯। 'যাও' ক। ১০—১১। 'দেঙ' প-র। ১২। 'সাগরেতে' প-র। ১৩। 'দেও' প-র। ১৪। 'সিচো' প-র। ১৫। 'তরু-তলে' ইত্যাদি পংক্তিদ্বয় কেবল প-র পুথিতে আছে। ১৬। 'দেশে' ক, খ, চ, প-র-সা, প-র। ১৭। 'শেষে' ক, খ, চ, প-র-সা, প-র। প-র পুথিতে এই পদটি ' ও কুলে' ইত্যাদি কলির দ্বারা আরম্ভ ও 'সাগরেতে' ইত্যাদি কলি ২য়, 'মথুরার' ইত্যাদি কলি ৩য় ও 'আর কি' ইত্যাদি কলিটি ৪র্থ কলিরূপে সন্নিবেশিত হইয়াছে।

অথ হংস-দূত।

কামোদ।১

কানু যাহাঁ কেলি কয়ল কত২ কৌতুক
সো পুন কুঞ্জ নেহারি।
ভাবে ভরল মন নবমি-দশা পুন৩
হোয়ল ও৪ সুকুমারি॥
সখি হে অনুভবি মরমক শেল।
তৈখনে কান্দি সখীগণ ঘেরল
কোই পুন হৃদি পর নেল॥ধ্রু॥
তৈখনে কৈছনে চলিত কণ্ঠ হেরি
নলিনিক শেজহি রাখি।
যমুনা-তীর নীর-হরণে চলু
তহিঁ দেখি এক৫ বর পাখী॥
মাথুর-দূত৬ করি প্রেমহিঁ মানল
নিবেদই৭ সব দুখ-ভাখি।
অদভুত বচন রচন উহ যৈছন
রাধামোহন পহুঁ সাখী॥১৪॥১৬৭৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৯৮ সং পদ। ২। 'যত' ক, খ, চ; 'ত' প-র-সা। ৩। 'দশাপন' খ। ৪। 'সো' প-র-সা। ৫। 'একু' প-র-সা। ৬। 'দূত' ক। ৭। 'নিবেদন' খ।

ধানশী।১

সজনি অদভুত প্রেমক রীত।
তিরযক জনম ইহ নাহি জানত
কহতহিঁ কত বিপরীত॥ধ্রু॥
তুহুঁ অতি নিরমল অন্তর কোমল
পরম-হংস দয়াশীল।

হাম সব দুখিনী তাহে[2] অবলা গণি
পিয়ক[3] বিরহ হৃদি কীল ॥
যো[4] হরি গোপিগণ বিসরি রহল পুন
মথুরা নগরহিঁ ভোর।
এ সব আধি- পয়োধি-বর তো বিনু
কো জন অব করু ওর ॥
যো কছু বচন হৃদয়ে অবধারণ
করি অব করহ পয়ান।
রাধামোহন আগে যাই তুহুঁ[5]
পুন করু তৈছন গান ॥১৫॥১৬৭৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৮৯৯ সং পদ। ২। 'তাহিঁ' খ, চ। ৩। 'পিয়াক' ক; 'প্রিয়ক' ঘ। ৪। 'সো' ক, খ। ৫। 'যাই তুহুঁ' স্থলে 'তুহুঁ চলি' খ।

টীকা

১—৩। "সজনি" ইত্যাদি। হে সখি! প্রেমের স্বভাব অদ্ভুত! ইহা তির্য্যক্ জঙ্গম জানে না অর্থাৎ কে পক্ষী প্রভৃতি তির্য্যক্‌যোনি এবং কে গমনশীল প্রাণী, তাহা বুঝিতে পারে না,—কত বিরুদ্ধ অর্থাৎ অসম্ভব কথা বলে!

৪—৭। "তুহুঁ" ইত্যাদি। তুমি অতি নির্ম্মল (হংস-পক্ষে—শ্বেত-বর্ণ; অপর পক্ষে নিষ্পাপ), কোমল-অন্তঃকরণ, দয়াশীল, পরম-হংস (হংস-পক্ষে শ্রেষ্ঠ হংস, অপর পক্ষে—'পরম-হংস' আশ্রম-ধারী সন্ন্যাসী); আমরা সকলে দুঃখিনী, তাহাতে অবলা বলিয়া গণ্য; (তাহাতে আবার) প্রিয়তমের বিরহ হৃদয়ে শল্য! (ধার্ম্মিক দয়ালু পরম-হংস কি দুঃখিনী, প্রিয়-বিরহ-কাতরা অবলার প্রতি দয়া না করিয়া পারেন?)

১২—১৫। "যো" ইত্যাদি। যাহা কিছু বাক্য কহিলাম, তাহা হৃদয়ে অবধারণ করিয়া এখন তুমি (মথুরায়) গমন কর,—রাধা-মোহন শ্রীকৃষ্ণের সম্মুখে যাইয়া তুমি (যেইরূপ বলিতেছি), সেইরূপ গান কর।

সুহই[1]।

কী[2] ফল পরিচয়-কথন অনেক।
জানবি তব যব হব পরতেক ॥
যো দরশনে হোয় পরম আনন্দ।
সো অবধারবি যদুকুল-চন্দ ॥
শুন তভু কহি কছু নিরুপম রূপ।
জগ-জন-লোচন-অমিয়া-স্বরূপ ॥
লাবণি-লহরি-লম্ভিত সব অঙ্গ।
ভ্রূ-ধনু-নটন মদন-ধনু-ভঙ্গ ॥
দাড়িম দশন হসন সুধা-কেলি।
বদন তুলনা নহ চাঁদ শত মেলি ॥
কত মরকত জিতি বাহু সুদণ্ড।
গোপী-পটল হরণ হঠ-চণ্ড ॥
পরিসর উর কিয়ে মরকত-ঠাট।
বিধি নিরমিল জনু কাম-কপাট ॥
ততহি লোল বন-মাল বিটঙ্ক[3]।
হেরইতে সতিগণ মদন-আতঙ্ক ॥
নাভি-সরোবর সরজ[4]-নিধান।
রমণিক নয়ন সফরি জনু[5] জান ॥
উরুযুগ রাম-কদলি অনুমান।
কিয়ে রমণী-মন-করিণি-আলান ॥
পাদ-পদুম কত পদুম-বিলাস[6]।
নারি-মন-মধুকরি করতহিঁ আশ ॥
ততহিঁ বিরাজত দশ নখ-চাঁদ।
যুবতিক তৈছন মন-শশ-ফাঁদ ॥
তাকর কি কহব অবলা বাখান।
রাধামোহন-পহুঁ রূপ-নিধান ॥১৬॥১৬৭৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯০০ সং পদ। ২। 'কি' ক, ঘ, চ, প-র-সা। ৩। 'কত'

ক, খ, প-র-সা। ৪। 'বটঙ্ক' খ। ৫। 'সরোজ' ক। ৬। 'জন' খ, চ। ৭। 'পদুমিনী বাস' ক, খ; 'পদুম নিবাস' ক, চ।

টীকা

১—২। "কী" ইত্যাদি। অনেক পরিচয় বলায় কি ফল? যখন (তিনি) প্রত্যক্ষ হইবেন, তখন জানিতে পারিবে।

৭—৮। "লাবণি" ইত্যাদি। (তাঁহার) সকল অঙ্গ লাবণ্য-তরঙ্গ দ্বারা প্লাবিত অর্থাৎ পরিব্যাপ্ত, (তাঁহার) ভ্রূ-ধনুর নৃত্য মদন-ধনুর ভঙ্গীস্বরূপ।

১১—১২। "কত" ইত্যাদি। (তাঁহার) সুন্দর দণ্ডাকার বাহু (কান্তিতে) কত মরকত-মণিকে পরাজিত করিতেছে; (উহা) গোপী-সমূহের হরণ অর্থাৎ বলপূর্ব্বক গ্রহণকারী এবং বল-প্রকাশে প্রচণ্ড। ('হৃ' ধাতুর উত্তর কর্ত্তৃ-বাচ্যে 'অন' প্রত্যয় দ্বারা 'হরণ-কারী' অর্থে 'হরণ' শব্দ সিদ্ধ হইয়াছে)।

১৫—১৬। "ততহি" ইত্যাদি। তাহাতে সুন্দর বন-মালা লম্বমান; (উহা) দেখিলে সতীগণেরও মদন-আতঙ্ক উপস্থিত হয়! ('বিটঙ্ক' শব্দের অর্থ সুন্দর; কিন্তু খ পুথির লিপিকর 'বিটঙ্ক' স্থলে 'বটঙ্ক' পাঠ গ্রহণ করিয়া, উহার অর্থ পাদ-টীকায় 'এশেরাজ সর্পাকার' লিখিয়াছেন। নানাবর্ণের পুষ্প-গ্রথিত স্থূল বনমালার সহিত চিত্র-বিচিত্র কোন সর্পের উপমা সুন্দর হইলেও 'বিটঙ্ক' বা 'বটঙ্ক' পাঠের ঐরূপ অর্থ প্রামাণিক বলিয়া গ্রহণ করা যাইতে পারে না। ঐরূপ কোন অপ্রসিদ্ধ অর্থে 'বিটঙ্ক' বা 'বটঙ্ক' শব্দটি প্রয়োগ করিয়া থাকিলে রাধামোহন ঠাকুর স্বকৃত টীকায় উহার অর্থ না লিখার কারণ কি?)

১৭—১৮। "নাভি" ইত্যাদি। তাঁহার নাভি-রূপ সরোবর (ব্রহ্মার আসন) সরোজের নিধান অর্থাৎ উৎপত্তিস্থল; (সৌন্দর্য্যোৎকৃষ্টা) রমণীর নয়ন (উহাতে) সফরীর ন্যায় জানিতেছি!

১৯—২০। "উরুযুগ" ইত্যাদি। (তাঁহার) উরুদ্বয় রাম-রম্ভা তরু বলিয়া অনুমান হয়; কিংবা (উহা কি) রমণীর (দুর্দ্দমনীয়) চিত্ত-রূপ হস্তিনীর বন্ধনস্তম্ভ?

২১—২২। "পাদ" ইত্যাদি। (তাঁহার) পাদ-পদ্ম কত শোভা-যুক্ত! নারীগণের মন-রূপ ভ্রমরী (উহা) আকাঙ্ক্ষা করিতেছে।

২৩—২৪। "ওতহি" ইত্যাদি। তাহাতে দশটী নখ-রূপ চন্দ্র বিরাজ করিতেছে; যেন (উহা) যুবতীর মন-রূপ শশক ধরিবার ফাঁদ স্বরূপ!

—ন—

শ্রীরাগঃ।

হামারি বচন যত বিবিধ বিধান।
কহবি কানুর পায় করি অবধান॥
যব তুহুঁ বিরাজলি গোকুল মাঝ।
তহিঁ প্রিয়তমা যেইং রমণি-সমাজ॥
তছু সখি কোই করিয়া পরণাম।
নিজগণ-বচন কহত তুয়া ঠাম॥
নীচল৩ চিত করি শুন তছু অন্ত।
রাধামোহন-পহুঁ তুহুঁ গুণবন্ত॥১৭॥১৬৭৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯০১ সং পদ। ২। 'যোই' ক, খ। 'যোই' পাঠে ছন্দোভঙ্গ ঘটে। ৩। 'নিচল' ক, খ, প-র-সা।

গান্ধারঃ।

এতহুঁ বিলাপ করল ললিতা সখি
উড়ি চলল বর হংস।
কানুক পাশ চলল অনুমানিয়া
তবহিঁ বহুত পরশংস॥
আওল পুন যাহাঁ কিশলয় শেজহি
শুতি আছয়ে ধনি রাই।
চৌদিগে সহচরি-গণ তহিঁ বেড়িয়া
রোয়ত আননং চাই॥
হেরি ললিতা সবহুঁ পরবোধই
কহতহিঁ মৃদু মৃদু ভাষ।

এ দুখ কহিতে বর দূত পাঠায়লুঁ
মধুপুর কানুক পাশ ॥
এত শুনি বিরহিণি চেতন পাওল
হোয়ল জিবনক[৩] আশ।
এ সব প্রলাপ-বচন কিয়ে বোলব
দুখি[৪] রাধামোহন দাস ॥ ১৮॥১৬৭৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ৯০২ সং পদ।
২। 'আন না' প-র-সা। ৩। 'জীবনক' ক।
৪। 'দুখী' ক।

অথ দূতী-প্রেষণং।

পঠমঞ্জরী।[১]

যেখানে সতত বৈসে[২] রসিক মুরারি।
সেখানে লিখিয় মোর নাম দুই চারি ॥
সখীগণ [৩]গণইতে লৈয়[৪] মোর নাম।
পিয়া বড়[৫] বিদগধ বিহি[৬] মোরে[৭] বাম ॥
দিনে একবেরি[৮] পিয়া লিয়ে মোর নাম।
অরুণ-দুলভ[৯] করে দিয়ে[১০]জল-দান ॥
এই সব[১১]অভরণ দিহ[১২]পিয়া ঠাম।
জনম অবধি মোর এই[১৩]পরণাম[১৪]॥
ভণয়ে বিদ্যাপতি[১৫] শুন বরনারি।
দিন দুই চারি বহি[১৬]মিলব মুরারি॥১৯॥১৬৮০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ৯০৩ সং পদ। প-র পুঁথিতে এই পদটি ১৭৩৮ সংখ্যক পদের শেষাংশরূপে "কেহ ত না কহেরে" ইত্যাদি পংক্তিগুলির পরিবর্ত্তে লিখিত হইয়াছে। ২। 'বৈঠে' প-র-সা। ৩। 'নিজগণ' প-র। ৪। 'লৈও' ক; 'লইয়' খ; 'লবে' প-র। ৫। 'মোর' প-র-সা। ৬। 'বিধি' ক। ৭। 'তেল' ক। ৮। 'একবার' ক। ৯। 'কুমল' প-র। ১০। 'দেই' খ। ১১। 'এই সব' স্থলে 'অঙ্গের' প-র; 'ধর মোর' প-র-সা। ১২। 'দিও' ক; 'দিয়' খ। ১৩। 'মোর এই' স্থলে 'কৈয় মোর' প-র-সা। ১৪। অতঃপর প-র পুঁথিতে নিম্নলিখিত অতিরিক্ত কলিটি দৃষ্ট হয়, যথা—

'চিতে মরিব আমি সে কানু উদ্দেশে।
অবসব জানি কিছু মাগিহ সন্দেশে ॥'

১৫। 'ভণয়ে বিদ্যাপতি' স্থলে 'বিদ্যাপতি কহ' প-র। ১৬। 'দিন' ইত্যাদি স্থলে 'ধৈরজ ধর চিতে' প-র।

তথা রাগঃ।[১]

কহিয়[২] কানুরে সই কহিয়[৩] কানুরে।
এক বার পিয়া যেন আইসে ব্রজ-পুরে ॥
নিকুঞ্জে রাখিল মোর এই[৪] গলার[৫] হার।
পিয়া যেন গলায় পরয়ে এক বার ॥
এই তরু-শাখায় রহিল শারী শুকে।
এই দশা পিয়া যেন শুনে ইহার মুখে ॥
এই বনে রহিল মোর রঙ্গিণী হরিণী।
পিয়া যেন ইহারে পুছয়ে সব বাণী ॥
শ্রীদাম সুবল আদি যত তার সখা।
ইহা সভার সনে তার পুন হবে দেখা ॥
দুখিনী আছয়ে তার মাতা যশোমতী।
আসিতে যাইতে তার[৬] নাহিক শকতি ॥
তারে[৭] আসি যেন পিয়া দেয় দরশন।
কহিয়[৮] বন্ধুরে এই সব নিবেদন ॥
শুনিয়া আকুল দূতী চলু মধুপুর।
কি কহিব শেখর বচন না[৯] স্ফুর ॥২০॥১৬৮১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ৯০৪ সং পদ। ২-৩। 'কহিও' ক। ৪। 'মোর এই' স্থলে 'এই মোর' ক, চ, প-র-সা। ৫। 'হিয়ার' ক, চ, প-র-সা। ৬। 'তাঁর' খ। ৭। 'তাঁরে' খ। ৮। 'কহিও' ক। ৯। 'নাহি' ক।

অথ দূত্যুক্তিঃ।

সুহই।১

শুন শুন শ্যামর-চন্দ২।
প্রেমক ঐছন৩ ছন্দ৪॥
সো কহু৫ তুয়া গুণ-গাম।
তুহুঁ বিছুরলি তছু নাম॥
নাগরি সনে৬ হসি৭ তোয়।
সো সখি-মুখ হেরি রোয়॥
তোহারি শয়ন পরিযঙ্কে।
সোই লুঠত মহি-পঙ্কে৮॥
তুয়া হিয়ে ফণি৯ মণি-হার।
তছু নিজ জীবন ভার॥
তুহুঁ ঘন কুঙ্কুম লাই১০।
সো মৃগমদে মুরছাই॥
অতি রসে কো নহ অন্ধ১১।
গোবিন্দদাস পরবন্ধ॥২১॥১৬৮২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯০৫ ও প-র পুথির ৪০।১১৭ সংপদ। ২। 'চান্দ' প-র। ৩। 'যৈছন' চ। ৪। 'ছান্দ' প-র। ৫। 'কহুঁ' ক, খ। ৬। 'সনে' ক, ঘ, চ, প-র-সা। ৭। 'হাসি' প-র ব্যতীত অন্যান্য পুথি। ৮। 'সোই' ইত্যাদি স্থলে 'তো বিনু লুঠই মহি-পঙ্কে' প-র। ৯। 'ধনি' ক, খ, ঘ, চ, প-র-সা। ১০। 'নাই' প-র-সা, প-র। ১১। 'অতি রসে' ইত্যাদি পংক্তিটি ক, খ, ঘ, চ ও প-র-সা পুথিতে সর্ব্ব-শেষে সন্নিবেশিত হইয়াছে।

করুণ বরাড়ী।১

লোচন-লোর২ তটিনি নিরমাণ।
তথহিঁ৩ কমল-মুখি করত সিনান॥
বেরি এক৪ মাধব তুয়া রাই৫ জিবই৬।
যব তুয়া রূপ নয়ন ভরি পিবই॥ ধ্রু॥
কুন্তল৭ কবরি উলটি উরে৮ পড়ই৯।
জনু কনয়া-গিরি চামর ঢরই॥
তুয়া গুণ গণইতে নিন্দ না হোই।
অবনত-আননে১০ ধনি কত রোই॥
ভণয়ে বিদ্যাপতি শুন বর কান।
বুঝলুঁ তুয় হিয় দারুণ পাষাণ॥২২॥১৬৮৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯০৬ ও প-র পুথির ৪০।১৪৭ সংপদ। 'করুণ বরাড়ী' স্থলে 'ধানশ্রী' প-র। ২। 'নীর' প-র। ৩। 'তাহি' প-র। ৪। 'একু' প-র। ৫। 'মাধব' ইত্যাদি স্থলে 'কান তোহারি প্রিয়া' প-র। ৬। 'জীবই' ক। ৭। 'ফুয়ল' ক, খ, ঘ, চ ও প-র-সা। ৮। 'উরু' ক, খ, প-র-সা, প-র। ৯। 'পরই' ক, খ, চ, প-র-সা; 'পাবই' খ। ১০। 'আনন' খ।

টীকা

১—২। "লোচন" ইত্যাদি। নয়নের জলে নদী নির্ম্মাণ হইয়াছে,—তাহাতে পদ্মমুখী শ্রীরাধা স্নান করিতেছে। (কবি 'কমলমুখি' শব্দের ধ্বনি দ্বারা বুঝাইতেছেন যে, কমল যেমন জলে ভাসে, শ্রীরাধার মুখ-পদ্মটি সেইরূপ নয়ন-জলে ভাসিতেছে এবং পদ্ম-লতার ন্যায় তাঁহার দেহ-যষ্টি তাহাতে স্নাত হইতেছে)।

ধানশী।১

তোহারি বিচ্ছেদ২- ভরমে হাম পামরি
না হেরঙ নিজ নাহ।
হামারি বিচ্ছেদে৩ তুহুঁ নারি৪ না উপেখসি
কুবজা-রতি অবগাহ॥
মাধব কি কহব তুয়া গুণ-গাম।
পরিহরি দেহ নেহ তুয়া জানই
একলা রতি-পতি কাম॥ধ্রু॥

পুর-নাগরি সঙ্গে রসিক-শিরোমণি
পূরহু[৫] মনমথ[৬]-কেলি।
বনচরি নারি তোহারি গুণ গাওব[৭]
পূতনিকা[৮] সঙ্গে মেলি॥
রাস-বিলাসে যতহুঁ মত চাপল
সব করু সো অব বাধা।
গোবিন্দদাস কহই তোহে মাধব
এতহুঁ সম্বাদুলি রাধা॥২৩॥১৬৮৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯০৭ সং পদ। ২-৩। 'বিচ্ছেদ' ক, চ, প-র-সা। ৪। 'নারী' ক। ৫। 'পুরহ' ক, খ, চ। ৬। 'মনোরথ' ঘ। ৭। 'গায়ত' ক, খ। ৮। 'পুত্তলিকা' ক, চ।

টীকা

১—৪। "তোহারি" ইত্যাদি। (শ্রীরাধামোহন ঠাকুর লিখিয়াছেন,—'পুনরীর্ষ্যয়া শ্রীমত্যা নামগ্রাহং শ্রীকৃষ্ণস্য কুব্জানুগতত্বাদবিদগ্ধত্বং তস্যাস্তন্নিষ্ঠাত্বঞ্চ ব্যতিরেকালঙ্কারেণ 'তোহারি বিছেদ-ভরমে' ইত্যাদি-নোপপাদয়তি।' অর্থাৎ দূতী পুনরায় ঈর্ষ্যাবশতঃ শ্রীরাধার কথায় কুব্জানুরক্ত শ্রীকৃষ্ণের অবিদগ্ধতা ও তাঁহার প্রতি শ্রীরাধার একনিষ্ঠতা উভয়ের আচরণ দ্বারা প্রমাণ করিতেছেন) তোমার বিচ্ছেদে অধমা আমি নিজের পতিকে পর্য্যন্ত দর্শন করি না। (কিন্তু) তুমি আমার বিচ্ছেদে নারীমাত্রকে ত্যাগ কর না; (তাই) কুব্জার প্রেমে নিমগ্ন হইয়াছ!

৫—৭। "মাধব" ইত্যাদি। হে মাধব! তোমার গুণগ্রাম কি বলিব? কেন না, রতি-দেবীর পতি কামদেব দেহ পরিত্যাগ করিয়াও তোমার অনুরাগ অনুভব করিতেছে অর্থাৎ কামের প্রতি তোমার এত অনুরাগ যে, সে মহাদেবের রোষাগ্নিতে দগ্ধ হইলেও তুমি তাহার প্রতি অনুরাগ ত্যাগ করিতেছ না! (এই বাক্যের ব্যঙ্গ্যার্থ এই যে, তুমি নিতান্ত কাম-পরায়ণ অর্থাৎ কামুক)।

৮—১১। "পুর" ইত্যাদি। হে রসিক-শিরোমণি! তুমি (সুরসিকা) (মথুরা)-পুরের নাগরীর সহিত কাম-কেলি পূর্ণ কর অর্থাৎ কাম-কেলির বাসনা চরিতার্থ কর! (বিদ্রূপ-উক্তি); (অরসিকা) বৃন্দা-বনবাসিনী নারী আমি (তোমা কর্ত্তৃক নিহত) পূতনার সহিত মিলিয়া তোমার গুণ গান করিব!

১২—১৫। "রাস" ইত্যাদি। রাস-বিলাস-কালে যতরূপ চপলতা প্রকাশ করিয়াছিলে, এখন সে সকল বাধা অর্থাৎ বেদনা জন্মাইতেছে। হে মাধব! (দূতী-স্থানীয়) গোবিন্দদাস কহিতে-ছেন—শ্রীরাধা তোমাকে এই সকল সংবাদ পাঠাইয়া-ছেন। (গোবিন্দদাসের পদাবলীর কোন কোন হস্তলিখিত পুথিতে 'অব বাধা' স্থলে 'অপরাধা' পাঠ দৃষ্ট হয়; ঐ পাঠ গ্রহণ করিলে অর্থ হইবে—রাস-বিলাসে যতরূপ চপলতা (করিয়াছিল), সেই সকল সে (শ্রীরাধা) অপরাধ করিয়াছে।

গুর্জ্জরী।[১]

মাধব যাই না পেখহ[২] বালা।
আজিহুঁ কালি পরাণ পরিতেজব[৩]
কত সহু[৪] বিরহক জ্বালা॥ ধ্রু॥
শীতল সলিল কমল-দল-শেজহি[৬]
লেপহুঁ[৭] চন্দন-পঙ্কা।
সে[৮] সব যতহুঁ[৯] আনল সম হোয়ল[১০]
দশ গুণ দহই মৃগাঙ্কা[১১]॥
শকতি গেলহুঁ[১২] ধনি উঠই ধরণি ধরি
খেপহুঁ[১৩] নিশি দিশি জাগি।
চমকি চমকি ধনি বোলত শিব শিব
জগত ভরল তছু আগি॥
কাহে উপচার বুঝই নাহি[১৪] পারই
কবি বিদ্যাপতি ভাণে[১৫]।
কেবল দশমি দশা বিধি সিরজিল
অবহুঁ করহ অনধানে[১৬]॥২৪॥১৬৮৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯০৮ ও প-র পুথির ৪০।১৪৩ সং পদ। ২। 'না পেখহ' স্থলে 'পেখহ তুহুঁ' প-র। ৩। 'আজিহুঁ কালি' স্থলে 'আজি কালি' ক, খ, চ, প-র-সা; 'আজি কালি করি' ঘ। ৪। 'পরিতেগব' প-র-সা। ৫। 'সহ' ক, খ, ঘ, চ, প-র-সা। ৬। 'শেজহুঁ' প-র। ৭। 'লেপই' প-র। ৮। 'সো' ক, খ, ঘ, চ, প-র-সা। ৯। 'ধরহি' প-র। ১০। 'ভেলহিঁ' প-র। ১১। 'মৃগজা' ক, খ, চ, প-র-সা। ১২। 'গেল' ক, খ, ঘ, চ, প-র-সা। ১৩। 'পেখলুঁ খ; 'পেখহ' প-র। ১৪। 'না' ক, খ। ১৫। 'ভাণ' প-র। ১৬। 'অবধান' প-র।

টীকা

৮—১১। "শকতি" ইত্যাদি। শ্রীরাধার বল গিয়াছে,—(তাই) ধরণী ধরিয়া অর্থাৎ মৃত্তিকায় হাত রাখিয়া উত্থিত হয় এবং দিবারাত্র জাগিয়া কাটায়। সে (কন্দর্পের ভয়ে) চমকিয়া উঠিয়া 'শিব শিব' বলে; (কেন না) তাঁহার অগ্নি অর্থাৎ কামানল জগৎকে পূর্ণ করিয়াছে! তুলনা করুন,—

"শূন্যং কুঞ্জগৃহং নিরীক্ষ্য কুটিলং বিজ্ঞায় চেতোভবং
দূতী নাপি নিবেদিতা সহচরী পৃষ্টাপি নো বা তয়া।
শম্ভো শঙ্কর চন্দ্রশেখর হর শ্রীকণ্ঠ শূলিন্ শিব
ত্রায়স্বেতি পরন্তু পঙ্কজদৃশা ভর্গস্য চক্রে স্তুতিঃ॥"

—রসমঞ্জরী।

ধানশী বালা।১

মাধব সো অব সুন্দরি বালা।
অবিরত নয়নে বারি ঝরু[২] নীঝর[৩]
জনু ঘন শাঙন মালা[৪] ॥ধ্রু॥
পুণমিক ইন্দু নিন্দি মুখ সুন্দর
সো ভেল অব শশি-রেহা।
কলেবর কমল-কাঁতি জিতি[৫] কামিনি
দিনে দিনে খিন[৬] ভেল দেহা ॥
উপবন হেরি মুরছি পড়ু ভূতলে
চিন্তিত সখিগণ সঙ্গ[৭]।
পদ-অঙ্গুলি দেই খিতি[৮] পর লেখই[৯]
পাণি কপল[১০]-অবলম্ব ॥[১১]
ঐছন হেরি তুরিতে হাম আয়লুঁ
অব তুহুঁ করহ বিচার।
বিদ্যাপতি কহ নিকরুণ মাধব
বুঝলুঁ[১২] কুলিশক সার ॥ ২৫ ॥১৬৮৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯০৯ সং পদ। ২। 'ঝর' খ। ৩। 'নিঝর' ঘ। ৪। 'ধারা' প-র-সা। ৫। 'জিনি' ক, চ, প-র-সা। ৬। 'ক্ষীণ' ক। ৭। 'সঙ্গে' প-র-সা। ৮। 'ক্ষিতি' ক। ৯। 'লিখই' ক, ঘ; 'লীখই' খ। ১০। 'কপোল' ক, চ। ১১। 'অবলম্বে' প-র-সা। ১২। 'বুঝলুঁ' ক, চ; 'বুঝল' ঘ।

কানড়া কামোদ।১

অনুখণ মাধব মাধব সোঙরিতে
সুন্দরি ভেলি মাধাই।
ও নিজ ভাব সভাবহিঁ[২] বিছুরল
আপন গুণ লুবধাই ॥
মাধব অপরুপ তোহারি সুনেহ[৩]।
আপন বিরহে আপন তনু জর জর
জিবইতে[৪] ভেল সন্দেহ ॥ধ্রু॥
ভোরহি সহচরি কাতর দিঠি হেরি
ছল ছল লোচন পানি।
অনুখণ রাধা রাধা রটতহি
আধ আধ[৫] কহু[৬] বাণি ॥
রাধা সঞে যব পুন তহিঁ মাধব
মাধব সঞে যব রাধা।
দারুণ প্রেম তবহু[৭] নাহি টুটত[৮]
বাঢ়ত বিরহক বাধা ॥

দুহু দিশে দারু দহনে যৈছে দগধই
আকুল কীট-পরাণ।
ঐছন বল্লভ হেরি সুধামুখি
কবি বিদ্যাপতি ভাণ ॥ ২৬ ॥ ১৬৮৭ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯১০ সং পদ। ২। 'স্বভাবহি' ক। ৩। 'সুলেহ' ক, খ, চ, প-র-সা। ৪। 'জীবইতে' ক। ৫। 'আধা আধা' ক। ৬। 'কহি' খ; 'সব' প-র-সা। ক ও চ পুথিতে শব্দটি নাই। ৭। 'তবহি' ক, চ। ৮। 'টুটত' ক, চ; 'টুটব' প-র-সা।

টীকা

১—৪। "অনুখণ" ইত্যাদি। সুন্দরী শ্রীরাধা সর্ব্বদা 'মাধব মাধব' স্মরণ করিতে করিতে মাধব হইল অর্থাৎ 'আমিই মাধব' এইরূপ ভাবাক্রান্ত হইল এবং (সেই অবস্থায়) নিজের গুণে লোভ করিয়া সে নিজের ভাব ও স্বভাব বিস্মৃত হইল অর্থাৎ কৃষ্ণ-তন্ময়তা হেতু কৃষ্ণের ন্যায় স্বভাব প্রকাশ করিতে লাগিল! (প্রেমোৎকর্ষের স্বভাব এই যে, উহা প্রণয়ি-যুগলকে সম-ধর্ম্মাক্রান্ত করে। প্রেম-তন্ময়তা হেতু ব্রজ-গোপীরা যে কৃষ্ণ-বিরহে 'আমিই কৃষ্ণ' এইরূপ ভাবাক্রান্ত হইয়াছিলেন, তাহা শ্রীমদ্ভাগবতের দশম স্কন্ধে বর্ণিত হইয়াছে। শ্রীগীতগোবিন্দেও জয়দেব গোস্বামী লিখিয়াছেন,—

"মুহুরবলোকিত-মণ্ডন-লীলা।
মধুরিপুরহমিতি ভাবনশীলা ॥"

৫—৭। "মাধব" ইত্যাদি। হে মাধব! তোমার প্রেম অপূর্ব্ব! (সেই প্রেমের প্রভাবে) শ্রীরাধা (কৃষ্ণাভিমানে) নিজের বিরহে নিজে জর্জ্জরিত হইতেছে; (অধিক কি!) বাঁচিতেই সন্দেহ হইল! (শ্রীরাধা উভয়ের বিরহ-বাতনা পর্য্যায়ক্রমে অনুভব করিতেছে বলিয়া জর্জ্জরিত হইতেছে—ইহাই দূতীর উক্তির তাৎপর্য্য বটে)।

৮—১১। "ভোরহি" ইত্যাদি। সে বিহ্বল হইয়া সহচরীর পানে কাতর-দৃষ্টিতে তাকায়,—নয়ন-জল ছল-ছল করে; সর্ব্বদা (কৃষ্ণাভিমানে) 'রাধা' 'রাধা' উচ্চারণ করে এবং (সাত্ত্বিক-ভাব-জনিত কণ্ঠ-রোধ হেতু) আধ আধ ভাষা কহে!

১২—১৫। "রাধা" ইত্যাদি। (শ্রীরাধা) যখন রাধার সঙ্গে অর্থাৎ রাধাভিমান-বিশিষ্ট থাকে, তখন আবার 'মাধব' 'মাধব' কহে; (কিন্তু) যখন মাধবের সঙ্গে অর্থাৎ মাধবাভিমানে থাকে, (তখন) 'রাধা' 'রাধা' কহে; (কিন্তু আশ্চর্য্য এই যে,) তখনও অর্থাৎ মাধবাভিমান-যুক্ত হইলেও (মাধবের প্রতি) দারুণ প্রেম ভগ্ন হয় না—(সুতরাং) বিরহের বেদনাই (দ্বিগুণ) বর্দ্ধিত হয়!

১৬—১৯। "দুহু" ইত্যাদি। কাঠের দুই দিকে অগ্নি দ্বারা যেরূপ (কাষ্ঠ-মধ্যস্থিত) ব্যাকুল কীটের প্রাণ দগ্ধ হয়,—হে বল্লভ! সুধামুখী শ্রীরাধাকে ঐরূপ দেখিতেছি—কবি বিদ্যাপতি ইহা কহিতেছেন।

শ্রীগান্ধার ॥১

মুরছিত যব রহ২ নারি।
সো৩ দুখ কহই না৪ পারি ॥
যব তেরি নামহি সোই৫।
চেতন পাই তব৬ রোই ॥
সো কছু৭ শুনহ কান।
হাম কহই কিয়ে জান৮ ॥
কহইতে বিদরে পরাণ।
গোবিন্দদাস পরমাণ ॥২৭॥১৬৮৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯১১ সং পদ। ২। 'রহু' প-র-সা। ৩। 'সে' চ। ৪। 'কহই না' স্থলে 'কো কহু' প-র-সা। ৫। 'যব' ইত্যাদি স্থলে 'যব নামহি তব লেই' প-র-সা। ৬। 'যত' ক, খ, চ; 'যব' প-র-সা। ৭। 'কহু'

প-র-সা। ৮। 'হাম' ইত্যাদি স্থলে 'হাম করিয়ে তছু পান' প-র-সা।

শ্রীরাগ১।

শুন মাধব কি কহব রাইক তাপ।
কত বেরি মুরছই কত বেরি বিলপই
কতবিধ করত প্রলাপ ॥ ধ্রু ॥
খেণে অছু কহই দেখ ইহ শ্যামর
মথুরা-নাগর ধূর্ত্ত২।
উঠি বেগে বান্ধহ ললিত-মুকুতা৩-পাশে
নাহি যায় করিয়া আকূত৪ ॥
ঐছন কতবিধ করু তুয়া অনুভব
প্রেমহি কত উনমাদ।
হেরইতে ঐছন কান্দয়ে সখিগণ
কত শত করত বিষাদ ॥
এ সব বিপতি৫- সময়৬ ব্রজনন্দন
যাই সকল কর দূর।
রাধামোহন-পহুঁ দীন-দয়াল তুহুঁ
সকল মনোরথ পূর ॥ ২৮ ॥১৬৮৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯১২ সং পদ। ২। 'দূত' ক, খ, চ, প-র-সা। ৩। 'মুকুতা-লতিকা' ঘ। ৪। 'নাহি' ইত্যাদি প-স স্থলে 'নাহি যায়ে আকুত' ক, চ, প-র-সা; 'নাহি যায়ে আকূত' ঘ; 'খেণে নাহি যায়ে আকূত' খ। ৫। 'বিপদি' প-র-সা। ৬। 'সময়ে' ঘ।

টীকা

৪—৭। "খেণে" ইত্যাদি। (শ্রীরাধা প্রেমোন্মাদ হেতু) কখন এইরূপ বলিতেছে যে, ঐ দেখ, এখানে মথুরার নাগর ধূর্ত্ত শ্যাম রহিয়াছে! (শীঘ্র) উঠিয়া (উহাকে) সুন্দর মুক্তা-হারের দ্বারা বন্ধন কর; (দেখিও যেন) সে আকূত অর্থাৎ অভিসন্ধি (এ স্থলে দুষ্টাভিসন্ধি) করিয়া না যাইতে পারে।

কল্যাণী।১

এত সব রাইক কহলুঁ বিলাপ।
আর কত আছয়ে মানস-তাপ ॥
জগতহিঁ কো অছু সো করু গান।
রসিক-শিরোমণি সব তুহুঁ জান ॥
ঝটিতে চলহ ব্রজ২ মধুপুর ছোড়ি।
পরতেখ দেখবি যৈছন গোরি ॥
সখিগণ মরমে মরত সোই দুখে।
কহবি এতেক সব মাধব সমুখে ॥
এত কহি আওল প্রিয়-সখি ঠাম।
উচ করি বোলল৩ প্রাণনাথ-নাম ॥
তৈখনে পাওল রাই পরাণ।
করু রাধামোহন-পহুঁ গুণ গান ॥২৯॥১৬৯০

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯১৩ সং পদ। ২। 'তুহুঁ' ক, খ। ৩। 'বোলত' ক, খ।

সুহই।১

মাথুর-দূত করি গরুতহিঁ২ মানি।
কহবি কানুর পায় যত কিছু বাণি ॥
এত কহি আওল পড়ি যাহাঁ রাই।
কানু কানু করি৩ চেতায়ল তাই ॥
অদভুত হেরলুঁ প্রিয়সখি-প্রেম।
নিজ সখি দুখে দুখি সুখে মানে ক্ষেম ॥ধ্রু॥
পিয়াক বিরহে মরণ অনুবার৪।
ফিরায় করিয়া কত-মত উপচার ॥
চেতন পাইলে যব৫ করয়ে বিলাপ।
আওল বন্ধু কহি৬ দূর করে তাপ ॥
গোবিন্দদাস অভয়ে অনুমান।
তুরিতহিঁ মালব৭ প্রেম-বশ কান ॥৩০॥১৬৯১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯১৪ সং পদ। ২। 'গুরু তহিঁ' ক, খ। ৩। 'কহি' ঘ। ৪। 'অনিবার' প-র-সা। ৫। 'মত' খ। ৬। 'করি' ঘ। ৭। 'মিলব' ক, চ, প-র-সা।

টীকা

১—৭। "মাথুর" ইত্যাদি। (রাধামোহন ঠাকুর এই পদের আভাষ দিতে যাইয়া লিখিয়াছেন,—"ততো মাথুর দূত করি' ইত্যাদিনা সখীনাং প্রেমবিস্তারং তথা শ্রীকৃষ্ণস্য প্রেমবশীভূতত্বং কথয়ন্তী ভাবি-ভাবোল্লাসোৎপত্তিঞ্চ কাচিৎ কাঞ্চিৎ প্রত্যাহ 'গরুতহিঁ' হংসং দূতং মেনে।" কিন্তু 'এত কহি' ইত্যাদি পর-বর্ত্তী কলিগুলি যে পদকর্ত্তার উক্তি, তাহা স্পষ্টই বুঝা যায়; এরূপ অবস্থায় 'মাথুর-দূত' ইত্যাদি কলিটিও পদকর্ত্তার উক্তি না হইয়া কিরূপে যে 'কোন সখীর প্রতি কোন সখীর উক্তি' হইতে পারে, তাহা পদের অন্বয় দ্বারা সহজে বোধ-গম্য হয় না। এই পদটিকে পদ-কর্ত্তার বর্ণিত সখীদিগের চরিত্রাস্বাদন বিবেচনা করিলেই উত্তম অর্থ-সঙ্গতি হয়)। (কোনও সখী) গরুত্মান্ অর্থাৎ হংসকে মাথুর-দূত মনে করিলেন, (এবং বলিলেন) কৃষ্ণের চরণে (আমাদিগের) যত কিছু কথা, সব কহিবে। এই বলিয়া সেই সখী যেখানে শ্রীরাধা পড়িয়া ছিলেন, (সেখানে) আসিলেন এবং 'কৃষ্ণ' 'কৃষ্ণ' বলিয়া শ্রীরাধাকে চৈতন্যযুক্তা করিলেন।

দেবগিরি।১

যব ধনি মুরছি পড়য়ে।
নাসায় শোয়াস না২ বহয়ে॥
তব সব সখি এক ঠাম।
শ্রবণে কহয়ে৩ তুয়া নাম॥
শুনইতে চেতন পাই।
যতহুঁ প্রলাপই রাই॥
সো কি কহব তুয়া পাশ।
সহচরি৪ জিবন৫-নৈরাশ॥
অতয়ে চলহ ব্রজপুর৬।
কহ যদুনন্দন ফুর৭॥৩১॥১৬৯২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯১৫ সং পদ। ২। 'শোয়াস না' স্থলে 'শ্বাস নাহি' ঘ, চ। ৩। 'কহই' ঘ। ৪। 'সহচরী' ক। ৫। 'জীবন' ক। ৬। 'ব্রজপুর' ক, চ, প-র-সা। ৭। 'ফুর' ক, চ, প-র-সা।

পুনশ্চ শ্রীগৌরচন্দ্রঃ।

সুহই১।

কি করিলা গোরাচাঁদ নদিয়া ছাড়িয়া।
মরয়ে ভকতগণ তোমা না দেখিয়া॥
কীর্ত্তন-বিলাস আদি যে করিলা সুখ।
সোঙরি সোঙরি সভার বিদরয়ে বুক॥
মুরারি মুকুন্দ না জিয়ব২ শ্রীনিবাস।
আচার্য্য অদ্বৈত ভেল জীবন নৈরাশ॥
নদিয়ার লোক সব কাতর হইয়া।
ছটফট করে প্রাণ তোমা না দেখিয়া॥
কহয়ে পরমানন্দ দন্তে তৃণ ধরি।
এক বার নদিয়া চল প্রভু গৌরহরি॥৩২॥
॥১৬৯৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯১৬ সং পদ। ২। 'জীব' ক; 'জিব' চ, প-র-সা।

বরাড়ী।১

সুচির-বিরহ-জর২ খীণ৩ কলেবর
বিগলিত ভূষণ বেশ।
আছয়ে তোহারি পরশ-রস-লালসে
কেবল জীবন-শেষ॥

মাধব শুনইতে তোহারি সম্বাদ।
শিশিরে লতা হেন[৩] বিনি অবলম্বনে
উঠইতে করু কত সাধ॥ ধ্রু॥
তোহারি রচিত ফুল-হার নিরখি ধনি
পহিরলি শির পর লাই[৫]।
তুয়া পরিরম্ভণ[৬] অনুভবি মন মাহা
পহিরলি[৭] হৃদয় লাগাই[৮]॥
উয়ল মনোজ[১০] ভরমে অভিসারই
বাঢ়ল অধিক তিয়াস[১১]।
চলইতে খলই[১২] কৈছে পুন আওব
ভণ ঘনশ্যামর দাস॥৩৩॥ ১৬৯৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯১৭ ও প-র পুথির ৪০।১২৩ সং পদ। ২। 'সুচির বিরহে যব' ক, খ, প-র-সা; 'সুচির বিরহ জর' ঘ; 'সো চীর বিরহ জর' প-র। ৩। 'ক্ষীণ' ক, ঘ। ৪। 'ভচু' প-র। ৫। 'পরনাই' ঘ, চ; 'পর নাই' প-র। ৬। 'পরিরম্ভণে' ক, চ। ৭। 'পহিরল' প-র। ৮। 'বুলাই' প-র। ৯। 'উজল' ঘ। ১০। 'মনসিজ' ক, খ, ঘ, চ, প-র-সা। ১১। 'পিয়াস' প-র। ১২। 'কহই' ক, খ, ঘ, চ, প-র-সা।

টীকা

৮—১১। "তোহারি" ইত্যাদি। (দূতীর হস্তে প্রেরিত) তোমার রচিত পুষ্পহার (সস্পৃহ নয়নে) নিরীক্ষণ করিয়া (উহা তোমার প্রসাদ বলিয়া) মাথার উপর লইয়া পরিধান করিল; (উহার স্পর্শে) মনের মধ্যে তোমার আলিঙ্গন অনুভব করিয়া, উহাকে (হস্ত দ্বারা চাপিয়া) বক্ষে (উত্তমরূপে) লাগাইয়া পরিধান করিল।

১২—১৫। "উয়ল" ইত্যাদি। (কিন্তু পর-ক্ষণেই উহা যে পুষ্প-হার মাত্র, তাহা স্মরণ হওয়ায়) কন্দর্প উদিত হইল অর্থাৎ কন্দর্প-পীড়া উপস্থিত হইল; (তখন) শ্রীরাধা ভ্রম-বশতঃ (তোমার নিকট) অভিসারে প্রবৃত্ত হইল; (তোমার সহিত সম্মিলনের) তৃষ্ণা অত্যন্ত বর্দ্ধিত হইল; (কিন্তু) সে (বিরহ-জনিত দুর্ব্বলতা হেতু) চলিতে স্খলিত হয়,—ঘনশ্যাম দাস বলিতেছে—কি প্রকারে (এত দূরে) আসিবে?

ধানশী।১

নিজ[২] কুল গৌরব খোয়[৩]।
তনু মন সোঁপল তোয়[৪]॥
তুহুঁ সে গগন পরশাই[৫]।
তৈখনে তেজলি তাই[৬]॥
শুন শুন নাগর-রাজ।
তোহারি সে[৭] ঐছন কাজ॥
পুর-নাগরি[৮] সঞে তোর।
তছু নামহি দিয়ে ডোর[৯]॥
সো পুন ঐছে নিদান।
সো হাম কি কহিতে জান[১০]॥
তোহে জনি অপযশ হোয়।
অতয়ে নিবেদিয়ে তোয়॥
সখিগণ ছোড়ল পাশ।
কহ ঘনশ্যামর দাস॥৩৪॥১৬৯৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯১৮ ও প-র পুথির ৪০।১০৭ সং পদ। ২। 'ব্রজ' প-র-সা। ৩। 'গোই' ক, খ, ঘ, চ; 'গোয়' প-র-সা। ৪। 'তোই' ক, খ, ঘ, চ। ৫। 'গগন পরশাই' স্থলে 'গগন পরসোই' ক; 'গমন পরসাই' প-র-সা। ৬। 'তায়' ঘ। ৭। 'তোহারি সে' স্থলে 'তোহে বুঝি' প-র। ৮। 'নায়রি' প-র। ৯। 'নামহি দিয়ে ডোর' স্থলে 'নামহি দিয়া ডোর' ক, খ, প-র-সা; 'নামহি দিয়া ডোর' ঘ, চ। ১০। 'সো' ইত্যাদি স্থলে 'কব কিয়ে হোত না জান' প-র।

১—৪। “নিজ” ইত্যাদি। (শ্রীরাধা) নিজের কুল-গৌরব খোয়াইয়া, তোমায় দেহ ও মন সমর্পণ করিয়াছিল.—(কিন্তু) তুমি কি না তাহাকে গগন স্পর্শ করাইয়া, তৎক্ষণাৎ তাহাকে ত্যাগ অর্থাৎ ভূতলে নিক্ষেপ করিলে!

৭—৮। “পুর” ইত্যাদি। (তুমি) মথুরা-নগরের বিলাসিনীদিগের সঙ্গে (কাম-কেলিতে) বিভোর হইয়া, তাহার অর্থাৎ শ্রীরাধার নামে ডোর দিয়াছ অর্থাৎ সেই নামের পাঠ বন্ধ করিয়াছ! ('ডোর দেওয়া' বাক্যের ব্যুৎপত্তি ১ম শাখার ৬০ সংখ্যক পদের ১৩—১৬ ছত্রের টীকায় দ্রষ্টব্য)।

তথা রাগঃ।

কুল-মরিযাদ রহল পরিবাদহি
তুহুঁ মন হরি রহু[১] দূর।
বচন আদি করি সকল শকতি হরি
মদন মনোরথ পূর॥
মাধব তোহে পুন কি কহব আর।
জগতে থোয়লি[৩] সোই[৪] ধনিক[৫] কলেবর
শোভা-রতন-ভাণ্ডার॥ ধ্রু॥
অঞ্জন লেই তনু রঞ্জল নব ঘন
দামিনি দ্যুতি হরি নেল।
লেই যৌবন-ছিরি নব-অঙ্কুর করি
মধুবন ঘন বন ভেল॥
তহিঁ পুন এক লতা তুয়া রোপিত
আশা যাকর[৭] নাম।
তা সঞে জড়িত কণ্ঠগত নিরখত
অবহুঁ জীবন ঘনশ্যাম ॥৩২॥১৬৯৬॥

টীকা

১—৪। “কুল” ইত্যাদি। (শ্রীরাধার) কুল-মর্য্যাদা কুৎসায় রহিল অর্থাৎ কুল-গৌরব কুৎসায় পরিণত হইয়াছে; তুমি (তাহার) মন হরণ করিয়া দূরে রহিয়াছ; মদন (তাহার) বাক্য আদি করিয়া সকল শক্তি হরণ করিয়া নিজের মনোবাঞ্ছা পূর্ণ করিয়াছে। (মদন মোহন শ্রীকৃষ্ণের সহিত সঙ্গত হইয়া শ্রীরাধা মদনকে গ্রাহ্য করে নাই—এই আক্রোশে মদন এখন তাহার অস্তিত্ব লোপ করিতে উদ্যত হইয়াছে—ইহাই দূতীর উক্তির তাৎপর্য্য ১।

৫—৭। “মাধব” ইত্যাদি। হে মাধব! তোমাকে আর কি বলিব? সেই মদন সুন্দরী শ্রীরাধার সৌন্দর্য্যরূপ রত্নের ভাণ্ডার জগতে অর্থাৎ জগতের বক্ষ্যমাণ পদার্থ-নিচয়ে রাখিয়াছে।

৮—১১। “অঞ্জন” ইত্যাদি। (মদনের ইঙ্গিত পাইয়া) নবীন মেঘ (শ্রীরাধার) অঞ্জন লইয়া (তদ্দ্বারা) দেহ রঞ্জিত করিয়াছে; বিদ্যুৎ (তাহার) দ্যুতি হরিয়া লইয়াছে, মধুবন নামক উপবন (তাহার) যৌবন শ্রী অর্থাৎ যৌবনের শোভা লইয়া, (তদ্দ্বারা) নব অঙ্কুর নির্ম্মাণ করিয়া নিবিড় বন হইয়াছে!

১২—১৫। “তহিঁ” ইত্যাদি। তাহাতে অর্থাৎ সেই মধু-বনে কেবল একটি লতা তোমার রোপিত ছিল—যাহার নাম আশা; (পদ-কর্ত্তা) ঘন-শ্যাম দেখিতেছেন, (শ্রীরাধার) প্রাণটি সেই আশা-লতার সহিত জড়াইয়া কণ্ঠাগত হইয়া রহিয়াছে! (শ্রীরাধার প্রাণ বহির্গত হইতে যাইয়া, তাহার কণ্ঠ-স্থিত আশা-লতায় জড়াইয়া যাওয়াতেই তাহা পারে নাই—এই প্রতীয়মান উৎপ্রেক্ষা ব্যঞ্জিত হইতেছে)। তুলনা করুন,—

“আশা-বন্ধঃ কুসুমসদৃশং প্রায়শোহ্যঙ্গনানাং
সদ্যঃপাতি প্রণয়িহৃদয়ং বিপ্রয়োগে রুণদ্ধি॥”
—মেঘদূত।

তথা রাগঃ।

শুন শুন নিরদয় কান।
তুহুঁ অতি হৃদয় পাষাণ॥

সো ধনি বিরহ-বিষাদে।
খোয়ল কুল-মরিযাদে॥
জীবন তনু ছিল শেষ।
সোই রহত অব লেশ॥
তাকর নাহিক আশ।
অতয়ে আয়লু তুয়া পাশ॥
খেণে মুরছিত খেণে হাস।
খেণে তনি[২] গদগদ ভাষ॥
উঠিতে শকতি নাহি তার।
জীবন মানয়ে ভার॥
চৌদশি-চাঁদ সমান।
মলিন না ধরল বয়ান॥
ভূতলে শূতলি তায়।
সহচরি করু কি উপায়॥
জ্ঞানদাস কহ রোয়।
তিরি-বধ লাগব তোয়॥
॥৩৬॥১৬৯৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯২০ সংখ্যক পদ। ২। 'খেণে তনি' স্থলে 'ক্ষেণে ক্ষেণে' প-র-সা। ৩। 'মলিন' ইত্যাদি স্থলে 'মলিন না ধবল' ঘ। রমণী বাবুর জ্ঞানদাসের সংস্করণে 'মলিনতা ধরল' পাঠ আছে, কিন্তু ঐরূপ পাঠ কোন পুথিতেই দৃষ্ট হইল না। ৪। 'লাগয়ে' ক।

টীকা

৯—১০। "খেণে" ইত্যাদি। (শ্রীরাধা) কখনও মূর্চ্ছিত হইতেছে, কখনও (বিরহ-জনিত উন্মাদ দশা হেতু হাস্য করিতেছে,—কখনও বা অল্প গদ্গদ বাক্য কহিতেছে। (সংস্কৃত 'তনু' শব্দ-জাত 'তনি' হিন্দী ও ব্রজবুলিতে 'অল্প' অর্থে প্রযুক্ত হয়)।

১৩—১৪। "চৌদশি", ইত্যাদি। (কৃষ্ণা) চতুর্দ্দশীর চাঁদ অর্থাৎ ক্ষীণ চন্দ্র-কলার ন্যায় (তাহার) বদন মলিন অর্থাৎ মালিন্য ধরিল না (অর্থাৎ চন্দ্র-কলা অতি ক্ষীণ হইলেও যেমন কান্তি পরিত্যাগ করে না, শ্রীরাধার ক্ষীণ বদনখানিও সেইরূপ কান্তিবিশিষ্ট রহিয়াছে!) তুলনা করুন,—

"অণুদিঅসং কখু পরিহাঅসি অঙ্গেসুং লাবণ্ণমই ছায়া কেবলং তুমং ণ মুঞ্চদি।" (অনুদিবসং খলু পরিহীয়সে অঙ্গৈঃ কেবলং লাবণ্যময়ী ছায়া ত্বাং ন মুঞ্চতি)।—অভিজ্ঞান-শকুন্তলম্, ৩য় অঙ্ক।

পূর্ণ-প্রায় চন্দ্র-মণ্ডল ব্যতীত ক্ষীণ চন্দ্র-কলায় কলঙ্ক-কালিমা দৃষ্ট হয় না, সুতরাং 'মলিনতা ধরল' পাঠ প্রামাণিক হইলেও উপমার নিরর্থকতা হেতু সমীচীন নহে।

মল্লার[১]।

অসনি[২] কহতহিঁ[৩] তসনি পয়ে[৪] হসি
বিসরিদে[৫] বিসোয়াসয়া[৬]।
রঙন ভঙন[৭] স- মান কানন
কঠিন[৮] করই[৯] নিবাসয়া॥
অওধ[১০] আনন[১১] হঠ না মানয়ে[১২]
নয়নে গলে[১৩] জল-ধারয়া।
চাঁদে চঢ়ি যেন বেঢ়ি খঞ্জন
মুঞ্চ মোতিম-মালয়া॥
কুটিল কেশ- কলাপ খিণ[১৪] তনু
সখিনি যতনে সঙারয়া[১৫]।
(জনু) উজর-হাটক- ছাট মনমথ
বান্ধি চামর চারয়া[১৬]॥
(বহু) দিবস[১৭] গেল বহু মাস ভেল বহু
বরিখ কত যে সমাবয়া[১৮]।
(নিজ) নারি বিরহিণি[১৯] জারি মাধব
কোন সাধবি কাজয়া[২০]॥

ইহ[21]সান[22] শুনি শুনি   কহত পুনি পুনি
আকুল ভই বহু কানয়া[23]।
(নিজ) লেহ গণি চলু[24]   গেহ যদুপতি
সিংহ ভূপতি ভাণয়া ॥৩৭॥১৬৯৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯২১ ও প-র পুথির ৪০।১৬৩ সং পদ। 'মল্লার' স্থলে 'করুণ শ্রী' প-র। ২। 'অশনি' ক। ৩। 'কহতহি' প-র। ৪। 'তসনি পয়ে' স্থলে 'তয়া নিপয়ে' ক; 'তয়নে পয়ে' খ; 'তয়নি পয়ে' চ; 'তএ নিপএ' প-র-সা; 'তসনি পয়' প-র। ৫। 'বিস হৃদ' প-র। ৬। 'বিষয়াশয়া' ক, খ, চ; প-র-সা; 'বিস আসয়া' প-র। ৭। 'রঙন ভঙন' স্থলে 'রঙন ভাঙন' ক, খ; 'বিহু রঙন' ইত্যাদি প-র। ৮। 'কঠিনে' প-র। ৯। 'নিরাসয়া ক, খ; প-র-সা। ১০। 'আয়ধ' প-র-সা। ১১। "আনল" ক, খ, ঘ, চ। ১২। 'মানল' ক, খ, ঘ, চ; 'মানন' প-র-সা। ১৩। 'গলয়ে' ক, খ, ঘ, চ, প-র-সা। ১৪। 'ক্ষীণ' ক। ১৫। 'নিবারয়া' ক, খ, ঘ, চ, প-র-সা। ১৬। 'চারয়া' ঘ; 'চারুয়া' প-র। ১৭। 'দিন' ক, খ, ঘ, চ, প-র-সা। ১৮। 'সমাধয়া' ঘ। 'বরিখ' ইত্যাদি স্থলে 'বরস বিঘট সমাসয়া' প-র। ১৯। 'বিরহেতে' প-র। ২০। 'কোন সাধবি' স্থলে 'সাধবি কোন' ক, খ, ঘ, চ, প-র-সা; 'কোন সাধসি' প-র। ২১। 'ইতি' ক, খ, ঘ, চ, প-র-সা। ২২। 'শাশ' ক, খ, চ প-র-সা। ২৩। 'কালয়া' ক, খ, ঘ, চ, প-র-সা। 'আকুল' ইত্যাদি স্থলে 'বেখিত ভেল বড় কালয়া' প-র। ২৪। 'গণি' ক, খ, ঘ, চ, প-র-সা।

টীকা

১—৪। "অসনি" ইত্যাদি। 'সিংহ ভূপতি' ভণিতা-যুক্ত (বিদ্যাপতির ?) এই পদের প্রথম দুই ছত্রের বিশুদ্ধ পাঠের উদ্ধার না হওয়ায় প্রকৃত অর্থ বুঝা যাইতেছে না। ৩—৪ ছত্রের অর্থ বোধ হয় এই যে—(শ্রীরাধা তোমার বিরহে) রঞ্জিত অর্থাৎ সুসজ্জিত ভবনের সদৃশ—কঠিন কাননে নিবাস করিতেছে অর্থাৎ সুসজ্জিত ভবন মনে করিয়া (তোমার সঙ্কেত-কুঞ্জস্থলের) দুর্গম কাননে বাস করিতেছে।

৫—৮। "অওধ" ইত্যাদি। (শ্রীরাধার) বদন অবনত; সে (সখীদিগের) বলপ্রয়োগ অর্থাৎ সনির্ব্বন্ধ নিষেধ মানে না; নয়নে (অশ্রু) জলের ধারা প্রবাহিত হইতেছে; (বোধ হয়) যেন খঞ্জন (যুগল) চন্দ্রকে আরোহণ ও বেষ্টন করিয়া মুক্তার মালা বর্ষণ করিতেছে!

৯—১২। "কুটিলা" ইত্যাদি। (শ্রীরাধার) দেহ (বিরহে) ক্ষীণ; সখী তাহার কুঞ্চিত (পৃষ্ঠ-লম্বিত) কেশ-পাশ সযত্নে সংস্কার করিতেছে; (বোধ হয়) যেন মন্মথ উজ্জ্বল হাটক অর্থাৎ স্বর্ণের ছাট অর্থাৎ ছড়িতে (কৃষ্ণ-বর্ণ) চামর বান্ধিয়া সঞ্চালিত করিতেছে!

১৩—১৬। "বহু" ইত্যাদি। বহু দিবস গত হইল, বহু বহু মাস হইল, কত যে বৎসর সমাপ্ত হইল! (তথাপি তুমি ফিরিলে না!) হে মাধব! বিরহিণী নিজের নায়িকাকে (বিরহানলে) জ্বালাইয়া কোন্ কার্য্য সিদ্ধ করিবে?

১৭—২০। "ইহ" ইত্যাদি। শ্রীকৃষ্ণ এই বাক্য শুনিয়া অত্যন্ত আকুল হইয়া, (দূতীকে) পুনঃ পুনঃ (নানা প্রবোধ-বাক্য) কহিতেছেন; সিংহ ভূপতি কহিতেছেন,—হে যদুপতি! (শুধু কথায় কার্য্য হইবে না!) তুমি (শ্রীরাধার প্রতি) সেই প্রেম মনে করিয়া গৃহে চল!

করুণ কামোদ[1]।

কি ছার পিরিতি কৈলা[2]   জীয়ন্তে বধিয়া আইলা[3]
বাঁচিতে সংশয় ভেল[4] রাই।
সফরী সলিল বিন[5]   গোঙাইব কত দিন[6]
শুন শুন নিঠুর মাধাই[7] ॥

ঘৃত দিয়া এক রতি[৮] জ্বালি আইলা যুগ বাতি[৯]
সে কেমনে রহে অযোগানে[১০]
তাহে সে পবনে পুন নিভাইল বাসোঁ হেন[১১]
ঝাট আসি রাখহ পরাণে ॥ ধ্রু ॥[১২]
বুঝিলাম উদ্দেশে সাক্ষাতে পিরিতি তোষে[১৩]
স্থান ছাড়া বন্ধু বৈরী হয়।
তার সাক্ষী পদ্ম ভানু জল ছাড়া তার তনু
শুখাইলে[১৪] পিরিতি না রয়[১৫]॥
যত সুখে বাঢ়াইলা[১৬] তত দুখে পোড়াইলা,[১৭]
করিলা[১৮] কুমুদ-বন্ধু ভাতি।
গুপ্ত কহে এক মাসে দ্বিপক্ষ ছাড়িল দেশে[১৯]
নিদানে হইল[২০] কুহু রাতি ॥৩৮॥১৬৯৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯২২। ১০৫০ ও প-র পুথির ৪০।১৪০ সং পদ। 'করুণ কামোদ' স্থলে 'তুড়ী' প-র-সা; 'মাউর' প-র। ২। 'কৈলে' প-র-সা, প-র। ৩। 'জীয়ন্তে' ইত্যাদি স্থলে 'পরাণ মারিয়া আইলে' প-র-সা। ৪। 'বাচিতে' ইত্যাদি স্থলে 'খঞ্জনী-নয়না ধনী' প-র-সা। ৫। 'বিনু' ক, খ, চ, প-র; 'বিনে' প-র-সা। ৬। 'দিনে' প-র-সা। ৭। অতঃপর প-র-সা ও প-র পুথিতে নিম্নলিখিত পংক্তিদ্বয় দৃষ্ট হয়; যথা—

"হেদে হে নিঠুর শ্যাম তুমি রাধা হৈলে বাম
ঝাটি রাখ রাধার পরাণে।"—প-র-সা।
"শুন শুন অহে শ্যাম ইবে কেনে হৈলে বাম
ঝাট আইস রাখ তার প্রাণ।"—প-র।

৮। 'বাতি' খ. প-র-সা। ৯। 'জ্বালি' ইত্যাদি স্থলে 'জালাইয়া যুগ বাতি' প-র-সা; 'জাল্যা আল্যে' ইত্যাদি প-র। ১০। 'রহে' ইত্যাদি স্থলে 'রহয়ে যোগান' প-র ১১। 'তাহে' ইত্যাদি স্থলে 'কি বোল বলিয়া আইলে এখানে ভুলিয়া রইলে' খ; 'শুন মোর নিবেদন শীঘ্র কর আগমন' ক, চ। 'তাহে' ইত্যাদি পংক্তিদ্বয় প-র-সা ও প-র পুথিতে নাই। ১২। অতঃপর প-র-সা ও প-র পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত কলিটি দৃষ্ট হয়, যথা—

'যখন পিরিতি কৈলা আনি চান্দ হাতে দিলা
আপনি বনাইতে রাধার বেশ
হিয়ার উপরে থুইতে আঁখি আড় না করিতে
এবে হৈল দেখিতে সন্দেশ ॥'

১৩। 'পোষে' প-র। ১৪। 'শুখাইয়া' প-র-সা। ১৫। 'না রয়' স্থলে 'মারয়' প-র-সা। ১৬। 'বাঢ়াইলে' প-র। ১৭। 'পোড়াইলে' প-র। ১৮। 'করিলে' প-র। ১৯। 'দ্বিপক্ষ' ইত্যাদি স্থলে 'দুই পক্ষ অবশেষে' প-র-সা; 'দ্বিপক্ষ হইল শেষে' প-র। '২০। 'করিলে' প-র-সা।

তিরোথা[১]।

রাইক ব্যাধি শুনহ বর[২] কান।
যাহা শুনি গলি যায় দারু পাষাণ ॥
উঠিছে কম্পের ঘটা বাজিছে দশন।
কণ্ঠ ঘড় ঘড় ভেল কি আর ভাবন ॥
কণ্টকীর ফল যেন পুলক-মণ্ডলী।
ফুটিয়া পড়ল সব মুকুতার গুলি ॥
নয়ানের জলে বহে নদী শত-ধারা।
পাণ্ডুর বরণ দেহ জড়িমার পারা ॥
তুয়া নাম শ্রবণে ডাকিছে কোন সখী
শুনিতে বিকল হিয়া না মেলয়ে আঁখি॥
ক্ষীণ তনু দেখিয়া বাঢ়িছে মন-বেথা[৩]।
ভাঙ্গিলে মুরছাখানি কি আর বা কথা॥
সখীগণ বেঢ়িয়া ডাকয়ে চারি পাশে।
কি হইতে কি করব রসময় দাসে॥
॥৩৯॥১৭০০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯২৩ সং পদ। (২) "ব্যাধি' ইত্যাদি স্থলে 'বিরহ ব্যাধি শুন' ঘ।

৩। 'দশনা' ঘ, চ, প-র-সা। ৪। 'ভাবনা' ঘ, চ, প-র-সা। ৫। 'কণ্টকের' ক; 'কণ্টকী' খ, প-র-স; 'কণ্টকির' ধ, চ। ৬। 'মন-বেথা' স্থলে 'মনে ব্যথা' ক; 'মনব্যথা' চ। ৭। 'কি' ইত্যাদি স্থলে 'কি হৈছে কি করব' ক; 'কি কহিতে কি কহব' খ।

সুহই[১]।

মাধব পেখলুঁ সো ধনি রাই।
চীত-পুতলি জনু এক দিঠে চাই॥
বেঢ়ল সকল সখী চৌপাশা[২]।
অতি খিণ শ্বাস বহই[৩] তছু নাসা॥
অতি খিণ তনু জনু কাঞ্চন-রেহা।
হেরইতে কোই না ধরু[৪] নিজ দেহা॥
কঙ্কণ বলয়া গলিত দুয়[৫] হাথ[৬]।
ফুয়ল কবরি না সম্বরি[৭] মাথ॥
চেতন মুরছল বুঝই না পারি।
অনুখণ ঘোর বিরহ-জরে[৮] জারি॥
বিদ্যাপতি কহে নিরদয় দেহ।
তেজল অব জগ-জন অনুনেহ[৯]॥
॥৪০॥১৭০১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯২৪ সং পদ। ২। 'এক পাশা' খ। ৩। 'বহত' ক। ৪। 'ধরয়ে' ধ। ৫। 'দুহুঁ' ক, খ, চ। ৬। 'হাত' ক। ৭। 'সম্বরু' ধ। ৮। 'জ্বর' ক; 'জ্বরে' খ, প-র-সা। ৯। 'অনুলেহ' ক, চ, প-র-সা।

তৈস্তৈঃ কৃতৈঃ প্রতীকারৈর্যদি ন স্যাৎ সমাগমঃ
কন্দর্পবাণ-দহনাৎ তত্র স্যান্মরণোদ্যমঃ॥

অথ দশ-দশা-কথনং।

বরাড়ী[১]।

তোহারি মথুরা- গমন চিন্তিয়া
লিখই খিতির পরে[২]।
জাগি দিবানিশি হৃদয় বিদরে
উদবেগে আঁখি ঝরে[৩]॥
অতি খিণ তনু মলিন হইল
প্রলাপে কারে কি কহে।
ব্যাধি বিরহে ধরণী লুঠয়ে
মরণের পথে রহে॥
উন্মাদ হইয়া উঠে বৈসে যেন
মৃগী বিষ-শর-ঘাতে।
মোহ-দশা ভেল দেহ দুরবল
শকতি না রহে তাথে[৪]॥
দশমী দশায় ঘড়ঘড় কণ্ঠ[৫]
শ্বাস বহে নাহি বহে।
শুন হে মাধব রাই দশ দশা
পামরী উদ্ধবে কহে॥৪১॥১৭০২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯২৫ সং পদ। ২। 'ক্ষিতিরোপরে' ক; 'ক্ষিতির উপরে' খ। ৩। 'ঝুরে' প-র-সা। ৪। 'তাতে' ক। ৫। 'ঘড় ঘড় কণ্ঠ' স্থলে 'কণ্ঠ ঘড়ঘড়ি' খ।

শ্রীকৃষ্ণস্যোক্তির্যথা।

ধানশী[১]।

রাইক শেষ দশা শুনি গদগদ
নাগর ভেল বিভোর।
কহইতে কণ্ঠ- শবদ নাহি নিকসই
ঝর ঝর লোচন-লোর॥
সজনি[২] তুরিতহি করহ পয়াণ।
কাতরে নাগর এতহিঁ[৩] নিদেশল[৪]
সঘনে ঝরয়ে দু নয়ান॥ধ্রু॥
এতহুঁ বচন যব সো সখি শুনল[৫]
তৈখনে করল পয়াণ।
মুরছিত[৬] রাই কুঞ্জে যাহাঁ লুঠয়ে[৭]
যাই মিলল সোই ঠাম॥

উঠ উঠ সুন্দরি বিরহ দূরে করি
কানু মিলত[৮] তুয়া পাশ।
শুনইতে তবহিঁ চেতন পাই বৈঠল
ভণ যদুনন্দন দাস ॥৪২॥১৭০৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯২৬ সং পদ। ২। 'ও সজনি' ক, খ, চ। ৩। 'এতহুঁ' ঘ, চ। ৪। 'নিসেদল' খ। ৫। 'শুনল' ক, প-র-সা। ৬। 'মুরছি' ঘ। ৭। লুটয়ে' চ। ৮। 'মিলল' ক।

অথ আকস্মিক-ভাবোল্লাসঃ।

শ্রীরাগ[১]।

উলসিত মঝু হিয়া আজু আওব পিয়া
দৈবে কহল শুভবাণী।
শুভ-সূচক যত প্রতি অঙ্গে[২] বেকত
অতয়ে নিচয় করি মানি[৩] ॥

শুন সজনি আজু মোর শুভ দিন ভেল[৪]।
সুখ সম্পদ বিহি আনি মিলায়ব[৫]
ঐছন মতি গতি ভেল[৬] ॥ ধ্রু ॥

মঙ্গল-কলস পর দেই নব পল্লব
রোপহ[৭] ঠামহি ঠাম।
গ্রহ[৮]গণক আনি করহ বিভূষিত[৯]
তুরিতে মিলয়ে জনু শ্যাম[১০] ॥
হারিদ দাড়িম কাজর দরপণ[১১]
দধি ঘৃত রতন প্রদীপে।
সুবরণ[১২]ভাজন লাজহিঁ ভরি ভরি
রাখহ নয়ন সমীপে ॥
নব নব রঙ্গিণি দেউ[১৩] হুলাহুলি
বসন ভূষণ করু[১৪]শোভা।
প্রাণ-প্রাণ[১৫] হরি নিজ ঘরে[১৬] আওব
গেবিন্দদাস মন-লোভা ॥৪৩॥১৭০৪॥

পাঠান্তর।

১। ইহা প-র-সা পুথির ৯২৭।১০৬৪ ও প-র পুথির ৪১।৪ সং পদ। 'শ্রীরাগ' স্থলে 'ধানশ্রী' প-র। ২। 'প্রতি অঙ্গে' স্থলে 'সব ভেল' প-র। ৩।'জানি' প-র-সা। ৪। 'শুন' ইত্যাদি স্থলে 'সখি হে সবহু বিপদ দূর গেলা' প-র-সা, প-র। ৫। 'মিলায়ল' প-র-সা, প-র। ৬। 'ভেলা' প-র-সা, প-র। ৭। 'রোপহি' খ, প-র; 'রোপল' প-র-সা। ৮। 'গ্রহ' ইত্যাদি স্থলে 'গ্রহগণ গণক' প-র-সা, প-র। ৯। 'করহ' ইত্যাদি স্থলে 'আনি কর ভূষিত' প-র-সা প-র। ১০। 'তুরিতে' ইত্যাদি স্থলে 'তুরিতে মিলায় যৈছে কান' প-র-সা ;'তুরিতে আওত আজু শ্যাম' প-র। ১১। 'কাজর দরপণ' স্থলে 'দরপণ অঞ্জন' প-রসা, প-র। ১২। 'নব নব' প-র। ১৩। 'দেই' প-র-সা। ১৪। 'করি' প-র-সা। ১৫। 'প্রাণবল্লভ' প-র-সা ; 'প্রাণনাথ' প-র। ১৬। 'ঘর' ঘ, চ ; 'গৃহে' প-র।

অথ আকস্মিক স্বপ্নবৎ মিলনং।

ভূপালী[১]।

যোই নিকুঞ্জে আছয়ে ধনি রাই।
তুরিতহিঁ নাগর মীলল[২] যাই ॥
হেরইতে বিরহিণি চমকিত ভেল।
শ্যামর ধরি নিজ কোর পর নেল ॥
পুলকিত সব তনু ঝর ঝর ঘাম।
দুহুঁ বিবরণ কাঁপয়ে অবিরাম ॥
আনন্দ-লোরহিঁ সভ[৩] বহি যায়।
বয়ন বয়ন দুহুঁ হিয়ায় হিয়ায় ॥
দূরে গেও যতহুঁ বিরহ-হুতাশ।
কছু[৪] নাহি বুঝল[৫] বলরামদাস।৪৪॥১৭০৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯২৮ সং পদ। ২। 'মিলল' ক, চ, প-র-সা। ৩। 'আনন্দ' ইত্যাদি

স্থলে 'আনন্দে' লোর ইষত' ঘ; 'আনন্দলোর ইষত' ক, চ, প-র-সা। ৪। 'তছু' ঘ। ৫। 'বুঝল' ক, চ; প-র-সা।

ধানশী[১]।

চির দিনে মীলল রাইক পাশ।
উঠই না পারই বিরহ-হুতাশ॥
বাম পাণি দেই দখিণ শরীরে।
চেতন হোয়ল হাতকভারে[৩]॥
আঁখি মেলি হেরইতে উঠই না পার[৪]।
নাগর লেয়ল কোবে আপনার[৫]॥
বিরহিণি[৬] বামে করি বৈঠল কান।
বিরহিণি মানল স্বপন[৭] সমান॥
পূরল যতহুঁ-মরম অভিলাষ।
কছু নাহি বুঝল বলরাম দাস ॥৪৫॥১৭০৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৯ সং পদ। ২। 'হাতক ভারে' স্থলে 'হাথ ভরে' ঘ; 'রাই হাতক ভারে' প-র-সা।

ইত্যাদি আকস্মিক-মিলনং।
স্বপ্নানুমানমিতি।
ইতি পদকল্পতরু-গ্রন্থে ষষ্ঠপল্লবঃ।

অথ স্বপ্ন-রসোদ্গারঃ।

তত্র শ্রীমহাপ্রভুঃ।

সুহই[১]।

লোচনে ঝরঝর আনন্দ-লোর।
স্বপনহি পেখলুঁ গৌর কিশোর॥
চিরদিনে আওল নবদ্বিপ[২] মাঝ।
বিহরয়ে আনন্দে ভকত-সমাজ॥
কি কহব রে সখি রজনিক সুখ[৩]।
চিরদিনে হেরলুঁ গোরা-চান্দ-মুখ[৪]॥
বিরহে আকুল যত নদিয়ার লোক।
গোরা-মুখ হেরি ছুরে[৫] গেল সব শোক॥
পুন না দেখিয়া হিয়া বিদরিয়া যায়।
নরহরি দাস কান্দি ধূলায় লোটায়
॥১॥১৭০৭

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩০ সং পদ। ২। 'নবদ্বীপ' ক। ৩। 'সুখ' ক, খ, প-র-সা। ৪। 'মুখ' ক, খ, চ, প-র-সা। ৫। 'দূরে' ক।

শ্রীগান্ধার[১]।

শুন শুন কহি পরাণ সজনি
আজুক স্বপন-রীত।
পিয়া আসি মোরে আলিঙ্গন করে
আনন্দে আকুল চীত[২]॥
বদনে বদন করয়ে চুম্বন
অধরে অধর দিয়া।
ভুজে ভুজ[৩] বান্ধি উরে উর ছান্দি
হিয়ার উপরে হিয়া॥
হেনই সময়ে চেতন হইল
বুঝিতে নারিলুঁ কাজ।
কিয়ে[৪] হয়ে নহে এমত করয়ে
নিচয়ে নাগর-রাজ॥
বিধির বিধান কি জানি কেমন
সেহ কি এমন হবে।
এ দাস উদ্ধবে কহে এহ[৫] বটে
রসিক নাগর তবে ॥২॥১৭০৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩১ সং পদ। ২। 'চিত' ক, চ, প-র-সা। ৩। 'ভুজে' ক, খ, প-র-সা। ৪। 'কিয়ে' ক। ৫। 'এই' ক, চ, প-র-সা।

সিন্ধুড়া[১]।

প্রভাত সময়ে কাক ফুকরিয়া
আহার বাঁটিয়া খায়।
পিয়া আসিবার বচন কহিতে
তহিঁ আন থলে যায়॥
সখি এ কথা কহিয়ে তোরে।
চিরদিন পরে কোন বিধাতা
সদয় হইল মোরে॥ ধ্রু॥
নিশি-অবশেষে কান্দিতে কান্দিতে
নিঁদ আওল আঁখে।
বুকে দুটি হাত হৈয়া অতি ভীত
দাঁড়াইলা সম্মুখে[২]॥
চমকি উঠিয়া কোরে আগোরিতে
চেতন হইল মোর।
মুরছি পড়িতে নিকটে বিশাখা
আমারে করিল কোর[৪]॥
হিয়া দগদগি[৫] পরাণ পোড়য়ে
তবহিঁ সন্তোষ হোয়[৬]।
জ্ঞানদাস কহে শুনহ সুন্দরি
বন্ধুয়া মিলব তোয়॥৩॥১৭০৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৩২ সং পদ। ২। 'দাঁড়াইলা' ইত্যাদি প-র-সা স্থলে 'পিয়া আসি দাঁড়াইল সমুখে' ক, খ, ঘ, চ। ৩। 'মোরে' প-র-সা। ৪। 'করিল কোর' স্থলে 'লইল কোরে' প-র-সা। 'গদগদি' ঘ। ৬। 'হয়' চ।

অথ প্রলাপঃ

তথা রাগ[১]।

স্বপনে দেখিলুঁ সোই[২] মোর প্রাণ-নাথ।
সমুখে দাড়াঞা আছে যোড় করি হাথ[৩]॥
পুন না দেখিয়া প্রাণ ধরিতে না পারি।
কি করিব কোথা যাব কি উপায় করি॥
পাইয়া পরাণ-নাথ পুন হারাইলুঁ।
আপন করম-দোষে আপনি মরিলুঁ[৪]॥
যে দেশে পরাণ-বন্ধু সেই দেশে যাব।
পরিয়া অরুণ বাস যোগিনী হইব॥
জ্ঞানদাস কহে রাই থির কর হিয়া।
আসিবে তোমার বন্ধু সময় বুঝিয়া॥
॥৪॥১৭১০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৩৩ সং পদ। ২। ক, খ, চ ও প-র-সা পুথিতে 'সোই' নাই। ৩। 'হাত' ক, প-র-সা। ৪। 'ডুবিলুঁ' প-র-সা।

ইতি পদকল্পতরু-গ্রন্থে সপ্তম-পল্লবঃ।

অথ বসন্ত-সময়োচিত-বিরহাবস্থা।

তদুচিত-শ্রীগৌরচন্দ্রঃ।

সুহই।

পাপি মাঘে পহুঁ কয়ল সন্ন্যাস।
তবহিঁ গেও মঝু জীবন-আশ॥
দিনে দিনে খিণ তনু ঝরয়ে নয়ান।
গোরা বিনে কত দিন ধরিব পরাণ॥
অবহুঁ বসন্ত সবহুঁ সুখময়।
এ ছার কঠিন প্রাণ বাহির না হয়॥
যত যত পিরিতি কয়ল পহুঁ মোর।
সোঙরিতে জিউ অব কণ্ঠহিঁ ডোর॥
কহে রামানন্দ সেই মোর প্রাণনাথ।
কবে নিরখিব আর গদাধর সাথ॥
॥১॥১৭১১॥

কড়খা তিরোখা[১]।

হিম হিম কর-কর-[২] তাপে তাপায়লুঁ
ভৈ গেল কাল বসন্ত।
কান্ত কাক-মুখে নাহি সম্বাদই
কিয়ে করু মদন দুরন্ত॥

জানলুঁ রে সখি কুদিবস ভেল[৩]।
কি খেণে বিহি[৪] মোরে বিমুখ ভেল রে
পালটি[৫] দিঠি নাহি দেল ॥ ধ্রু ॥
এত দিন[৬] তনু মোর[৭] সাধে সাধায়লুঁ
বুঝলুঁ[৮] আপন নিদান।
অবধিক আশ ভেল সব কাহিনি
কত সহ পাপ পরাণ॥
বিদ্যাপতি ভণ মাধব নিকরুণ
কাহে সমুঝায়ব[৯] খেদ।
ইহ বড়বানল- তাপ অধিক ভেল
দারুণ পিয়াক বিছেদ[১০] ॥২॥১৭১২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৩৪ সং পদ। ২। 'হিম' ইত্যাদি স্থলে 'হিম হিমকর' ঘ, প-র। ৩। 'জানলু' ইত্যাদি স্থলে 'জানলু রে সখি কিয়ে মোর কুদিবস ভেল' ঘ; 'জানলু রে সখি জানলু রে কিয়ে মোর কুদিবস ভেল' প-র। ৪। 'পিয়া' প-র ।৫। 'পালটিতে' খ। ৬। 'দিনে' ক। ৭। 'হাম' প-র। ৮। 'বুঝলু' ক, খ, ঘ, চ, প-র-সা। ৯। 'মিটাওব' প-র। ১০। 'বিচ্ছেদ' ক, খ, চ, প-র-সা।

টিকা

১—৪। "হিম" ইত্যাদি। হিম-কর অর্থাৎ হিমাংশুর শীতল কিরণের তাপে তাপিত হইলাম; বসন্তকাল হইয়া গেল; কান্ত কাহারও মুখে অথবা কাকের মুখে সংবাদ লয়েন না ; মদন দুরন্ত; (এ অবস্থায়) কি করিব?

শ্রীগান্ধার[১]।

ফুটল কুসুম নব কুঞ্জ-কুটির বন
কোকিল পঞ্চম গাওই[২] রে।
মলয়ানিল হিম- শিখরে সিধারল—
পিয়া নিজ দেশে না আওই[৩] রে॥
চাঁদ চন্দন তনু অধিক উতাপই[৪]
উপবনে অলি উতরোল।
সময় বসন্ত কান্ত রহুঁ দুর দেশ[৫]
জানলু বিহি প্রতিকূল॥
অনিমিখ নয়নে নাহ-মুখ নিরখিতে
তিরপিত[৬] না হয়ে নয়ান।
এ সুখ[৭] সময়ে সহয়ে এত সঙ্কট
অবলা কঠিন পরাণ॥
দিনে দিনে খিণ তনু হিমে কমলিনি জনু
না জানি কি ইহ[৮] পরিযন্ত।
বিদ্যাপতি কহ ধিক ধিক জীবন[৯]
মাধব নিকরুণ-অন্ত ॥৩॥১৭১৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৩৬ সং ও প-র। পুথির ৪০।৬৮ সং পদ। ২। 'গাবই' প-র। ৩। 'আই' ক। ৪। 'উতাপহ' ক। ৫। 'দেশে' ঘ, প-র-সা। ৬। 'তিরিপিত' খ, প-র-সা। ৭। 'সব' প-র। ৮। 'হয়ে' প-র। ৯। 'জীবনে' ক, খ, প-র-সা।

তিরোথা ধানশী[১]।

পহিল বয়স মোর না পুরল সাধে।
পরিহরি গেলা পিয়া কোন অপরাধে॥
হাম অবলা দুখ সহনে না যায়[২]।
বিরহ দারুণ দুজে[৩] মদন সহায়॥
কোকিল-কলরবে[৪] মতি অতি ভোর[৫]।
কহ কহ[৬] সজনি কোন গতি মোর[৭]॥
গগনে গরজে ঘন ফুকরে মউর[৮]।
একলি মন্দিরে হাম পিয়া মধুপুর॥
ঐছন সখি রি[৯] করম[১০] কিয়ে ভেল।
বিদ্যাপতি কহ[১১] দুব[১২] পুন মেল॥
॥৪॥১৭১৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৩৭ সং পদ। ২। 'হাম' ইত্যাদি পংক্তি ছয়টি ক, খ ও চ পুথিতে নাই। ৩। 'দুখে' প-র-সা। ৪। 'ধ্বনি শুনি' প-র-সা। ৫। 'ভোরা' ঘ। ৬। 'জনি' ঘ। ৭।'মোরা' ঘ। ৮। 'গগনে' ইত্যাদি পংক্তিদ্বয় ঘ পুথি ও পরিষদের বিদ্যাপতিতে নাই। ৯। 'সখীর' ক, ঘ,। ১০। 'মন্মথ' ঘ। ১১। 'কহে' চ। ১২। 'হবে' ক, খ, চ, প-র-সা।

টীকা

৩—৪। "হাম" ইত্যাদি। আমি অবলা,—দুঃখ সহা যায় না ; (একে) দারুণ বিরহ, (তাহাতে) মদন (বিরহের) দ্বিতীয় সহায় (হইয়াছে !)

৯—১০। "ঐছন" ইত্যাদি। হে সখি! (আমার) কর্ম্ম অর্থাৎ অদৃষ্ট কি জন্য ঐরূপ হইল! বিদ্যাপতি কহিতেছেন,—পুনরায় (প্রিয়তমের সহিত) মিলন হইবে।

দূতী-প্রেরণং যথা।

তুড়ী[১]।

ফুটল[২]কুসুম সকল বন-অন্ত।
মীলল[৩] অব সখি সময় বসন্ত ॥
কোকিলকুল কলরব হি বিথার।
পিয়া পরদেশ হাম সহই না পার ॥
অব যদি যাই সম্বাদহ কান।
আওব ঐছে হামারি মন মান ॥
ইহ সুখ-সময়ে সোই মঝু নাহ।
কা সঞে বিলসব কো কহু[৪] তাহ ॥
তুহুঁ যদি ইহ দুখ[৫] কহ তছু ঠাম।
বিদ্যাপতি কহ পূরব কাম ॥৫॥১৭১৫ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৩৮ সং পদ। ২। 'ফুটল' ক, ঘ, চ, প-র-সা। ৩। 'মিলল' ক, চ, প-র-সা। ৪। 'কর' ক। ৫। 'সুখ' ক।

কানড়া[১]।

সখি কহবি কানুর পায়।
সে সুখ-সায়র দৈবে শুকায়ল
তিয়াসে পরাণ যায় ॥
সখি ধরবি কানুর কর।
আপনা বলিয়া বোল না তেজবি
মাগিয়া লইবি বর ॥
সখি যতেক মনের সাধ।
শয়নে স্বপনে[২] করিলুঁ ভাবনে
বিহি সে করিলে বাদ ॥
সখি হাম সে অবলা তায়।
বিরহ-আগুন দহয়ে দ্বিগুণ[৩]
সহনে নাহিক যায় ॥
সখি বুঝিয়া কানুর মন।
যেমন করিলে আইসে সে জন
দ্বিজ চণ্ডীদাস ভণ ॥৬॥১৭১৬ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৩৯ সং পদ। ২। 'শয়নে স্বপনে' স্থলে 'শয়ন সপন' ঘ, চ। ৩। 'দহয়ে দ্বিগুণ' স্থলে 'দহে শতগুণ' ঘ ; 'সহয়ে যে গুণ' প-সা।

টীকা

৪—৬। "সখি ধরবি" ইত্যাদি। হে সখি! (অনুনয় করিয়া) শ্রীকৃষ্ণের হাতে ধরিবে! "(শ্রীরাধা) নিজ-জন বলিয়া যে কথা আছে—তাহা ত্যাগ করিবে না", এই বর তাঁহার নিকট মাগিয়া লইবে। অর্থাৎ তিনি যেন আমাকে আপনার জন বলিয়া মনে করিতে বিরত না হন—তাঁহার নিকট এই বর প্রার্থনা করিবে। ('বোল না তেজবি' বাক্যের রমণী বাবুর লিখিত 'কথা কহিতে

ছাড়িও না' অর্থ—'ধরবি কানুর কর' ও 'মাগিয়া লইবি বর' এই পূর্ব্ববর্ত্তী ও পরবর্ত্তী অংশের সহিত অসমঞ্জস বলিয়া সমীচীন নহে)।

১১—১২। "বিরহ" ইত্যাদি। রাধামোহন ঠাকুর পদামৃত-সমুদ্রে 'বিরহ' ইত্যাদি স্থলে 'বিরহ-আগুন সহয়ে যে গুণ' পাঠ গ্রহণ করিয়া, উহার অর্থ লিখিয়াছেন যে—'বিরহাগ্নিসহনে যো গুণঃ স তু ময়ি নাস্তীত্যতঃ সোঢ়ুং ন শক্নোমি।' রাধামোহন ঠাকুর 'দহয়ে দ্বিগুণ' ইত্যাদি পাঠ প্রাপ্ত হইলে বোধ হয়, ঐরূপ কষ্ট-কল্পিত অর্থ করিতে যাইতেন না। যাহা হউক, পদকল্পতরুর কোন পুথিতেই ঐরূপ পাঠ না থাকায় ও উহা অপেক্ষা মুদ্রিত পাঠ সমীচীন বোধ হওয়ায়, আমরা পদামৃত-সমুদ্রের পাঠ গ্রহণ করিতে পারিলাম না।

এতৎকালোচিতা দূত্যুক্তির্যথা।

চিন্তা-জাগর-দশা।

কামোদ[১]।

শিশিরক শীত সমাপলি সুন্দরি
শোহন[২] সুরত-সন্দেশে।
স্মর-শর-সম শর শশি-কর-শীকর
সহই সুতনু-[৩] তনু শেষে॥
শুন শুন শ্যাম সকল গুণবন্ত।
শুধই সম্বাদে কি সুমুখি সম্বোধব
সুখময় সময়[৪] বসন্ত॥ধ্রু॥
শীতল সুরভিত সরস সমীরণে
সতত সন্তাপই গাত[৫]।
স্বপন-সমাগম সাধে সুধামুখি
শূতই সরসিজ-পাত[৬]॥
সখিনি-সমাজ সাঁজ[৭] সঞে সো ধনি
সগরিহুঁ শরবরি জাগে।
সোঙরি সুনেহ সোহাগিনি সংশয়
গোবিন্দদাস-দিঠি-আগে॥৭॥১৭১৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৪০ সং পদ। ২। 'সোহন' ঘ চ; 'সে হেন' প-র-সা। রাধামোহন ঠাকুর তাঁহার টীকায় 'শোহন' ইত্যাদির অর্থ—'শোভন-সুরতস্য বার্ত্তা সন্দেশেন' লিখিয়াছেন, সুতরাং 'শোহন' পাঠই তাঁহার অনুমোদিত জানা যাইতেছে। অনভিজ্ঞ লিপিকর 'সোহন' শব্দের অর্থ বুঝিতে না পারিয়া, তৎস্থলে 'সে হেন' পাঠ কল্পনা করিয়াছেন। ৩। 'সো' ক, খ, চ, প-র-সা। ৪। 'ঋতু' খ ৫। 'গাতে' ঘ। ৬। 'পাতে' ঘ। ৭। 'সাজ' খ, ঘ, চ। ৮। 'জাগ' ক, চ, প-র-সা। ৯। 'আগ' ক, চ, প-র-সা।

টীকা

১—৪। "শিশিরক" ইত্যাদি। সুন্দরী শ্রীরাধা তোমার শোভন সম্ভোগ-বিলাসের বার্ত্তায় অর্থাৎ সম্ভোগ-বিলাস আলোচনা করিয়া শীত ঋতুর শীত যাপন করিল। শেষে অর্থাৎ শীতাবসানে বসন্তের আগমনে সুন্দর-দেহা শ্রীরাধার তনু কন্দর্পের শরের ন্যায় (দাহ-জনক) শর-স্বরূপ চন্দ্র-কিরণ-কণা-সমূহ সহ্য করিতেছে!

৮—১১। "শীতল" ইত্যাদি। (বসন্তের) শীতল, সুগন্ধি ও স্নিগ্ধ পবন সর্ব্বদা (তাহার) অঙ্গকে সন্তাপিত করিতেছে; স্বপ্নে (তোমার সহিত) সম্মিলনের আশায় সুধামুখী (কোনরূপে নিদ্রা-লাভের উদ্দেশ্যে) পদ্মের পাতায় শয়ন করিতেছে!

১২—১৫। "সখিনি"- ইত্যাদি। (কিন্তু তাহাতে কি হইবে?) সখীদিগের মাঝে সেই সুন্দরী সন্ধ্যা হইতে সমস্ত রজনীই (নিদ্রার অভাব হেতু) গোবিন্দদাসের দৃষ্টির সমক্ষে জাগিতেছে এবং (তোমার) প্রেম স্মরণ করিয়া, (এক সময়ের) প্রিয়-সোহাগিনী তাহার (জীবন) সংশয় হইয়াছে!

উদ্বেগ-দশা।

ধানশী[১]

টারল হৈমন[২] শিশিরক অন্ত।
টোয়ত[৩] অব ধনি সময় বসন্ত ॥
টুটল[৪] তুয়া অবধিক পরথাব।
টলমল জীবন রহ কিয়ে[৫] যাব ॥
ঠামহিঁ ইহ যত্নপতি রহু ভোরি।
ঠেরত কৈছে সময় ইহ গোরি ॥
ডহ ডহ বিরহ সহই না পার।
ডারল মণিময় অভরণ-ভার[৬]॥
ডরে[৭] নাহি ছোড়ত[৮] সহচরি অঙ্গ।
ডুবত ধনি জনি মদন-তরঙ্গ[৯] ॥
ঢর ঢর লোচন-সরসিজ[১০] জোর।
ঢরকত অহনিশি উতপত লোর ॥
ঢীঠ কানু তুহুঁ[১১] কপট বিলাস।
ঢীঠে[১২] কি বোলব গোবিন্দদাস
॥৮॥১৭১৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৮। ৯৪১ সং পদ। ২। 'হিমকর' পাঠান্তর—প-র-সা। ৩। 'টারত' পাঠান্তর—প-র-সা ৪। 'টুটল' ক, চ; 'টলমল' প-র-সা। ৫। 'রহ কিয়ে' স্থলে 'রহত কি' পাঠান্তর —প-র-সা। ৬। 'অভরণ-ভার' স্থলে 'গীমক হার' পাঠান্তর—প-র-সা। ৭। 'ডরি' প-র-সা। ৮। 'ছোড়ল' ঘ। ৯। 'ডুবত' ইত্যাদি স্থলে 'ডুবত জানি ধনি' ইত্যাদি ক, খ; 'ডুবত ধনি জানি' ইত্যাদি ঘ, চ; 'ডুবত ধনী জনি মদন-আতঙ্ক' পাঠান্তর—প-র-সা। ১০। 'মনসিজ' প-র-সা। ১১। 'কানু তুহুঁ' স্থলে 'কানাই তুয়া' প-র-সা। ১২। 'ঢিঠে' স্থলে 'ঢীগ' প-র-সা; 'ঢেঠে' ঘ।

টীকা

১—২। "টারল" ইত্যাদি। রাধামোহন ঠাকুর লিখিয়াছেন,—'নন্থ হৈমন্তাদিবৎ বসন্তমপি নির্যাপয়তু তত্রাহ—টারলেত্যাদি। হেমন্তশিশিরৌ তু ত্বৎকথিতাগমনদিবসাবধ্যাসয়া (?) নির্ব্বাহিতৌ অধুনা বসন্তসময়ে টোয়ত অবশ্যমাগমিষ্যতীত্যাশাং করোতি ইত্যর্থঃ।" অর্থাৎ যদি বল যে, হেমন্ত ও শিশিরের ন্যায় বসন্তও যাপন কর না কেন? তাই বলিতেছেন—হেমন্ত ও শিশির (তোমার কথিত আগমন-দিবসের চিন্তায়) অতিবাহিত করিয়াছে; এখন বসন্তসময়ে সুন্দরী (তুমি অবশ্যই আসিবে) আশা করিতেছে। (বস্তুতঃ 'টৌ' ধাতুর অর্থ অনুসন্ধান বা খোঁজ করা; সুতরাং 'টোয়ত' ইত্যাদি পংক্তির প্রকৃত অর্থ—ধনী এখন বসন্ত সময়ের খোঁজ করিতেছে অর্থাৎ বসন্তে নিশ্চিতই তুমি আসিবে মনে করিয়া, বসন্তের আগমন বাঞ্ছা করিতেছে)।

৩—৪। "টুটল" ইত্যাদি। অবধি অর্থাৎ তোমার আগমনের নির্দ্দিষ্ট দিনের প্রস্তাব ভগ্ন হইয়াছে অর্থাৎ সেই দিন অতীত হওয়ায় উহার প্রসঙ্গ আর শুনা যায় না; (অতএব) তাহার জীবন টলমল করিতেছে,—বাহিরে যাইবে কি? (বুঝিতে পারি না)।

৯—১০। "ডরে" ইত্যাদি। পাছে ধনী মদন-তরঙ্গে ডুবিয়া যায় অর্থাৎ মদনের তাড়নায় দেহ পরিত্যাগ করে, (সেই) ভয়ে সহচরী (তাহার) অঙ্গ পরিত্যাগ করে না। (সহচরী শ্রীরাধার দুর্ব্বল দেহ-যষ্টিখানাকে ধরিয়া থাকায় কবি 'ডুবত জনি' ইত্যাদি উৎপ্রেক্ষা করিতেছেন)।

১৩—১৪। "ঢীঠ" ইত্যাদি। হে শঠ কৃষ্ণ! তুমি কপট-বিলাস-যুক্ত। (সখী-স্থানীয়) গোবিন্দ-দাস শঠকে কি বলিবে?

তানব-মলিন-প্রলাপ-দশা।

তথা রাগ[১]।

কি কহব মাধব রাইক খেদ।
কহইতে হৃদয় হোয়ত মঝু ভেদ ॥

অতি দুরবল তনু ধরই না পার।
কোকিল-শবদে বহয়ে জল-ধার ॥
ইহ মধু-সময় পুরবে রস-খেল।
সোঙরি সোঙরি[২] ধনি ঝামরি[৩] ভেল ॥
বিরহ-আনলে দহি বিবরণ অঙ্গ।
বিষম বসন্ত তাহে মদন-তরঙ্গ ॥
রোই রোই কি কহয়ে কছু নাহি জান।
জনু পরলাপ কবিশেখর ভাণ ॥
॥৯॥১৭১৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৪২ সং পদ। ২। 'তনু' ক। ৩। 'ঝামর' ক; 'ঝামরী' খ; 'ঝামরু' প-র-সা।

ব্যাধি-দশা।

ধানশী[১]।

আওয়ে মধু-ঋতু মধুর যামিনি
কামিনী[২]-চিত চোর।
কুসুম-শায়ক জিবন[৩]-গাহক
তুহুঁ সে মধুপুরে ভোর ॥
শুনহ[৪] নিরদয়- হৃদয় মাধব
সে যে[৫] সুন্দরি রাই।
বিরহ-জরে জরি কনয়া-মঞ্জরি-
রহল[৬] রূপক ছাই ॥
অঙ্গ ছটফটি কৈছে মীটব[৭]
তপত সহচরি-অঙ্গ।
নয়ন-পঙ্কজ-[৮] জোরে ঝর ঝর
লোরে মহি করু পঙ্ক ॥
তো বিনু কিশলয়-[৯] শয়ন[১০] বীজন
বিফল ভেল[১১] মণি মন্ত্র[১২]।
দাস গোবিন্দ এ রস-গাহক
ভাওয়ে[১৩] রায় বসন্ত
॥১০॥১৭২০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৪৩।১০৫২ ও প-র পুথির ৪০।১১৯ সং পদ। 'ধানশী' স্থলে 'সিন্ধুড়া' প-র। ২। 'কামিনি' খ, ঘ, প-র-সা। ৩। 'জীবন' ক, চ। ৪। 'শুন হে' ক, খ, চ, প-র-সা। ৫। 'সে যে' স্থলে 'সো হেন' প-র। ৬। 'রহই' প-র-সা। ৭। 'মিটব' ক, চ; 'মিলব' প-র-সা। ৮। 'অম্বুজ' প-র। ৯। 'সুখময়' প-র। ১০। 'সেজি' প-র-সা। ১১। 'ধনি' প-র-সা, প-র। ১২। 'মন্দ' প-র। ১৩। 'আওয়ে' ঘ; 'ভায়ে' প-র-সা।

টীকা

১৩—১৬। রাধামোহন ঠাকুর "এ রস-গাহক" ইত্যাদির অর্থ লিখিয়াছেন,—'এষ ভবানেব রসঃ রসায়নৌষধিবিশেষস্তস্য গ্রাহকঃ। রায়বসন্তায় চ সোহপি রোচতে। "অয় রয় গতাবিত্যস্য ভাব-ঘণন্তস্য রূপম্।" সুতরাং 'তো বিনু' ইত্যাদির অর্থ—তোমা ব্যতীত (শ্রীরাধার) নব-পল্লব-শয্যা ও (চন্দনানিল) ব্যজন, মণি-(ধারণ) ও মন্ত্র-(প্রয়োগ)—সকলই ব্যর্থ হইল, অর্থাৎ কিছুতেই শ্রীরাধার বিরহ-পীড়ার উপশম হইল না; (সখী-স্থানীয়) গোবিন্দ-দাস (শ্রীরাধার বিরহ-তাপ শান্তির জন্য) কেবল রসায়নৌষধি-স্বরূপ এই বস্তুটির (অর্থাৎ তোমার) ভিখারী; (গোবিন্দদাসের বন্ধু সম-সাময়িক পদ-কর্তা) রায় বসন্তেরও তাহাই অভিরুচি বটে। (গত্যর্থক 'রয়' ধাতুর উত্তর ভাব-বাচ্যে 'ঘণ্' প্রত্যয় দ্বারা 'গমন' অর্থে 'রায়' শব্দ সিদ্ধ হইতে পারে; সুতরাং রাধামোহনের মতে 'ভাওয়ে' ইত্যাদি ছত্রটির—'তোমার বসন্তে (ব্রজে) গমন শোভন বটে' এইরূপ অর্থও হইতে পারে)।

উন্মাদ-দশা।

তিরোথা[১]।

ফাগুনে গণইতে গুনগণ তোর[২]।
ফটি কুসুমিত ভেল কানন-ওর[৩] ॥

ফুল-ধনু লেই কুসুম-শর সাজ।
ফুকরি রোয়ে ধনি পরিহরি লাজ ॥
ফুকরি কহলুঁ[১] হরি ইথে নাহি ছন্দ।
ফেরি না হেরবি রাই-মুখ-চন্দ ॥
ফোরল দুহুঁ কর-মরকত-বলই।
ফারল নয়ন সঘন জল গলই[৫] ॥
ফুয়ল কবরি সম্বরি নাহি বান্ধে।
ফণি-পতি-দমন বোলি[৬] ঘন কান্দে।
ফূটল[৭] হৃদয় নিদারণ নেহ।
ফুতকারহিঁ[৮] ধনি তেজব দেহ ॥
ফেরি না হেরবি সহচরিবৃন্দ।
ফলব কি না বুঝল[৯] দাস গোবিন্দ ॥

॥১১॥ ১৭২১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৪৪ সং পদ। ২। 'ভোর' প-র-সা। ৩। 'জোর' ঘ, প-র-সা; 'য়োর' চ। 'ওর' পাঠের 'ও' অক্ষরটির স্থলে চ প্রভৃতি পুথির লিপিকরগণ 'য়ো' লিখায় ও কোনক্রমে 'য়ো' এর পুটুলিটি পড়িয়া যাওয়ায়, উহাই পরে কোন লিপি-কর কর্তৃক 'জো' অক্ষরে পরিবর্ত্তিত হইয়া অর্থ-শূন্য 'জোর' পাঠের সৃষ্টি করিয়াছে। ৪। 'কহুঁ' ক, খ, প-র-সা। ৫। 'খলই' ক, খ। ৬। 'বলি', ক প-র-সা। ৭। 'টুটল' ক। ৮। 'ফুতকারহি' ক, খ; 'ফুতকারই' প-র-সা। ৯। 'বুঝবি' ঘ; 'বুঝব' প-র-সা।

টীকা

৫—৬। "ফুকরি" ইত্যাদি। হে হরি! (আমি) উচ্চ-স্বরে অর্থাৎ মুক্ত-কণ্ঠে বলিলাম, ইহাতে (কোন) ছল নাই—(তুমি) শ্রীরাধার মুখ-চন্দ্র আর দেখিতে পাইবে না।

৭—৮। "ফোরল" ইত্যাদি। (শ্রীরাধার) দুই হাতের মরকত-নির্ম্মিত বালা ভাঙ্গিয়াছে; (তাহার) বিস্ফারিত নয়নে সর্ব্বদা অশ্রু-জল গলিত হইতেছে।

৯—১০। "ফুয়ল" ইত্যাদি। (শ্রীরাধা) উন্মুক্ত কবরী বন্ধন করে না; (উন্মাদ-দশা হেতু উহাকে বিষধর সর্প জ্ঞান করিয়া) ফণিপতি কালিয়-নাগের দমন-কর্ত্তা (কোথায়?) বলিয়া পুনঃ পুনঃ ক্রন্দন করে। (এই পদের 'ফুকরি রোয়ে ধনি পরিহরি লাজ' বাক্যের দ্বারা শ্রীরাধার উন্মাদ-সুলভ লজ্জা-ত্যাগ, 'ফোরল দুহুঁ কর-' ইত্যাদি বাক্যে মহামূল্য মরকত-বলয়ের ভঞ্জন দ্বারা ব্যর্থ চেষ্টা, 'ফারল নয়ন' ইত্যাদি বাক্যের দ্বারা নিমেষ-শূন্য স্থির দৃষ্টি এবং 'ফুয়ল কবরি' ইত্যাদি বাক্যের দ্বারা ভ্রান্তি ব্যঞ্জিত হইয়াছে)।

মোহ-দশা।

সুহই[১]।

মদন-মোহন- মুরতি মাধব
মধুর মধুপুর তোই।
মুগধ মাধবি মানি[২] মানদ
মিছই[৩] মারগ জোই ॥
মিলল[৪] মধু ঋতু মল্লি মুকুলিত
মঞ্জু মাধবি-কুঞ্জ।
মেলি মধুকরি মুখর মধুকর
মাতি মধু পিবি গুঞ্জ ॥
মিহিরজা-মৃদু- মন্দ-মারুত
মনই[৫] মনসিজ-শাঁতি[৬]।
মসৃণ মলয়জে মুরছি মানিনি
মহি মাহা গড়ি যাতি ॥
মহামণিময় মহগ[৭] মণ্ডলে
মলিন মুখ-অরবিন্দ।
মরমে মৃগয়তি[৮] মুদির-মহরন
মোহিত দাস গোবিন্দ ॥১২॥১৭২২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৪৫ সং পদ। ২। 'মানিনি' খ। ৩। 'মিছাই' ক; 'মিছুই' প-র-সা। ৪। 'মলিন' ঘ। ৫। 'মানই' ক, খ। ৬। 'সাঁতি' ক, খ; 'সাতি' ঘ, চ, প-র-সা। ৭। 'মহিক' (প-স টীকা) স্থলে 'মহগ' ক, খ, ঘ, চ, প-র-সা। ৮। 'মৃগ অতি' খ, চ।

টীকা

১—৪। "মদন" ইত্যাদি। হে মদন-মোহন-মূর্ত্তিধারী মাধব! তুমি সুন্দর মধুপুরে (রহিয়াছ), মুগ্ধা মাধবী অর্থাৎ শ্রীরাধা (তোমাকে) মান-দাতা মনে করিয়া অর্থাৎ তুমি এখনই ব্রজগমন-রূপ অনুরাগ প্রদর্শন দ্বারা তাহার মান রক্ষা করিবে ভাবিয়া, বৃথা তোমার পথ নিরীক্ষণ করিতেছে!

৯—১২। "মিহিরজা" ইত্যাদি। (শ্রীরাধা) তপন-তনয়া যমুনার মৃদু-মন্দ পবনকে কন্দর্পের শাস্তি বলিয়া মনে করে! অভিমানিনী (শ্রীরাধা) সরস চন্দন-লেপনে মূর্চ্ছিতা হইয়া ভূমির মধ্যে গড়াগড়ি দেয়! (রাধামোহন ঠাকুর 'মনসিজ সাঁতি' পাঠ ধরিয়া, উহার অর্থ করিয়াছেন,— 'কন্দর্পস্য সাঁতি সাঞ্চিত্যাখ্যাতমন্ত্রবিশেষং মনুতে'। এইরূপ অর্থ কষ্টকল্পিত; 'শাঁতি' শব্দই যে প্রাচীন পদ্ধতি অনুসারে 'সাঁতি' লিখিত হইয়াছে—ইহা সহজেই বুঝা যায়)।

১৩—১৬। "মহামণিময়" ইত্যাদি। সকলগুলি পুথিতেই 'মহগ' পাঠ আছে। কিন্তু রাধামোহন ঠাকুর তাঁহার টীকায় 'মহামণিময়মহ্যা মণ্ডলে মহারত্নাদি-রচিতলীলাস্থলীমণ্ডলে' অর্থ লিখায় 'মহগ' স্থলে 'মহিক'ই তাঁহার অভিপ্রেত পাঠ বলিয়া বুঝা যায়; সুতরাং তাঁহার মতে ইহার অর্থ—মহামণিদ্বারা রচিত মহীমণ্ডলে অর্থাৎ মণ্ডলাকার লীলাস্থলীতে (শয়ানা হইলেও) শ্রীরাধার মুখ-পদ্ম মলিন; সে (কেবল) জলদ-সুন্দর তোমাকে অন্তরে কামনা করিতেছে। গোবিন্দদাস (শ্রীরাধার সঙ্কটাপন্ন অবস্থা দেখিয়া) মুগ্ধ অর্থাৎ কিংকর্ত্তব্য-বিমূঢ় হইতেছেন! ('মহগ' পাঠ ধরিলে উহার অর্থ, মহার্ঘ' অর্থাৎ 'মহামূল্য' করিতে হইবে)।

ধানশী[১]।

একে বিরহানল সহজে দুরন্ত।
দোসর ভেল তাহে কাল[২] বসন্ত॥
এ হরি কহলুঁ তুয়া পায়ে লাগি[৩]।
সো অব জীবই বহু পুণ-ভাগি॥
কী[৪] ঘর বাহির নাহিক সম্বীত[৫]।
যত উপচার ততহিঁ বিপরীত॥
হিমকর হেরি হেরি হুতাশন-ভান।
ভয়ে পৈঠয়ে[৬] ঘরে মুদিত নয়ান॥
কোকিল-কলরব কুলিশ সমান।
হরি হরি বোলি[৭] ততহিঁ মুরছান॥
গরল-গরল কিয়ে মলয়জ-ভাস॥
কি কহব অব[৮] ঘনশ্যামর দাস॥
॥১৩॥১৭২৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৪৬ ও প-র পুথির ৪০।১০৮ সং পদ। 'ধানশী' স্থলে 'সিন্ধুড়া' প-র। ২। 'সময়' প-র। ৩। 'কহলুঁ' ইত্যাদি স্থলে 'অবহু কহল তুয়া লাগি' প-র। ৪। 'কি' ক, ঘ, চ, প-র-সা, প-র। ৫। 'সম্বিত' ক, চ, প-র-সা। ৬। 'বৈঠয়ে' ক। ৭। 'বলি' ক; 'বুলি' প-র-সা; 'বোল' প-র। ৮। 'কহ' প-র।

ইত্যাদি বসন্ত-সময়োচিত-বিরহাবস্থা।

অথ গ্রীষ্মকালোচিত-বিরহো যথা।

ধানশী[১]।

একে বিরহানল দহই কলেবর
তাহে পুন তপনক[২] তাপ।

ঘামি গলয়ে তনু মুনিক পুতলি জনু
হেরি সখি করু পরলাপ ॥
মাধব পেখলুঁ সো বর-রমণী।
দিনে দিনে খীণ হীন তনু-অভরণ
গলি গলি মীলত ধরণী ॥ধ্রু॥
রীতু[৩] বসন্ত অন্ত করি আওল
গিরিষ[৪] কাল বলবন্ত[৫]।
দারুণ জীবন আশে নাহি যায়ত
হেরত এ তুয়া পন্থ ॥
কত পরবোধি গোঙায়ব সহচরি
চৌঠ মাস বহি গেল।
গোবিন্দ দাস কতয়ে সম্বাদব
অগতি গতিক মধু ভেল ॥১৪॥১৭২৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৮ সং পদ। ২। 'তপনকি' ক। ৩। 'ঋতু' ক; 'রিতু' ঘ, চ, প-র-সা। ৪। 'গীরিষ' ক, ৫। 'বসন্ত' ক, খ, প-র-সা; বলন্ত' চ।

টীকা

১২—১৫। "কত" ইত্যাদি। (শ্রীরাধার) সহচরী প্রবোধ দিয়া কত (কাল) অতীত করিবে? (কেন না) চারিটি মাস (অর্থাৎ অগ্রহায়ণ হইতে ফাল্গুন পর্য্যন্ত মাস-চতুষ্টয়) চলিয়া গেল! (সখীস্থানীয়) গোবিন্দদাস কত সংবাদ দিবেন? আমার দশা নিরুপায় হইয়াছে! (শ্রীকৃষ্ণ অগ্রহায়ণ মাসে অক্রূরের সঙ্গে মথুরায় গমন করেন; যথা,—

আঘণ মাস রাস-রস-সায়র
নায়র মাথুর গেল।"
—গোবিন্দদাস, প-ক-ত, ১৮১৪ সং পদ।

তিরোথা১।

তাপে তাপিত তনু জৈঠহি মাহ।
কতয়ে সহব আর বিরহক দাহ ॥
যতনে লেপয়ে যব মলয়জ-পঙ্ক।
জ্বলি যায়ত তাহে বিরহ-আতঙ্ক[২] ॥
কতয়ে কহব দুখ নিঠুর মাধাই।
তুয়া আশোয়াসে খোয়লুঁ ধনি রাই ॥ধ্রু॥
কিশলয়-তলপে শুতায়ই কোই।
হা হরি শবদে উঠয়ে তব রোই ॥
ভসম সমান যব হোয়ত সোই।
কালিন্দি-নীরে সিনায়ই কোই ॥
কত পরকারে শিতল করু অঙ্গ।
বাঢ়য়ে দ্বিগুণ দহন অনঙ্গ ॥
মলয়ানিল বিষ-পবন সমান।
হিমকর দরশনে হরয়ে গেয়ান ॥
এতহুঁ বচনে তুয়া[৩] নহে বিশোয়াস।
কি কহব তব রাধাবল্লভ দাস ॥
॥১৫॥১৭২৫ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৯ সং পদ। ২। 'মাতঙ্গ' চ। ৩। 'পিয়া' প-র-সা।

শ্রীগান্ধার১।

শুন শুন নিঠুর কানাই।
যাই না পেখহ রাই ॥
কিশলয়-রচিত কুটীরে।
শয়নে না বান্ধই থীরে[২] ॥
সো অবলা কুল-বালা।
কত সহ বিরহক জালা[৩] ॥
ঘামে ঘরমাইত দেহ।
গলি গলি যায়ত সেহ ॥
মুনিক পুতলি তনু তায়
আতপ-তাপে মিলায়

হেরি সখি হরল গেয়ান।
কণ্ঠহিঁ আওত প্রাণ ॥
দীঘল দিবস না যায়।
কান্দিয়া রজনি পোহায় ॥
কবহুঁ ঐছে মুরছান।
যামিনি দিবস না জান ॥
ভূপতি কি কহব[৪] তোয়।
পুন নাহি হেরবি মোয় ॥

॥ ১৬ ॥ ১৭২৬ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৫০ সং পদ। ২। 'থিরে' ক, চ, প-র-সা। ৩। 'জ্বালা' ক। ৪। 'কহ' খ।

বরাড়ী[১]।

করতলে বদন-চাঁদ রহু থীর[২]।
অহনিশি লোচনে ঝরতহিঁ[৩] নীর ॥
বিগলিত নিন্দ বহই ঘন শ্বাস।
দিনে দিনে খিণ তনু জিবন[৪] নৈরাশ ॥
এ[৫] হরি অবহুঁ অবধি বহি[৬] যাই।
বিঘটনে শপতি মরতি জনি রাই[৭] ॥ধ্রু॥
কমলিনি-কিশলয় শেজ বিছাই।
সহচরি মেলি[৮] শুতায়লি তাই ॥
শতগুণ মদন-দহন তহিঁ[৯] ভেল।
সো তনু-পরশে ভসম ভই গেল ॥
চন্দন-পরশে চমকি ধনি উঠই।
হিমকর-কিরণে মুরছি[১০] মহি[১১] লুঠই ॥
গোবিন্দদাস কহ নিরদয়[১২] কান।
এত পরমাদ তুহুঁ জানি না জান[১৩] ॥

॥১৭॥১৭২৭ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৫১ ও প-র পুথির ৪০।১২৪ সং পদ। ২। 'রহু থীর' স্থলে 'রহঁ থির' ক, চ; প-র-সা। ৩। 'বহতহিঁ' ক। ৪। 'জীবন' ক। ৫। 'যো' ক। ৬। 'রহি' ক। ৭। 'বিঘটনে' ইত্যাদি স্থলে 'পেখহ সো ধনি বিরহিণি রাই।' ক, খ, ঘ, চ ও প-র-সা; 'বিঘটিত' ইত্যাদি প-র (৪০ সং পদ); কিন্তু ১২৪ সং পদে 'বিঘটনে' ইত্যাদি পাঠ দৃষ্ট হয়। ৮। 'যতনে' প-র; ৯। 'তাহে' ক, খ, ঘ, চ, প-র-সা। ১০। 'অবশ' ক। ১১। 'মহী' ক। ১২। 'মুগধল' ক, খ, ঘ, চ, প-র-সা। ১৩। 'এত' ইত্যাদি স্থলে 'এতহু সংবাদ তুহু নাহি জান' প-র।

দেশাগ[১]।

কাননে কামিনি কোই না যায়।
কালিন্দি-কূল কলপতরু-ছায় ॥
কুঞ্জ-কুটির মাহা কান্দই কোই।
করে শির হানই কুন্তল ফোই ॥
নলিনি-নারিগণ নাশল নেহ।
নবিন নিদাঘে না জীবই কেহ ॥
নবনী-নিন্দিত নব নব বালা।
নাগল বিরহ-হুতাশন-জালা[২] ॥
গলত গাত গীরত মহি মাহ।
গুরুতর গিরিষ অধিক ভেল তাহ ॥
গোকুলে গোপ-রমণি অছু[৩] ভেল।
গরল-গরাসনে গোবিন্দ গেল ॥

॥১৮॥১৭২৮ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৫২ সং পদ। ২। 'জ্বালা' ক। ৩। 'তছু' ঘ।

টীকা

৫—৬। "নলিনি"-ইত্যাদি। (তোমার) প্রেম পদ্মিনী-নারী (ব্রজ-গোপীগণকে) বিনষ্ট করিল, অর্থাৎ তোমার প্রেম-জনিত বিরহ-তাপে ব্রজ-গোপীগণ বিনষ্ট হইতে চলিয়াছে; নবীন গ্রীষ্মে (তাহাদিগের তাপ বর্দ্ধিত হওয়ায়) কেহই বাঁচিবে না।

অথ বর্ষাকালোচিত-বিরহঃ।
তদুচিত-শ্রীগৌরভক্তগণস্যোক্তিঃ।

সুহই[১]।

সোণা শতবান জিনি গৌরাঙ্গ আমার।
কি হয়ে[২] চামর সে না কুন্তলের ভার॥
কি লাগিয়া মুড়াইলা[৩] গেলা
কোন দেশে।
কার ঘরে রহিলেন ইহ[৪] চতুর্মাসে॥
সোঙরি সোঙরি হিয়া বিদরিয়া যায়।
কোথা গেলা পরাণ-পুতলী
গোরা রায়॥
কান্দয়ে ভকতগণ ছাড়য়ে নিশ্বাস।
ধৈরজ ধরিতে নারে নরহরি দাস॥
॥১॥১৭২৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৫৩ সং পদ। ২। 'হয়' ক, চ; প-র-সা। ৩। 'মুড়াই না' ক, খ। ৪। 'এই' ক।

পাহিড়া[১]।

হাম ধনি তাপিনি মন্দিরে একাকিনি
দোসর জন নাহি সঙ্গ।
বরিখা পরবেশ পিয়া গেও[২] দূর দেশ[৩]
রিপু ভেল মত্ত অনঙ্গ॥
সজনী[৪] আজু শমন-দিন হোয়[৫]।
নব নব জলধর চৌদিগে ঝাঁপল
হেরি জিউ নিকসয়ে মোয়[৬]॥ ধ্রু॥
ঘন ঘন-গরজিত[৭] শুনি জিউ চমকিত
কম্পিত অন্তর মোর।
পপিহা[৮] দারুণ[৯] পিউ পিউ[১০] সোঙরণ[১১]
ভ্রমি ভ্রমি দেই তছু কোর[১২]॥
বরিখয়ে পুন পুন আগি-দহন[১৩] জনু
জানলু জীবন-অন্ত।
বিদ্যাপতি কহ শুন রমণীবর[১৪]
মীলব[১৫] পহুঁ গুণবন্ত[১৬]॥২॥১৭৩০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৫৪ ও প-র পুথির ৪০।৭৮ সং পদ। 'পাহিড়া' স্থলে 'কামোদ' প-র। ২। 'গেল' ক, খ, চ; প-র-সা; 'রহু' প-র। ৩। 'দূর দেশে' ক। ৪। 'সজনি' ক, খ, চ; প-র-সা; প-র। ৫। 'হোয়ে' খ, ঘ; 'হোই' প-র-সা। ৬। মোয়ে' খ, ঘ, 'মোই' প-র-সা। ৭। 'গরজন' প-র। ৮। 'পাপিহা' প-র-সা; 'পিপিয়া' প-র। ৯। 'নিদারুণ' প-র। ১০। 'পিঙ পিঙ' প-র-সা; 'পুন পিউ' ঘ। ১১। 'ডাকত' প-র। ১২। 'ভ্রমি' ইত্যাদি স্থলে 'বোলত ডাহুকি জোর' প-র। ১৩। 'দহয়ে' প-র। ১৪। 'বর কামিনি' প-র। ১৫। 'মিলব' ক, চ; প-র-সা। ১৬। 'গুণমন্ত' প-র।

টীকা

৮—১১। "ঘন" ইত্যাদি। ঘন মেঘের গর্জ্জন শুনিয়া আমার প্রাণ চমকিত ও হৃদয় কম্পিত (হইতেছে!); (তাহাতে আবার) দারুণ পাপিয়া অর্থাৎ চাতক-পক্ষী তাহার অর্থাৎ মেঘের কোলে ঘুরিয়া ঘুরিয়া 'পিউ' 'পিউ' শব্দে প্রিয়তমের স্মরণ দিতেছে! (পদাবলি-সাহিত্যে

'প্রিয়' অর্থে 'পিয়া' শব্দের ন্যায় 'পিউ' শব্দেরও প্রয়োগ আছে; সুতরাং চাতকের 'পিউ' 'পিউ' শব্দ যে বিরহিণীকে প্রিয়তমকে স্মরণ করাইয়া দিবে—ইহা স্বাভাবিক বটে।)

বিদ্যাপতির পদাবলীর সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্র বাবু 'ভ্রমি ভ্রমি' ইত্যাদি বাক্যের অর্থ লিখিয়াছেন, "ভুলিয়া ভুলিয়া (বার বার) তাহাকে কোল দেই (আলিঙ্গন করিতে যাই)।" 'ভুলা' বা 'ভ্রম করা' অর্থে 'ভ্রমি' পদের প্রয়োগ ও 'তাহাকে' অর্থে 'তছু' শব্দের প্রয়োগ সিদ্ধ হয় না; বিশেষতঃ যে স্থলে শ্রীরাধার মেঘগর্জ্জন শ্রবণে প্রিয়তমের বিরহে প্রাণ চমকিত ও কম্পিত হইতেছে, সেই স্থলে সেই মেঘকে প্রিয়তম বলিয়া ভ্রম হওয়া সম্ভবপর নহে; সুতরাং নগেন্দ্র বাবুর কষ্ট-কল্পিত অর্থ কোন প্রকারেই সঙ্গত হয় না।

সুহই[১]।

উয়ল নব নব মেহ।
দূরে[২] রহু শ্যামর-দেহ॥
তহিঁ ঘন[৩] বিজুরি উজোর।
হরি রহু নাগরি-কোর[৪]॥
চাতক পিউ পিউ বোল।
শুনইতে জিউ উতরোল॥
দাদুরি[৫] উনমত ভাষ।
বিরহিণি জিবন[৬] নৈরাশ॥
দারুণ পাউখ কাল।
জীবন ভেল জনজাল[৭]॥
ঐছন ভেল দুরদিন।
অম্বর রবি-শশি-হীন॥
কো কহে[৮] কামুক পাশ।
চলতহিঁ গোবিন্দদাস॥

॥২১॥১৭৩১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৫৫ ও প-র পুথির ৪০।৪৩ সং পদ। ২। 'দূরে' ক। ৩। 'তহিঁ ঘন' স্থলে 'তৈখনে' প-র। ৪। 'নাগরি-কোর' স্থলে 'মধুপুরে ভোর' প-র। ৫। 'দাদুর' ঘ। ৬। 'জীবন' ক, চ। ৭। 'জঞ্জাল' প-র। ৮। 'কহ' প-র।

তিরোথা ধানশী[১]।

গগনে গরজে ঘন ফুকরে ময়ুর।
একলি মন্দিরে হাম পিয়া মধুপুর[২]॥
শুন[৩] সখি হামারি[৪] বেদন।
বড় দুখ দিল মোরে দারুণ মদন॥ ধ্রু॥
হামারি দুখ সখি কো পাতিয়াওয়ে[৫]।
মিলল রতন কিয়ে পুন বিঘটাওয়ে॥
হরি গেও মধুপুরি হাম একাকিনী[৬]।
ঝুরিয়া ঝুরিয়া মরি দিবস রজনী॥
নিঁদ নাহি আওয়ে[৭] শয়ন নাহি ভায়[৮]।
বরিখ অধিক ভেল[৯] নিশি না পোহায়[১০]॥
বিদ্যাপতি কহ শুন বরনারি[১১]।
সুজনক দুঃখ দিবস দুই চারি॥

॥২২॥১৭৩২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৫৬ ও প-র পুথির ৪০।৭৯ সং পদ। 'তিরোথা ধানশী' স্থলে 'শ্রীরাগ' প-র। ২। 'মধুপুর' ক, খ, ঘ, চ, প-র-সা। ৩। 'শুন' স্থলে 'কাহারে কহিব' প-র। ৪। 'বিরহ' প-র। ৫। 'হামারি' ইত্যাদি কলির স্থলে প-র পুথির পাঠ যথা,—

"কাহারে কহিব দুখ কেবা পাতিয়ায়।
তরুণ মিলন যৈছে বিহি বাহড়ায়॥"

৬। 'হরি গেও' ইত্যাদি কলি প-র পুথিতে

নাই। ৭। 'নয়নে' ক; 'আয়' প-র-সা। ৮। 'ভাওয়ে' ঘ, চ। ৯। 'অধিক ভেল' স্থলে 'রজনী ভব' প-র। ১০। 'পোহাওয়ে' ঘ, চ। অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত কলি দৃষ্ট হয়, যথা—

"অঙ্গ ছটফটি সদা স্থির নহে চীত।
দোসর মরণ ভেল কানুর পিরিত ॥"

১১। 'বিদ্যাপতি' ইত্যাদি (প-র-সা) কলি ক, খ, ঘ ও চ পুথিতে নাই; উহার স্থলে প-র পুথির পাঠ, যথা—

"ভণয়ে বিদ্যাপতি শুন সুকুমারি।
ধৈরজ ধর চিতে মিলব মুরারি ॥"

তথা রাগ[১]।

দেখ সখি বরিষা-রঙ্গ।
কোন অপরাধে আনায়ল[২] মনমথ
কাটিতে বিরহিণি-অঙ্গ ॥ ধ্রু ॥
চড়ি রহু কুম্ভ কদম্ব-গজেন্দ্রহি
বান্ধল কেতকি-তূণ।
ধরি ধনু-রাজ সাজ করি নীরদ
গরজল সমরে নিপুণ ॥
ধরি খরশান তড়িত-অসি চঞ্চল
চমকই বারহি বার।
চাতকচয় জয়- শঙ্খ-শবদ করু
দেখি সুখি[৩] শিখি-পরিবার ॥
মণ্ডুকগণ ঘন করু রণ-বাজন
সারস হংস বিষাণ।
পবনক অঙ্গ সঙ্গ করি উড়ত[৪]
নব বক-পাঁতি নিশান ॥
কো কহে নীর তীর জনু বরিখত
মুরছিত বিরহিণি-বৃন্দ।
নাসা-পবনে কেমনে ধনি বারব
অপশোসই[৫] দ্বিজ নন্দ[৬] ॥২৩॥১৭৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৫৭ সং পদ। ২। 'আনাওল' ক। ৩। 'সুখী' ক। ৪। 'উড়ত' ক, চ; প-র-সা। ৫। 'আপশোসই' ক, খ; প-র-সা। ৬। 'দ্বিজানন্দ' প-র-সা।

টীকা

১—৩। "দেখ" ইত্যাদি। হে সখি! বর্ষার রঙ্গ দেখ! (জানি না) কোন্ অপরাধে বিরহিণীর অঙ্গ ছেদন করার জন্য (সে) কন্দর্পকে আনাইল!

৪—৭। "চড়ি" ইত্যাদি। (সেই বর্ষা-ঋতু) কদম্ব-পুষ্প-রূপ গজ-শ্রেষ্ঠের কুম্ভে চড়িয়া, কেতকী-পুষ্প-রূপ তূণ বন্ধন করিল; (তাহার সহায়কারী) যুদ্ধে নিপুণ জলধর ধনু-রাজ অর্থাৎ ইন্দ্র-ধনু ধারণ করিয়া, সজ্জিত হইয়া গর্জ্জন করিতে লাগিল! তুলনা করুন,—

"বলাহকাশ্চাশনি-শব্দ-মর্দ্দলাঃ
সুরেন্দ্র-চাপং দধতস্তড়িদ্গুণম্।
সুতীক্ষ্ণধারা-পতনোগ্র-শায়কৈ-
স্তুদন্তি চেতঃ প্রসভং প্রবাসিনাম্ ॥"

—বর্ষাবর্ণন, ঋতুসংহার।

১৬—১৯। "কো" ইত্যাদি। (ইহাকে) জল কে বলে? (এ) যেন তীর অর্থাৎ বাণ বর্ষণ করিতেছে,—(তাই) বিরহিণীগণ মূর্চ্ছিত হইতেছে! সুন্দরী (শ্রীরাধা) নিশ্বাস-বায়ু অর্থাৎ প্রাণ-বায়ুকে কি প্রকারে বারণ করিবে—দ্বিজ নন্দ (তাহা ভাবিয়া) অনুতাপ করিতেছেন!

তথা রাগ[১]।

সজনী[২] তেজলু জিবনক[৩] আশ।
দারুণ বরিখা জিউ ভেল অন্তর
নাহ রহল পরবাস ॥ ধ্রু ॥
বাদর দর দর নাহি দিন অবসর
গরগর গরজে ঘটা।
অনিল-হিলোল ঘন ঘোর যে যামিনি[৪]
ঝলকত তড়িত-ছটা ॥
ঘন ঘন নিস্বর ডাহুক ডাহুকিগণ
চাতক পিউ পিউ নীরে।
শিখণ্ড-মণ্ডল কামে[৫] কামাকুল
নিরঘাত শবদ করে ॥২৪॥১৭৩৪ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৫৮ সং পদ। ২। 'সজনি' ক, খ, চ, প-র-সা। ৩। 'জীবনক' ক, চ। ৪। 'অনিল' ইত্যাদি ঘ পুথির পাঠ স্থলে—

অনিল হিলোল ঘন মেঘ ঘেরয়ে
যামিনি ঝলকত তড়িত-ছটা ॥ ক, খ, চ,

প-র-সা; ('ঘোরয়ে'—খ)। ৫। 'কামুকে' খ।

জয়জয়ন্ত[১]।

এ সখি[২] হামারি দুখের নাহি ওর।
এ ভর[৩] বাদর মাহ ভাদর
শূন্য মন্দির মোর ॥ ধ্রু ॥
ঝম্পি[৪] ঘন গর- জন্তি সন্ততি
ভুবন[৫] ভরি বরিখন্তিয়া[৬]।
কান্ত পাহুন কাম দারুণ
সঘনে খর শর হন্তিয়া[৭] ॥
কুলিশ কত শত[৮] পাত-মোদিত
মউর[৯] নাচত মাতিয়া।
মত্ত দাদুরি ডাকে ডাহুকি
ফাটি যায়ত[১০] ছাতিয়া ॥
তিমির ভরি ভরি[১১] ঘোর[১২] যামিনি
ন থির[১৩] বিজুরিক পাঁতিয়া[১৪]।
বিদ্যাপতি কহ কৈছে গোঙায়বি[১৫]
হরি বিনে দিন রাতিয়া ॥
॥২৫॥১৭৩৫ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৫৯ ও প-র পুথির ৪০।৮১ সং পদ। 'জয়জয়ন্তী' স্থলে 'মল্লার' প-র। ২। 'এ সখি' স্থলে 'হে সখি' ঘ, প-র-সা; 'সখি হে' প-র। ৩। 'ভরা' ক,। ৪। 'ঝঞ্ঝা' ক। ৫। 'গগনে' প-র। ৬। 'খন্তিয়া' খ। ৭। 'শর হন্তিয়া' স্থলে 'বর সন্তিয়া' প-র। অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত কলি দৃষ্ট হয়, যথা—

'দরকে দামিনী বেরি চৌদীসে
অম্বুধর গরজন্তিয়া।
কাএ কামিনি সমন মনসিজ
খড়্গ খরতর হন্তিয়া ॥'

৮। 'শত শত' প-র। ৯। 'মোর' প-র। ১০। 'যাওত' ক, খ, প-র। ১১। 'ভরি ভরি' স্থলে 'ভরে অতি' প-র। ১২। 'জোর' ক, খ, ঘ, চ, প-র-সা। ১৩। 'ন খির' স্থলে 'থির' ক, খ, চ, প-র-সা। ১৪। 'ন থির' ইত্যাদি স্থলে 'দরকে দামিনী পাতিয়া' প-র। ১৫। 'বিদ্যাপতি' ইত্যাদি স্থলে প-র পুথির পাঠ যথা,—

'ভণয়ে শেখর কৈছে নিরবহু
সো হরি বিনু ইহ রাতিয়া।'

টীকা

১—৩। "এ সখি" ইত্যাদি। হে সখি! আমার দুঃখের সীমা নাই! এই ভরা বাদল ভাদ্র মাস (যাইতেছে!); আমার মন্দির শূন্য।

৪—৭। "ঝম্পি" ইত্যাদি। সন্তত অর্থাৎ সর্ব্বদা মেঘ ঝাঁপিয়া গর্জ্জন করিতেছে, পৃথিবী

ভরিয়া বর্ষণ করিতেছে; (আমার) কান্ত প্রবাসী; কন্দর্প দারুণ; (সে) সঘনে তীক্ষ্ণ শর হানিতেছে!

তত্র চাতুর্ম্মাস্য-বার্ত্তা।

মল্লার[১]।

মোর বন বন[২] শোর শুনত
বাঢ়ত মনমথ-পীড়।
প্রথম ছার আষাঢ়[৩] আওল
অবহুঁ গগন গম্ভীর[৪] ॥
দিবস রয়না আ রি[৫] সখি কৈছে
মোহন বিনে[৬] যাওয়ে ॥ ধ্রু ॥
আওয়ে শাঙন বরিখে ভাঙন
ঘন শোহায়ন[৭] বারি।
পঞ্চশর-শর ছুটত রে কৈছে
জীয়ে বিরহিনি নারি ॥
আওয়ে ভাদো বেগর মাধো
কাকো[৮] কহি ইহ দুখ।
নিডরে[৯] ডর ডর ডাকে ডাহুকি[১০]
ছুটত মদন-বন্দুক ॥
অছু হ আশিন গগন ভা-খিন
ঘনন ঘন ঘন রোল।
সিংহ ভূপতি ভণয়ে ঐছন
চতুর মাসকি বোল ॥২৬॥ ১৭৩৬ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৬০ সংখ্যক পদ। 'মল্লার' স্থলে 'সুরট ও মল্লার' প-র-সা। ২। 'মোর' ইত্যাদি স্থলে 'মৌর' ইত্যাদি খ; 'মোর বন বল' প-র-সা। ৩। 'আষাড়' চ। ৪। 'গভীর' ক। অতঃপর প-র-সা পুথিতে নিম্নলিখিত নাজাই পংক্তিটি দৃষ্ট হয়, যথা—'সখি হে কত মোর মনহি হোয়ে'। ৫। 'আর' ক, প-র-সা; 'অরি' খ; 'মরি' ঘ। ৬। 'বিনে' ঘ। ৭। 'সোহায়ল' প-র-সা। ৮। 'কাকোঁ' চ। ৯। 'নিয়ড়ে' চ। ১০। 'ডাহুকিনি' প-র-সা।

টীকা

১—৪। "মোর" ইত্যাদি। বনে বনে ময়ূরের শোর অর্থাৎ কোলাহল শুনিয়া মন্মথ-পীড়া বর্দ্ধিত হয়; (আষাঢ়াদি মাস-চতুষ্টয়ের) প্রথম—ছার আষাঢ় আগত হইল; এখনও অর্থাৎ এত বর্ষণ সত্ত্বেও আকাশ (মেঘের) গম্ভীর-নাদ-পূর্ণ!

১৫—১৮। "অছু হ" ইত্যাদি। আশ্বিনও এইরূপ (দুঃখ-জনক); আকাশে দীপ্তি-ক্ষীণ অর্থাৎ জলীয়-বাষ্পাভাব হেতু পাণ্ডুর-বর্ণ ঘন-সমূহ ঘন ঘন শব্দ করিতেছে; (পদ-কর্ত্তা) সিংহ ভূপতি এই প্রকার (আষাঢ়াদি) মাস-চতুষ্টয়ের (বিরহ-) বার্ত্তা বর্ণন করিতেছেন।

তত্র দূতী-প্রেরণং।

পঠমঞ্জরী[১]।

কে যাবে মথুরাপুর কার লাগি পাব।
এ সব দুখের[২] কথা লিখিয়া পাঠাব ॥
হাথ[৩] কলম করি নয়ন করি দোত[৪]।
কলিজা কাগজ[৫] করি লিখি চাঁদ-মুখ ॥
কেহু ত না কহে রে আওব তোর পিয়া[৬]।
কত না রাখিব চিত নিবারণ দিয়া ॥
॥২৭॥১৭৩৭ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৬১ ও প-র পুথির ৪০।৯০ সংখ্যক পদ। 'পঠমঞ্জরী' স্থলে 'করুণ' প-র। ২। 'দুখের' প-র। ৩। 'হাত' ক, চ। ৪। 'দূত' ক, খ, ঘ, প-র; 'দুয়াত' চ; 'দোখ' প-র-সা। ৫। 'কাজর' ক। ৬। 'কেহু' ইত্যাদি বাকি পংক্তিগুলির পরিবর্ত্তে প-র পুথিতে 'যেখানে সতত বৈসে রসিক মুরারি' ইত্যাদি ১৬৮০ সংখ্যক পদটি লিখিত হইয়াছে।

টীকা

৩—৪। "হাথ" ইত্যাদি। (আমার) হস্তকে কলম, নয়নকে দোয়াত ও কলিজাকে কাগজ করিয়া (প্রিয়তমের) চন্দ্র-বদন অঙ্কিত করি। (অজস্র বিগলিত নয়নাশ্রু প্রিয়তমের মানস-চিত্রাঙ্কনে মসীর কার্য্য সম্পাদন করে বলিয়া, অশ্রুর আধার নয়নকে 'দোত' অর্থাৎ দোয়াত বলা হইয়াছে। চ পুথির 'দুয়াত' পাঠে ছন্দঃপতন ঘটে)।

তথা রাগ[১]।

দেখিলা[২] যতেক দুখ কহিয়[৩] বন্ধুরে।
পুছিয়[৪] তাহারে মোরে মনে নাকি করে॥
কহিবা দুখের কথা বিরলে পাইয়া।
ধরিবা চরণে তার সময় বুঝিয়া॥
কহিয় কহিয়[৫] সখি মোর পিয়া পাশ।
এত দিনে গেল মোর জীবনের আশ॥
এত শুনি সো সখি করল পয়ান।
আওল মধুপুরি বলরাম গান॥
॥ ২৮ ॥ ১৭৩৮ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৬২ সংখ্যক পদ। ক, খ, ঘ ও চ পুথিতে 'দেখিলা' ইত্যাদি পংক্তিগুলি ১৭৩৭ সংখ্যক পদের শেষাংশরূপে লিখিত হইলেও এই পল্লবের পদ-সংখ্যা পূরণ জন্য প-র-সা পুথি অনুসারে উক্ত পংক্তিগুলি স্বতন্ত্র পদরূপে গণিত হইল। ২। 'দেখনা' প-র-সা। ৩। 'কহিও, ক, চ। ৪। 'পুছিও' ক। ৫। 'কহিও কহিও' ক।

ধানশী[১]।

তুহুঁ বিছুরলি গোরি রহলি মথুরাপুরি
নগরে নাগরি হেরি ভোরি[২]।
গগনে জলদ হেরি মনে মনরথ করি
বিরহ-সাগরে ধনি বোরি[৩]॥
কানাই, করুণার লব[৪] তোহে নাই।
তোহারি বিরহে ধনি নিশি দিশি ঝুরই
তুরিতে মিলহ তুহুঁ যাই[৫]॥
ধরণি শয়ন করি সঘন নয়ন ঝরি[৬]
সহচরি রহত আগোরি[৭]।
দিনে দিনে দুবরি[৮] কৈছে জিবন[৯] ধরি
গোবিন্দদাস পহুঁ ছোড়ি॥
॥ ২৯ ॥ ১৭৩৯ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৬৩ ও প-র পুথির ৪০।১০২ সংখ্যক পদ। 'ধানশী' স্থলে 'শ্রীরাগ' প-র। ২। 'ভোর' প-র। ৩। 'বুর' প-র। ৪। 'কানাই' ইত্যাদি স্থলে 'করুণা কিরণ' প-র। ৫। 'তোহারি' ইত্যাদি প-র পংক্তিদ্বয় ক, খ, ঘ ও চ পুথিতে নাই; তৎপরিবর্ত্তে প-র-সা পুথির পাঠ যথা,—

'তুহুঁ বড় কঠিন কি কহব পুন পুন
মধুপুর পথ হেরি রাই॥'

৬। 'ঝুরি' প-র-সা। ৭। 'আগোরি' ক, খ, ঘ, চ, প-র-সা। ৮। 'দুবরি' ক, খ, ঘ, চ, প-র-সা। ৯। 'হৃদয়' প-র।

তথা রাগ[১]।

পরখি পেখলুঁ পুরুষ-উত্তম[২]
পুরুষ[৩] পাহুন-জাতি।
প্যারি[৪] পামরি পিরিতি-পাবকে
পৈঠে পতগক ভাতি॥
পৌর-পুণবতি পহিল[৫] পরিচয়
প্রাণ-পহুঁ তুহুঁ ভোরি।
প্রেম-পরবশ পুরুব-প্রেয়সি
পন্থ পেখই তোরি॥

প্রচুর পরিমল- পঙ্ক পঙ্কজ-
পরশে পীড়িত গাত।
পড়য়ে প্রিয়-সখি- পায়ে পুন পুন
প্রখর পাঁচ-শর ঘাত॥
পাপ পাউখ পবন প্যাসিত[৬]
পপিহা[৭] পিউ পিউ[৮] ভাষ।
পুন কি পাওব পরম[৯] প্রিয়তম
পুছত গোবিন্দদাস॥৩০॥ ১৭৪০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৬৪ সংখ্যক পদ। ২। 'পুরুষ-উত্তম' স্থলে 'পুরুষ পুরুষোত্তম' ক, খ, ঘ, চ, প-র-সা। 'পুরুষ পুরুষোত্তম' পাঠে ছন্দঃ-পতন ঘটে এবং উহাতে সমীচীন অর্থ হয় না; বোধ হয়, এ জন্যই রাধামোহন ঠাকুর লিখিয়াছেন, 'পুরুষ পুরুষোত্তম' ইতি পাঠঃ ক্বচিৎ। স তু চিন্ত্যঃ।' 'পুরুষ-উত্তম' স্থলে প-স মুদ্রিত গ্রন্থে যে 'পুরুষোত্তম' পাঠ গৃহীত হইয়াছে, তাহাতেও ছন্দোভঙ্গ ঘটে; কেন না, এই পদের প্রত্যেক অযুগ্ম পংক্তিতে ৩+৪+৩+৪=১৪ মাত্রা আছে; 'পুরুষোত্তম' পাঠে ৭ মাত্রা স্থলে ৬ মাত্রা হওয়ায় ছন্দঃপতন অনিবার্য্য। ৩। 'তুহুঁ সে' চ; 'তুহুঁ সে পুরুখ' ঘ। ৪। 'পিয়ারি' ক, খ। ৫। 'পহিলে' ক, খ। ৬। 'পিয়াসিত' ক, খ,। ৭। 'পিপিহা' চ; প-র-সা। ৮। 'পিয় পিয়' প-র-সা। ৯। 'পরশ' খ।

টীকা

১—৪। "পরখি" ইত্যাদি। হে পুরুষোত্তম অর্থাৎ পুরুষশ্রেষ্ঠ কৃষ্ণ! (আমরা) পরীক্ষা করিয়া দেখিলাম যে, পুরুষ প্রবাসি-জাতীয় অর্থাৎ প্রবাসে অবস্থানই তাহার জাতির স্বধর্ম্ম; (সুতরাং পুরুষ-শ্রেষ্ঠ তুমি যে প্রবাসি-শিরোমণি হইবে—তাহাতে কি সন্দেহ আছে?) (এ দিকে) নীচ-কুলোদ্ভবা প্রিয়া (শ্রীরাধা) তোমার প্রেম-বহ্নিতে পতঙ্গের ন্যায় প্রবেশ করিতেছে!

৫—৮। "পৌর" ইত্যাদি। হে প্রাণনাথ! পুণ্যবতী অর্থাৎ পুণ্য হেতু পরম-সৌভাগ্য-শালিনী মথুরা—পুর-রমণীর সহিত প্রথম পরিচয়ে তুমি মত্ত হইয়াছ; (এ দিকে) তোমার প্রেমের অধীন পূর্ব্ব-প্রিয়তমা তোমার পথ চাহিতেছে।

মল্লার ১।

ঝর ঝর জলধর-ধার।
ঝঞ্ঝা-পবন বিথার॥
ঝলকত দামিনি-মালা।
ঝামরি ভৈ গেল বালা॥
ঝূট[২] কি কহব কানাই[৩]।
ঝুরত[৪] তুয়া বিনু রাই॥
ঝন ঝন বজর-নিসান।
ঝাঁপি রহত তুহুঁ[৫] কাণ॥
ঝিঞ্ঝিরি[৬] ঝঙ্করু রাতি।
ঝঙ্ক সহনে নাহি[৭] যাতি॥
ঝুমরি[৮] দাদুরি বোল।
ঝুলত[৯] মদন-হিলোল॥
ঝটকি চলহ[১০] ধনি পাশ।
ঝগড়ত[১১] গোবিন্দদাস॥
॥৩১॥ ১৭৪১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৭।৯৬৫ সংখ্যক পদ। ২। 'ঝুঠ' ঘ,; 'ঝাট' প-র-সা। ৩। 'মাধাই' প-র-সা। ৪। 'ঝুরত' ক, চ; প-র-সা। ৫। 'তুই' ক, 'তুয়' ঘ। ৬। 'ঝিঞ্জি' ক, খ, চ; 'ঝঞ্জি' ঘ। ৭। 'সহনে নাহি' স্থলে 'সহন না' ক, খ। ৮। 'ঝমরি' ঘ। ৯। 'ঝুলত' ক, চ, প-র-সা। ১০। 'চলত' ক, খ। ১১। 'ঝগড়ছ' প-র-সা।

বালা ধানশী[১] ।

কি কহব মাধব রাইক খেদ ।
বাউরি[২] ভেল ধনি তোহারি বিছেদ[৩] ॥
যত দুখ দেয়ল পাপ অনঙ্গ ।
এত কি সহয়ে অবলা ক্ষিণ[৪] অঙ্গ ॥
বরিষা[৫] গেল শরত পরবেশ ।
অব কিয়ে মাধব না চলবি দেশ ॥
আপনে যাই মিলহ ধনি পাশ ।
কতয়ে নিবেদব নন্দন দাস ॥ ৩২ ॥ ১৭৪২ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৬৬ সংখ্যক পদ।
২। 'বাউলি' ঘ, চ। ৩। 'বিচ্ছেদ' ক, খ, প-র-সা।
৪। 'ক্ষীণ' ক। ৫। 'বরিসাত' প-র-সা।

অথ শরৎকালোচিত-বিরহঃ ।

তদ্ভাবাক্রান্তঃ শ্রীমহাপ্রভুঃ ।

সিন্ধুড়া[১] ।

শরত-চান্দ জিনি গোরা-মুখ চান্দ ।
শারদ-নিশাকর হেরি হেরি কান্দ ॥
সময় শরদ সুখ[২] সোঙরি সোঙরি ।
কান্দয়ে গৌরাঙ্গ পহুঁ ফুকরি ফুকরি ॥
বিদরিয়া যায় হিয়া সে মুখ দেখিতে ।
মূঢ় যেহো নারে সেহো ধৈরজ ধরিতে ॥
কান্দিয়া আকুল যত প্রিয় অনুচর ।
কৃষ্ণদাস কহে মুঞি বড়ই পামর ॥
॥ ৩৩ ॥ ১৭৪৩ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৬৭ সংখ্যক পদ
২। 'মুখ' প-র-সা।

শ্রীগান্ধার[১] ।

আওল শরদ নিশাকর নিরমল
পরিমল কমল-বিকাশ ।
হেরি হেরি-বরজ- রমণিগণ মুরছই[২]
সোঙরিয়া রাস-বিলাস ॥
মাধব তুয়া অতি চপল চরিত ।
কিয়ে অভিলাষে রহলি মথুরাপুরে
বিসরিয়া পুরুব-পিরিত ॥ ধ্রু ॥
এ সুখ-যামিনি বিরহিনি কামিনি
কৈছনে[৩] ধরব পরাণ ।
রোই রোই ভরম সরম সব তেজল
জিবইতে[৪] নাহি নিদান ॥
অমল কমল-দল যো মুখ-মণ্ডল
অব ভেল ঝামর তুল ।
চম্পতিপতি তোহে[৫] কিয়ে সমুঝায়ব
পেখহ বল্লবিকুল ॥৩৪ ॥১৭৪৪ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৬৮ সংখ্যক পদ।
২। 'মুরুছয়ে' ক, চ; প-র-সা। ৩। 'যৈছনে' ঘ।
৪। 'জীবইতে' ক, খ। ৫। 'তুহু' ঘ; 'তোহেঁ' চ।

সুহই[১] ।

শুনহ নিকরুণ কান[২] ।
তুয়া রাই ভেল[৩] নিদান ॥
যব পরশে সরসিজ-শেজ ।
তব চমকে[৪] জনু জিউ[৫] তেজ ॥
তাহে শরদ-যামিনি-কান্ত ।
হেরি জিবন[৬] তেজব নিতান্ত ॥
যব রোয়ত সহচরি মেলি ।
তব রচিয়া পুরুবক কেলি ॥
যব হেট করি রহু শির ।
তব সবহুঁ স্তবধ শরীর ॥
যব তাপ উপজয়ে[৭] অঙ্গ ।

তব যৈছে দহন-তরঙ্গ ॥
যব সঘনে কাঁপয়ে দেহ।
তব ধরিতে নারয়ে কেহ ॥
যব তেজই দীঘ[৮] নিশাস।
তব দূরে[৯] রহুঁ জ্ঞানদাস ॥
॥ ৩৫ ॥ ১৭৪৫ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৬৯ সংখ্যক পদ। ২। এই পদের প্রথম চরণ ব্যতীত প্রত্যেক চরণে নিম্নলিখিতরূপ মাত্রা-বিভাগ আছে। যথা,—২+৩+৪+৩=১২। সুতরাং প্রথম চরণেও তদনুসারে 'শুন শুনহ নিকরুণ কান'—এইরূপ দ্বাদশ-মাত্রাত্মক পাঠ থাকা ও লিপিকর-প্রমাদে নিরর্থক পুনরুক্তি-বোধে 'শুন' শব্দটি পরিত্যক্ত হওয়া প্রতীত হয়। পূর্বোক্ত মাত্রা-বিভাগ জন্যই 'জিউ', 'জিবন' ইত্যাদি পাঠ সমীচীন বুঝিতে হইবে। ৩। 'ভেলি' খ, চ, প-র-সা। ৪। 'চমকি' চ। ৫। 'জীউ' ক। ৬। 'জীবন' ক। ৭। 'উপজিয়ে' ক, খ। ৮। 'দীঘল' ক। ৯। 'দূরে' ক, খ।

অথ শীতকালোচিত-বিরহঃ।

অথ হেমন্তশিশিরয়োরেকত্র বর্ণনং।

তত্র শ্রীগৌরচন্দ্রঃ।

পাহিড়া[১]।

আরে মোর গৌর কিশোর।
নাহি জানে দিবানিশি কারণ বিহনে হাসি
মনের ভরমে পহুঁ ভোর ॥ ধ্রু ॥
ক্ষেণে উচ্চ-স্বরে গায় কারে পহুঁ কি সুধায়[২]
কোথায় আমার প্রাণনাথ।
ক্ষেণে শীতে অঙ্গ কম্প ক্ষেণে ক্ষেণে দেই লম্ফ
কাহাঁ পাঙ যাঙ কার সাথ ॥
ক্ষেণে উর্দ্ধ বাহু করি নাচি বুলে[৩] ফিরি ফিরি
ক্ষেণে ক্ষেণে করয়ে প্রলাপ।
ক্ষেণে আঁখিযুগ মুন্দে[৪] হা নাথ বলিয়া কান্দে
ক্ষেণে ক্ষেণে করয়ে সন্তাপ ॥
কহে দাস নরহরি আরে মোর গৌরহরি
রাধার পিরিতে হৈল হেন।
ঐছন করিয়া চিতে কলিযুগ উদ্ধারিতে
বঞ্চিত হইলুঁ মুঞি কেন ॥৩৬॥১৭৪৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৭০ সংখ্যক পদ। ২। 'সোধায়' ঘ, চ। ৩। 'বোলে' ক, চ; 'বলে' প-র-সা। ৪। 'মুদে' চ।

ভূপালী[১]।

হিম-ঋতু হিম-কর হিমময় বাত।
তাহে বিরহ-জরে[২] থর থর গাত ॥
এ হরি কত সহুঁ[৩] অবলা নারি।
বিরহক বেদন সহই না পারি ॥
দীঘল রজনি তুরিতে না পোহায়।
ছট ফট[৪] করি নিশি জাগিয়া গোঙায় ॥
পুরুব-রভস মনে হয়ে উপনীত।
উচ-স্বরে তবহি রোয়ে বিপরীত ॥
জীবন ধরয়ে[৫] তুয়া প্রতিআশে।
তোহারি চরণে কহ উদ্ধবদাসে ॥
॥ ৩৭ ॥ ১৭৪৭ ॥

পাঠান্তর

১। ইহ প-র-সা পুথির ৯৭১ সংখ্যক পদ। ২। 'জরে' ক। ৩। 'শত' প-র-সা। ৪। 'ছটফটি' ঘ; 'ছটপটি' চ। ৫। 'ধারয়ে' ঘ, চ।

শ্রীগান্ধার[১]।

আঘণ মাসে আশ বহু আছিল
মিলব করি অনুমানি।
সো সব মনরথ[২] দুরহিঁ[৩] দূরে রহু[৪]
জিবইতে[৫] সংশয় জানি॥
শুন শুন নিরদয় কান।
ইহ দুখ শুনি তুয়া চীত না দরবয়ে
কৈছন হৃদয় পাষাণ॥ ধ্রু॥
পৌর-রমণিগণ বহু গুণ জানত
তাহে বুঝি বারল[৬] চীত।
রসময় সদয়- হৃদয় গুণ বিছুরলি
ভূললি[৭] সে[৮] হেন পিরীত॥
আগমন সময়ে যতেক আশোয়াসলি
সো কছু আছয়ে চীত[৯]।
শুনইতে তোহারি নিঠুরপন গুণগণ
জ্ঞানদাস চিত ভীত[১০]॥
॥ ৩৮ ॥ ১৭৪৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৭২ সংখ্যক পদ। ২। 'মনোরথ' ক। ৩। 'দূরহিঁ' ক। ৪। 'রহ' ঘ, চ। ৫। 'জীবইতে' ক। ৬। 'বারণ' ঘ, চ; প-র-সা। ৭। 'ভুললি' ক; প-র-সা। ৮। 'সো' ক। ৯। 'চীতে' ঘ। ১০। 'ভীতে' ঘ।

ধানশী[১]।

তোহারি সঙ্কেত- নিকুঞ্জে বসিয়া
কত করু পরলাপ।
তুহিন-পবনে বিরহ-বেদনে
সঘনে হৃদয় কাঁপ॥
পুরুব বাসক- শয়ন সোঙরি
রচই বিবিধ শেজ।
সহচরীগণে করিয়া রোদনে
দূরেহি সবহুঁ[২] তেজ॥
কবহুঁ সুমুখী[৩] বিমুখ[৪] হইয়া
মানিনী সমান রহে।
যাহ যাহ[৫] কান না হেরি বয়ান
সতত এমতি কহে॥
কবহুঁ রোদন[৬] দশন বিথারি
খল খল করি হাসে।
দারুণ বিরহে ভৈ গেও[৭] বাউরি
কহই অনন্ত দাসে॥
॥৩৯॥১৭৪৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৭৩ সংখ্যক পদ। ২। 'দূরেহি সবহুঁ' স্থলে 'দূরহি সবহি' প-র-সা। ৩। 'সুমুখে' চ। ৪। বিমুখি ঘ। ৫। 'যায় যায়' ক। ৬। 'বদন' ঘ। ৭। 'গেল' ঘ।

তিরোথা[১]।

শিশিরক শীত সবহুঁ দূরে[২] গেল।
বিরহ-আনলে জনু নিদাঘ সম ভেল[৩]॥
দহই কলেবর শীতল পবনে।
কো পাতিয়ায়ব ইহ সব বচনে॥
জর জর অন্তর বিরহক ধূমে।
জাগরে জাগি দূরে রহুঁ ঘুমে[৪]॥
বচন কহই যব জনু পরলাপ।
কহই না পারিয়ে যতহুঁ সন্তাপ॥
কোই কহই[৫] তোহে রসময় কান।
তুহুঁ সম কঠিন জগতে নাহি আন॥
তোহারি বচনে আর নাহি পরতীত।
কুলবতি করু জনি[৬] তোহে পিরীত॥
যতহুঁ বিরহ-দুখ কি কহব হাম।
দাস যদুনাথ তোহে পরণাম॥ ৪০ ॥১৭৫০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৭৪ সংখ্যক পদ। ২। 'দূরে' ক। ৩। 'বিরহ' ইত্যাদি চরণটি ছন্দো-ভঙ্গ-দুষ্ট; এই চরণের 'জনু' ও 'সম' শব্দ দু'টির মধ্যে 'জনু' শব্দটি প্রক্ষিপ্ত বলিয়া পরিত্যাগ করিলে ছন্দোদোষ কিয়ৎ-পরিমাণে সংশোধিত হইতে পারে। 'বিরহক অনল নিদাঘ সম ভেল' শুদ্ধ পাঠ ছিল বলিয়া প্রতীত হয়। ৪। 'ঘুমে' ক, চ; প-র-সা। ৫। 'কহয়ে' ক; প-র-সা। ৬। 'জনু' ঘ।

অথ একত্র ষড়ৃতু- বিরহবর্ণনং যথা।

বড়াড়ী সুহই[১]।

হিম-ঋতু সময়ে সঙ্কেত-কুঞ্জে ধনি
তুয়া লাগি করত বিলাপ।
ঘোর বিরহ-জরে[২] জরজর মানস
শিশিরহি থরথর কাঁপ ॥
রীতু[৩] রসন্ত[৪] বিবিধ ফুল বিকসিত
ফাগুয়া খেলই রঙ্গে।
সোবর-নারি তোহারি লাগি ঝুরত[৫]
রোয়ত সহচরি সঙ্গে ॥
গিরিষ সময়ে তনু গলি গলি পড়ু মহি
ঘামই বিরহ-হুতাশে।
বর্ষা ঋতু ভেল ঝরয়ে নয়নে জল
দুখ-সায়রে ধনি ভাসে॥
নিরমল শরদ-চাঁদ হেরি সো ধনি
সোঙরিয়া রাস-বিলাস।
রসমতি-হৃদয় ভেল উধ শ্বাসহি
কহতহিঁ উদ্ধবদাস ॥৪১ ॥ ১৭৫১ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৭৫ সংখ্যক পদ। ২। 'জ্বরে' ক, খ। ৩। 'ঋতু' ক, ঘ, চ; প র-সা। ৪। 'বসন্তে' ঘ। ৫। 'ঝুরত' ক, চ; প-র-সা।

শ্রীরাগ[১]।

ভাল ভেল মাধব তুহুঁ রহুঁ দূর।
অযতনে ধনিক মনোরথ পূর ॥
কী ফল অম্বরে[২] হিম-ঋতু রাতি।
যাহাঁ শূতলি[৩] কিশলয়-দল পাতি[৪] ॥
কী ফল নিয়ড়ে হুতাশন মন্দ।
নিতি নিতি উদয়ত[৫] গগনহি চন্দ ॥
কাহে সিনায়ব উতপত বারি।
নয়নহি তাপিত[৬] সলিল উভারি ॥
ঐছন গণইতে তুয়া গুণ-কোটি।
মানল পৌখলি[৭] যামিনি ছোটি ॥
সবে নাহি সমুঝিয়ে দিনকর[৮]-বীত।
কিয়ে শীতল কিয়ে তপত-চরীত[৯] ॥
গোবিন্দ দাস কহ এতহুঁ সম্বাদ।
তনু জীবন তুহুঁ ধনিক বিবাদ ॥৪২॥১৭৫২

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৭৬ ও প-র পুথির ৪০।১২৮ সং পদ। 'শ্রীরাগ' স্থলে 'তোড়ি' প-র। ২। 'অম্বর' ক, খ। ৩। 'শুতলি' ক; প-র-সা। 'শূতব' প-র। ৪। 'পাঁতি' ক, খ, চ। ৫। 'উয়ত' ক, খ, প-র-সা। ৬। 'তাপনি' ক, খ, ঘ, চ; 'তাপিনী' প-র-সা। ৭। 'পৌখক' ক, খ, ঘ, চ; প-র-সা। ৮। 'দীনক' ঘ। ৯। 'চরিত' ক, চ; প-র-সা; প-র।

টীকা

১—২। "ভাল" ইত্যাদি। (সখী 'ব্যাজ-স্তুতি' অলঙ্কারের সাহায্যে শ্রীকৃষ্ণের মথুরা-প্রবাসের স্তুতি-চ্ছলে নিন্দা করিয়া বলিতেছেন) হে মাধব! তুমি দূরে রহিয়াছ—(ইহা) ভাল হইয়াছে; (কেন না) বিনা চেষ্টায়ই শ্রীরাধার উদ্দেশ্য সিদ্ধ হইতেছে!

৩—৪। "কী" ইত্যাদি। (সখী বিনা চেষ্টায় উদ্দেশ্য-সিদ্ধি বর্ণন করিতেছেন) যেখানে (শ্রীরাধা)

নব-পল্লব-রাজি বিছাইয়া শয়ন করিলেন, (সেই) শিশির-ঋতুর রজনীতে (শীত-নিবারক) বস্ত্রে কি প্রয়োজন ?

৯—১০। "ঐছন" ইত্যাদি। (সুদীর্ঘ পৌষ-রজনী কিরূপে অতিবাহিত হইবে—দারুণ চিন্তার বিষয় ছিল ; কিন্তু যেমন শ্রীরাধার অন্যান্য প্রয়োজন বিনা চেষ্টায় পূর্ণ হইয়াছে) সেইরূপ তোমার কোটি কোটি গুণ গণনা করিতে করিতে (শ্রীরাধা) পৌষ মাসের রজনীকেও (তোমার গুণ গণিয়া শেষ করিতে না পারায়) ছোট মনে করিতেছে !

১১—১২। "সবে" ইত্যাদি। কেবল দিবাকরের আচরণ বুঝিতে পারি না ; (উহা) কি শীতল ? কিম্বা তপ্ত-চরিত্র ? (শীত-রশ্মি চন্দ্র শ্রীরাধার নিকট শীত-নিবারক হুতাশনের ন্যায় প্রতীত হওয়ায় যদিও তীক্ষ্ণ-রশ্মি সূর্য্য তাঁহার নিকট সন্তাপ-জনক-রূপে প্রতীত হওয়া সঙ্গত ছিল, কিন্তু বিরহ-জনিত বৈবশ্য হেতু শ্রীরাধা সূর্য্যের তাপ নির্ব্বিকারে সহ্য করিতেছেন; সুতরাং পদ-কর্ত্তা সূর্য্যের শৈত্য কিংবা উষ্ণতায় সন্দেহ প্রকাশ করিয়া 'সন্দেহ' অলঙ্কারের দ্বারা শ্রীরাধার বিরহ-জনিত বৈবশ্যরূপ বস্তু ব্যঞ্জিত করিয়াছেন।)

ভূপা রাগ[১]।

হিম শিশিরে রিপু[২] মদন দুরন্ত।
দ্বিগুণ তাপায়ল রীতু[৩] বসন্ত ॥
গিরিষ দিবস-পতি কিরণ বিথার।
ঝামর ভেল তনু গল অনিবার ॥
শতগুণ ভেল ইথে কেবল নিদান।
কৈছনে[৪] বরিষায় রহল পরাণ ॥
হেরি সহচরি কছু ভেল আশোয়াশ।
শরদ-চাঁদ হেরি ভেল নৈরাস ॥
রোয়ত সখিগণ কিয়ে দিন রাতি।
জ্ঞানদাস হেরি বিদরয়ে ছাতি ॥

॥৪৩॥১৭৫৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৭৭ সংখ্যক পদ।
২। 'রিতু' খ। ৩। 'ঋতু' ক, ঘ, চ ; প-র-সা।
৪। 'ঐছন' ক, 'কৈছন' ঘ।

অথ ব্রজ-মণ্ডলস্য দুঃখমাহ।

দেশ বরাড়ী[১]।

গোকুল ছোড়ি[২] যবহুঁ তুহুঁ আয়লি
তব বিহি প্রতিকূল[৩] ভেল।
বরজ-বাসি কিয়ে থাবর[৪] জঙ্গম
বিরহ-দহনে দহি গেল ॥
তুয়া প্রিয় যতহুঁ সুরভিকুল আকুল
ত্রীণ[৫]-কবল করি মুখে[৬]।
হেরি মথুরাপুর লোচন ঝর ঝর
পানি না পীবত[৭] দুখে[৮] ॥
কোকিল ভ্রমরা সারী শুকবর[৯]
রোয়ত তরু পর বৈঠি।
তোহারি ময়ুর[১০] মৃগীকুল লুঠয়ে[১১]
শকতি নাহি বনে পৈঠি ॥
তরুকুল পল্লব সবহুঁ শুখায়ল[১২]
তেজল কুসুম-বিকাশে।
এতহুঁ বিপদে তোহেঁ কতয়ে নিবেদব
দুখি পুরুষোত্তম দাসে ॥৪৪॥১৭৫৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৭৮ সংখ্যক পদ। ২। 'ছাড়ি' ক। ৩। 'প্রতিকূল' ক। ৪। 'স্থাবর' ক। ৫। 'তৃণ' ক, চ ; প-র-সা। ৬। 'মুখে' ক, খ, চ ; প-র-সা। ৭। 'পিবত' ক ; প-র-সা। ৮। 'দুখে' ক, খ, চ ; প-র-সা। ৯। 'সুকবর' ক, চ ; প-র-সা। ১০। 'ময়ূর' ক। ১১। 'লুঠয়ে' ঘ ; প-র-সা। ১২। 'শুখাওল' ক।

অথ যশোদা-বিলাপমাহ।

ধানশী[১]

রজনী প্রভাতে মাতা যশোমতী
নবনী লইয়া করে।
কানাই বলাই বলিয়া ডাকয়ে
নিঝরে নয়ান ঝরে॥
তবে মনে পড়ে তারা মধুপুরে
তবহিঁ হরয়ে জ্ঞান।
ফুয়ল-কুন্তলে লোটায় ভূতলে
ক্ষেণে রহি মুরছান॥
শ্রীদাম সুবলে[২] আসিয়া[৩] সে বেলে
শ্রবণে বদন দিয়া।
তুয়া নাম করি উঠয়ে ফুকরি
শুনি থির[৪] বান্ধে হিয়া॥
চেতন পাইয়া সুবলে লইয়া
যতেক বিলাপ করে।
সে কথা শুনিতে মনুজ পশুজ
পরাণ নাহিক ধরে॥
তিল আধ তোরে না দেখিলে মরে
বনে না পাঠায়[৫] যেহ।
এ পুরুষোত্তম কহয়ে সে জন
কেমনে ধরিবে দেহ॥৪৫॥১৭৫৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৭৯ সংখ্যক পদ। ২। 'সুদামে' ক। ৩। 'আসিয়া' ইত্যাদি স্থলে 'আয়াসে বলে' ক; 'আসিঞা সে বলে' খ, চ; ৪। 'স্থির' ক; 'থির নাহি' চ। ৫। 'পঠায়ে' ঘ; 'পাঠায়ে' চ।

পাহিড়া[১]।

গোকুল নগরে ভ্রময়ে জনু বাউরি
উদসল[২] কুন্তল-ভার।
কাঁহা মঝু প্রাণ- তনয় ব্রজ-নন্দন
কহইতে বহে জল-ধার॥
মাধব সো জননী নন্দরাণী।
তুয়া বিরহানলে উমতি পাগলি জনু
কাহারে কি পুছয়ে বাণী॥ধ্রু॥
অব কাহে বেণু- শবদ নাহি শুনিয়ে
কোন কানন মাহা গেল।
বুঝি বলরাম সঙ্গে নাহি গেয়ল[৩]
কি পরমাদ আজু ভেল॥
ঐছে বিলাপ শুনই পুর-সহচরি[৪]
রোই আওত[৫] তছু পাশ।
বহু পরবোধ- বচনে গৃহে আনত
কহ পুরুষোত্তম দাস॥৪৬॥১৭৫৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৮০ সংখ্যক পদ। ২। 'উদাসল' ক, খ, ঘ, চ। ৩। 'সঙ্গে' ইত্যাদি স্থলে 'সঙ্গে বনে নাহি গেও' ঘ। ৪। 'ব্রজসহচরী' ক; 'পর সহচরি' খ। ৫। 'আওল' ক।

শ্রীরাগ[১]।

সোই জনক ব্রজ-রাজ।
না যায়ত ধেনু-সমাজ॥
বসিয়া রহয়ে নিশি-দীন[২]।
তিলে তিলে হোয়ত ক্ষীণ॥
কাহুঁক না কহ কছু বাত।
অবনত করি রহুঁ[৩] মাথ॥
ব্রজ-বালকগণ যাই।
কত পরবোধয়ে তাই॥
বহুত যতনে ব্রজ-নাথ।
ফুকরি কহয়ে[৪] কছু বাত॥
কহ কহ রে ব্রজ-বাল।
কাহাঁ মঝু প্রাণ-গোপাল॥

সহচর ভিন কাহে ভেল।
লালন কাহাঁ মঝু গেল ॥
শুনি বালকগণ রোয়[৫] ।
সো দুখ কি কহব তোয়[৬] ॥
শ্রীদামে করয়ে নিজ কোর[৭] ।
সীঁচয়ে[৮] নয়নক লোর[৯] ॥
তুয়া অভিলাষে অগেয়ান।
চুম্বয়ে তাক বয়ান ॥
ঐছন বিরহ-হুতাশ।
কহ পুরুষোত্তম দাস ॥৪৭॥১৭৫৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৮১ সংখ্যক পদ। ২। 'দিন' ক, চ; প-র-সা। ৩। 'রহ' ঘ। ৪। 'কহত' ঘ। ৫। 'রোই' প-র-সা। ৬। 'তোই' প-র-সা। ৭। 'কোরে' ঘ। ৮। 'সিঁচয়ে' ক, চ; প-র-সা। ৯। 'লোরে' ঘ।

অথ সখিগণস্য বিলাপো যথা।

ধানশী ১।

প্রভাতে উঠিয়া শ্রীদাম সুবল-
আদি সখাগণ মেলি।
নন্দের মন্দিরে চলে ধীরে ধীরে
যশোদা বিলাপ বেলি ॥
যাইয়া তাহারে কতেক প্রকারে
প্রবোধ-বচন কৈয়া।
আসিবার কালে হেরি ধেনু-শালে
পড়ে মুরছিত হৈয়া ॥
অনেক যতনে চেতন পাইয়া
ধেনুগণ সঙ্গে লৈয়া।
যমুনা-কাননে চলে গোচারণে
বিরহে বিভোর হৈয়া ॥
তুয়া প্রিয়[২] সেই কদম্বের মূলে
বসিয়া রাখাল মেলি।
দুহুঁ দুহুঁ গলে[৩] ধরিয়া কান্দয়ে
সোঙরি পুরুব-কেলি ॥
চূড়া নাহি বান্ধে নটবর-ছান্দে
বসন নাহিক পরে।
ভোজন তেজল দেহ দুরবল
সতত প্রলাপ করে ॥
ধেনুগণ আর না খায় আহার
না পিয়ে যমুনা-নীর।
স্তনে ক্ষীর ঝরে[৪] আঁখি[৫] জলে[৬] ভরে[৭]
হিয়া না বান্ধয়ে থীর ॥
দেখি সখাগণ কান্দিয়া সঘন।
লইয়া চলয়ে ঘরে।
এ পুরুষোত্তম কহয়ে এমতি
সকল গোকুল-পুরে ॥৪৮॥১৭৫৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৮২ সংখ্যক পদ। ২। 'পিয়' খ, চ; প-র-সা। ৩। 'দোহা' ঘ। ৪। 'পড়ে' ক, খ। ৫। 'আঁখে' ঘ। ৬। 'জল' ক, ঘ, চ; প র-সা। ৭। 'ধারে' ঘ।

এতদ্বাক্যং শ্রুত্বা শ্রীকৃষ্ণস্য বিলাপো যথা।

পঠমঞ্জরী[১]।

ঝর ঝর লোচন[২]-লোর।
নাগর ভেল বিভোর।
গোকুল-মণ্ডল-দুখ।
শুনইতে বিদরয়ে[৩] বুক ॥
ঘন ঘন তেজয়ে[৪] শ্বাস।
আকুল ভেল পিত-[৫]বাস ॥
গদ গদ কহে আধ[৬] বাত।
ধুলি[৭]-ধূসর ভেল গাত ॥

ঐছে মুগধ[৮] ভেল কান।
নৃপ কবিশেখর ভাণ[৯] ॥
॥ ৪৯ ॥ ১৭৫৯ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৮৩ সংখ্যক পদ। ২। 'লোচনে' ঘ। ৩। 'বিদরে' ক, খ। ৪। 'তেজই' খ। ৫। 'পীত' ক। ৬। 'আর' প-র-সা। ৭। 'ধূলি' ক। ৮। 'মুগধি' খ। ৯। 'গান' ঘ।

সুরট জয়জয়ন্তী[১]।

আরে সখি কবে হাম সো ব্রজে যায়ব[২]।
কবে পিতা নন্দ যশোদা মায়ের স্থানে
ক্ষীর সর মাখন খায়ব[৩] ॥ ধ্রু ॥
কবে প্রিয় ধবলী শাঙলী সুরভি লেই
সখা সঙ্গে দোহি দোহায়ব[৪]।
কবে প্রিয় শ্রীদাম সুবল সখা মেলি
কাননে ধেনু চরায়ব[৫] ॥
কবে যমুনা-তীরে[৬] নীপ-তরু-মূলে
মোহন বেণু বাজায়ব[৭]।
কবে বৃষভানু- কিশোরি গোরি সঙ্গে
কুঞ্জহি রাস বিহারব[৮] ॥
কবে ললিতা আদি[৯] রাইক প্রিয়সখি
আবেশে কোর পর লায়ব[১১]।
কহে কবিরঞ্জন ঐছন শুভদিন
রাইক মান মানায়ব[১২]॥
॥ ৫০ ॥ ১৭৬০ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৮৪ সংখ্যক পদ। ২। 'যাইব' ক, ঘ, চ; প-র-সা। ৩। 'খাইব' ক, ঘ, চ; প-র-সা। ৪। 'দোহাইব' ক, ঘ, চ; প-র-সা ৫ 'চরাইব' ক, ঘ, চ; প-র-সা। ৬। 'যমুনার কূলে' খ, চ; প-র-সা। ৭। 'বাজাইব ক, ঘ, চ; প-র-সা। ৮। 'বিহারিব' ক, ঘ, চ; প-র-সা। ৯। 'ললিতা আদি' স্থলে 'ললিতাদি' ক, চ। ১০। 'কবে' ইত্যাদি ভণিতার কলিটি খ পুথিতে নাই। ১১। 'লইব' ক, ঘ, চ; 'লাইব' প-র-সা। ১২। 'মানাইব' ক, ঘ, চ; প-র-সা।

শ্রীরাগ[১]।

অনেক বিলাপ করি।
সখীরে কহয়ে হরি ॥
হামারি শপতি তোরে।
চলহ গোকুল-পুরে ॥
সভারে আমার কথা।
কহি ঘুচায়বি বেথা ॥
এতহুঁ আদেশ পাই।
সো সখি চললি ধাই ॥
মিললি রাইক পাশ।
কহে গদ গদ ভাষ ॥
ধৈরজ ধরহ রাই।
দুখ গেল অবসাই[২] ॥
এ দাস মোহন গান।
আওব নাগর কান ॥ ৫১॥১৭৬১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৮৫ সংখ্যক পদ।
২। 'দুখ' ইত্যাদি স্থলে 'না কর বিষাদ তাই' খ।

অথ স্বপ্নে দর্শনং যথা।

তথা রাগ[১]।

আওব কানু শুনই ধনি বিরহিণি
হোয়ল দুখ অবসান।
কিশলয়-শেজে[২] রজনি-অবসানহি
ঘুমহি মুদল নয়ান ॥

হেরত সপনে সোই ব্রজ-বল্লভ
আওল গোকুল-পুর[৩]।
ধাওল ব্রজ-জন আনন্দ নিমগন[৪]
জয় জয় মঙ্গল পুর ॥
যশোমতি ধাই কোর পর লাওল[৫]
চুম্বয়ে ও মুখ-চান্দে।
ব্রজ-রমণীগণ করয়ে নিরীক্ষণ
আনন্দ হিয়া নাহি বান্ধে ॥
ঐছন হেরইতে স্বপন-ভঙ্গ, ভেল
আওব ভেল আশোয়াস।
রজনি প্রভাতে কহয়ে সব সখিগণে
কহ পুরুষোত্তম দাস ॥৫২॥১৭৬২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৮৬ সংখ্যক পদ।
২। 'শেজ' গ। ৩। 'পুর' ক, ঘ, চ; প-র-সা।
৪। 'ধাওল' ইত্যাদি পংক্তিদ্বয় ক, চ ও প-র-সা পুথিতে নাই; তৎপরিবর্ত্তে খ পুথির পাঠ যথা—
'যত দুঃখ ছিল সব দূরে গেল
দেখিয়া শ্যাম ফুর।'
৫। 'লেওল' ক।

ধানশী[১]।

রাজপুরাদ্গোকুলমুপযাতম্।
প্রমদোন্মাদিত-জননী-তাতম্ ॥
স্বপ্নে সখি পুনরদ্য মুকুন্দম্।
আলোকয়মবতংসিত-কুন্দম্ ॥ধ্রু॥
পরম-মহোৎসব-ঘূর্ণিত-ঘোষম্।
নয়নেঙ্গিত-কৃত-মৎপরিতোষম্ ॥
নব-গুঞ্জাবলি-কৃত-পরভাগম্।
প্রবল-সনাতন সুহৃদনুরাগম্ ॥

॥৫৩॥১৭৬৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৮৭ সংখ্যক পদ।

টীকা

১—৮। "রাজপুরা" দিতি। হে সখি! অদ্য স্বপ্নে মুকুন্দং পুনঃ আলোকয়ং অপশ্যং। কীদৃশং?—অবতংসিতং কর্ণভূষণীকৃতং কুন্দং যেন তং। শ্যাম-তনোঃ শ্বেতকর্ণভূষণস্যৈবাতিরূপত্বাদিতি ভাবঃ। পুনঃ কীদৃশং?—রাজপুরাৎ মধুপুরাৎ গোকুলং উপযাতং প্রাপ্তং। তথা প্রমোদেন হর্ষভরেণ উন্মাদিতৌ উন্মত্তীকৃতৌ জননীতাতৌ যেন তং। পুনঃ কীদৃশং?—পরমমহোৎসবেন শ্রীকৃষ্ণাগমন-জনিতেন ঘূর্ণিতাঃ ভ্রমিতাঃ নর্ত্তিতাঃ ইতি ভাবঃ। ঘোষাঃ গোপাঃ যেন তং। তথা নয়নেঙ্গিতৈঃ নেত্রভঙ্গীভিঃ কৃতঃ মৎপরিতোষো যেন তং। পূজ্যানাং গোপানামন্তিকে সম্ভাষণাদেরনৌচিত্যাৎ বিদগ্ধোচিত-সপ্রেম-নয়নেঙ্গিতৈরেব মমাপ্যায়নং তেন কৃতমিতি ভাবঃ। পুনঃ কীদৃশং?—নবৈঃ গুঞ্জাবলিভিঃ কৃতঃ রচিতঃ পরভাগঃ সৌন্দর্য্যোৎকর্ষঃ যেন তং। তথা প্রবলঃ প্রকৃষ্টঃ সনাতনশ্চিরস্থায়ী সুহৃদনুরাগঃ বন্ধুস্নেহঃ যস্য তং। পক্ষে প্রবলঃ সনাতনে দাসভূতে সুহৃৎসু চ অনুরাগো যস্যেতি বিগ্রহঃ।

অনুবাদ।

১—৮। হে সখি! আমি অদ্য স্বপ্নে পুনর্ব্বার কুন্দ-পুষ্পের কর্ণভূষণশালী শ্রীকৃষ্ণকে দেখিয়াছি। তিনি (যেন) রাজধানী মথুরা হইতে গোকুলে সমাগত হইয়াছেন এবং হর্ষাতিরেক দ্বারা পিতা ও মাতাকে অধীর করিয়া তুলিয়াছেন! তিনি গোপগণকে পরম মহোৎসব দ্বারা নর্ত্তিত করিয়া নয়নেঙ্গিত দ্বারা আমার পরিতোষ বিধান করিতেছেন! নব-গুঞ্জাবলি দ্বারা তাঁহার সৌন্দর্য্যের উৎকর্ষ সাধিত হইয়াছে; সুহৃদ্গণের প্রতি তাঁহার অনুরাগ প্রবল ও চিরস্থায়ী!

তথা রাগঃ[১]।

আওল গোকুলে নন্দ-কুমার।
আনন্দ কোই কহই জনি পার॥
কি কহব রে সখি রজনিক কাজ।
স্বপনহি হেরলুঁ নাগর-রাজ॥ ধ্রু॥
আজুং[২] শুভ নিশি কি পোহায়লু হাম।
প্রাণ-পিয়ায়ে[৩] করলুঁ পরণাম॥
বিদ্যাপতি কহে শুন বরনারি।
ধৈরজ করহ তুহে[৪] মিলব মুরারি॥

॥৫৪॥১৭৬৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৮৮ সংখ্যক পদ। ২। 'আজি' ক। ৩। 'প্রাণ পিয়া যে' ক; প-র-সা; 'প্রাণপিয়াকে' ঘ। ৪। 'তোহে' ক।

ইতি চতুর্থশাখায়াং অষ্টম-পল্লবঃ।

অথ দ্বাদশমাসিক-বিরহাবস্থা।

শ্রীমদ্গৌরচন্দ্রস্য বিরহেণ যথা।

সুহই[১]

ইহ পহিল মাঘক মাহ।
সব ছোড়ি চলু মঝু নাহ॥
জিনি কনক কেশর-দাম।
পহুঁ গৌর সুন্দর-ধাম[২]॥
পহুঁ গৌর সুন্দর- ধাম শ্যামর
কেশ[৩] চামর শোহই॥
কুসুম-শর-বর জিনিয়া সুন্দর
কতহুঁ ভাবিনি মোহই॥
না হেরি[৪] সো মুখ ফাটি যায়[৫] বুক
প্রাণ ফাফর হোয় রি।
কেশব ভারতি মন্দ-মতি অতি
কয়ল[৬] প্রিয় যতি[৭] সোয় রি[৮]॥

॥১॥১৭৬৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৮৯ সংখ্যক পদ। প-র-সা ও আমাদিগের দৃষ্ট পদকল্পতরুর সকলগুলি হস্তলিখিত পুথিতেই 'ইহ পহিল মাঘক মাস' ইত্যাদি ১৭৬৫—১৭৭৬ সংখ্যক বারমাসী পদগুলি একটি পদ বলিয়া গণিত হইয়াছে। নবম পল্লবের আরও কতকগুলি বারমাসী পদও এইরূপ গণনা করা হইয়াছে। ইহার ফলে নবম পল্লবের নির্দ্দিষ্ট পদ-সংখ্যা ৮৭ স্থলে মুদ্রিত ও হস্তলিখিত পুথিগুলির প্রদত্ত সংখ্যা অনুসারে মাত্র ২১টি দৃষ্ট হয়। বারমাসী পদগুলি স্বভাবতই সুদীর্ঘ; সুতরাং ৬৬টি ছোট বড় পদ যে নানা স্থানের লিখিত সকলগুলি পুথি হইতে লিপিকর-ভ্রমে পরিত্যক্ত হইয়াছে—ইহা নিতান্তই অসম্ভব বোধ হয়। কয়েকটি বারমাসী পদের প্রত্যেকটিকে ১২টি পদ বলিয়া ধরিলে পল্লবের নির্দ্দিষ্ট পদ-সংখ্যার পূরণ হয় দেখিয়া আমরা মুদ্রিত ও হস্তলিখিত গ্রন্থের ভ্রান্ত গণনা-রীতি পরিত্যাগ করিয়া, বহু-ক্লেশে সঙ্কলয়িতার অভীষ্ট প্রকৃত সংখ্যার উদ্ধার করিয়া, তদনুসারে পদ-সংখ্যার নির্দ্দেশ করিয়াছি। ৪র্থ শাখার ২৭শ পল্লবের পদসংখ্যা ১৩টি নির্দ্দিষ্ট আছে। কিন্তু সকল গ্রন্থেই তৎস্থলে মাত্র ৩টি পদ দেখা যায়। ২৭শ পল্লবের প্রথমেই বৈষ্ণবদাস কর্ত্তৃক জয়দেবের দশাবতার-স্তোত্রটি সন্নিবেশিত হইয়াছে। ঐ স্তোত্রের ১১টি শ্লোক (Stanza) ১১টি পদরূপে গণনা করিলে পল্লবের পদ-সংখ্যা পূর্ণ হয়। ৯ম ও ১১শ পল্লবে যখন কোন পুথিতেই আর অতিরিক্ত পদ পাওয়া যায় নাই, তখন এ ভাবে পদ-সংখ্যা পূরণই যে সঙ্কলয়িতার অনুমোদিত তাহাতে সন্দেহ করার কোন কারণ দেখা যায় না। ২। 'নাম' খ। ৩। 'কেশর' খ। ৪। 'হেরিয়ে' ক। ৫। 'যায়ে' ক; 'যায়ত' খ। ৬। 'কহল' প-র-সা। ৭। 'অতি' ঘ; 'য়তি' প-র-সা। ৮। 'সোঙরি' প-র-সা; 'সোইরি' ঘ; 'সো অরি' খ, চ।

ইহ মাহ ফাগুন ভেল।
বিতি নাহ কাহাঁ লেই গেল ॥
তহিঁ আওয়ে পুণমিক রাতি।
দিন সোঙরি ফুটত[১] ছাতি ॥
দিন সোঙরি ফুটত[২] ছাতি সো সুখ[৩],
জন্ম-দিন ইহ গাবিয়া।
ভকত-চাতক অঝরে লোচন
রোয়ত সো সুখ ভাবিয়া[৪] ॥
হাম কৈছে রাখব প্রাণ পামর
গৌর-তনু নাহি পেখিয়া[৫]।
ঐছে মাধুরি প্রেম-চাতুরি
সোঙরি ফাটত ছাতিয়া[৬] ॥২॥১৭৬॥

পাঠান্তর

১। 'ফুরত' ক, চ; প-র-সা। ২। 'ফুরত' ক, চ; প-র-সা। ৩। 'মুখ' ঘ। ৪। 'হেরিয়া' ক, চ। ৫। 'ঐছে মাধুরি' ইত্যাদি স্থলে প্রেম চাতুরি ঐছে মাধুরি' খ; 'মুকুর চম্পক কনক লজ্জিত' ঘ। ৬। 'সোঙরি' ইত্যাদি স্থলে 'কনক লজ্জিত দেখিয়া' খ; 'যো রূপ মাধুরি দেখিয়া' ঘ। অতঃপর খ পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত কলিটি দৃষ্ট হয়, যথা—

'ও রূপ মাধুরি মুকুর চম্পক
সোঙরি ফাটত ছাতিয়া।
ভাবিয়া সে রূপ তনু জরজর,
কবে সে যাইব মোরিয়া ॥'

ইহ আওয়ে চৈতক মাহ।
ঋতুরাজ-রাজক দাহ ॥
ইহ ভকতবৃন্দক মেলি[১]
পহুঁ করত কীর্ত্তন-কেলি ॥
পহুঁ করত কীর্ত্তন কেলি কাঞ্চন-
বল্লি-মাধুরি[১] গঞ্জিয়া।
বাহুযুগ তুলি কৃষ্ণ হরি বলি
লোরে নদি[২] কত সিঞ্চিয়া ॥৩॥১৭৭॥

পাঠান্তর

১। 'মাধবি' খ, ঘ। ২। 'নদী' ক।

ইহ মাধবী[১] পরবেশ।
পিয়া গেল কিয়ে দূর দেশ ॥
ইহ বসন তনুসুখ ছোড়।
অব ধরল[২] কৌপিন ডোর ॥
অব ধরল[৩] কৌপিন ডোর অরুণহি
বাস ছোড়ল চন্দনে।
তেজি সুখময় শয়ন আসন
ধূলায় পড়ি করু ক্রন্দনে ॥
যো বুক পরিসর হেরি কামিনি
পরশ-রস লাগি মোহই[৪]।
সো কিয়ে পামর পতিত কোলে করি
অবনি মুরছিত রোয়ই ॥৪॥১৭৮॥

পাঠান্তর

১। 'মাধবি' ঘ, চ। 'মাধবি' পাঠে ছন্দো-ভঙ্গ ঘটে। ২।৩। 'ধারল' ক, খ, চ; প-র-সা। ৪। 'মোই' খ।

অব জেঠ মাহ ইহ আই।
পহু[১]-সঙ্গ যদি নাহি পাই ॥
হাম কৈছে রাখব দেহ।
সখি বিছুরি সো পহুঁ নেহ[২] ॥
সখি বিছুরি সো পহুঁ নেহ দারুণ
দেহ রহে কিবা লাগিয়া।
নিমিষ ভার[৩] বিরহ-ভয়ে হাম
রয়নি[৪] দিন রহি জাগিয়া ॥

যো পদতল থল- কমল-সুকোমল
কঠিন কুচে নাহি ধারিয়ে।
সো পদ মেদিনি তপত কুশ-বনে
ফিরয়ে সহিতে কি৫ পারিয়ে ॥
॥৫॥১৭৬৯॥

পাঠান্তর

১। 'পুন' ঘ। ২। 'লেহ' ক, চ; প-র-সা। ৩। 'নিমিষ ভার' স্থলে 'নিন্দ সে ভাগল নিমিষ ভার' খ; 'নিমিষ ভাগর' ঘ। ৪ 'রজনি' ক, চ; প-র-সা। ৫। 'না' ঘ।

ইহ বিরহ দারুণ বাঢ়১।
তাহে আওয়ে মাহ আষাঢ়২ ॥
তাহে গগনে নব নব মেহ।
সব লোক আওল গেহ ॥
সব লোক আওল গেহ দারুণ
ঐরি৩ বাদর হেরিয়া।
হাম সে তাপিনি৪ পুরব পাপিনি৫
পহুঁ না আওল ফেরিয়া ॥
কিবা সে চাঁচর চিকুর শ্যামর
চূর্ণ-কুন্তল শোভিতা।
ভালে চন্দন তাহে মৃগমদ-
বিন্দু রতি-পতি মোহিতা ॥৬॥১৭৭০॥

পাঠান্তর

১। 'বাড়' ক, খ, ঘ, চ। ২। 'আষাড়' ক, ঘ, চ। ৩। 'ঐছে' ক; খ; 'ঐর' চ; প-র-সা। ৪। 'পাপিনি' ঘ, চ; প-র-সা। ৫। 'তাপিনি' ঘ, চ, প-র-সা।

ইহ সঘনে বাঢ়ত দাহ।
তাহে আওয়ে শাঙণ মাহ ॥
ইহ মত্ত দাদুরি-রোল১।
শুনি প্রাণ ফাটয়ে২ মোর ॥
ইহ মত্ত দাদুরি- রোল৩ দামিনি
চমকি ঝমকিত কাঁতিয়া।
মেহ বাদর বরিখে ঝর ঝর
হামারি লোচন-ভাতিয়া ॥৭॥১৭৭১॥

পাঠান্তর

১। 'বোল' চ; প-র-সা। ২। 'ফাটত' প-র-সা। ৩। 'বোল' চ; প-র-সা।

মঝু প্রাণ কঠিন কঠোর।
তাহে আওয়ে ভাদর ঘোর ॥
মঝু প্রাণ জরি জরি১ যায়।
দেহ ছোড়ি নাহি বাহিরায় ॥
দেহ ছোড়ি নাহি বাহিরায় সো মুখ-
চাঁদ অব নাহি পেখিয়া।
হায় রে বিধি না জানি করমহি
আর কি রাখিয়াছে লেখিয়া ॥
আজানুলম্বিত বাহু-যুগল
কনক করিবর- শুণ্ড রে।
হেরি কামিনি থীর দামিনি
রোই ছোড়ল মন্দিরে ॥৮॥১৭৭২॥

পাঠান্তর

১। 'জ্বলি জ্বলি' ক; 'জলি জলি' খ, ঘ, চ।

এ দুখ কহবহিঁ কাহ।
তাহে আওয়ে আশিন মাহ ॥
ইহ নগর নবদ্বিপ১ মাঝ।
তাহে ফিরত নটবর-রাজ ॥
তাহে ফিরত নটবর- রাজ কীর্ত্তনে২
প্রেম আনন্দে মাতিয়া।
নগর-নাগরি হেরি ও৩ মুখ
পততি৪ ঘাতিতি ছাতিয়া ॥

আর পুন কিয়ে[1]　　আওব[2] ফীরব[2]
　　নগর-কীর্ত্তন গাইয়া।
খোল করতাল　　গান সুমধুর
　　রোই ফিরব কি চাহিয়া ॥৯॥১৭৭৩॥

পাঠান্তর

১। 'নবদ্বীপ' ক। ২। 'কীর্ত্তন' ঘ। ৩। 'জো' ঘ, চ। ৪। 'পতিত' খ। ৫। 'কি' ক, খ। ৬। 'পাওব' ঘ। ৭। 'ফিরব' ক, চ; প-র-সা।

এত দুখ সহে কেনে[1] ছাতি।
তাহে আওয়ে কাতিক-রাতি ॥
তাহে শরদ-চাঁদ উজোর।
তহি ডাকে অলিকুল মোর ॥
তাহে ডাকে অলিকুল　　কুসুম সমুহনি[2]
　　গন্ধরাজ বিকাশ রে।
শ্রীবাস আদি কত　　ভকত শত শত
　　করল কীর্ত্তন রাস রে ॥
সে হেন সুখ দিন　　গেল দুরদিন
　　ভেল বিহি অব বাম[3] রে।
থাকুক দরশন　　অঙ্গ পরশন
　　শুনিতে দুর্ল্লভ নাম রে ॥১০॥১৭৭৪॥

পাঠান্তর

১। 'কিয়ে' ক, খ। ২। 'সমুহনে' খ; 'সমুহনী' প-র-সা। ৩। 'মোরে বাম' খ।

মঝু প্রাণ করে আনছান[1]।
যব শুনিয়ে আঘণ নাম ॥
পহুঁ অধুনা না[2] আয়ল[3] রে।
মোহে[4] বিধাতা বঞ্চল রে ॥
মোহে[5] বিধাতা　　বঞ্চল ওরে[6] দারুণ[7]
　　প্রাণ চলু তছু পাশ রে ॥
এ ঘর ছাড়িয়া　　দণ্ড করে লৈয়া
　　কাহে কয়ল সন্ন্যাস রে ॥১১॥১৭৭৫॥

পাঠান্তর

১। 'আনচান' ক, খ; প-র-সা। ২। খ, ঘ, চ ও প-র-সা পুথিতে 'না' শব্দ নাই। 'না' ব্যতীত অর্থ হয় না; অথচ 'না' শব্দ দ্বারা ছন্দঃপতন ঘটে। বোধ হয়, 'পহুঁ অব না আয়ল রে' বিশুদ্ধ পাঠ হইবে। ৩। 'আওয়ে' ক, খ,। ৪। ৫। 'মোরে' ক। ৬। 'রে' ক, ঘ, চ। ৭। 'নিদারুণ' প-র-সা।

যব দেখি পৌষহি মাস।
তব তেজল[1] জিবনক আশ ॥
অব ধন্য সো সব নারি[2]।
যো দেশে পহুঁ পরচারি ॥
যো দেশে পহুঁ পর-　　চারি ভেলহ
　　গেল তাসব দুখ্খ রে।
মঝু প্রাণ পামর　　বিরহ-জরজর
　　দেহ জমু তরু শুখ্খ রে ॥
কান্দিয়া আকুলি　　বিরহে ব্যাকুলি
　　দশমি দশা পরবেশ রে।
এ শচিনন্দন　　দাস নিবেদন
　　কেন বা ছাড়িলা দেশ রে[3] ॥
　　　　　　॥১২॥১৭৭৬॥

পাঠান্তর

১। 'তেজলু' ক। ২। 'সব নারি' স্থলে 'নব নারি' ক। ৩। 'এ শচিনন্দন' ইত্যাদি পংক্তি-দ্বয় স্থলে চ পুথির পাঠান্তর যথা—

'বিরহ বর্ণন　　শ্রীশচিনন্দন,
　　দাস প্রাণহু দাহ রে ॥'

পঠমঞ্জরী বা কোরাগিণী[1]।

ফাগুনে গৌরাঙ্গচাঁদ পূর্ণিমা দিবসে।
উদ্বর্ত্তন-তৈলে স্নান করাব হরিষে ॥

পিষ্টক পায়স আর ধূপ দীপ গন্ধে।
সংকীর্ত্তন করাইব পরম আনন্দে ॥
ও গৌরাঙ্গ প্রভু হে তোমার জন্মতিথি পূজা।
আনন্দিত নবদ্বীপে[২] বালবৃদ্ধযুবা ॥
॥১৩॥১৭৭৭॥

পাঠান্তর।
১। ১৭৭৭—১৭৮৮ সংখ্যক পদগুলি প-র-সা পুথিতে ৯৯০ সংখ্যক পদরূপে উদ্ধৃত হইয়াছে। ২। 'নবদ্বীপ' ক, খ।

চৈত্রে চাতকপক্ষ[১] পিউ পিউ ডাকে।
তাহা শুনি প্রাণ কান্দে কি কহিব কাকে ॥
বসন্তে কোকিল সব ডাকে কুহু কুহু।
তাহা শুনি আমি মূর্চ্ছা পাই মুহুর্মুহু ॥
পুষ্প-মধু খাই মত্ত ভ্রমরীর বোলে।
তুমি দূর দেশে আমি গোঙাইব কার কোলে॥
ও গৌরাঙ্গ প্রভু হে আমি কি বলিতে জানি।
বিষাইল[২] শরে যেন ব্যাকুল হরিণী ॥
॥১৪॥১৭৭৮॥

পাঠান্তর।
১। 'পঙ্ক' (?) ক; 'পক্ষী' প-র-সা। ২। বিধাইল' ক, চ; 'বিসাইল' ঘ; 'বিশাইল' প-র-সা।

বৈশাখে চম্পকলতা নৌতুন গামছা।
দিব্য ধৌত কৃষ্ণকেলি বসনের কোঁচা ॥
কুঙ্কুম চন্দন অঙ্গে সরু পৈতা কান্ধে।
সে রূপ না দেখি মুঞি জীব কোন ছান্দে ॥
ও গৌরাঙ্গ প্রভু হে বিষম বৈশাখের রৌদ্র।
তোমা না দেখিয়া মোর বিরহ-সমুদ্র ॥
॥১৫॥১৭৭৯॥

জ্যৈষ্ঠে প্রচণ্ড তাপ তপত সিকতা।
কেমনে[১] বঞ্চিবে প্রভু পাদাম্বুজ রাতা ॥
সোঙরি সোঙরি প্রাণ কান্দে নিশি দিন।
ছটফট করে যেন জল বিনে[২] মীন ॥
ও গৌরাঙ্গ প্রভু হে তোমার নিদারুণ হিয়া।
অনলে প্রবেশ করি মরিবে বিষ্ণুপ্রিয়া ॥
॥১৬॥১৭৮০॥

পাঠান্তর।
১। 'কেমতে' খ, চ; 'কিমতে' প-র-সা। ২। 'বিনুক'।

আষাঢ়ে[১] নৌতুন মেঘ দাদুরীর নাদে।
দারুণ বিধাতা মোরে লাগিলেক বাদে ॥
শুনিয়া মেঘের নাদ ময়ূরের নাট।
কেমনে যাইব আমি নদীয়ার বাট ॥
ও গৌরাঙ্গ প্রভু হে মোরে সঙ্গে লৈয়া যাও।
যথা রাম তথা সীতা মনে চিন্তি[২] চাও ॥
॥১৭॥১৭৮১॥

পাঠান্তর।
১। 'আষাড়ে' খ, চ। ২। 'চিন্তা' ক, খ।

শ্রাবণে ললিত ধারা ঘন বিদ্যুল্লতা।
কেমনে বঞ্চিব প্রভু কারে কব কথা ॥
লক্ষীর বিলাস-ঘরে পালঙ্কে শয়ন।
সে সব চিন্তিয়া মোর না রহে জীবন ॥
ও গৌরাঙ্গ প্রভু হে তুমি বড় দয়াবান।
বিষ্ণুপ্রিয়া প্রতি কিছু কর অবধান ॥
॥১৮॥১৭৮২॥

ভাদ্রে ভাস্কর[১]-তাপ সহনে না যায়।
কাদম্বিনী-নাদে নিদ্রা মদন জাগায় ॥
যার প্রাণনাথ প্রভু না থাকে মন্দিরে।
হৃদয়ে দারুণ শেল[২] বজ্রাঘাত শিরে ॥

ও গৌরাঙ্গ প্রভু হে বিষম ভাদ্রের খরা।
জীয়ন্তে মরিল প্রাণনাথ নাহি যারা॥

॥১৯॥১৭৮৩॥

পাঠান্তর।

১। 'ভাস্বত' ক, খ; প-র-সা; 'ভাশ্বত' চ। ২। 'বেথা' প-র-সা।

আশ্বিনে অম্বিকা-পূজা দুর্গা-মহোৎসবে।
কান্ত বিনে যে দুখ তা কার প্রাণে সবে॥
শরত-সময়ে নাথ যার নাহি ঘরে।
হৃদয়ে দারুণ শেল অন্তর বিদরে॥
ও গৌরাঙ্গ প্রভু হে মোরে কর উপদেশ।
জীবনে মরণে মোর করিহ উদ্দেশ॥

॥২০॥১৭৮৪॥

কার্ত্তিকে হিমের জন্ম হিমালয়ের বা।
কেমনে কৌপীন বস্ত্রে আচ্ছাদিবে গা॥
কত ভাগ্য করি তোমার হৈয়াছিলাম দাসী।
এবে অভাগিনী মুঞি হেন পাপ-রাশি॥
ও গৌরাঙ্গ প্রভু হে তুমি অন্তরযামিনী।
তোমার চরণে মুঞি[১] কি বলিতে জানি॥

॥২১॥১৭৮৫॥

পাঠান্তর।

১। 'আমি' ক।

অঘ্রাণে[১] নৌতুন ধান্য[২] জগতে[৩] বিলাসে।
সর্ব্ব সুখ ঘরে প্রভু কি কাজ সন্ন্যাসে॥
পাট নেত ভোটে প্রভু শয়ন কম্বলে।
সুখে নিদ্রা যাও তুমি[৪] আমি[৫] পদতলে॥
ও গৌরাঙ্গ প্রভু হে তোমার সর্ব্বজীবে দয়া।
বিষ্ণুপ্রিয়া মাগে রাঙ্গা চরণের ছায়া॥

॥২২॥১৭৮৬॥

পাঠান্তর।

১। 'অগ্রানে' ঘ। ২। 'ধান্যে' ঘ। ৩। 'জগত' ঘ, চ। ৪। 'যাও তুমি' স্থলে 'যায় প্রভু' খ; 'যাও' ঘ। ৫। 'আমি থাকি' ঘ।

পৌষে প্রবল শীত জ্বলন্ত পাবকে।
কান্ত-আলিঙ্গনে দুঃখ তিলেক না থাকে॥
নবদ্বীপ ছাড়ি প্রভু গেলা দূর দেশে।
বিরহ-আনলে বিষ্ণুপ্রিয়া পরবেশে॥
ও গৌরাঙ্গ প্রভু হে পরবাস নাহি সহে।
সংকীর্ত্তন অধিক সন্ন্যাস-ধর্ম্ম নহে॥

॥২৩॥১৭৮৭॥

মাঘে দ্বিগুণ[১] শীত কত নিবারিব।
তোমা না দেখিয়া প্রাণ ধরিতে নারিব[২]॥
এই ত দারুণ শেল রহল সম্প্রতি।
পৃথিবীতে না রহল তোমার সন্ততি॥
ও গৌরাঙ্গ প্রভু হে মোরে লেহ নিজ পাশ।
বিরহ-সাগরে ডুবে[৩] এ লোচন দাস[৪]॥

॥২৪॥১৭৮৮॥

পাঠান্তর।

১। 'দারুণ' প-র-সা। ২। 'ধরিতে নারিব' স্থলে 'কেমনে ধরিব' প-র-সা। ৩। 'ডুবি' ঘ। ৪। জয়ানন্দ রচিত 'চৈতন্য-মঙ্গল' গ্রন্থে এই দ্বাদশ মাসিক পদটী দৃষ্ট হয়; উহাতে 'এ লোচন দাস' স্থলে 'জয়ানন্দ দাস' পাঠ আছে। জয়ানন্দ শ্রীচৈতন্য প্রভুর প্রায় সম-কালে এবং লোচন দাস তাঁহার কিঞ্চিৎ পরবর্ত্তী সময়ে প্রাদুর্ভূত হইয়াছিলেন; সুতরাং এই পদটি লোচন দাসের রচিত হইলে, জয়ানন্দ কর্ত্তৃক তাহা 'চৈতন্য-মঙ্গল' গ্রন্থে সন্নিবেশিত হওয়া সম্ভবপর বোধ হয় না; পক্ষান্তরে লোচন দাসের ন্যায় প্রসিদ্ধ মহাত্মা কর্ত্তৃক যে জয়ানন্দের এইরূপ একটি পদ অপহৃত ও রূপান্তরিত হইবে,

ইহাও বিশ্বাসযোগ্য নহে। সুতরাং এই পদটী প্রকৃতপক্ষে জয়ানন্দের রচিত হইলে কোন অনভিজ্ঞ কীর্ত্তন-গায়ক বা লিপিকর কর্ত্তৃক উহাতে ভ্রমবশতঃ লোচন দাসের ভণিতা সংযোজিত হইয়াছে, অথবা লোচন দাসের রচিত পদই পরবর্ত্তী কোন লিপিকর কর্ত্তৃক জয়ানন্দের ভণিতাযুক্ত হইয়া জয়ানন্দের চৈতন্য-মঙ্গলে সন্নিবেশিত হইয়াছে—এইরূপ অনুমান হয়। জয়ানন্দের স্বহস্তলিখিত 'চৈতন্য-মঙ্গল' প্রাপ্ত না হইলে, তিনিই এ পদের রচয়িতা কি না নিঃসন্দেহে বলা যাইবে না।

ধানশী[১]।

পহিলহি মাঘ গৌর বরনাগর
দুখ-সাগরে[২] হামে[৩] ডারি।
রজনিক শেষে শেজ সঞে ধায়ল
নদিয়া করি[৪] আন্ধিয়ারি॥
সজনী[৫] কিয়ে ভেল নদিয়াপুর।
ঘরে ঘরে নগরে নগরে ছিল যত সুখ
এবে ভেল দুখ পরচুর[৬] ॥ধ্রু॥
নিজ সহচরিগণ রোয়ত অনুখণ
জননি লুটত মহি রোই।
হা হা মরি মরি করি করি ফুকরই
অন্তর গর গর হোই॥
সো[৭] নব-নাগর[৮] রসময়-সাগর
যদি মোহে বিছুরল সোই।
তব কাহে জীউ ধরব হাম সুন্দরি
জনম গোঙায়ব[৯] রোই॥২৫॥১৭৮৯॥

পাঠান্তর।

১। ১৭৮৯—১৮০০ সংখ্যক পদগুলি প-র-সা পুথিতে ৯৯২ সংখ্যক পদরূপে উদ্ধৃত হইয়াছে। ২। 'সায়রে' ঘ। ৩। 'হাম' ক, খ, ঘ; প-র-সা। ৪। 'করিয়া' ক; প-র-সা। ৫। 'সজনি' ক, খ, প-র-সা। 'সজনি' পাঠ ছন্দোভঙ্গদুষ্ট। হিন্দী, বাঙ্গালা প্রভৃতি অপভ্রংশ ভাষায় 'সখী' 'সজনী' ইত্যাদি শব্দ দীর্ঘ ঈকারান্তই উচ্চারিত হয়, সুতরাং সংস্কৃত ব্যাকরণের ভ্রান্ত-সাদৃশ্য হেতু 'সখি' 'সজনি' ইত্যাদি প্রয়োগ সমীচীন নহে। ৬। 'দুখ প্ররচুর' স্থলে 'দুখ' প্রচুর' ঘ। ৭। 'শুন' প-র-সা। ৮। 'নাগরবর' ক; 'বরনাগর' প-র-সা। ৯। 'গোঙায়ই' ক, খ।

দোসর ফাগুন গুণগণে নিমগন
ফাগু-সুমণ্ডিত অঙ্গ।
রঙ্গে সুরঙ্গে[১] মৃদঙ্গ বাজওত[২]
গাওত কতহুঁ তরঙ্গ॥
সজনী[৩] সুন্দর গৌরকিশোর।
রসময় সময় জানি করুণাময়
অব ভেল নিরদয় মোর॥ধ্রু॥
কুসুমিত কানন মধুকর গাওন[৪]
পিকুকুল ঘন ঘন বোল।
গৌর-বিরহ-দব[৫] দাহে দগধ হাম
মরি মরি করি উতরোল॥
মৃদু মৃদু পবন বহই চিত[৬]-মাদন
পরশে গরল সম লাগি।
যাকর অন্তরে বিরহ বিথারল
সো জগ ভরি দুখভাগী॥২৬॥১৭৯০॥

পাঠান্তর।

১। 'সঙ্গে' ক, খ, চ; প-র-সা। ২। 'বাওত' ক, খ; প-র-সা। ৩। ১৭৮৯ সংখ্যক পদের ৫ সংখ্যক পাঠান্তর দ্রষ্টব্য। ৪। 'গাওল' চ; 'গায়ত' প-র-সা। ৫। 'দাব' ক; 'দহ' খ। ৬। 'চিত্ত' ক।

মধুময় সময় মাস মধু আওল
তরু নব[১]-পল্লব-শাখ।
নব লতিকা পর কুসুম বিথারল
মধুকর মৃদু মৃদু ডাক॥
সহচরি দারুণ সময়[২] বসন্ত।
গোরা-বিরহানলে যো তনু[৩] জারল
তাহে পুন দগধে দুরন্ত॥ ধ্রু॥
নব নদিয়াপুর নব নব নাগরি
গৌর-বিরহ-দুখ জান।
নিজ মন্দির তেজি মোহে সমুঝাইতে
তবু চিত[৪] ধৈরজ না মান॥
কাঞ্চন-দহন-বরণ অতি চীকণ[৫]
গৌরবরণ দ্বিজরায়।
যব হেরব পুন তব দুখ মোচন
করব কি মন পাতিয়ায়॥
॥২৭॥১৭৯১॥

পাঠান্তর।

১। 'তরু নব' স্থলে 'তরুণ' খ। ২। 'সময়' প-র-সা ব্যতীত অন্যান্য পুথিতে নাই। ৩। 'জন' ক, চ; প-র-সা; 'জনু' খ। ৪। 'চিতে' ক, খ। ৫। 'চিকণ' ক; 'চিকন' চ, প-র-সা।

দুখময় কাল কাল করি মানিয়ে
আওল পাপ বৈশাখ।
দিনকর-কিরণ দহন সম দারুণ
ইহ অতি কঠিন বিপাক॥
খরতর পবন বহই সব নিশি দিন
উমরি গুমরি গৃহ মাঝ।
গোরা বিনু জিবন রহয়ে তছু অন্তরে
তাহে দুখসমূহ বিরাজ॥
মন্দ তরঙ্গিত গন্ধ[১] সুগন্ধিত
আওত মারুত মন্দ।
গৌর-সুসঙ্গ-বিভঙ্গ যদঙ্গহি[২]
লাগয়ে আগি-প্রবন্ধ॥
কো করু বারণ বিরহি-নিদারুণ
পর কারণ দুখ-ভাগী।
করুণা-বরুণালয় সো শচিনন্দন
যাকর হোই বিরাগী॥
॥২৮॥১৭৯২॥

পাঠান্তর।

১। 'মন্দ' ইত্যাদি স্থলে 'খরতর পবন বহই' প-র-সা। ২। 'বিভঙ্গ যদঙ্গহি' স্থলে প-র-সা পুথিতে 'বিভঙ্গজদ অঙ্গহি' ও অন্যান্য পুথিতে 'বিভঙ্গজদঙ্গহি' পাঠ আছে।

টীকা

৯—১২। "মন্দ" ইত্যাদি। মন্দ মন্দ তরঙ্গাকারে প্রবাহিত, (কুসুম-সমূহের) গন্ধে সুবাসিত, মন্দ (দক্ষিণ) পবন আসিতেছে; শ্রীগৌরাঙ্গের উৎকৃষ্ট সঙ্গের বিভঙ্গ অর্থাৎ বিচ্ছেদ যাহার অঙ্গে (রহিয়াছে),—(সেখানে) উহা অগ্নি-শিখার ন্যায় বোধ হয়।

গণি গণি মাহ জৈঠ[১] অব পৈঠল
আনল সম সব জান।
কানন গহন দাব-ঘন দাহন
ভয়ে মৃগি করত পয়ান॥
মধুরিম আম্র পনস সরসাবলি
পাকল সকল রসাল।
কোকিলগণ ঘন কুহু কুহু বোলত
শুনি যেন বজর বিশাল॥
ইথে যদি কাঞ্চন-বরণ গৌর-তনু
দরশন আধ তিল হোই।
তব দুখ সকল সফল করি মানিয়ে
কি করব ইহ সব মোই॥

মধুকর-নিকর সরোরুহ-মধু পর
বেরি বেরি পিবি[২] করু গান।
ঐছন গৌর-বদন-সরসীরুহ-
মধু হাম করব কি পান ॥২৯॥১৭৯৩॥

পাঠান্তর।
১। 'জেঠ' ক; প-র-সা। ২। 'ফিরি' খ।

ঘন ঘন মেঘ গরজে দিন যামিনি
আওল মাহ আষাঢ়।
নব জলধর পর দামিনি ঝলকয়ে
দাহ দিগুণ তহিঁ[১] বাঢ় ॥
সহচরি দৈব দারুণ মোহে লাগি।
শরদ সুধাকর সম মুখ[২] সুন্দর
সো পহুঁ কাহাঁ গেও ভাগি ॥ধ্রু ॥
অন্তর গর গর পাঁজর জর জর
ঝর ঝর লোচন বারি।
দুখকুল-জলধি-মগন অছু অন্তর
তাকর দুখ কি নিবারি ॥
যদি পুন গৌরচাঁদ নদিয়াপুর-
গগনে উজোরয়ে নীত[৩]।
তব দুখ বিফল সফল করি মানিয়ে
হোয়ত তব থির চীত[৪] ॥
॥৩০॥১৭৯৪॥

পাঠান্তর।
১। 'দহি' ক, খ; 'তহি' ঘ; প-র-সা। ২। 'সুখ' ক, খ; প-র-সা। ৩। 'নিত' ক; প-র-সা। ৪। 'চিত' ক; প-র-সা।

পুন পুন গরজন বজর নিপাতন
আওল শাঙণ মাহ।
জলধর-তিমির ঘোর দিন যামিনি
ঘর বাহির নাহি যাহ ॥
সজনী কো কহে বরিষা ভাল।
ধারাধর-জল-ধারা লাগয়ে
বিরহিণি তীর বিশাল ॥ধ্রু॥
একে হাম গেহি[১] নেহি[২] পুন কো করু
ফাঁফর অন্তর মোর।
ততি[৩] খণে মরি মরি গৌর গৌর করি
ধরণি লুঠই মহাভোর[৪] ॥
গণি গণি দিবস মাস পুন পূরল
মাস মাস করি সাত।
ইথে যদি গৌর-চন্দ্র নাহি আওল
নিশ্চয়ে মরণকি বাত ॥৩১॥১৭৯৫॥

পাঠান্তর।
১। 'গেহী' ক। ২। 'লেহি' ক; প-র-সা। ৩। 'তথি' প-র-সা। ৪। 'মহি ভোর' প-র-সা।

আওল ভাদর কো করু আদর
বাদর তবহুঁ[১] না যাত।
দাদুরি-দাদুর-রব শুনি বেরি বেরি
অন্তরে[২] বজর-বিঘাত ॥
কি[৩] কহব রে সখি হৃদয়ক বাত।
পরিহরি গৌর-চন্দ্র কাহাঁ রাজত
দুয়[৪] এক সহচর সাথ ॥ধ্রু॥
যদি পুন বেরি শান্তিপুর আওল
নাহি আওল নিজ ধাম।
তাহাঁ সংকীর্ত্তন প্রেম বিথারল
পূরল তছু[৫] মনকাম ॥
দূরগত পতিত দুখিত যত জিব-চয়
তাহে করুণা করু যোই।
তাহে পুন তাপ-রাশি পরিপূরিয়া
মোহে কাহে তেজল সোই ॥
॥৩২॥১৭৯৬॥

পাঠান্তর।

১। 'তবহি' ক, খ; 'তবহিঁ' চ। ২। 'অন্তর' ঘ, চ। ৩। 'কো' ক, খ; প-র-সা। ৪। 'দুয়' ক; 'দুই' প-র-সা। ৫। 'পূরল তছু' স্থলে 'পুর তছু সব' প-র-সা।

আওল আশ্বিন[১] বিকসিত সব দিন
থল-জল-পঙ্কজ ভাল।
মুকুলিত মল্লি কুসুম ভরে পরিমলে
গন্ধিত শারদ কাল॥
সজনী কত চিত ধৈরজ হোই।
কোমল শশিকর-নিকর সেবন পর
যামিনি রিপু সম মোই॥ধ্রু॥
যদি শচিনন্দন করুণা-পরায়ণ
যা পর নিরদয় ভেল।
তাকর সুখময়[২] সময় বিপদময়
লাগয়ে যৈছন শেল॥
ঘুম-হিন লোচন বারি ঝরত ঘন
জনু জলধর বহ[৩] ধার।
ক্ষিতি পর সোই[৪] রোই দিন যামিনি
কো দুখ করব নিবার॥

॥৩৩॥১৭৯৭॥

পাঠান্তর।

১। 'আসিন' ঘ, চ। ২। 'দুখময়' প-র-সা। ৩। 'বহে' ঘ; প-র-সা। ৪। 'শোই' ক, খ।

আওল কাতিক[১] সব জন নৈত্তিক[২]
সুরধুনি করত সিনান।
ব্রাহ্মণগণ পুন সন্ধ্যা তর্পণ
করতহি বেদ বাখান॥
সখি হে হাম ইহ কছু নাহি জান[৩]।
গৌরচরণ-যুগ বিমল সরোরুহ
হৃদি করি অনুখণ ধ্যান॥ ধ্রু॥
যদি মোর প্রাণ-নাথ বহু-বল্লভ[৩]
বাহুড়য়ে নদিয়াপুর।
ধরম করম তব কছু নাহি খোজব
পীয়ব[৪] প্রেম মধুর॥
বিধি বড় দারুণ[৫] অবিধি[৬] করয়ে পন
সরবস যাহে যোই দেই।
তাকর ঠামে লেই পুন পরিহরি
পাপ করয়ে পুন সেই[৭] ॥৩৪॥১৭৯৮॥

পাঠান্তর।

১। 'কার্ত্তিক, ক। ২। 'নত্তিক' ঘ। ৩। 'পহু বল্লভ' প-র-সা। ৪। 'পিয়ব' ক, চ; প-র-সা। ৫। 'নিদারুণ' ক, খ; প-র-সা। ৬। 'অবধি' ঘ। ৭। 'সোই' ঘ, চ; প-র-সা।

টীকা।

১২—১৫। "বিধি" ইত্যাদি। বিধাতা বড় নিষ্ঠুর; পুনশ্চ তিনি অন্যায় করেন; (কেন না) তিনি যাহাকে যেই সর্ব্বস্ব অর্থাৎ সমস্ত ধনের সারভূত ধন দিয়াছেন—তাহার নিকট হইতে পুনরায় (উহা) লইয়া—অপি চ (তাহাকে) পরিত্যাগ করিয়া,—তিনি (দত্তাপহার-রূপ) পাপ করেন। তুলনা করুন—

"ওরে বিধি অকরুণ, দেখাইয়া কৃষ্ণানন
নেত্র মন লোভাইলি আমার।
ক্ষণেক করিতে পান কাড়ি নিল অন্তস্থান
পাপ কৈলে দত্ত-অপহার॥"

—প-ক-ত; ১৬৩২ সংখ্যক পদ।

আওল আঘণ মাহ নিবারণ[১]
কোন করব সে নিতান্ত।
সব বিরহিণি-জন দেহ-বিঘাতন
যাহে ঘন শীত কৃতান্ত॥

(শুন) সহচরি এবে ভেল মরণ বিশেষ।
পুনরপি গৌর-কিশোর চিতে ছোঁয়ত
ভরসা দুখ অবশেষ॥ ধ্রু॥
নিজ সহচরিগণ আওত নাহি পুন
কারো[২] মুখে না শুনিয়ে বাত।
তব কাহে ধৈরজ মানব অন্তর॥
অতয়ে মরণ অবঘাত॥
যদি পুন সপনে গৌর-মুখ-পঙ্কজ
হেরিয়ে দৈব-বিধান।
তবহি সফল করি মানিয়ে নিশি দিন
আধ তিল ধৈরজ মান॥
॥ ৩৫॥১৭৯৯॥

পাঠান্তর।

১। 'নিবায়ল' ঘ, চ। ২। 'কার' ক, খ; প-র-সা।

আওল পৌষ মাহ অতি দারুণ
তাহে ঘন শিশির-নিপাত।
থরহরি কম্পি কলেবর পুন পুন
বিরহিণি পর উতপাত॥
সজনী অব কি হেরব গোরা-মুখ।
গণি গণি মাহ বরিখ অব পূরল
ইথে পুন বিদরয়ে বুক॥ ধ্রু॥
তোমারে কহিয়ে পুন মরমক বেদন
চিত মাহা কর বিশোয়াস।
গৌর-বিরহ-জরে ত্রিদোষ হৈয়াছে[১] যারে
তাহে কি ঔষধ অবকাশ॥
এত শুনি কাহিনি নিজ সব সঙ্গিনি
রোই রোই সব জন ঘেরি।
দাস ভুবন ভণে ধৈরজ ধরহ[২] মনে
গৌরাঙ্গ আসিবে পুন বেরি॥
॥৩৬॥১৮০০॥

পাঠান্তর।

১। 'হইয়া' ক, চ; 'হইয়াছে' ঘ। ২। 'করহ' ঘ, চ।

পাহিড়া।

সন্ন্যাসী হইয়া গেলা পুন যদি বাহুড়িলা
নাহি আইলা নদীয়া নগরে।
হৃদয়ে হৃদয় ধরি নিজ পর এক করি
তার মুখ দেখিবার তরে॥
হরি হরি গৌরাঙ্গ এমন কেন হৈলা।
সভারে সদয় হৈয়া মুঞি নারীরে বঞ্চিয়া
এ শোক-সাগরে ভাসাইলা॥ ধ্রু॥
এ নব যৌবনকালে মুড়াইলা চাঁচর চুলে
কি জানি সাধিলা কোন সিধি।
কি ছার পুরাণ সে পশুবৎ পণ্ডিত যে
গৌরাঙ্গ-সন্ন্যাসে দিল বিধি॥
অক্রুর আছিল ভাল রাজ-বোলে লৈয়া গেল
থুইল লৈয়া মথুরানগরী।
নিতি লোক আইসে যায় তাহাতে সম্বাদ পায়
ভারতী করিলে দেশান্তরী॥
এত বলি বিষ্ণুপ্রিয়া মরমে বেদনা পাঞা
ধরণীরে মাগয়ে বিদায়।
বাসুদেব ঘোষে কয় মো সম পামর নাই
তমু হিয়া বিদরে আমার॥
॥৩৭॥১৮০১॥

অথ শ্রীরাধিকায়াঃ দ্বাদশমাসিক-
বিরহো যথা।

সুহই। কন্দর্প তাল।

গাবই সব মধু-মাস।
তনু[২] দহ[৩] বিরহ-হুতাশ॥ধ্রু॥[৪]
হুতাশ সাদৃশ[৫] চাঁদ চন্দন
মন্দ পবন সন্তাপই[৬]।

মাধবী-মধু- মত্ত মধুকর
মধুর মঙ্গল গাবই[৭] ॥
নব মঞ্জু বঞ্জুল-[৮] পুঞ্জ-রঞ্জিত
চূত-কানন শোহই[৯] ।
রস-লোল কোকিল কোকিলাকুল-
কাকলি মন মোহই ॥৩৮॥১৮০২॥

পাঠান্তর।

১। ১৮০২—১৮১৩ সংখ্যক ১২টী পদ প-র-সা পুথিতে ৯৯৩ ও প-র পুথিতে ৪০। ৪৭ সংখ্যক পদ রূপে উদ্ধৃত হইয়াছে। ২। 'জনু' ক। ৩। 'দহে' প-র। ৪। প-র পুথিতে 'ধ্রু' নাই। ৫। 'সদৃশ' ক; 'সমদৃস' প-র। ৬। 'সন্তাপ যো' প-র। ৭। 'মঙ্গল গাবই' স্থলে 'মোহন গাব যো' প-র। ৮। 'রঞ্জন' ক, খ; 'রঞ্জল' প-র-সা। ৯। 'শোভই' প-র।

টীকা

১—২। "গাবই" ইত্যাদি। সকলে মধু-মাস অর্থাৎ বসন্ত-ঋতুর বিকাশ-সূচক চৈত্র মাসকে গান করে, অর্থাৎ চৈত্রের গুণ-কীর্ত্তন করে; (কিন্তু সেই চৈত্রমাসে) বিরহ-রূপ অগ্নি (আমার) তনু দহন করিতেছে!

মোহই[১] মাধবি-মাস।
চৌদিশে কুসুম বিকাশ ॥ধ্রু॥[২]
বিকাশ-হাস- বিলাস-সুললিত
কমলিনী-রস জিম্ভিতা।
মধুপান-[৩] চঞ্চল চঞ্চরী-কুল[৪]
পদুমিনী-মুখ চুম্বিতা ॥
মুকুল-পুলকিত বল্লি তরু অরু
চারু চৌদিশে সঞ্চিতা।
হাম সে পাপিনি বিরহে[৫] তাপিনি
সকল সুখ পরিবঞ্চিতা ॥৩৯॥১৮০৩॥

পাঠান্তর।

১। 'সোহই' প-র। ২। প-র-সা ব্যতীত অন্যান্য পুথিতে 'ধ্রু' নাই। ৩। 'মধুপানে' প-র। ৪। 'চঞ্চরীককুল' ক, খ। ৫। 'বিরহ' প-র।

টীকা।

৩—৬। "বিকাশ" ইত্যাদি। বিকাশ অর্থাৎ প্রফুল্লতা, হাস অর্থাৎ হাস্যের ন্যায় শ্বেত-কান্তি, ও বিলাস অর্থাৎ চঞ্চলতা রূপ বিভ্রম দ্বারা সুললিত পদ্মিনীর রস জৃম্ভিত, অর্থাৎ প্রকাশিত; (সুতরাং) মধুপানে চঞ্চল ভ্রমরকুল দ্বারা পদ্মিনীর মুখ চুম্বিত (হইতেছে)। (বিশেষণ-মাহাত্ম্যে পদ্মিনী ও ভ্রমরের কার্য্য দ্বারা পদ্মিনী নায়িকা ও উহার প্রণয়ী নায়কের কার্য্য পরিস্ফুট হওয়ায় 'সমাসোক্তি' নামক অলঙ্কার ঘটিয়াছে)।

বঞ্চিত রহ নিশি বাস[১]।
ভৈগেল জেঠহি মাস ॥ধ্রু॥[২]
মাস ইহ রহু যাক পয়েঃ[৩] পহুঁ
সোই[৪] সুলখিনি কামিনি।
(যো) কান্ত-সুখ সম্ভোগে বঞ্চয়ে
চাঁদ উজর[৫] যামিনি ॥
দহই দাহুরি দিনহি বঞ্চয়ে[৬]
কেলি করয়ে সরোবরে।
প্রেম-পেশলি পুরব[৭]-প্রেয়সি
পেখি[৮] তাপিত অন্তরে ॥৪০॥১৮০৪॥

পাঠান্তর।

১। 'রহ নিশি বাস' স্থলে 'রহলহি বাস' প-র। ২। কেবল প-র-সা পুথিতে 'ধ্রু' আছে। ৩। 'পএ' প-র-সা; 'পয়' প-র। ৪। 'সো সে' প-র। ৫। 'সম্ভোগে বঞ্চয়ে' স্থলে 'সম্ভোগ বঞ্চই' প-র। ৬। 'উজোর' ক; ঘ, চ; 'উজর' প-র; প-র-সা। ৭। 'বঞ্চই' প-র। ৮। 'পথিক' প-র।

অন্তরে আওয়ে[১] আষাঢ়।
বিরহিণি-[২] বেদন বাঢ়।।ধ্রু।।[৩]
বাঢ় ফুল্লিত বল্লি[৪] তরুবর[৫]
চারু চৌদিশে সঞ্চরে[৬]।
ও তাপে[৭] তাপিত ধরণি মঞ্জরি
নিরখি[৮] নব নব জলধরে॥
পিপিয়[৯] পাখিয়[১০] পিয়াসে পীড়িত
সতত[১১]পিউ পিউ[১২]রাবিয়া।
(পিয়)-নাদ শুনি চিত চমকি উঠয়ে
পিয়া সে পেখি না পাইয়া॥
॥৪১॥১৮০৫॥

পাঠান্তর।

১। 'আএ' প-র-সা। ২। 'বিরহী' ক ; 'বিরহি' চ ; 'বিরহ' প-র-সা। ৩। কেবল প-র-সা পুথিতে 'ধ্রু' আছে। ৪। বল্লিত' খ। ৫। 'তরু অরু' প-র। ৬। 'চঞ্চরে' ঘ। ৭। 'আতপে' প-র। ৮। 'পেখি' প-র। ৯। 'পপিহা' ক, চ ; 'পপিয়' প-র-সা। ১০। 'পাখীয়' ক। ১১। 'সঘনে' প-র। ১২। 'পিঙ পিঙ' প-র-সা।

পাপী[১] শাঙণ মাস।
বিরহিণি[২] জিবন নৈরাশ।।ধ্রু।।
নৈরাশ বাসর রজনি দশ দিশ
গগনে বারিদ ঝম্পিয়া।
ঝলকে দামিনি পলকে[৩] কামিনি
হেরি মানস কম্পিয়া॥
পাপ[৪] ডাহুকি ডহুকে[৫] ডাকই
মউর[৬] নাচত মাতিয়া।
একলি মন্দিরে অনিঁদ[৭] লোচনে
জাগি সগরিহু[৮] রাতিয়া॥৪২॥১৮০৬॥

পাঠান্তর

১। 'পাপিয়' প-র। ২। 'বিরহী' ক ; 'বিরহি' চ ; প-র। ২। কেবল প-র-সা পুথিতে 'ধ্রু' আছে। ৩। 'বিরহি' প-র। ৪। 'পাপ' প-র। ৫। 'ডহকে' ঘ, চ ; 'ডহক' প-র। ৬। 'মোর' ঘ, চ। ৭। 'অনিন্দ' ঘ, চ ; 'আনন্দ' প-র-সা ; 'নিন্দ' প-র। 'অনিন্দ' পাঠে 'নি' অক্ষর সংযুক্তাদ্য বর্ণ বলিয়া দীর্ঘ উচ্চারিত হইলে ছন্দঃপতন ঘটিবে ; সুতরাং 'অনিঁদ' পাঠই সমীচীন। ৮। 'সগরহু' প-র।

রাতি দিবসে[১] রহু[২] ধন্দ।
ভাদরে বাদর মন্দ।।ধ্রু।।[৩]
মন্দ মনসিজ মনহি দহ দহ
দহই[৪] মারুত মন্দ।
তরল জলধর বরিখে ঝর ঝর
হামারি লোচন-ছন্দ॥
উছল ভূধর পূরল[৫] কন্দর
ছুটল নদ নদি সিন্ধুয়া।
হাম সে কুলবতি পরক যুবতি[৬]
গমনে[৭] জগ ভরি নিন্দুয়া।।৪৩॥১৮০৭॥

পাঠান্তর

১। 'দিবস' প-র। ২। 'রহ' ঘ। ৩। কেবল প-র-সা পুথিতে 'ধ্রু' আছে। ৪। 'দহই' ক, খ, চ ; প-র-সা ; প-র। ৫। 'পূরল' ক। ৬। 'যুবতি' ক, চ ; প-র-সা ; প-র। ৭। 'গমন' ক, খ, চ ; প-র-সা ; প-র ; 'গগন' ঘ।

নিন্দু[১] আপন পরভাস।
ভৈগেল আশিন মাস॥ ধ্রু ॥[২]
মাস গণি গণি[৩] আশ গেল[৪]
শ্বাস রহু অবশেষিয়া ;
কোন[৫] সমুঝব হিয়াক বেদন
পিয়া সে গেল[৬] পরদেশিয়া॥

সময় শারদ চাঁদ নিরমল
দীঘ দীপতি রাতিয়া।
ফুটল মালতি কুন্দ কুমুদিনি[৭]
পড়ল ভ্রমরক[৮] পাঁতিয়া ॥

॥৪৪॥১৮০৮॥

পাঠান্তর

১। 'নিন্দি' প-র। ২। কেবল প-র-সা পুথিতে 'ধ্রু' আছে। ৩। 'গণি গণি' স্থলে 'গণইতে' প-র। ৪। 'গেলহুঁ' ক, খ, চ; প-র-সা। ৫। 'কোনে' প-র। ৬। 'ভেল' প-র। ৭। 'কুবলয়' প-র। ৮। 'ভ্রমর' ক।

পাতিয়[১] শমনক লাই[২]।
আওল কাতিক[৩] ধাই ॥ধ্রু॥[৪]
ধাই ষটপদ লাই[৫] পদুমিনি
পাই কিয়ে রস-মাধুরি।
ওহি[৬] নিশঙ্কহি[৭] সঘনে[৮] চুম্বই
কোন বুঝে অছু[৯] চাতুরি ॥
যবহুঁ পিয়া মঝু নেহ করলহি
মেহ[১০]চাতক রীতিয়া।
পিয়াসে দূরহি[১১] রোয়ে পাপিনি
ওই[১২]রহল কি রীতিয়া[১৩] ॥

॥৪৫॥১৮০৯ ॥

পাঠান্তর

১। 'পাতিয়া' ক, খ। ২। 'নাই' প-র-সা; প-র। ৩। 'কার্ত্তিক' ক। ৪। কেবল প-র-সা পুথিতে 'ধ্রু' আছে। ৫। 'নাই' প-র-সা; প-র। ৬। 'তুহি' ক। ৭। 'নিশঙ্কই' ক, খ, ঘ, চ; প-র-সা। ৮। 'সঘন' প-র। ৯। 'অছি' প-র-সা। ১০। 'মেঘ' ক, খ, ঘ, চ; প-র-সা। ১১। 'গেলহুঁ' প-র। ১২। 'হোই' ক, ঘ, চ; প-র-সা; প-র। ১৩। 'কি রিতিয়া' ঘ, চ; প-র-সা; 'কীরিতিয়া' প-র।

টীকা

৭—১০। "যবহু" ইত্যাদি। যখন প্রিয়তম আমার প্রতি প্রেম করিলেন—মেঘ ও চাতকের রীতি হইল! (এই) পাপিনী তৃষ্ণায় দূরে রোদন করিতেছে; (না জানি) সে কি প্রকারে রহিল! ('হোই' ইত্যাদি পাঠ গ্রহণ করিলে 'হোই' ক্রিয়াপদের কর্ত্তা 'পিয়া' উহ্য করিতে হইবে)।

কি রিতি করব অব হামে[১]।
আওল আঘণ নামে[২] ॥ধ্রু॥[৩]
নাম শুনইতে উছলে[৪] অন্তরে
সো রস[৫]-সায়রে পেশলি।
কোন[৬] বিহি মঝু নাহ লে গেও
হাম সে পড়ি রহু একলি ॥
শিশির নব নব তরুণ[৭] নব নব
তরুণি নবি নবি হোই রি[৮]।
নেহ নব নব তেজি[৯] দারুণ
দেহ ধরু জনি[১০]কোই রি[১১]॥

॥৪৬॥১৮১০ ॥

পাঠান্তর

১। 'হাম' প-র। ২। 'নাম' প-র। ৩। কেবল প-র-সা পুথিতে 'ধ্রু' আছে। ৪। 'ঐছন' ক; 'ঐছনে' চ; 'উছল' ঘ। ৫। 'সব' খ। ৬। 'কোন' ক, খ, ঘ, চ; প-র-সা। ৭। 'তরু' খ। ৮। 'হোয়' প-র। ৯। 'তেজ' প-র। ১০। 'জনু' ক, খ, ঘ, চ; প-র-সা। ১১। 'কোয়' প-র।

কোই করয়ে জনি রোখে[১]।
আওল দারুণ পৌখে[২] ॥ধ্রু ॥[৩]
পৌখ[৪] দিন মাহা সুরজ[৫]-আতপ
পরশে কম্পন হোতিয়া।

রজনি হিমকর-[৮] দরশে দহ দহ[৭]
হেরি সহচরি রোতিয়া ॥
কপট কামুক পিরিতি-আগুনি
দরশ কথি জনি হোই রি[৮] ।
অতয়ে[৯] কুল শিল জিবন যৌবন
সখিক[১০] সঙ্গহি খোই রি[১১] ॥
॥৪৭॥১৮১১॥

পাঠান্তর

১। 'রোদ' প-র। ২। 'পৌসে' প-র। ৩। কেবল প-র-সা পুথিতে 'ধ্রু' আছে। ৪। 'পৌস' প-র। ৫। 'সুর' প-র। ৬। 'দিবস' প-র। ৭। 'উহু উহু' প-র। ৮। 'জনি হোই রি' স্থলে 'জানি হোয়' প-র। ৯। 'অবহু' প-র। ১০। 'সখি মো' ক, খ; প-র। ১১। 'খোয় রি' প-র-সা; 'খোয়' প-র।

টীকা

৭—১০। "কপট" ইত্যাদি। ('হেরি সহচরি রোতিয়া' বাক্যের সহিত অন্বয় হেতু অর্থ হইবে— সহচরীগণ এই বলিয়া আবার আক্ষেপ করিতেছেন যে) ধূর্ত্ত শ্রীকৃষ্ণের প্রেম-রূপ অগ্নির পাছে কোন স্থানে দেখা হয়, এজন্য কুল, শীল, জীবন, যৌবন প্রভৃতি (প্রিয়-সখী শ্রীরাধার নিত্য-সহচারিণী গুণাবলি) সখীর সঙ্গেই বিনষ্ট হইতে যাইতেছে!

খোই কলাবতি-মানে[১] ।
আওল মাঘ নিদানে[২] ॥ধ্রু॥[৩]
নিদানে জীবন রহল সো পুন
মাঘ[৪] সমুঝল যাবই।
মদন-ধানুকি ফেরি[৫] আওল
সবহুঁ মঙ্গল গাবই ॥
রসাল নব নব পল্লব-চাপহিঁ[৬]
মুকুল-শর[৭] কত জোই[৮] রি ।
ভ্রমর কোকিল ফুকরি বোলত
মার বিরহিণি ওই রি ॥
॥৪৮॥১৮১২॥

পাঠান্তর

১। 'মান' ক। ২। 'নিদান' ক। ৩। কেবল প-র-সা পুথিতে 'ধ্রু' আছে। ৪। 'মাঘে' ক, খ, ঘ, চ; প-র-সা। ৫। 'ফেরি কি' ক, খ, চ; প-র-সা। ৬। 'পল্লব-চাপহিঁ' স্থলে 'পাপ পল্লব' প-র। ৭। 'সব' প-র-সা। ৮। 'যোহ' খ; 'হোই' প-র-সা।

ওই[১] দেখহু[২] অনুরাগে।
আওল ফাগুন আগে ॥ ধ্রু ॥[৩]
আগে মধু কছু[৪] আশ আছিল
নিচয় নাগর আওবে।
বরিখ গেলহি অবধি ভেলহি
পুন কি পামরি পাওবে ॥
সোই নিরমল বদন-মাধুরি
দরশ কথি জনি হোয়[৫] ।
অতয়ে[৬] নিরগুণ জিবন তেজব[৭]
মরণ ঔখদ[৮] মোয় ॥
মোয়[৯] হেরি সখি সব[১০] কোই।
চোঠ মাস বহু[১১] রোই ॥
রোই ঝর ঝর[১২] নিঝর লোচন
বিষম অব [১৩] দো মাস।
কতিহুঁ[১৪] অন্তর[১৫] ততহি[১৬] রহলিহ[১৭]
হামারি গোবিন্দ দাস ॥
আধ বরিখহি[১৮] তাহি[১৯] পামরি
দাস গোবিন্দ দাসিয়া।
অবহুঁ তব অব[২০] কবহুঁ না[২১] পাওব
রহল করমক[২২] নাশিয়া ॥
॥৪৯॥১৮১৩॥

অত্র চাতুর্মাস্যং বিদ্যাপতি-ঠক্কুরস্য ততো মাস-দ্বয়ং গোবিন্দদাস কবিরাজঠক্কুরস্য ততোঽবশিষ্টং মাসষট্‌কং গোবিন্দচক্রবর্ত্তি-ঠক্কুরস্য বর্ণনং।

পাঠান্তর

১। ‘অই’ প-র-সা। ২। ‘দেখ’ খ; প-র। ৩। কেবল প-র-সা পুথিতে ‘ঞ’ আছে। ৪। ‘মঝু কছু’ স্থলে ‘কত মঝু’ প-র। ৫। ‘দরশ’ ইত্যাদি স্থলে ‘নিরখি সব অব রোয়’ প-র। ৬। ‘অবহুঁ’ প-র। ৭। ‘জীবন তেজব’ স্থলে ‘দেহ রাখব’ প-র। ৮। ‘ঔষধ’ ক, খ, চ; প-র-সা। ৯। ‘মোহে’ ক, খ; ‘মোয়ে’ চ। ১০। ‘সখি সব’ স্থলে ‘সখি’ ক, খ, চ; প-র-সা; প-র। ১১। ‘সবহুঁ’ ক; ‘বহি’ প-র-সা; ‘রহ’ প-র। ১২। ‘খিন ঘন’ প-র। ১৩। ‘আর’ প-র। ১৪। ‘কৈছনে’ প-র। ১৫। ‘অন্তরে’ প-র। ১৬। ‘কতিহ’ ঘ। ১৭। ‘রহলহিঁ’ প-র। ১৮। ‘বরিখত’ প-র। ১৯। ‘তাহে’ প-র। ২০। ‘তব অব’ স্থলে ‘যব তব’ প-র। ২১। ‘কবহু না’ স্থলে ‘কবহুঁ’ প র। ২২। ‘রহল করমক’ স্থলে ‘রহল মরমক’ ক, চ; প-র-সা; ‘রহল মরম’ খ; ‘মরম করমক’ প-র।

পাহিড়া ধানশী। কন্দর্প তাল। ১

আঘণ মাস রাস-রস-সায়র[২]
নায়র[৩] মাথুর গেল।
পুর-রঙ্গিণিগণ[৪] পুরল মনোরথ
বৃন্দাবন বন ভেল॥
আওল পৌষ তুষার-সমীরণ
হিমকর-হিম অনিবার।
নাগরি-কোরে ভোরি রহুঁ নাগর[৫]
করব কোন পরকার॥

মাঘে[৬] নিদাঘ কঙন[৭] পাতিয়ায়ব
আতপ মন্দ বিকাশ।
দিনমণি-তাপ নিশাপতি চোরল
কানু বিনু[৮] সঘন হুতাশ॥
ফাগুনে[৯] গুণিগুণি[১০] গুণমণি-গুণগণ[১১]
ফাগুয়া-খেলন[১২] রঙ্গ।
বিরহ-পয়োধি অবধি নাহি পাইয়ে[১৩]
দুরতর[১৪] মদন-তরঙ্গ॥[১৫]
আওত চৈত চীত কত বারব
ঋতুপতি নব পরবেশ।
দারুণ মনমথ[১৬] ফুল-শরে[১৭] হানই[১৮]
কানু রহল দুর দেশ॥
মাধবি মাস[১৯] সাধ বিধি বাধল
পিককুল পঞ্চম গান।
দারুণ দখিণ পবন নহি ভায়ত
ঝুরি ঝুরি না রহ পরাণ[২০]॥
জেঠহি মীঠ কহত সব রঙ্গিণি
চন্দন চান্দনি রাতি।
শীতল পবন মোহে নাহি ভায়ত
দারুণ মনমথ-শাতি[২১]॥
মাস আষাঢ় গাঢ় বিরহানল[২২]
হেরি নব নীরদ-পাঁতি[২৩]।
নীরদ-মুরতি নয়নে যব[২৪] লাগয়ে[২৫]
নিঝরে ঝরয়ে[২৬] দিন রাতি॥
শাঙনে সঘনে গগনে[২৭] ঘন গরজন
উনমত[২৮]-দাদুরি-বোল।
চমকিত দামিনি জাগরে[২৯] কামিনি
জীবন কণ্ঠহি লোল॥
ভাদরে দর দর দারুণ দুরদিন
ঝাঁপল দিনমণি চন্দ।

শীকরনিকরে[30] থীর নহ অন্তর[31]
দহই মনোভব মন্দ ॥
আশিন মাসে বিকাশিত পদুমিনি
সারস-হংস[32]-নিসান।
নিরমল অম্বর হেরি সুধাকর
ঝুরি ঝুরি না রহে পরাণ ॥
কাতিক মাস নিরাশ কয়ল বিধি[33]
লীলাময় রস-রাস।
নিকরুণ কান[34] কোন[35] পাতিয়ায়ব[36]
কহতহিঁ গোবিন্দদাস ॥

॥৫০॥১৮১৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৯৯৪ ও প-র পুথির ৪০।৪৮ সংখ্যক পদ। ২। 'সাগর' প-র। ৩। 'নাগর' ক; প-র। ৪। 'গণ' স্থলে 'সঞে' প-র। ৫। 'মাধব' প-র। ৬। 'মাঘ' প-র। ৭। 'কোন' প-র-সা; 'কোনে' প-র। ৮। 'বিন' ঘ। ৯। 'ফাল্গুন' প-র। ১০। 'গণি গণি' প-র-সা। ১১। 'গুণমণি'—ইত্যাদি স্থলে 'গুণহুঁ মনে গুণি' প-র। ১২। 'খেলত' প-র। ১৩। 'পাবই' প-র। ১৪। 'দোলত' প-র। ১৫। 'নিবারিব' প-র। ১৬। 'কাম' প-র। ১৭। 'কুসুম-শরে' প-র। ১৮। 'হানল' প-র। ১৯। 'মাসে' প-র। ২০। 'দারুণ' ইত্যাদি পংক্তিদ্বয় স্থলে প-র পুথির পাঠ যথা—

"মধুকর বোলে দোলে খিন জীবন
মুঝে নাহি সোঙরত কান॥"

২১। 'সাথী' প-র-সা। ২২। 'গাঢ়' ইত্যাদি স্থলে 'বিরহ গাঢ় ভেল' প-র। ২৩। 'কাঁতি' প-র। ২৪। 'নয়নে যব' স্থলে 'নয়ন ঢুহুঁ' প-র। ২৫। 'লাগল' প-র। ২৬। 'নিঝরে' ইত্যাদি স্থলে 'নিঝুরে ঝুরয়ে' প-র-সা; 'অঝরে ঝরয়ে' প-র। ২৭। 'গহিন' প-র। ২৮। 'উনমতি' ক, চ। ২৯। 'জাগি রহু' প-র। ৩০। 'শীকর নীকরে' প-র। ৩১। 'থীর' ইত্যাদি স্থলে 'করি তনু জর জর' প-র। ৩২। 'সারদ' প-র। ৩৩। 'নিরাশ' ইত্যাদি স্থলে 'নিরাশল কো বিহি' প-র। ৩৪। 'মাধব' ক, খ, ঘ, চ; প-র-সা। ৩৫। 'কোনে' প-র। ৩৬। 'সমুঝায়ব' প-র।

টীকা

গোবিন্দ কবিরাজের এই প্রায়-অপরিজ্ঞাত পদটিতে তিনি ভাষা ও ভাবের পরাকাষ্ঠা প্রদর্শন করিলেও অপূর্ব্ব প্রসাদ-গুণ হেতু টীকার প্রয়োজন হয় না। আমরা এই অতুলনীয় পদটির প্রতি সহৃদয় পাঠকবর্গের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করিতেছি। আমাদিগের বিশ্বাস, এই একটিমাত্র পদই গোবিন্দদাসকে জগতে মহাকবি বলিয়া প্রমাণিত করিতে পারিবে।

ধানশী সুহই ১।

দেখ[2] পাপি[3] আঘণ মাস।
জনু নাহ-বিরহ-হুতাশ ॥
দরশাই সুখ[4] বিহি নেল।
হিয়ে[5] কৈছে সহ ইহ শেল ॥
হিয়ে[6] কৈছে সহ ইহ শেল ভেল মঝু
প্রাণ-পিয়া পরদেশিয়া।
জনু ছুটল ফুল-শর ফুটল অন্তর[7]
রহল তহি[8] পরবেশিয়া ॥

॥৫১॥১৮১৫॥

পাঠান্তর

১। ১৮১৫—১৮২৬ সংখ্যক পদগুলি প-র-সা পুথিতে ৯৯৫ ও প-র পুথিতে ৪০।৪৯ সংখ্যক পদরূপে উদ্ধৃত হইয়াছে। ২। 'দেখ দেখ' ক। ৩। 'পাপিনি' খ। ৪। 'মুখ' চ। ৫। ৬। 'হিয়' চ; 'হিয়া' প-র। ৭। 'অন্তর' প-র। ৮। 'বিষশর' প-র।

অব পৌষ[১] ভেল পরবেশ।
মঝু নাহ রহু[২] দুর দেশ ॥
গণি সোই কামিনি-ভাগি।
রহু পিয়ক[৩] হিয় হিয়[৪] লাগি ॥
রহু পিয়ক[৫] হিয় হিয় লাগি শয়নহিঁ
বয়ন বয়নহিঁ ঝাঁপিয়া।
হাম সে পাপিনি পৌষ[৬] -যামিনি
নেব[৭] থরহরি-কাঁপিয়া ॥৫২॥১৮১৬॥

পাঠান্তর

১। 'পৌখ' প-র। ২। 'ভেল' ক; 'রহ' চ; প-র। ৩। 'পিয়াক' ক, খ, ঘ; প র-সা; 'পিয়াকে' প-র। ৪। 'হিয়ে হিয়ে' ক; খ; প-র-সা; 'হিয়া হিয়া' প-র। ৫। 'পিয়াক' ক, খ, ঘ। ৬। 'পৌখ' প-র। ৭। 'লেভি' ক; 'লেব' প-র।

দিন রজনি গণি গণি শেষ।
অব মাঘ ভেল পরবেশ ॥
অরু[১] কতহু[২] হেরব পন্থ।
নহি যাত[৩।৪] জিবন দুরন্ত ॥
নহি যাত[৪] জিবন দু- রন্ত অন্তর
কান্ত সন্তত চিন্তিয়া।
মরম জর জর নয়ন ঝর ঝর
তিলেক নাহি বিছুরন্তিয়া ॥
॥৫৩॥১৮১৭॥

পাঠান্তর

১। 'আর' ক, গ, খ, চ; প-র-সা। ২। 'কত না' প-র। ৩।৪। 'যাওয়ে' ক, খ, চ; প-র সা; 'যায়' ঘ।

অব ভেল ফাগুন মাস।
নহি গেল[১] তবহি দুরাশ[২] ॥
হত চীত আন না ফুর।
দিন রাতি তছু গুণ ঝুর ॥
দিন রাতি তছু গুণ ঝুর দুরসেঁ।
উর[৩] পরে যব লাইয়ে[৪]।
তবহিঁ হত চিত হোত সচকিত
হেরি পুন নহি পাইয়ে ॥
॥৫৪॥১৮১৮॥

পাঠান্তর

১। 'গেও' প-র। ২। 'দুরবাস' খ। ৩। 'সোঙর' ক, খ, চ। ৪। 'পর লাইয়ে' ঘ, চ; 'পর অব নাইয়ে' প-র-সা।

দেখ শিশির-নিশি বহি গেল।
মঝু পিয়ক[১] দরশ না[২] ভেল[৩] ॥
মধু-মাস পহিলহি সাজ।
হত মদন[৪] সঞে ঋতু-রাজ।
হত[৫] মদন সঞে ঋতু- রাজ আওত
ভ্রমর গাওত মাতিয়া।
কুহরে কোকিল সতত কুহু কুহু
কুহুলিয়া[৬] উঠে[৭] ছাতিয়া ॥
॥৫৫॥১৮১৯॥

পাঠান্তর

১। 'পিয়াক' ক, খ, ঘ; প-র-সা; 'পিয়াকে' প-র। ২। 'দরশ না' স্থলে 'দরশন' ঘ। ৩। 'মঝু' ইত্যাদি স্থলে 'নাহি পিয়াকে দরশন ভেল' প-র। ৪।৫। 'ওত' ঘ। ৬। 'হুকুলি' প-র। ৭। 'উঠত' প-র।

অব ভেল মাহ[১] বৈশাখ।
তরু কুসুমে ভরু নব[২] শাখ ॥
বহ[৩] মলয়-মারুত মন্দ।
ঝরু মাধবী-মকরন্দ ॥
ঝরু মাধবী মক- রন্দ গন্ধহি[৪]
মত্ত মধুকর ঝঙ্কহি।

টঁকারি কার্ম্মুক সান্ধি[৫] মনসিজ
বিন্ধে[৬] মরম নিশঙ্কহি ॥
॥৫৬॥১৮২০॥

পাঠান্তর

১। 'ভেল মাহ' স্থলে 'মাস ভেল' প-র। ২। 'ভরু নব' স্থলে 'ভর নত' প-র। ৩। 'দহ' প-র। ৪। 'গন্ধসো' প-র। ৫। 'সাজি' ক; 'সারি' খ, ঘ; প-র-সা; 'শারি' চ। ৬। 'বিন্ধল' ক, খ, ঘ, চ; প-র-সা।

ইহ[১] জৈঠ পৈঠল আগি।
মঝু দহত[২] তনু-বন লাগি ॥
রহ বেড়ি[৩] আশ না[৪] পাশ।
নহি জীউ[৫] হরিণি নিকাশ ॥
নহি[৬] জীউ হরিণি নি- কাস শাস না
নিকসে[৭] ফাফর ধূমহি ॥
হৃদয় বীদর[৮] শেষ শশধর[৯]
সতত[১০] লুঠত ভূমহি[১১] ॥৫৭॥১৮২১॥

পাঠান্তর

১। 'অব' প-র। ২। 'দহ' ঘ; প-র। ৩। 'বেড়ি' ক; প-র-সা; প-র। ৪। 'আসন' ক, খ, ঘ, চ; প-র-সা। ৫। ৬। 'নহি জীউ' স্থলে 'তহিঁ নাহি' ক, খ, ঘ, চ; প-র-সা। ৭। 'নিকসয়ে' ক, খ; প-র-সা। ৮। 'বিদর' ক, খ, চ; প-র-সা। ৯। 'হৃদয়' ইত্যাদি স্থলে 'হৃদয়ে হৃদ জল শোষ শোণিত' প-র। ১০। 'লুঠত' ক; 'লুটত' খ। ১১। 'সতত' ইত্যাদি স্থলে 'লুটত স্থতপত ভূমহি' প-র।

টীকা

১—৪। "ইহ" ইত্যাদি। অগ্নি-স্বরূপ এই জ্যৈষ্ঠ প্রবেশ করিল; (উহা) আমার দেহ-রূপ বনে লগ্ন হইয়া দগ্ধ করিতেছে! (ঐ অগ্নি) বেড়িয়া রহিয়াছে,—আশ-পাশ নাই;—জীবন-রূপ হরিণীর নির্গম নাই।

৫—৮। "নাহি জীউ"—ইত্যাদি। জীবন-রূপ হরিণীর নির্গম নাই; (এমন কি) সেই অগ্নির ধূমে ফাঁফর (হওয়ায়) শ্বাস নির্গত হইতেছে না; (সুতরাং) হৃদয় বিদীর্ণ হইতেছে অর্থাৎ হৃদয়-রূপ হরিণীর শ্বাস-রোধ হইয়া মৃত্যু ঘটিয়াছে! (চির-সহচরী হরিণীর শোকে) অবশিষ্ট (মৃগাঙ্ক) চন্দ্র সতত ভূতলে লুণ্ঠিত হইতেছে! (অকলঙ্ক—শশি-মুখী শ্রীরাধার প্রিয়তমের বিরহে ভূতলে লুণ্ঠন কবি কর্ত্তৃক হরিণী-হীন চন্দ্রের হরিণী-শোকে ভূ-লুণ্ঠনরূপে উৎপ্রেক্ষিত হওয়ায় রূপক-মূলক উৎপ্রেক্ষা-অলঙ্কার ঘটিয়াছে। ব্যাখ্যাত পাঠের অর্থ বুঝিতে না পারিয়াই বোধ হয় পরবর্ত্তী কেহ প-র পুথির গৃহীত 'হৃদয়ে হৃদ জল' ইত্যাদি সুগম পাঠ কল্পনা করিয়াছেন)।

অব মাস ভেল[১] আষাঢ়।
হিয়া-দাহ শতগুণ বাঢ় ॥
যাহাঁ দৈব দারুণ লাগি।
তাহাঁ চাঁদ বরিখয়ে আগি ॥
তাহাঁ চান্দ বরিখয়ে আগি লাগয়ে
গরল মলয়জ-পঙ্কহি।
অমল কোমল সজল কিশলয়
অনল সম হেরি[২] শঙ্কহি ॥
॥৫৮॥১৮২২॥

পাঠান্তর

১। 'মাস ভেল' স্থলে 'ভেল মাহ' প-র। ২। 'সম হেরি' স্থলে 'দল সম' প-র।

অব ভেল শাওণ মাস।
অব নাহি জিবনক আশ ॥
ঘন গগনে গরজে গভীর।
হিয়া হোত জনু[১] চৌচীর ॥

হিয়া হোত জনু[২] চৌ- চীর থীর না
বান্ধে পলকাধো আর রে।'
ঝলকে দামিনি খোলি খাপসেঁ[৪]
মদন লেই তলোয়ার[৫] রে॥
॥৫৯॥১৮২৩॥

পাঠান্তর

১।২। 'জত' প-র। ৩। 'বান্ধে' ইত্যাদি স্থলে 'বান্ধয়ে পলকাধো আর রে' ক, খ, 'বান্ধয়ে পলকা ধোয়ার রে' ঘ; 'বান্ধয়ে পলকাধোয়ার রে' চ; 'বান্ধয়ে পলক আধ আধ রে' প-র-সা; 'বান্ধে পলক এক আর রে' প-র। 'পলকাধো' অর্থাৎ পলকার্দ্ধ শব্দটির অর্থ বুঝিতে না পারায়ই বোধ হয় পররবর্ত্তী কোন লিপিকর কর্ত্তৃক 'পলক এক' পাঠ কল্পিত হইয়াছে। ৪। 'খাপহিঁ' ক, খ, ঘ, চ; প-র-সা। ৫। তলোয়ার' ক, চ; প-র-সা; প-র।

অব ভেল ভাদর মাস।
ঘন বরিখে নহি দিগপাশ॥
জনু[১] কাল-রাহুক[২] লাগি।
দিন-রাতি-পতি ভয়ে ভাগি॥
দিন রাতি পতি ভয়ে ভাগি রহলহি[৩]
দিবস রজনি অভেদ[৪] রে।
ঐছে দিন[৫] পিয়া নাহি মন্দিরে[৬]
কোন সহ[৭] ইহ খেদ রে॥
॥৬০॥১৮২৪॥

পাঠান্তর

১। 'কিয়ে' প-র। ২। 'ডাহুকি' (?) প-র। ৩। 'রহলহু' ঘ, চ; প-র-সা। ৪। 'বিভেদ' প-র। ৫। 'দিনে' ক, খ, চ; প-র-সা। ৬। 'ঐছে' ইত্যাদি স্থলে 'ঐছে সময়ে না কানু মন্দিরে' প-র। ৭। 'কোন সহ' স্থলে 'কৈছে সহে' প-র।

দশ দীশ[১] ভেল পরকাশ।
ভৈ গেল আশিন[২] মাস॥
হত প্রাণ[৩] অবহুঁ না জান।
অরু পুন কি হেরব কান॥
অরু পুন কি হেরব কান হাম কি[৪]
নিয়ড়ে ও মুখ-চন্দ[৫] রে।
অমিয়া মাখন মধুর ভাখন
শুনব মৃদু মুখ সুন্দরে[৬]॥
॥৬১॥১৮২৫॥

পাঠান্তর

১। 'দিশ' ক; প-র-সা। ২। 'আশিন' ক। ৩। 'চীত' প-র। ৪। 'কান' ইত্যাদি স্থলে 'কানু হাম নাকি' ঘ; 'কানু হাম কি' চ; 'কানু কালিয়া' প-র। ৫। 'চান্দ' ক, চ; প-র-সা। ৬। 'শুনব' ইত্যাদি স্থলে 'শুনব পুন মৃদু মন্দ রে' প-র।

দেখ সোই কাতিক[১] মাস।
ভেল কুন্দ কুমুদ বিকাশ॥
পুন সোই[২] রজনি সুঠান।
ইহ সবহুঁ বিছুরল কান॥
ইহ সবহুঁ বিছুরল কান পুন তাহে[৩]
কোন অব[৪] সমুঝায়[৫] রে।
প্রিয় নন্দ-নন্দন চরণে ভণ ঘন-
শ্যাম দাস পুন[৬] আয় রে॥
॥৬২॥১৮২৬॥

পাঠান্তর

১। 'কার্ত্তিক' ক। ২। 'সেই' ক; প-র-সা। ৩। 'পুন তাহে' স্থলে 'কালিয়া' প-র। ৪। 'জা (যা) ই' প-র। ৫। 'সমুঝায়ব' ক, খ; 'সমুঝাব' চ; প-র-সা। ৬। 'অব' প-র। ৭। 'আওব' ক, খ, চ; প র-সা; প-র।

তিরোথা ধানশী[১]।

সজনী[২] কো কহ[৩] আওব[৪] মাধাই।
বিরহ-পয়োধি পার কিয়ে[৫] পাওব
মঝু মনে নহি পাতিয়াই ॥ধ্রু॥[৬]
এখন তখন করি দিবস গোঙায়লুঁ[৭]
দিবস দিবস করি মাসা।
মাস মাস করি বরিখ গোঙায়লুঁ
ছোড়লুঁ[৮] জিবনক[৯] আশা ॥
বরিখ বরিখ করি সময় গোঙায়লুঁ[১০]
খোয়লুঁ এ তনু-আশে।
হিমকর-কিরণে নলিনি যদি জারব
কি করব মাধবি মাসে ॥
অঙ্কুর তপন তাপে[১১] যদি[১২] জারব
কি করব বারিদ মেহে[১৩]।
ইহ নবযৌবন বিরহে গোঙায়ব
কি করব সো পিয়া নেহে[১৪] ॥
ভণয়ে বিদ্যাপতি শুন বরযুবতি[১৫]
অব নহি হোত নিরাশ।
সো ব্রজ-নন্দন হৃদয়-আনন্দন
ঝটিতে মিলব তুয়া পাশ ॥৬৩॥১৮২৭॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪০।৬৬ সংখ্যক পদ। ২। 'সজনি' ক, খ; 'সখি হে' প-র। ৩। 'কহব' ক। ৪। 'আও' প-র। ৫। 'পুন' প-র। ৬। অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত প্রক্ষিপ্ত কলিটি দৃষ্ট হয়, যথা—

'মাধবি মাসে অতিত ভেল মাধব
অবধি করিয়া পিয়া গেলা।
কুচ-যুগ-শম্ভু পরশ করি বোলল
তেঞি হাম পরতিত ভেলা ॥'

৭। 'এখন তখন [করি' ইত্যাদি কলিটি প-র পুথিতে নাই। ৮। 'খোয়লুঁ' ক। ৯। 'এ তনুক' ক। ১০। 'বরিখ বরিখ' ইত্যাদি কলিটি প-র পুথিতে নাই। ১১। 'তপন-তাপে' স্থলে 'তাপ তপনে' প-র। ১২। 'তনু' ক, খ। ১৩। 'বারিদ মেহে' স্থলে 'মাধবি মাহে' প-র। ১৪। 'ইহ' ইত্যাদি পংক্তিদ্বয় স্থলে প-র পুথির পাঠ, যথা—

'সোই নয়িনি দলে শেজ বিছায়ল
কি করব বারিদ মেহে।'

১৫। 'বরযুবতি' ক, খ, চ। 'ভণয়ে' ইত্যাদি ভণিতার কলিটির স্থলে প-র পুথির ভণিতা-হীন পাঠ, যথা—

'অগুরু চন্দন দেই তনু অনুলেপল
কো কহে শীতল চন্দা।
পিয়া বিনু সো পুন আনল বরিখয়ে
বিপদে চিনয়ে ভালমন্দা ॥
যো কহল মোহে রসবতি বিনু তোহে
ত্রিভুবন মানিয়ে শূন।
সো বিছুরল নেহ অবহুঁ ধরিয়ে দেহ
কানুক কি কহব গূণ ॥'

দৌত্য-প্রেষণং।

তথা রাগ[১]।

বন্ধুরে কহিয়[২] মোর কথা।
আনলে পশিব যদি না আইসে এথা ॥
মরণ-অধিক ভেল[৩] এ ছার জীবন।
তোমা বিনু দগ্ধ[৪] যেন[৫] দাবানলে বন ॥
নহেত কহয়ে[৬] যেন এ দুখ এড়াই।
সোঙরিয়া চাঁদ-মুখ তবে মরি যাই ॥
জ্ঞান দাস[৭] কহে দুখ[৮] না কর ভাবন।
নিচয়ে[৯] মিলব জান তোমার[১০] প্রাণ-ধন ॥
॥৬৪॥১৮২৮॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪০।৯৪ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'সিন্ধুড়া' প-র। ২। 'কহিবে'

প-র। ৩। 'হইল' ঘ। ৪। 'বিহু দগ্ধ' স্থলে 'বিহু দগধে' ক, খ, ঘ, চ। ৫। 'জন্থ' ঘ। ৬। 'কহিয়' প-র। ৭। 'জান' ক, খ, চ। 'এত দুখ'' ক, খ, চ। ৯। 'এখনি' প-র। ১০। 'তুয়া' প-র।

বরাড়ী।

আজি কালি করি কত গোঙাইব কাল।
কহিয় বন্ধুরে মোর এত পরিহার[১] ॥
এক তিল যাহা বিনু যুগশত মানি।
তাহে কি এতহুঁ দিন সহয়ে পরাণি ॥
যদি না আইসে বন্ধু নিচয় জানিয়[২]।
মরিব আনলে পুড়ি তাহারে কহিয় ॥
দিবস গণিতে আর নাহিক শকতি।
জাগিয়া জাগিয়া কত পোহাইব রাতি ॥
এ ছার জীবন আর ধরিতে নারিব।
এবার না আইলে[৩] পিয়া নিচয়ে মরিব ॥
শুনিয়া রাধার এত বিরহ-হুতাশ।
চলিলা ধাইয়া মধুপুরে জ্ঞানদাস ॥

॥৬৫॥১৮২৯॥

পাঠান্তর

১। 'পরমাদ' ক, খ, চ। ২। 'জানিহ' খ। ৩। 'আইসে' ক, খ।

অথ দূত্যুক্তিঃ।

সুহই[১]।

ঘুমে[২] আলাপয়ে[৩] কত পরবন্ধ[৪]।
রভসে আলিঙ্গই[৫] করি কত ছন্দ ॥
জাগরে নিয়ড়ে না[৬] হেরি তোহে কান।
সো রস-পরশ সপন করি মান ॥
এ হরি তো সঞে রহত[৭] বিচ্ছেদ।
বিপরিত-চরিতে বাঢ়ায়সি খেদ ॥ধ্রু॥
ভরমে পুছয়ে তোহে[৮] মরমক বোল।
উতর না শুনইতে জিউ[৯] উতরোল ॥
পুন উতকণ্ঠিত করইতে কোর[১০]।
দূরে রহুঁ পরশ দরশ ভয়ে চোর ॥
ঐছন নিতি নিতি কত অনুতাপ।
পর সমুঝায়ত[১১] ইহ বড় তাপ[১২] ॥
গোবিন্দদাস কহ কি ফল সম্বাদ।
যত এ পিরিতি তত যে[১৩] পরমাদ ॥

॥৬৬॥১৮৩০॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪০।১১৫ সংখ্যক পদ। 'সুহই' স্থলে 'বরাড়ী' প-র। ২। 'ঘুমে' ক, চ। ৩। 'আলাপসি' প-র। ৪। 'কত পরবন্ধ' স্থলে 'করি কত বন্ধ' প-র। ৫। 'আলিঙ্গসি' প-র। ৬। 'না' ঘ, চ ও প-র পুথিতে নাই। ৭। 'নহত' প-র। ৮। 'পুছয়ে তোহে' স্থলে 'কহতহি' প-র। ৯। 'শুনইতে জিউ' স্থলে 'শুনই জিউ' ক, খ, চ; 'শুনি তহি জিউ' প-র। ১০। 'পুন' ইত্যাদি কলিটি প-র পুথিতে নাই। ১১। 'সমঝায়ত' ক, খ। ১২। 'বড় তাপ' স্থলে 'পরলাপ'। ১৩। 'হি' ক, খ, চ; 'য়ে' প-র।

টীকা

৩—৪। "জাগরে" ইত্যাদি। জাগ্রত-অবস্থায় হে শ্রীকৃষ্ণ! (শ্রীরাধা) তোমাকে নিকটে না দেখিয়া সেই (নিদ্রাবস্থায় অনুভূত) আনন্দ-জনক স্পর্শ স্বপ্ন বলিয়া মনে করে।

৫—৬। "এ হরি" ইত্যাদি। হে হরি! তোমার সহিত (শ্রীরাধার) বিচ্ছেদ রহিয়াছে; (বিচ্ছেদ অনুভবই ভাল); তুমি বিপরীত আচরণ দ্বারা, অর্থাৎ বিচ্ছেদ-কালেও সম্মিলনের অনুভব জন্মাইয়া (শ্রীরাধার) খেদ বৃদ্ধি করিতেছ। (সম্মিলন মিথ্যা বলিয়া বোধ হইয়া বিরহ-ক্লেশ আরও বর্দ্ধিত করে) তুলনা করুন—

"মামাকাশপ্রণিহিতভুজং নির্দ্দয়াশ্লেষহেতো-
র্লব্ধায়াস্তে কথমপি ময়া স্বপ্নসন্দর্শনেন।
পশ্যন্তীনাং ন খলু বহুশো ন স্থলীদেবতানাং
মুক্তাস্থূলাস্তরুকিসলয়েষশ্রুলেশাঃ পতন্তি॥"
—মেঘদূত।

৯—১০। "পুন" ইত্যাদি। পুনর্ব্বার কোলে করিবার জন্ত উৎকণ্ঠিত হয়; কিন্তু (সেই সময়েই জাগরিত হইয়া বিচ্ছেদ অনুভব করায়) স্পর্শ-সুখ দূরে থাকুক (শ্রীরাধা) দর্শনের ভয়ে অর্থাৎ শ্রীকৃষ্ণের দর্শন যে ঘটিবে না, সেই আশঙ্কায় চোরের ন্যায় ভীত হয়।

১১—১২। "ঐছন" ইত্যাদি। নিত্য নিত্য (শ্রীরাধার) এইরূপ কত অনুতাপ (ঘটিতেছে); পরে অর্থাৎ বহিরঙ্গ লোকে যে (আসিয়া) সান্ত্বনা দেয়—ইহাই (শ্রীরাধার পক্ষে) অধিক যন্ত্রণা-দায়ক। (নানা কারণেই শোকাতুরের পক্ষে বহিরঙ্গ লোকের সান্ত্বনা বিষ-তুল্য প্রতীত হয়)।

তথা রাগ১।

মাধব কি কহব বিরহ-বিষাদ।
তিল এক২ তুহুঁ বিনে যো কহে যুগশত
তাহে কি এতহুঁ পরমাদ ॥ধ্রু॥৩
পন্থ নেহারিতে৪ নয়ন অন্ধায়ল
দিনে দিনে খিণ ভেল দেহ।
কত উনমাদ মোহ বহি যাওত
কত পরবোধব কেহ ॥
দশমি দশায়ে আছয়ে এক ঔখধ৫
শ্রবণে কহই৬ তুয়া নাম।
শুনইতে তবহি পরাণ ফেরি আওত
সো দুখ কি কহব হাম ॥
কত কত বেরি তোহে সম্বাদলুঁ
কৈছন তুয়া আশোয়াস।
না বুঝিয়ে রীত ভীত রহুঁ অন্তরে
কহতহি বলরামদাস ॥৬৭॥১৮৩১॥

পাঠান্তর

১। 'তথা রাগ' স্থলে 'আড়ানী' খ। ২। 'আধ' ঘ। ৩। কেবল ঘ, চ পুথিতে 'ধ্রু' আছে। ৪। 'নিহারিতে' ঘ। ৫। 'ঔষধ' ক, খ, চ। ৬। 'কহয়ে' ক।

সুহই।

(যব১) ঋতু-পতি নব পরবেশ।
তব তুহুঁ ছোড়লি দেশ ॥
তাহে যত বিবিধ বিলাপ।
কহইতে হৃদি২ মাহা তাপ ॥
তব ধরি বাউরি ভেল।
গিরিষ সময় বহি গেল ॥
বরিষা ভেল চারি৩ মাস।
না ছিল জিবন-অভিলাষ ॥
তাহে যত পাওল দুখ।
কহইতে বিদরয়ে বুক ॥
শারদে নিরমল চন্দ।
তাক জিবন লেই দন্দ ॥
পুরবক রাস-বিলাস।
সোঙরিতে না বহয়ে৪ শ্বাস ॥
হীম৫ শিশিরে বহু শীত।
দিনে দিনে উনমত চীত ॥
অব ভেল বহুত নিদান।
নব কবি শেখর ভাণ ॥৬৮॥১৮৩২॥

পাঠান্তর

১। সকলগুলি পুথিতে 'যব' শব্দটি দৃষ্ট হইলেও উহা দ্বারা ছন্দোভঙ্গ ঘটে এবং উহা না থাকিলেও অর্থ-প্রতীতির ব্যাঘাত হয় না বলিয়া উহা প্রক্ষিপ্ত বলিয়াই বোধ হয়। ২। 'কহইতে হৃদি' স্থলে 'কহই হৃদয়' ক, খ, চ। ৩। 'চৌ' ঘ। ৪। 'বহে' ক, খ; 'রহে' চ। ৫। 'হিম ক, খ।

অথ শ্রীকৃষ্ণস্যোক্তিঃ।

পঠমঞ্জরী।[১]

যব তুহুঁ[২] লায়ল[৩] নব নব নেহ।
কেহু না গুণল[৪] পরবশ দেহ॥
অব বিহি ভাঙ্গল সো সব মেলি।
দরশন দুলহ দূরে রহুঁ কেলি॥
তুহুঁ পরবোধবি রাইক সজনি।
যৈছনে[৫] জীবয়ে[৬] তুয়[৭] এক রজনি॥ধ্রু॥
গণইতে দিবস অধিক[৮] গণি দেখ[৯]!
মেটি শুনায়বি তুয়[১০] এক রেখ॥
লিখইতে হৃদয়ে উঠয়ে যছু রীত[১১]।
নিজ-করে লিখইতে নাহি পরতীত॥
কতয়ে[১২] সম্বাদব পর-মুখে[১৩] বাণী।
কি কহিতে[১৪] কিয়ে পুন হোয়ে[১৫] না জানি॥
এতহুঁ নিবেদলুঁ[১৬] তুয়া পায়ে কান।
গোবিন্দদাস[১৭] তাহে[১৮] পরমাণ॥

॥৬৯॥১৮৩৩॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪০।১৭৩ সংখ্যক পদ। 'পঠমঞ্জরী' স্থলে 'ধানশ্রী' প-র। ২। পদামৃত-সমুদ্রের মুদ্রিত সংস্করণে 'তুহুঁ' স্থলে 'তুহুঁ' পাঠ থাকিলেও টীকাকার 'লায়ল' শব্দের অর্থ 'অবৰ্দ্ধয়তাং' লিখায় 'তুহুঁ' পাঠই যে টীকা-সম্মত তাহা সহজেই বুঝা যায়। ৩। 'বাঢ়ায়ল' প-স টীকার পাঠান্তর; 'মিলল' প-র। ৪। 'গুণল' ক, ঘ,। ৫। 'বৈছন' ক; 'কৈছনে' প-র। ৬। 'জীবই' প-র। ৭। 'দুয়' ক, চ; 'দুই' প-র। ৮। 'দিবস অধিক' স্থলে 'অধিক দিবস' ক, খ, চ; 'অবধিক দিবস' প-র। ৯। 'গণি দেখ' স্থলে 'গণি লেখ' ঘ, চ; 'গণ লেখ' প-র। ১০। 'দুয়' ক, চ; 'দুই' প-র। ১১। 'লিখইতে' ইত্যাদি সুন্দর পংক্তিদ্বয় কেবল প-র পুথিতে দৃষ্ট হয়। এই পংক্তিদ্বয় না থাকিলে ১১—১২ পংক্তিদ্বয়ের অর্থ অসংলগ্ন হইয়া পড়ে। ১২। 'তাহে' চ; প র। ১৩। 'মুখ' ক, চ। ১৪। 'করিতে' প-র। ১৫। 'হোত' প-র। ১৬। 'নিবেদন' প-র। ১৭। 'গোবিন্দ দাস পহু' ঘ। ১৮। 'রহত' প-র।

টীকা

১—২। "যব" ইত্যাদি। যখন উভয়ে নব নব প্রেম আনিলাম অর্থাৎ প্রকাশ করিলাম, (তখন) কেহই দেহ পরাধীন (বলিয়া) গণ্য করিলাম না। (মনে যাহা ইচ্ছা করা যাইতে পারে, কিন্তু দেহ পরাধীন বলিয়া মনের ইচ্ছা কার্য্যে পরিণত করা যায় না—এই কথা নবানুরাগের উচ্ছ্বাসে আমাদিগের কাহারও মনে হয় নাই!)

৭—৮। "গণইতে" ইত্যাদি। (আমার ব্রজে যাওয়ার কত দিন বাকি আছে) গণনা করিতে যাইয়া (যদি) বেশী দিন বাকি দেখ, তাহা হইলে দুই একটি রেখা অর্থাৎ অঙ্ক খুচাইয়া অর্থাৎ কমাইয়া (শ্রীরাধাকে) শুনাইও।

৯—১০। "লিখইতে" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ কি জন্য ইতিপূর্ব্বে পত্রাদি প্রেরণ করেন নাই—তাহার কারণ দর্শাইয়া বলিতেছেন) লিখিতে গেলে হৃদয়ে যেরূপ ভাব উঠে, (তাহাতে) নিজ হাতে (পত্রাদি) লিখিতে বিশ্বাস হয় না!

১১—১২। "কতয়ে" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ কি জন্য ইতিপূর্ব্বে লোক-মুখে সংবাদ প্রেরণ করেন নাই—তাহার কারণ দর্শাইয়া বলিতেছেন) পরের অর্থাৎ বহিরঙ্গ জনের মুখে কত সংবাদ জানাইব? জানি না—(সে) কি বলিতে আবার কি হয়! (শ্রীকৃষ্ণ কথার ভাবে জানাইতেছেন যে, এখন তিনি অন্তরঙ্গ সুচতুরা সখীকে পাইয়াছেন বলিয়াই কেবল তাহার দ্বারা সংবাদ পাঠাইতে পারিলেন)।

— —

তথা রাগ।

হামারি যতেক[১] দুখ বিরহ-হুতাশ।
সবহি কহবি তুহুঁ বিরহিণি পাশ॥

দুয়[২] এক দিবসে মিলব হাম যাই।
যতনহি তুহুঁ[১] পরবোধবি রাই॥
কহবি সজনি মঝু আরতি-বাণী।
তাকর মুখ হেরি বিছুরহ জানি॥
শুনি দূতি ধাই চললি ধনি পাশ।
গদ গদ কহতহিঁ বলরামদাস॥

॥৭০॥১৮৩৪॥

পাঠান্তর

১। 'যতহুঁ' ঘ, চ। ২। 'দ্বয়' ক, চ।

—

অথ শ্রীকৃষ্ণস্য দ্বাদশমাসিক-বিরহাবস্থা।

তিরোথা ধানশী।

আঘণ মাস নাহ-হিয় দহিই
শুনইতে হিম-ঋতু নাম।
অঙ্গন গহন দহন ভেল মন্দির
সুন্দরি তুহুঁ ভেলি বাম॥
কিয়ে নিশি বাসর গর গর অন্তর
জর জর মরমক ঠাম।
বিদগধ-রায় মুগধ-চিত অবিরত
সোঙরিয়া তুয়া গুণ-নাম॥
সুন্দরি কো কহ[১] ও দুখ ওর[২]।
বিষম কুসুম-শর-[৩] জরে[৪] ভেল দূবর
বল্লব-[৫] রাজ-কিশোর॥ ধ্রু॥

॥৭১॥১৮৩৫॥

পাঠান্তর

১। 'কহুঁ' ক; 'কহু' চ। ২। 'মোর' চ। ৩। 'শরে' চ। ৪। 'জরে' ক; 'যবে' চ। ৫। বল্লভ' খ, চ।

—

পৌষ-তুষার তুষানলে ডারল
জীবন নায়রি নাহ।
সুধির[১] সমীর সুধাকর-শীকর-
পরশ গরল অবগাহ॥
অহনিশি ডহ ডহ পিয়া জিউ থির নহ
দুঃসহ বিরহক দাহ।
উঠত[২] বৈঠত শোয়ত রোয়ত
কতয়ে করব নিরবাহ॥

॥৭২॥১৮৩৬॥

পাঠান্তর

১। 'সুধীর' ক। ২। 'উঠত' ক', ঘ, চ।

—

মাঘহি দিন নিশি শিশিরক শীকর-
নিকরহুঁ অবনি আগোর।
উলটি[১] পালটি অনুখণ ছটফটি
তনু দহে সহচরি-কোর॥
তুয়া গুণে কামিনি কত হিম-যামিনি
জাগরে নাগর ভোর।
সরসিজ-মোচন বর-লোচন[২] রহুঁ
ঝরতহিঁ ঝর ঝর লোর॥

॥৭৩॥১৮৩৭॥

পাঠান্তর

১। 'উলটি' ক, ঘ, চ। ২। 'বহু লোচন' খ; 'দুহু লোচন' ঘ।

—

ফাগুনে মধুপুর নাগরি নাগর
বিলসই ফাগুক রঙ্গে।
বিরহক আগুনি জরি জরি গুণমণি
ঝামর শ্যামর অঙ্গে॥
তুহুঁ সে নিরন্তর লাগলি অন্তর
কি করব রঙ্গিণি সঙ্গে।
শীতল ভূতলে লুঠয়ে বেয়াকুল
দংশল বিরহ-ভুজঙ্গে॥

॥৭৪॥১৮৩৮॥

—

দুরহি বিরহিগণ তেজই জীবন
শুনি অছু নাম দুরন্ত।
সো মধু-মাস বিলাসত জনে জনে
আওল কাল বসন্ত॥
এত দিন[1] কতহিঁ[2] যতনে জিউ রাখল
অব কি জিয়ব তুয়া কান্ত।
পিকু-অলি-কাকলি কুসুম-লতাবলি
দিনে দিনে জিউ করু অন্ত॥
বিকসিত কুসুম ভরল সব কানন
চৌদিশে ভ্রমর-ঝঙ্কার।
তরু পর কোকিল পঞ্চম গায়ই
নিশি দিশি জীবন জার॥
॥৭৫॥১৮৩৯॥

পাঠান্তর
১। 'দিনে' ক, খ। ২। 'কতহু' খ।

পাপ নিশাকর কিরণ পসারল
জগ ভরি আনল বিথার।
মাধবি-মাসে আশে জিউ না রহ[1]
অব কি সহব দুখ আর॥
শীতল শতদল-শয়নে শুতায়ল
কিশলয় ভরি পরিযঙ্ক।
কত উঠি কত বৈঠি পড়য়ে ধরণি লুঠি
লোরে করই মহি[2] পঙ্ক॥
॥৭৬॥১৮৪০॥

পাঠান্তর
১। 'রহল' ক, খ। ২। 'মহী' ক।

কত ঘন চন্দন কত কত বীজন
সজল জলদ বিষ-শঙ্কা।
জৈঠহি পৈঠল হিয়ে বড়বানল
কিয়ে দুরবিহি ভেল বঙ্কা॥

নব নব জলধর ভরি রহু অম্বর
বরিষা নব পরবেশে।
খেণে খেণে জলদ মধুরময় ধনি শুনি
গুণি গুণি উঠয়ে তরাসে॥
॥৭৭॥১৮৪১॥

সব নব পল্লব লাগল[1] মনভব
বিহি করু সব অব শেষ।
কোন আষাঢ়ে শেল হিয়ে গাড়ল
বাড়ল গাঢ় কলেশ[2]॥
গগনহি সঘন ঘনহি ঘন গরজন
দামিনি দশ দিশ পাত।
যামিনি ঘোর তিমির-ভর[3] হেরইতে
থরহরি কাঁপায়ে গাত॥৭৮॥১৮৪২॥

পাঠান্তর
১। 'মনোভব লাগল' ক; 'লাগল মনোভব' খ। ২। 'কেলেশ' ক।

এ দুখ-সায়র-নিমগন নায়র
তহিঁ হত-দাদুরি-রাব।
শাঙণ গহন দহন দহ জীবন
কিয়ে জানি হরি-বধ পাব॥
॥৭৯॥১৮৪৩॥

উদ ভাদর দিন নিরখিতে তনু খিণ
দারুণ দুরদিন মান।
বিরহ-হিলোলহি দর দর অন্তর
দোলত চপল পরাণ॥
তুয়া বিনু দিগুণ[1] শূন সব মন্দির
মনমথ-তূণ সমান।
একল[2] বিকল সকল নিশি বিলপই
অবিরত ঝরয়ে নয়ান॥৮০॥১৮৪৪॥

পাঠান্তর

১। 'তুহু' ক, চ; 'তুন' ঘ। ২। 'একলি' ক, খ, চ।

উজোর হিমকর নভ-তল নিরমল
চাঁদনি রজনি উজোর।
উনমত ভ্রমর ভ্রমরি সহ বিলসই
বিকশিত পদুমিনি-কোর॥
তোহারি দরশ বিনু অতি খিণ জীবন
গদ গদ কহে আধ বোল।
আশিন শারদ হংস-শবদ শুনি
পিয়া-জিউ অতি উতরোল॥

॥৮১॥১৮৪৫॥

বিহরই বিহগ সুভগ তটিনী-তট
জল সরসিজ পরকাশ।
জগ-জন-লোচন তনু-মন-মোহন
আওল কাতিক মাস॥
অবহুঁ অনঙ্গ-ভুজঙ্গ গরাসল
অব নাহি জিবনক আশ।
নিশি দিশি অনুখণ গুণি গুণি তুয়া গুণ
উনমত বারহি মাস॥
অব ভেল অচেতন মুদি রহু লোচন[১]
ঘন ঘন তেজই শ্বাস।
তুহুঁ মণি-মন্তর তুয়া নাম প্রতিকার
নিবেদন বলরাম দাস॥

॥৮২॥১৮৪৬॥

পাঠান্তর

১। 'অব ভেল' ইত্যাদি ভণিতার কলিটি ক, খ পুথিতে নাই।

সুহই।

বিরহিণি কি কহব নাহক দুখ।
আধ তিল তুয়া বিনে জীবন শূন্য[১] মানে
তাহে কি মাথুর সুখ॥
সদাই বিরলে বসি অবনত মুখ-শশী
ঝর ঝর ঝরয়ে নয়ান।
দুই হাত বুকে ধরি রাই রাই করি
ঐছনে হরয়ে গেয়ান॥
পুন চেতন পুন ঐছন[২] মুরছন
পুন পুন করয়ে ধিকার।
গোকুল-নগরক পথিক হেরি কত
করে ধরি করে পরিহার॥
আওব কানু কহল তোহে কত কত
বচনে করহ বিশোয়াসে।
তোহারি প্রেম সোই বিছুরি না পারব
পুছহ[৩] বলরাম দাসে॥

॥৮৩॥১৮৪৭॥

পাঠান্তর

১। 'শূন' ক, খ। ২। 'যৈছন' ক, খ, চ। ৩। 'পুছহ' ক, চ।

শ্রীরাগ[১]।

এক দিবস হাম মথুরা সমাগম
পন্থহি দরশন ভেল।
তোহারি চরিত কত[২] পুন পুন পুছত
লোরে নয়ান ভরি[৩] গেল॥
সুন্দরি সুপুরুখ বিদগধ সোয়।
কানুক হৃদয় সবহুঁ হাম জানলুঁ[৪]
তিলেক না বিছুরই[৫] তোয়॥ধ্রু॥
পীত-নিচোলে নয়নযুগ মোছই
ফুকরি ফুকরি কত রোয়।

উর পর পাণি হানি খিতি লুঠই[৬]
পুন পুন মুরছিত হোয় ॥
তুয়া বিনে রাতি দিবস নাহি জানত
অতয়ে বুঝলুঁ[৭] অনুমানে।
মোহে বিছুরল বলি কতহুঁ[৮] না রোয়ত[৯]
গোবিন্দদাস পরমাণে ॥

॥৮৪॥১৮৪৮॥

পাঠান্তর

১। ইহা প-র পুঁথির ৪০।১৭৭ সংখ্যক পদ। ২। 'তোহারি' ইত্যাদি স্থলে 'তু। কাহিনি যত' প-র। ৩। 'ঢুনি' প-র। ৪। 'বুঝলু' ক, চ; 'বুঝল' ঘ। ৫। 'বিছুরল' ক, চ প-র; 'বিছুরব' ঘ। ৬। 'লুঠই' ক, চ। প-র। ৭। 'বুঝিনু' ক। ৮। 'কবহু' প-র। ৯। 'বোলহ' প-র।

বালা ধানশী।

কানুক ঐছে দশা শুনি বিরহিণি
বাঢ়ল অতি উনমাদ।
কানু কানু করি খিতি-তলে মুরছলি
সখিগণ দিগুণ বিষাদ ॥
এক সখি তুরিতহি কোরে আগোরল
কহতহিঁ আওত[১] কান।
শুনইতে ঐছন বচন কমলনয়ন
পাওল জীবন দান ॥
চেতন পাই হেরই পুন দশ দিশ
অতি উতকণ্ঠিত হোই।
কাহাঁ মঝু প্রাণ-নাথ কহি ফুকরয়ে
অবহুঁ না আওল সোই ॥
রোয়ত হসত খসত মহি জোয়ত[২]
পন্থহি নয়ন পসারি।
সহই না পারি জ্ঞান পুন তৈখনে
মথুরা নগর সিধারি ॥৮৫॥১৮৪৯॥

পাঠান্তর

১। 'আগোরত' ক। ২। 'মহি জোয়ত' স্থলে 'মণি যোজত' (?) ক; 'মহী জোয়ত' খ।

তথা রাগ।

মাধব কৈছন বচন তোহার।
আজি কালি করি দিবস গোঙাইতে
জীবন ভেল অতি ভার ॥
পন্থ নেহারিতে নয়ল অন্ধায়ল[১]
দিবস লিখিতে নখ গেল।
দিবস দিবস করি মাস বরিখ গেও
বরিখে বরিখ[২] কত ভেল ॥
আওব[৩] করি করি কত পরবোধব
অব জিউ ধরই না পার।
জীবন মরণ অ- চেতন চেতন
নিতি নিতি ভেল তনু ভার ॥
চপল চরিত তুয়া চপল বচনে আর
কোই করব বিশোয়াস।
ঐছে বিরহে যব জনম গোঙায়ব
তব কি করব জ্ঞানদাস ॥

॥৮৬॥১৮৫০॥

পাঠান্তর

১। 'আন্ধাওল' ক। ২। 'বরিখে' ঘ, চ। ৩। আওত' ঘ

ধানশী১।

দুতি-মুখে শুনইতে ঐছন ভাষ।
ঝর ঝর লোচন ঘন ঘন শ্বাস ॥
পরিহরি মাথুর[২] করল পয়াণ।
লোরহি[৩] পন্থ বিপথ নাহি জান[৪] ॥
দুতি-অনুসারে চললি অনুসারি[৫]।
ছুটল[৬] কুঞ্জর-গতি অনিবারি[৭] ॥

কর৮ ধরি দূতি মিলাওল কুঞ্জে।
চিরদিনে পাওল আনন্দ৯ পুঞ্জে ॥
হেরি সখি জয় জয় ১০মঙ্গল দেল।
শিবানন্দ১১সহচরি জীবন ভেল ॥
॥৮৭॥১৮৫১॥

"চিরদিনে মীলল রাইক পাশ।"
ইত্যাদি পদং অত্র গেয়ং। *

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪২।৮ সংখ্যক পদ। ২। 'মথুরা' ক, খ, চ। ৩। 'লোরেহি' ক। ৪। 'মান' প-র। ৫। 'অনুসার' পর। ৬। 'ছুটল' ক, খ, চ; 'চললহু' প-র। ৭। 'অনিবার' প-র। ৮। 'হাথে' প-র। ৯। 'পাওল আনন্দ' স্থলে 'বৈঠল সহচরি' প-র। ১০। 'হেরি' ইত্যাদি স্থলে 'জয় জয় সখিগণ' প-র। ১১। 'শিবা' প-র।

* 'চির দিনে মীলল' ইত্যাদি পদটি ৪র্থ শাখার ১৭০৬ সংখ্যক পদরূপে পূর্ব্বে উদ্ধৃত হইয়াছে বলিয়া এ স্থলে পুনরুদ্ধৃত ও সংখ্যাত হয় নাই।

ইতি চতুর্থ-শাখায়াং নবম পল্লবঃ।

শ্রীনবদ্বীপবাসিভক্তগণস্য বিচ্ছেদো যথা।

ধানশী।

নীলাচলপুরে গতায়াত করে
যত বৈরাগী সন্ন্যাসী।
তাহা সভাকারে কান্দিয়া সোধায়ে১
যত নবদ্বীপ-বাসী ॥
তোমরা কি এক সন্ন্যাসী২ দেখ্যাছ।
শ্রীকৃষ্ণচৈতন্য যাহার নাম
তাহারে কি ভেটিয়াছ ॥ধ্রু॥
বয়স৩ নবীন গলিত কাঞ্চন
জিনি তনুখানি গোরা।
হরে কৃষ্ণ নাম বোলয়ে সঘনে
নয়নে গলয়ে ধারা ॥
কখন হাসন কখন রোদন
কখন আছাড় খায়।
পুলকের ছটা শিমুলের কাঁটা
ঐছন সোণার গায় ॥
তারা৪বোলে৫আহা দেখিয়াছি তাহা
থাকেন সমুদ্র-কূলে।
তিঁহো৬ জগন্নাথ আপনে সাক্ষাত
তারে কে মানুষ বোলে৭ ॥
যে রূপ যে গুণ যে নাট কীর্ত্তন
যে প্রেম-বিকার দেখি।
হেন লয় মনে৮ তাহার চরণে৯
সদাই অন্তরে১০ রাখি ॥
গিয়া নীলাচল ভাগ্য সে ফলিল
দেখিলুঁ চরণ তার।
প্রেমদাস গায় সেই গোরা রায়
প্রাণ ইহা সভাকার ॥
॥১॥১৮৫২॥

পাঠান্তর

১। 'সুধায়' ক। ২। 'সন্ন্যাসীরে' ঘ। ৩। 'বয়েস' ঘ, চ। ৪। 'তবে' ক, খ; 'তাহা' ঘ। ৫। 'বলে' ক, খ। ৬। 'তেহোঁ' ক; 'তিহো' খ। ৭। 'বলে' ক। ৮। 'মন' ঘ। ৯। 'চরণ' ঘ। ১০। 'অন্তর' ক, চ।

তথা রাগ।

নীলাচল হৈতে শচীরে দেখিতে
আইসে জগদানন্দ।
রহি কথো১ দূরে দেখে নদীয়ারে
গোকুলপুরের ছন্দ ॥

ভাবয়ে পণ্ডিত রায়।
পাই কি না পাই শচীরে দেখিতে
এই অনুমানে যায়॥ ধ্রু॥
তরু লতা যত দেখে শত শত
অকালে খসিছে পাতা।
রবির কিরণ না হয় স্ফুটন
মেঘগণ দেখে[২] রাতা॥
ডালে বসি পাখী মুদি দুটি আঁখি
ফল জল তেয়াগিয়া।
কান্দয়ে ফুকরি ডুকরি ডুকরি[৩]
গোরাচাঁদ নাম লৈয়া॥
ধেনু যূথে যূথে দাঁড়াইয়া পথে
কারো[৪] মুখে নাহি রা।
মাধবী দাসের ঠাকুর পণ্ডিত
পড়িল আছাড়ে গা॥

॥২॥১৮৫৩॥

পাঠান্তর

১। 'কহ' ক। ২। 'দেখি' খ। ৩। 'ডুকুরি ডুকুরি' ঘ। ৪। 'কার' ক, চ।

তথা রাগ।

ক্ষণেক রহিয়া চলিয়া উঠিয়া
পণ্ডিত জগদানন্দ।
প্রবেশি নগরে দেখে ঘরে ঘরে
লোক সব নিরানন্দ॥
না মেলে পসার না করে আহার
কারো মুখে নাহি হাসি।
নগরে নাগরী কান্দয়ে গুমরি
থাকয়ে বিরলে বসি॥
দেখিয়া নগর ঠাকুরের ঘর
প্রবেশ করল যাই।
আধ মরা হেন ভূমে অচেতন
পড়িয়া আছেন আই॥
প্রভুর রমণী সেহ[১] অনাথিনী
প্রভুরে হইয়া হারা।
পড়িয়া আছেন মলিন বসন
মুদল-নয়ানে ধারা॥
দাস দাসী সব আছয়ে নীরব
দেখিয়া পথিক-জন।
সোধাইছে[২] তারে কহ দেখি মোরে
কোথা হৈতে আগমন॥
পণ্ডিত কহেন মোর আগমন
নীলাচলপুর হৈতে।
গৌরাঙ্গ-সুন্দর পাঠাইল মোরে
তোমা সভারে[৩] দেখিতে॥
শুনিয়া বচন সজল নয়ন
শচীরে কহল গিয়া।
আর এক জন চলিল তখন
শ্রীবাস-মন্দিরে ধায়্যা॥
শুনিয়া শ্রীবাস মালিনী উল্লাস
যত নবদ্বীপ-বাসী।
মরা হেন ছিল অমনি ধাইল
পরাণ পাইল আসি॥
মালিনী আসিয়া শচী বিষ্ণুপ্রিয়া
উঠাইল যতন করি।
তাহারে কহিল পণ্ডিত আইল
পাঠাইল গৌরহরি॥
শুনি শচী আই সচকিত চাই
দেখিলেন পণ্ডিতেরে।
কহে তার ঠাই আমার নিমাই
আসিয়াছে কত দূরে॥

দেখি প্রেম-সীমা স্নেহের মহিমা
পণ্ডিত কান্দিয়া কয়।
সেই গোরা[৩] -মণি যুগে যুগে জানি
তুয়া প্রেম-বশ হয় ॥
হেন নীত রীত গৌরাঙ্গ-চরিত
সভাকারে শুনাইয়া।
পণ্ডিত রহিলা নদীয়া নগরে
সভাকারে সুখ দিয়া ॥
চন্দ্রশেখর পশুর সোসর
বিষয়-বিষেতে[৫] প্রীত।
গৌরাঙ্গ-চরিত পরম অমৃত
তাহাতে না লয় চিত ॥

॥৩॥১৮৫৪॥

পাঠান্তর

১। 'সেহো' ক। ২। 'সুধাইছে' ক।
৩। 'সভাকারে' খ, ঘ, চ। ৪। 'গৌর-' ক, খ।
৫। 'বিশেষে' ক, চ।

গান্ধার।

আর না হেরিব প্রসর কপালে
অলকা-তিলক-কাচ।
আর না হেরিব সোণার কমলে
নয়ন-খঞ্জন নাচ ॥
আর না নাচিবে শ্রীবাস-মন্দিরে
ভকত-চাতক লৈয়া।
আর না নাচিবে আপনার ঘরে
আমরা[১] দেখিব চায়্যা ॥
আর কি দুভাই নিমাই নিতাই
নাচিবেন এক[২] ঠাঞি।
নিমাই করিয়া ফুকরি সদাই
নিমাই কোথায় নাই ॥
নির্দ্দয় কেশব ভারতী আসিয়া
মাথায় পাড়িল বাজ।
গৌরাঙ্গ-সুন্দর না দেখি কেমনে
রহিব নদীয়া মাঝ ॥
কেবা হেন জন আনিবে এখন
আমার গৌর[৩] রায়।
শাশুড়ী বধূর রোদন শুনিতে
বংশী গড়াগড়ি যায় ॥

॥৪॥১৮৫৫॥

পাঠান্তর

১। 'আর না' ক। ২। 'একু' ক।
৩। 'গৌরাঙ্গ' ক।

সুহই।

হরি হরি গোরা কোথা গেল।
মরমে পশিল শেল বাহির না হৈল ॥
কাহারে কহিব-দুখ না নিঃসরে[১] বাণী।
অনুখণ পড়ে মনে গোরা গুণমণি ॥
মো যদি জানিতাম[২] গোরা যাবে
রে ছাড়িয়া।
পরাণে পরাণ দিয়া রাখিতাম বান্ধিয়া ॥
গধাধর দামোদর কেমনে বাঁচিবে[৩]।
এত দিনে বাসুঘোষ পরাণে মরিবে[৪] ॥

॥৫॥১৮৫৬॥

পাঠান্তর

১। 'নিস্বরে' খ; 'নিসরে' চ। ২। 'জানিতাঙ' ক, খ, চ। ৩। 'বাঁচিব' ক, খ, চ। ৪। 'মরিব' ক, খ, চ।

শ্রীরাধায়া বিলাপো যথা।

ধানশী১।

পিয়া পরদেশ[২] বেশ গেল দূর।
হাস রভস সবহুঁ ভেল চূর ॥

মৃগমদ-চন্দন-লেপন বীখ[৩]।
মন্দ পবন জনু আনল-শীখ[৪] ॥
এ সখি এ সখি দুরদিন লাগি।
হাত-রতন খসে[৫] কোন[৬] অভাগি ॥ধ্রু॥
হিমকর উগইতে দিনকর-তেজ।
নলিনি বিছায়ত[৭] কণ্টক-শেজ ॥
সব বিপরিত এহ[৮] সময় বসন্ত।
মনমথ পিশুন কয়ল জিউ অন্ত ॥
রতন-হার ভেল গুরুতর ভার[৯]।
দিনে দিনে দেহ নেহ অনুসার[১০]॥
বিহি সে কয়ল মোহে[১১]হাহা সার[১২]।
জ্ঞানদাস কহ[১৩]অতি অবিচার ॥

॥৬॥১৮৫৭॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪০।৫১ সংখ্যক পদ। ২। 'পরদেশে' ক, খ; প-র। ৩। 'বিখ' ক। ৪। 'আনল-শিখ' ক; 'বাড়ব-শীখ' প-র। ৫। 'গেল' প-র। ৬। 'এ বহু' প-র। ৭। 'বিছায়ল' খ; 'বিছাইয়ে' প-র। ৮। 'ইহ' ক, খ। ৯। 'রতন' ইত্যাদি স্থলে 'রতনক হার গুরুয়া ভেল ভার' প-র। ১০। 'দিনে' ইত্যাদি স্থলে 'বসন ভূষণ জনু দহন-আকার' প-র। ১১। 'মোরে' ক, খ। ১২। 'বিহি' ইত্যাদি কলির স্থলে প-র পুথির পাঠ যথা—

'একলি মন্দিরে হাম পিয়া দুরদেশ।
জ্ঞানদাস কহ দুখ ভেল শেষ ॥'

তিরোথা[১]।

শৈশব-সময়[২] পঙ্ত গেলা।
যৌবন সময়[৩] অব ভেলা ॥
আর নাহি কয়ল উদেশ।
কি কহব কাহিনি বিশেষ ॥
সজনী দুরগহ[৪] করু অবগাহ[৫]।
কিছুরল গোকুল-নাহ[৬] ॥
বাঢ়ল বিরহ-বেয়াধি।
মনমথ পরম বিবাদী[৭] ॥
মন্দিরে একলা পরাণে।
কত চিতে করি[৮] অনুমানে ॥
দিনে দিনে তনু অবরোধে[৯]।
কা দেই করব[১০]সম্বাদে ॥
জ্ঞানদাস অনুমান[১১]।
তনু অব করব পয়াণ[১২]॥৭॥১৮৫৮॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪০।৫২ সংখ্যক পদ। ২। 'শৈশব-সময়' স্থলে 'শৈশব শেষে' প-র। ৩। 'জনম' প-র। ৪। 'দুরগাহ' ক। ৫। 'অবগাহে' ক। ৬। 'নাহে' ক। ৭। 'বিরোধী' প-র। ৮। 'করু' প-র। ৯। 'অবসাদে' প-র। ১০। 'কহব' প-র। ১১। 'অনুমানে' খ, প-র। ১২। 'তনু' ইত্যাদি স্থলে 'তুতি অব করব পয়ানে' ঘ; 'অব তুহি করউ পয়ানে' প-র।

গান্ধার[১]।

কানু কুশলে পর-দেশ [২]সিধারল
লাগল মনমথ বাদে।
নয়নক লোরে লহরি[৩] দিঠি বাদর
কি কহব[৪] হৃদয় বিষাদে ॥
সখি হে পরাণ ভেল উপহাস[৫]।
আশা[৬] -পাশ পাপ-মন বান্ধল
জীবন মরণক আশ[৭] ॥ ধ্রু ॥
এত দিন[৮] অমিয়া-সরোবরে আছিলুঁ[৯]
চিন্তামণি ছিল অঙ্কে।
চন্দন-পবন হুতাশন হিমকর
বিষধর বিলসে কলঙ্কে ॥

কেশ কুসুম ধরি সম্বরি[১১]না বান্ধব[১১]
না করব সুন্দর শিঙ্গার।
নাহ বিহিন[১২]সব দাহন মানিয়ে[১৩]
জ্ঞানদাস[১৪]উপচার ॥৮॥১৮৫৯॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪০।৫৩ সংখ্যক পদ। ২। 'দেশে' ক, খ। ৩। 'লহরি' ক, খ পুথিতে নাই। ৪। 'করব' ক, খ, ঘ, চ। ৫। 'উপহাসে' প-র। ৬। 'আশ' প-র। ৭। 'আশে' প-র। ৮। 'দিনে' ক; প-র। ৯। 'আছল' প-র। ১০। 'শ্যাম বিনে' প-র। ১১। 'বান্ধহ' ক, খ। ১২। 'বিহীন' ক। ১৩। 'দাহন মানিয়ে' স্থলে 'দাহক মানিয়ে' ক, খ, চ; 'দাহ মানিয়ে গো' প-র। ১৪। 'জ্ঞান কহল' প-র।

পঠমঞ্জরী।

ভোখে[১] ভাত না খায় পিয়া তিরিষায় পানী।
রাতি দিবস[২] মোর দেখে মুখখানি॥
আঁখির নিমিখে[৩] পিয়া হারায়[৪] হেন বাসে।
হেন পিয়া কেমনে আছয়ে[৫] দূর দেশে॥
প্রাণ করে ছটপট নাহিক সম্বিত[৬]।
কি করিয়া পাসরিব পিয়ার পিরিত॥
মরিব মরিব সই কি আর যতনে।
সে পিয়া বিসরে[৭] যদি কি ছার[৮] জীবনে॥
কত পরিহার কৈল ধরিয়া আঁচলে[৯]।
হাস বিলাস[১০]কত করে নানা ছলে॥
তমু[১১]তারে না চাহিলাম[১২]নয়ানের কোণে।
সোঙরি এ দুখে[১৩]প্রাণ কান্দে রাতি দিনে॥
হাস হাস নয়ান জুড়াকু চাঁদ-মুখি।
এ বোল বলিতে পিয়া ছল-ছল[১৪]আঁখি॥
বলরাম দাস পহুঁর[১৫]সোঙরিতে[১৬]লেহ।
পরাণ ফাঁফর হৈল খীণ হৈল দেহ॥
॥৯॥১৮৬০॥

পাঠান্তর

১। 'ভোকে' ঘ। ২। 'দিন বসি' প-র। ৩। 'নিমিসে' ঘ, চ। ৪। 'হারা' ক, খ; প-র। ৫। 'রহিল' প-র। ৬। 'প্রাণ করে' ইত্যাদি কলি প-র পুথিতে নাই। ৭। 'পাসরে' প-র। ৮। 'যার' ঘ। সম্ভবতঃ কোন পুথির 'য়ার' পাঠই লিপিকর-ভ্রমে 'যার' পাঠে পরিণত হইয়াছে। ৯। 'কত' ইত্যাদি স্থলে 'বিলাস লাগিয়া পিয়া ধরিয়া আঁচরে।' প-র। ১০। 'পরিহাস' প-র। ১১। 'তভু' প-র। ১২। 'চাহিলুঁ' প-র। 'সোঙরি' ইত্যাদি স্থলে 'এ দুখ-আগুনে' প-র। ১৩। 'জুড়াক' ক। ১৪। 'অনিমিখ' প-র। ১৫। 'পহু' প-র। ১৬। 'সঙরিতে' প-র।

সুহই[১]।

কালিক অবধি করিয়া পিয়া গেল।
লিখইতে কালি ভীত[২] ভরি গেল॥
ভেল পরভাত কালি কহে সবহিঁ[৩]।
কহ কহ রে সখি কালি কবহিঁ[৪]॥
কালি কালি করি তেজলুঁ আশ।
কান্ত নিতান্ত না মীলল পাশ[৫]॥
ভণয়ে বিদ্যাপতি শুন বরনারি।
পুর-রমণীগণ রাখল বারি[৬]॥
॥১০॥১৮৬১॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪০।৬৫ সংখ্যক পদ। 'সুহই' স্থলে 'তুড়ী' প-র। 'কালি ভীত' স্থলে 'কালি ভিত' ক, খ; 'ভীত কালি' প-র। ৩। 'ভেল' ইত্যাদি স্থলে 'ভেল পরভাত পুছিয়ে সবহুঁ' ক, খ, চ; 'ভেল পরভাত পুছয়ে সবঁহু' ঘ। ৪। 'কহ কহ' ইত্যাদি স্থলে 'কহ কহ সই জানি কালি হব কবহুঁ' প-র। ৫। 'কান্ত' ইত্যাদি স্থলে 'কান্ত কি মিলব কন্তাক পাশ॥' প-র।

৬। 'পুর'-ইত্যাদি স্থলে 'ধৈরজ ধর চিতে মিলব মুরারি॥' প-র।

টীকা

১—২। "কালিক" ইত্যাদি। প্রিয়তম কালিকার অবধি অর্থাৎ মুদ্দত করিয়া গেল ; (কল্য কবে হইবে) লিখিতে লিখিতে গৃহের ভিত্তি ভরিয়া গেল ; তথাপি প্রিয়তম আসিল না! "লিখইতে ভীত" ইত্যাদি পাঠের অর্থ—লিখিতে লিখিতে ভিত্তি কৃষ্ণবর্ণ হইয়া গেল!

তথা রাগ[১]।

কত[২] দিন মাধব রহব মথুরাপুর
কবে ঘুচব[৩] বিহি বাম[৪]।
দিবস লেখি লেখি[৫] নখর খেয়ায়লুঁ
বিছুরল গোকুল নাম॥
হরি হরি কাহে কহব এ সম্বাদ[৬]।
সোঙরি সোঙরি নেহ খিণ ভেল মঝু দেহ
জিবনে[৭] আছয়ে কিবা সাধ[৮]॥ ধ্রু॥
পুরব-পিয়ারি নারি হাম আছিলুঁ
অব দরশনহুঁ সন্দেহ[৯]।
ভ্রমর ভ্রমরি[১০]ভ্রমি সবহুঁ কুসুমে রমি
না তেজই কমলিনি-নেহ॥
আশ-নিগড় করি জিউ কত রাখব[১১]
অবহি যে করব[১২]পয়াণ।
বিদ্যাপতি কহ আশ-হীন নহ[১৩]
আওব সো বর কান[১৪]॥

॥১১॥১৮৬২॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪০।৬৯ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'শ্রীরাগ' প-র। ২। 'এক' প-র। ৩। 'ঘুচব' ক, চ। ৪। 'কবে' ইত্যাদি স্থলে 'কত দিন বিহি রবে বাম।' প-র। ৫। 'লিখি লিখি' ক, খ, ঘ, চ। ৬। 'কাহে' ইত্যাদি স্থলে 'কো আসি কহব সম্বাদ' প-র। ৭। 'জিবন' ঘ। ৮। 'জিবন' ইত্যাদি স্থলে 'জীবন ভেল অবসাদ' প-র। ৯। 'সন্দেশ' প-র। ১০। 'ভ্রময়ে' প-র। ১১। 'আশ' ইত্যাদি স্থলে 'আশ নিগড় জিউ করি কত রাখব' প-র। ১২। 'অবহি' ইত্যাদি স্থলে 'অবহি যে করত' ক, চ; 'অব জিউ করব' প-র। ১৩। 'আশ' ইত্যাদি স্থলে 'ধৈরজ ধর ধনি' প র। ১৪। 'আওব' ইত্যাদি স্থলে 'মীলব তুরিতহি কান' প-র।

তত্র দিব্যোন্মাদঃ।

সুহই।

মরমক[১] বিরহজ[২] দহন[৩] নিবারিতে
যমুনা-তীর যব গেলা।
কুঞ্জ-কুটীর কদম্ব-বন নিরখিতে
দ্বিগুণ উতাপিত ভেলা॥
হরি হরি কি কহব প্রেমক লাগি।
গুণি গুণি মুরছি পড়ল ধনি তৈছন
উছলিত শতগুণ আগি॥
সজল নয়ানে বেঢ়ল সব সখিগণে
ললিতা কয়লহি কোরে।
কমল-পলাশ-শয়নে সখি বিজইতে
অঙ্গ ভিতল দিঠি লোরে॥

॥১২॥১৮৬৩॥

পাঠান্তর

১। 'করমক' ঘ। ২। 'বেদন' ক, খ; 'বিরহ' চ। ৩। 'দমন' ঘ।

ধানশী।

বিরহে ব্যাকুল ধনি কিছুই না জানে।
আন-আন বরণ হইল দিনে দিনে॥
কম্প পুলক স্বেদ নয়নহি[১] ধারা।
প্রণয়-জড়িমা বহু ভাব বিথারা॥

যোগিনি যৈছন ধ্যানি-আকার।
ডাকিলে-সমতি না দেই দশ বার॥
উনমত-ভাতি ধনি আছয়ে নিচলে।
জড়িমা ভরল হাত পদ নাহি চলে॥
আধ আধ বচন কহিছে কার সনে।
পুন পুন পুছয়ে সবহুঁ তরুগণে॥
ত্রিভঙ্গ হইয়া ক্ষেণে বাজায় মুরলী।
দেখিয়া কান্দয়ে সখী করিয়া বিকুলি[২]॥
মথুরা মথুরা বলি উঠয়ে[৩] কাঁপিয়া।
ললিতার গলা ধরি পড়ে মূরছিয়া॥
হেন মতে বিরহিণী ভাবে বিভোর।
কি কহব[৪] রসময় না পাওল ওর॥

॥১৩॥১৮৬৪॥

পাঠান্তর

১। 'নয়ানেহি' ক। ২। 'বিকলি' ক, খ; 'বিকুলি' ঘ; 'ব্যাকুলি' চ। ৩। 'বলি উঠয়ে' স্থলে 'বুলি উঠে সে' খ। ৪। 'কবর' ঘ।

গান্ধার।

বাহুড়িয়া আইস বন্ধু পরাণ-পুতলি।
তোমা না দেখিয়া প্রাণ করিছে[১] বিকুলি[২]॥
কত আঁখি পসারিব মথুরার পথে।
পাপিয়া পরাণ নাহি গেল তোমার সাথে॥
হেদে হে গোকুল-প্রাণ জীবন-ধন শ্যাম।
এক বেরি দরশন দিয়া রাখ প্রাণ॥
জনম অবধি দুখ আছে হিয়া ভরি।
দেখিলে তোমার মুখ সকলি পাসরি॥
এক বার বাহুড়িয়া আইস ব্রজ-পুরে।
নিরখি তোমার মুখ দুখ যাউক[৩] দূরে॥
শীতল মন্দির মাঝে তোমা বসাইব।
যত মনের দুখ-[৪] কথা সকল কহিব॥
কত দিনে পূরিবে হিয়ার অভিলাষ।
শ্যাম নিয়ড়ে চলু রসময় দাস॥

॥১৪॥১৮৬৫॥

পাঠান্তর

১। 'করয়ে' খ। ২। 'বিকলি' ক, খ। ৩। 'যাউক' ঘ। ৪। 'দুখের' ঘ।

পঠমঞ্জরী

আরে কমল-দল আঁখি।
বারেক বাহুড় তোমার চাঁদ-মুখ দেখি॥
যে সব করিলা কেলি গেল বা কোথায়।
সোঙরিতে প্রাণ কান্দে কি করি উপায়॥
আঁখির নিমিখে মোরে হারা[১] হেন বাস।
এমন পিরিতি ছাড়ি গেলা দূর দেশ॥
প্রাণ ছটফট করে নাহিক সম্বিত।
নরোত্তম দাস কহে কঠিন চরিত॥

॥১৫॥১৮৬৬॥

পাঠান্তর

১। 'হারাও' খ।

অথ দিব্যোন্মাদস্য দশ দশাঃ।
তত্র শ্রীগৌরচন্দ্রঃ।

সুহিনী।

কি বলিব বিধাতারে এ দুখ সহায়।
গোরা-মুখ হেরি কেনে পরাণ না যায়॥
মলিন বদনে বসি আঁখিযুগ ঝরে।
আকাশ-গঙ্গার ধারা সুমেরু-শিখরে॥
ক্ষণে মুখ শির ঘসে ক্ষণে উঠি[১] ধায়।
অতি দুরবল[২] ভূমে[৩] পড়ি মুরছায়॥
নাসায় নাহিক শ্বাস দেখি সভে কান্দে।
চৈতন্যদাসের হিয়া থির নাহি বান্ধে॥

॥১৬॥১৮৬৭॥

পাঠান্তর

১। 'উঠে' প। ২। 'দুরবলে' চ। ৩। 'ভোমে' চ।

১১। 'চন্দ্রামুখে' প-র-সা। ১২। 'কুঞ্জ-কুটির স্থলে 'কুটির কুঞ্জ' খ, চ। ১৩। 'মাহা আনল' স্থলে 'ধনী আয়ল' প-র-সা। ১৪। 'চৌদিশে রহুঁ' স্থলে 'চৌদিগে রহি' প-র-সা। ১৫। 'সখীগণ' প-র-সা।

তথা রাগ১।

নিজ-গৃহ তেজি চলল ধনি২ বিরহিণি
দারুণ বিরহ-হুতাশে৩।
কালিন্দি পৈঠি৪ পরাণ পরিতেজব৫
এহি৬ মরম অভিলাষে৭ ॥
হরি হরি কি কহব ও৮ দুখ-ওর।
ধাই সব সহচরি কাননে যাওল৯
ললিতা লেওল১০ কোর ॥ধ্রু॥
ঐছন বচন বৃন্দা-মুখে১১ শুনইতে
ভগবতি দ্রুত চলি গেলি।
আপন কুঞ্জ-কুটির১২ মাহা আনল১৩
সবহুঁ সখীগণ মেলি ॥
সরসিজ-শেজে শুতায়ল সহচরি
চৌদিশে রহু১৪ মুখ চাই।
অনুকুল প্রতিকুল সবহুঁ রমণিগণ১৫
শুনইতে আওল ধাই ॥
দশমিক পহিল দশা হেরি আকুল
রোয়ত অবনি লোটাই।
আওব বচনে কোই পরবোধই
পুরুষোত্তম মুখ চাই ॥

॥১৭॥১৮৬৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১০৩০ সংখ্যক পদ। ২। 'বর' ক। ৩। 'হুতাশ' প-র-সা। ৪। 'পৈঠি গে' প-র-সা। ৫। 'তেজব' প-র-সা। ৬। 'এই' ক। ৭। 'অভিলাষ' প-র-সা। ৮। 'এ' প-র-সা। ৯। 'পাওল' ক, খ, চ; 'আয়ল' প-র-সা। ১০। 'লেওল নিজ' প-র-সা।

তথা রাগ১।

রাইক দশমি দশা নিজ২ সখিমুখে
শুনি চন্দ্রাবলি রোই৩।
নিজ তনু ঢারি৪ ধূলি গড়ি যাওত৫
ভূতলে কুন্তল ফোই৬ ॥
রাইক প্রেমে পুনহি৭ নন্দ-নন্দন
আওব করি৮ ছিল আশ।
সো সব মনরথ বিহি কৈল আন মত
এত দিনে ভেল নৈরাশ ॥
এত কহি পুন পুন শিরে কর হানই
মুরছিত হরল গেয়ান।
পদ্মা৯ দেবি কোর পর নেয়ল১০
ঝর ঝর লোরে নয়ান ॥
বহুখণে চেতন পাই মলিন-মুখি১১
বৈঠল ছোড়ি১২ নিশাস।
রাইক নিয়ড়ে লেই চলু সহচরি১৩
কহ১৪ পুরুষোত্তম দাস ॥

॥১৮॥১৮৬৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১০৩১ সংখ্যক পদ। ২। 'শুনি' প-র-সা। ৩। 'শুনি' ইত্যাদি স্থলে 'চন্দ্রাবলি ধনি রোয়' প-র-সা। ৪। 'ডারি' প-র-সা। ৫। 'ধূলি' ইত্যাদি স্থলে 'ধরণিতলে লুঠত' প-র-সা। ৬। 'জোয়' প-র-সা। ৭। 'পুন' ক। 'পুনহু' প-র-সা। ৮। 'গনে' প-র-সা।

৯। 'বিন্ধ্যা' খ; 'পদ্মাবতি' ঘ। ১০। 'পদ্মা' ইত্যাদি স্থলে 'তৈখনে পদ্মা দেবী কোরে নেয়ল' প-র-সা। ১১। 'নলিনমুখে' খ; 'নলিনমুখি' চ। ১২। 'বৈঠল ছোড়ি' স্থলে 'ছোড়ল দীঘ' প-র-সা। ১৩। 'লেই' ইত্যাদি স্থলে 'সব সখিগণ বৈঠত' প-র-সা। ১৪। 'চলু' প-র-সা।

সুহিনী।

যেখানে শুতিয়া ধনি রাই।
চন্দ্রাবলি তাহাঁ যাই॥
রাইকে[১] হেরি অগেয়ান।
নিঝরে ঝরে দুনয়ান॥
কহয়ে ললিতা সঞে বাত।
পুনহি আওব ব্রজ-নাথ॥
অব যৈছে জীবয়ে রাই।
ঐছন রচহ উপাই॥
কো যদি কহে তছু ঠাম।
শুনইতে আওব শ্যাম॥
এত কহি কহই না পারি।
মুরছি পড়ল তনু ঢারি॥
ঐছন যত ব্রজ-নারি।
রোয়ত কুন্তল ফারি॥
পুরুযোত্তম অনুরোধে।
ভগবতি দেই[২] পরবোধে॥

॥১৯॥১৮৭০॥

পাঠান্তর

১। 'রাইক' ক, খ। ২। 'দেথ' ক।

গান্ধার।

রাইক শেষ দশা মধুমঙ্গল
হেরি কহে সুবলক পাশে।
শুনইতে তবহি[১] মুরছি পড় ভূতলে
রাইক বিরহ-হুতাশে॥
হরি হরি কিয়ে[২] ইহ দারুণ বাধা।
সুবলক শ্রবণে ততহি মধুমঙ্গল
ফুকরই রাধা রাধা॥ধ্রু॥
ঐছন শবদ শ্রবণে যব পৈঠল
তৈখনে চেতন পাই।
দুহুঁ দুহুঁ কণ্ঠ কণ্ঠ ধরি রোয়ত
কো পরবোধব তাই॥
কতি খণে ধৈরজ ধরি দুহুঁ আওল
মুরছিত বিরহিণি পাশ।
হেরইতে[৩] দুহুঁ জন অতি খিণ জীবন
মরু পুরুযোত্তম দাস॥

॥২০॥১৮৭১॥

পাঠান্তর

১। 'তবহু' ঘ; 'তবহিঁ' চ। ২। 'কি' ঘ। ৩। 'হেরই' ঘ।

তথা রাগ।

হরি হরি কি ভেল গোকুল মাহ।
স্থাবর জঙ্গম কীট পতঙ্গম
বিরহ-দহনে দহি যাহ॥ধ্রু॥
তরুকুল আকুল সঘনে ঝরয়ে জল
তেজল কুসুম-বিকাশ।
গলয়ে শৈল-বর[১] পৈঠে ধরণি পর
স্থল-জল-কমল হুতাশ॥
শুক পিকু পাখি শাখি পর রোয়ই
রোয়ই কাননে হরিণী।
জম্বুকি সহ[২] অহি রহি রহি রোয়ই
লোরহি পঙ্কিল ধরণী॥
রাইক বিরহে বিরহি ব্রজ-মণ্ডল
দাব-দহন সমতুল।

ইহ পুরুষোত্তম কৈছনে জীয়ব
টূটল প্রেমক মূল ॥

॥২১॥১৮৭২॥

পাঠান্তর

১। 'শেলবর' খ। ২। 'সহি' ঘ, চ।

পাহিড়া।

ব্রজ-জন ঐছে দশা হেরি এক সখি
মথুরা কয়ল পয়াণ।
বিরহক তাপে তপত তনু ঝামর
ঐছন ভেটল কান ॥
মাধব এতহুঁ নিঠুর কাহে ভেল।
সো কুল-কামিনি বিরহ-বিয়াধিনি
নবমি দশা বহি গেল ॥ধ্রু॥
মন্দির তেজি তপন-তনয়া-তট
কুঞ্জহি সখিগণ ঘেরি।
কিশলয়-শয়নে মুদল দুয় লোচন
বদন রহল সবে হেরি ॥
অব জানি দশমি দশা পরবেশল
শ্বাস-আশ দূরে গেল।
কহ মধুসূদন সবহুঁ বরজ-জন-
জিবন কণ্ঠ-গত ভেল ॥

॥২২॥১৮৭৩॥

ধানশী।

অপযশ লাগিয়া তুহুঁ অতি চিন্তিত
চিন্তা অব নাহি করবি।
সো ঘর বাহির অব নাহি হোয়ত
ক্ষিতি-তলে নিজ তনু ধরই ॥
নয়নক লোর লেশ নাহি আওত
ধারা অব নাহি বহই।
বিরহক তাপ অবহুঁ নাহি জানত
অনিমিখ লোচনে রহই ॥
ললিতা বদনে বদনহি দেওত
শ্রুতি-মূলে তুয়া নাম কহই।
শ্বাসক লেশ কেশ পর গীরত
ইথে বুঝি জীবন রহই।
তুহুঁ অতি মন্থর চলবি দূরন্তর[১]
সো অতি দূবরি বালা।
রাধামোহন-বচন অব মানত
মেটউ[২] বিরহক জ্বালা ॥

॥২৩॥১৮৭৪॥

পাঠান্তর

১। 'দুরান্তর' ক। ২। 'মেটব ক, খ।

টীকা

১—৪ "অপযশ" ইত্যাদি। (শ্রীরাধার দশমী দশার সূচনা-দর্শনে তীব্র-শোকাতুরা সখী শ্রীকৃষ্ণকে বিদ্রূপ-পূর্ণ ভর্ৎসনা করিয়া বলিতেছেন) তুমি (নীচ-কুলোদ্ভবা গোপাঙ্গনার সহিত প্রেম-রূপ) দুর্ণামের জন্য নিতান্ত চিন্তিত; (কিন্তু) এখন (সেই) চিন্তা করিবে না। (সখীর উক্তির তাৎপর্য্য এই যে, শ্রীরাধার মৃত্যুদ্বারা শ্রীকৃষ্ণের সেই দুর্ণামের কারণ শীঘ্রই বিদূরিত হইবে!) সে (শ্রীরাধা) এখন আর ঘরের বাহির হয় না— ভূতলে নিজের দেহ রক্ষা করিতেছে!

৫—৮। "নয়নক" ইত্যাদি। (শ্রীরাধা এখন আর কান্দিয়া-কাটিয়া ও নিজের অসহ্য বিরহ-যাতনা প্রকাশ করিয়া তোমাকে জ্বালাতন করিবে না; কেন না) নয়নের অশ্রু লেশ-মাত্র আসিতেছে না,—এখন আর ধারা বহে না; বিরহের সন্তাপ এখনও জানিতে পারিতেছে না,—পলক-হীন-নয়নে রহিয়াছে!

পুনশ্চেতনং যথা।

ধানশী।

চেতন পাইয়া তাই।
যতেক বিলাপয়ে রাই॥
সো কছু কর অবধান।
কহইতে বিদরে পরাণ॥
কহে কাহাঁ সো মঝু নাথ।
অবহুঁ আছিলুঁ যার সাথ॥
কাহাঁ সেই[১] মুরলি-বদন।
কাহাঁ মঝু নয়ন-অঞ্জন॥
পুন মুরছিত[২] পুন ভোর।
পুন চেতন সখি কোর॥

॥২৪॥১৮৭৫॥

পাঠান্তর

১। 'মোর' ক, খ। ২। 'মুরুছিত' ঘ, চ।

তথা রাগ[১]।

মাধব হেরিয়[২] আয়লুঁ[৩] রাই।
বিরহ-বিপতি না দেই সমতি[৪]
রহল বয়ন[৫] চাই॥ ধ্রু॥
মরকত-স্থলি[৬] শুতলি আছলি
বিরহে সে খিণ-[৭] দেহা।
নিকষ-পাষাণে যেন[৮] পাঁচ-বাণে
কষিল কনক-রেহা।
বয়ন-মণ্ডল লোটায় ভুতল[৯]
তাহে সে[১০] অধিক শোহে॥
রাহু-ভয়ে শশি ভুমে পড়ু খসি
ঐছে উপজল[১১] মোহে।
বিরহ-বেদন কি তোহে কহব[১২]
শুনহ নিঠুর কান॥
ভণ বিদ্যাপতি সে যে কুলবতি
জিবন সংশয় জান॥২৫॥১৮৭৬॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪০।১৪ঃ সংখ্যক পদ। ২। 'হেরিয়া' ক, খ, ঘ, চ। ৩। 'আইনু' ক; 'আওলুঁ' খ, চ; প-র। ৪। 'সুমতি' প-র। ৫। 'বদন' ক, খ, ঘ, চ। ৬। 'স্থলী' ক, ঘ, চ। ৭। 'সে খিণ' স্থলে 'বিখিণ' প-র। ৮। 'হেরি' প-র। ৯। 'লোটায় ভুতল' স্থলে 'ভুমে লোটাওল' প-র। ১০। 'তাহে সে' স্থলে 'তাহা সে' ক; 'তাহা কো' খ; 'সে তাহে' প-র। ১১। 'ঐছে উপজল' স্থলে 'ঐছন লাগল' প-র। ১২। 'বিরহ-বেদন' ইত্যাদি কলি প-র পুথিতে নাই।

টীকা

৪—৭। "মরকত" ইত্যাদি। (আমি আসার সময়ে) বিরহে ক্ষীণ-দেহা সে (শ্রীরাধা) মরকত অর্থাৎ পান্নার (নির্ম্মিত) বেদী অর্থাৎ উচ্চ-ভূমিতে শয়ান ছিল; (দেখিয়া বোধ হইল) যেন পঞ্চ-শর (কন্দর্প) কষ্টি-পাথরে স্বর্ণের রেখা কষিয়াছে! (এস্থলে কন্দর্প স্বর্ণ-কার, মরকত-স্থলী কষ্টি-পাথর ও ক্ষীণ দেহ স্বর্ণ-রেখা-রূপে উৎপ্রেক্ষিত হইয়াছে। স্বর্ণের বিশুদ্ধতা পরীক্ষা করার জন্য অভিজ্ঞ স্বর্ণকার যেরূপ কষ্টি-পাথরে উহা কষিয়া দেখে, এস্থলে কন্দর্প সেইরূপ করায় প্রেম-পরীক্ষক কন্দর্পের প্রেম-পরীক্ষা করাই উদ্দেশ্য ও শ্রীরাধার দেহ-যষ্টি স্বর্ণ-রেখার ন্যায় প্রতীত হওয়ায় শ্রীরাধা কন্দর্পের সেই পরীক্ষায় বিশুদ্ধা বলিয়া প্রমাণিত হইয়াছেন—ইহাই ব্যঞ্জিত হইতেছে; সুতরাং ইহা অলঙ্কার দ্বারা বস্তু-ধ্বনির অতি উৎকৃষ্ট উদাহরণ।)

তথা রাগ[১]।

মাধব কত পরবোধব রাধা।
হা হরি হা হরি কহতহি বেরি-বেরি[২]
অব জিউ করব সমাধা[৩]॥ ধ্রু॥

ধরণি ধরিয়া ধনি যতনহি বৈঠত[৪]
　　পুনহি উঠই[৫] নাহি পারা।
সহজহি বিরহিণি জগ মাহা তাপিনি[৬]
　　বৈরি মদন-শর-ধারা[৭] ॥
অরুণ-নয়ন-লোরে তীতল কলেবর[৮]
　　বিলুলিত দীঘল কেশা।
মন্দির বাহির করইতে সংশয়[৯]
　　সহচরি গণতহিঁ শেষা[১০] ॥
আনি নলিনি কেহো ধনিক শুতাওলি[১১]
　　কোই দেই মুখ পর নীরে।
নিশবদ হেরি কোই শাস নেহারত
　　কোই দেই মন্দ সমীরে ॥
কি কহব খেদ ভেদ জনু অন্তর[১২]
　　ঘন ঘন উতপত শ্বাস।
ভণয়ে বিদ্যাপতি সোই কলাবতি
　　জিবন-বন্ধন আশ-পাশ ॥
॥২৬॥১৮৭৭॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪০।১৪২ সংখ্যক পদ। 'তথা রাগ' স্থলে 'মাউর' প-র। ২। 'সুন্দরি' প-র। ৩। 'অব' ইত্যাদি স্থলে 'নিন্দহুঁ ভেল কত সাধা' প-র। ৪। 'উঠত' ঘ। ৫। 'পুনহি উঠই' স্থলে 'পুন উঠইতে' প-র। ৬। 'সহজহি' ইত্যাদি স্থলে 'সহজহি কমলিনী জগমনমোহিনী' প-র। ৭। 'বৈরি' ইত্যাদি স্থলে 'তাহে বৈরি ভেল চান্দতারা' প-র। ৮। 'অরুণ' ইত্যাদি স্থলে 'অবিরত লোচনে গলত জলধারহিঁ' প-র। ৯। 'মন্দির' ইত্যাদি স্থলে 'ঘর সঞে বাহির বাহির সঞে ঘর' প-র। ১০। 'সহচরি' ইত্যাদি স্থলে 'ভ্রমতহি উনমত বেশা' প-র। ১১। 'আনি' ইত্যাদি পংক্তি-চতুষ্টয় ক, খ, ঘ, চ পুথিতে নাই। ১২। 'কি কহব' ইত্যাদি কলির স্থলে প-র পুথির পাঠ, যথা—

'ভণয়ে বিদ্যাপতি শুন শুন মাধব
　　কহি কিছু কর অবধানে।
দধক পূত কতহিঁ করি রাখব
　　নিরবধি চুম্বন দানে ॥'

শাগান্ধার।

মাধব দুবরী পেখলুঁ তাই।
চৌদশি-চাঁদ জনু[১] অনুখণ খীয়ত
　　ঐছন জীবয়ে রাই ॥
নিয়ড়ে সখীগণ বচন যো পুছত
　　উতর না দেয়ই[২] রাধা।
হা হরি হা হরি কহতহিঁ[৩] অনুখণ
　　তুয়া মুখ হেরইতে সাধা ॥
সরসহি মলয়জ-পঙ্কহি[৪] পঙ্কজ
　　পরশে মানয়ে জনু আগি।
কবহি ধরণি-শয়নে[৫] তনু চমকিত
　　হৃদি মাহা মনমথ জাগি ॥
মন্দ মলয়ানিল বিষ সম মানই
　　মুরছই পিককুল-রাবে।
মালতি-মাল-পরশে তনু কম্পিত
　　ভূপতি কহ ইহ ভাবে ॥২৭॥১৮৭৮॥

পাঠান্তর

১। 'জিনি' ক, খ। ২। 'দেওই' ঘ; 'দেই' চ। ৩। 'করতহি' ক, খ, চ। ৪। 'সঙ্কহি' খ, চ। ৫। 'শয়ন' ক, খ, চ।

টীকা

৮—১১। "সরসহি" ইত্যাদি। সরস চন্দন-পঙ্ক (ও) পঙ্কজের স্পর্শে যেন অগ্নি বোধ করে; কখনও ভূ-শয্যায় দেহ চমকিত হয়; (কেন না) হৃদয় মধ্যে মন্মথ জাগিয়া উঠে!

১৫। "ভূপতি" ইত্যাদি। (পদ-কর্ত্তা) ভূপতি এই ভাব অর্থাৎ অবস্থা কহিতেছে।

'ভূপতিকে (কবি) এই ভাব কহে'—নগেন্দ্র বাবুর এই ব্যাখ্যা প্রামাণিক বা সমীচীন নহে।

মল্লার[১]।

হিমকর পেখি অনত[২] কর[৩] আনন
রহত করুণা-পথ হেরি।
নয়ন-কাঁজর দেই[৪] লিখই বিধুন্তুদ
তা সঞে কহতহিঁ[৫] টেরি ॥
মাধব কঠিন-হৃদয় পরবাসি[৬]।
তোহারি বিলাসিনি পেখলুঁ বিরহিণি
অবহুঁ পালটি গৃহে যাসি ॥ ধ্রু ॥
দখিণ পবন বহে কৈছে যুবতি সহে
তাহে দুখ দেই অনঙ্গ।
গেলহুঁ[৭] পরাণ আশ দেই রাখই
দশ নখে লিখই ভুজঙ্গ ॥
মীনকেতন-ভয়ে শিব শিব শিব কহে[৮]
ধরণি লোটাওই সেহ।
নয়ন-নীর লেই সজল কমল দেই
শম্ভু পুজয়ে নিজ দেহ ॥
পরভৃতকে ডর[৯] পায়স লেই কর
বায়স নিয়ড়ে ফুকারি।
ভণয়ে বিদ্যাপতি শিবসিংহ নরপতি
বিরহক ইহ[১০] উপচারি ॥

॥২৮॥১৮৭৯॥

অত্র 'অসনি কহতহিঁ তসনি পয়ে হসি'* ইত্যাদি পদং গেয়ং ॥২৯॥১৮৮০॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪০।১৪৪ সংখ্যক পদ। 'মল্লার' স্থলে 'তিরোথা ধানশী' প-র। ২। 'অবনত' প-র। ৩। 'কর' ঘ, চ, প-র। ৪। 'লেহ' প-র। ৫। 'করতহি' প-র। ৬। 'মাধব' ইত্যাদি ধ্রুব-কলি প-র পুথিতে পদের প্রারম্ভে সন্নিবেশিত হইয়াছে। ৭। 'গেলি' প-র। ৮। 'মীনকেতন' ইত্যাদি কলিটি ক, খ, ঘ, চ পুথিতে নাই। ৯। 'ডরে' প-র। ১০। 'পর-ভৃতকে' ইত্যাদি পংক্তিদ্বয় ক, খ, ঘ, চ পুথিতে 'ভণয়ে' ইত্যাদি পংক্তিদ্বয়ের পরে সন্নিবেশিত হইয়াছে।

টীকা

১—২। "হিমকর" ইত্যাদি। চন্দ্রকে দেখিয়া (খেদ হেতু) বদন অবনত করে; (তোমার) করুণা-পথ দেখিয়া রহে অর্থাৎ দয়াপূর্ব্বক তোমার আগমনের জন্য পথ নিরীক্ষণ করিয়া থাকে। "রহত" ইত্যাদি স্থলে নগেন্দ্র বাবুর ধৃত মৈথিল-পুথির 'কর করুণা' ইত্যাদি পাঠ গ্রহণ করিলে, উহার অর্থ হইবে—(তোমার) পথ নিরীক্ষণ করিয়া করুণা অর্থাৎ কাতরোক্তি করে, অথবা কাতরোক্তি করিয়া পথ নিরীক্ষণ করে। বিদ্যাপতির পদাবলীতে 'করুণা' শব্দ 'কাতরোক্তি' অর্থে ব্যবহৃত হইয়াছে, যথা—

"কর ধরইতে কত করুণা কোটি।"
—বিদ্যাপতি; প-ক-ত ৬৬ সং পদ।

'কাতর (-দৃষ্টিতে) পথ চাহিয়া থাকে'—নগেন্দ্র বাবুর এই ব্যাখ্যা কোনরূপেই সংলগ্ন হয় না।

৩—৪। "নয়ন" ইত্যাদি। (সন্তাপ-দায়ক চন্দ্রকে গ্রাস করার জন্য) নয়নের কাজল দিয়া রাহুকে অঙ্কিত করে,—(এবং চন্দ্রকে গ্রাস করিতে) তাহার সহিত চীৎকার করিয়া (কথা) বলে। ('টের' শব্দের 'চীৎকার' ও 'টের'-ধাতুর চীৎকার করা অর্থ ডাঃ ফ্যালনের অভিধানে দ্রষ্টব্য। ডাঃ ফ্যালনের উদ্ধৃত প্রয়োগ, যথা—

'গজকো ছুড়ায়ো গ্রাহ্ সে
মেরি বার ক্যোঁ দের।
তুলসি সরন্ হৈ রাম্‌কি
সুন্ লে মেরি টের ॥')

নগেন্দ্র বাবু 'তা সঞে' ইত্যাদি পংক্তির স্থলে মৈথিল পুথির 'ভঞ রহ তা হেরি সেরী' পাঠ গ্রহণ করিয়া—'তাহার শরণার্থী হইয়া থাকে' অর্থ করিয়াছেন। 'সেরী' শব্দের 'শরণার্থী' অর্থ অপ্রামাণিক বলিয়া ঐরূপ অর্থ সংলগ্ন হয় না। ডাঃ ফ্যালনের অভিধানে ফারসী—'সের' শব্দের 'Satisfied' অর্থাৎ 'পরিতৃপ্ত' ও 'সেরি' শব্দের 'Satisfaction' অর্থাৎ 'পরিতৃপ্তি' অর্থ লিখিত হইয়াছে। সুতরাং 'ভঞ রহ' ইত্যাদি পাঠ গ্রহণ করিলে, উহার অর্থ হইবে—তাহা দেখিয়া পরিতৃপ্ত হইয়া রহে। পীতাম্বর দাসের 'রসমঞ্জরী' গ্রন্থে 'তা সঞে' ইত্যাদি স্থলে 'করইতে তা সঞে বেরী' পাঠ গৃহীত হইয়াছে। নগেন্দ্র বাবুর মতে উহার অর্থ—'তাহার সহিত বৈরিতা করিবার জন্য।' পদাবলি-সাহিত্যে কিংবা হিন্দী-মৈথিল ভাষায় 'বেরী' শব্দের 'বৈরিতা' অর্থ দৃষ্ট হয় না; সুতরাং ঐরূপ পাঠ ও ব্যাখ্যা সমীচীন নহে। 'বেরী' পাঠ লিপিকর প্রমাদ-জনিত বলিয়াই বিবেচনা হয়।

১২—১৫। "মীনকেতন" ইত্যাদি। সে (শ্রীরাধা) মকর-ধ্বজ অর্থাৎ কন্দর্পের ভয়ে (কন্দর্প-বিনাশকারী শিবের কৃপার জন্য) 'শিব' 'শিব' 'শিব' বলে ও ধরণীতে লোটায়। (সে) নয়নের জল ধারণ করিয়া, (অশ্রু-যুক্ত নয়নরূপ) সজল কমল দিয়া (কুচ-রূপ স্বর্ণ-নির্ম্মিত শিব-লিঙ্গকে সিঞ্চিত করিয়া) নিজের দেহে শিবকে পূজা করে। অথবা (শ্রীরাধার) নিজের দেহ (কর্ত্তৃ-পদ) নয়ন-নীর লইয়া (নেত্র-রূপ) সজল কমল দিয়া (কুচ-রূপ) শম্ভুকে পূজা করে। (যেরূপ অর্থই করা হউক না কেন, কুচ-যুগের শম্ভু-কল্পনা ব্যতীত অর্থ সংলগ্ন হয় না; সুতরাং নগেন্দ্র বাবুর ধৃত মৈথিল পুথির—

'করে রে কমল লয়ে কুচ সিরিফল দএ
শম্ভু পূজএ নিজ দেহা'

পাঠ অপেক্ষা বঙ্গীয় প-র পুথির পাঠই উৎকৃষ্ট-তর বোধ হয়।)

* এই পদটি ১৬৯৮ সংখ্যক পদ-রূপে পূর্ব্বে উদ্ধৃত হইয়াছে। সম্পূর্ণ পদ, পাঠান্তর ও টীকা ঐ পদে দ্রষ্টব্য।

তথা রাগ[১]।

কি কহব রাইক লেহা।
তুয়া গুণ গুণি গুণি[২] দশমি-দশাশ্রমি
দুরবল[৩] ভেল নিজ দেহা ॥ ধ্রু ॥
মাধব তুহুঁ যব আওলি মধু-পুর
রাইক অথির পরাণ।
কানু কানু করি ফুকরই সুন্দরি
দিন রজনী[৪] নাহি জান ॥
অঙ্গুলিক মুদরি সোই[৫] ভেল কঙ্কণ
কঙ্কণ গীমক হার[৬]।
চাঁদ-কলা সম দিনে দিনে খিণ ভেল[৭]
হাস শাস ভেল সার ॥
ঐছন বচন শুনল যব মাধব
চলইতে পদযুগ কাঁপি।
প্রেম-ভরে পথ বিপথ নাহি দরশই
লোরে নয়নযুগ ঝাঁপি।
নিভৃত নিকুঞ্জে মিলল যব মাধব
তুরতহিঁ রাইক পাশ।
কানুক হৃদয়-নিগড়[৮] ভুজ-বন্ধন
কহতহিঁ গোবিন্দদাস ॥৩০॥১৮৮১॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪০।১৪৬ সংখ্যক পদ। ২। 'গণি গণি' ঘ, চ। ৩। 'দুবলিত' প-র। ৪। 'দীন রজনি' ঘ, প-র। ৫। 'সো' প-র। ৬। 'গীমক হার' স্থলে 'ভেল গিম হার' প-র। ৭। 'দিনে' ইত্যাদি স্থলে 'খিন ভেল সুন্দরি' প-র। ৮। 'নিগুড়' চ; 'নিগুঢ়' প-র।

ইতি চতুর্থ-শাখায়াং দশম পল্লবঃ।

অথ দশ দশাঃ।

চিন্তাত্র জাগরোদ্বেগস্তানবং মলিনাঙ্গতা।
প্রলাপো ব্যাধিরুন্মাদো মোহো মৃত্যুর্দশা দশ॥

আদৌ চিন্তা-দশা।
তদ্ভাবাক্রান্তঃ শ্রীমহাপ্রভুর্যথা।

পাহিড়া।

কাহে পুন গৌর কিশোর।
অবনত-মাথে লিখত মহি-মণ্ডল
নয়নে গলয়ে ঘন লোর॥
কনক-বরণ তনু ঝামর ভেল জনু
জাগরে নিন্দ নাহি ভায়।
যোই পরশে পুন তাক বদন ঘন
ছলছল লোচনে চায়॥
খেণে খেণে বদন পাণি-তলে ধারই
ছোড়ই দীঘ নিশাস।
ঐছন চরিতে তারল সব নর নারী
বঞ্চিত গোবিন্দদাস ॥১॥১৮৮২॥

কামোদ।

আজু হাম পেখলুঁ চিন্তায় নিমগন
গৌরাঙ্গ নবদ্বিপ-চান্দ।
তাহে মঝু মানস কাঁপই অহনিশি
ঝরঝর নয়নহি কান্দ॥
ইহ বড় হৃদয়ক তাপ।
গোকুল-নায়ক গোপিকা-ভাবহি
কত শত করত বিলাপ॥ ধ্রু॥
ঘন ঘন শাস ডারত মহি লীখত
বিবরণ ভেল অরু ক্ষীণ।
বাম করে অবলম্বই মুখ-বিধু
লোচন নিরঝর[১] -চীন[২]॥
জগ ভরি করুণায়[৩] দেয়ল প্রেম-ধন
দারিদ না রহ কোই।
রাধামোহন পুন তহিঁ ভেল বঞ্চিত
আপন করম-দোষে রোই॥

॥২॥১৮৮৩॥

পাঠান্তর
১। 'নীর ধরু' ক। ২। 'চিন' ক। ৩। 'করুণা' খ, চ।

সুহই।

মাধব তোহে যব আনল অকুর।
রাই তব চিন্তা-নদি মাহা বুর[১]॥
কো জানে কত কত করল বিলাপ।
কো অনুভব করু মরমক তাপ॥
ঘন ঘন ঘূরত ঘন ঘন রোই।
চীত-পুতলি[২] সম তব ভেল সোই॥
কো নাহি কহইতে সো দুখ পার।
রাধামোহন কহুঁ সো বড় ছার॥

॥৩॥১৮৮৪॥

পাঠান্তর
১। 'বুর' ক। ২। 'চিত্র-পুতলী' ক, চ।

ধানশী[১]।

কি কহব মাধব কি করব কাজে[২]।
পেখলুঁ কলাবতি প্রিয়-সখি মাঝে॥
আছইতে আছল[৩] কাঞ্চন-পুতলা।
ত্রিভুবনে[৪] অনুপম রূপে গুণে কুশলা[৫]॥
এবে ভেল বিপরিত ঝামর-দেহা।
দিবসে মলিন জনু চাঁদক রেহা॥

বাম-করে কপোল লুলিত[৬] কেশ-ভার।
কর-নখে লিখ মহি আঁখি-জল-ধার[৭] ॥
বিদ্যাপতি ভণ শুন বর কান।
রাজা শিবসিংহ ইথে পরমাণ ॥

॥৪॥১৮৮৫॥

পাঠান্তর

১। ইহা প র্-পুথির ৪০।১৩৮ সংখ্যক পদ। ২। 'করব কাজে' স্থলে 'বোলব লাজে' প-র। ৩। 'আছয়ে' প-র। ৪। 'ভুবনে' ক, খ, ঘ, চ। ৫। 'জিতলা' প-র। ৬। 'কণ্ঠহি' প-র। ৭। 'বাম-করে' ইত্যাদি স্থলে 'করে নখ লিখই নয়নে জলধার' প-র।

সিন্ধুড়া[১]।

কাঁচা কাঞ্চন-কাঁতি কমল-মুখি
　　কুসুমিত কানন জোই।
কুঞ্জ-কুটীরে কলাবতি কাতর
　　কানু কানু করি রোই ॥[২]
কি কহব কিতব কতয়ে কুল-কামিনি
　　কঠিন কুসুম-শর সহই।[৩]
করহিঁ কপোল কণ্ঠ করি কুঞ্চিত
　　কালিন্দি-কূলমে রহই ॥
কর-কেয়ুর কটি-কিঙ্কিণি কঙ্কণ
　　কাঢ়ল কণ্ঠকি মালা।
কো জানে কুচ-তটে কোন কামায়ল[৪]
　　কাঁজরে কালিম হারা ॥
কেবল কান্ত-কথা কহি কান্দয়ে
　　কাম-কলঙ্কিনি[৫] গোরি।
কিঞ্চিত কাল কলপ করি মানয়ে
　　গোবিন্দ দাস পহুঁ ছোড়ি ॥

॥৫॥১৮৮৬॥

পাঠান্তর

১। ইহা। প-র-সা পুথির ১৭০ সংখ্যক পদ। ২। অতঃপর প র-সা পুথিতে নিম্ন-লিখিত অতিরিক্ত পংক্তিটি দৃষ্ট হয়, যথা—'কেশব কাননে কামিনি রহই।' প-র-সা ও প-স গ্রন্থে এস্থলে 'ধ্রু' আছে। ৪। 'কামাওল' খ; প-র-সা। ৫। 'কানু কলঙ্কিনি' ক; 'কাম-কলঙ্কিত' প-র-সা।

অথ জাগরণ-দশা।

তদ্ভাবাক্রান্তঃ শ্রীগৌরচন্দ্রো যথা।

ধানশী।

যামিনি[১] জাগি জাগি জগ-জীবন
　　জপতহি যদুপতি নাম।
যাম যামযুগ যৈছন[২] জানত
　　জর জর জীবন মান[৩] ॥
ঝুরত গৌর কিশোর।
ঝাকত ঝাঁকয়ে ঝর ঝর লোচনে
　　ঝুরি[৪] পুরব-রসে ভোর ॥ ধ্রু ॥
চম্পক-গৌর চাঁদ হেরি চমকই
　　চতুর ভকতগণ চাহ[৫]।
চলইতে চরণে চলই নাহি পারই
　　চকিতহি চেতন চোরাহ[৬] ॥
ছল ছল নয়ন ছাপি করযুগল[৭]
　　ছোড়ল রজনিক নিন্দ।
ছোড়ব নাহি জগতজীবন[৮] ছন্দ
　　না কহ দাস গোবিন্দ ॥

॥৬॥১৮৮৭॥

পাঠান্তর

১। অধিকাংশ পুথিতে 'যামিনি' 'যাম' 'যুগ' প্রভৃতি শব্দের 'য'-কার স্থলে 'জ'-কার দৃষ্ট হয়। শব্দের আদি-স্থিত 'য'-কারের উচ্চারণ হিন্দী ও মৈথিল ভাষায় 'জ'-কারের তুল্য বলিয়া অনুপ্রাসের ব্যাঘাত হয় নাই। ২। 'তৈছন' ক। ৩। সকলগুলি

পুথিতে 'মান' পাঠ থাকিলেও অনুপ্রাস-রক্ষার্থে বোধ হয় 'জান' শুদ্ধ পাঠ হইবে। ৪। 'ঝুরি' ক, চ। ৫। 'ভকতগণ চাহ' স্থলে 'ভকত মুখ চাই' ঘ। ৫। 'চোরাই' ঘ। ৭। 'যুগল' ক, চ।৮। 'জগজীবন' ক, চ।

নাটিকা।

সজনী না বুঝিয়ে গৌরাঙ্গ-বিহার।
কত কত অনুভব প্রকট হোয়ত
কত কত বিবিধ বিকার॥
নীরস-বদন ভেল শচিনন্দন
হেরি মোহে লাগয়ে ধন্ধ।
বিরহ-ভাবে জনু গোপিগণ বোলত
তৈছন বচনক বন্ধ॥
নয়নক নীন্দ[১] গেও মঝু বৈরিণি
জনমহি যো নাহি ছোড়।
স্বপনহি সো মুখ দরশন দুলহ[২]
অতয়ে নহত কভু মোর॥
এত কহি হরি হরি বলি পুন কান্দই
ভাবে থকিত ভেল অঙ্গ।
কহ রাধামোহন হাম নাহি বুঝিয়ে[৩]
সো বর-প্রেম-তরঙ্গ॥

॥৭॥১৮৮৮॥

পাঠান্তর

১। 'নিন্দ' ক, চ। ২। 'দুলহ' ক, চ। ৩। 'বুঝিয়ে' ক, চ।

সুহই।

যদবধি[১] যদুপুর তুহুঁ যাই ভোর।
যুবতি যামিনি কত জাগই জোর॥
যদুপতি যদি ইথে[২] জানহ আন।
যাই যতন করি জান পরমাণ॥
যব কোই জল সঞে জলজ বিছায়।
যতনহি যদি তহিঁ যবহিঁ শুতায়॥
জরি জরি জারত মরমহি তায়।
যাউ রাধামোহন মরি যাহে গায়॥

॥৮॥১৮৮৯॥

পাঠান্তর

১। ১৮৮৭ সংখ্যক পদের ১ সং পাঠান্তরের মন্তব্য দ্রষ্টব্য। ২। 'নাথ' ঘ।

গান্ধার[১]।

গুরুজন-গঞ্জন বোল।
গৃহপতি-গরজন ঘোর॥
গণইতে গোপ-কিশোরি।
গহন-গেহ-গহ[২] ছোড়ি॥
গোবিন্দ গুণবতি[৩] সোই[৪]।
গুণি গুণি যামিনি রোই॥
গলত গলত দিঠি-ধারা।
গীরত গীম-মণিহারা॥
গুপত গুপত রস-আশে[৫]।
গরলহুঁ কয়ল গরাসে[৬]॥
গদ গদ স্বরে অবিরামা।
গাওয়ে গিরিধর-নামা॥
গোকুল-গোপ[৭] -বিলাপ।
গোবিন্দদাস-হিয়ে তাপ॥

॥৯॥১৮৯০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭২ সংখ্যক পদ। ২। 'গহন-গেহ-গহ' স্থলে 'গহন গেও গৃহ' ক; 'গহন গেহ গৃহ' খ, ঘ, চ। রাধামোহন ঠাকুর পদামৃতসমুদ্রের টীকায় লিখিয়াছেন –'গহনরূপ-গেহস্যাগ্রহং ত্যক্তবতী'। সুতরাং 'গহন-গেহ-গহ' পাঠই সমীচীন বটে। ৩। 'গুণ গুণ' প-র-সা। ৪। 'গোই' প-র-সা। ৫। 'বসআশে' স্থলে

'বলি ভোরি' প-র-স'। ৬। 'গরলহুঁ' ইত্যাদি স্থলে 'গরলে গরাসল গোরি' প-র-সা। ৭। 'গোপি' প-র-সা।

টীকা

৩—৪। "গণইতে" ইত্যাদি। গোপ-কুমারী শ্রীরাধা (পূর্ব্বোক্ত গুরুগঞ্জন ও গৃহস্বামীর গর্জ্জন) গণনা অর্থাৎ চিন্তা করিতে অরণ্য-স্বরূপ গৃহের প্রতি আগ্রহ পরিত্যাগ করিয়াছে।

অথ উদ্বেগ-দশা।

তদ্ভাবাক্রান্তঃ শ্রীগৌরচন্দ্রো যথা।

সোণার গৌরাঙ্গ চাঁদে।
উরে কর ধরি ফুকরি ফুকরি
হা নাথ বলিয়া কান্দে॥
গদাধর-মুখে ছল ছল আঁখে
চাহয়ে নিশ্বাস ছাড়ি।
ঘামে তিতি গেল সব কলেবর
থির নয়নে নেহারি॥
বিরহ-অনলে দহয়ে অন্তর
ভসম না হয় দেহ।
কি বুদ্ধি করিব কোথা না যাইব
কিছু না বোলয়ে কেহ॥
কহে হরিদাস কি বলিব ভাষ
কেনে[১] হেন হৈল গোরা।
জ্ঞানদাস কহে রাধার পিরিতে
সতত সে রসে ভোরা॥

॥১০॥১৮৯১॥

পাঠান্তর

১। 'কিসে' ক, খ।

নাটিকা।

সজনী[১] অনুভবি কাটয়ে পরাণ।
যো শচিনন্দন পুরবহি গোকুলে
আনন্দ-সকল-নিদান॥
সোই নিরন্তর কাতর-অন্তর
বিবরণ বিরহক ধূমে।
ঘামহি ঝর ঝর সকল কলেবর
অহনিশি শুতি রহু ভূমে॥
নিরবধি বিকল জ্বলত মঝু মানস
করতহিঁ কৈছন রীত।
কৈছে জুড়ায়ত সোই যুগতি[২] কহ
তিল এক হোয়ে সম্বীত[৩]॥
এত কহি গৌর ফুকরি পুন রোয়ত
ডুবত বিরহ-তরঙ্গে।
রাধামোহন কছু নাহি বুঝত[৪]
নিমগন যো রস-রঙ্গে॥

॥১১॥১৮৯২॥

পাঠান্তর

১। 'সজনি' ক। ২। 'যুকতি' ক। ৩। 'সম্বিত' ক, চ। ৪। 'বুঝত' ক, চ।

দাক্ষিণাত্য শ্রীরাগঃ।

কুঞ্জ কুঞ্জর ভেল কোকিল শোকিল
বৃন্দাবন বন-দাব।
চন্দ মন্দ ভেল চন্দন কন্দন
মারুত মারত ধাব॥
কতয়ে আরাধব মাধব[১]।
তোহে বিনু বাধাময়ি ভেল রাধা॥ধ্রু॥
কঙ্কণ ঝঙ্কন কিঙ্কিণি শঙ্কিনি
কুণ্ডল কুণ্ডলি-ভান।
যাবক পাবক কাজর জাগর
মৃগমদ মদ-করি[২] মান॥

মনমথ মনমথে চঢ়ল মনোরথে
বিষম কুসুম-শর জোরি।
গোবিন্দদাস কহয়ে পুন এতি খণে
না জানিয়ে কিয়ে[৪] ভেল গোরি ॥

॥১২॥১৮৯৩॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪০।১৩০ সংখ্যক পদ। 'সিন্ধুড়া' প-র। ২। 'মাধব রাধা' প-র। 'কতয়ে' ইত্যাদি স্থলে সা-প ২০১ পুথির পাঠ যথা—'কতয়ে আরাধব মাধব রাধা। তুহুঁ বিনু নিশি দিশি সব ভেল বাধা ॥' রাধামোহন ঠাকুর তাঁহার টীকায় 'বাধাময়ি' শব্দের অর্থ 'দুঃখময়ী' লিখিয়াছেন; সুতরাং প-স গ্রন্থের 'তোহে বিনু রাধাময়ি ভেলি বাধা' মুদ্রিত পাঠ যে অশুদ্ধ ও 'তোহে বিনু বাধাময়ি' ইত্যাদি পাঠই যে শুদ্ধ ও টীকা-সম্মত, তাঁহা সহজেই বুঝা যায়। এ অবস্থায় কবি যে ৫ম পংক্তির 'রাধা' শব্দের মিল জন্য ৬ষ্ঠ পংক্তির শেষেও সেই 'রাধা' শব্দই প্রয়োগ করিবেন, ইহা সম্ভবপর বোধ হয় না। বিশেষতঃ 'কতয়ে আরাধব মাধব' স্থলে 'কতয়ে আবাধব মাধব রাধা' পাঠ গ্রহণ করিলে অর্থও তেমন সুন্দর হয় না। আমাদিগের অনুমান হয়, কবি ৫ম পংক্তির শেষে 'মাধব' না লিখিয়া সমানার্থক 'মাধা' লিখিয়া থাকিবেন; ঐ 'মাধা' শব্দটির অর্থ বুঝিতে না পারিয়া কোন কোন অনভিজ্ঞ লিপিকর ঐ স্থলে মিল-হীন 'মাধব' পাঠ ও কেহ কেহ 'মাধব রাধা' পাঠ গ্রহণ করিয়াছেন। পূর্ব্বোক্ত অভিন্ন মিল এড়াইবার জন্যই বোধ হয় সা-প ২০১ পুথিতে ৬ষ্ঠ পংক্তিটির সম্পূর্ণ নূতন পাঠান্তর উদ্ভাবিত হইয়াছে। ৩। 'মদ-করি' স্থলে 'গদ করি' প-র। ৪। 'কি' প-র।

টীকা

১—৪। "কুঞ্জ" ইত্যাদি। (যদি শ্রীকৃষ্ণ বলেন যে, তাহা হইলে তোমার সখীকে বৃন্দাবনের কুঞ্জ-ভবনে লইয়া আসিয়া উহার শোভা দর্শন করাইয়া সান্ত্বনা প্রদান কর না কেন?—সেই জন্য সখী বলিতেছেন) কুঞ্জ (শ্রীরাধার পক্ষে) কুঞ্জর অর্থাৎ বন্য-হস্তীর ন্যায় ভয়-জনক, কোকিল শোকিল অর্থাৎ শোক-জনক, বৃন্দাবন বন-দাব অর্থাৎ দাবাগ্নি, চন্দ্র মন্দ অর্থাৎ ক্লেশজনক, চন্দন ক্রন্দন ('ক্রন্দন করায় যে' এই ব্যুৎপত্তি দ্বারা সিদ্ধ) অর্থাৎ ক্রন্দন-জনক হইয়াছে; মারুত অর্থাৎ মলয়-পবন (সুখ-দান করা দূরে থাকুক) ধাইয়া মারিতেছে!

৫—৬। "তোহে" ইত্যাদি। হে মাধব! (তোমাকে) কত আরাধনা অর্থাৎ সাধ্য-সাধনা করিব? তোমার বিরহে রাধা দুঃখময়ী অর্থাৎ মূর্ত্তিমতী দুঃখরূপিণী হইয়াছে! ('মাধব' স্থলে 'মাধব রাধা' পাঠ কল্পনা করিলে, অর্থ হইবে—হে মাধব! রাধাকে (ধৈর্য্য ধারণ করার জন্য) কত সাধ্য-সাধনা করিব?—ইত্যাদি)।

৭—১০। "কঙ্কণ" ইত্যাদি। (শ্রীরাধার) কঙ্কণ ঝঙ্কন অর্থাৎ উদ্বেজক, কিঙ্কিণী শঙ্কিনী অর্থাৎ শঙ্কাদায়িকা, কুণ্ডল কুণ্ডলী অর্থাৎ সর্প (বলিয়া) অনুমান হইতেছে; (শ্রীরাধা) যাবক অর্থাৎ আল্‌তাকে অগ্নি, কাজলকে জাগরণ-কারক অর্থাৎ তোমার উদ্দীপনা হেতু অনিদ্রার জনক ও মৃগ-মদ অর্থাৎ কস্তুরীকে মত্ত-হস্তি-রূপে জ্ঞান করিতেছে!

১১—১৪। "মনমথ" ইত্যাদি। মন্মথ (শ্রীরাধার) মন মথন জন্য মন-রূপ রথে আরোহণ করিল (এবং) বিষম অর্থাৎ দারুণ (অন্য অর্থে বেযোড় অর্থাৎ পঞ্চ-সংখ্যক) পুষ্প-বাণ সন্ধান করিল। (সখী-স্থানীয়) গোবিন্দ দাস বলিতেছেন—জানি না, এত-ক্ষণে গৌরাঙ্গী শ্রীরাধার কি অবস্থা হইয়াছে! (এই পদের দুরূহ শব্দের অর্থ প্রামাণিক টীকা-কার রাধা-মোহন ঠাকুরের সংস্কৃত টীকার অনুযায়ী লিখিত হইল; বাহুল্য-ভয়ে সেই টীকা এস্থলে উদ্ধৃত হইল না।)

বরাড়ী।

নন্দ-নন্দন　　　নিচয়[১] নিরখলুঁ
　　নিঠুর নাগর-জাতি।
নারি নীলজ[২]　　　নেহ-নিরমিত
　　নাহ-নামে মিলাতি॥ ধ্রু॥
না রহ নিরুপম　　　নিলয় নিচলহিঁ
　　নিন্দই নীরজ-শেজ।
নিভৃত নীপ-নি-　　　কুঞ্জে নিবসই
　　না সহ হিমকর-তেজ॥
নয়ন-নীরদে　　　নীর নিঝরই
　　নীন্দ[৩] নহি তহিঁ থোর।
নিরসি নূপুর　　　নিয়ড়ে নিকসই
　　না ধর নিরমল চোল॥
নহত নিকরুণ　　　নীতি[৪] নৌতুন
　　নগর-নাগরি হেরি।
নিয়ড়ে নিবেদই　　　নবিন নিজ-জন
　　দাস গোবিন্দ তেরি॥১৩॥১৮৭৪॥

পাঠান্তর

১। 'নিচয়ে' ক, চ। ২। 'নিলজ' ক, চ। ৩। 'নিন্দ' ক, চ। ৪। 'নিতি' ক, চ।

টীকা

১—৪। "নন্দ" ইত্যাদি। হে নন্দ-নন্দন! নিশ্চিত দেখিলাম যে, নাগর-জাতি (বড়) নিষ্ঠুর, নারী (অতি) নির্লজ্জ ও স্নেহ-দ্বারা নির্ম্মিত অর্থাৎ মূর্ত্তিমতী প্রেম-রূপিণী; (তাই সে) প্রিয়-তমের নামেই বিগলিত হয়! (যে নায়ক পরিত্যাগ করিয়া গিয়াছে, তাহাকে বিস্মৃত না হইয়া তাহার জন্যই ব্যাকুল হওয়ায় সখী-কর্ত্তৃক নায়িকাকে নির্লজ্জ বলিয়া অভিহিত করা হইয়াছে।)

৫—৮। "না রহ" ইত্যাদি। (শ্রীরাধা) নিশ্চল-ভাবে অনুপম ভবনে রহে না; সে পদ্ম-পত্রের শয্যাকে নিন্দা করে ও নির্জ্জন নিকুঞ্জে বাস করে;—হিমাংশুর তেজ অর্থাৎ আলোকও সহ্য করিতে পারে না।

৯—১২। "নয়ন-" ইত্যাদি। (শ্রীরাধার) নয়ন-রূপ মেঘে অবিশ্রান্ত জল ঝরিতেছে; (সর্ব্বদা অশ্রু-জলে পূর্ণ বলিয়া) উহাতে কিঞ্চিৎ নিদ্রাও নাই; দর্শন-লালসায় নূপুর পরিত্যাগ করিয়া (কুঞ্জের) নিকটে বহির্গত হয়; (কিন্তু) নির্ম্মল বস্ত্র পরিধান করে না। "নিরসি" ইত্যাদি বাক্যের দ্বারা কবি বুঝাইতেছেন যে, একান্ত দুর্ব্বলতা হেতু শ্রীরাধার নূপুর ধারণেরও শক্তি নাই,—তাই নূপুর খসাইয়া কষ্টে কতিপয় পদ-মাত্র গমন করিয়া থাকেন। একান্ত বিষাদ-হেতু প্রিয়-সম্মিলন-কালেও তাঁহার মলিন বস্ত্র ত্যাগের ইচ্ছা মনে উদিত হয় না!

১৩—১৬। "নহত" ইত্যাদি। (হে শ্রীকৃষ্ণ!) নিত্য নূতন পুর-নাগরীদিগকে দেখিয়া (তাহাদিগের প্রতি আসক্ত হইয়া) নির্দ্দয় হইও না; তোমার নবীন নিজ-জন গোবিন্দদাস তোমার নিকটে (ইহা) নিবেদন করিতেছে। (কবি 'নবিন নিজ-জন' ইত্যাদি বাক্যের ধ্বনি দ্বারা বুঝাইতেছেন যে, নূতন ভৃত্যের প্রথম প্রার্থনা প্রভুর রক্ষা করা উচিত। নিজকে নবীন ভৃত্যরূপে বর্ণিত করিয়া, কবি পুরাতন-ভৃত্যগণ অপেক্ষা তাহার সেবা-নিপুণতা ইত্যাদি বিষয়ে অনভিজ্ঞতা প্রকাশ করিয়া বিনয়ের পরিচয় দিয়াছেন।)

শ্রীরাগ।

রীঝলি রাজ-নগর মাহা তোই[১]।
রঙ্গিণি সঙ্গে রঙ্গে মন মোই[২]॥
রসময় রাস-রসিক ব্রজ-নারি।
রোই রোই তুয়া পন্থ নেহারি॥
রাধা-রমণ রতন তুহুঁ দূর।
রবিজা-রোধে রমণিগণ ঝুর[৩]॥

রাকা-রজনি রজনি-কর-জাল।
রোই রোই বোলত মরমক শাল॥
ঋতুপতি-রাতি দিনহিঁ দিন⁴-হীন।
রসবতি জীবয়ে কৈছে রস বীন⁵॥
রতিপতি-রোখে রহিত রস-বেশ।
রূপ নিরূপম রহ অবশেষ॥
রসনা-রোচন শ্রবণ-বিলাস।
রচই রুচির পদ গোবিন্দদাস॥১৪॥১৮৯৫॥

পাঠান্তর

১। 'তোয়' ক, খ, চ। ২। 'মোয়' ক, খ, চ। ৩। 'ঝুর' ক, চ। ৪। 'দীন' ক। ৫। 'বিন' ক, চ।

টীকা

৭—৮। "রাকা" ইত্যাদি। (শ্রীরাধা) পূর্ণিমা-রজনী ও রজনি-কর অর্থাৎ চন্দ্রের কর-জাল অর্থাৎ কিরণ-সমূহকে কান্দিয়া কান্দিয়া মর্ম্মের শল্য বলিতেছেন! ('রজনি-কর-কর-জাল' স্থলে বোধ হয় কবি-সুলভ নিরঙ্কুশতা হেতু 'রজনি-কর-জাল' লিখিত হইয়াছে।)

শ্রীরাগ।

তাপনি-তীর-তীর তরু-তরু-তল¹
তরল-তরলতর²-ছায়।
তরুণ তমাল তরকি তোহে তরখিত
তরুণি তোহারি পথ চায়॥
ত্রিভুবন-তিলক তুহিনকর তোহে বিনু
তপত তপন সম ভেল।
তোহে বিনু তিল-এক³ তলপে তরাসই
তোহারি অবধি কত গেল॥
তিমিত-তিমিত-দিঠে রোই।
তীতল তাল⁴-বিজনে তনু তাপই
তিরপিত তনিক না হোই॥
তোড়ল তাড় তড়ঙ্ক তিয়াজল
তাড়ি⁵ তড়িত-রুচি হার।
তিলে তিলে তরুণী তুয়া পথ হেরই
গোবিন্দদাস কহ সার॥১৫॥১৮৯৬॥

পাঠান্তর

১। 'তরু তরু-তল' স্থলে 'তরুতল' ক, খ। ২। 'তরল তরলতর' স্থলে 'তরুণ তরুণতর' খ। ৩। 'তিলেক' ক, ঘ, চ। ৪। 'তাল' চ। ৫। 'তাড়িত' ক, খ।

টীকা

১—৪। "তাপনি"- ইত্যাদি। তাপনী অর্থাৎ তপন-তনয়া যমুনার তীর-তীর অর্থাৎ প্রতিতীরে স্থিত তরু-তরু অর্থাৎ প্রতি তরুর তলে তরল-তরলতর অর্থাৎ চঞ্চল হইতে সুচঞ্চল ছায়ায় যুবতি (শ্রীরাধা) তরুণ তমালকে তুমি ভাবিয়া সতৃষ্ণ-ভাবে তোমার পথ চাহিতেছে।

অথ তানব-দশা।

তত্র শ্রীগৌরচন্দ্রো যথা।

সুহই।

সহচর-অঙ্গে গোরা অঙ্গ হেলাইয়া।
চলিতে না পারে খেণে পড়ে মূরছিয়া॥
অতি দুরবল দেহ ধরণে না যায়।
ক্ষিতি-তলে পড়ি সহচর-মুখ চায়॥
কোথায় পরাণ-নাথ বলি খেণে কান্দে।
পুরব বিরহ-জ্বরে থির নাহি বান্ধে॥
কেনে হেন হৈল গোরা বুঝিতে না পারি।
জ্ঞানদাস কহে নিছনি লৈয়া মরি॥
॥১৬॥১৮৯৭॥

বালা ধানসী।

যো[১] শচিনন্দন চাঁদ জিনি উজর[২]
　　সুমেরু জিনিয়া বর অঙ্গ।
কাম কোটি কোটি জিনি যছু[৩] লাবণি[৪]
　　মত্ত-গজ জিনি গতি-ভঙ্গ ॥
　　সজনী কো ইহ দুখ সহ পার।
সো অব অসিত-চাঁদ সম খীয়ত[৫]
　　লোচন ঝর অনিবার ॥
মথুরা মথুরা বলি পুন পুন কান্দই
　　অতিশয় দূবর ভেল।
হাস-কলা-রস দুরহিঁ সবহুঁ গেও
　　না রহ ভকতক মেল ॥
ইহ বড় শেল রহল মঝু অন্তর
　　কহ কহ কি করি উপায়।
রাধামোহন-প্রাণ কঠিন জনু
　　যতনে নাহি বাহিরায় ॥১৭॥১৮৯৮॥

পাঠান্তর

১। 'সো' ক, খ। ২। 'উজোর' ক, চ। ৩। 'তছু' ক, ঘ। ৪। 'লাবণি বনি' ঘ। ৫। 'ক্ষীয়ত' ক।

মায়ূর[১]।

মাধব অবলা পেখলু মতি-হীনা।
সারঙ্গ-শবদে মদন অধিকায়ল[২]
　　তাহে[৩] দিনে দিনে ভেল[৪] খীণা ॥ধ্রু॥
রহলি[৫] বিদেশ সন্দেশ না পাঠায়লি[৬]
　　কৈছে জিয়ত[৭] ব্রজ-বালা।
তো বিনু সুন্দরি ঐছন ভেলহি
　　যৈছে নলিনি পর পালা[৮] ॥
উর বিনু শেজ পরশ নাহি পায়ই[৯]
　　সোই লুঠত মহি কামে।
পুণমিক চাঁদ টুটি পড়ু খিতি মহা[১০]
　　ঝামর চম্পক-দামে ॥
সোই অবধি-দিন বহু আশোয়াসলু[১১]
　　তে ধনি রাখত পরাণ।
ভণয়ে বিদ্যাপতি নিকরুণ মাধব
　　শুনইতে হরল গেয়ান ॥১৮॥১৮৯৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১০১০ ও প-র পুথির ৪১। ১৫৪ সংখ্যক পদ। 'ধানশ্রী' প-র। ২। 'সকোপিত' খ, ঘ; 'অতি কোপিত' প র-সা। ৩। 'তা' ক, খ, ঘ, চ। ৪। 'অতি' প-র-সা; প-র। ৫। 'রহত' ক, খ, ঘ, চ। ৬। 'পাঠায়সি' ক, খ, ঘ, চ। ৭। 'জীবয়ে' ক, খ, ঘ, চ। ৮। 'তো বিনু' ইত্যাদি পংক্তি-দ্বয় স্থলে ক, খ, ঘ, চ ও প-র-স পুথির পাঠ যথা—

'সে হেন সুনাগরি　　রূপে গুণে আগরি
　　জারল বিরহ-বিখ-জালা ॥'

৯। 'উর বিনু' ইত্যাদি কলির স্থলে প-র পুথির পাঠ, যথা—

'সকল রজনি ধনি　　রোই গোঙায়ই
　　সপনে না দেখয়ে তোয়।
ধৈরজ কৈছে　　ধরব বর কামিনি
　　অনিমিখে তুয়া পথ জোয় ॥'

'অনিমিখে' ইত্যাদি পংক্তির স্থলে মুদ্রিত প-স গ্রন্থে 'বিপরিত কাম বিমোয়' পাঠ দৃষ্ট হয়। ১০। 'পড়ু খিতি মাহা' স্থলে 'পড়ল জনু' ক, খ, ঘ, চ। ১১। 'সোই' ইত্যাদি কলি স্থলে প-র পুথির পাঠ, যথা—

'বিদ্যাপতি ভণ শুন বর মাধব
　　হাম আওলুঁ তুয়া পাশ।
তুরিতে চলহ অব ধৈরজ না সহ
　　ঐছন বিরহ-হুতাশ ॥'

* প-স মুদ্রিত গ্রন্থে 'তুরিতে' স্থলে 'চোকে' পাঠ আছে।

টীকা

১—৩। "মাধব" ইত্যাদি। হে মাধব! অবলা (শ্রীরাধাকে) মতি-হীনা দেখিলাম; চাতক অর্থাৎ পাপিয়ার ('পিউ' 'পিউ') শব্দে (প্রিয়তমের স্মৃতি হেতু) মদন বর্দ্ধিত হইল; তাই (সে) দিনে দিনে কৃশ হইয়াছে! ('সারঙ্গ' শব্দের 'কোকিল' প্রভৃতি বহু অর্থ থাকিলেও রাধামোহন ঠাকুর এ স্থলে 'চাতক' অর্থই গ্রহণ করিয়াছেন; উহাই সঙ্গত বোধ হয়)।

৪—৭। "রহলি" ইত্যাদি। (তুমি) বিদেশে রহিলে; সংবাদ পাঠাইলে না;—ব্রজ-বালা কিরূপে বাঁচিবে? তোমার বিরহে সুন্দরী এরূপ হইল—যেরূপ পদ্মের উপর পালা অর্থাৎ ঘনীভূত নীহার! অর্থাৎ তোমার বিরহে সুন্দরি হিমক্লিষ্টা নলিনির ন্যায় শীর্ণা হইয়াছে। তুলনা করুন,—

'বিভর্ষি চাকারমনির্বৃতানাং
মৃণালিনী হৈমমিবোপরাগম্ ॥'
—রঘুবংশ।

'হিম-ঋতু-হিম-হত জনু অরবিন্দ।
হেম-বরণ মুখ ভেল তছু বন্ধ ॥'
—প-ক-ত, ১৯০৫ সং পদ।

৮—১১। "উর" ইত্যাদি। (যে) বক্ষঃস্থল ব্যতীত শয্যার স্পর্শ পায় না, সে (এখন) কামে অর্থাৎ স্বেচ্ছায় ভূতলে লুণ্ঠিত হইতেছে; (দেখিয়া বোধ হয়) যেন, বিবর্ণ চম্পক-মালায় পূর্ণিমার চন্দ্র খসিয়া পড়িয়াছে! (শ্রীরাধার কৃশ দেহ বিবর্ণ চম্পক-মালা ও বদন পূর্ণিমা-চন্দ্ররূপে উৎপ্রেক্ষিত হইয়াছে।)

সিন্ধুড়া[১]।

কুসুমিত কানন হেরি কমল-মুখি
মুদি[২] রহু এ দুই নয়ান।
কোকিল-কলরব মধুকর-ধ্বনি শুনি
কর দেই ঝাঁপল[৩] কাণ ॥
মাধব শুন শুন[৪] বচন হামারি।
তুয়া গুণে সুন্দরি অতি ভেল দুবরি
গুণি গুণি প্রেম তোহারি ॥ধ্রু॥
ধরণি ধরিয়া ধনি কত বেরি বৈঠই[৫]
পুন তহিঁ উঠই না[৬] পারা।
কাতর দিঠি করি চৌদিশ হেরি হেরি
নয়নে গলয়ে জল-ধারা ॥
তোহারি বিরহে দিন[৭] খেণে খেণে তনু খিণ
চৌদশি-চাঁদ সমান।
ভণয়ে বিদ্যাপতি শিবসিংহ নরপতি
লছিমা দেবি[৮] পরমাণ ॥১৯॥১৯০০॥

পাঠান্তর

ইহা প-র পুথির ৪০।১৪৮ সংখ্যক পদ। 'শ্রীরাগ' প-র। ২। 'মুন্দি' প-র। ৩। 'ঝাঁপল' ক, খ, ঘ, চ। ৪। 'মাধব' ইত্যাদি স্থলে 'শুন শ্যাম' প-র। ৫। 'বৈঠত' ক, খ, চ। ৬। 'তহিঁ' ইত্যাদি স্থলে 'উঠইতে নাহি' প-র। ৭। 'দীন' ক। ৮। 'দেই' প-র।

পাহিড়া।

দারু-দারুণ- দয়িত-দূষণ-[১]
দলত দোলত হীয়[২]।
দুসহ দোসর দগধ-দরপক-
দহনে দহ দহ জীয়[৩] ॥
দেবকীসুত দেব দেখলুঁ
দীন দুবরি রাই।
দেহ-দীপতি দেখত দেখিয়ে
দিবস-দীপক ছাই ॥
দনুজ-দারুণ দূর দেশহি
দোখে দুখিত[৪] গোরি।
দৈব দুরগহ দোষ-দূষিত
দুলহ দরশন তোরি ॥

দেহি দীঘল　　দীঠে[৫] দেহলি
দামোদর দিশ দেখি।
দাস গোবিন্দ　　দীব[৬] দেই দেই
দীঘ দিনগণ[৭] লেখি ॥২০॥১৯০১॥

পাঠান্তর

১। 'দম্বিত-দূষণ' স্থলে 'দহত দুরুহি' পাঠান্তর—চ। ২। 'হিয়' ক, খ। ৩। 'জীব' ক। 'জীউ' ঘ, চ। ৪। 'দুখিত' ক, চ। ৫। 'দিঠে' ক; 'দিঠি' খ। ৬। 'দিব' ক। ৭। 'দিন গণি' গ।

টীকা

১—৪। "দারু-" ইত্যাদি। কাষ্ঠ অপেক্ষাও কঠিন প্রিয়তমের দূষণ অর্থাৎ অপরাধ দ্বারা দলিত অর্থাৎ নিষ্পেষিত (শ্রীরাধার) হৃদয় কম্পিত হইতেছে; (তাহাতে) দ্বিতীয় অর্থাৎ সাহায্যকারী দুঃসহ পোড়া দর্পক অর্থাৎ কন্দর্পের জ্বালায় জীবন দগ্ধ-প্রায় হইতেছে!

১৩—১৬। "দেহি" ইত্যাদি। হে দামোদর! (সে) দেহলী অর্থাৎ সদর দরজায় দীর্ঘ অর্থাৎ নিশ্চল দৃষ্টি দিয়া (দেহি—দেই) দিক্ অর্থাৎ তোমার আগমনের পথ দেখিতেছে; গোবিন্দদাস দিব্য দিয়া (তাহার দ্বারা) দীর্ঘ দিনগুলি লিখাইতেছে! (শ্রীরাধা প্রিয়তমের আগমনের বাকি দিবসগুলি গণনা করিয়া আগমনের প্রতিশ্রুত-কাল উত্তীর্ণ হয় নাই দেখিয়া নিরাশ হইবেন না—এই উদ্দেশ্যেই সখী-স্থানীয় গোবিন্দদাস তাহাকে দিন-গণনার জন্য পুনঃ পুনঃ শপথ দিতেছেন।)

অথ মলিনাঙ্গতা।

তদ্ভাবাক্রান্তঃ শ্রীমহাপ্রভুর্যথা।

মালসী বাল্য[১]।

কি লাগি ধূলায়　　ধূসর সোণার
বরণ গৌর[২]-দেহ।
আসন ভূষণ　　সকল তেজল
না জানি কাহার লেহ॥
হরি হরি মলিন গৌরাঙ্গচান্দে।
উহু উহু করি　　ফুকরি ফুকরি
উরে পাণি হানি কান্দে ॥ধ্রু॥
ঘামে তিতি গেল　　সব কলেবর
ছাড়য়ে দীঘ নিশ্বাস।
রাইয়ের পিরিতি　　হেন তেন রীতি
কহে নরহরি দাস॥
॥২১॥১৯০২॥

পাঠান্তর

১। 'মালসী বালা' স্থলে 'মালিনী বাল্যা' ক। ২। 'গৌরাঙ্গ' ক।

শ্রীরাগ।

যো মুখ জিতল কমল অতি নিরমল
সো অব হেরিয়ে মৈলান।
যো বর অধর বিম্বফল নিন্দল
তছু রাগ হেরি আন ভান॥
গৌরাঙ্গ দেখিতে ফাটে প্রাণ।
বিরহক তাপে লুঠত সতত মহি
নিরবধি ঝরয়ে নয়ান॥
কাঞ্চণ বরণ মলিন হেন হেরইতে
মঝু হিয়া বিদরিয়া যায়।
কহ সোই যুগতি[১]-যাহে পুন গৌরক
বিরহক তাপ পলায়॥
ঐছন ভাতি ভকতগণ অনুভবি
করতহি বিরহে[২] হুতাশ।
নবদ্বিপ[৩]-চাঁদক ভাবহি ঐছন
কহ রাধামোহন দাস॥
॥২২॥১৯০৩॥

পাঠান্তর

১। 'যুকতি' ক। ২। 'বিরহ' ক, খ। ৩। 'নবদ্বীপ' ক।

শ্রীগান্ধার১।

এত দিনে গগনে অখিল রহু হিমকর
জলদে বিজুরি রহু থীর।
চামরি চমরু২ নগরে পরবেশউ
মদন ধনুয়া ধরু ফীর॥
মাধব বুঝলুঁ তোহে অবগাই।
এক বিয়োগে বহুত৩ সিধি সাধলি৪
অতয়ে উপেখলি রাই॥ধ্রু॥
কুমুদিনি-বৃন্দ দিনহিঁ অব৫ হাসউ
বান্ধুলি ধরু নব রঙ্গ।
মোতিম-পাঁতি কাঁতি ধরু উজর৬
কুঞ্জর চলু গতি-ভঙ্গ॥
তুয়া অনুরূপ রসিক-বর-নাগরি
কো ধনি মিললি না জানি।
গোবিন্দদাস কহ এতহুঁ৭ না জানহ
কুবজা অব নব রাণী॥

॥২৩॥১৯০৪॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪০।১২৩ সংখ্যক পদ। 'শ্রীরাগ' প-র। ২। 'চামর' ক; 'চমর' চ। ৩। 'অনেক' প-র। ৪। 'সাধবি' চ। ৫। 'সব' ক, খ। ৬। 'উজোর' ক; 'উজর' চ। ৭। 'অবহু' প-র।

টীকা

৫—৭। "মাধব" ইত্যাদি। হে মাধব! তোমাকে বিচার করিয়া বুঝিলাম (তুমি) একটি বিয়োগ দ্বারা বহু উদ্দেশ্য-সিদ্ধি সম্পন্ন করিলে,—সেই জন্য শ্রীরাধাকে উপেক্ষা করিলে। (এক জনের অমঙ্গল-জনক কার্য্য দ্বারা বহু লোকের মঙ্গল সিদ্ধ হইলে, সেই কার্য্য করা সঙ্গত। শ্রীরাধার অভাবে তাঁহার মুখ দ্বারা পরাজিত চন্দ্র, কান্তি দ্বারা পরাজিত বিদ্যুৎ, কেশ-রাশি দ্বারা পরাজিত চমরী, ভ্রূ-দ্বারা পরাজিত মদন-ধনু, নয়ন দ্বারা পরাজিত কুমুদিনী, অধর দ্বারা পরাজিত বান্ধুলী, দন্তরাজি দ্বারা পরাজিত মুক্তা-পংক্তি ও গতি-ভঙ্গী দ্বারা পরাজিত হস্তী প্রতিদ্বন্দ্বিহীন হইয়া সুখী হইবে বলিয়া শ্রীকৃষ্ণ শ্রীরাধাকে উপেক্ষা করিতেছেন—ইহাই সখীর উক্তির তাৎপর্য্য।)

সুহই।

হরি হরি কি কহব বিপতি১-বিশেষ।
হেরইতে পরিজন তনু ভেল শেষ॥
হরিণি-নয়নি যছু নব নব রঙ্গ।
হত-বিধি কয়ল মলিন তছু অঙ্গ॥
হিম-ঋতু-হিম-হত জনু অরবিন্দ।
হেম-বরণ মুখ ভেল২ তছু বন্ধ॥
হেন নাহি অঙ্গ মলিন ভিন৩ কোই।
হিন রাধামোহন দাস কহ৩ ফোই৪॥

॥২৪॥১৯০৫॥

পাঠান্তর

১। 'পিরিতি' ক, চ। ২। 'ভেল' ক। ৩। 'দাস কহ' স্থলে 'দাসক' ঘ। ৪। 'সোই' ক, ঘ, চ (পাঠান্তর)।

টীকা

৩—৪। "হরিণি" ইত্যাদি। রাধামোহন ঠাকুরের স্বকৃত টীকা যথা—'মৃগলোচনায়া যস্যা নবনবো রঙ্গস্তস্যাঃ সর্ব্বাঙ্গানি দারুণো বিধি-র্ম্মলিনান্যকরোৎ।' অর্থাৎ যে মৃগলোচনার (অবয়ব-সমূহে) নব-নব শোভা ছিল তাহার অবয়বগুলি দারুণ বিধি মলিন করিল!

৫—৬। "হিম" ইত্যাদি। হিম-ঋতুর হিম দ্বারা পীড়িত পদ্ম যেরূপ, (শ্রীরাধার) স্বর্ণ-বর্ণ মুখ তাহার

বন্ধু, অর্থাৎ সদৃশ হইল! ('তছু বন্ধ তত্তুল্যাং' রাধামোহন-কৃত টীকা।)

—

অথ প্রলাপ-দশা।

তত্র শ্রীমহাপ্রভুর্যথা।

গান্ধার।

যো শচিনন্দন ভুবন[১]-আনন্দন
　করু কত সুখদ বিলাস।
কৌতুক-কেলি-কলা-রসে নিমগন
　সতত রহত মুখে হাস॥
　সজনী ইহ বড় হৃদয়ক তাপ।
অব সোই বিরহে বেয়াকুল-অন্তর
　কহতহিঁ কতই প্রলাপ॥ধ্রু॥
গদ গদ কহত কাহাঁ মঝু প্রাণ-নাথ
　ব্রজ-জন-নয়ন-আনন্দ।
কাহাঁ মঝু জীবন-ধারণ-মহৌষধি
　কাহাঁ মঝু সুধারস-কন্দ॥
পুন পুন ঐছন পুছত নিজ জনে
　রোয়ত করত বিষাদ।
রাধামোহন দুখি ভকত-বচন দেখি[২]
　কৃপায়ে করয়ে অনুবাদ॥

॥২৫॥১৯০৬॥

পাঠান্তর

১। 'জীবন' ক, খ। ২। 'দুখি' ইত্যাদি স্থলে 'দুখিত ভকত' ঘ, চ। রাধামোহন ঠাকুর লিখিয়াছেন—'যদ্যপ্যত্র দিব্যোন্মাদদশাঙ্গভূতং প্রলপনং তথাপি শ্রীমদুজ্জ্বল-নীলমণিধৃতোদাহরণ-দৃষ্ট্যা প্রলাপস্য প্রাধান্যাদিদমুক্তং।' সুতরাং তিনি এই পদের 'দুখি ভকত-বচন' বাক্য দ্বারা কৃষ্ণ-বিরহাতুর ভক্ত-প্রবর শ্রীরূপ গোস্বামীর উজ্জ্বল-নীল-মণি-গ্রন্থোক্ত উদাহরণেরই উল্লেখ করিয়াছেন নিঃসন্দেহে বুঝা যাইতেছে।

—

ধানশী।

শুন শুন সুন্দর শ্যাম।
রাইক প্রেম-পরিণাম॥
তোহারি দরশ লাগি সোই।
সখি-আগে পুন পুন রোই॥
কহই দেখাও প্রাণ-নাথ।
অবহুঁ মিলাও মঝু সাথ[১]॥
তোহারি অবশ নহ শ্যাম।
সাধহ হামারি মনকাম॥
ঐছন শুনইতে বাত।
পরিজন-হৃদি শেল-ঘাত॥
কহইতে আওলুঁ[২] হাম।
রাধামোহন-পহুঁ ঠাম॥

॥২৫॥১৯০৭॥

পাঠান্তর

১। 'অবহুঁ' ইত্যাদি স্থলে 'সদাই রহিতুঁ যার সাথ' ঘ, চ। ২। 'আয়লু' ঘ।

—

অথ ব্যাধি-দশা।

তদুচিত শ্রীগৌরচন্দ্রো যথা।

কামোদ।

সোণার বরণ　　গৌরাঙ্গসুন্দর[১]
　পাণ্ডুর ভৈ গেল দেহ।
শীতে ভীত যেন　　কাঁপায়ে সঘন
　সোঙরি পুরব লেহ॥
কিছু না কহই　　দীঘ নিশ্বাসই
　চিত্রের পুতলী পারা।
নয়নযুগল　　বাহি পড়ে জল
　যেন মন্দাকিনী-ধারা॥
ঘামে তিতি গেল　　সব কলেবর
　না জানি কেমন তাপে।

কখন সঙ্গীত কখন রোদন
কিবা করে পরলাপে ॥
কহে নরহরি মোর গৌরহরি
চাহয়ে রঙ্কের পারা।
হরি হরি বোলে ভুজযুগ তোলে
মরম বুঝিবে² কারা ॥
॥২৭॥১৯০৮॥

পাঠান্তর

১। 'গৌরসুন্দর' ক, খ। ২। 'বুঝিব' ক।

সুহই।

শুনইতে গৌরাঙ্গ-খেদ।
মঝু বুক নহে কাহে ভেদ ॥
রোই কহয়ে শুন মাই।
বিরহ-জ্বরহি জ্বরি যাই ॥
পুট-পাক শত-গুণ লেখ।
মঝু তাপ আগে সোই রেখ ॥
কালকুট শত-গুণ মান।
সো নহ অছুক সমান ॥
বজরক শত-গুণ আগি।
সেহ ইহ আগে রহু ভাগি ॥
হৃদয়-নিমগন শেল।
তা সঞে অধিকহি ভেল ॥
শত-গুণ বিসুচি বেয়াধি।
তা সঞে ইহ বড় আধি ॥
গৌরক শুনি ইহ ভাষ।
ভণ রাধামোহন দাস ॥
॥২৮॥১৯০৯॥

বরাড়ী¹।

করতলে বদন চাঁদ রহু থীর।
অহনিশি লোচনে ঝরতহি নীর ॥
বিগলিত নিন্দ বহই ঘন-শ্বাস।
দিনে দিনে খিণ তনু জিবন নৈরাশ ॥
এ হরি অবহুঁ অবধি বহি যাই।
বিঘটনে শপতি মরতি জনি রাই ॥ধ্রু॥
কমলিনি-কিশলয়-শেজ বিছাই।
সহচরি মেলি শুতায়লি তাই ॥
শত-গুণ মদন-দহন তহিঁ ভেল।
সো তনু-তাপে ভসম ভৈ গেল ॥
চন্দন-পবনে চমকি ধনি উঠই।
হিমকর-কিরণে মুরছি মহি লুঠই ॥
গোবিন্দদাস কহ নিরদয় কান।
এত পরমাদ তুহুঁ জানি না জান ॥
॥২৯॥১৯১০॥

পাঠান্তর

১। এই পদটি পূর্ব্বে ১৭২৭ সংখ্যক পদ-রূপে উদ্ধৃত হইয়াছে; সুতরাং পাঠান্তর ও টীকা উক্ত পদে দ্রষ্টব্য।

বরাড়ী ১।

ছোড়ল² সুখময় কুসুম-শয়ান।
ছোয়ত হিমকর-কর মুরছান ॥
ছিরকত মলয়জে জলতহিঁ আগি।
ছটফটি শয়নে গোঙায়ই জাগি ॥
ছৈল কানু তুহুঁ সহজই ভোরি।
ছুটত কৈছে বিরহ-জরে গোরি ॥
ছলে যব কোই নাম লেই তেরি।
ছল ছল নয়নে³ তাক মুখ হেরি ॥
ছাপি রহত কৈছে মরমক বোল।
ছীন কনক জনু দহনে উজোর ॥
ছাড়ল সলিল চলত জিউ আব।
ছীকনে⁴ কোই রহই জনু যাব ॥
ছদম ন কহয়ে⁵ দাস গোবিন্দ।
ছায়া এক তুয়া পদ-অরবিন্দ ॥৩০॥১৯১১॥

কাতরা হইয়া সনাতন-লীনা হইলেও শিতিকণ্ঠ (মহাদেবকে) ধ্যান করিতেছেন ! .

গান্ধার১ ।

ঘন-শ্যামর-তনু তুহুঁ কিয়ে ভোরি ।
ঘোর-বিরহ-জরে মুরছিত গোরি ॥
ঘন ঘন সুন্দরি তুয়া পথ জোই ।
ঘেরল সকল সখীগণ রোই ॥
ঘর মাহা রহইতে২ রহই না পারি ।
ঘূরত যৈছে পিঞ্জর মাহা সারি ॥
ঘন ঘনসার৩ চন্দন হিয়ে লাই ।
ঘূমক সাধে শয়ন অবগাই ॥
ঘাতক৪ মদন ততহিঁ ভেল বাম ।
ঘর-ঘর শবদে লেই তুয়া নাম ॥
ঘাম-কিরণ সম মানই চন্দ ।
ঘৃণে বিহ্বল হিয়া পাঁজর-বন্ধ ॥
ঘন-ঘন নিন্দই ঘন ঘনসার ।
ঘুম বিহনে দিঠি ঝরত অপার ॥
ঘোষ-যুবতিগণ-বিরহ-হুতাশ ।
ঘোষত তুয়া পদে৫ গোবিন্দদাস ॥

॥৩৩॥১৯১৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ১৭৩ সংখ্যক পদ। ২। 'বসইতে' প-র-সা। ৩। 'ঘন সরস' চ। ৪। 'ঘাতুক' ক; 'ঘাতল' প-র-সা। ৫। 'তুয়া পদে' স্থলে 'পহু পায়ে' প-র-সা।

আড়ানি।

সোণার বরণ দেহ ।
পাণ্ডুর ভৈ গেল সেহ ॥
গলয়ে সঘনে লোর ।
মুরছে সখিক কোর ॥
দারুণ বিরহ-জ্বরে ।
সো ধনি গেয়ান হরে ॥
জীবনে নাহিক আশ ।
কহয়ে এ জ্ঞানদাস ॥৩৪॥১৯১৫॥

অথ উন্মাদ-দশা ।

তত্র শ্রীগৌরচন্দ্রো যথা ।

ধানশী।

ভ্রময়ে গৌরাঙ্গ প্রভু বিরহে ব্যাকুল ।
প্রেম-উনমাদে ভেল যৈছন বাউল ॥
হেরইতে১ সজনি লাগয়ে শেল ।
কাঁহা গেও সে২ সব আনন্দ-কেল ॥
থাবর৩ জঙ্গম যাহা আগে দেখই ।
বরজ-সুখাকর কাহাঁ তাহে৪ পুছই ।
ক্ষণে গড়াগড়ি কান্দে উঠি ধায় ।
রাধামোহন কাহে মরিয়া না যায় ॥

॥৩৫॥১৯১৬॥

পাঠান্তর

১। 'হেরই' চ। ২। 'সো' ক, খ। ৩। 'স্থাবর' ক। ৪। 'তারে' ঘ।

পাহিড়া ।

আরে মোর গৌর কিশোর ।
নাহি জানে দিবা নিশি কারণ বিহনে হাসি
মনের ভরমে পহুঁ ভোর ॥
ক্ষণে উচ্চস্বরে গায় কারে পহুঁ কি সোধায়১
কোথায় আমার প্রাণ-নাথ ।
ক্ষণে শীতে দেহ কম্প ক্ষণে ক্ষণে দেই লম্ফ
কাহাঁ পাঙ যাঙ২ কার সাথ ॥
ক্ষণে উর্দ্ধ বাহু করি নাচি বুলে ফিরি ফিরি৩
ক্ষণে ক্ষণে করয়ে প্রলাপ ।
ক্ষণে আঁখিযুগ মুন্দে৪ হা নাথ বলিয়া কান্দে
ক্ষণে ক্ষণে করয়ে সন্তাপ ॥

কহে দাস নরহরি আরে মোর গৌরহরি
রাধার পিরিতে হৈল হেন।
ঐছন করিয়া চিতে কলিযুগ উদ্ধারিতে
বঞ্চিত হইলুঁ মুঞি কেন ॥
॥৩৬॥১৯১৭॥

পাঠান্তর

১। 'সুধায়' ক। ২। 'পাঙ যাঙ' স্থলে 'যাঙ যাঙ' খ, চ। ৩। 'বোলে' ক, চ; 'বলে' ঘ। ৪। 'মুদে' ক, খ, চ।

তুড়ী।

মাধব ও নব নায়রি বালা।
তুহুঁ বিছুরলি বিহি কটাবলি
ভেলি নিমালিক[১] মালা ॥
সে যে সোহাগিনি দেহলি লাগলি[২]
পন্থ নেহারই তোরা[৩]।
নিচল লোচন না শুনে বচন
ঢরি ঢরি পড়ু লোরা ॥
তোহারি মুরলি সে দিগ ছাড়লি
ঝামর ঝামর দেহা।
জনু সে সোণারে কষি কষটিক
তেজল কনহু-রেহা ॥
ফুয়ল কবরি না বান্ধে সম্বরি
ধনি যে অবশ এতা।
রুখলি ভুখলি দুখলি দেখলি
সখিনি-সজ্ঞ[৪]-সমেতা ॥
উসসি উসসি[৫] পড়ু খসি খসি
আলি-আলিঙ্গন চাহে।
যাকর বেয়াধি পরাধিন ঔখধি
তাকর জীবন কাহে ॥

ভণয়ে বিদ্যাপতি করিয়ে শপতি
আর অপরূপ কথা।
ভাবিতে ভাবিতে তোহারি চরিতে
ভরম হইল যথা ॥
॥৩৭॥১৯১৮॥

পাঠান্তর

১। 'নিমালক'(নগেন্দ্র বাবুর ধৃত মৈথিল-পুথি) স্থলে 'নিমানিক' ক, খ, ঘ, চ। প্রাচীন পুথির 'ল' ও 'ন' প্রায় একরূপ; 'নিমানিক' শব্দটি কোন কোন পুথিতে 'নিমালিক' পড়া যাইতে পারে। ২। 'লাগনি' ক, চ। 'না গণি' ঘ। ৩। 'তেরা' খ; 'ভোরা' চ ৪। 'সঙ্গ' ক, ঘ। ৫। 'উসসি উসসি' সা-প ২০১ পুথি স্থলে 'তুষসি তুষসি' ক; 'ওসসি ওসসি' ঘ; 'ওশশি ওশশি' চ। ঘ, চ পুথির 'ও' ও 'তু' অক্ষর একরূপ বলিয়া 'ওসসি' 'ওশশি' শব্দদ্বয় 'তুসসি' 'তুশশি' ও পড়া যাইতে পারে।

টীকা

১—৪। "মাধব" ইত্যাদি। হে মাধব! সেই বালা নবীনা নায়িকা (অর্থাৎ সে প্রেমের ছলচাতুরী কিছু জানে না); তুমি তাহাকে বিস্মৃত হইলে; বিধি (তাহাকে) কর্ত্তিত অর্থাৎ বিনষ্ট করাইল, (সুতরাং) সে নির্মাল্যের মালা অর্থাৎ পরিত্যক্ত মাল্যের স্বরূপ হইল।

১৬—১৯। "উসসি" ইত্যাদি। (শ্রীরাধা) দীর্ঘনিশ্বাস ত্যাগ করিয়া করিয়া খসিয়া খসিয়া পড়ে ও সখীর আলিঙ্গন প্রার্থনা করে; যাহার ব্যাধিতে ঔষধ পরের অধীন তাহার জীবন কি জন্য থাকে?

দেশাগ রাগ।

নিজ-কর-পল্লব অঙ্গে[১] না পরশই
শঙ্কই পঙ্কজ-ভানে।
মুকুর-তলে নিজ মুখ হেরি সুন্দরি
শশি বলি হরই গেয়ানে ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৫ সংখ্যক পদ। ২। 'ছোড়ত' প-র-সা। ৩। 'বদনে' প-র-সা। ৪। 'ছিক লেই' ক, খ। ৫। 'ছদম' ইত্যাদি প-স স্থলে 'ছদন কহই নাহি' ক, খ, ঘ, চ।

টীকা

১—২। "ছোড়ল" ইত্যাদি। (যদি শ্রীকৃষ্ণ বলেন যে, শ্রীরাধার এই ব্যাধি বিরহ-জনিত নহে—ইহা দৈহিক,—সেই আশঙ্কায় সখী কহিতেছেন) শ্রীরাধা সুখস্পর্শ পুষ্প-শয্যা পরিত্যাগ করিয়াছে; হিমকর অর্থাৎ চন্দ্রের কিরণ (তাহাকে) ছুইলে মূর্চ্ছা (হয়)। (বিরহ-জনিত পীড়া না হইলে এরূপ হয় না।)

৩—৪। "ছিরকত" ইত্যাদি। চন্দন ছিটাইলে (তাহার দেহে) অগ্নি প্রজ্জ্বলিত হয়; (সে) শয্যায় ছটফট করিয়া জাগিয়া (রজনী) গত করে।

৫—৬। "ছৈল" ইত্যাদি। হে ছলী অর্থাৎ ছলগ্রাহী কৃষ্ণ! তুমি স্বভাবতই (অন্য-নায়িকায়) আসক্ত; (তাই শ্রীরাধার প্রকৃত ভাব বুঝিতে পারিতেছ না); গৌরাঙ্গী বিরহ-জ্বরে কিরূপে মুক্ত হইবে?

১১—১২। "ছাড়ল" ইত্যাদি। রাধামোহন ঠাকুরের টীকা যথা—'অধুনা মোহানুভাবেন পঞ্চভূতেষু সলিলং গতমিব লক্ষ্যতে। দশাভেন স্থায়ি চেৎ তদা জীবনং চলিষ্যতি। 'চলত' ইতি বর্ত্তমানসামীপ্যং বোধয়তি। তদেব স্পষ্টয়তি 'ছীকনে' ইত্যাদি। ছীকরণং মায়াকারণং কেচিত্তু হাঁছি ইতি খ্যাতং কথয়ন্তি।' অর্থাৎ সম্প্রতি মোহ-অনুভাব দর্শনে বুঝা যাইতেছে যে, (জীবনের উপাদান) পঞ্চভূতের মধ্যে সলিল অর্থাৎ জল উপাদানটি (দেহ পরিত্যাগ করিয়া) গিয়াছে; এই দশাটি স্থায়ী হইলে জীবনও সত্বরেই চলিবে। বর্ত্তমান-কালের নৈকট্য বুঝাইবার উদ্দেশ্যে 'চলিবে' না বলিয়া 'চলিতেছে' বলা হইয়াছে। রাধামোহন ঠাকুর 'ছীকনে' শব্দের অর্থ—'ছী-করণ' 'মায়া-কারণ' বা 'মতান্তরে' 'হাঁছি' লিখিয়াই ক্ষান্ত হইয়াছেন; 'ছীকনে' ইত্যাদি দুরূহ পংক্তিটির কোন অর্থ করেন নাই। 'ছীকনে' শব্দের অর্থ 'ছী-করণ' বা 'মায়া-কারণ' কিরূপে সিদ্ধ হয় এবং তদ্দ্বারা উক্ত পংক্তির অর্থ কিরূপে সংলগ্ন হয়, আমরা বুঝিতে পারি নাই। হিন্দী ও মৈথিল ভাষায় 'ছীক্না' ধাতুর 'হাঁচি দেওয়া' অর্থ প্রসিদ্ধ আছে; রাধামোহন ঠাকুরও টীকায় সেই অর্থের উল্লেখ করিয়াছেন; ঐরূপ অর্থ গ্রহণ করিলে 'ছাড়ল' ইত্যাদি পংক্তিদ্বয়ের অর্থ হইবে—(পঞ্চভূতের অন্যতম) জল (দেহ) ত্যাগ করিয়াছে; জীবন এখনই চলিতেছে; কেহ হাঁচি দেওয়াতেই যেন (শুধু) রহিয়া যাইবে।

মোহ বা মূর্চ্ছা দর্শনে কিরূপে পঞ্চভূতাত্মক দেহে অন্যতম ভূত জলের অভাব প্রতীত হয়—তাহা ভালরূপে বুঝা গেল না। জলের অভাব হয় বলিয়াই জল-সেচন দ্বারা মূর্চ্ছা-বিদূরিত করার চেষ্টা করা হয়—ইহা বলাই রাধামোহন ঠাকুরের উদ্দেশ্য কি?

যথা রাগঃ[১]।

জোয়ত[২] পন্থ নয়নে ঝরু নীর।
যৈছন ভীত-পুতলি রহু থীর॥
যামিনি-যাম-যাম[৩] যুগ মনই।
জাগরে জাগি ভরমময় ভণই॥
জানলুঁ যদুপতি জলধর-শ্যাম।
জিবইতে যুবতি জপই তুয়া নাম॥
যব কেহু[৪] লেপয়ে মলয়জ-পঙ্ক।
জলতহিঁ শতগুণ মদন-আতঙ্ক॥
যতনে শুতায়লুঁ জলরুহ[৫]-পাত।
জরি জরি ততহিঁ[৬] ভসম ভই জাত॥
যাহাঁ হিমকর ভেল দিনকর-রীত।
জানলুঁ জগ মাহা সব বিপরীত॥

জনি জগ-জীবন ইথে কহ ছন্দ।
যো কছু কহ সতি দাস গোবিন্দ॥

॥৩১॥১৯১২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৭৬ সংখ্যক পদ। ২। 'যোজত' প-স (মুদ্রিত গ্রন্থ)। ৩। 'জাগ' প-র-সা। ৪। 'কেহ' ক, 'কোই' প-র-সা। ৫। 'কিসলয়' প-র-সা। ৬। 'তবহি' প-র-সা।

গান্ধার।

কুর্ব্বতি কিল কোকিলকুল উজ্জ্বল-কল-নাদং।
জৈমিনিরিতি জৈমিনিরিতি জল্পতি সবিষাদং॥
মাধব ঘোর-বিয়োগ-তমসি নিপপাত রাধা১।
বিধুর-মলিন-মূর্ত্তিরধিক-সমধিরুঢ়-বাধা॥ধ্রু॥
নীল-নলিন-মাল্যমহহ বীক্ষ্য পুলক-বীতা।
গরুড় গরুড় গরুড়েত্যভিরৌতি পরম-ভীতা॥
লম্বিত মৃগনাভিমগুরু-কর্দ্দমমনুদীনা।
ধ্যায়তি শিতিকণ্ঠমপি সনাতনমনুলীনা॥

॥৩২॥১৯১৩॥

পাঠান্তর

১। সকলগুলি পুথিতে এবং 'স্তবমালা' গ্রন্থের ও বলদেব-কৃত টীকার মুদ্রিত সংস্করণে 'মাধব ঘোর' ইত্যাদি পাঠ দৃষ্ট হয়; কিন্তু ঐ পাঠ বিশুদ্ধ কি না, আমাদিগের বিশেষ সন্দেহ আছে। সনাতন-ভণিতা-যুক্ত 'হন্ত ন কিং মন্থরয়সি' ইত্যাদি (৩য় শাখার ১০৩৯ সং) পদটির ন্যায় এই পদেরও সকল চরণেই আরম্ভে ত্রিমাত্রিক ছয়টি গণ ও অবসানে দুইটি গুরুবর্ণ-ঘটিত একটি চতুর্ম্মাত্রিক গণ দৃষ্ট হয়; কেবল 'মাধব' ইত্যাদি পংক্তিদ্বয়ে উহার ব্যতিক্রম দৃষ্ট হয় ও ছন্দোভঙ্গ ঘটে। বোধ হয়, লিপিকর-প্রমাদেই এরূপ হইয়াছে। সামান্য পরিবর্ত্তনেই ছন্দ বজায় রাখা যাইতে পারে, যথা—

'মাধব ঘোর-বিয়োগ-তমসি নিপততি রাধা।
বিধুর-মলিন-মূর্ত্তিরধিক-সমধিরূঢ়-রাধা॥' ধ্রু॥

টীকা

১—৮। "কুর্ব্বতি" ইত্যাদি। আদৌ ধ্রুব-পদং ব্যাখ্যায়তে। হে মাধব! রাধা ঘোর-বিয়োগ-তমসি (দারুণ-বিরহান্ধকারে) নিপপাত। কীদৃশী সা?—বিধুরমলিনমূর্ত্তিঃ (কাতর-ম্লানদেহা) অধিক-সমধিরূঢ়বাধা (বলবৎসঞ্জাত-পীড়া)। কোকিলকুলে (পিকসমূহে) উজ্জ্বল-কল-নাদং (মধুরকল-ধ্বনিং) কুর্ব্বতি সতি (ভাবে সপ্তমী) সা (বজ্রপতনমাশঙ্কমানা) সবিষাদং যথা স্যাৎ তথা জৈমিনিরিতি জৈমিনিরিতি জল্পতি (বদতি)। পুনশ্চ অহহ খেদে, নীলনলিনমাল্যং (ইন্দীবর-মালিকাং) বীক্ষ্য (দৃষ্ট্বা) (কৃষ্ণসর্পং মন্যমানা) পুলক-বীতা (ভয়েনোদ্গতরোমা) পরমভীতা (নিতরাং সন্ত্রস্তা) গরুড় গরুড় গরুড়েতি বারং বারং অভিরৌতি ভুজঙ্গাশিনো গরুড়স্য নামোচ্চারয়তীত্যর্থঃ। 'লম্বিতো মৃগনাভির্যত্র তং অগুরু-কর্দ্দমমনুলক্ষ্য তত্র শ্যামবর্ণস্য কন্দর্পস্য ভ্রমাৎ-তদ্বিদ্রাবণায় তদ্বৈরিণং শিতিকণ্ঠং ধ্যায়তীত্যর্থঃ। সনাতনং ত্বাং অনুলক্ষ্য লীনা সতী।' ইতি বলদেব-ব্যাখ্যানম্।

অনুবাদ

১—৮। কোকিলগণ মধুর কল-নাদ করিলে, শ্রীরাধা (বজ্র-পতন আশঙ্কায়) বিষাদের সহিত 'জৈমিনি' 'জৈমিনি'—এই শব্দ উচ্চারণ করিতেছেন। হে মাধব! শ্রীরাধা দারুণ বিরহ-অন্ধকারে পতিত হইয়াছেন; তাঁহার শরীর বিধুর, মলিন ও অত্যন্ত পীড়াগ্রস্ত হইয়াছে। হায়! নীলোৎপলের মালা দেখিলে (কৃষ্ণ-সর্পের আশঙ্কায়) তাঁহার রোমোদ্গম হয় এবং তিনি অত্যন্ত ভীতা হইয়া 'গরুড়' 'গরুড়' উচ্চারণ করেন। মৃগ-নাভি-মিশ্রিত অগুরু-চন্দন দর্শনে (কন্দর্পের ভ্রমে)

ধীর নয়ন করি　　　মথুরার[১] নাম ধরি
রোয়ে পহু হা নাথ বলিয়া।
বসু রামানন্দ ভণে　　গৌরাঙ্গ এমন কেনে
না বুঝিলুঁ কিসের লাগিয়া॥
॥৪৩॥১৯২৪॥

পাঠান্তর
১। 'মথুরায়' ক।

ধানশী।

কেলি-কলানিধি সব মনোরথ-সিধি
বিহরই নবদ্বীপ ধাম।
বিদগধ-শেখর সব গুণে আগর
সুখময়[১] সতত বিরাম॥
হরি হরি হৃদি মাঝে বড় শেল মোর।
সো শচিনন্দন হৃদয়-আনন্দন
মাথুর-বিছেদে[২] বিভোর॥
গুরুতর গান গরিমগণ-সূচক
নিমগন সোই তরঙ্গে।
চিন্তা-সন্ততি সবহুঁ দূরে গেও
আর উনমাদ বর-ভঙ্গে॥
নয়নক নীর অধিক থকিত ভেল
হোয়ত সো বর-মোহ।
রাধামোহন ভণ যো লাগি বিহরণ
মুরতিমন্ত ভেল সোহ॥
॥৪৪॥১৯২৫॥

পাঠান্তর
১। 'মথুরায়' ক। ২। 'বিচ্ছেদে' ক, খ।

সুহই।

সে যে মোর গৌর কিশোর।
মুরছি মুরছি পড়ে ভকতের কোর॥
সোণার বরণ তনু হইল মলিন।
দেখিয়া ভকতগণের প্রাণ হয় ক্ষীণ॥
বচন না নিকসয়ে সে চাঁদ-বয়ানে।
অবিরত ধারা বহে থীর নয়ানে॥
কান্দে সহচরগণ গৌরাঙ্গ বেঢ়িয়া।
[illegible]॥
॥৪৫॥১৯২৬॥

বালা ধানশী।

নয়নক লোর ওর নাহি ঢরকত
ধারা পদতলে গেল।
হেরইতে মরমে ভরম অছু হোয়ত
থলহি জলজ জনু ভেল॥
মাধব কি কহব ও পরসঙ্গ।
সহচরি মেলি কোলে করি রোয়ত
হেরি অবশ ভেল অঙ্গ॥
উচ কুচ উপর রহত মুখ-মণ্ডল
সো এক অপরুপ ভাতি।
কনয়া[১]-শিখরে জনু উয়ল[২] শশধর
প্রাতর ধূসর-কাঁতি॥
থোরি অলকাবলি আপন কর তুলি
পুন পুন পরশই নাসা।
বিকচ-কমল সঞে নব কিশলয় কিয়ে
হেরইতে ঐছে প্রকাশা॥
ঐছে দশা বর যাক কলেবর
হেরইতে ঐছন ভান।
কহে ঘনশ্যাম দাস তছু জীবন
তোহারি বিহনে[৩] কিয়ে জান॥
॥৪৬॥১৯২৭॥

পাঠান্তর
১। 'কনক' ক। ২। 'উয়ল' ক, ঘ, চ।
৩। 'বিনে' ক, খ, চ।

শ্রীগান্ধার১ ।

শকতি খীণ অতি উঠই না পারই
কাতরে সখি-মুখ চাই ।
পরশি ললাট করহিঁ মুখ ঝাঁপল২
তুয়া মুখ হৃদি অবগাই ॥
মাধব-করুণাকি লব তোহে নাই ।
এক বেরি বিরহ-বেয়াধি নিবারহ
এ দুহুঁ পদ দরশাই ॥
রাই উপেখি ধরণি পর লুঠই৩
কত কত সারঙ্গ-নয়নী ।
মধুপুর-পথিক-চরণ ধরি রোয়ত৪
জিবইতে সংশয় জানি ॥
এত দিনে নবমি দশা পরিপূরল৫
শ্বাস বহই উধ৬ মন্দ ।
মাধব ঘোষ৭ কালিদহে পৈঠব
বুঝি ও ব্যাধিক অন্ত ॥

॥৪৭॥১৯২৮॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪০।১৩৫ সংখ্যক পদ। ২। 'ঝাঁপই' প-র। ৩। 'রাই' ইত্যাদি পংক্তি-দ্বয়ের স্থলে প-র পুথির পাঠ, যথা—'সুন্দরি কহই না পারই বাণি'। ৪। 'সাধই' প-র। ৫। 'এত দিনে' ইত্যাদি পংক্তিদ্বয় স্থলে প-র পুথির পাঠ, যথা—

'পহিলহি দশমি দশা হেরি আওলুঁ
না জানি কি হোয়ে বসন্ত।'

৬। 'আধ' ক, খ, চ। ৭। 'ঘোষ কহ' প-র। ৮। 'জানি' প-র।

সুহিনী।

তেজল গুরুকুল-গৌরব লাজ ।
তেজল গৃহ গৃহ-পতিক সমাজ ॥
তেজল লোক নগর ঘর-বসতি ।
তেজল ভূষণ অশন-১রস-পিরিতি ॥
তেজল হৃষিক-করণ অভিলাষ ।
তেজল বদনে অমিয়াময় ভাষ ॥
তেজল নয়নে নিমিষ অবিরাম ।
তেজল কিশলয়-শয়নক নাম ॥
শুন শুন বজর-কঠিন পিত-বাস ।
তেজল অব ধনি জীবন-আশ ॥
তেজল বিরহিণি সবহুঁ গেয়ান ।
নবমি দশা সভে২ করু অনুমান ॥
অব যদি যাই করহ অবসাদ ।
মাধব তোহারি চরণ ধরি কাঁদ ॥

॥৪৮॥১৯২৯॥

পাঠান্তর

১। 'আসন' ক, চ। 'অসন' খ। ২। 'ভেল' ক, খ, চ।

তিরোথা ধানশী১।

সখিগণ কন্দরে২ থোই কলেবর
ঘর সঞে বাহির৩ হোয় ।
বিনি অবলম্বনে উঠই না পারই
অতয়ে নিবেদলুঁ তোয় ॥
মাধব কত পরবোধব তোয় ।
দেহ-দিপতি গেল হার ভার ভেল
জনম গোঙায়ল৪ রোয় ॥ধ্রু॥
অঙ্গুরি বলয়া ভেল কামে৫ পিন্ধায়ল
দারুণ তুয়া নব নেহা ।
সখিগণ সাহসে৬ ছোই না পারই
তন্তুক দোসর দেহা ॥
নবমি দশা গেলি ৭ দেখি আওলুঁ চলি
কালি রজনি-অবসানে ।
আজুক এত খণ গেল সকল দিন
ভাল মন্দ বিহি পয়ে জানে৮ ।

মাধব দারুণ প্রেম তোহারি।
যো হাম হেরলুঁ তেঁ অনুমানলুঁ
ভাগে[২] জিবয়ে বর-নারী ॥ধ্রু॥
চন্দন-শীকর অমল-কণা সম
দেহ উঠই বিম্বুকাই।
দীঘ[৩] নিশ্বাস-পবন দব দাবই
জীবই কোন উপাই ॥
কহ কবিশেখর ভালে তুহুঁ নাগর
ভালে তুয়া প্রতি করু[৪] আশে ॥
আপন মরম-জনে এতেক নিঠুরপন'
আন কি কাজকি ভাষে ॥৩৮॥১৯১৯॥

পাঠান্তর

১। 'অঙ্গ' ক। ২। 'ভাগ্যে' ঘ। ৩। 'দীঘল' ক। ৪। 'প্রতি করু' স্থলে 'প্রিয়ক' ক; 'প্রিতক' খ।

টীকা

৮—১১। "চন্দন" ইত্যাদি। (তাহার) দেহে সরস চন্দন-বিন্দুসমূহ অগ্নি-কণার ন্যায় দানা বাঁধিয়া উঠে; (তাহার) দীর্ঘ নিশ্বাস-পবন দাব অর্থাৎ দাবানলকে বিদ্রাবিত করে; (সে) কোন্ উপায়ে বাঁচিবে?

বালা ধানশী।

বাসিত[১] বিশদ বাস-গেহে বৈঠলি
বহ্নি-ভবন বলি উঠই।
বরিহা-বিরচিত বীজন বিজইতে
বিষধর-বিষ সম বলই ॥
বলানুজ বুঝলমু বহুবিধ বোধি।
বরবিধু-বয়নি বিনোদিনি বল্লবি
বুড়ত বিরহ-পয়োধি ॥ধ্রু॥
বিগলিত-বলয় বাহু বিস-বল্লরি
বিলপই বিপিন-বিতান।
বিছুরল বেশ বিলাস বিলাসিনি
বহু বৈদগধি-বিধান ॥
ব্রজ-বনিতা বসুধা-তলে বিলুঠই
বিঘটিত বিমল শয়ান।
বিরমিত বচন বিচারই[২] বাউরি
গোবিন্দদাস রস গান ॥৩৭॥১৯২০

পাঠান্তর

১। 'বাসিদ' ক। ২। 'বিছারই' ক।

টীকা

৫—৭। "বলানুজ" ইত্যাদি। হে বলদেবের অনুজ! (ধ্বনি-গম্য অর্থে হলধর অর্থাৎ কৃষকের ভ্রাতা।) নানা প্রকার প্রবোধ দিয়া বুঝিলাম যে, পূর্ণচন্দ্রমুখী বিলাসিনী গোপাঙ্গনা (শ্রীরাধা) বিরহ-সমুদ্রে ডুবিতেছে! (অনুপম-রূপ-লাবণ্যবতী শ্রীরাধাকে বিরহ-সমুদ্র হইতে উদ্ধার না করায়ই সখী শ্রীকৃষ্ণকে তিরস্কার উদ্দেশ্যে 'বলানুজ' শব্দে সম্বোধন করিয়াছেন)।

ধানশী[১]।

নীরস-সরসিজ ঝামর-বয়না।
তুয়া গুণ গুণইতে চমকিত[২]-নয়না ॥
খেণে মুখ গোই রোই খেণে হসই।
হিয়-অভিলাষে চলত মহি খসই ॥
এ হরি পেখলুঁ সো গজ-গমনি।
জিবইতে সংশয় কুল-বর[৩]-রমণি ॥ধ্রু॥
অনুখণ মনসিজ মন মাহা হনই[৪]।
হিমকর-কিরণহিঁ থির নাহি মনই[৫] ॥
খেণে উঠে খেণে বৈসে[৬] শুতি রহু ধরণী।
বিষ-শরাঘাতে যৈছে[৭] কাতর হরিণী ॥
কত যে বিছায়ব[৮] কমল[৯]-দল-শেজ
ছটফটি শয়নে জীউ[১০] নাহি তেজ ॥

গোবিন্দদাস কহ শ্যামরচন্দ।
তুরিতে মিলহ ধনি টুটউ দ্বন্দ্ব[১১] ॥

॥৪০॥১৯২১॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪০।১০৩ সংখ্যক পদ। .. 'সচকিত' ক। ৩। 'কুল-বর'-স্থলে 'বর-কুল'-প-র। ৪। 'হানই' প-র। ৫। 'মানই' প-র। ৬। 'উঠে' ইত্যাদি স্থলে 'উঠি বৈঠত' প-র। ৭। 'জনু' প-র। ৮। 'বিছাব' প-র। ৯। 'নলিনি' প-র। ১০। 'জীবন' প-র। ১১। 'বন্দ' প-র।

—

ধানশী তিরোগা।

ভ্রমই ভবন-বনে জনু অগেয়ান।
ভাঙ্গল ভয় গুরু-গৌরব মান ॥
ভাবে ভরল মন হাসি হাসি রোই।
ভীত-পুতলি[১] সম তুয়া পথ জোই ॥
ভাবিনি-ভূষণ ভালে বনমালী।
ভোরি কি বিছুরলি ব্রজ-বরনারী ॥
ভরমহি ভরম সঘন মুখ[২] গোই।
ভূতলে শূতলি কুন্তল ফোই ॥
ভূলল তুয়া গুণে হরি হরি বোল।
ভীগল দিঠি-জলে নীল নিচোল ॥
ভূরি বিরহ-জর ভরি মুরছান।
ভুরু-ভঙ্গহিঁ ধনি তেজব পরাণ ॥
ভাগ্যে জিবয়ে অব তুয়া রস-আশে।
ভণব তোহারি যশ গোবিন্দদাসে ॥

॥৪১॥১৯২২॥

পাঠান্তর

১। 'চিত-পুতলী' ক, চ। ২। 'মুখ' ঘ।

—

তথা রাগ।

হিরণক হার হৃদয়ে নাহি ধরই।
হরি-মণি হেরি সঘনে জল খলই ॥
হিমকর-কিরণহিঁ সো তনু দহই।
হা হা শশি-মুখি কত দুখ সহই ॥ধ্রু॥
হলধর-সোদর কিয়ে তুহুঁ ভোরি।
হেলে হারালি হিরণময়ি[১] গোরি ॥
হরিণ-নয়ানি[২] অবধি-দিন গণই।
হেরইতে পন্থ নিমিখ যুগ মনই ॥
হিয় মাহা নেহ মরম কাহাঁ কহই।
হরি হরি বোলি[৩] মুরছি মহি[৪] রহই ॥
হসি হসি হরখে হরখে[৫] খেণে উঠই।
হেমক পুতলি মহীতলে লুঠই ॥
হরল গেয়ান তোহারি অভিলাষে।
হোত কি না বুঝল গোবিন্দদাসে ॥

॥৪২॥১৯২৩॥

পাঠান্তর

১। 'হিরণমই' ঘ। ২। 'হরিণনয়নী' ক। ৩। 'বলি' ক, চ। ৪। 'কাহাঁ' ক। ৫। 'হরখি হরখি' ক।

—

অথ মোহ-দশা।

তত্র শ্রীগৌরচন্দ্রো যথা।

পাহিড়া।

আরে মোর গৌর কিশোর।
সহচর-কান্ধে পহু ভুজযুগ আরোপিয়া
নবমী-দশায় ভেল ভোর ॥
পড়িয়া ক্ষিতির পরে মুখে বাক্য নাহি সরে
সাহসে পরশে নাহি কেহ।
সোণার গৌরহরি কহে হায় মরি মরি
তম্ভক দোসর ভেল দেহ ॥

কেলি-কলপতরু　　সুপুরুখ অবতরু
নাগর-গুরু বর রতনে।
রাজা শিব সিংহ　　রূপ নারায়ণ[৯]
লছিমা দেবি পরমাণে॥

॥৪৯॥১৯৩০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১০৮৪ সংখ্যক পদ। ২। 'কন্দর' প-র-সা। ৩। 'বাহির না' ঘ, চ। ৪। 'গোঙায়ই' প-র-সা। ৫। 'কাম' খ; 'কান্দে' ঘ। ৬। 'সহসা' ক, খ, ঘ, চ। ৭। 'ভেলি' খ; 'গণি' প-র-সা। ৮। 'পঁয় জানে' স্থলে 'পরমাণে' ক, খ, ঘ, চ। ৯। 'রাজা' ইত্যাদি স্থলে 'ভণয়ে বিদ্যাপতি শিব সিংহ নরপতি' প-র-সা।

তথা রাগ।

নিরুন্ধে দৈন্যাব্ধিং হরতি গুরু-চিন্তা-পরিভবং
বিলুম্পত্যুন্মাদং স্থগয়তি বলাদ্বাষ্প-লহরীং।
ইদানীং কংসারে কুবলয়দৃশঃ কেবলমিদং
বিধত্তে সাচিব্যং তব বিরহ-মূর্চ্ছা সহচরী॥

॥৫০॥১৯৩১॥

টীকা

১—৪। হে কংসারে! ইদানীং কেবলং সহচরী (সহস্থায়িনী) তব বিরহ-জনিতা মূর্চ্ছা ইদং (বক্ষ্যমাণং) সাচিব্যং (সাহায্যং) বিধত্তে। কীদৃশং তৎ সাহায্যমিত্যাহ। দৈন্যাব্ধিং (বিষাদ-সমুদ্রং) নিরুন্ধে (স্থগয়তি)। গুরু-চিন্তা-পরিভবং (বলবচ্চিন্তা-জনিত-ক্লেশং) হরতি। উন্মাদং বিলুম্পতি (অপনয়তি)। বলাৎ বাষ্প-লহরীং (অশ্রু-প্রবাহং) স্থগয়তি (রুণদ্ধি)।

অনুবাদ

১—৪। হে কংশারি শ্রীকৃষ্ণ! এখন কেবল তোমার বিরহ-জনিত মূর্চ্ছা নীলোৎপলাক্ষীর সহচরী হইয়া তাহার সাহায্য করিতেছে। কারণ, উহা তাহার বিষাদ-সাগরকে রোধ করিতেছে; গুরুতর চিন্তা-জনিত ক্লেশকে হরণ করিতেছে; উন্মত্ততাকে বিলুপ্ত করিতেছে এবং বলপূর্ব্বক অশ্রু-প্রবাহকে স্থগিত করিতেছে।

অথ মৃত্যুদর্শা।

তত্র শ্রীগৌরচন্দ্রো যথা।

সুহই।

নবদ্বিপ-চাঁদ চাঁদ জিনি সুন্দর
নাগর বিদগধ-রাজ।
আনন্দ-রূপ অনুপম[১] গুণগণ
আনন্দ-বিতরণ কাজ॥
হরি হরি হামারি মরণ অব ভাল।
সো যদি[২] সুখময় কেলি উপেখিয়া
বিরহ-ভাবে খেপু কাল॥ধ্রু॥
কত অনুতাপ প্রলাপহুঁ কতবিধ
অপরুপ কত উনমাদ।
কত বেরি মোহ হোয়ত পুন ঘন ঘন
দশমি-দশা পরমাদ॥
ভাগে[৩] ভকতগণ উচ হরি বোলত
তেঞি বুঝি ফিরয়ে পরাণ।
মরু রাধামোহন অনুবাদ ঐছন
যাতে করু ইহ রস গান॥

॥৫১॥১৯৩২॥

পাঠান্তর

১। 'অনুপম' ক, খ, চ। 'অনুপম' পাঠে ছন্দোভঙ্গ ঘটে। ২। 'জনি' খ। ৩। 'আগে' ক।

পঠমঞ্জরী।

আজু মোর গৌরাঙ্গসুন্দর।
ধূলায় লোটায় কাঁচা সোণার কলেবর॥

মুরছি পড়য়ে দেহে শ্বাস নাহি বয়।
চৌদিকে ভকতগণ হেরিয়া কান্দয় ॥
কি নারী পুরুষ সভে হেরি হেরি কান্দে।
পশু পাখী কান্দে তারা থির নাহি বান্ধে॥
॥৫২॥১৯৩৩॥

কামোদ[১]।

তুয়া পথ জোই রোই দিন যামিনি
অতি দূবরি ভেল বালা।
কি রসে[২] রিঝায়ব[৩] কৈছে নিঝায়ব
বিষম কুসুম-শর-জালা ॥
মাধব ইথে জনি হোত নিশঙ্ক।
ও নিতি চাঁদ-কলা সম খীয়ত
তোহে পুন চঢ়ব[৪] কলঙ্ক ॥ধ্রু॥
চন্দন চন্দ মন্দ মলয়ায়িল
নীর-নিষেচিত[৫] চীরে।
কুবলয়-কুমুদ-কমলদল-কিশলয়-
শয়নে না বান্ধই থীরে ॥
মুনিক পুতলি তনু[৬] মহিতলে শূতলি
দারুণ বিরহ-হুতাশে।
জীবন আশে[৭] শ্বাস বহ[৮] না বহ
পরিখত গোবিন্দ দাসে ॥
॥৫৩॥১৯৩৪॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪০।১২৫ সংখ্যক পদ। 'শ্রীরাগ' প-র। ২। 'কৈছে' প-র। ৩। প-স ও প-র পুথির 'রিঝায়ব' স্থলে 'বুঝায়ব' ক, খ, ঘ, চ। ৪। 'চঢ়ল' প-র। ৫। 'নিশেষিত' ক; 'নিশিত' খ; 'নিষিঞ্চিত' ঘ; প-র। ৬। ক, খ, ঘ, চ পুথিতে 'তনু' নাই। ৭। 'জীব আশোয়াস' ঘ; প-র। ৮। 'বহ' ইত্যাদি স্থলে 'রহ না রহ' ক, চ; প-র।

টীকা

১—৪। "তুয়া" ইত্যাদি। তোমার পথ নিরীক্ষণ করিয়া দিন-রাত্রি রোদন করিয়া বালা নিতান্ত দুর্ব্বল হইল; (তাহাকে) কোন রস দ্বারা হৃষ্ট করিব? দারুণ পুষ্প-শরের যাতনা কিরূপে নির্ব্বাপিত করিব?

শ্রীগান্ধার[১]।

নিশি দিশি জাগরি মধুপুর-নাগরি
বেশ পসাহল[২] অঙ্গে[৩]।
তুহুঁ সুপুরুষবর সময় গোঙায়সি[৪]
নব নব রস-পরসঙ্গে[৫] ॥
মাধব তুহুঁ যব[৬] নিকরুণ ভেল।
মিছই অবধি-দিন গণি কত রাখব
ব্রজ-বধূ জীবন শেল ॥ধ্রু॥
কোই ধরণিতল কোই যমুনা-জল
কোই কোই লুঠই নিকুঞ্জ।
এত দিনে বিরহে[৭] মরণ-পথ পেখলুঁ
তোহে তিরি-বধ পুণ-পুঞ্জ ॥
তপত সরোবরে থোরি সলিল জনু
আকুল সফরি-পরাণ।
জীবন মরণ মরণ বরু[৮] জীবন
গোবিন্দ দাস পরমাণ[৯] ॥
॥৫৪॥১৯৩৫॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪০।১২১ সংখ্যক পদ। 'শ্রীরাগ' প-র। ২। 'পসারলি' ক; 'পসারল' খ, ঘ, চ। ৩। 'অঙ্গ' ঘ, চ। ৪। 'গোঙায়লি' ক, খ। ৫। 'পরসঙ্গ' ঘ, চ। ৬। 'অব' ঘ। ৭। 'বিরহ' ক, খ। ৮। 'বরু' ক, চ। ৯। 'পরমাণ' স্থলে 'দুখ জান' ক, খ, ঘ, চ।

পঠমঞ্জরী[১]।

তুহুঁ রহু[২] নিকরুণ মধুপুর মাহ।
নিতি নব-নাগরি-রস অবগাহ॥
যো খণ[৩] মান[৪] তো বিনু যুগ-লাখ।
সো কি সহয়ে[৫] চির বিরহ-বিপাক॥
এ হরি এ হরি তুয়া পথ চাই।
অবহুঁ কি জীবই না[৬] জিবই রাই॥ধ্রু॥
কত যে খীণ তনু কহই[৭] না জানি।
অঙ্গুরি[৮] বলয় গলিত তুয়[৯] পাণি॥
নয়ন নিকাজর[১০] ঢরকত বারি।
নিশি দিশি পহিরণ ভিগি গেও[১১] শাড়ী॥
ছটফট[১২] শয়নে না রহ সখি-অঙ্ক[১৩]।
কনক-পুতলি লুঠয়ে মহি-পঙ্ক॥
সময় নিরীখত পরিখত শ্বাস।
ছোড়ি আওল চলি[১৪] গোবিন্দ দাস॥

॥৫৫॥১৯৩৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১০৪৯ ও প-র পুথির ৪০।১২২ সংখ্যক পদ। ২। 'রহ' খ; প-র-সা। ৩। 'খণে' প-র। ৪। 'মানই' প-র-সা; প-র। ৫। 'রহত' প-র-সা; 'সহত' প-র। ৬। 'না' ক, খ; প-র-সা; প-র। ৭। 'কহনে' প-র। ৮। 'কঙ্কণ' প-র-সা; প-র। ৯। 'তুহুঁ' ক, খ। ১০। 'নয়ন নিকাজর' স্থলে 'নয়নক কাজর' প-র-সা; প-র। ১১। 'ভীগেও' খ, ঘ; 'ভি গেল' প-র। ১২। 'ছটফটি' প-র-সা; প-র। ১৩। 'অঙ্গ' ক, খ; 'সঙ্গ' প-র। ১৪। 'চহি' প-র-সা; 'তাহা' প-র।

করুণ কামোদ[১]।

কুঞ্জ-ভবনে ধনি তুয়া গুণ গণি গণি
অতিশয়[২] দূবরি[৩] ভেল।
দশমিক পহিল[৪] দশা হেরি সহচরি[৫]
ঘর সঞে[৬] বাহির কেল॥
শুন মাধব কি বলব তোয়[৭]।
গোকুল-তরুণী নিচয় মরণ জানি
রাই রাই করি রোই॥
তহিঁ এক সুচতুরি[৮] তাক শ্রবণ ভরি[৯]
পুন পুন কহে[১০] তুয়া নাম।
বহুখণে সুন্দরি পাই পরাণ ফেরি[১১]
গদগদ কহে শ্যাম শ্যাম[১২]॥
নামক অছু গুণ না শুনিয়ে ত্রিভুবন[১৩]
মৃত-জন পুন কহে বাত।
গোবিন্দদাস কহ ইহ সব আন নহ
যাই দেখহ মঝু সাথ॥

॥৫৬॥১৯৩৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১০৩৬ ও প-র পুথির ৪০।১৩৬ সংখ্যক পদ। ২। 'তাহে অতি' প-র। ৩। 'দুরবল' ঘ; 'অশকতি' প-র-সা; প-র। ৪। 'দশমিক পহিল' স্থলে 'পহিলহি দশমি' প-র। ৫। 'সখিগণ' প-র-সা; প-র। ৬। 'ঘর সঞে' স্থলে 'সভে ধরি' প-র। ৭। 'শুন মাধব' ইত্যাদি কলির স্থলে প-র-সা পুথির পাঠ, যথা—

'ঘড় ঘড় কণ্ঠ-শবদ শুনি তাকর
ধাই আয়লু তছু পাশ।
নাসা অগ্রেতে তুলক ধরি পরিখই
তবু নাহি পায়লু শ্বাস॥

প-র পুথির পাঠ, যথা—

'শুন মাধব অবলা কি দেওলি বহায়।
তরণীগ লাখ নাম ধরি তাকয়
রোয়ই সভে উচ রায়॥'

প-র-সা পুথির 'ঘড় ঘড়' ইত্যাদি কলির 'ধাই' ইত্যাদি স্থলে প-র পুথিতে 'ধায়ল সখিগণ পাশে'

ও 'অগ্রেতে' স্থলে 'সম্মুখে' পাঠ আছে। ৮। 'সুন্দরী' প-র-সা ; প-র। ৯। 'তাক' ইত্যাদি স্থলে 'তাকর চরণ ধরি' প-র-সা। ১০। 'লয়ে' প-র-সা ; 'ধরি' প-র। ১১। 'বহুখণে' ইত্যাদি স্থলে 'শুনি শুনি সুন্দরি চেতন পাইয়া' প-র-সা ; 'শুনি শুনি সুন্দরি নিকট কর্ণ ধরি' প-র। ১২। 'গদ গদ' ইত্যাদি স্থলে 'পানি ভরল দুনয়ান' প-র। ১৩। 'নামক' ইত্যাদি স্থলে 'তুয়া নাম ঐছন শুনিয়া ত্রিভুবন' প-র-সা। 'নামক' ইত্যাদি পংক্তির পরিবর্ত্তে প-র পুথির পাঠ, যথা—

'নাসা শাসল তনু পুলকিত ভেল
ধাই আওলু ইহ জানি।
মাধব ঘোস কহে শুন বর নাগর
কহইতে আওলু বাণি ॥'

বরাড়ী[১]।

অঙ্গে অনঙ্গ-জর মরমে বিষম-শর
কণ্ঠহি জীবন জারা।
করতলে বয়ন নয়ন ঝরু নীঝর
কুচযুগে কাজর[২]-হারা ॥
মাধব তুহুঁ[৩] মধুপুর দূর দেশ।
ও অবলা চির বিরহ-বেয়াধিনি
দশমি-দশা পরবেশ ॥ধ্রু ॥
বিগলিত কম্বু-বলয় কর-কিশলয়
খণহি খণহি খীণ দেহা।
কো জানে কাঁতি তবহি নাহি ছূটত
জনু অবধিক শশি-রেহা ॥
তনু মন জোরি গোরি তোহেঁ সোঁপল
কনয়-জড়িত মণিরাজ।
গোবিন্দদাস ভণি কনয়া বিহনে মণি
কবহুঁ হৃদয়ে নাহি[৪] সাজ ॥

॥৫৭॥১৯৩৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১০৫৪ ও প-র পুথির ৪০।১২৬ ; ৪০।১৬২ সংখ্যক পদ। ২। 'কাজর' ক, খ। ৩। 'রহু' প-র-সা। ৪। 'হৃদয়ে নাহি' স্থলে 'না হৃদয়ে' ক, খ ; 'হৃীদয়ে' ঘ।

তথা রাগ।

কতয়ে বেরি বেরি রচব শেজ রি
সরস-সরসিজ পাঁতি।
শিতল বীজনে সলিল সিঞ্চনে
কত না পোহায়ব রাতি ॥
শুন নিদয় নীঠর[১] চীত[২]।
তো সঞে নেহ করি খোয়লু সুন্দরি
পরাণ দেই পরাচীত[৩] ॥ধ্রু ॥
কতয়ে চন্দন করব লেপন
তবহুঁ[৪] না জুড়য়[৫] অঙ্গ।
উঠয়ে পুন পুন তবহুঁ দারুন
দহন মদন-তরঙ্গ ॥
কবহুঁ অঙ্গন কবহুঁ সে সদন
কবহুঁ সহচরি-কোর।
ফুয়ল কবরী লুটয়ে সুন্দরি
কত নদী বহে লোর ॥
ধরণি উপর[৬] নিচল কলেবর
পড়ল আঁচর ফোরি।
কোই না কহ শ্বাস না বহ
নিমিখ তেজলি[৭] গোরি ॥
কোই ছুটত কোই লুঠত
প্রাণ-প্রিয় সখি ভাখি।
কহই বলরাম ধরলি কালিম
বদনে দেয়বি সাখি ॥

॥৫৮॥১৯৩৯॥

পাঠান্তর

১। 'নিঠুর' ক, ঘ, চ। ২। 'চিত' ক। ৩। 'পরাচিত' ক। ৪। 'এতহুঁ' ক। ৫। 'জুড়ায়' ক। ৬। 'উপর' ক, ঘ, চ। ৭। 'তেজল' ক।

দেশাগ রাগ[১]।

নদি বহে নয়নক নীরে[২]।
মুরছি পড়ল তন্তু তীরে ॥
মাধব তোহারি করুণা অতি বঙ্কা।
তোহে নাহি তিরি-বধ-শঙ্কা[৩] ॥ধ্রু॥
তৈখনে খিণ ভেল শ্বাসা।
কোই নলিনি-দলে করয়ে বতাসা ॥
চৌদশি-চাঁদ সমান।
তুয়া বিনে শুন[৪] ভেল প্রাণ ॥
কোই রহ রাই[৫] উপেখি।
কোই শির ধুনি ধুনি দেখি ॥
কোই সখি পরিখই শ্বাস।
হাম ধায়লুঁ তুয়া পাশ ॥
পলটি চলহ নিজ গেহ।
মনে গুণি[৬] পুরব সুনেহ ॥
নৃপতি সিংহ কবি ভাণ।
মনে গুণি বুঝহ[৭] সেয়ান ॥
॥৫৯॥১৯৪০॥

১। ইহা প-র পুথির ৪০।১৫৫ সংখ্যক পদ। ২। 'লোরে' ক। ৩। 'তোহে' ইত্যাদি স্থলে 'তিরি বধে নাহি তুয়া শঙ্কা' প-র। ৪। 'খিন' প-র। ৫। 'রাইক' ক। ৬। 'গণি' ঘ। ৭। 'গুণি বুঝহ' স্থলে 'জানি বুঝই' প-র।

শ্রীকৃষ্ণস্য দশা।

বরাড়ী।

রাইক দশা শুনি কান।
মুরছিত হরল গেয়ান ॥
দোতি করল নিজ কোর।
লোচনে ঝরঝর লোর ॥
বহুখণে চেতন ভেল।
কহে মঝু রাই কাহাঁ গেল ॥
পুন কিয়ে পায়ল পরাণ।
কহ সখি তুহুঁ কিয়ে জান ॥
শুনি কহে চেতনা-বাণি।
যদুনন্দন অনুমানি ॥৬০॥১৯৪১॥

অথ দশমী-দশায়াং চেতনং।

তত্র শ্রীমহাপ্রভুর্যথা।

শ্রীরাগ।

আজু বিরহ-ভাবে গৌরাঙ্গসুন্দর।
ভূমে পড়ি কান্দে[১] বোলে কাহাঁ প্রাণেশ্বর॥
পুন মূরছিত ভেল অতি ক্ষীণ শ্বাস।
দেখিয়া লোকের মনে বড় হয়[২] ত্রাস ॥
উচ করি ভকত করল হরি বোল।
শুনিয়া চেতন পাই আঁখি ঝরু লোর ॥
ঐছন হেরইতে কান্দে নর নারী।
এ রাধামোহন মরু যাই বলিহারি ॥
॥৬১॥১৯৪২॥

পাঠান্তর

১। 'কান্দি' ক। ২। 'বড় হয়' স্থলে 'হয় বড়' ক, খ, চ।

মল্লার রাগ।

মলিন চিকুর তনু চীরে।
করতলে বয়ন নয়ন ঝরু নীরে ॥
শুন মাধব কি বোলব[১] তোয়[২]।
তুয়া গুণে লুবধি মুগধি ভেল সোয়[৩] ॥
কোই কমল-দলে করই বতাস[৪]।
কোই চতুর ধনি হেরই নিশাস ॥

কোই কহে আওল হরি।
শুনিয়া চেতন ভেল নাম তোহারি[৫] ॥
উরে দোলে শামর[৬] বেণী।
কমলিনি-কোরে জনু[৭] কাল সাপিনী ॥
বিদ্যাপতি কবি[৮] গাওয়ে।
বিরহিণি-বেদন[৯] সখি সমুঝাওয়ে[১০] ॥

॥৬২॥১৯৪৩॥

পাঠান্তর

১। 'কি বোলব' স্থলে 'কহলমো' সা-প ২০১ পুথি। ২। 'তোই' সা-প ২০১ পুথি। ৩। 'সোই' সা-প ২০১ পুথি। ৪। 'কোই' ইত্যাদি কলির স্থলে সা-প ২০১ পুথির পাঠ, যথা—

'কোই রহে শ্বাসকি আসা।
কোই নলিনিদলে করত বাতাসা ॥'

৫। 'নাম তোহারি' স্থলে 'নাম তাহারি' ক, চ; 'গোরি' ঘ। 'শুনিয়া' ইত্যাদি স্থলে 'চমকি উঠল শুনি নাম তোহারি' সা-প ২০১ পুথি। ৬। 'উরে' ইত্যাদি স্থলে 'আধ উরে শ্যাম' ঘ। ৭। 'কমলিনি' ইত্যাদি স্থলে 'কনক কলস পর' সা-প ২০১ পুথি। ৮। 'রস' সা-প ২০১ পুথি। ৯। 'বিরহ' সা-প ২০১ পুথি। ১০। 'সমুঝায়ে' ক।

সরস মৃণাল হৃদয়ে ধরি কোই।
চাঁদ-কিরণে কোই[২] রাখয়ে গোই ॥
কেহ মলয়ানিল বারই চীরে।
কোই করয়ে নব-কিশলয় দূরে ॥
মধুকর-ধ্বনি শুনি কোই মুদে কান।
করতল-তালে কোই কোকিল খেদান ॥
কান্ত-দিগন্তহি ঞোর কোন যায়।
কেহ কেহ হরি তুয়া গুণ পরথায় ॥
নরনারায়ণ[৬] ভূপতি ভাণ।
বিজয়নারায়ণ ইহ রস জান[৭] ॥*

॥৬৩॥১৯৪৪॥

পাঠান্তর

১। 'শুনায়ে' ক। ২। 'ধায়ে' ক। ৩। 'চিয়াওল' খ। ৪। 'কোই কহই' স্থলে 'কো কহই' খ। ৫। 'কেহো' ক। ৬। 'শীব-নারায়ণ' চ। ৭। 'গান' ক, খ।

* অতঃপর ক, খ, ঘ, চ পুথিতে 'কুঞ্জ-ভবনে ধনি' ইত্যাদি ১৯৩৭ সংখ্যক পদটি পুনরায় উদ্ধৃত দেখা যায়। উহা এ স্থলে গণিত হইলে ১১শ পল্লবের নির্দ্দিষ্ট পদ-সংখ্যা বাড়িয়া যায় বলিয়া পুনরুদ্ধৃত হইল না।

পঠমঞ্জরী

গমন অবধি তুয়া নহিল বিশেখ।
ভীত ভরিয়া গেল দিনে দিনে রেখ ॥
তাহি মেটি কোই উন শুনায়[১]।
বদন সেচই কেহ জল লেই ধায়[২] ॥
কি কহব মাধব কঙল-মুখী।
যতনে জিয়াওল[৩] সকল সখী ॥
কাহুঁক নলিনি কাহুঁক চন্দনা।
কোই কহই[৪] আয়ল নন্দ-নন্দনা ॥

ততো দশমী-দশায়াং নিবৃত্তায়াং অর্দ্ধবাহ্য-দশায়াং প্রলাপং নিবেদয়তি

তিরোথা ধানশী।

তুয়া নামে প্রাণ পাই সব দিশ চায়।
না দেখিয়া চাঁদ-মুখ কান্দে উভরায় ॥
কাহাঁ দিব্যাঞ্জন মোর[১] নয়নাভিরাম।
কোটিন্দু-শীতল কাহাঁ নবঘন-শ্যাম ॥
অমৃতের সার কাহাঁ সুগন্ধি চন্দন।
পঞ্চেন্দ্রিয়াকর্ষ[২] কাহাঁ মুরলী-বদন ॥

দূরেত তমাল তরু করি দরশন।
উনমতি হৈয়া ধায় চাহে আলিঙ্গন ॥
কি কহব রাইক যো উনমাদ।
হেরইতে পশু পাখি করয়ে বিষাদ ॥
পুন পুন চেতন পুন পুন ভোর।
নরোত্তম দাসক দুখ নাহি ওর ॥

॥৬৪॥১৯৪৫॥

পাঠান্তর

১। 'দিব্যাঙ্গন মোর' স্থলে 'মোর দিব্যাঙ্গন' ক। ২। 'পঞ্চেন্দ্রিয়াকর্ষ' স্থলে 'পঞ্চেন্দ্রিয়-আকর্ষ' খ।

অথ শ্রীকৃষ্ণস্য দশা।
তত্র শ্রীগৌরচন্দ্রো যথা।
শ্রীরাগ।

গৌরাঙ্গ-চরিত আজু কি পেখলুঁ মাই।
রাধা রাধা বলি কান্দে ধরিয়া গদাই ॥
ধরিতে না পারে অঙ্গ ধরণে না যায়।
ধূলা লাগিয়াছে কত গোরা-হেম-গায়[১] ॥
সে মুখ চাহিতে হিয়া কেমন জানি করে।
কত সুরধুনী-ধারা আঁখি বাহি ঝরে ॥
মলুঁ মলুঁ কেনে গেলুঁ সে পথ বাহিয়া।
ধৈরজ না ধরে প্রাণ ফাটি যায় হিয়া ॥

॥৬৫॥১৯৪৬॥

পাঠান্তর

১। 'হেম-গোরা-গায়' খ।

পাহিড়া[১]।

বররামা হে সো কিয়ে কিছুরণ যায়[২]।
করে ধরি মাথুর-অনুমতি মাগিতে[৩]
ততহি পড়ল মুরছায়[৪] ॥ধ্রু॥
কিছু গদগদ স্বরে লহু লহু আখরে[৫]
যে[৬] কিছু কহল বররামা।
কঠিন শরির মোর[৭] তেজ্ঞি চলি আওলুঁ
চীত রহল সোই ঠামা ॥
তা বিনে রাতি দিবস নাহি ভাওই
তাহে রহল মন লাগি।
আন রমণি সঞে[৯] রাজসম্পদময়ে[৮]
আছিয়ে যৈছে[৯] বৈরাগী ॥
দুই[১০] এক দিবসে নিচয়ে হাম যায়ব
তুহুঁ পরবোধবি তাই[১১]।
বিদ্যাপতি কহ চীত রহল তাহাঁ[১২]
প্রেমে মিলায়ব[১৩] যাই ॥

॥৬৬॥১৯৪৭॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪০।১৭১ সংখ্যক পদ। ২। 'বররামা' ইত্যাদি স্থলে 'রামা সোক বিসর নাহি যাই'। প-র। ৩। 'চাহিতে' প-র। ৪। 'মুরছাই' প-র। ৫। 'যো' ক। ৬। 'শরির মোর' স্থলে 'পরাণ মোর' প-র-সা; 'কলেবর' প-র। ৭। 'কভু' প-র। ৮। 'নয়ানে না হেরিয়ে' প-র। ৯। যেমন' প-র। ১০। 'দুয়' ক। ১১। 'রাই' প-র। ১২। 'তাহে' প-র। ১৩। 'প্রেমে মিলায়ব' স্থলে 'প্রেম লেওব তুয়া' প-র।

সুহই[১]।

তিল-এক নয়ন[২]-ওত[৩] জিউ না সহ
না রহু দুহুঁ তনু ভীন[৪]।
মাঝে পুলক গিরি-অন্তর মানিয়ে
ঐছন রহুঁ নিশি-দীন[৫] ॥
সজনী কোন পর জীয়ব কান[৬]।
রাই রহল দূর হাম মথুরাপুর
এতহুঁ কি[৭] সহয়ে পরাণ ॥ধ্রু॥

ঐছন নগর ঐছে নব নাগরি
ঐছন সম্পদ মোর।
রাধা বিনু সব বাধা মানিয়ে
নয়নে না তেজিয়ে[৮] লোর ॥
সোই যমুনা-জল[৯] সোই রমণিগণ
সোঙরিতে[১০] চমকিত চীত।
কহ কবিশেখর অনুভবি[১১] জানলুঁ[১২]
বড়কা বড়ই পিরীত ॥

॥৬৭॥১৯৪৮॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪০।১৭২ সংখ্যক পদ। 'তিল এক' ইত্যাদি কলিগুলি প-র-সা পুথিতে পূর্ব্ববর্ত্তী পদের শেষাংশরূপে লিখিত হইয়াছে। প-র-সা পদের প্রথম অংশ, যথা—

'মাধব ধনিক বিতথা বড়।
ক্ষেণে অচেতন ক্ষেণে সচেতন
এ কথা কহিলুঁ দড় ॥ ধ্রু ॥
ক্ষেণে চমকই ক্ষেণে থমকই
খেণে সম্বোধই তোয়।
সব সখী মেলি মোরে পাঠায়লি
যতন করিয়া মোয় ॥
সুন্দরি মুরছিত তায়।
মথুরা আসিতে অনুমতি দিতে
পড়িলহ মুরছায় ॥ ধ্রু ॥'

২। 'এক নয়ন'-স্থলে 'এক শয়নে' ক, খ, ঘ, চ; 'আধ নয়নক' প-র-সা। ৩। 'আড়' প-র। ৪। 'ভিন' ক। ৫। 'নিশি-দিন' ক, চ। ৬। 'সজনী' ইত্যাদি স্থলে 'বর রামা কি পরিচয় দিব কান' প-র-সা। ৭। 'এতহুঁ কি' স্থলে 'এতহুঁ' ক, খ, চ; 'এত কিয়ে' প-র। ৮। 'তেজই' প-র। ৯। 'বন' প-র। ১০। 'শুনইতে' ক, খ, চ; প-র। ১১। 'অনুভবে' প-র। ১২। 'কহ' ইত্যাদি পংক্তিদ্বয় স্থলে প-র-সা পুথির পাঠ, যথা—

'বিদ্যাপতি ভণে ভাব না জানিয়ে
সোই বড়ই বিপরীত ॥'

ধানশী।

রাইক অতিশয় বিরহ-হুতাশ।
শুনইতে নাগর গদগদ ভাষ ॥
নয়নক লোরে ভিগল পিত বাস।
ঘন ঘন তেজই দীঘ নিশাস ॥
কহইতে বচন কহই নাহি পার।
অবশ কলেবর পড়ু কত বার ॥
খেণে উঠে খেণে পড়ে করয়ে বিলাপ।
বাঢ়ল কানুক বিরহ-সন্তাপ ॥
রাই রাই করি ভেল উনমাদ।
থির নাহি হোয়ত বিরহ-বিষাদ ॥
খণেকে থীর হই কহ পুন কান।
তুরিতহিঁ সখি তুহুঁ করহ পয়াণ ॥
এত শুনি সোই চলু রাইক পাশ।
মিলল কুঞ্জে কহ যদুনাথ দাস[১] ॥

॥৬৮॥১৯৪৯॥

পাঠান্তর

১। 'মিলল' ইত্যাদি স্থলে 'মিলল কুঞ্জে কহ যদুনন্দন দাস' ক, খ; 'মিলল কুঞ্জে যদুনন্দন দাস' চ। ক, খ পুথির পাঠ ছন্দোভঙ্গ-দুষ্ট, এজন্য প্রাচীনতর ঘ পুথির পাঠই মূলে গৃহীত হইয়াছে।

শ্রীরাধাং প্রতি সখী-বচনং।

সুহই।

বিরহিণি কি কহব নাহক দুখ।
আধ তিল তুয়া বিনে জীবন শূন্য মানে
তাহে কি মাথুর সুখ ॥ *
ইত্যাদি পদং গেয়ং ॥৬৯॥১৯৫০॥

* সম্পূর্ণ পদটি ৪র্থ শাখার ১৮৪৭ সংখ্যক পদ-রূপে পূর্ব্বে উদ্ধৃত হইয়াছে বলিয়া এ স্থলে পুনরায় উদ্ধৃত হইল না।

অথ দশমী-দশায়াং শ্রীমত্যুক্তিঃ।

তথা রাগঃ।

যো মুখ নিরখনে নিমিখ না সহই।
তাহে পরবোধসি আওব কহই ॥
শুন সখি কি বোলব তোয়।
নীলজ প্রাণ সহজে রহুঁ[২] মোয় ॥
সো গুণনিধি যদি প্রেম হামে ছোড়।
তিল এক জিবইতে লাজ বহু মোর ॥
জনু বড়বানল হৃদি মাহা এহ।
কিয়ে[৩] সুখ লাগি ভসম নহ দেহ ॥
অব মঝু জীবন উপেখন হোয়।
গোবিন্দদাস ও মুখ[৪] হেরি রোয় ॥

॥৭০॥১৯৫১॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪০।২৭ সংখ্যক পদ। 'বরাড়ী' প-র। ২। 'সহজে রহুঁ' স্থলে 'সহ বহু' প-র। ৩। 'কী' প-র। ৪। 'ও মুখ' স্থলে 'সোই দুখ' ক, খ, প-র।

টীকা

১—২। "সো" ইত্যাদি। যে মুখ দর্শনে চক্ষুর পলক (কিংবা নিমেষ-মাত্র কাল) সহ্য হয় না, (তোমরা) তাহাতে (প্রাণ-নাথ) আসিবে বলিয়া প্রবোধ দিতেছ!

তুলনা করুন—

"তিল-এক নয়ন-ওত জিউ না সহ"
—প-ক-ত, ১৯৪৮ সং পদ।

"যো মুখ হেরইতে নিমিখ বিরোধ।
পুন হেরব বলি তাহে পরবোধ ॥"
—গোবিন্দ দাস, প-ক-ত, ১৬৪৬ সং পদ।

তিরোথা ধানশীঃ।

নাহ দরশ-সুখ বিহি কৈলে বাদ।
আঁকুরে[২] ভাঙ্গল বিনি অপরাধ ॥
সুখময় সাগর মরুভূমি ভেল।
জলদ নেহারি চাতক মরি গেল ॥
আন কয়ল হিয়ে[৩] বিহি কৈলে আন।
অব নাহি নিকষয়ে[৪] কঠিন পরাণ ॥
এ সখি বহুত কয়ল হিয় মাহ[৫]।
দরশন না ভেল সুপুরুখ নাহ ॥
শ্রবণহি শ্যাম-নাম করু গান।
শুনইতে নিকসউ কঠিন পরাণ ॥
বিদ্যাপতি কহ সুপুরুখ নারি।
মরণ-সমাপন প্রেম বিথারি ॥ ৭১॥১৯৫২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১০২৭ সংখ্যক পদ। ২। 'অকুরে' ক; 'আঁকুরি' খ। ৩। 'চিতে' প-র-সা। ৪। 'নিকসই' প-র-সা। ৫। 'এ সখি' ইত্যাদি তিনটি কলির স্থলে প-র-সা পুথির পাঠ যথা—

'কোকিল-রব শুনি মুরছুমী (?) ভেল ভোর।
কহ রে কহ রে সখি কোন গতি মোর ॥
ভণয়ে বিদ্যাপতি শুন বরনারি।
ধৈরজ করহ চিতে মিলিবে মুরারি ॥'

গান্ধার১।

যাহাঁ পহুঁ অরুণ-চরণে চলি যাত।
তাহাঁ তাহাঁ ধরণি হইয়ে২ মঝু গাত॥
যো সরোবরে পহুঁ নিতি নিতি নাহ।
হাম ভরি৩ সলিল হোই তথি৪ মাহ॥
এ সখি বিরহ-মরণ নিরদন্দ৫।
ঐছনে মিলই৬ যব গোকুলচন্দ॥ধ্রু॥
যো দরপণে পহুঁ নিজ-মুখ চাহ।
মঝু অঙ্গ জোতি হোই৭ তথি মাহ॥
যো বীজনে পহুঁ বীজই গাত।
মঝু অঙ্গ তাহি৮ হোই৯ মৃদু বাত॥
যাহাঁ পহুঁ ভরমই জলধর-শ্যাম।
মঝু অঙ্গ গগন হোই তছু১০ ঠাম॥
গোবিন্দদাস কহ কাঞ্চন-গোরি।
সো মরকত-তনু তোহে১১ কিয়ে ছোড়ি॥
॥৭২॥১৯৫৩॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪০।৩৯ সংখ্যক পদ। ২। 'হোত' প-র। ৩। 'হাম ভরি' স্থলে 'মঝু অঙ্গ' প-র। ৪। 'তহি' প-র। ৫। 'নিরদ্বন্দ্ব' ক; 'নিরবন্দ' প-র। ৬। 'মিলব' প-র। ৭। 'হোত' প-র। ৮। 'তাহে' ক, খ, ঘ, চ। ৯। 'হোয়ে' প-র। ১০। 'সোই' প-র। ১১। 'তুহ' ক, খ, ঘ, চ।

টীকা

৫—৬। "এ সখি" ইত্যাদি। রাধামোহন ঠাকুর লিখিয়াছেন—"হে সখি বিরহে মরণমেব নির্দ্বন্দ্বং নির্ব্বিরোধমিত্যর্থঃ। ঐছনে যেন মরণেন গোকুলচন্দ্রপ্রাপ্তির্ভবতি। 'বিরহ মরণ নিরবন্দ' ইত্যপি পাঠো দৃশ্যতে। তত্র নির্ব্বন্ধঃ সংকল্পঃ। যেন সংকল্পেনেতি জ্ঞেয়ং। 'যাহাঁ পহু' ইত্যাদি চরণেষু স্বদেহ-গত-পৃথিব্যপ্‌তেজোবায্বাকাশৈরপি তৎসঙ্গতির্বাঞ্ছিতা।" অর্থাৎ হে সখি! বিরহে মৃত্যুই নির্ব্বিরোধ অর্থাৎ নিরাপদ;—যাহাতে করিয়া গোকুলচন্দ্রের প্রাপ্তি হয়। 'নিরবন্দ' পাঠও দৃষ্ট হয়; উহার অর্থ 'সংকল্প'। 'যাহাঁ পহুঁ' ইত্যাদি চরণগুলিতে নিজ-দেহ-গত পৃথিবী, জল, তেজ, বায়ু ও আকাশ দ্বারাও প্রিয়তমের সঙ্গবাসনা প্রকাশ করা হইয়াছে।

রাধামোহন ঠাকুর ইহাও লিখিয়াছেন যে, 'যাহাঁ পহুঁ' ইত্যাদি চরণগুলিতে উজ্জ্বলনীলমণি-ধৃত নিম্নলিখিত প্রাচীন শ্লোকটির মর্ম্ম গৃহীত হইয়াছে, যথা—

"পঞ্চত্বং তনুরেতু ভূতনিবহাঃ স্বাংশে বিশন্তি স্ফুটং
ধাতারং প্রণিপত্য হন্ত শিরসা তত্রাপি যাচে বরং।
তদ্বাপীষু পয়স্তদীয়মুকুরে জ্যোতিস্তদীয়াঙ্গনে
ব্যোম্নি ব্যোম তদীয়বর্ত্মনি ধরা তত্তালবৃন্তেঽনিলঃ॥"

পুনশ্চ সখ্যুক্তির্যথা।

শ্রীগান্ধার১।

বিরহ-অনলে যদি দেহ উপেখবি
খোয়বি আপন পরাণ।
তুয়া সহচরি যত কোই না জীয়ত২
সবহুঁ করবি৩ সমাধান॥
সুন্দরি মাধব৪ আওব গেহ।
তোহারি সম্বাদ সোই যদি পাওব৫
তব কি রাখব নিজ দেহ॥ধ্রু॥
আপনক ঘাতে রমণিকুল ঘাতবি
ঘাতবি শ্যামরচন্দ।
জগ ভরি বিপুল কলঙ্ক তুয়া ঘোষব
দোসর কলমষ-বন্ধ৬॥
সজল কমলে কমলাপতি পূজহ৭
আরাধহ মনমথ দেব।

গোবিন্দদাস কহ আশ তব না পুরব
রাধা মাধব সেব ॥৭৩॥১৯৫৪॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪০।২৮ সংখ্যক পদ। 'কামোদ মল্লার' প-র। ২। 'জীয়ব' প-র। ৩। 'করব' প-র। ৪। 'সুন্দরি মাধব' স্থলে 'পিয়া যব' প-র। ৫। 'সোই' ইত্যাদি স্থলে 'শুনবি যব নাগর' প-র। ৬। 'দোসর' ইত্যাদি (প-স) পাঠ স্থলে 'হোয়ব কলমষ বন্ধ' ক, খ, ঘ, চ; 'দোসর গতি অতি মন্দ' প-র। ৭। 'সজল' ইত্যাদি কলির স্থলে প-র পুথির পাঠ যথা—

'চতুর সখী এক ছল করি ভেজব
আনব সো বর নাহ।
গোবিন্দ দাসক শপতি শত শত
যদি উদবেশ বাঢ়াহ॥'

সুহই।

শ্যাম বন্ধুর কত আছে আমা হেন নারী।
তার অকুশল কথা সহিতে না পারি॥
আমারে মরিতে সখি কেন কর মানা।
মোর দুখে দুখী নহ তাহা গেল জানা॥
দাব-দগধ ধিক ছট-ফটি এহ।
এ ছার নিলজ প্রাণে না ছাড়য়ে দেহ॥
কানু বিনু নাহি যায় দণ্ড ক্ষণ পল।
কেমনে গোঙাব আমি এ দিন সকল॥
এ বড় শেল মোর হৃদয়ে রহল।
মরণ-সময়ে তারে দেখিতে না পাইল॥
বড় মনে সাধ লাগে সো মুখ সোঙরি।
পিয়ার নিছনি লৈয়া মুঞি যাঙ মরি॥
নরোত্তম যাই তথা জানুক তার সতি।
শ্যাম-সুধা না মিলিলে সভার সেই গতি॥
॥৭৪॥১৮৫৫॥

সুহই[১]।

মরিব মরিব সই নিচয়ে মরিব।
পিয়ার বিচ্ছেদ আর সহিতে নারিব॥
জনমে জনমে হউ সে পিয়া আমার।
বিধি-পায়ে মাগো[২] মুঞি এই বর সার॥
হিয়ার মাঝারে মোর রহি গেল দুখ।
মরণ-সময়ে পিয়ার না দেখিলুঁ[৩] মুখ॥
গোবিন্দ দাসিয়া কয়[৪] চরণেত ধরি।
এখনি আনিয়া দিব তোমার প্রাণ-হরি॥
॥৭৫॥১৯৫৬॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪০।৫৪ সংখ্যক পদ। 'তুড়ী' প-র। ২। 'মাগি' ক; 'মাঙ্গ' চ। ৩। 'দেখিব' প-র। ৪। 'গোবিন্দ' ইত্যাদি স্থলে 'গোবিন্দ দাস কহে' প-র। রাধামোহন ঠাকুর লিখিয়াছেন—'আভোগে তু শ্রীগোবিন্দচক্রবর্ত্তী তব প্রাণবল্লভং হরিং আনয়িষ্যামীতি নিশ্চয়েন মৃতির্বারিতা' সুতরাং এই পদটি গোবিন্দ চক্রবর্ত্তীর রচিত বলিয়াই জানা যাইতেছে।

করুণ কামদ১।

সজনী কো কহ আওব মাধাই।
বিরহ-পয়োধি পার কিয়ে পাওব
মঝু মনে নাহি পাতিয়াই॥ ধ্রু॥
এখন তখন করি দিবস গোঙায়লুঁ
দিবস দিবস করি মাসা।
মাস মাস করি বরিখ গোঙায়লুঁ
ছোড়লুঁ জিবনক আশা॥
বরিখ বরিখ করি সময় গোঙায়লুঁ
খোয়লুঁ এ তনু-আশে।
হিম-কর কিরণে নলিনি যদি জারব
কি করব মাধবি মাসে॥

অঙ্কুর তপন-তাপে যদি জারব
কি করব বারিদ মেহে।
ইহ নব যৌবন বিরহে গোঙায়ব
কি করব সো পিয়া-নেহে॥
ভণয়ে বিদ্যাপতি শুন বরযুবতি
অব নাহি হোত নিরাশ।
সো ব্রজ-নন্দন হৃদয়-আনন্দন
ঝটিতি মিলব তুয়া পাশ ॥৭৬॥১৯৫৭॥

পাঠান্তর

১। এই পদটি ইতিপূর্ব্বে চতুর্থ শাখায় ১৮২৭ সংখ্যক পদ-রূপে উদ্ধৃত হইয়াছে; সুতরাং পাঠান্তর ঐ পদে দ্রষ্টব্য।

সুহিনী[১]।

কত দিনে ঘুচব ইহ হাহাকার।
কত দিনে ঘুচব গুরুয়া দুখ-ভার॥
কত দিনে চাঁদ কুমুদে হব[২] মেলি।
কত দিনে ভ্রমরা কমলে করু কেলি॥
কত দিনে পিয়া মোরে পুছব বাত।
কবহুঁ[৩] পয়োধরে দেওব হাত॥
কত দিনে করে ধরি বৈসায়ব[৪] কোর।
কত দিনে মনোরথ পূরব মোর॥
বিদ্যাপতি কহ শুন বরনারি।
ভাগউ[৫] সকল দুখ মিলত মুরারি॥
॥৭৭॥১৯৫৮॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪০-৫৭ সংখ্যক পদ। 'শ্রীরাগ' প-র। ২। 'চাঁদ' ইত্যাদি স্থলে 'চান্দ মুখ দেখব' প-র। ৩। 'কত দিনে' প-র। ৩। 'বসাওব' ক; চ; 'বৈসাওব' খ; প-র। ৫। 'ভাঙব' প-র।

ধানশী[১]।

তোমা না দেখিয়া শ্যাম মনে বড় তাপ।
অনলে পশিব কি যমুনায় দিব ঝাঁপ॥
এই বার পাইলে রাঙ্গা চরণ দুখানি।
হিয়ার মাঝারে থুইয়া জুড়াব পরাণি॥
মুখের মুছিব ঘাম খাওয়াব পান গুয়া।
শ্রমেত বাতাস দিব চন্দন আর চুয়া॥
মালতী ফুলেরে গাঁথিয়া দিব মাল।
বনাইয়া বান্ধব চূড়া কুন্তল-ভার॥
কপালে তিলক দিব চন্দনের চান্দ।
নরোত্তম দাস কহে পিরিতির ফান্দ॥
॥৭৮॥১৯৫৯॥

পাঠান্তর

১। এই পদটি ইতিপূর্ব্বে ১৬৫৯ সংখ্যক পদ-রূপে উদ্ধৃত হইয়াছে; সুতরাং পাঠান্তর ঐ পদে দ্রষ্টব্য।

অথ পুনর্দূতী-প্রেষণং।

বরাড়ী।

বন্ধুরে কহিয় মোর কথা।
আনলে পশিব যদি নাহি[১] আইসে এথা॥
মরণ-অধিক ভেল এ ছার জীবন।
তোমা বিনু দগধই যেন দাবে বন॥
নহে ত কহয়ে যেন এ দুখ এড়াই।
সোঙরিয়া চাঁদ-মুখ তবে মরি যাই॥
জ্ঞান কহে এত দুখ না কর ভাবন।
এখনি মিলাব জান[২] তোমার[৩] প্রাণ-ধন॥
॥৭৯॥১৯৬০॥

পাঠান্তর

১। 'বন্ধুকে' ক। ২। 'জেন' ক, ঘ। ৩। 'আমার' ঘ।

বালা ধানশী।

দশমি-দশায় বিলাপয়ে বিরহিণি
শুনইতে আকুল হোই।
কানুক নিকটে চলত তব সো সখি
লখই না পারই কোই॥
আওল মথুরা নগর যাহাঁ শ্যামর
মীলল নিরজন জানি।
রাইক শেষ-দশা দোতি কহইতে
কহই না পারই বাণী॥
শুন শুন সুকঠিন শ্যাম।
মীলবি নিলজ বরজ-কুল-নাগরি
পুছইতে আওলুঁ হাম॥ ধ্রু॥
তোহারি বচনে অব কো পাতিয়াওব
নিচয়ে কহবি এক বোল।
সো বর-বিরহিণি কণ্ঠহি জীবন
মোহন কান্দয়ে উতরোল॥

॥ ৮০॥১৯৬১ ॥

তপা রাগ।

ধৈরজ না রহ সুখ-পরিযঙ্ক।
ধয়লহুঁ ধয়ল না রহ সখি-অঙ্ক[১]॥
ধূমল ধমিল ধরণি মাহা লুঠই।
ধাধসে চলত খলত মহি লুঠই॥
ধনি ধনি ধীর ধরাধর-ধারি।
ধিক্ ধিক্ অবহুঁ জিয়য়ে উহ নারি॥
ধরই ন অভরণ ধূসর চীর।
ধোয়ত ধুলি নয়ন ঘন নীর[২]॥
ধনি নহ ধীট চপল তুহুঁ কান।
ধুতক চরিত সরল কিয়ে জান॥
ধুরুব ধেয়ান করবহুঁ করু তোরি।
ধসহি ধরণিতলে মুরছিত গোরি॥
ধরমে ধরমে ধনি বহত নিশ্বাস।
ধাবি কহত তোহে গোবিন্দদাস॥

॥৮১॥১৯৬২॥

পাঠান্তর

১। 'অঙ্গ' ক, খ। ২। 'ধূলি' ইত্যাদি স্থলে 'ধনি নয়ন' ইত্যাদি ক, চ; 'অব ধনি ঘন ঘন নীর' খ।

শ্রীরাগ[১]।

তরুণ অরুণ　　　সিন্দুর-বরণ
নীল গগনে হেরি।
তোহারি ভরমে　তা সঞে রোখয়ে
মানিনী বদন ফেরি॥
কানু হে রাইক ঐছন কাজ।
আট প্রহরে　　তো বিনু সাজই
আটহুঁ[২] নায়িকা-সাজ॥ ধ্রু॥
প্রাণ-সহচরী　　চরণে সাধই[৩]
কানু মানায়বি তোহি।
আঁখি মুদি কহে[৪]　অবহুঁ মাধব
কাহে না মিলল মোহি[৫]॥
খঞ্জন-ধনি শুনি　　উমতি[৬] ধাবই
তোহারি[৭] নূপুর মানি।
হাসি অভরণ　　অঙ্গে চঢ়ায়ই
শেজ বিছায়ই জানি[৮]॥
নীল নিচোল　　সঘনে মাগয়ে
নিবিড় তিমির হেরি।
ঘুমল তো সঞে　　কহই ঐছন
বেশ বনায়বি মোরি[৯]॥
কোকিল-রবে　　চমকি উঠয়ে
নিয়ড়ে না হেরি ভোরি।
সোঙরি তোহারি　গমন মথুরা[১০]
মুরছি পড়ল গোরি॥

নিঝর-নয়নে[১১] সব সখীগণে
খোঁজত বহে না[১২] শ্বাস।
তোহারি চরণে এতহুঁ[১৩] কহিতে
ধাওল গোবিন্দ দাস ॥৮২॥১৯৬৩॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪০।১১৫ সংখ্যক পদ। ২। 'আটহিঁ' প-র। ৩। 'ধারই' চ। ৪। আঁখি' ইত্যাদি স্থলে 'নয়ন মুদিত' প-র। ৫। 'মোহে' প-র। ৬। 'চমকি' প-র। ৭। 'তোহার' ক, খ, ঘ। ৮। 'আনি' প-র। ৯। 'ফেরি' ঘ, চ। ১০। 'সোঙরি' ইত্যাদি স্থলে 'স্মরি মধুপুর গমন তোহারি' প-র। ১১। 'নিঝরে নয়নে' ক, খ, ঘ, চ। ১২। 'খোঁজত' ইত্যাদি স্থলে 'পরিখা করয়ে' প-র। ১৩। 'এসব' প-র।

টীকা

৫—১। "কানু হে" ইত্যাদি। হে শ্রীকৃষ্ণ! শ্রীরাধার এরূপ আচরণ যে, সে তোমার বিরহে ('উদ্ঘূর্ণা' নামক চিত্তের বিবশতা হেতু) আট প্রহরে (উৎকণ্ঠিতা, বাসকসজ্জা প্রভৃতি) আট প্রকার নায়িকার সাজ সাজিতেছে। ('তরুণ' ইত্যাদি কলিতে নীলাকাশে অরুণ-আভা দর্শনে অন্য নায়িকার সিন্দুর-রঞ্জিত শ্রীকৃষ্ণ-জ্ঞানে শ্রীরাধার খণ্ডিতা-নায়িকার ভাব, আঁখি মুদি কহে' ইত্যাদি কলিতে তাঁহার উৎকণ্ঠিতা ও বিপ্রলব্ধার ভাব,—'খঞ্জন-ধনি শুনি' ইত্যাদি কলিতে বাসকসজ্জার ভাব,—'নীল নিচোল' ইত্যাদি কলিতে তিমিরাভিসারিকার ভাব,—'ঘুমল তো সঞে' ইত্যাদি কলিতে স্বাধীনভর্তৃকার ভাব,—ও 'কোকিল-রবে' ইত্যাদি কলিতে প্রোষিতভর্তৃকার ভাব বর্ণিত হইয়াছে। বাহুল্য-ভয়ে 'খণ্ডিতা' প্রভৃতি অষ্ট-নায়িকার লক্ষণ ও উদাহরণ এস্থলে উদ্ধৃত হইল না; ভানুদত্ত-কৃত 'রস-মঞ্জরী' গ্রন্থের সংস্কৃত পদ্যানুবাদে অষ্ট-নায়িকার বিস্তৃত লক্ষণ ও উদাহরণ দ্রষ্টব্য)।

সুহই।

যব রহ অচেতন বিরহ-বিভোর।
সো দুখ কো জন কহি করু ওর ॥
তুয়া নাম শুনি যব চেতন পাই।
যো কছু বিলপয়ে নিজ-দুখে রাই ॥
যদুপতি সো অব কর অবধান।
যাহা শুনি বিদরয়ে দারু[১] পাষাণ ॥
সো গুণনিধি মোহে যত[২] করু প্রেম।
নিরুপম যৈছন[৩] লাখবান হেম ॥
সো যদি বিছুরল বিদগধ-রাজ।
ক্ষণ রহুঁ জীবন বড় ইহ লাজ ॥
কি করব অব হাম কহত উপায়।
রাধামোহন কহ ভেল বড় দায় ॥
॥৮৩॥১৯৬৪॥

পাঠান্তর

১। 'দারুণ' খ। ২। 'এত' ক। ৩। 'ঐছন' ক, খ, চ।

মল্লার।

আর পুন শুনহ রাইক বাত।
শুনইতে যাক মরম জরি যাত ॥
আর কিয়ে হেরব সো মুখ-চন্দ।
পুন কিয়ে হেরব হসিত-লব মন্দ ॥
পুন কিয়ে শুনব সো বেণু-গান।
পুন কিয়ে হেরব ভ্রু-ধনু-কামান ॥
পাসরিতে নারি আমি নবঘন-শ্যাম।
কে মোরে মিলাঞা দিবে ইন্দিবর-দাম ॥

কৈছনে বঞ্চিব ইহ দিন রাতি।
কি করব সো বিনু ফাটি যায় ছাতি ॥
ঐছন কহত যব হোয়ত জ্ঞান।
রাধামোহন পহুঁ করহ পয়াণ ॥

॥৮৪॥১৯৬৫॥

শ্রীকৃষ্ণস্য দশা যথা।

সুহিনী।

রাইক দশা সখীর মুখে।
শুনিয়া নাগর মনের দুখে ॥
নয়নের জলে বহয়ে নদী।
চাহিতে চাহিতে হরল[১] সুধি ॥
অনেক[২] যতনে ধৈরজ ধরি।
বরজ-গমন ইছিল[৩] হরি ॥
আগে আগুয়ান করিয়া[৪] তার।
সখী পাঠায়ল কহিয়া[৫] সার ॥
এখনি আসিছোঁ[৬] মথুরা হৈতে।
ইথে আন মত মা ভাব চিতে ॥
অধিক উল্লাসে সখিনী যায়।
বড়ু চণ্ডীদাস তাহাই গায় ॥

॥৮৫॥১৯৬৬॥

পাঠান্তর

১। 'রহল' ঘ। ২। 'ভর্বাহি' ক, খ। ৩। 'ইচ্ছিল' ক, খ। ৪। 'আগে' ইত্যাদি স্থলে 'আগে আইসে কথা লইয়া' খ। ৫। 'করিয়া' ক, খ। ৬। 'আসিছ' ক; 'আসিছু' ঘ, চ।

ধানশী[১]।

নাগরি-শেষ-দশা শুনি নাগর
ছল-ছল লোচন-পানী।
অবনত মাথ করহি[২] অবলম্বন
বয়নে[৩] না নিকসয়ে বাণী ॥
ধৈরজ ধরি হরি দোতি-বয়ন হেরি
গদ-গদ কহে আধ বাত।
দুয়[৩] এক দিবস মাঝে হাম যায়ব[৪]
তুহুঁ পরবোধবি তাত ॥
ঐছন আদেশ পাই দোতি আওল
কুঞ্জহি বিরহিণি[৫] পাশে।
তোহারি সম্বাদ কহিতে ভেল গদগদ[৬]
আওব দুয় এক দিবসে ॥
আওব কানু পুনহি কিয়ে ব্রজ মাহা
পূরব মনোরথ সাধে।
গোবিন্দ দাস কহ ধনি তুহুঁ বিরমহ
কানু না করু প্রেম-বাদে ॥

॥৮৬॥১৯৬৭॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪২১২ সংখ্যক পদ। 'কামোদ মল্লার' প-র। ২। 'হাথ' প-র। ৩। 'বদনে' প-র। ৪। 'আওব' প-র। ৫। 'কুঞ্জহি বিরহিণি' স্থলে 'বিরহিণি রাইক' প-র। ৬। 'কহিতে' ইত্যাদি স্থলে 'শুনি ভেল পুলকিত' প-র।

সুহই।

দুরে কর বিরহিণি দুখ।
নিয়ড়ে হেরবি পিয়া-মুখ ॥
অনুকূল করু উদযোগে।
হামে পাঠায়ল আগে ॥
সো চির উলসিত কান।
তুয়া আশে আওল জান ॥
মিছ নহ ইহ আশোয়াস।
কহতহিঁ গোবিন্দ দাস ॥৮৭॥১৯৬৮॥

ইতি চতুর্থ-শাখায়াং একাদশ-পল্লবঃ ॥

অথ ভাবোল্লাসঃ।

প্রিয়তম-শুভ-ভাষাং দূতিকায়াং প্রকাশাং
বিরহ-বিধুর-নাশাং কর্ণ-ভূষাং নিশম্য।
সকল-যুবতি-ধন্যা রাধিকা গোপ-কন্যা
বিপুল-পুলক-বন্যা হৃষ্ট-রোমা বভূব ॥
ইত্যাদি।

—

তদ্ভাবাক্রান্তঃ শ্রীগৌরচন্দ্রো যথা।

বরাড়ী।

নবদ্বীপ-চাঁদের আজি আনন্দ দেখিয়া।
চিরদিন পরে মোর জুড়াইল হিয়া ॥
শচীসুত উনমত প্রেম-সুখে কয়।
মোর আজু যত সুখ কহিল না হয় ॥
চিরকাল বিরহ-জনিত যত তাপ।
সো মুখ-দরশনে ঘুচল আব ॥
ঐছন অমৃত কহত গোরামণি।
রাধামোহন তছু যাউক নিছনি ॥
॥১॥১৯৬৯॥

—

অথ নবদ্বীপ-বাসি-ভক্তগণস্যোক্তিঃ।

ধানশী।

আওব গৌর পুনহি নদিয়াপুর
হোয়ত[১] মনহি উলাস।
ঐছে আনন্দ-কন্দ কিয়ে হেরব
করবহি কির্ত্তন-বিলাস ॥
হরি হরি কব হাম হেরব সো মুখ-চাঁদ।
বিরহ-পয়োধি কবহুঁ দিন পঙরব
টুটব হৃদয়ক ধাঁধ ॥ ধ্রু ॥
কুন্দন- কনক-কাঁতি কব হেরব
যজ্ঞকি সূত্র বিরাজ।
বাহুযুগল তুলি হরি হরি বোলব
নটন ভকতগণ মাঝ ॥
এত কহি নয়ন মুন্দি[৩] রহু সব জন
গৌর-প্রেমে ভেল ভোর।
নরহরি দাস আশ কব পূরব
হেরব গৌরকিশোর ॥২॥১৯৭০ ॥

পাঠান্তর

১। 'হোয়ব' খ। ২। 'কুন্দ' ক। ৩। 'মুদি' ক, ঘ, চ।

—

কামোদ।[১]

আজুক সপনে সমুখে এক মুনিবর[২]
দেখি করলুঁ পরণাম।
সো মুঝে[৩] কহল অচিরে তুয়া মঙ্গল
পূরব মনরথ[৪] কাম ॥
এহ পুন কহ জনি[৫] কোয়[৬]।
রজনিক শেষ-সময় অরুণোদয়
স্বপন বিফল নাহি হোয়[৮] ॥
আওব কানু পুনহি কিয়ে ব্রজ মাহা[৯]
ঐছে মনহি যব কেল।
তবহি এক জন ফুকরই যায়ত[১০]
উতরহি ইঙ্গিত ভেল[১১]।
ফুরয়ে বাম নয়ন ভুজ ঘন ঘন
হোয়ত[১২] মনহি উলাস।
ঐছে সুলক্ষণ আন নহত পুন
ভণ ঘনশ্যামর দাস ॥৩॥১৯৭১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১০১৮ ও প-র পুথির ৪১।২ সংখ্যক পদ। 'শ্রীরাগ' প-র। ২। 'মুনিজনে' প-র-সা। ৩। 'হামে' প-র। ৪। 'মানস' প-র। ৫। 'ইহ' ঘ; প-র-সা; 'সজনি ইহ' প-র।

৬। 'জানি' ঘ; 'সব' প-র। ৭। 'কোই' প-র। ৮। 'হোই' প-র। ৯। 'মাহ' ক। ১০। 'আওত' প-র। ১১। 'উতরহি' ইত্যাদি স্থলে 'ততহি নরাহ্নিত ভেল' প-র। ১২। 'অনুখন' প-র।

ধানশী১।

যব হরি আওব গোকুলপুর২।
ঘরে ঘরে নগরে বাজব৩ জয়-তূর৪॥
আলিপন দেওব মোতিম-হার।
মঙ্গল-কলস করব কুচ-ভার॥
সহকার-পল্লব চূচুক দেবি।
মাধব সেবি মনোরথ নেবি॥
ধুপ দিপ নৈবেদ্য করব৫ পিয়া-আগে।
লোচন-লোরে৬ করব অভিষেকে॥
আলিঙ্গন আহুতি৭ পিয়াকর আগে৮।
ভণই বিদ্যাপতি ইহ রস ভাগে॥

॥৪॥১৯৭২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১০৬৫ ও প-র পুথির ৪১।৮ সংখ্যক পদ। ২। 'গোকুলপুর' ক, ঘ, চ; প-র-সা। ৩। 'বাজাব' খ, ঘ। ৪। অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত প্রক্ষিপ্ত পংক্তিগুলি দৃষ্ট হয়, যথা—

'বেদি বান্ধব আপন নিজ অঙ্গমে।
ঝাড়ু দেওব হাম চিকুর বিঙ্গনে॥
কদলি রোপব হাম গুরুয়া নিতম্বা।
আম্র-পল্লব দিব কিঙ্কিণি ঝম্পা॥
রসাবেশে ধাওব রমণিক ঠাট।
চৌদিকে বেঢ়ব চান্দকি হাট॥'

৫। 'ধরব' প-র। ৬। 'নীরে' ক, খ, ঘ, চ; প-র-সা। ৭। 'আলিঙ্গন আহুতি' (ঘ পুথি) স্থলে 'আলিঙ্গন দেয়ব' ক, খ, চ; 'যৌবন দেয়ব' প-র-সা। ৮। 'আলিঙ্গন' ইত্যাদি কলির পরিবর্তে প-র পুথির পাঠ, যথা—

'পিয়া আগে যৌবন করবহু দান।
কবি বিদ্যাপতি ইহ রস ভান॥'

টীকা

৭। "ধূপ" ইত্যাদি। রাধামোহন ঠাকুর লিখিয়াছেন —"ধূপ দীপ নৈবেদ্য ইতি অত্র ধূপঃ স্বাঙ্গসৌরভঃ প্রদীপোঽত্র নিজাঙ্গ-কান্তিঃ নৈবেদ্য উপভোগাতিরেক ইতি তু বৈবক্ষ্যান্নোক্তং অন্যথা পূর্ব্বাপরবাক্যবিরোধঃ স্যাৎ।" অর্থাৎ পূর্ব্ব চরণ-গুলিতে মুক্তা-হার আল্পনা, কুচযুগ মঙ্গল-কলস ও কুচাগ্র আম্র-পল্লবরূপে কল্পিত হওয়ায় 'ধূপ' ইত্যাদি চরণের 'ধূপ' শ্রীরাধার অঙ্গ-সৌরভ; 'দীপ' অঙ্গ কান্তি ও 'নৈবেদ্য' সম্ভোগাতিশয্য বলিয়া বুঝিতে হইবে,—নতুবা পূর্ব্বাপর সামঞ্জস্য থাকে না। শ্রীরাধা বিবশতা হেতুই ধূপ-দীপাদির প্রতিকল্প অঙ্গ-সৌরভ ইত্যাদির উল্লেখ করেন নাই।

৯—১০। "আলিঙ্গন" ইত্যাদি। প্রিয়তমের সম্মুখে আলিঙ্গন আহুতি-স্বরূপ হইবে; বিদ্যাপতি কহিতেছেন—এই রস ভাগ্যে (হয়)।

৩পা রাগ।

পিয়া যব আওব এ মঝু গেহে।
মঙ্গল যতহুঁ করব নিজ দেহে॥
কনয়১-কুম্ভ ভরি কুচযুগ রাখি।
দরপণ ধরব কাজর দেই২ আঁখি॥
বেদি বনাব৩ হাম আপন অঙ্গমে৪।
ঝাড়ু করব তাহে চিকুর বিছানে॥
কদলি রোপব হাম গুরুয়া নিতম্ব।
আম্র পল্লব৫ তাহে কিঙ্কিণি সুঝম্প৬॥
নিশি দিশি আনব কামিনি ঠাট।
চৌদিগে পসারব চাঁদকি হাট॥

বিদ্যাপতি কহ পূরব আশ।
তুয় এক পলকে মিলব তুয়া পাশ॥
॥৫॥১৯৭৩॥

পাঠান্তর

১। 'কনক' ক। ২। 'তুহু' ঘ। ৩। 'করব' ক। ৪। 'অঙ্গনে' ঘ। ৫। 'রোপব' ক, খ; 'রোপন' চ। ৬। 'ঝম্প' চ।

ধানশী১।

অঙ্গনে আওব যব রসিয়া২।
পালটি চলব হাম ঈষত হাসিয়া॥
আবেশে আঁচর পিয়া৩ ধরবে৪।
যাওব হাম যতন পহু করবে৫॥
রভস মাগব৬ পিয়া যবহি।
মুখ মুড়ি বিহসি বোলব নহি তবহি৭॥
কাঁচুয়া ধরব৮ যব হঠিয়া৯।
করে কর বারব কুটিল আধ দিঠিয়া॥
সহজহিঁ১০ সুপুরুখ-ভ্রমরা।
চির১১ ধরি পিয়ব অধর-রস হামরা১২॥
তৈখনে হরব মো চেতনে১৩।
বিদ্যাপতি কহ ধনি১৪ তুয়া জীবনে১॥
॥৬॥১৯৭৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ও প-র পুথির ৪১।৯ সংখ্যক পদ। ২। প-র-সা পুথিতে 'অঙ্গনে' ইত্যাদি কলির পূর্ব্বে নিম্নলিখিত প্রক্ষিপ্ত কলিটি দৃষ্ট হয়, যথা—

'রস-আবেশ লাগল রমণি।
কত কত জুগতি মনহি অনুমানি॥'

৩। 'সোই' প-র-সা; 'মোর' প-র। ৪। 'ধরব রে' প-র-সা; 'ধরব' প-র। ৫। 'পহু করবে' স্থলে 'বহু করব রে' প-র-সা; 'বহু করব' প-র। ৬। 'মাঙ্গব' প-র সা। ৭। 'মুখ' ইত্যাদি স্থলে 'মুখ ('মুখ' ঘ) বিহসি নহি বোলব তবহি' ক, খ, চ; 'মুখ মোড়ি নহি নহি বোলব তবহি' প-র। ৮। 'হরব' প-র-সা। ৯। 'হটিয়া' ঘ। ১০। 'সো পহু' ক, খ, ঘ, চ। ১১। 'চিবুক' ক, খ, ঘ, চ; প-র-সা। ১২। 'পিয়ব' ইত্যাদি স্থলে 'অধর মধু পিয়ব হামরা' ক, খ, ঘ, চ। ১৩। 'সো চেতনে' স্থলে 'গেয়ান' প-র। ১৪। 'সকল' প-র-সা। 'বিদ্যাপতি' ইত্যাদি স্থলে 'কবি বিদ্যাপতি ইহ রস ভান' প-র।

পুনশ্চ শ্রীগৌরচন্দ্রো যথা।

তপা রাগ।

(আলি রি) হোত মনহুঁ উলাস সুলছন
বাম নিজ ভুজ উরজ ঘন ঘন
ফুরই১ তুর সঞে প্রাণ পিউ কিয়ে
অন্তরে আওব রে।
যবহুঁ পহু পর-দেশ২ তেজব
আগে লিখন-সন্দেশ ভেজব
তবহুঁ বেশ বিশেষ বিভুখণ
সবহুঁ ভায়ব রে॥
ত্রিপথ-গামিনি-তীরে প্রভু যব
অচিরে আওব শুনত৩ পাওব
অলস তেজি কুচ-কলস জোর অ-
গোরে৪ সাজব রে।
তবহি হিয় মাহা হার পহিরব
বেণি-ফণি-মণি মাল বিরচব
চলব জল-ছলে কলস লই৫ সব
কলেশ৬ ভাজব রে॥
নদিয়াপুরে জয়-তুর বাওব
হৃদয়-তিমির সুদূর ধায়ব
ভকত-নখতক মাঝ যব দিজ-
রাজ রাজব রে।

গৌর-অঙ্গ যব অঙ্গনে আওব[৭]
ঘুঙ্ঘ্‌ট দেই তব নিকট যাওব
দিঠিজ জলে কলধৌত-পগ করি
ধৌত মাজব রে ॥
রঙন[৮] শয়নক ভঙন পৈঠব
পীঠ দেই হমি পলটি বৈঠব
(কছু) সরস দেই কছু বিরস ভই দশ
দোখে দোখব রে।
পীন কুচ কর-কমলে করষব
খীণ তনু মঝু পুলকে পূরব
ভাখি নহি নহি আঁখি মুদি রস
রাখি রোখব রে ॥
বাহু[৯] গহি তব নাহ সাধব[১০]
সময় বুঝি হাম সব সমাধব
সুধই সুধাময় অধর পিবি পিয়া
পুন পিয়ায়ব রে।
মীন-কেতন-সমরে চেতন-
হীন হোয়ব নিশি নিকেতন
(অবি) রোধ বিনু অনুরোধ[১১] পিউ পর-
বোধ পায়ব রে ॥
মিটব কিয়ে হিয় বিষাদ[১২] ছল-ছল
নয়ন[১৩] কহু যব তবহুঁ কলকল
নাদ সুখদ সম্বাদ এক ধনি
ধাবি লাওল রে।
নাহ আওল এতনি[১৪] ভাখণ
মৃত-সঁজীবন শ্রবণে পিবি পুন
জগত ভণ জনু জিবন-মৃত তনু
জিবন পাওল রে ॥৭॥১৯৭৫॥

পাঠান্তর

১। 'ফরই' ক; 'ফুকরই' খ; ফূলই' ঘ। ২। 'দূর দেশ' ঘ। ৩। 'শুনব' ক। ৪। 'আগোরে ক, খ'। ৫। 'লেই' ঘ, চ। ৬। 'কলস' ক। ৭। 'গৌর-অঙ্গ' ইত্যাদি কলিটি ক, খ পুথিতে মুদ্রাকর-প্রমাদে পরিত্যক্ত হইয়াছে। ৮। 'রমন' ঘ। ৯। 'বাহু' ক, ঘ, চ। ১০। 'মাধব' ক। ১১। 'অবোধ' ক। ১২। 'অবিষাদ' ক। ১৩। 'নয়ন' শব্দ ক, খ ও চ পুথিতে নাই। ১৪। 'এতহি' ক।

টীকা

১৩—১৬। "তবহি" ইত্যাদি। তখন হৃদয়ের মাঝে হার পরিব, বেণী-রূপ ফণীর মণি-স্বরূপ মাল্য রচনা করিব (এবং) জল আনার ছলে কলস লইয়া চলিব,—সকল ক্লেশ দূর হইবে। ('মণি-মাল' পাঠ কল্পনা করিয়া 'মণির মালা' অর্থ করা এস্থলে সঙ্গত নহে; মল্লিকাদি শ্বেত-পুষ্পের মাল্য সর্পাকার বেণীতে (সর্পের শিরোভূষণ) মণির ন্যায় শোভা পাইবে—এই উপমা-অলঙ্কার ব্যঞ্জিত করায় 'বেণি-ফণি' ইত্যাদি বাক্যের রূপকালঙ্কারের চমৎকারিত্ব পরিস্ফুট হইয়াছে।)

২৩—২৪। "দিঠিজ" ইত্যাদি। (অন্য জলের কোন প্রয়োজন হইবে না) লোচন-জাত জলে (তাঁহার) স্বর্ণ-গঠিত পদ-যুগল ধৌত করিয়া মার্জ্জনা করিব।

৩৭—৪০। "মীন-কেতন" ইত্যাদি। রজনীতে (শয়ন)-গৃহে (আমি) কন্দর্পের যুদ্ধে (রসাবেশে) জ্ঞান-শূন্য হইব; (তখন) অনুরোধ ব্যতীত অবিরোধ অর্থাৎ অনুকূলতা (ভাল কি মন্দ)—প্রিয়তম প্রবোধ পাইবে!

৪১—৪৪। "মিটব" ইত্যাদি। হৃদয়ের বিষাদ কি মিটিবে?—যখন ছল-ছল-নেত্রে কহিতেছেন, তখনই (শ্রীগৌরাঙ্গের আগমন-সূচক) কল-কল শব্দ (হইল) ও এক যুবতী ধাইয়া (যাইয়া) সুখ-জনক সংবাদ আনিল।

তুড়ী।

আসিবে আমার গৌরাঙ্গসুন্দর
নদীয়া নগর মাঝ।

দূরেতে দেখিয়া সচকিত হৈয়া
করব মঙ্গল-কাজ ॥
জল ঘট ভরি আম-শাখা ধরি
রাখি সারি সারি করি।
কদলী আনিয়া রোপণ করিয়া
ফুল-মালা তাহে ধরি ॥
আওল শুনিয়া নদীয়া-নাগরী
ধাওব[১] দেখিবার তরে।
হরি হরি ধ্বনি জয় জয় বাণী
উঠিবে সকল ঘরে ॥
শুনিয়া জননী ধাইবে অমনি
করিবে আপন কোরে।
নয়নের জলে ধোই কলেবরে
তুরিতে লইবে ঘরে ॥
যতেক ভকত দেখি হরষিত
হইবে প্রেম-আনন্দ।
যদুনাথ যাঞা পড়ি লোটাইয়া[২]
লইবে চরণারবিন্দ ॥ ৮ ॥ ১৯৭৬ ॥

পাঠান্তর

১। 'আওব' ক। ২। 'পড়ি লোটাইয়া' স্থলে 'পড়িবে লোটাঞা' ক।

সুহই[১]।

আজু পরভাতে কাক-কলকলি
আহার বাঁটিয়া খায়।
বন্ধু আসিবার নাম সোধাইতে[২]
উড়িয়া বৈসয়ে তায়[৩] ॥
সখি হে কুদিন সুদিন ভেল।
তুরিতে মাধব মন্দির আওব
কপালি[৪] কহিয়া গেল ॥
সুচারু বদন দেখিলুঁ স্বপন
গিরির উপরে শশী।
মালতীর মালা দধির ডালা
নিকটে মিলিল আসি ॥
গণক আনিয়া পুন গণাইলুঁ
সুদশা কহিল মোরে।
অন্তরে বাহিরে যতেক গণিল
সুখের নাহিক ওরে ॥
মোর একাদশ গৃহে বৈসে পাঁচ
সপ্তমে বৈসয়ে গুরু।
ভৃগু-ভানু-সুত দ্বিতীয়ে বৈসয়ে
প্রভাতে শিখি বিচারু[৫] ॥
দেয়াশিনী আনি দেব আরাধিলুঁ
পড়িল মাথায় ফুল।
বন্ধুর নামে[৬] আগ[৭] তোলাইলুঁ
কোলে[৮] মিলাওল কূল ॥
কুল-পুরোহিত আশীষ করিল
সুপতি মিলিবে পাশে[৯]।
তোর দুরদিন সব দূর গেল
কহই সে জ্ঞানদাসে ॥৯॥১৯৭৭ ॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪১।১০ সংখ্যক পদ। 'ধানশ্রী' প-র। ২। 'গুণইতে' প-র। ৩। 'বৈসয়ে তায়' স্থলে 'বৈসল ঠায়' প-র। ৪। 'কপালে' ক। ৫। 'শিখি বিচারু' স্থলে 'শিখরি চারু' ঘ। ৬। 'নামেতে' ক। ৭। 'আগে' খ, চ। ৮। 'কুলে' ক, খ। ৯। 'কাছে' ঘ।

টীকা

১৬—১৯। "মোর" ইত্যাদি। আমার (জন্ম-রাশি হইতে গণনায়) একাদশ গৃহে অর্থাৎ লাভ-স্থানে পাঁচটি গ্রহ অবস্থান করিতেছে; গুরু অর্থাৎ দেব-গুরু বৃহস্পতি সপ্তম গৃহে অবস্থান করিতেছে;

ভৃগু (শুক্র), ভানুর পুত্র (শনি), ও শিখী (কেতু) দ্বিতীয় গৃহে অবস্থান করিতেছে—প্রভাতে বিচার করিয়া দেখিলাম। (বৃহস্পতি, শুক্র, শনি ও কেতুর অবস্থান স্বতন্ত্রভাবে উল্লেখ করায় 'মোর একাদশ' ইত্যাদি পংক্তির 'পাঁচ' শব্দ দ্বারা রবি, চন্দ্র, মঙ্গল, বুধ ও রাহু—নব-গ্রহের এই বাকি পাচটি গ্রহ বুঝা যাইতেছে। ফলিত-জ্যোতিষে একাদশ গৃহ-স্থিত সমস্ত গ্রহের, সপ্তমস্থ বৃহস্পতির ও দ্বিতীয়স্থ শুক্রের শুভ ফল কথিত হইয়াছে। দ্বিতীয়স্থ শনি ও কেতুর শুভ ফল উক্ত না হইলেও উহারা বিশেষ অশুভ প্রথম অর্থাৎ তনু-গৃহ অতিক্রম করিয়া বিশেষ শুভ তৃতীয়-গৃহে যাইবার উপক্রম করায়, শুভ-সূচক বলিয়াই গণ্য হইতে পারে। সকলগুলি গ্রহই শুভ আছে বলিলে শ্রীরাধার বর্ত্তমান অবস্থার ফলের সহিত ঐক্য হইবে না বলিয়াই বোধ হয় কবি কৌশলে বর্ত্তমানে অশুভ কিন্তু ভবিষ্যতে শুভ সূচক দ্বিতীয়স্থ শনি ও কেতুর উল্লেখ করিয়াছেন। তৃতীয়স্থ শনির উৎকৃষ্ট শুভ-ফল-সূচক খনার বচন, যথা—'আর সব লতা-পাতা। তৃতীয় শনিতে ধরায় ছাতা॥')

২০—২১। "দেয়াশিনী" ইত্যাদি। দেবতা আরাধনায় সিদ্ধি-প্রাপ্তা রমণীকে আনিয়া (তাঁহার দ্বারা) দেবতাকে পূজা করাইলাম,—(দেবতার প্রসন্নতা-সূচক) নির্ম্মাল্য পুষ্প মাথায় পড়িল; বন্ধুর নামে অর্থাৎ বন্ধুর কল্যাণার্থে তাঁহার নাম লইয়া আগ অর্থাৎ বান্ধা তোলাইলাম; (দেবতা) কূল অর্থাৎ (বিপদ্-সমুদ্রের) পর-পার ক্রোড়ে আনিয়া দিল! (কোন ব্যক্তির মঙ্গল-কামনায় দেবতা-পূজা মানস করিলে পূজায় যে ব্যয় হইবে তাহার অগ্র-ভাগ স্বরূপ একটি মুদ্রাকে দেবতার চরণে ছোয়াইয়া তুলিয়া রাখার প্রথা আছে—উহাকেই 'আগ তোলা' বা 'বান্ধা তোলা' বলা হয়।)

ধানশী[১]।

আজু অবধি-দিন ভেলা।
কাক নিয়ড়ে[২] কহি গেলা॥
আজুক প্রাতর[৩] সময়ে।
বাম বাহু ঘনে কাঁপয়ে॥
খঞ্জন কমলিনি সঙ্গ।
পুলকে পুরয়ে সব অঙ্গ॥
বাম নয়ন করু ফন্দ।
সঘনে খসয়ে নিবি-বন্ধ॥
এ লখণ বিফল না যাব।
মাধব নিজ গৃহে[৪] আব[৫]॥
মনরথ কহে শুক সারি।
জ্ঞানদাস সুবিচারি[৬]॥ ১০॥১৯৭৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা 'পুথির' ১০৬৩ সংখ্যক পদ। ২। 'নিকটে' ক; 'নিকটহি' প-র-সা। ৩। 'প্রভাত' প-র-সা। ৪। 'ঘরে' প-র-সা। ৫। অতঃপর প-র-সা ও চ পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত কলিটি দৃষ্ট হয়, যথা—

'ঘন-ঘন হৃদয়-উল্লাস। পুরল পথিক পরবাস॥'

'ঘন-ঘন' ইত্যাদি স্থলে চ পুথির পাঠ, যথা—

'কিয়ে ভেল অধিক উল্লাস। পুরব পথিক পরবাস॥

৬। 'মনরথ' ইত্যাদি স্থলে প-র-সা পুথির পাঠ, যথা—

'মনমথ ভেল শুভকারি। জ্ঞান কহে গুণ বিচারি॥'

সিন্ধুড়া।

বাম ভুজ আঁখি সঘনে নাচিছে
হৃদয়ে উঠিছে সুখ।
প্রভাতে স্বপন প্রতীত বচন
দেখিব পিয়ার মুখ॥

হাতের বাসন খসিয়া পড়িছে
ছু জনার একই[১] কথা।
বন্ধু আসিবার ঠিকন সোধাইতে
নাগিনী নাচায় মাথা ॥
ভ্রমর কোকিল শবদ করয়ে
শুনিতে সাধয়ে চিত।
রুরু মৃগগণে করয়ে মিলনে
যৈছন পূরব নিত[২] ॥
খঞ্জন আসিয়া কমলে বৈসয়ে
সারী শুক করে গান।
বংশী কহয়ে এ সব লক্ষণ
কভু না হইবে আন ॥১১॥১৯৭৯ ॥

পাঠান্তর
১। 'এই' ঘ। ২। 'নিত' ক, খ।

ধানশী।

বন্ধুয়া আসিয়া হাসিয়া হাসিয়া
মিলব আমার পাশে।
তুরিতে দেখিয়া চকিতে[১] উঠিয়া
বদন ঝাঁপিব বাসে ॥
তা দেখি নাগর রসের সাগর
আঁচরে ধরিবে মোর।
করে কর ধরি গদগদ করি
কহিব বচন থোর ॥
তবহি মিলন দেখিয়া বদন
হইয়া নাগর ভোরে।
আঁখি ছল ছলে গরগর বোলে
কত না সাধিবে মোরে ॥
সময় জানিয়া থীর মানিয়া
পুরাব মনের আশ।
এ সকল বাণী ফলিবে এখনি
কহয়ে অনন্তদাস ॥১২॥১৯৮০॥

সুহই।

অচিরে পূরব আশ।
বন্ধুয়া মিলিব পাশ ॥
হিয়া জুড়াইবে মোর।
করিবে আপন কোর ॥
অধর-অমৃত দিয়া।
প্রাণ-দান দিবে পিয়া ॥
পুলকে পুরব অঙ্গ।
পাইয়া তাহার সঙ্গ ॥
ছল-ছল ছু নয়ানে।
চাহিব বদন পানে ॥
কিছু গদ-গদ স্বরে।
এ দুখ কহিব তারে ॥
শুনিয়া দুখের কথা।
মরমে পাইবে বেথা ॥
করিবে পিরীতি যত।
জ্ঞান তা কহিবে কত ॥ ১৩॥১৯৮১॥

সুহই।

হামক মন্দিরে যব আওব কান।
দিঠি ভরি[১] হেরব সো চাঁদ-বয়ান ॥
নহি নহি বোলব যব হাম নারি।
অধিক পিরিতি তব করব মুরারি ॥
করে ধরি হামক বৈঠায়ব কোর।
চির দিনে হৃদয় জুড়ায়ব[২] মোর ॥
করব আলিঙ্গন দুরে করি মান।
ও রসে পুরব হাম মুদব নয়ান[৩] ॥

ভণয়ে বিদ্যাপতি শুন বরনারি।
তোহারি পিরিতিক যাঙ বলিহারি॥
॥১৪॥১৯৮২॥

পাঠান্তর

১। 'ভরি' ঘ পুথিতে নাই। ২। 'হৃদয় জুড়ায়ব' স্থলে 'সাধ পুরায়ব' ঘ। ৩। 'মুদব নয়ান' স্থলে 'কুমুদ নয়ান' খ।

কোড়া।

রে রে পরম প্রেম-সজনী[১]
নয়ন-গোচর কোন দিন জানি
নাহ নাগর গুণক আগর
কলা[২]-সাগর রে।
যবহুঁ পিয়া মঝু ভঙনে আওব
দূরে রহি মুঝে কহি পাঠাওব
সকল দূখন তেজি ভূখণ
সমক[৩] সাজব রে॥
লাজ নতি ভয়ে নিকটে আওব
রসিক ব্রজ-পতি হিয়ে সম্ভায়ব[৪]
কাম-কৌশল-কোপ-কাজর
তবহুঁ[৫] রাজব[৬] রে।
কবহুঁ কোকিল মধুর কুহু কুহু
কবহুঁ কপোত[৭] কণ্ঠ-রব মুহু
করঙ্-শাসন কলা-আসন
কছু না গোওব[৮] রে॥
কবহুঁ দুহু মেলি সঙ্গিত গাওব
কবহুঁ কর[৯] গহি কণ্ঠে লায়ব
কবহুঁ কৈতব[১০]-কোপ কিয়ে রস
রাখি রাখব রে॥
যতন করি হরি কত না ভাখব
আশ দেই পিয়া পাশ রাখব
সময় বুঝি তহিঁ মাঞ্চি হোঁই পুন
সাঞ্চি হোয়ব রে।
বচন-ছলে যব সাধ মানব
মীন-কেতন যুঝত জানব
মদন-ময়-মত্ত-হাথি[১১] মাতব
অচিরে মূষব[১২] রে।
এত কহিতে সখি তুরিতে আওল
সুধা সম দো বাত লাওল
কানু সুন্দর চতুর মন্দির
নিকটে আওল রে॥
হরখি উঠি বসি কহয়ে রাধা
অচিরে বিহি কিয়ে পুরব[১৩] সাধা
শরদ-চাঁদ চকোর মিলল[১৪]
(সিংহ) ভুপতি গাবই রে ॥১৫॥১৯৮৩॥

পাঠান্তর

১। সকলগুলি পুথিতে 'প্রেম পরাণ সজনি' পাঠ থাকিলেও পদামৃত-সমুদ্রের টীকায় 'প্রেম-সজনী' পাঠ থাকায় ও অপর পাঠে ছন্দঃপতন হওয়ায় টীকা-সম্মত পাঠ মূলে গৃহীত হইল। খ। ২। 'তরুণা' খ। ৩। 'সমক সাজব' স্থলে 'সমুখে জাব' ঘ। ৪। 'সম্ভাসব' ক। ৫। 'অবহুঁ' ক। ৬। 'রাজ' খ; 'বাজব' ঘ; 'বাজ' চ। ৭। 'কবহু কপোত' স্থলে 'কবহু কপত' খ; 'কবহুঁ কপোল' ক। ৮। 'গৌওর' খ; 'গোভায়ব' খ। ৯। 'করে' ক, খ। ১০। 'কৌতুক' ক। ১১। 'হাতী' ক। ১২। 'মুসব' ক; 'মূসব' খ, ঘ, চ। ১৩। 'পুরব' চ। ১৪। 'মিলল' ক, চ।

টীকা

৭—৮। "সকল" ইত্যাদি। রাধামোহন ঠাকুর তাঁহার সংস্কৃত টীকায় লিখিয়াছেন—'সকলানি দুঃখানি ত্যক্ত্বা ভূখণ সমক সাজব রে' ইতি ভূষণেন সহ তদভিমুখী ভবামি। যদ্বা ত্বরয়া ভূষণান্যপি ত্যক্ত্বা ইত্যর্থঃ'

'ভূখণ' শব্দের 'ভূষণের সহিত' অর্থ কষ্ট-কল্পিত; তৃতীয়া-বিভক্তির চিহ্ন লোপ হওয়ার এইরূপ দৃষ্টান্ত বিরল এবং ভাবোল্লাস-স্থলে প্রেমিকা-নায়িকার ভূষণ-ধারণের বর্ণনা সুসঙ্গত নহে বলিয়া, আমরা রাধামোহন ঠাকুরের শেষোক্ত অর্থই সমীচীন বোধ করি; সুতরাং 'সকল' ইত্যাদি বাক্যের অর্থ হইবে—(আমি) সকল দুঃখ ও ভূষণ পরিত্যাগ করিয়া (প্রিয়তমের) সমক্ষে গমনের জন্য প্রস্তুত হইব। (বিদ্যাপতির সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্র বাবু 'দুখন' শব্দের অর্থ 'অপরাধ' ও 'সমক' শব্দের অর্থ 'সম্যক্' লিখিয়াছেন। 'সমক' শব্দের ঐরূপ প্রয়োগ পদাবলি-সাহিত্যে কোথায়ও দেখিয়াছি বলিয়া স্মরণ হয় না।)

৯—১২। "লাজ" ইত্যাদি। রসিক ব্রজপতি লজ্জা, প্রণতি ও ভয় প্রকাশ করিয়া নিকটে আসিবেন ও (গাঢ়-আলিঙ্গন-হেতু) হৃদয়ে প্রবিষ্ট হইবেন; তখনই আমার কাম-সম্বন্ধী কৌশল, কাম-সম্বন্ধী (কৃত্রিম) কোপ ও কাম-সম্বন্ধী কার্য্য (সং—কার্য্য, অপভ্রংশ—কারজ, অক্ষরবিপর্য্যাসে—'কাজর') শোভা পাইবে!

১৩—১৬। "কবহুঁ" ইত্যাদি। (প্রিয়তমের সহিত সম্ভোগ-সময়ে) কখনও কোকিলের মধুর কুহু-ধ্বনি কখনও মুহুর্মুহু কপোতের কণ্ঠ-ধ্বনি (আমার কণ্ঠ হইতে উদ্গত হইবে); করজ অর্থাৎ নখের শাসন অর্থাৎ আঘাত ও কলা-আসন অর্থাৎ রতি-কলা-নৈপুণ্য-সূচক রতি-বন্ধ কিছুই গোপন করিব না। (সম্ভোগ-কালীন কণ্ঠ-নাদ প্রভৃতির বিবরণ বাৎস্যায়ন-কৃত কাম-সূত্রে দ্রষ্টব্য) তুলনা করুন—

'কোকিল-কলরব-কূজিতয়া জিত-মনসিজ-তন্ত্রবিচারম্।'
—গীতগোবিন্দ।

"কোকিল কলরবয়োঃ কূজিতমিব কূজিতং যস্যাঃ। কলরব-শব্দঃ কপোত-পর্য্যায়ঃ।"—রসিক-প্রিয়া টীকা।

১৯—২০। "কবহুঁ" ইত্যাদি। কখনও বা কপট-কোপে (প্রিয়তমের) রস অর্থাৎ অনুরাগ রক্ষা করিয়া ক্রুদ্ধ হইব। (সুচতুরা নায়িকারা প্রণয়ীদিগের আগ্রহ বাড়াইবার জন্য প্রেম-কেলির সময়েও কখন কখন কৃত্রিম কোপ প্রকাশ করিয়া থাকে—কিন্তু প্রণয়ীরা বিরক্ত হইয়া যাহাতে ঔদাসীন্য অবলম্বন না করে তৎপ্রতি লক্ষ্য রাখে)।

২৩—২৪। "সময়" ইত্যাদি। (উপযুক্ত) অবসর বুঝিয়া, তাঁহার নিকট মহার্ঘ অর্থাৎ দুর্ল্লভ হইয়া পুনরায় সস্তা অর্থাৎ সুলভ হইব।

২৫—২৮। "বচন-" ইত্যাদি। কৌশল-পূর্ণ বাক্যে যখন (প্রিয়তমের) প্রার্থনা স্বীকার করিব, (কেন না সোজাভাবে স্বীকার করিলে নির্ল্লজ্জতা প্রকাশ পায়,) তখন কন্দর্প যুদ্ধ করিবে জানিব; কন্দর্প-রূপ মদ-মত্ত হস্তী (যুদ্ধে) মত্ত হইবে; কিন্তু অবিলম্বেই (উহার) দর্প হরণ করিব। (শ্রীযুক্ত নগেন্দ্র বাবুর প্রতিপাদিত—'মুষব—মুসল (অঙ্কুশ) দ্বারা নিবারিত' অর্থ প্রামাণিক নহে।)

কামোদ১।

মথুরা সঞে হরি করি পথ চাতুরি
মীলল নিরজন কুঞ্জে।
দ্রুম-পশু-পাখিকুল বিরহে বেয়াকুল
পাওল আনন্দ-পুঞ্জে॥
বরজ-নারিগণ বিরহে অচেতন
পুলকিত২ পাওল পরাণ।
দাব-দগধ যেন ছটফটি জীবন
যৈছন অমিয়া-সিনান॥
দেখ৩ রাধা-মাধব মেলি৪।
দরশে পুলক দেহ ঘামহি নদি বহ
চীত-পুতলি সম ভেলি৫॥

কাঁপয়ে ঘন ঘন অনিমিখ-লোচন
চরকি চরকি পড়ু লোর।
কহইতে থর থর[৬] থকিত[৭] কণ্ঠ-সর
দুহুঁ বিবরণ দুহুঁ ভোর॥
হোই সচেতন[৮] কি কহব নাহি জান[৯][১০]
যৈছন দারিদ-হেম।
এ রাধামোহন কহ ইহ অনুপম নহ[১১]
প্রাণদ ঐছন ক্ষেম॥১৬॥১৯৮৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১০২১ সংখ্যক পদ ২। 'পুন কিয়ে' চ (পাঠান্তর)। ৩। 'সখিহে দেখ' প-র-সা। ৪। 'মেল' ক, ঘ, চ; প-র-সা। ৫। 'ভেল' ক, ঘ, চ; প-র-সা। ৬। 'ঘড় ঘড়' ক। ৭। 'স্থকিত' ক। ৮। 'সচেতনে' ক, খ, ঘ, চ। ৯। 'জানে' ক, খ, ঘ, চ। ১০। 'এ রাধামোহন' ইত্যাদি স্থলে 'গোবিন্দদাস কহ, অনুপম আব নহ' প-স মুদ্রিত পুথি।

অথ সমৃদ্ধিমান্ সম্ভোগঃ।
তত্র শ্রীমহাপ্রভুর্যথা।

সুহই।

আরে মোর গৌর কিশোর।
পুরব প্রেম-রসে ভোর॥
দু নয়নে আনন্দ-লোর।
কহে পহুঁ হইয়া বিভোর॥
পাওলুঁ বরজ-কিশোর।
সব দুখ দূরে গেও মোর॥
চির দিনে পায়লুঁ পরাণ।
যৈছন অমিয়া-সিনান॥
হেরি সহচরগণ হাস।
গাওই চৈতন্য দাস॥১৭॥১৯৮৫॥

ধানশী।

রাধামাধব চিরদিনে মেলি।
দুহুঁ ভেল অচেতন কি করব কেলি॥
দরশনে পুলকিত দুহুঁ তনু কাঁপ।
পুন পুন লোরে নয়নযুগ ঝাঁপ॥
কহইতে গদগদ রোধয়ে বাণি।
ঘামে ভিগল তনু ঘনে অছু মানি॥
পহিল সমাগম ঐছন ভেলি।
রাধামোহন পহু দুহুঁ রস-কেলি॥
॥১৮॥১৯৮৬॥

সিন্ধুড়া[১]।

আইস আইস বন্ধু আধ আঁচরে আসি[২] বৈস
নয়ান ভরিয়া তোমা দেখি।
অনেক দিবসে মনের মানসে
সফল করিয়ে আঁখি[৩]॥
বন্ধু আর কি ছাড়িয়া দিব[৪]।
হিয়ার মাঝারে যেখানে পরাণ
সেই খানে লঞা[৫] থোব॥ ধ্রু॥
কাল কেশের মাঝে তোমারে[৬] রাখিব
পূরাব মনের সাধ।
গুরুজন জিজ্ঞাসিলে তাহারে প্রবোধিব[৭]
পরিয়াছি[৮] কাল[৯] পাটের জাদ॥
নহেত লোহের[১০] নিগড় করিয়া[১১]
বান্ধিব চরণারবিন্দ।
কেবা নিতে পারে নেউক আসিয়া[১২]
পাঁজরে কাটিয়া সিন্ধ[১৩]॥১৯॥১৯৮৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১০২৩ ও প-র পুথির ৪২১৫ সংখ্যক পদ। ২। 'আসিয়া' ক। খ, প-র-সা ও প-র পুথিতে 'আসি' নাই। ৩। 'করিয়ে আঁখি'।

স্থলে 'করিয়া আঁখি' ক ; 'করল আঁখি' প-র-সা ; 'করল বিধি' প-র। ৪। 'বন্ধু' ইত্যাদি ধ্রুব-কলিটি প-র পুথিতে নাই। ৫। 'সেই' ইত্যাদি স্থলে 'সেখানে রাখিয়া' ক, খ, ঘ, চ। 'সেখানে বান্ধিয়া' প-র-সা। ৬। 'তোমা বন্ধু' ক, খ, ঘ চ। ৭। 'গুরুজন' ইত্যাদি স্থলে 'যদি গুরুজনে জিজ্ঞাসে বলিব' প-র-সা ; প-র। ৮। 'পর্য্যাছি' প-র। ৯। 'কালা' ঘ ; 'কালো' চ। ১০। 'নহে ত লেহের' স্থলে 'নহে তান হের' ক ; 'নহে ত নেহের' ঘ, চ। 'নে' অক্ষরের 'এ'-কারটি 'ত' অক্ষরের 'আ'-কার রূপে ভুলে পঠিত হওয়ায় এবং শব্দের মধ্যে ছেদ না থাকায়, 'নহে ত নেহের' পাঠ হইতেই ক ও তদনুযায়ী বটতলার পুথির অর্থহীন ও হাস্যজনক 'নহে তান হের' পাঠের সৃষ্টি হইয়াছে। ১১। 'নহে ত' ইত্যাদি কলি প-র-সা ও প-র পুথিতে নাই,—উহার পরিবর্ত্তে প-র পুথিতে নিম্নলিখিত প্রক্ষিপ্ত দুইটি কলি আছে, যথা—

'কাল কপালে শোভে চন্দন-তিলক
রূপার বরণ চীত।
আন ঘরে তুমি সে হও (সে হও ?)
আমার ঘরের কালা মাণিক॥
চণ্ডীদাস কয় শুন বিনোদিনী
পূরিল মনের আশ।
শুভদিন ভেল দুর দিন গেল
বন্ধুয়া মিলিল পাশ॥'

১২। 'সিয়া' ঘ। ১৩। 'সিন্দ' ঘ।

শ্রীরাগঃ১॥

অধর-সুধা-রসে লুবধক মানস
তনু পরিরম্ভণ চাহ।
মুখ-অবলোকনে অনিমিখ-লোচনে
কৈছে হোয়ত নিরবাহ॥
দেখি সখি রাধা-মাধব-প্রেম।
দুলহ রতন জনু দরশন মানই২
পরশন গাঁঠিক৩ হেম॥ ধ্রু॥
আনন্দ-নীরে নয়ন যব ঝাঁপয়ে৪
তবহি পসারিতে বাহ।
কাঁপয়ে ঘন ঘন কৈছে করব পুন
সুরত-জলধি অবগাহ॥
মধুরিম হাস- সুধা-রস বরিখণে
গদগদ রোধয়ে ভাষ।
চিরদিনে মিলন লাখ-গুণ নিধুবন
কহতহি গোবিন্দদাস॥২০॥১৯৮৮॥

পাঠান্তর

১ইহা প-র পুথির ৪২।৬ ও ৪২।৩০ সংখ্যক পদ। ২। 'দুলহ' ইত্যাদি স্থলে 'দরশনে সুখ জনি দুলহ রতনমণি' প-র। ৩। 'গাঁঠক' ক ; 'গাঠিক' ঘ। ৪। 'আনন্দ-নীরে' ইত্যাদি কলিটি ক, খ, ঘ, চ পুথিতে নাই,—প-স ও প-র পুথি হইতে উদ্ধৃত হইল। রাধামোহন ঠাকুর টীকায় 'কৈছে করব পুন সুরত-জলধি অবগাহ 'ইত্যন্তং' প্রেমবৈবশ্য-বর্ণনং' লিখিয়াছেন ; সুতরাং কলিটি যে পরবর্ত্তী সংযোজন নহে,তাহা নিঃসন্দেহে বলা যাইতে পারে। ৫। 'কহতহি গোবিন্দ দাস' স্থলে 'কহ ঘনশ্যামর দাস' প-র।

গুর্জ্জরী।

দিনকর-কিরণ-রহিত ঘন কুঞ্জহিঁ
মীলল যুগল কিশোর।
দুহুঁ কর কিরণহিঁ গেও সব আন্ধিয়ার
জনু কোটি রবিক উজোর॥
সজনী দেখ রাধামাধব১-কেলি।
অনমিখ নয়ন-চষক ভরি পীয়ত
দুহুঁ রূপ সুধা সম মেলি॥ ধ্রু॥

পরশহি তুহুঁ তনু মুনিক[২] পুতলি জনু
মিলনক বেরি নহ ভেদ।
ঐছন মীলত[৩] কত সুখ পাওত
না রহ লব উন খেদ॥
চিরদিন মীলন[৪] করত নিধুবন[৫]
আনন্দ-সায়রে বুর।
রাধামোহন পহু অহনিশি ব্রজে রহু
সকল মনোরথ পূর॥২১॥১৯৮৯॥

পাঠান্তর

১। 'রাধামোহন' ক, খ। ২। 'ললিত' খ। ৩। 'মিলত' ক, চ। ৪। 'মিলন' ক, চ। ৫। 'নিধুবন' ক, খ।

গান্ধার[১]।

চিরদিন[২] মীলন হোয়ল[৩] নিধুবনে[৪]
নিধুবন[৫] কত কত ভাতি।
তৈছন সখিগণ কয়ল গুণ-কীর্ত্তন
তুহুঁ কর প্রেমে[৬] উনমাতি॥
হরি হরি কি কহব অদভুত প্রীত।
তুহুঁ কর প্রেম অতুল[৭] হেম সম
তুহুঁ জানয়ে তুহুঁ-রীত॥ ধ্রু॥
ঐছন কেলি করল তুহুঁ বহুখণ
তুহুঁ মানস পরিপূর[৮]।
সখিগণ তৈছন পূরল মনোরথ
তবহিঁ চলল ব্রজপুর[৯]॥
যবহি চলল ব্রজ তবহিঁ বেয়াকুল
হোয়ল সকল পরাণ।
তছু গুণ-গানে পুন[১০]আনন্দ বাঢ়ায়ল[১১]
রাধামোহন[১২] অনুমান॥
॥২২॥১৯৯০॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪২।৩১ সং পদ। ২। 'চিরদিনে' প-র। ৩। 'করত' চ। ৪। 'নিধুবন' চ। ৫। 'নিধুবন' প-স স্থলে 'সো পুন' ক, খ, ঘ, চ। ৬। 'প্রেম' ক, ঘ, চ। ৭। 'অতুল' ক, খ, চ; 'আতুল' ঘ। ৮। 'ভরিপূর' ঘ, চ। ৯। 'ব্রজপুর' ক, খ, ঘ, চ; ১০। 'গানে পুন' স্থলে 'গণনে' প-র। ১১। 'বাঢ়ল' প-র। ১২। 'গোবিন্দ দাস' প-র।

অথ সমস্ত-ব্রজ-মণ্ডলস্থ আনন্দঃ।
আদৌ শ্রীনবদ্বীপস্থ যথা।

শ্রীরাগ।

ধাওল নদীয়া-লোক গৌরাঙ্গ দেখিতে।
আনন্দে আকুল চিত না পারে চলিতে॥
চিরদিনে গোরাচাঁদ-বদন দেখিয়া।
ভুখিল চকোর-আঁখি রহয়ে মাতিয়া॥
আনন্দে ভকতগণ দেখিয়া বিভোর।
জননী ধাইয়া গোরাচাঁদে করে কোর॥
মরণ-শরীরে যেন পাইল পরাণ।
গৌরাঙ্গ নদীয়াপুরে বাসুঘোষে গান॥
॥২৩॥১৯৯১॥

ধানশী।

মাতা যশোমতী ধাই উনমতী
গোপাল লইয়া কোরে।
স্তন-ক্ষীর-ধারে তনু বাহি পড়ে
ঝরয়ে নয়ান-লোরে॥
নিজ ঘরে যাইয়া ক্ষীর সর লৈয়া
ভোজন করাইয়া বোলে।
ঘরের বাহির আর না করিব
সদাই রাখিব কোলে॥

কানাই আইলা শুনিয়া ধাইলা
যতেক ব্রজের সখা।
মরণ-শরীরে পরাণ পাইল
এমতি হইল দেখা॥
যত ব্রজ-বাসী সভে দেখে আসি
ভাসয়ে আনন্দ-জলে।
আর দূরদেশে না পাঠাও রাণি
ইহাই সভাই বোলে॥
চিরদিনে বিধি সদয় হইল
পাইনু নয়ান-তারা।
পুরুষোত্তম আনন্দে ভাসয়ে
নয়ানে বহয়ে ধারা॥২৪॥১৯৯২॥

বেলাবলী[১]।

নন্দের নন্দন চতুর কান।
মিলিল আসিয়া[২] হৃদয় জান॥
যাহার যেমত পিরিতি গাঢ়া[৩]।
তাহারে তেমতি করিলা[৪] বাঢ়া[৫]॥
মথুরা হইতে এখনি হরি।
আইল বলিয়া শবদ করি॥
আপন ঘরে আপনি[৬] গেলা।
পিতা মাতা জনু পরাণ পাইলা॥
কোলেত করিয়া নয়ন-জলে।
সেচন করিয়া কাঁদিয়া বলে॥
আর দূরদেশে না যাবে তুমি।
বাহির আর না করিব আমি[৭]॥
এত বলি কত দেয়ল চুম্ব।
বারে বারে দেখে মুখারবিন্দ॥
ঐছন মিলল সকল[৮] সখা।
আর কত জন কে করে[৯] লেখা॥
খাওয়াইয়া পিয়াইয়া শোয়াইল[১০] ঘরে।
ঘুমাকু বলিয়া যতন করে[১১]॥
রাইয়ের নিকটে পাঠাইলা[১২] দোতী।
বড়ু চণ্ডীদাস কহয়ে সতি॥২৫॥১৯৯৩॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪২।৩৩ সং পদ। ২। 'মিলল আসি' প-র। ৩। 'পাড়া' প-র। ৪। 'করিয়া' প-র। ৫। 'বাড়া' প-র। ৬। 'সভে আনিতে' ঘ। ৭। 'বাহির' ইত্যাদি স্থলে 'মরিব তবে পরাণে আমি' প-র। ৮। 'সবহুঁ' প-র। ৯। 'আর' ইত্যাদি স্থলে 'আর সবজন যতেক' প-র। ১০। 'শোইলা' ঘ, চ; 'শোয়াঞা' প-র। ১১। 'ঘুমাকু' ইত্যাদি স্থলে 'সবে চলি গেলা আপন পুরে' প-র। অতঃপর প-স ও প-র পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত কলি দৃষ্ট হয়, যথা—

'তখন বুঝিয়া সময়' পুন।
আওল যমুনা-তীরক ('নিকুঞ্জ' প-র) বন॥

১২। 'পাঠায়ে' প-র।

ইতি চতুর্থ-শাখায়াং দ্বাদশ-পল্লবঃ।

অথ সমৃদ্ধিমৎ-সম্ভোগস্য রসোদ্গারঃ।
তত্র শ্রীগৌরচন্দ্রো যথা
ভক্তগণস্যোক্তিঃ।

সুহই[১]।

এত দিনে সদয় হইল মোরে বিধি।
আনি মিলায়ল মোরে[২] গোরা গুণ-নিধি॥
এত দিনে মিটল দারুণ[৩] দুখ।
নয়ন সফল ভেল দেখি চাঁদ-মুখ॥
চির-উপবাসী ছিল[৪] লোচন মোর।
চাঁদ পাওল যেন তৃষিত চকোর॥
বাসুদেব ঘোষে গায় গোরা-পরবন্ধ।
লোচন পাওল যেন[৫] জনমের[৬] অন্ধ॥
॥১॥১৯৯৪॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২৬।১ সংখ্যক পদ। 'বিভাষ' প-র। ২। 'মিলায়ল মোরে' প-র। ৩। 'চিরদিন' প-র। ৪। 'চির' ইত্যাদি স্থলে 'উপবাসী ছিল অতি' প-র। ৫। 'কিয়ে' প-র ৬। 'জনমক' প-র।

ধানশী[১]।

কি কহব রে সখি[২] আনন্দ-ওর।
চিরদিনে মাধব মন্দিরে মোর॥
পাপ[৩] সুধাকর যত দুখ দেল।
পিয়া-মুখ দরশনে[৪] তত সুখ ভেল[৫] ॥
আঁচর ভরিয়া যদি মহানিধি পাই।
তব হাম পিয়া দূর দেশে না পাঠাই॥
শীতের ওঢ়নী পিয়া[৬] গীরেষের বা[৭]।
বরিষার[৮] ছত্র পিয়া দরিয়ার না[৯] ॥
ভণয়ে বিদ্যাপতি শুন বরনারি।
সুজনক দুখ[১০] দিন দুই চারি॥ ১॥১৯৯৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১০২০ ও প-র পুথির ৪২।১০ সংখ্যক পদ। ২। 'রে সখি' স্থলে 'আজুক' প-র-সা। ৩। 'চিরদিনে' প-র-সা। ৪। 'হের-ইতে' প-র ৫। 'তত' ইত্যাদি স্থলে 'সব দুখ গেল' প-র-সা। অতঃপর অবশিষ্ট পংক্তিগুলির পরিবর্তে প-র পুথির পাঠ, যথা—

'রভস আলিঙ্গনে পুলকিত ভেল।
অধরকি পানে বিরহ দূরে গেল॥
কি কহব রে সখি কি কহব আখি।
সমুচিত ঔখদে না রহে বেয়াধি॥
বিদ্যাপতি কহে শুন ধনি রাই।
কানু পরশে দুখ সব বিছুরাই॥'

৬। 'পিয়ে' প-র-সা। ৭। 'বারি' প-র-সা ৮। 'বরিসনের' প-র-সা। ৯। 'তরি' প-র-সা। ১০। 'দুখ' ক, চ; 'দুখ-জেন' প-র-সা।

গান্ধার শ্রীরাগঃ[১]।

আজু রজনি হাম ভাগে পোহায়লুঁ
পেখলুঁ পিয়া-মুখ-চন্দা।
জীবন যৌবন সফল করি মানলুঁ
দশ দিশ ভেল নিরদন্দা[২] ॥
আজু মঝু গেহ গেহ[৩] করি মানলুঁ
আজু মঝু দেহ ভেল দেহা[৪] ।
আজু বিহি মোহে অনুকূল হোয়ল[৫]
টুটল সবহুঁ[৬] সন্দেহা॥
সোই[৭] কোকিল অব লাখ লাখ ডাকউ[৮]
লাখ[৯] উদয় করু চন্দা।
পাঁচ বাণ অব লাখ বাণ হউ
মলয় পবন[১০] বহু মন্দা॥
অবহন যবহুঁ মোহে পরি হোয়ত[১১]
তবহুঁ মানব[১২] নিজ দেহা।
বিদ্যাপতি কহ অলপ ভাগি নহ
ধনি ধনি তুয়া নব[১৩] নেহা[১৪] ॥

॥৩॥১৯৯৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১০৬৭ ও প-র পুথির ৪২।৯ সংখ্যক পদ। ২। অতঃপর প-র-সা পুথিতে নিম্নলিখিত ধ্রুব-কলিটি দৃষ্ট হয়, যথা—

'সখিহে হামারি আনন্দের নাহি ওর।
মধুপুর পরিহরি   আজু আয়ল হরি
কুদিন সুদিন ভেল মোর॥'

৩। 'গেহ গেহ' স্থলে 'দেহ দেহ' প-র-সা। ৪। 'দেহ' ইত্যাদি স্থলে 'গেহ করি গেহা' প-র-সা। ৫। 'ভেলতি' প-র। ৬। 'টুটল সবহুঁ' স্থলে 'দূরে গেল সকল' প-র-সা। ৭। 'ওহি' প-র-সা। ৮। 'লাখ লাখ ডাকউ' স্থলে 'লাখ ডাকউ' ক, খ, ঘ, চ; 'লাখ ডাক করু' প-র-সা। ৯। 'গগনে'

প-র-সা । ১০। 'সমীর' প-র-সা । ১১। 'অবহন' ইত্যাদি স্থলে 'আজু শুভ দিন সখি মঝু পরি হোয়ল' প-র । ১২। 'তবহুঁ মানব' স্থলে 'আজু ধনি মানি' প-র। ১৩। 'তুয়া নব' স্থলে 'ধনি তুয়া' প-র । । 'অবহন' ইত্যাদি কলির পরিবর্তে প-র-সা পুথির পাঠ, যথা—

কুসুমিত কুঞ্জে ভ্রমর সব গুঞ্জরু
বিদ্যাপতি রস ভাণে।
রাজা শিবসিংহ রূপ নারায়ণ
লছিমা দেবি পরমাণে ॥'

টীকা

১৩—১৪। "অবহন" ইত্যাদি। রাধামোহন ঠাকুর লিখিয়াছেন 'ঐছন ইত্যস্য পাশ্চাত্যভাষা অবহন ইতি।' সুতরাং 'অবহন' ইত্যাদি বাক্যের —যখন আমার পক্ষে ঐরূপ হইবে, তখনই নিজ দেহকে (দেহ বলিয়া) স্বীকার করিব।

ধানশী[১]।

দারুণ ঋতু-পতি[২] যত দুখ দেল।
হরি-মুখ হেরইতে সব দুর[৩] গেল ॥
যতহুঁ আছিল মঝু হৃদয়ক সাধ।
সো সব পূরল পিয়া-[৪] পরসাদ[৫] ॥
রভস-আলিঙ্গনে পুলকিত ভেল।
অধরকি পানে বিরহ দূরে গেল ॥
চিরদিনে বিহি আজু পূরল আশ[৬]।
হেরইতে নয়নে নাহি অবকাশ ॥
ভণয়ে বিদ্যাপতি আর নহ আধি।
সমুচিত ঔখধে না রহে বেয়াধি ॥
॥৪॥১৯৯৭॥

পাঠান্তর

ইহা প-র পুথির ৪২।৩২ সংখ্যক পদ। 'ভাটিয়ারি' প-র। ২। 'বসন্ত' প-র। ৩। 'দুখ'। ক। ৪। 'হরি' প-র। ৫। অতঃপর প-র পুঁথিতে নিম্নলিখিত পংক্তি-দ্বয় দৃষ্ট হয়, যথা—

'কি কহব রে সখি আনন্দ-ওর।
চিরদিনে মাধব মন্দিরে মোর ॥'

৬। 'চিরদিনে' ইত্যাদি কলি প-র পুথিতে নাই।

পঠমঞ্জরী।

চিরদিন ছিল মোরে বিহি প্রতিকূল।
পিয়া-পরসাদে ভেল[১] অনুকূল ॥
আছিলুঁ দারুণ বিরহে বিভোর।
তুরিতে আসিয়া পিয়া মোহে নিল কোর ॥
তৃষিত চাতক যেন নব ঘন মেলি।
ভুখিল চকোর চাঁদে জনু করু কেলি ॥
জনু বনজানলে দগধি পরাণ।
ঐছন হোয়ল অমিয়া-সিনান ॥৫॥১৯৯৮॥

পাঠান্তর

১। 'মোর ভেল' খ।

ইতি চতুর্থ-শাখায়াং ত্রয়োদশ-পল্লবঃ।

অথ রাত্রি-বিলাসঃ।

তত্র শ্রীগৌরচন্দ্রো যথা।

তুড়ী।

কিবা কহ নবদ্বীপ-চান্দ।
শুনইতে সব মন বান্ধ ॥
আনহ নীল নিচোল।
সব অঙ্গ ঝাঁপহ মোর ॥
চিরদিনে মীলব তায়।
এত কহি কোন দিশ চায় ॥
সোই ভাবে অবতার ॥
রাধামোহন পহুঁ সার ॥১॥১৯৯৯॥

ততঃ শ্রীরাধায়াঃ মিলনোৎকণ্ঠা যথা।

ধানশী।

নিভৃত-নিকুঞ্জ-গৃহং গতয়া নিশি
রহসি নিলীয় বসন্তং।
চকিত-বিলোকিত-সকল-দিশা রতি-
রভস-রসেন হসন্তং॥
সখি হে কেশি-মথনমুদারং।
রময় ময়া সহ মদন-মনোরথ
ভাবিতয়া সবিকারং॥ ধ্রু॥
প্রথম-সমাগম-লজ্জিতয়া পটু-
চাটু-শতৈরনুকূলং।
মৃদু-মধুর-স্মিত-ভাষিতয়া শিথি-
লীকৃত-জঘন-দুকূলং॥
কিশলয়-শয়ন-নিবেশিতয়া চির-
মুরসি মমৈব শয়ানং।
কৃত-পরিরম্ভণ-চুম্বনয়া পরি-
রভ্য কৃতাধর-পানং॥
অলস-নিমীলিত-লোচনয়া পুল-
কাবলি-ললিত-কপোলং।
শ্রম-জল-সকল-কলেবরয়া বর-
মদন-মদাদতিলোলং॥
কোকিল-কলরব-কূজিতয়া জিত-
মনসিজ-তন্ত্র-বিচারং।
শ্লথ-কুসুমাবলি-কুন্তলয়া নখ-
লিখিত-ঘন-স্তন-ভারং॥
চরণ-রণিত-মণি-নূপুরয়া পরি-
পূরিত-সুরত-বিতানং।
মুখর-বিশৃঙ্খল-মেখলয়া
সকচ-গ্রহ-চুম্বন-দানং॥
রতি-সুখ-সময়-রসালসয়া দর-
মুকলিত-নয়ন-সরোজং।
নিঃসহ-নিপতিত-তনু-লতয়া মধু-
সূদনমুদিত-মনোজং॥
শ্রীজয়দেব-ভণিতমিদমতিশয়-
মধুরিপু-নিধুবন-শীলং।
সুখমুৎকণ্ঠিত-গোপ-বধূ-কথিতং
বিতনোতু সলীলং॥
॥২॥২০০০॥

কামোদ।

রাইক উহ উত- কণ্ঠিত বচনহি
সো সখি দ্রুত চলি গেল।
নিজ গৃহে নাগর রতন-মন্দির পর
গোপতে যাই তহিঁ মেল॥
ইঙ্গিতে রাইক আরতি জানাওল
বুঝইতে নাগর-রাজ।
কালিন্দি-তীরে নিকুঞ্জ মনোহর
জানাওল সঙ্কেত-কাজ॥
শুনি দোতি ধাই আওল যাহাঁ সুন্দরি
কহতহি মধুরিম ভাষ।
তুয়া লাগি যমুনা- তীরে গেও নাগর
পূরব চির অভিলাষ॥
এতহু বচন শুনি সো ধনি সুবদনি
করত গমন-উপচার।
কামুক নিকটে দূতি আওল পুন
কহ যদুনন্দন সার॥৩॥২০০১॥

গুর্জ্জরী।

কালিন্দি-কানন কুঞ্জ-কুটীরহিঁ
নিবসই তুয়া লাগি কান।
কত বেরি কুসুম- তলপ করি সাজন
কেলি করব মন মান॥
কামিনি কি কহব তোহারি সোহাগ।

কেবল কান্ত করই পথ নিরখণ
কারণ তুয়া অনুরাগ ॥ ধ্রু ॥
কুসুমক কিঙ্কিণি কঙ্কণ কেয়ুর
কুণ্ডল কণ্ঠক হার।
কানড়-কুন্দ- করবিকর[১] কোরক
নিরমিল কত পরকার ॥
কেলি-অবসানে করব করি মানস
সুন্দর বেশক লাগি।
কাম-কলা-গুরু কৌশল কাজক
করবহি যামিনি জাগি ॥
কেলি-কলপতরু কোমল সঞ্চরু
কোকিল-কোকিলি[২] -গান।
কমলক গন্ধ গন্ধবহ সঞ্চরু
অরু কত কেকিক তান ॥
করহ গমন অব কছু নাহি আপদ
কহলহুঁ কৃষ্ণ-নিদেশ।
করু রাধামোহন চরণে নিবেদন
কছু না রহব অব শেষ ॥

॥৪॥২০০২॥

পাঠান্তর

১। 'করবিক' ক, খ, চ। ২। 'কোকিলা' ক, খ।

বেলাবলি।

কামুক সম্বাদ পাই বর-রঙ্গিণি
বিছুরল সাজ বিসাজ।
বসন ভুষণ যত করি অছু বিপরিত
চললহি কুঞ্জক মাঝ ॥
সজনী আরতি বরণি[১] না যাতি।
চিরদিন মীলন আজু পুন হোয়ব[২]
অতয়ে সে মদন-ভরাঁতি ॥ধ্রু॥
পদ এক চলই খলই পুন প্রেম-ভরে
লোরহি ঝাঁপল দীঠ[৩]।
কত দুরে প্রাণ-বল্লভ হাম হেরব
কহতহি গদগদ মীঠ[৪] ॥
ঐছন ভাতি মিলল বর-কামিনি
সঙ্কেত-কুঞ্জক-ওর।
রাধামোহন পহুঁ হেরইতে দুহুঁ দুহুঁ
আনন্দে ভৈ গেল ভোর ॥

॥৫॥২০০৩॥

পাঠান্তর

১। 'বরণ' ক। ২। 'হোয়ত' ঘ। ৩। 'দিঠ' ক, চ। ৪। 'মিঠ' ক, চ।

বরাড়ী।

রাধা-বদন-বিলোকন-বিকসিত-
বিবিধ-বিকার-বিভঙ্গং।
জলনিধিমিব বিধু-মণ্ডল-দর্শন-
তরলিত-তুঙ্গ-তরঙ্গং ॥
হরিমেকরসং চিরমভিলষিত-বিলাসং।
দদর্শ সা গুরু-হর্ষ-বশম্বদ-
বদনমনঙ্গ-বিকাশং ॥ধ্রু॥
হারমমলতর-তারমুরসি দধতং
পরিলম্ব্য বিদূরং।
স্ফুটতর-ফেন-কদম্ব-করম্বিত-
মিব যমুনা-জল-পূরং ॥
শ্যামল-মৃদুল-কলেবর-মণ্ডল-
মধিগত-গৌর-দুকূলং।
নীল-নলিনমিব পীত-পরাগ-
পটল-ভর-বলয়িত-মূলং ॥
তরল-দৃগঞ্চল-চলন-মনোহর-
বদন-জনিত-রতি-রাগং।

স্ফুট-কমলোদর-খেলিত-খঞ্জন-
যুগমিব শরদি তড়াগং ॥
বদন-কমল-পরিশীলন-মিলিত-
মিহির-সম-কুণ্ডল-শোভং।
স্মিত-রুচি-কুসুম-সমুল্লসিতাধর-
পল্লব-কৃত-রতি-লোভং ॥
শশি-কিরণোচ্ছুরিতোদর-জলধর-
সুন্দর-সুকুসুম-কেশং।
তিমিরোদিত-বিধু-মণ্ডল-নির্ম্মল-
মলয়জ-তিলক-নিবেশং ॥
বিপুল-পুলক-ভর-দন্তুরিতং রতি-
কেলি-কলাভিরধীরং।
মণিগণ-কিরণ-সমূহ-সমুজ্জ্বল-
ভূষণ-সুভগ-শরীরং ॥
শ্রীজয়দেব-ভণিত-বিভব-দ্বিগু-
ণীকৃত-ভূষণ-ভারং।
প্রণমত হৃদি বিনিধায় হরিং সততং
সুকৃতোদয়-সারং ॥৬॥২০০৪॥

অথ শ্রীরাধাং প্রতি শ্রীকৃষ্ণস্যোক্তিঃ।

ধানশী[১]।

তুমি মোর নিধি রাই তুমি মোর নিধি।
না জানি কি দিয়া তোমা[২] নিরমিল বিধি ॥
বসিয়া দিবস রাতি অনিমিখ-আঁখি[৩]।
কোটি-কলপ যদি নিরবধি দেখি ॥
তভু তিরপিত নহে এ দুই নয়ান।
জাগিতে তোমারে দেখি[৪] স্বপন সমান ॥
নীরস দরপণ[৫] দূরে পরিহরি।
কি ছার কমলের ফুল বটেক না করি ॥
ছিছি কি শরদের চাঁদ ভিতরে কালিমা।
কি দিয়া করিব তোমার মুখের উপমা[৬] ॥
যতনে আনিয়া যদি ছানিয়ে[৭] বিজুরী।
অমিয়ার সাঁচে[৮] যদি গড়াইয়ে[৯] পুতলী ॥
রসের সায়রে যদি করাই[১০] সিনান।
তভু ত না হয় তোমার নিছনি সমান[১১] ॥
হিয়ার ভিতরে থুইতে নহে পরতীত[১২]।
হারাঙ হারাঙ হেন সদা করে চিত ॥
হিয়ার ভিতর হৈতে কে কৈল বাহির।
তেঞি বলরামের পহুঁ[১৩] চিত নহে থির ॥
॥৭॥২০০৫॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪২।১৪ সংখ্যক পদ। ২। 'না জানি' ইত্যাদি স্থলে 'না জানি কি সুধা দিয়া' প-র। ৩। প-র পুথিতে 'বসিয়া' ইত্যাদি পংক্তি চারিটি 'তভু ত না হয়' ইত্যাদি পংক্তির পরে সন্নিবেশিত হইয়াছে। ৪। 'দেখোঁ' প-র। ৫। 'দামিনি কিবা' প-র; 'দাপনি' প-স। ৬। 'তুলনা' প-র। ৭। 'যদি ছানিয়ে' স্থলে 'বিধি ছানিয়া' প-র। ৮। 'সালে' ঘ; 'সাচে' চ। ৯। 'গঢ়াই' ক; 'গড়য়ে' প-র। ১০। 'যদি করাই' স্থলে 'নিতি করায়' প-র। ১১। অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত প্রক্ষিপ্ত কলিগুলি দৃষ্ট হয়, যথা—

'দেখিতে দেখিতে আঁখি কান্দে দেখিবারে।
পরশিতে চাহে অঙ্গ পরশিতে নারে ॥
নিরমল কুল-শীলের তুমি সে ভূষণ।
তুমি মোর দারিদ্রের অমূল্য রতন ॥
শুনিতে তোমার মধুর মুখের বাণী।
শুনিবারে কান্দে মোর পোড়য়ে পরাণি ॥
ঘৃত দধি করি পিণ্ডো হেন লয় মনে।
অঞ্জন করিয়া পরোঁ এ দুই নয়ানে ॥
চন্দন করিয়া তোমা মাখোঁ মুঞি গায়।
না জানো দগধ প্রাণ তবে বা জুয়ায় ॥
আর নাহি লয় মোর চিতে।
রাত্রি দিনে কান্দে প্রাণ নারোঁ পাসরিতে ॥

১২। 'হিয়ার' ইত্যাদি কলিটির স্থলে প-র পুথির পাঠ, যথা—

'মথিয়া' সুধার সিন্ধু লৈয়া তার সারে।
পরাণ-পুতলি করি গড়ল তোমারে॥'

১৩। 'তেঞি' ইত্যাদি স্থলে 'ভালে বলরাম দাসের' প-র।

শ্রীকৃষ্ণং প্রতি শ্রীরাধায়া উক্তিঃ।

শ্রীরাগ।

শুন শুন হে[১] পরাণ-পিয়া।
চির দিন পরে পাইয়াছি লাগি
আর না দিব ছাড়িয়া॥ ধ্রু॥
তোমায় আমায় একই পরাণ
ভালে সে জানিয়ে আমি।
হিয়ায় হইতে বাহির হইয়া
কি রূপে আছিলা তুমি॥
যে ছিল আমার করমের[২] দুখ
সকল করিলুঁ ভোগ।
আর না করিব আঁখির আড়
রহিব একই যোগ॥
খাইতে শুইতে তিলেক পলকে
আর না যাইব ঘর।
কলঙ্কিনী করি খেয়াতি হৈয়াছে
আর কি কাহাকে ডর॥
এতহুঁ কহিতে বিভোর হইয়া
পড়িল শ্যামের কোরে।
জ্ঞানদাস কহে রসিক নাগর
ভাসিল নয়ান-লোরে॥৮॥২০০৬॥

পাঠান্তর

১। 'অহে' ক। ২। 'মরমের' ক।

ধানশী।

দুহুঁজন বেয়াকুল হেরি সখিগণ।
দোঁহারে কহই কত প্রবোধ-বচন॥
ধৈরজ ধরি দুহুঁ কোরে আগোর।
ঢরকত লোচনে আনন্দ-লোর॥
যত প্রিয় সহচরি আনন্দ ভেলি[১]।
চিরদিনে হেরই দুহুঁজন-কেলি[২]॥
কো কহু দুহুঁজন-আরতি-ওর।
হৃদি সঞে দুহুঁজন তিলেক না ছোড়॥
দূরে গেল পুরবক বিরহ-হুতাশ।
আনন্দে হেরই যদুনাথ দাস॥

॥ ৯ ॥ ২০০৭ ॥

পাঠান্তর

১। 'ভেল' ক, চ; 'ভেলী' ঘ। ২। 'কেল' ক, চ; 'কেলী' ঘ।

ভূপালী।

মদন-মদালসে শ্যাম বিভোর।
শশি-মুখি হাসি হাসি করু কোর॥
নয়ন-ঢুলাঢুলি লহু লহু হাস।
অঙ্গ-হেলাহেলি গদ গদ ভাষ॥
রসবতি নারি রসিক বর কান।
রহি রহি চুম্বই নাহ-বয়ান[২]॥
দুহুঁ পুন মাতল দুহুঁ শর হান।
বিদ্যাপতি করু সো রস গান॥১০॥২০০৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৩৯৫ ও প-র পুথির ২৫।১৬ সংখ্যক পদ। 'মল্লার' প-র। ২। 'রহি রহি' ইত্যাদি পংক্তির স্থলে 'হিয়ায় হিয়ায় দোঁহার বয়ানে বয়ান।' ক। 'রসবতি নারি' ইত্যাদি কলি দুইটির পরিবর্তে প-র-সা ও প-র পুথির পাঠ, যথা—

'অধর নীরস মধু ('নিরসল অধররস' প-র)
পিবি অগেয়ান।
মদন-মহোদধি ডুবল কান ॥
ঘন ঘন চুম্বই নাহ-বয়ান।
সরসিজ চান্দ মিলন ভেল ভান ॥
নিবিড় আলিঙ্গনে পুলকিত অঙ্গ।
অপরূপ রতিকেলি মনসিজ-রঙ্গ ॥
ছুরে গেও মউর-শিখগুচ্ছ পিতবাস।
দুহুঁ রূপ-নিছনি গোবিন্দ দাস ॥'

তথা রাগ।

নিকুঞ্জের মাঝে রাধা কান।
হিয়ায় হিয়ায় দোঁহার বয়ানে বয়ান॥
ঘন ঘন চুম্বন ঘন রস-ভাষ।
ঘন রসে মগন নাহি পরকাশ ॥
ঘন আলিঙ্গন ঘন করু কোর।
অতি রসে দুহুঁ জন ভেল বিভোর ॥
বিপরিত লাগি তহিঁ নাগর-রায়।
ঐছনে রচতহি তাক উপায় ॥
বুঝি সুবদনি ধনি তাকর সুখ।
ঐছন বচনে ভেল উনমুখ ॥
কহ শিবরাম পুরল অভিলাষ।
চিরদিনে বিপরিত করয়ে বিলাস ॥
॥১১॥২০০৯॥

কেদার বিহাগড়া[১]।

ঝাঁপল কনয়-ধরাধর জলধর
দামিনি জলদ আগোরি[২]।
নিজ-চঞ্চল-গুণ জলদে সোঁপি পুন
তছু ধৈরজ করু চোরি[৩] ॥
দেখ সখি অপরূপ বাদর ভেল।
নিজ-পদ পরিহরি দিনমণি সঞ্চরি
গিরিবর-সান্ধিম[৪] গেল ॥
সশবদ ঘন ঘন বহই সমীরণ
থরকয়ে মোরক পাখ।
ভয়ে আকুল ফণি ধরণি ছোড়ি মণি
বেঢ়ি রহল পাঁচ-শাখ ॥
ভণ ঘনশ্যাম দাস পুন হেরহ[৫]
সবহুঁ ভেল বিপরীত।
উলটল ভূধর মেঘ মহীতল
অদভূত দেব-[৬] চরিত ॥ ১২॥২০১০॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪২।৭ সংখ্যক পদ। ২। 'অগোর' প-র। ৩। 'চোর' প-র। ৪। 'সান্ধিম' ঘ। ৫। 'হেরই' ক, গ, ঘ, চ। প-র পুথিতে 'ভণ' ইত্যাদি পংক্তিদ্বয় পদের শেষে সন্নিবেশিত হইয়াছে।

টীকা

১—৪। "ঝাঁপল" ইত্যাদি। (নায়িকার উন্মুক্ত কেশ-পাশ-রূপ) জলধর (কুচ-রূপ) স্বর্ণ-পর্ব্বতকে আচ্ছাদিত করিল ; (নায়িকার দেহ-যষ্টি-রূপ) বিদ্যুৎ-লতা (নায়কের দেহ-রূপ) জলদকে আবৃত করিল,—(কিন্তু অনভ্যাসিক কার্য্যে পরিশ্রম হেতু) পুনর্ব্বার নিজের চাঞ্চল্য জলদকে সমর্পণ করিয়া—তাহার ধৈর্য্য চুরি (অর্থাৎ জলদের অনিচ্ছাসত্ত্বে বল-পূর্ব্বক গ্রহণ) করিল।

৫—৭। "দেখ" ইত্যাদি। হে সখি ! অপূর্ব্ব বাদল অর্থাৎ অদৃষ্ট-পূর্ব্ব রসের বাদল হইল। (নায়িকার মণি-হার উপবীতের ন্যায় পরিহিত হওয়ায়—হারের মধ্য-মণি-রূপ) সূর্য্য নিজ স্থান হইতে সরিয়া (কুচ-যুগের অন্তরাল-রূপ) পর্ব্বত-সন্ধির মধ্যে গেল।

তুলনা করুন—

"উরসি পরিবর্ত্তয়ন্ত্যা
মুক্তাদামোপবীততাং নীতম্।
পুরুষায়িত-বৈদগ্ধ্যং
ব্রীড়াবতি কৈর্ন কলিতং তে ॥"
—আর্য্যা-সপ্তশতী।

৮—১১। "সর্ব্বদা" ইত্যাদি। (নায়িকার নিশ্বাস-রূপ) পবন অশক্যে ঘন ঘন প্রবাহিত হইতেছে; (নায়কের শিরোভূষণ) ময়ূরের পাখা (পবন-হিল্লোলে) কম্পিত হইতেছে; (তদ্দ্বারা ময়ূর আক্রমণ করিতে যাইতেছে বিবেচনা করিয়া) ভয়-হেতু (নায়িকার বেণী-রূপ) ফণী চঞ্চল হইয়া (শ্বেত-পুষ্পমাল্য-রূপ) মণি ধরণীতে পরিত্যাগ করিয়া পঞ্চ-শাখাকে (এক-অর্থে - পঞ্চ-শাখাবিশিষ্ট শ্যামল তরুকে, অন্য অর্থে—পঞ্চ-অঙ্গুলিবিশিষ্ট শ্রীকৃষ্ণের শ্যাম-হস্তকে) জড়াইয়া রহিল।

তুলনা করুন—

"সকচ-গ্রহ-চুম্বন-দানং।"

—গীতগোবিন্দ।

২—১৫। "ভণ" ইত্যাদি। ঘনশ্যাম বলিতেছেন, আবার দেখ,—সমস্তই বিপরীত হইল; (কুচ-রূপ) পর্ব্বত উলটা হইল, (নায়কের অঙ্গ-রূপ) মেঘ ভূতলে (পড়িল); দেবতার চরিত্র অদ্ভুত অর্থাৎ দুর্জ্ঞেয়।

কেদার।

বিপরিত-রতি অবসানে কমল-মুখি
ঘামহি ভীগল চীর।
সহচরি দাসি চামর করে বীজই
কোই যোগায়ত নীর॥
বৈঠল রাধা নাগর কান।
দুহুঁ জন চির অভিলাষ পরিপূরল
পরিজন মঙ্গল গান॥ধ্রু॥
কালিন্দি-তীর নিকুঞ্জ মনোহর
বহতহি মলয়-সমীর।
কত পরিহাস রভস রস-কৌতুক
দুহুঁ পর দুহুঁ জন গীর॥
বৃন্দা দেবি সময় বুঝি কুঞ্জহি
সেবই কত পরকার।
ও রস-সায়রে ওর না পাওল
দেবকিনন্দন আর॥১৩॥২০১১॥

ভূপালী১।

চির দিনে সো বিহি ভেল অনুকূল।
পুন-পুন২ হেরইতে ভেল৩ আকুল॥
বাহু পসারিয়া দোঁহে৪ দোঁহা ধরু।
দুহুঁ অধরামৃতে দুহুঁ মুখ ভরু॥
দুহুঁ তনু কাঁপই মদনক রচনে৫।
কিঙ্কিণি রোল করত পুন সদনে॥
বিদ্যাপতি অব কি কহব আর।
যৈছে প্রেম দুহুঁ তৈছে বিহার৬॥
॥১৪॥২০১২॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৪২।৩৯ সংখ্যক পদ। ২। 'দুহুঁ মুখ' প-র। ৩। 'দুহুঁ সে' প-র। ৪। 'দুহুঁ' প-র। ৫। 'বচনে' ঘ। ৬। 'বিথার' প-র।

অথ শ্রীরাধা স্বাধীনভর্ত্তৃকা যথা।

কেদার১।

ধনি ধনি রমণি-শিরোমণি রাই।
নয়নক ওত করত নাহি মাধব
নিশি দিশি রস অবগাই॥ধ্রু॥
করতলে কুঙ্কুমে ও২ মুখ মাজই
অলক তিলক লিখি ভোর।
সজল বিলোকনে পুন পুন হেরই৩
আকুল৪ গদ-গদ বোল॥

লোচন-খঞ্জনে অঞ্জনে রঞ্জই
নব কুবলয় শ্রুতি-মূল।
অতসি-কুসুম-সরি[৫] ললিত হৃদয়ে ধরি
কৃপণ হেম সমতুল॥
যাবক-চীত চরণ পর লীখই
মদন-পরাজয়-পাত।
গোবিন্দ দাস কহই ভালে হোয়ল
কামুক আরকত হাত॥১৫॥২০১৩॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ২৬৩ সংখ্যক পদ। ২। 'সো' প-র। ৩। 'পুন পুন হেরই' স্থলে 'ঘন ঘন হেরইতে' প-র। ৪। 'ভাখই' প-র। ৫। 'সর' প-র।

টীকা

৮—১১। "লোচন" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ) অঞ্জন দ্বারা (শ্রীরাধার) খঞ্জনবৎ নয়ন রঞ্জিত করিতেছেন; কর্ণ-মূলে নব নীলোৎপল (অর্পণ করিতেছেন); (শ্রীরাধা—প্রিয়তমের প্রদত্ত) অতসী অর্থাৎ মসিনার ফুলের মাল্য কৃপণের স্বর্ণের ন্যায় (অতি সযত্নে) নিজের কোমল হৃদয়ে ধারণ করিতেছেন।

১২—১৫। "যাবক-" ইত্যাদি। (শ্রীকৃষ্ণ) মদন-কর্তৃক নিজের পরাজয়-সূচক পত্র-স্বরূপ (শ্রীরাধার) চরণের উপরে আলতার চিত্র অঙ্কিত করিতেছেন। গোবিন্দদাস কহেন—ভাল হইল, শ্রীকৃষ্ণের হাত (স্বভাবতই) আরক্ত; (সুতরাং তাঁহার হাতে আলতার দাগ সহজে লক্ষিত হইবে না—তাই তিনি সখীদিগের কাছে লজ্জা পাইবেন না!) শ্রীরাধা কন্দর্পের মূর্তিমতী শক্তি-রূপিণী বলিয়া শ্রীরাধার নিকট পরাজয়ে প্রকারান্তরে মদন কর্তৃক পরাজয়ই প্রমাণিত হইতেছে।

তুলনা করুন,—

"তস্যামনঙ্গ-জয়-জঙ্গম-দেবতায়া-
মস্ত্রাণি কিং নির্জিত-জগন্তি সমর্পিতানি।"
—গীতগোবিন্দ।

ধানশী।

আনন্দে সুবদনি কছু নাহি জান।
বেশ বনায়ত নাগর কান॥
সিন্দুর দেয়ল সীঁথি সঙারি।
ভালহি মৃগমদ-পত্রক সারি॥
চিকুরে বনাওল বেণি ললীত[১]।
কুসুম কুচযুগে করল রচীত[২]॥
যাবক লেখল রাতুল চরণে।
জিবন নিছাই লেওল তছু শরণে॥
তাম্বুল সাজি বদন মাহা দেল।
পুন পুন হেরইতে আরতি না গেল॥
কোরে আগোরি রাখল হিয়া মাঝ।
কো কহ তাকর মরমক কাজ॥
চির পরিপূরিত দুহুঁ অভিলাষ।
হেরই নিয়ড়ে নরোত্তম দাস॥
॥১৬॥২০১৪॥

পাঠান্তর

১। 'ললিত' ক, খ, চ। ২। 'রচিত' ক, খ, চ। 'ললিত' ও 'রচিত' পাঠে ছন্দোভঙ্গ ঘটে।

—

ললিত।

অলসে শুতল বর যুগল কিশোর।
হেরইতে তনু মন শীতল মোর॥
এ সখি আগুসরি নিরখহ রূপ।
রূপ মুরতিধর কিয়ে রস-কূপ॥ধ্রু॥
দুহুঁ তনু মীলল কছু নাহি ভেদ।
বুঝলমু লব-তুল না রহ খেদ॥
শয়নক কৌশল বরণি না যায়।
রাধামোহন তছু বলিহারি যায়॥
॥১৭॥২০১৫॥

—

ললিত ভৈরবী।

রজনিক শেষ সময় অরুণোদয়
ঘূমল সহচরি দেখি।
কত পরকারে জাগায়ল দুহুঁ জনে
বৈঠল শয়ন উপেখি॥
রাধা-মাধব-কেলি।
কৃপণ হেম জনু তিলেক না ছোড়ই
ঐছন দুহুঁ জন মেলি॥ ধ্রু॥
রজনি প্রভাত হেরি ভেল আকুল
সহচরিগণ কহে ভাষ
নিজ গৃহে গমন করণ অব সমুচিত
পুন পূরব অভিলাষ॥
এত শুনি দুহুঁ জন অতিশয় কাতর
কি করব কছু নাহি থেহ।
কহ যদুনন্দন হোয়ল মীলন
এক জীবন ভিন দেহ॥১৮॥২০১৬॥

বিভাষ।

অতি আকুল ভই দুহুঁ জন গেল।
নয়নে গলয়ে জল গদগদ ভেল॥
নিজ নিজ মন্দিরে করল পয়াণ।
কো কহ সো দুখ কহই না জান[১]॥
গৃহ মাহা শেজে শুতল সভে যাই।
বৈঠহি জাগল সুবদনি রাই॥
অতি উতকণ্ঠিত সতত বিভোর।
মোহন কি কহব সো রস ওর॥
॥১৯॥২০১৭॥

পাঠান্তর

১। 'সো সুখ' ইত্যাদি, স্থলে 'দুহুঁ জন পিরিতি সুজান' খ।

ইত্যাদি সমৃদ্ধিমান্ সম্ভোগঃ।
ইতি চতুর্থ-শাখায়াং চতুর্দ্দশ-পল্লবঃ।

অথ সমৃদ্ধিমৎ-সম্ভোগস্য রসোদগারঃ।
তত্র শ্রীগৌরচন্দ্রো যথা।

চিরদিনে গোরাচাঁদের আনন্দ অপার।
কহয়ে ভকতগণে পূরব-বিহার॥
পুলকে পূরল তনু আপাদ-মস্তক।
সোণার কেশর জনু[১] কদম্ব-কোরক॥
ভাবে ভরল মন গদগদ ভাষ।
অনেক যতনে বিহি পূরায়ল আশ॥
শচীর নন্দন গোরা জাতি প্রাণ ধন।
শুনি চাঁদ-মুখের কথা জুড়াইল মন॥
গোরাচাঁদের লীলায় যার হইল বিশ্বাস।
দুখী কৃষ্ণদাস তার দাস-অনুদাস॥
॥১॥২০১৮॥

পাঠান্তর

১। 'জিনে' ক, খ।

বিভাষ।

কেমনে বিনোদ নাগর আসিয়া
নিকুঞ্জে মিলল তোয়।
অনেক দিবসে শুনিতে মানসে
সাধ লাগে বড় মোয়॥
তোহারি দুখেতে দুখিত হিয়া
যেমত জরিয়া গেল।
সরস বচনে অমিয়া-সেচনে
তেমতি করহ ভাল॥
রাই তোহারি নিছনি লৈয়া মরি।
সো পহু-রতনে মিললি যতনে
এ দুখ-সায়রে তরি॥ধ্রু॥

কি কথা কহিল কি রস রচিল
কহিয়া পূরাহ আশ।
অতি চিরকালে করহ শীতলে
কহয়ে অনন্তদাস ॥২॥২০১৯॥

বিভাষ।

রজনিক আনন্দ কি কহব তোয়।
চিরদিনে মাধব মীলল মোয় ॥
হিয়ায়[1] হইতে মোরে না করে বাহির।
হেরইতে বদন নয়নে বহে নীর ॥
দারিদ[2] হেম জনু তিলেক না ছোড়।
ঐছনে হাম রহলুঁ পিয়া-কোর ॥
যতহুঁ বিপদ কছু না কহলুঁ[3] রোয়।
কহইতে কৈছে কি জানি কিয়ে হোয় ॥
নাগর গরগর আরতি বিথার।
দাস অনন্ত কহই রস-সার ॥৩॥২০২০॥

পাঠান্তর

১। 'হিয়ার' খ। ২। 'দারিদ্র' ক, খ, চ। ৩। 'কহল' ঘ।

ধানশী।

ঝাঁপল বিরহ-মিহির নবজলধর
সুন্দর-দরশন ছায়।
কয়ল সুশীতল সুরত-তরঙ্গিণি
সরস সমাগম-বায় ॥
এ সখি চতুর-শিরোমণি নাহ।
মধুর সম্ভাষ-সুধারস বরিখণে
পূরল অব অবগাহ ॥ধ্রু॥
তহি[1] অতি খরতর মনসিজ-মারুত
বাঢ়ল গাঢ় তরঙ্গ।
বূরল[2] লাজ-ধরাধর ধৈরজ-
মীন মতঙ্গজ সঙ্গ ॥

ভাসল হাস-কুমুদ পুলকাঙ্কুর
উয়ল স্বেদ-উদ-বিন্দু।
কহ ঘনশ্যাম দাস অছু হোয়ল
যৈছে তটিনি অরু সিন্ধু ॥৪॥২০২১॥

পাঠান্তর

১। 'তহি' ক, ঘ, চ পুথিতে নাই। ২। 'বূঝল' চ।

টীকা

১—৪। "ঝাঁপল" ইত্যাদি। নব-জলধর (অর্থাৎ জলদ-শ্যাম শ্রীকৃষ্ণ) সুন্দর-দর্শন অর্থাৎ সুদৃশ্য ছায়া (এক অর্থে—অনাতপ; অন্য অর্থে—কান্তি) দ্বারা বিরহ-রূপ সূর্য্যকে আচ্ছাদিত অর্থাৎ নিবারিত করিল; (এবং) সুরত-তরঙ্গিণী অর্থাৎ সম্ভোগ-লীলার প্রবাহিণী-রূপ শ্রীরাধা রসযুক্ত সম্মিলন-রূপ বায়ু দ্বারা (প্রিয়তমকে) সুশীতল করিল।

৫—৭। "এ সখি" ইত্যাদি। হে সখি! নাথ শ্রীকৃষ্ণ চতুর-শিরোমণি; (সময়) বুঝিয়া এখন সুমধুর সম্ভাষণ রূপ অমৃত বর্ষণ দ্বারা (সুরত-তরঙ্গিণী-রূপ শ্রীরাধার অঙ্গ) পূর্ণ করিল।

৮—১১। "তহি" ইত্যাদি। তাহাতে অতি খরতর কন্দর্পরূপ পবন হেতু (সুরত-তরঙ্গিণীর) প্রবল তরঙ্গ বৃদ্ধি পাইল; (গুরুত্ব হেতু) তাহাতে লজ্জারূপ পর্ব্বত ধৈর্য্য-রূপ মৎস্য ও (জল-) হস্তীর সহিত নিমগ্ন হইল।

১২—১৫। "ভাসল" ইত্যাদি। (লঘুত্ব হেতু) হাস্য-রূপ কুমুদ-পুষ্প ও রোমাঞ্চ-রূপ (জলজ-লতার) অঙ্কুর ভাসিয়া উঠিল এবং (জল-বুদ্বুদ-স্বরূপ) স্বেদ-জলের বিন্দু উদিত হইল। ঘনশ্যাম দাস কহিতেছেন—ঐরূপ হইল যেন তটিনী আর সমুদ্র; অর্থাৎ তটিনী যেন কখনও সমুদ্রে রস-ধারা অর্পণ করে আবার কখনও সমুদ্র হইতে রস-ধারা গ্রহণ করিয়া থাকে

সেইরূপ তটিনী-রূপিণী শ্রীরাধা ও সমুদ্র-রূপী শ্রীকৃষ্ণের মধ্যে রসের আদান-প্রদান চলিতে লাগিল।

তুলনা করুন—

"মুখার্পণেষু প্রকৃতি-প্রগল্ভাঃ
স্বয়ং তরঙ্গাধর-দান-দক্ষঃ।
অনন্যসামান্য-কলত্র-বৃত্তিঃ
পিবত্যসৌ পায়য়তে চ সিন্ধুঃ।"
—রঘুবংশ, ১৩।৯

সিন্ধুড়া।

বিবিধ কুসুম আনিয়া নাগর
করল আমার বেশ।
বেণী বানাইয়া কবরী বান্ধল
যতনে আচড়ি[১] কেশ॥
সখি হে কি কব সুখের কথা।
দাবানলে পুড়ি ফুল বিথারল
যৈছন লবঙ্গ-লতা॥ধ্রু॥
দারুণ শিশিরে পদুমিনী জনু[২]
জীবনে মরিয়া ছিল।
প্রবল রবির কিরণ পাইয়া
জনু বিকসিত ভেল॥
ঐছে মোর পিয়া বেশ বানাইয়া
রাখিল হিয়ায় ভরি॥
এ দাস অনন্ত কহই পিরিতি[৩]
বালাই লইয়া মরি॥৫॥২০২২॥

পাঠান্তর

১। 'আচোরি' ঘ ; 'আচরি' চ। ২। 'যেন' ঘ।
৩। 'পিরিতির' ঘ, চ।

সোরাষ্ট্রী।

দূরে গেল যত বিরহ-বাধা।
অমিয়া-সাগরে ডুবল রাধা॥
কি কহব সখি তোহারি ঠাম।
বিপরীত সব কয়লু হাম॥
ধৈরজ সরম রহল দূর।
তার মনোরথ করিলু পূর।
সে দিলে আমারে জীবন-দান।
তেঞি সে হইলু তাহার ভান॥
অনন্ত কহয়ে শুন হে সখি।
এ কথা শুনিলে সবাই সুখী॥
॥৬॥২০২৩॥

ইতি চতুর্থ-শাখায়াং পঞ্চদশ-পল্লবঃ।

অথ বসন্ত-সময়োচিত-বিরহোৎকণ্ঠিতানুরাগঃ।

তত্রুচিত শ্রীগৌরচন্দ্রো যথা।

বসন্ত বা কন্দর্প সুহই রাগ।

মধু-ঋতু সময় নবদ্বিপ-ধাম।
সুরধুনি-তীর সবহুঁ অনুপাম॥
কোকিল মধুকর পঞ্চম ভাষ।
চৌদিশে সবহুঁ কুসুম পরকাশ॥
ঐছন হেরইতে গৌর কিশোর।
পুরব প্রেম-ভরে পহুঁ ভেল ভোর॥
ঝর ঝর লোচন ঢরকত লোর।
পুলকে পুরল তনু গদগদ বোল॥
শুনহ মুকুন্দ মরম-অভিলাষ।
আজু নন্দ-নন্দন করত বিলাস॥

সো মুখ যদি হাম দরশন পাও।
তব দুখ খণ্ডয়ে তছু গুণ গাও॥
মোহে মিলাহ ব্রজমোহন পাশ।
এত কহি গৌরক দীঘ নিশাস॥
বুঝই না পরিয়ে ইহ অনুভাব।
বৈষ্ণব দাসক অতি দুখ লাভ॥
॥১॥২০২৪॥

বালা ধানশী।

সরস সুখময় সময় ষটপদ
সারি শুক পিক গায়ই।
কুসুম-বাস প্র- কাশ নব মধু-
মাস সুখ দরশাওই॥
এ সখি ঘরহি রহই না যাওই।
হামারি কান্ত নি- তান্ত বুঝি মঝু
কুসুম-কাননে আওই॥
চলহ তুরিতহিঁ তাহিঁ প্রিয়-সখি
মন্দির অব নাহি ভাওই।
(যাহাঁ) বৃন্দা-বিপিনে বিথার ফুলচয়
শ্যাম-ভ্রমর আলাপই॥
(যাহাঁ) ভোর মোর চ- কোর চাতক
মলয় মারুত মন্দ।
(যাহাঁ) যমুনা-পুলিন ক- দম্ব-তরুমূলে
বিহরে গোকুল-চন্দ॥
(মঝু) চীত গেও তাহাঁ দেহ রহু ইহাঁ
কহলুঁ মরমক বাত।
(নিজ) চরণ প্রিয়-জন রায় চম্পতি
রচই ভাবিনি সাথ॥২॥২০২৫॥

মল্লার।

চললি নিতম্বিনি সখিগণ সঙ্গ।
হেরইতে বৃন্দা-বিপিনক রঙ্গ॥
কালিন্দি-কূল নিকুঞ্জক মাহ।
পেখল তাহিঁ না মীলল নাহ॥
অতি উতকণ্ঠিত আকুল ভেল।
কামুক পাশ এক সখি গেল॥
হেরল শ্যাম-ধাম বন মাঝ।
বিহরই গোকুল-যুবতি-সমাজ॥
হেরইতে সহচরি ছোড়ি নিশ্বাস।
ধাই কহল আসি রাইক পাশ॥
কহতহিঁ মোহন পেখলুঁ হাম।
যুবতি সমাজ বিহরে ঘনশ্যাম॥
॥৩॥২০২৬॥

বসন্ত।

ললিত-লবঙ্গ-লতা-পরিশীলন-
কোমল-মলয়-সমীরে।
মধুকর-নিকর-করম্বিত-কোকিল-
কূজিত-কুঞ্জ-কুটীরে॥
বিহরতি হরিরিহ সরস-বসন্তে।
নৃত্যতি যুবতি-জনেন সমং সখি
বিরহি-জনস্য দুরন্তে॥ধ্রু॥
উন্মদ-মদন-মনোরথ-পথিক-
বধূ-জন-জনিত-বিলাপে।
অলি-কুল-সঙ্কুল-কুসুম-সমূহ-
নিরাকুল-বকুল-কলাপে॥
মৃগমদ-সৌরভ-রভস-বশম্বদ-
নব-দল-মাল-তমালে।
যুবজন-হৃদয়-বিদারণ-মনসিজ-
নখ-রুচি-কিংশুক-জালে॥
মদন-মহীপতি-কনক-দণ্ড-রুচি-
কেশর-কুসুম-বিকাশে।
মিলিত-শিলীমুখ-পাটলি-পটল-
কৃত-স্মর-তূণ-বিলাসে॥

বিগলিত-লজ্জিত-জগদবলোকন-
তরুণ-করুণ-কৃত-হাসে।
বিরহি-নিকৃন্তন-কুন্ত-মুখাকৃতি-
কেতক-দন্তুরিতাশে॥
মাধবিকা-পরিমল-ললিতে নব-
মালিকয়াতিসুগন্ধৌ।
মুনি-মনসামপি মোহন-কারিণি
তরুণাকারণ-বন্ধৌ॥
স্ফুরদতিমুক্ত-লতা-পরিরম্ভণ-
পুলকিত-মুকুলিত-চূতে।
বৃন্দাবন-বিপিনে পরিসর-পরি-
গত-যমুনা-জল-পূতে॥
শ্রীজয়দেব-ভণিতমিদমুদয়তি
হরি-চরণ-স্মৃতি-সারং।
সরস-বসন্ত-সময়-বন-বর্ণন-
মনুগত-মদন-বিকারং॥৪॥২০২৭॥

রামকেলি।

চন্দন-চর্চ্চিত-নীল-কলেবর-
পীত-বসন-বনমালী।
কেলি-চলন্মণি-কুণ্ডল-মণ্ডিত-
গণ্ড-যুগ-স্মিতশালী॥
হরিরিহ মুগ্ধ-বধূ-নিকরে
বিলাসিনি বিলসতি কেলি-পরে॥
পীন-পয়োধর-ভার-ভরেণ
হরিং পরিরভ্য সরাগং।
গোপ-বধূরনুগায়তি কাচি-
দুদঞ্চিত-পঞ্চম-রাগং॥
কাপি বিলাস-বিলোল-বিলোচন-
খেলন-জনিত-মনোজং।
ধ্যায়তি মুগ্ধ-বধূরধিকং মধু-
সূদন-বদন-সরোজং॥

কাপি কপোল-তলে মিলিতা
লপিতুং কিমপি শ্রুতি-মূলে।
চারু চুচুম্ব নিতম্ববতী দয়িতং
পুলকৈরনুকূলে॥
কেলি-কলা-কুতুকেন চ কাচি-
দমুং যমুনা-বন-কূলে।
মঞ্জুল-বঞ্জুল-কুঞ্জ-গতং
বিচকর্ষ করেণ দুকূলে॥
কর-তল-তাল-তরল-বলয়াবলি-
কলিত-কল-স্বন-বংশে।
রাস-রসে সহ-নৃত্য-পরা
হরিণা যুবতিঃ প্রশশংসে॥
শ্লিষ্যতি কামপি চুম্বতি কামপি
রময়তি কামপি রামাং।
পশ্যতি সস্মিত-চারু পরামপরা-
মনুগচ্ছতি বামাং॥
শ্রীজয়দেব ভণিতমিদদ্ভুত-
কেশব-কেলি-রহস্যং।
বিপিন-বিনোদ-কলা-বলিতং
বিতনোতু শুভানি যশস্যং॥
॥৫॥২০২৮॥

কামোদ।

সময় বসন্ত সবহুঁ মন তোষই
কাননে কুসুম-বিকাশ।
মলয়াচলহিঁ ভুজগ-ভয়ে মারুত
চলত হিমাচল পাশ॥
এ সখি ঐছন সুখদয় মাহ।
কা সঞে কান্ত কাম পরিপূরয়ে
মঝু উদবেগ বাঢ়াহ॥ধ্রু॥
অতিশয় চপল-চরিত অতি লম্পট
হামারি মরম নাহি জান।

ইহ সুখ সময়ে আন সঞে বিলসয়ে
এতহুঁ কি সহয়ে পরাণ ॥
কহইতে রাইক গর গর অন্তর
লোচন ঝর ঝর বারি।
সব সহচরিগণ কাতর-অন্তর
মোহন সহই না পারি ॥৬॥২০২৯॥

শ্রীরাগ।

কালিন্দি-তীর নিকুঞ্জক মাঝ।
রোয়ত সুবদনি ছোড়ল লাজ ॥
অতি উতকণ্ঠিত বিরহ-বিষাদ।
সহচরিবৃন্দ গণয়ে পরমাদ ॥
দারুণ কোকিল ভ্রমর ঝঙ্কার।
মলয়-পবনে ধনি করু সিতকার ॥
হরি হরি শবদে লুঠতি সখি-কোর।
অবিরত লোচনে গলতহিঁ লোর ॥
হেরি চলল[১] সখি কানুক পাশ।
কত যে নিবেদব বলরাম দাস ॥৭॥২০৩০॥

পাঠান্তর

১। 'চলত' ক।

দেশাগ রাগ তত্র গান্ধার।

স্তন বিনিহিতমপি হারমুদারং।
সা মনুতে কৃশ-তনুরিব ভারং ॥
রাধিকা বিরহে তব কেশব ॥ ধ্রু ॥
সরসমসৃণমপি মলয়জ-পঙ্কং।
পশ্যতি বিষমিব বপুষি সশঙ্কং ॥
দিশি দিশি কিরতি সজল-কণ-জালং।
নয়ন-নলিনমিব বিদলিত-নালং ॥
শ্বসিত-পবনমনুপম-পরিণাহং।
মদন-দহনমিব বহুতি সদাহং ॥
নয়ন-বিষয়মপি কিশলয়-তল্পং।
কলয়তি বিহিত-হুতাশ-বিকল্পং ॥
ত্যজতি ন পাণি-তলেন কপোলং।
বাল-শশিনমিব সায়মলোলং ॥
হরিরিতি হরিরিতি জপতি সকামং।
বিরহ-বিহিত-মরণেব নিকামং ॥
শ্রীজয়দেব-ভণিতমিতি গীতং।
সুখয়তু কেশব-পদমুপনীতং ॥৮॥২০৩১॥

ধানশী।

ধিক্ ধিক্ মাধব তোহারি সোহাগ।
জানলুঁ তোহারি যতহুঁ অনুরাগ ॥
ইহ মধু-যামিনি কামিনি গোরি।
তোহারি অমীলনে[১] বিরহে বিভোরি ॥
আওল তোহে মিলব করি আশ।
কপট-প্রেম তুহু ভেলি উদাস ॥
অব যদি না মিলহ বিরহিণি পাশ।
নিচয়ে ছোড়হ তব[১] তাকর আশ ॥
সো মানিনি তুহুঁ জানসি কান।
পুন নাহি হেরব তোহারি বয়ান ॥
সো ধনি-সঙ্গ ছোড়ি রহ আন।
এতহুঁ কি তাকর সহয়ে পরাণ ॥
শুনইতে কানুক দরপয়ে চিত।
অন্তরে মানয়ে বহুতর ভীত ॥
গদ গদ কহই আধ-আধ ভাষ।
শুনইতে আকুল বলরাম দাস ॥৯॥২০৩২॥

পাঠান্তর

১। 'অমিলনে' ক, খ, চ। 'তোহারি' শব্দের 'তো' অক্ষর গুরু উচ্চারিত হইলে 'অমিলনে' পাঠে ছন্দ রক্ষিত হইতে পারে ; কিন্তু পদাবলি-সাহিত্যে

প্রায় সর্ব্বত্রই 'তোহারি' শব্দের 'তো' লঘু অর্থাৎ অনেক পরিমাণে 'তু' অক্ষরের ন্যায় উচ্চারিত হয়, সুতরাং ঘ পুথির 'অমীলনে' পাঠই অধিকতর সঙ্গত বোধ হয়। ২। 'অব' ক, খ।

——

বিহাগড়া।

চন্দ্রাবলি সঞে বিলসই মাধব
হেরি চলু রাইক পাশ।
মলিন বয়ান নয়নযুগ ছল-ছল
তেজই দীঘ নিশ্বাস॥
সুন্দরি কি কহব কপটক নেহ।
যাক নাম তুহুঁ শুনই না পারসি
তা সঞে বিলসয়ে সেহ॥ধ্রু॥
অতিরসে মগন সঘন তাহে চুম্বই
চৌদিশে সহচরিবৃন্দ।
সুখময় যামিনি তুহুঁ ভেল তাপিনি
বিগলিত লোচন-নিন্দ॥
কি কহব তাক চরিত অতি শঠপন
কামি সে কামিনি পাশ।
কহলুঁ এতহুঁ নিদেশ তোহে সুন্দরি
এ যদুনন্দন দাস॥১০॥২০৩৩॥

——

বিহাগড়া।

সমুদিত-মদনে রমণী-বদনে
চুম্বন-বলিতাধরে।
মৃগমদ-তিলকং লিখতি সপুলকং
মৃগমিব রজনী-করে॥
রমতে যমুনা-পুলিন-বনে
বিজয়ী মুরারিরধুনা॥ ধ্রু॥
ঘন-চয়-রুচিরে রচয়তি চিকুরে
তরলিত-তরুণাননে।
কুরুবক-কুসুমং চপলা-সুষমং
রতি-পতি-মৃগ-কাননে॥
ঘটয়তি সুঘনে কুচ-যুগ-গগনে
মৃগমদ-রুচি-রুষিতে।
মণি-সরমমলং তারক-পটলং
নখ-পদ-শশি-ভূষিতে॥
জিত-বিস-শকলে, মৃদু-ভুজ-যুগলে
করতল-নলিনী-দলে।
মরকত-বলয়ং মধুকর-নিচয়ং
বিতরতি হিম-শীতলে॥
রতি-গৃহ-জঘনে বিপুলাপঘনে
মনসিজ-কনকাসনে।
মণিময়-রসনং তোরণ-হসনং
বিকিরতি কৃত-বাসনে॥
চরণ-কিশলয়ে কমলা-নিলয়ে
নখ-মণিগণ-পূজিতে।
বহিরপবরণং যাবক-ভরণং
জনয়তি হৃদি যোজিতে॥
রময়তি সুভৃশং কামপি সুদৃশং
খল-হলধর-সোদরে।
কিমফলমবসং চিরমিহ বিরসং
বদ সখি বিটপোদরে॥
ইহ রস-ভণনে কৃত-হরি-গুণনে
মধু-রিপু-পদ-সেবকে।
কলি-যুগ-চরিতং ন বসতু দুরিতং
কবি-নৃপ-জয়দেবকে॥১১॥২০৩৪॥

——

তথা রাগ।

বিরহ-অনলে জ্বলয়ে ধনি।
সখিমুখে শুনি এতহুঁ বাণি॥

কানু আন রমণি সঙ্গ।
শুনি জর-জর সকল অঙ্গ ॥
কোকিলে ভ্রমরে দগধে গাত।
তাহে শতগুণ এতহুঁ[১] বাত ॥
কি করব অব নিকুঞ্জ মাঝ ॥
আপন ললাটে যে ছিল কাজ ॥
ঐছন বিষাদ ভাবই যবে।
এক সখি আসি কহল তবে ॥
কানু আওত তোহারি পাশ।
শুনি কানুরাম ভেল উলাস[২] ॥১২॥২০৩৫॥

পাঠান্তর

১। 'এ তুহুঁ' ক, খ। ২। 'উল্লাস' ক।

মঙ্গল।

সঙ্কেত-কুঞ্জে রাই উতকণ্ঠিত
শুনইতে শ্যামর-চন্দ।
সচকিত-হৃদয়ে মনহি দুখ মানল
জানল হবে কিয়ে দ্বন্দ্ব ॥
ঐছন ভাবি নিদান।
সো সুখ-বিলাস ছোড়ি বর নাগর
তুরিতহিঁ কয়ল পয়াণ ॥ ধ্রু ॥
দ্রুত চলি যাই রাই নিয়ড়ে পুন
ঠাড়ই[১] থরহরি কাঁপি[২] ।
হেরইতে নাহ-বদন বররঙ্গিণি
মুখ-ফেরি কছু না আলাপি[৩] ॥
মানিনি হেরি ফেরি রস-শেখর
করযোড়ে সমুখে ডড়াই[৪] ।
অবনত বদন কয়ল[৫] তব মানিনি
উদ্ধবদাস রহুঁ চাই ॥১৩॥২০৩৬॥

পাঠান্তর

১। 'ঠারই' ক। ২। 'কাঁপ' ক। ৩। 'আলাপ' ক। ৪। 'ডাড়াই' ক, চ। ৫। 'করল' ক।

সুহই।

ইহ মধু-যামিনি ধনি ভেল মানিনি
না হেরই নাহ-বয়ান।
ইহ সুখ-সময় সবহুঁ বন ফুলময়
বিফল ভেল পাঁচবাণ ॥
এ সখি অবহুঁ কি করব উপায়।
এ সুবদনি ধনি ও রস-শিরোমণি
ভাগ্যে হোয়ত এক ঠায় ॥
এত কহি সহচরি নাগর-মুখ হেরি
ইঙ্গিত কয়ল নয়ানে।
বুঝি বর নাহ বাহু ধরি সাধয়ে
ঝটকই মানিনি মানে ॥
কর যোড়ি কানু চরণ ধরি সাধয়ে
কণ্ঠহি দেই পিত বাস।
সহচরিগণ তব রাই বুঝায়ত
কহ রাধাবল্লভ দাস ॥১৪॥২০৩৭॥

গান্ধার।

ছোড়ল অভরণ মুরলি-বিলাস।
পদতলে লুঠয়ে সো পিত-বাস ॥
যাক দরশ বিনে ঝরয়ে নয়ান।
অব নাহি হেরসি তাক বয়ান ॥
সুন্দরি তেজহ দারুণ মান।
সাধয়ে চরণে রসিকবর কান ॥
ভাগ্যে মিলয়ে ইহ শ্যাম রসবন্ত।
ভাগ্যে মিলয়ে ইহ সময় বসন্ত ॥

ভাগ্যে মিলয়ে ইহ প্রেম-সাঙ্গাতি[১] ।
ভাগ্যে মিলয়ে ইহ সুখময় রাতি ॥
আজু যদি মানিনি তেজবি কান্ত ।
জনম গোঙায়বি রোই একান্ত ॥
বিদ্যাপতি কহে প্রেমক রীত ।
যাচিত তেজি না হয় সমুচীত[২] ॥
॥১৫॥২০৩৮॥

পাঠান্তর

১। 'সাঙ্গাতি' ক; 'সাংহাতি' ঘ । ২। 'সমুচিত' ক, চ।

—

তথা রাগ।

মুঞি জানহুঁ[১] হরি রাইক পরিহরি
স্বপনহুঁ আন না জান।
বিদগধ-বাদে কোই পরিবাদব
তেঁঞি কিয়ে তেজবি[২] কান ॥
সুন্দরি নাগর[৩] নাহ সুজান।
কুন্তল-পিঞ্ছে চরণ নিরমঞ্ছল
অব কিয়ে সাধসি মান ॥ধ্রু॥
যাকর মুরলি আলাপনে কত কত
কুল-রমণীগণ ভোর ॥
তোহারি-প্রেম-ভরে বাত না নিকসই
অতয়ে কি মানসি থোর ॥
প্রেমক দহন প্রেম পয়ে শীতল
আন হোত[৪] নাহি আন।
কিশলয় মলয়জ চন্দনে দগধই
গোবিন্দদাস পরমাণ ॥১৬॥২০৩৯॥

পাঠান্তর

১। 'জানলু' ঘ। ২। 'তেজব' ঘ। ৩। 'নাগরী' ক। ৪। 'হোয়ত' থ।

টীকা

১—৪। "মুঞি" ইত্যাদি। আমি জানি, হরি রাধাকে পরিত্যাগ করিয়া স্বপ্নেও অন্য জানে না; (এ অবস্থায়) কেহ রসিক-খ্যাতিদ্বারা পরিবাদ দিবে অর্থাৎ কৃষ্ণকে রসিক হেতু লম্পট বলিয়া অপবাদ করিবে—তাই কি কৃষ্ণকে পরিত্যাগ করিবি?

১২—১৫। "প্রেমক" ইত্যাদি। প্রেমের জ্বালা প্রেম হইতেই শীতল হয়; (উহাতে) অন্য অন্য অর্থাৎ জ্বালা-নিবারক বলিয়া প্রসিদ্ধ অন্যান্য বস্তু খাটে না; (কেন না, উহাতে) নবপল্লব ও মলয়জ চন্দনে অঙ্গ দগ্ধ করে—গোবিন্দদাস (উহার) প্রমাণ অর্থাৎ সাক্ষী।

তথা রাগ।

সখিগণ-বচন না শূনল মানিনি
রোখে চলত নিজ বাস।
সো বরনাগর কাতর অন্তর
ছোড়ল তছু আশোয়াশ ॥
হরি হরি সবহুঁ আন-মত ভেল।
মনমথ-অমিয়া সিনায়ব সহচরি
কষায় দহনে দহি গেল ॥
কাতরে কুঞ্জ তেজি সব কলাবতি
মন্দিরে করল পয়াণ।
পন্থ বিপথ কিছু লখই না পারয়ে
মানিনি-মলিন বয়ান ॥
তাপিনি তপত তৈলে জনু জারিত
বৈঠল মন্দিরে যাই।
জাগিয়া রজনি পোহায়ল সহচরি
গোবিন্দ দাস অবসাই ॥১৭॥২০৪০॥

ইত্যাদি বিরহোৎকণ্ঠিত-মানিনী-বসন্ত-কালোচিত-গানং।

—

অথ দিনান্তরে

শ্রীমদ্গৌরচন্দ্রো যথা।

পাহিড়া।

সকল ভকত মেলি আনন্দে হুলাহুলি[১]
আইলা গৌরাঙ্গ-দরশনে।
গৌরাঙ্গ শুতিয়া আছে কেহু ত নাহিক কাছে
নিশি জাগি মলিন বদনে॥
ইহ বড় অদভুত রঙ্গ।
উঠিয়া গৌর[২] হরি ভূমিতে বসিলা[৩] ফেরি
না বৈসয়ে কাহুক সঙ্গ॥ধ্রু॥
দেখিয়া ভকতগণ চমকিত হৈল মন
বিরস বদন কি কারণে।
সভে কহে হায় হায় কিছুই না বুঝা যায়
কি ভাব উঠিল আজি মনে॥
কেহু লহু লহু করে মুখানি পাখালে নীরে
কেহ করে কেশ সম্বরণ।
কিছু না জানিয়ে মোরা ভাবের মূরতি গোরা
বাসুঘোষ মলিন-বদন॥১৮॥২০৪১॥

পাঠান্তর

১। ক পুথিতে 'হুলাহুলি' শব্দ-স্থলে ত্রুটি-চিহ্ন আছে। ২। 'গৌরাঙ্গ' ক, খ। ৩। 'বসিয়া' ক, খ, চ।

পঠ-মঞ্জরী।

মানে মলিন বদন-চাঁদ।
হেরি সহচরি হৃদয় কান্দ॥
অবনত করি আপন শীর।
সঘনে নয়নে গলয়ে নীর॥
ক্ষিতি-তল নখে লিখই রাই।
ধীর নয়নে রহয়ে চাই॥
সখিগণ কছু না কহে বাত।
অরুণ বসন খসয়ে গাত॥
ফুয়ল কবরি না বান্ধে তায়।
কাতরে শেখর দাঁড়ঞা চায়॥
॥১৯॥২০৪২॥

কোরাগিণী।

সকালে অমনি বৃন্দা ঠাকুরাণী
আইলা ললিতা পাশ।
কহিলা সকলি কানুর বিকুলি
মধুর বিনয়-ভাষ॥ *
ইতি পদং অত্র গেয়ং॥২০॥২০৪৩॥

* 'সকালে অমনি' ইত্যাদি পদটি ৪৮৭ সংখ্যক পদ-রূপে ২য় শাখার ১৭শ পল্লবে পূর্ব্বে উদ্ধৃত হইয়াছে; সুতরাং সম্পূর্ণ পদ ও পাঠান্তর সেখানে দ্রষ্টব্য।

অথ বৃন্দা-দেব্যুক্তিঃ।

গান্ধার।

তোহারি বিরহ- বেদনে বাউর
সুন্দর মাধব মোর।
ক্ষেণে অচেতন ক্ষেণে সচেতন
ক্ষেণে নাম ধরু তোর॥ *
ইতি পদং অত্র গেয়ং॥২১॥২০৪৪॥

* 'তোহারি বিরহ-' ইত্যাদি পদটি ৫৩০-সংখ্যক পদ-রূপে ২য় শাখার ১৮শ পল্লবে পূর্ব্বে উদ্ধৃত হইয়াছে; সুতরাং সম্পূর্ণ পদ ও পাঠান্তর সেখানে দ্রষ্টব্য।

দেশ-বরাড়ী।

বহতি মলয়-সমীরে মদনমুপনিধায়।
স্ফুটতি কুসুম-নিকরে বিরহি-হৃদয়-দলনায়॥
সখি হে সীদতি তব বিরহে বনমালী॥ধ্রু॥

দহতি শিশির-ময়ূখে মরণমনুকরোতি।
পতর্তি মদন-বিশিখে বিলপতি
বিকলতরোঽতি ॥
ধ্বনতি মধুপ-সমূহে শ্রবণমপিদধাতি।
মনসি বলিতবিরহে নিশি নিশি রুজমুপযাতি ॥
বসতি বিপিনবিতানে ত্যজতি ললিত-ধাম।
লুঠতি ধরণি-শয়নে বহু বিলপতি তব নাম ॥
ভণতি কবি-জয়দেবে বিরহ-বিলসিতেন।
মনসি রভস-বিভবে হরিরুদয়তু সুকৃতেন ॥
॥২২॥২০৪৫॥

ভূপালী।

এ ধনি মানিনি কঠিন-পরাণি।
এতহুঁ বিপদে তুহুঁ না কহসি বাণী ॥
ঐছন নহ ইহ প্রেমক রীত।
অবকে মীলন হয়ে সমুচীত ॥
তোহারি বিরহে যব তেজব পরাণ।
তব তুহুঁ কা সঞে সাধবি মান ॥
কো কহে কোমল-অন্তর তোয়।
তুহুঁ সম কঠিন-হৃদয় নাহি হোয় ॥
অব যদি না মিলহ মাধব সাথ।
বিদ্যাপতি তব না কহব বাত ॥
॥২৩॥২০৪৬॥

সুহই। ছুটা দশকোশী১।

না কহ না কহ সখি না কহিও আর।
সকল ছাড়িয়া যারে সার করিয়াছি গো
সে ত না হইল আপনার ॥ধ্রু॥
কুল শীল তেয়াগিয়া যার নাম ধেয়াইয়া
জাগি নিশি বসিয়া কাননে।
সে জন আমারে ছাড়ি আনে বিলসয়ে গো
এত কিয়ে সহয়ে পরাণে ॥
আমি ত অবলা জাতি আর তাহে কুলবতী
আমরা কি প্রেম-অনুরাগী।
কত প্রেমবতী সনে তাহারি বিলাস গো
সে কেনে মরিবে মোর লাগি ॥
শুনিয়া কহয়ে দূতী করযোড়ে করে নতি
ক্ষেম ধনি সব অপরাধ।
কানুরাম দাসে কয় মিলন উচিত হয়
প্রেমে পড়িবে পাছে বাদ ॥২৪॥২০৪৭॥

পাঠান্তর

১। 'ছুটা দশ কোশী' ক, খ; 'ছোট দশকোশী' চ।

কামোদ।

সব সখিগণ মেলে দেব-আরাধন-ছলে
কাননে চলিল ধনী রাই।
সহচরীগণ সনে কুসুম তোড়ই বনে
যতনে হার নিরমাই ॥
বসিয়া মাধবী-কুঞ্জ মাঝে।
অন্তরে মিলিব আশে বাহিরে না পরকাশে
অভিমান গরব বেয়াজে ॥ধ্রু॥
বুঝিয়া মরম-আশ চলিলা নাগর পাশ
পরম চতুরি প্রিয়-সখী।
যেখানে রসিক-রাজ বসিয়া কুঞ্জের মাঝ
বিরহে ঝরয়ে দুটি আঁখি।
তাহারে দেখিয়া কান পাইল পরাণ দান
করযোড়ে কহে সখী পাশ।
পর-দুখে দুখী হৈয়া দেহ রাই মিলাইয়া
তোমার নিছনি কানু দাস ॥
॥২৫॥২০৪৮॥

সুহিনী।

নয়ন-পুতলী রাধা মোর।
হৃদি মাঝে রাধিকা উজোর॥
মোর সরবস সুবদনী।
অব কাহে হইল মানিনী॥
আমারে তেজিল কি লাগিয়া।
না দেখিয়া ফাটি যায় হিয়া॥
যে মোরে তিলেক না দেখিলে।
কত যুগ না দেখিলুঁ বোলে॥
যে মোর হিয়ার মাঝে থাকি।
সদা উঠে চমকি চমকি॥
সে ধনী কি মোরে উপেখিল।
সে কেমনে পরাণ ধরিল॥
এত বিলপয়ে যব কান।
ঝরঝর ঝরয়ে নয়ান॥
আকুল দেখি শ্যাম-চাঁদ।
এ যদুনন্দন মন কান্দ॥২৬॥২০৪৯॥

তথা রাগ।

বিদগধ নাগর কাতর দেখিয়া
চমকিত দোতিক চীত।
ঐছে বিলাপ শুনিতে তনু পুলকিত
অন্তরে ভেল বহু ভীত॥
মাধব থীর করহ নিজ প্রাণ
তোহে উপেখি সোই কুল-কামিনি
কা সঞে সাধব মান॥ ধ্রু॥
তুয়া লাগি হাম তাহে বহু সাধব
তোহে লেয়ব তছু ঠাম।
মানিনি-মান মানাই তোহারি সনে
পুরায়ব সব মনকাম॥

এতহুঁ নিদেশ কহল যব সো সখি
কহ পুন ছোড়ি নিশাস।
সো সব শুনইতে হৃদয় বিদারয়ে
কহ যদুনন্দন দাস॥২৭॥২০৫০॥

তথা রাগ।

সখীর বদন হেরিতে নাগর[১]
নিঝরে নয়ান ঝরে।
শয়নে স্বপনে না জানি যা বিনে
সে কেনে এমন করে॥
শুন লো মরমি[২] সখি।
সে ধনী-নিয়ড়ে যাইব কেমনে
সদয় হইবে নাকি॥
যদি পুন ধনী আমারে দেখিয়া
ফিরিয়া বৈসয়ে রোখে।
আমার কারণ বিনয়-বচন
কহিতে হইবে তোকে॥
হেন মনে করি থীর পদ ধরি
চলিলা দূতীর সনে।
দূতীরে মোহন সাধে পুন পুন
এ যদুনন্দন ভণে॥২৮॥২০৫১॥

পাঠান্তর

১। 'মাধব' খ। ২। 'মরম' ক, খ, চ।

মঙ্গল।

চলল সুনাগর অন্তর গরগর[১]
ঝরঝর লোচনে পানি।
আগে করি দোতি মোতি করি হাতহি
বোলত গদগদ বাণি॥
এ সখি ধনি কি করব পরসাদ।

এহ নিজ দাসে দাস করি লেয়ব
পূরব মঝু মন-সাধ ॥
এত কহি কুঞ্জ-সমীপহি আওল
দোতিক সঙ্গহি সঙ্গে।
তুহুঁ আগে যাই রাই সনে মীলহ
তাহিঁ[২] বৈঠল করি ভঙ্গে ॥
কামুক অঙ্গ-গন্ধে বন বাসল[৩]
রাই কহত কিয়ে বাস।
আওব জানি ফেরি ধনি বৈঠল
কহ যদুনন্দন দাস ॥২৯॥২০৫২॥

পাঠান্তর

১। 'দরদর' ঘ। ২। 'তাহে' ক, খ ; 'তাহি' ঘ। ৩। 'ভাসল' ক, খ, চ।

গুর্জ্জরী বরাড়ী।

হরিরভিসরতি বহতি মৃদু-পবনে।
কিমপরমধিকসুখং সখি ভবনে ॥
মাধবে মা কুরু মানিনি মানময়ে ॥ ধ্রু ॥
তাল-ফলাদপি গুরুমতিসরসং।
কিমু বিফলীকুরুষে কুচ-কলসং ॥
কতি ন কথিতমিদমনুপদমচিরং।
মা পরিহর হরিমতিশয়রুচিরং ॥
কিমিতি বিষীদসি রোদিষি বিকলা।
বিহসতি যুবতি-সভা তব সকলা ॥
সজল-নলিন-দল-শীলিত-শয়নে।
হরিমবলোকয় সফলয় নয়নে ॥
জনয়সি মনসি কিমিতি গুরু-খেদং।
শৃণু মম বচনমনীহিত-ভেদং ॥
হরিরুপযাতু বদতু বহু মধুরং।
কিমিতি করোষি হৃদয়মতিবিধুরং ॥
শ্রীজয়দেব-ভণিতমতিললিতং।
সুখয়তু রসিক-জনং হরি-চরিতং ॥
॥৩০॥২০৫৩॥

ধানশী।

মানিনি অতয়ে করহ সমাধান।
আওল অব তুয়া অনুচর কান ॥
অতিশয় ভীতে মিলল ইহ ভবনে।
অপরাধ ক্ষেমি তুহুঁ রাখবি চরণে ॥
যব হরি চরণে পড়ব ধনি তোর।
হামারি শপতি তুহুঁ যদি কছু বোল ॥
যব তোহে গদগদ সাধব কান।
সজল-নয়নে তব হেরবি বয়ান ॥
কহইতে কহবি সরসময় বাত।
পরশিতে রোখে না বারবি হাত ॥
তব পরিপূরব তাকর আশ।
সাধয়ে তব ঘনশ্যামর দাস ॥
॥৩১॥২০৫৪॥

কামোদ।

কত পরকার কহল যব সহচরি
তব ধনি অনুমতি দেল।
নিকটহি নাহ বৈঠি যাহাঁ ভাবয়ে
তুরিতে গমন তাহাঁ কেল ॥
কতহুঁ কহল হরি পাশ।
শুনইতে হরষে চলল বর নাগর
পূরব সব অভিলাষ ॥ ধ্রু ॥
রাইক সমুখে রহল হরি কর যোড়ি
বদনে না নিকসই বাণি।
ভীতহি সঘনে সকল তনু কাঁপয়ে
কত সাধস[১] অনুমানি ॥

তবহুঁ সুধামুখি বয়ন না হেরয়ে
মনহি বিচারল কান।
বাহু পসারি চরণ ধরি সাধয়ে
দাস ঘনশ্যাম রস ভাণ॥
॥৩২॥২০৫৫॥

পাঠান্তর

১। 'সাধব' খ।

ধানশী।

তুহুঁ যদি মাধব চাহসি লেহ।
মদন সাখি করি খত লেখি দেহ॥
মো বিনে নয়নে না হেরবি আন।
হামারি বচনে[১] করবি জল পান॥
ছোড়বি কেলি-কদম্ব-বিলাস।
দূরে করবি গুরু-গৌরব আশ[২]॥
এ সব কবজ ধরব যব হাত।
তবহি তোহারি সঞে মরমকি বাত॥
তব ঘনশ্যাম দাস[৩] মুখ গোই।
কাতর নাহ কহত তব রোই॥
॥৩৩॥২০৫৬॥

পাঠান্তর

১। 'বচনে তুহুঁ' ঘ। ২। 'হাস' খ, ঘ। ৩। 'দাস' ক, খ, চ পুথিতে নাই।

কামোদ।

সুন্দরি বেরি এক কর অবধান[১]।
ক্ষেম অপরাধ প্রেম-বাদ করবি যব
তব কৈছে ধরব পরাণ॥ধ্রু॥৩৪॥২০৫৭॥

ইতি পদমত্র গেয়ং। *

* 'সুন্দরি বেরি এক' ইত্যাদি পদটি ২য় শাখার ১৭শ পল্লবে ৩২২ সংখ্যক পদ-রূপে পূর্ব্বে উদ্ধৃত হইয়াছে; সুতরাং সম্পূর্ণ পদ ও পাঠান্তর সেখানে দ্রষ্টব্য।

ভূপালী।

দেখি সব সখিগণ দুহুঁ জন-প্রেম।
কহ ইহ যৈছন লাখবান হেম॥
বাহু পসারি রাই করু কোর।
নাগর নিজ করে মোছই লোর॥
দূরে গেও মান-জনিত দুখ-পূর।
আনন্দ-সাগরে দুহুঁ জন বুর॥
সুবদনি মরমহি পাওল লাজ।
নাহক পূরল মনোরথ-কাজ॥
চুম্বনে ঈষত বয়ান ধনি ফেরি।
ভরমহি সরম আলিঙ্গন বেরি॥
যব পরিরম্ভণে গদগদ নারী।
যৈছন চরবণ তপত কুশারি॥
ইহ সংকীরণ দুহুঁক বিলাস।
জল সেবই যদুনন্দন দাস॥৩৫॥২০৫৮॥

ইতি চতুর্থ-শাখায়াং ষোড়শ-পল্লবঃ।

টীকা

১১—১২। "যব" ইত্যাদি। নায়িকা (শ্রীরাধা) যখন আলিঙ্গনে গদ্গদ-যুক্তা হইল, অর্থাৎ গদ্গদ-বচনে শ্রীকৃষ্ণকে নিষেধ করিতে লাগিল, (তখন শ্রীকৃষ্ণের এই প্রকার সুখ হইল) যেরূপ তপ্ত (উষ্ণ) কুশারি অর্থাৎ ইক্ষুর চর্ব্বণে হয়। (মানান্তে প্রিয়-সম্মিলনে নায়িকার চিত্ত নায়কের পূর্ব্ব-অপরাধ প্রভৃতির স্মরণে কিঞ্চিৎ বিরস থাকায়—তাহাতে সম্পূর্ণ মিলনের আনন্দ অনুভূত হয় না; ভাবান্তর দ্বারা চিত্ত সঙ্কীর্ণ অর্থাৎ সংমিশ্রিত থাকায়, তাহাতে উষ্ণ ইক্ষু-চর্ব্বণের ন্যায় ক্লেশ-মিশ্রিত সুখ অনুভূত হয়; এ জন্যই মানান্তে সম্ভোগ রস-শাস্ত্রকারগণ কর্ত্তৃক 'সঙ্কীর্ণ সম্ভোগ' নামে অভিহিত হইয়াছে।) তুলনা করুন—

"যত্র সন্ধীর্য্যমাণাঃ স্যুর্ব্যলীকস্মরণাদিভিঃ।
উপচারাঃ স সঙ্কীর্ণঃ কিঞ্চিত্তপ্তেক্ষুপেশলঃ॥"
—উজ্জ্বলনীলমণি।

অথ সর্ব্বকালোচিত শ্রীগৌরচন্দ্রো যথা।

ভাটিয়ারী ১।

ঠাকুর গৌরাঙ্গ নাচে নদীয়া নগরে।
শুনিয়া ত্রিবিধ লোক না রহিল ঘরে ॥ধ্রু॥
হেম-মণি-অভরণ শ্রীঅঙ্গেতে সাজে।
চন্দনে লেপিত অঙ্গ ফাগু-বিন্দু মাঝে ॥
চাঁদ-চন্দনে কিবা সুমেরু ভূষিত।
মালতীর মালা গলে সুরধুনী অলঙ্কৃত ॥
আগে নাচে অদ্বৈত যার লাগি অবতার।
বাহিরে গৌরাঙ্গ নাচে আনন্দ সভার ॥
নাচিতে নাচিতে গোরা[২] যেনা দিগে যায়[৩]।
লাখে লাখে দীপ জ্বলে লোকে[৪] হরি গায় ॥
কুল-বধূ সকল ছাড়িয়া হরি বোলে।
প্রেম-নদী বহে সভার নয়নের জলে ॥
কুঞ্চিত কুন্তল বেড়িয়া নানা ফুলে।
সফুল করবী[৫]-ডাল মল্লিকার[৬] দলে ॥
নাটুয়া-ঠমকে কিবা পহু মোর নাচে।
রামাই সুন্দরানন্দ মুকুন্দ গান পাছে ॥
কি করিব জপ তপ কিবা বেদ-বিধি।
হরিনামে উদ্ধারিলা আচণ্ডালাবধি ॥
কুলবতী আদি করি ছাড়িল গৃহ-কাজ[৭]।
তপস্বী ছাড়িল তপ সন্ন্যাসী সন্ন্যাস ॥
হেন পরকাশে যার না হৈল বিশ্বাস[৮]।
কহে বৃন্দাবন দাস সেই যাবে নাশ ॥

॥১॥২০৫৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৬৮ ও প-র পুথির ৩৮।৮ সংখ্যক পদ। 'তুড়ি' প-র। ২। 'গৌরাঙ্গ' ক। ৩। 'ধায়' প-র। ৪। 'কেহো' ক, খ; চ; প-র-সা। ৫। 'মল্লিকা' প-র-সা। ৬। 'করবীর' প-র-সা। ৭। 'কুলবতী' ইত্যাদি স্থলে 'কুলবতী তারা সব ছাড়ে গৃহবাস' প-র। ৮। 'হেন' ইত্যাদি ভণিতার কলি কেবল প-র পুথিতে আছে।

টীকা

২। "শুনিয়া" ইত্যাদি। ত্রিবিধ লোক—মুক্ত, মুমুক্ষু ও বদ্ধ। মুক্ত পুরুষগণের অন্য কোন প্রয়োজন না থাকিলেও শুক-নারদাদির ন্যায় ভগবানের সাহচর্য্যে তাঁহাদিগের সর্ব্বদাই প্রীতি।

বেলোয়ার১।

নাচত গৌর নটবর[২] রসিয়া।
প্রেম-পয়োধি অবধি নাহি পাওত
দিবস রজনি ফিরত ভাসি ভাসিয়া ॥ধ্রু॥
সোঙরি বৃন্দাবন শ্বাস ছাড়ে ঘন ঘন
রাই রাই বলে হাসি হাসিয়া।
নিজ-মন-মরম ভরম নাহি রাখত
রহত ত্রিভঙ্গ[৩] বাজাওত বাঁশিয়া ॥
মত্ত সিংহসম[৪] ঘন ঘন গরজন
চঞ্চল পদ-নখ-শশিয়া।
কটি-তটে অরুণ-বরণ বর অম্বর
খেণে খেণে উড়ত পড়ত খসি খসিয়া ॥
পুলকাঞ্চিত সব গৌর-কলেবর
কাটত অখিল পাপ-পুণ্য-ফাঁসিয়া।
ধরণি উপরে খেণে লুঠত বৈঠত
উঠত রামানন্দ-ভয়[৫] নাশিয়া ॥

॥২॥২০৬০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৬৯ সংখ্যক পদ। ২। 'গৌরবর' ক; 'গৌরাঙ্গ নটবর' প-র-সা।

৩। 'ত্রিভঙ্গী' প-র-সা। ৪। 'সিংহ যেন' খ।
৫। 'ভবভয়' ঘ।

বেলোয়ার১।

সুবলিত বলিত ললিত পুলকায়িত
মুরতি২ পিতিতিময় কাঞ্চন-কাঁতি।
শারদ-চাঁদ ছাঁদ৩-মুখ-মণ্ডল
লীলা-গতি রতি-পতিকো ভাতি॥
গৌর মোহনিয়া বনি৪ নাচে।
অরুণ চরণে মণি-মঞ্জির রঞ্জিত
অঙ্গে অঙ্গে কত কাচনি কাচে॥ধ্রু॥
গদগদ ভাষ হাস রসে রোয়ত
অরুণ নয়নে কত ঢরকত লোর।
নটন-রঙ্গে কত অঙ্গ-বিভঙ্গিম
আনন্দে মগন সঘনে হরি বোল॥
বনি বনমাল লাল উর-উপর৫
কনয়াশিখরে কিরণাবলি-ভাতি।
জ্ঞানদাস-আশ ওই অহনিশি৬
গাওই গোরাগুণ ইহ দিনরাতি॥
॥৩॥২০৬১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৭০ সংখ্যক পদ।
২। 'যুবতি-' ক। ৩। 'চাঁদ' ক। ৪। 'বনিয়া' ঘ। ৫। 'উপর' ক, চ; প-র-সা; 'পর' খ।
৬। 'নিরবধি' প-র-সা।

ধানশী১।

হেম-বরণ বর সুন্দর বিগ্রহ
সুর-তরুবর পরকাশ।
পুলক পত্র নব প্রেম পকফল
কুসুম মন্দ মৃদু-হাস॥ধ্রু॥

নাচত গৌর মনোহর অদভুত
রাজিত সুরধুনি-ধার।
ত্রিজগত-লোক ওক ভরি পাওল
ভকতি-রতন-মণিহার॥
ভাব-বিভবময় রস রূপ২ অনুভব
সুবলিত সুখময় অঙ্গ।
দ্বিরদ-মত্ত-গতি অতি সুমনোহর
মুরছিত লাখ অনঙ্গ॥
ধনি খিতি-মণ্ডল ধনি নদিয়াপুর
ধনি ধনি ইহ কলি-কাল।
ধনি অবতার ধনি রে ধনি কীর্ত্তন
জ্ঞানদাস নহ পার॥৪॥২০৬২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৭১ সংখ্যক পদ।
২। 'রস রূপ' স্থলে 'রসময়' প-র-সা।

বেলোয়ার১।

নাচত নীকে২ গৌরবর-রতনা।
ভকত-কল্পতরু কলি-মদ-মথনা॥
গরগর ভাবে তনু পুলকিত সঘনা।
নিজগুণে নিগূঢ় প্রেম-রসে মগনা॥
ভাবে বিভোর লোর ঝরু নয়না।
নিরবধি হরি হরি বোলত বয়না॥
গড়ি গড়ি ভূমে করত কত করুণা।
শ্রীপদ-কুসুম সুকোমল অরুণা॥
অজ ভব আদি সতত করু ভাবনা।
করু কবিশেখর সো পদ সেবনা৩॥
॥৫॥২০৬৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৭২ সংখ্যক

পদ। ২। 'নিকে' প-র-সা। ৩। 'ভাবনা' প-র-সা।

তথা রাগঃ১।

দেখ শচীনন্দন জগত-জীবন-ধন
অনুখণ প্রেম-ধন জগ-জনে যাচে।
ভাবে বিভোর বর গৌর-তনু পুলকিত
সঘনে বোলাঞা হরি গোরা পঁহু২ নাচে॥
সব অবতার-সার গোরা অবতার।
হেম-বরণ যিনি নিরুপম তনুখানি
অরুণ নয়নে বহে প্রেমক ধার॥ধ্রু॥
বৃন্দাবন-গুণ শুনি লুঠত সে দ্বিজ-মণি
ভাব-ভরে গরগর পহুঁ মোর হাসে।
কাশীশ্বর অভিরাম পণ্ডিত পুরুষোত্তম
গুণ গান করতহি নরহরি দাসে॥
খোল করতাল শুনি কিবা শিশু কিবা ধনী
ধায়ত সবহুঁ প্রেম-প্রতিআশে।
এমন গৌর-গুণ যাক জাগয়ে মন
তাকর সেবক রামচন্দ্র দাসে॥

॥৬॥২০৬৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৭৩ সংখ্যক পদ।
২। 'বোলাঞা' ইত্যাদি স্থলে 'বোলাই হরি হরি পহু' খ; প-র-সা।

মঙ্গল১।

হরি হরি মঙ্গল ভরল খিতি-মণ্ডল
রসময় রতন-পসার।
নিজ গুণ-কীর্ত্তন প্রেম-রতন ধন
অনুখণ করু পরচার॥
নাচত নটবর গৌর কিশোর।
অনুখণ ভাবে বিভাবিত অন্তর
প্রেম-সুখের নাহি ওর॥ধ্রু॥
কুন্দন-কনয়-বিরাজিত কলেবর
বিহি সে করল নিরমাণ।
মনমথ মুরুছিত অঙ্গহি অঙ্গ কত
রূপ দেখি হরল গেয়ান॥
যা কর ভজন শিব চতুরানন
করু২ মন-মরম সন্ধান।
হেন নাম-হার যতন করি গাঁথই
পতিত জনেরে করে দান॥
অন্ধকার-কূপে মগন দেখিয়া জীব
নবদ্বীপে পহু পরকাশ।
প্রেম-রতন ধন জগ ভরি বিতরল
বঞ্চিত বলরাম দাস ॥৭॥২০৬৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৭৪ সংখ্যক পদ।
২। 'কর' খ।

ত রাগঃ১।

নাচত গৌর সুনাগর-মণিয়া।
খঞ্জন-গঞ্জন পদযুগ-রঞ্জন
রণরণি মঞ্জির মঞ্জুল-ধ্বনিয়া॥
সহজই কাঞ্চন- কাঁতি কলেবর
হেরইতে জগ-জন-মন-মোহনিয়া।
তহিঁ কত কোটি মদন-মন মুরছল
অরুণ-কিরণ কিয়ে অম্বর বনিয়া॥
ডগ মগ দেহ থেহ নাহি বান্ধই
দুহুঁ দিঠি-মেহ সঘনে বরিখণিয়া।
প্রেমক সায়রে ভুবন মজাওই
লোচন-কোণে করুণ নিরখণিয়া॥

ও রসে ভোর ওর নাহি পায়ই
পতিত কোরে ধরি ভুবন[২] বিয়াপি।
কহ বলরাম লম্ফ ঘন হুঙ্কৃতি
হেরি পাষণ্ড-হৃদয় অতি কাঁপি ॥

॥৮॥২০৬৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৭৫ সংখ্যক পদ। ২। 'ভূতল' প-র-সা।

—

মল্লার কামোদ[১]।

গোবিন্দ মাধব শ্রীনিবাস রামানন্দে।
মুরারি মুকুন্দ মেলি[২] গায় নিজ-বৃন্দে ॥
শুনিয়া পুরব-গুণ উনমত হৈয়া।
কীর্ত্তন-আনন্দে পহু পড়ে মুরছিয়া ॥
কিয়ে অপরূপ কথা কহনে না যায়।
গোলোকের[৩] নাথ হৈয়া ধুলায় লোটায় ॥
ভাবে গরগর চিত গদাধর দেখি।
কান্দিয়া আকুল পহু ছলছল আঁখি ॥
শ্রীপাদ বলিয়া পহু ভূমে[৪] পড়ি কান্দে।
বুঝিয়া মরম-কথা কান্দে নিত্যানন্দে ॥
দেখিয়া ত্রিবিধ লোক কান্দে গোরা-রসে।
এ সুখে বঞ্চিত ভেল বলরাম দাসে ॥

॥৯॥২০৬৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৭৬ সংখ্যক পদ। ২। 'মিলি' ক। ৩। 'গোলোক' ক, চ; প-র-সা। ৪। 'ধরণী' ক, খ, ঘ, চ।

টীকা

১১। "দেখিয়া" ইত্যাদি। (উত্তম, মধ্যম ও অধম) তিন প্রকার লোকেই গৌরাঙ্গের অনুরাগে কান্দিতেছে। তুলনা করুন—

"উত্তম মধ্যম অধম জীব
সবহুঁ প্রেম-অমিয়া পীব
তহিঁ বলরাম বঞ্চিত একলে
সাধু ঠামে অপরাধিয়া ॥"—২১১১ সং পদ।

—

কেদার[১]।

মণ্ডলী রচিয়া সহচরে।
তার মাঝে গোরা নটবরে ॥ধ্রু॥
নাচে বিশ্বম্ভর সঙ্গে গদাধর
নাচে নিত্যানন্দ রায়।
পুরব কৌতুক ভুঞ্জে প্রেম-সুখ
স্বভাবে[২] বুঝিয়া পায় ॥
ঘরে ঘরে শ্যাম- সুন্দর-মূরতি
পিরীতি ভকতি দিয়া।
করে সংকীর্ত্তন যাচে প্রেম-ধন
সব সহচর লৈয়া[৩] ॥
পুরুষ নাচে[৪] প্রকৃতি-ভাবে
পুরুষ-ভাবে যুবতী[৫]।
যার যেই ভাব পাইয়া স্বভাব
নাচে কত শত জাতি ॥
কহে নয়নানন্দ নদীয়া-আনন্দ
আনন্দে ভুবন ভোরা।
দুখিত[৬]-জীবন[৭] মাধব-নন্দন-
চরণে শরণ মোরা ॥১০॥২০৬৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৭৭ ও ২২১৩ সংখ্যক পদ। ২। 'সভারে' প-র-সা। ৩। 'সব' ইত্যাদি স্থলে 'সভারে সদয় হৈয়া' প-র-সা। ৪। 'নাচত' প-র-সা। ৫। 'প্রকৃতি প-র-সা। ৬। 'দুঃখিত' ক, খ; প-র-সা। ৭। 'জীবজন' ঘ।

টীকা

১৭—১৮। "দুখিত" ইত্যাদি। দুঃখিত-জীবন আমরা (আমি পদকর্ত্তা নয়নানন্দ ও আমার প্রিয়বন্ধুগণ) মাধব-নন্দন অর্থাৎ গদাধর পণ্ডিতের চরণে আশ্রয় (লইলাম)।

—

পঠমঞ্জরী১।

দুহুঁ দুহুঁ পিরিতি আরতি নাহি টুটে।
পরশে পরম২ কত কত সুখ উঠে॥
নাচয়ে গৌরাঙ্গ মোর গদাধর-রসে।
গদাধর নাচে পুন গৌরাঙ্গ-বিলাসে॥
প্রকৃতি পুরুষ কিবা জানকী শ্রীরাম।
রাধা-কানু এই কিবা রতি দেব কাম॥
অনন্ত অনঙ্গ জিনি অঙ্গের বলনি।
উপমা মহিমা-সীমা কি বলিতে জানি॥
মুখে চাঁদ৩ কি বর্ণিব নিতি জীয়ে মরে।
কর-পদে৪ পদ্ম কিবা হিম-ভরে ঝরে॥
প্রেম-কীর্ত্তন-সুখ নদীয়া নগরে।
প্রেমের গৃহিণী সে পণ্ডিত গদাধরে॥
প্রেম-পরশ৫-মণি শচীর নন্দন।
উদ্ধারিল জগ-জন দিয়া প্রেম-ধন॥
কহে নয়নানন্দ দোঁহার বিহার৬।
শুনিতে হরয়ে মন ইথে কি বিচার॥

॥১১॥২০৬৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৭৮ ও ২৪৬০ সংখ্যক পদ। ২। 'মরম' ঘ। ৩। 'মুখ-চাঁদ' ক। ৪। 'করপদ' ঘ। ৫। 'পরম' ক; প-র-সা। ৬। 'বেহার' খ, ঘ; প-র-সা।

টীকা

৯—১০। "মুখে" ইত্যাদি। (শ্রীগৌরাঙ্গের) মুখের (তুলনায়) চন্দ্রকে কি বর্ণনা করিব? (সে) নিত্য জীবিত হয়, (নিত্য) মরে; হস্ত ও পদের (তুলনায়) পদ্ম কি? (কেন না) হিম-ভরে পদ্ম ঝরিয়া পড়ে।

—

ভাটিয়ারী১।

কীর্ত্তন মাঝে কীর্ত্তন-নট-রাজ।
কীর্ত্তন-কৌতুক সব নাগরালি-সাজ॥
গলায় দোলার২ মালা মধুকর-গান।
কপালে চন্দন-চাঁদ ভুরু ফুল-বাণ॥
দেখ ভাই অতি অপরূপ।
এই বিশ্বম্ভর নাচে কৃষ্ণের স্বরূপ॥ধ্রু॥
কৃষ্ণ কৃষ্ণ অন্তরে৩ পরম৪-রস কোণা৫।
বাহিরে রাধার রূপ নিরুপম সোণা॥
প্রকৃতি-পুরুষ-সুখ রসে রসে এক।
প্রেম-অবতার এই দেখ পরতেক॥
প্রেম-লখিমিনী কোলে কৈল গদাধর।
প্রেমানন্দে নিত্যানন্দ প্রাণ-সহোদর॥
নয়নানন্দে কহে প্রেম নিগুঢ়৬ বিচার।
অমিয়া-পুতলী যেন অমিয়া-আকার॥

॥১২॥২০৭০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৭৯ সংখ্যক পদ। ২। 'দোলয়ে' ক, খ। ৩। 'অন্তর' ক, খ, ঘ, চ। ৪। 'পরশ' ক, খ, ঘ, চ। ৫। 'কনা' ঘ। ৬। 'নির্গুন্' ক; 'নিগুন' চ; 'নিগুনি' প-র-সা।

—

ধানশী।

সজনী অপরূপ দেখ সিয়া।
নাচয়ে গৌরাঙ্গচাঁদ হরিবোল ধলিয়া॥
সুগন্ধি চন্দন-সার গন্ধ করবীর মাল
গোরা-অঙ্গে দোলে হিলোলিয়া।

পুরব পরোক্ষ-ভাব পরতেক দেখ লাভ
সেই এই গোরা বিনোদিয়া ॥
ত্রিভঙ্গ হইয়া রহে মধুর মুরলী চাহে
বান্ধে চূড়া চাচর চিকুরে।
কৃষ্ণ কৃষ্ণ বলি ডাকে মালসাট মারে বুকে
ক্ষণে বোলে মুঞি সে ঠাকুরে ॥
জাহ্নবী যমুনা-ভ্রম তীর-তরু[২] বৃন্দাবন
নবদ্বীপ[৩] গোকুল মথুরা।
কহে নয়নানন্দ সেই সখা সখীবৃন্দ
কালা তনু এবে হৈল গোরা ॥
॥১৩॥২০৭১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৮০ সংখ্যক পদ। ২। 'তীরে তরু' ঘ, চ। ৩। 'নবদ্বীপে' ক চ।

টীকা

৫—৬। "পুরব" ইত্যাদি। (ইঁহার) পূর্ব্ব অর্থাৎ ব্রজ-লীলা পরোক্ষভাব; অর্থাৎ আমাদিগের দৃষ্টির অগোচর ছিল, (এখন) প্রত্যক্ষ; (এই) লাভ দৃষ্টি কর; এই চিত্ত-বিনোদকারী গৌরাঙ্গ সেই (শ্রীকৃষ্ণ)।

তথা রাগ[১]।

চৈতন্য-কলপতরু অদ্বৈত যে শাখা গুরু
কীর্ত্তন-কুসুম পরকাশ।
ভকত-ভ্রমরগণ মধুলোভে অনুক্ষণ
হরি বলি ফিরে চারি পাশ ॥
গদাধর মহাপাত্র শীতল অভয়-ছত্র
গোলোক-অধিক সুখ তায়।
তিন-যুগে জীব যত প্রেম বিনু তাপিত
তার তলে বসিয়া জুড়ায় ॥
নিত্যানন্দ-নাম ফল প্রেম-রস চল চল
খাইতে অধিক লাগে মীঠ।
শ্রীশুকদেবের মনে মহিমা ফলের জানে
উদ্ধব দাস তার কীট ॥১৪॥২০৭২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৮১ সংখ্যক পদ।

ভাটিয়ারি[১]।

নাচে শচীর নন্দন ঢুলালিয়া।
সকল রসের সিন্ধু গদাধর-প্রাণবন্ধু
নিরবধি বিনোদ রঙ্গিয়া ॥ধ্রু॥
কস্তুরী-তিলক মাঝে মোহন চূড়াটী সাজে
অলকাবলিত বর শোভা।
কনক বদন-শশী অমিয়া মধুর হাসি
নবীন নাগরী মন-লোভা ॥
গোরা-গলে বনমালা অতি অপরূপ লীলা
কনক-অঙ্গুরী অঙ্গ ভুজে।
পিয়ল বসন জোরা অখিল-মরম-চোরা
নয়নানন্দ পদাম্বুজে ॥১৫॥২০৭৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৮২ সংখ্যক পদ।

শ্রীরাগ।

গোরাচাঁদ নাচে মোর গোরাচাঁদ নাচে।
ভাগবতগণ সব ধায় পাছে পাছে ॥
কনক-মুকুর জিনি গোরা-অঙ্গ-ছটা।
ঝলমল করে মুখ চন্দনের ফোটা ॥
বসু রামানন্দ শ্রীবাস আদি সাজে।
গদাধর নরহরি গোরাচাঁদ মাঝে ॥

ভকত-মণ্ডল মাঝে নাচে গোরা রায়।
নদীয়ার লোক সব দেখিবারে ধায় ॥

॥১৬॥২০৭৪॥

কানড়া১।

নিরুপম হেম-জোতি জিনি২ বরণা।
সঙ্গিত-রঙ্গি তরঙ্গিত-চরণা৩ ॥
নাচত গৌর গুণ-মণিয়া।
চৌদিকে হরি হরি ধনি ধনি৪ ধনিয়া ॥ধ্রু॥
শরদ-ইন্দু৫ জিনি৬ সুন্দর বয়না।
অহনিশি প্রেমে নঝরে ঝরু নয়না ॥
বিপুল-পুলক-পরিপূরিত দেহা।
নিজ-রসে ভাসি না পায়ই থেহা ॥
জগ ভরি পূরল প্রেম-আনন্দা।
মহিমা৭ বঞ্চিত দাস গোবিন্দা ॥

॥১৭॥২০৭৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৩২ ও ২১৮৪ ও প-র পুথির ২৫।১ সংখ্যক পদ। ২। 'জিতি' প-র-সা। ৩। 'সঙ্গিত' ইত্যাদি স্থলে 'সঙ্গিত রঙ্গিত রঙ্গিত চরণা' ক, চ; 'সঙ্গিত রঙ্গিত তঙ্গিত চরণা' প-র-সা; প-র। ৪। 'হরি' ইত্যাদি স্থলে 'হরি ধ্বনি' প-র। ৫। 'চান্দ' প-র। ৬। 'নিন্দি' ক, খ, চ। ৭। 'অমিয়া' ক, 'এ রস' প-র-সা।

সুহই১।

অপরূপ হেম-মণি-ভাস।
অখিল ভুবনে পরকাশ ॥
চৌদিগে পারিষদ-তারা।
ছুরে রুরু কলি-আন্ধিয়ারা ॥
অভিনব গোরা দ্বিজ-রাজ।
উয়ল২ নবদ্বিপ মাঝ ॥
পুলকিত স্থির-চর-জাতি।
প্রেম-অমিয়া-রসে মাতি ॥
কেহো বিধুমণি সম কান্দে।
কেহো হাসে কুমুদিনি-ছান্দে ॥
কেহো কেহো ভকত-চকোর।
নারি পুরুখ নাহি ওর৩ ॥
গোবিন্দদাস চকোর।
রুচি-লব লাগি বিভোর৪ ॥১৮॥২০৭৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৮৫ ও প-র পুথির ১৫।৩৫ সংখ্যক পদ। ২। 'উয়ল' ক, চ; প-র-সা; প-র। ৩। 'পুরুখ' ইত্যাদি স্থলে পুরুখে দেই কোর' ক, খ, ঘ, চ; সা-প ২০১সং পুথি। ৪। 'রুচি' ইত্যাদি স্থলে 'রুচি নব নাগরি ভোর' প-র।

মল্লার১।

নাচে২ গোরা প্রেমে৩ ভোরা
ঘন ঘন বলে হরি।
খেণে বৃন্দাবন করয়ে স্মরণ
খেণে খেণে প্রাণেশ্বরী ॥
যাবক-বরণ কটির বসন
শোভা করে গোরা-গায়।
কখন কখন যমুনা বলিয়া
সুরধুনী-তীরে ধায় ॥
তাতা থৈ থৈ মৃদঙ্গ বাজই
ঝন ঝন করতাল।
নয়ন-অম্বুজে বহে সুরধুনী
গলে দোলে বনমাল ॥

আনন্দ-কন্দ গৌরচন্দ্র
অকিঞ্চনে বড় দয়া।
গোবিন্দদাস করত আশ
ও পদ-পঙ্কজ-ছায়া ॥১৯॥২০৭৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৮৬ সংখ্যক পদ। ২। 'নাচে নাচে' প-র-সা। ৩। 'প্রেমে হই' প-র-সা।

তুড়ী১।

শুনি বৃন্দাবন-গুণ রসে উনমত্ত-মন
দু বাহু তুলিয়া বলে হরি।
ফিরি নাচে গোরা রায় কত ধারা বহি যায়
আঁখিযুগ প্রেমের গাগরি ॥
রসে পরিপাটী নট কীর্ত্তন-সুলম্পট
কত রঙ্গী সঙ্গিগণ সঙ্গে।
নয়নের কটাক্ষে লখিমিনি২ লাখে লাখে
বিলসই বিলোল অনঙ্গে৩ ॥
পুরুষ-প্রকৃতি-পর মনমথ-মনোহর
কেবল লাবণ্য-সুখ-সীমা।
রসের সায়র গৌর বড়ই গভীর চৌর৪
না রাখিল নাগরী-গরিমা ॥
উন্নত কন্ধর মনমথ-সুন্দর
পুলকিত অঙ্গ-বিলাসে।
চুবক চন্দন অঙ্গে বিলেপন
বাসুঘোষে ঐ৫ প্রেম ভাসে ॥
॥২০॥২০৭৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৮৭ সংখ্যক পদ। ২। 'লখিমি' ক, খ। ৩। 'অপাঙ্গে' ক, খ, চ, প-র-সা, ঘ। ৪। 'ধীর' ক, খ, চ; প-র-সা। ৫। 'ঐছে' ক, খ, চ; প-র-সা।

তথা রাগ১।

গোরা নাচে প্রেম-বিনদিয়া।
অখিল ভুবন-পতি বিহরে নদিয়া ॥
দিগ বিদিগ না জানে গোরা নাচিতে নাচিতে
চাঁদ-মুখে হরি বলে কান্দিতে কান্দিতে ॥
গোলোকের প্রেম-ধন জীবে বিলাইয়া।
সংকীর্ত্তনে নাচে গোরা হরিবোল বলিয়া ॥
যারে দেখে তারে যাচে লও মধুর নাম২।
বাসুঘোষ না পাইয়া কান্দে অবিশ্রাম ॥
॥২১॥২০৭৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৮৮ সংখ্যক পদ। ২। 'যারে' ইত্যাদি কলিটি কেবল প-র-সা পুথিতে আছে।

কামোদ১।

সবহুঁ গায়ত সবহুঁ নাচত
সবহুঁ আনন্দে বাধিয়া২।
ভাবে কম্পিত লুঠত ভূতলে
বেকত গৌরাঙ্গ-কাঁতিয়া ॥
মধুর মঙ্গল মৃদঙ্গ বাওত
চলত কত কত ভাতিয়া।
বদন গদ গদ মধুর হাসত
খসত মোতিম-পাঁতিয়া ॥
পতিত কোলে ধরি বোলত হরি হরি
দেওত পুন প্রেম যাচিয়া ॥
অরুণ-লোচনে বরুণ ঝরতহিঁ
এতিন ভুবন ভাসিয়া।
ও সুখ-সায়রে লুবধ জগ-জন
মুগধ ইহ দিন রাতিয়া।

দাস গোবিন্দ রোয়ত অনুখণ
বিন্দু কণ-আধ লাগিয়া ॥
॥২২॥২০৮০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৬৮১ ও ২১৮৭ সংখ্যক পদ। ২। 'ধাবিয়া' ক, খ, ঘ, চ।

শ্রীরাগ১।

আবেশে অবশ অঙ্গ ধীরে ধীরে চলে।
ভাব-ভরে গর গর আঁখি নাহি মেলে॥
নাচে পহুঁ রসিক সুজান।
যার গুণে দরবয়ে দারু পাষাণ ॥ধ্রু॥
পূরুব-চরিত যত পিরিতি-কাহিনী।
শুনি পহুঁ মুরছিত[২] লোটায় ধরণী ॥
পতিত হেরিয়া কান্দে নাহি বান্ধে থীর।
কত শত ধারা বহে নয়নের নীর ॥
পুলকে মণ্ডিত কিবা ভুজযুগ তুলি।
লুলিয়া লুলিয়া পড়ে হরি হরি বলি ॥
কুলবতীর[৩] ঝুরে মন[৪] ঝুরে দুটি আঁখি।
ঝুরিয়া ঝুরিয়া কান্দে বনের[৫] পশু পাখী ॥
যার ভাবে গৃহ-বাসী ছাড়ে গৃহ-সুখ।
বলরাম দাস সবে একলে বিমুখ[৬] ॥
॥২৩॥২০৮১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১১৮।২১৯০ ও প-র পুথির ৪।১ সংখ্যক পদ। ২। 'অবহিত' প-র। ৩। 'কুলবধূ' প-র। ৪। 'মনে' প-র। ৫। 'ঝুরিয়া' ইত্যাদি স্থলে 'বুঝিয়া বুঝিয়া মনে কান্দে' ঘ। ৬। 'বলরাম দাস' ইত্যাদি স্থলে 'হেন রসে বলরাম দাস বিমুখ' প-র-সা; প-র।

পঠমঞ্জরী১।

নাচয়ে চৈতন্য চিন্তামণি।
বুক বাহি[২] পড়ে ধারা মুকুতা-গাঁথুনি ॥
প্রেমে গদগদ হৈয়া ধরণী লোটায়।
হুহুঙ্কার দিয়া খেণে উঠিয়া দাঁড়ায় ॥
ঘন ঘন দেন পাক ঊর্দ্ধ বাহু করি।
পতিত জনারে পহু বোলায় হরি হরি ॥
হরিনাম করে গান[৩] জপে অনুক্ষণ।
বুঝিতে না পারে কেহ বিরল লক্ষণ ॥
অপার মহিমা গুণ জগ-জনে গায়।
বসু রামানন্দে তাহে প্রেম-ধন চায় ॥
॥২৪॥২০৮২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৯১ সংখ্যক পদ। ২। 'বহি' প-র-সা। ৩। 'করে গান' স্থলে 'পরায়ণ' খ, ঘ, চ (পাঠান্তর)।

তুড়ী১।

নাচে রে ভালি গৌরকিশোর বররঙ্গিয়া।
হেম-কিরণিয়া গৌরসুন্দর-তনু
প্রেম-ভরে ভেল ডগমগিয়া ॥ধ্রু॥
বৃন্দাবন গোবর্দ্ধন যমুনা-পুলিন বন
সোঙরি সোঙরি পড়ে ঢুলিয়া।
মুরলী মুরলী বলি ঘন ঘন ফুকরই
রহল মুরলী-মুখ হেরিয়া ॥
শ্রীরাধার[২] ভাবে গোরা রাধার বরণ ভেল
রাধা রাধা বয়নক ভাষ।
ইঙ্গিত বুঝিয়া প্রিয় গদাধর
কৌতুকে রহল বাম পাশ ॥
॥২৫॥২০৮৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৯২ সংখ্যক পদ। ২। 'রাধিকার' প-র-সা।

সুহই[১]।

সহজই কাঞ্চন-গোরা।
মদন[২] -মনোহর[৩] বয়সে কিশোরা॥
তাহে ধরু নটবর-বেশ[৪]।
প্রতি অঙ্গে তরঙ্গিত ভাবের আবেশ॥
নাচত নবদ্বিপ-চন্দ।
জগ-মন নিমগন প্রেম-আনন্দ॥
বিপুল পুলক অবলম্বে[৫]।
বিকশিত ভেল তহিঁ ভাব-কদম্বে[৬]॥
নয়নে গলয়ে ঘন লোর।
খেণে হাসে খেণে কান্দে ভকতহি কোর॥
রস[৭] -ভরে গদগদ বোল।
চরণ[৮] -পরশে মহি আনন্দ-হিলোল॥
পূরল জগ-জন[৯] -আশ।
বঞ্চিত ভেল তহিঁ[১০] গোবিন্দদাস॥
॥২৬॥২০৮৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৯৩ ও প-র পুথির ৩৩১ সংখ্যক পদ। ২। 'বদন' ক, খ, প-র-সা। ৩। 'মোহন' খ; 'মোহন বেশ' প-র। ৪। 'তাহে' ইত্যাদি পংক্তি খ পুথিতে নাই, উহার পরিবর্তে 'প্রতি অঙ্গে' ইত্যাদি পংক্তির পরে নিম্নলিখিত পংক্তি দৃষ্ট হয়, যথা—'গোরা-রূপ দেখি ভুলল নদা দেশ'। ৫। 'অবলম্ব' প-র। ৬। 'কদম্ব' প-র। ৭। 'ভাব' প-র। ৮। 'চরণে' ক, খ; প-র। ৯। 'মন' ঘ; প-র। ১০। 'বঞ্চিত' ইত্যাদি স্থলে 'ও রস গাওত' প-র।

বরাড়ী[১]।

কেশের বেশে　　ভুলিল দেশে
　তাহে রসময় হাসি।
নয়ন-তরঙ্গে　　বিকল করিল
　বিশেষে নদীয়া-বাসী॥
　গৌরাঙ্গসুন্দর[২] নাচে।
নিগম-নিগূঢ়　　প্রেম ভকতি
　যারে তারে পহু যাচে॥ ধ্রু॥
ভাবে অরুণ　　গৌর বরণ
　পুলকনিকর শোভা॥
চলনি মন্থর　　অতি[৩] মনোহর
　হেরি জগ-মন লোভা॥
কম্প স্বেদ ভেদ[৪]　　বাণী গদগদ
　কত ভাব পরকাশে।
সে অঙ্গ-ভঙ্গিম　　রূপ-তরঙ্গিম
　তুলনা দিব সে কিসে॥
সঙ্গে সহচর　　অতি সুচতুর
　গাওত পূরব-লীলা।
পরসাদ কহে　　সে গুণ শুনিতে
　দরবয়ে দারু শিলা॥২৭॥২০৮৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৯৪ সংখ্যক পদ। ২। 'আরে মোর গৌরাঙ্গসুন্দর' ঘ। ৩। 'গতি' প-র-সা। ৪। 'ভেদ' খ পুথিতে নাই।

গৌরী[১]।

মরি মরি না[২] নদিয়ার মাঝারে ও না রূপ।
সোণার গৌরাঙ্গ নাচে অতি অপরূপ॥ ধ্রু॥
অলকা তিলকা শোভে মুখের পরিপাটী।
রসে ডুবুডুবু করে রাঙ্গা আঁখি দুটি॥

অধরে ঈষৎ হাসি মধুর কথা কয়।
গ্রীবার ভঙ্গিমা দেখি পরাণ কোথা রয়॥
হিয়ার দোলনে দোলে রঙ্গণ-ফুলের মালা।
কত রস-লীলা জানে কত রস-কলা॥
চন্দনে চর্চ্চিত অঙ্গ বিনোদিয়া কোঁচা।
চাঁচর চিকুরে শোভে গন্ধরাজ চাঁপা॥
দেবকীনন্দনে বলে শুন লো আজুলি।
তুমি কি না জান গোরা নাগর বনমালী॥
॥২৮॥২০৮৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৯৫ সংখ্যক পদ।
২। 'না লো' ক।

——

ধানশী১।

জাম্বুনদচয় রুচির গঞ্জয়
ঝলমল কলেবর-কাঁতি।
চন্দনে চর্চ্চিত বাহু মণ্ডিত২
গজেন্দ্র-শুণ্ডক ভাতি॥
পেখলু গৌর কিশোর নট৩ নায়র
হেরইতে আনন্দ-ওর।
ভাবে ভোর তনু অন্তর গর গর
কণ্ঠে গদগদ বোল॥
নদীয়াপুর ভরি অশেষ কৌতুক করি
নাচত রসিক সুজান।
বিবিধ বৈদগধি বিনোদ পরিপাটী
দিন রজনী নাহি জান॥
সুরধুনী-পুলিনে তরুণ তরুমূলে
বৈঠে নিজ পরকাশে।
বাসুদেব ঘোষের গানে, পাওল প্রেম-দানে৪
সিঞ্চিল সব নিজ দাসে॥
॥২৯॥২০৮৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৯৬ সংখ্যক পদ।
২। 'সুমণ্ডিত' খ। ৩। 'নব' প-র-সা।
৪। 'বাসুদেব' ইত্যাদি পংক্তিদ্বয় স্থলে প-র-সা পুথির পাঠ, যথা—
'ঐছন ভাব বুঝই না পারিয়ে
কহতহি বাসুদেব ঘোষে।'

——

কল্যাণী১।

অরুণ কমল আঁখি তারক ভ্রমরা পাখী
ডুবডুব করুণা-মকরন্দে।
বদন পূর্ণিমা-চাঁদে ছটায় পরাণ কান্দে
তাহে নব প্রেমার আরম্ভে॥
আনন্দ নদীয়াপুরে টলমল প্রেমার ভরে
শচীর দুলাল গোরা নাচে।
জয় জয় মঙ্গল পড়ে শুনিয়া চমক লাগে
মদনমোহন নট-রাজে॥
পুলকে পূরল গায় ঘর্ম্ম বিন্দু বিন্দু তায়
রোমচক্রে সোণার কদম্বে২।
প্রেমার আরম্ভে তনু যেন প্রভাতের ভানু
আধ বাণী কহে কম্বু-কণ্ঠে৩॥
শ্রীপাদ-পদুম-গন্ধে বেড়ি দশ-নখ-চাঁদে
উপরে কনক বঙ্করাজ।
যখন ভাতিয়া চলে বিজুরী ঝলমল করে
চমকয়ে অমর-সমাজ॥
সপ্তদ্বীপ মহী মাঝে তাহে নবদ্বীপ সাজে
তাহে নব প্রেমার প্রকাশ।
তাহে নব গৌরহরি গুণ সংকীর্ত্তন করি
আনন্দিত এ ভূমি আকাশ৪॥
সিংহের শাবক যেন গভীর গর্জ্জন হেন
হুঙ্কার হিল্লোল৫ প্রেম-সিন্ধু।

হরিবোল হরিবোল[৬] বলে, জগত পড়িল ভোলে
ছু কুল খাইল কুল-বধূ॥
অঙ্গের ছটায় যেন দিনকর প্রদীপ হেন
তাহে লীলা বিনোদ বিলাস।
কোটি কোটি কুসুম-ধনু জিনিয়া বিনোদ তনু
তাহে করে প্রেমের প্রকাশ ॥
লাখ লাখ পূর্ণিমা-চাঁদে জিনিয়া বদন-ছান্দে
তাহে চারু চন্দন[৭]-চন্দ্রিমা।
নয়ন-অঞ্চল[৮] ছলে ঝর ঝর অমিয়া ঝরে
জনম-মুগধ পাইল প্রেমা॥
কি দিব উপমা[৯] তার করুণা-বিগ্রহ সার
হেন রূপ মোর গোরা রায়।
প্রেমায় নদীয়ার লোকে, নাহি[১০] দিবানিশি থাকে
আনন্দে লোচন দাস গায় ॥৩০॥২০৮৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৯৭ সংখ্যক পদ। ২। 'কদম্ব' ঘ। ৩। 'কণ্ঠ' ঘ। ৪। 'প্রকাশ' ক, খ, চ। ৫। 'হিলোল' ক, খ, চ; 'হিল্লোর' ঘ। ৬। 'হরি বোল' ইত্যাদি স্থলে 'হরি হরি বোল' প-র-সা। ৭। 'বদন' প-র-সা। ৮। 'অঞ্জন' ঘ; 'চঞ্চল' প-র-সা। ৯। 'তুলনা' প-র-সা। ১০। 'তাহে' ক; প-র-সা।

রামকেলি ১।

নবদ্বীপে শুনি সিংহনাদ।
সাজল বৈষ্ণবগণ করি হরি সংকীর্ত্তন
মূঢ়মতি গণিল প্রমাদ ॥ধ্রু॥
গৌরচন্দ্র মহারথী নিত্যানন্দ সেনাপতি
অদ্বৈত যুদ্ধের আগুয়ান।
প্রেম-ডোর ফাঁস করি বান্ধিল অনেক ঐরি
নিরন্তর গর্জ্জে হরিনাম॥
শ্রীচৈতন্য করে রণ কলি-[২] গজে আরোহণ
পাষণ্ড-দলন বীর-বানা।
কলি-জীব তরাইতে আইল প্রভু অবনীতে
চৌদিকে চাপিয়া দিল থানা॥
উত্তম অধম জন সভে পাইল প্রেম-ধন
নিতাই-চৈতন্য-কৃপা-লেশে।
সমুখে শমন দেখি কৃষ্ণদাস বড় দুখী
না পাইয়া প্রেমের উদ্দেশে॥
॥৩১॥২০৮৯॥

"কলি তিমির ঘোর" ইত্যাদি পদমত্র গেয়ং।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৯৮ সংখ্যক পদ।
২। 'করি' ক, খ, চ।

কানড়া ১।

নাচত নগরে নাগর গৌর
হেরি মুরতি মদন ভোর
যৈছন তড়িত রুচির অঙ্গ
ভঙ্গি নটবর[২] শোহনি[৩]।
কাম-কামান ভুরুক জোর
করত[৪] কেলি শ্রবণ-ওর
গীম শোহত রতন-পদক
জগ-জন-মন-মোহনি॥
কুসুমে রচিত চিকুরপুঞ্জ
চৌদিগে ভ্রমরা ভ্রমরী গুঞ্জ
পীঠে দোলয়ে লোটন-ভার[৫]
শ্রবণে কুণ্ডল দোলনি।
মাহিষ-দধি-রুচির বাস
হৃদয়ে জাগত[৬] রাস-বিলাস
জিতল পুলক কদম্ব-কোরক
অনুখণ মন ভোলনি॥

গজপতি[৭] জিনি গমন-ভাতি
প্রেমে-বিবশ দিবস রাতি
হেরি গদাধর রোয়ত হসত[৮]
গদগদ আধ বোলনি।
অরুণ-বরণ[৯] চরণ-কঞ্জ
তহিঁ নখ-মণি মঞ্জির রঞ্জ
নটনে বাজন ঝনর-ঝনন
শুনি মুনি-মন লোলনি॥
বদন চৌদিগে শোহত[১০] ঘাম
কনক-কমলে মুকুতা-দাম
অমিয়া-ঝরণ মধুর বচন
কত রস পরকাশনি।
মহাভাব-রূপ রসিক-রাজ
শোহত সকল ভকত মাঝ
পিরিতি-মুরতি ঐছন চরিতি
রায়শেখর-ভাষণি॥

॥৩২॥২০৯০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২১৯৯ সংখ্যক পদ।
২। 'ভঙ্গিম বর' খ। ৩। 'শোভনি' ক।
৪। 'করতহিঁ' ক। ৫। 'তার' ক, চ; প-র-সা।
৬। 'জগত' ঘ। ৭। 'গজগতি' প-র-সা।
৮। 'হাসত' খ, ঘ; প-র-সা। ৯। 'নয়ান' ক।
১০। 'শোহন' প-র-সা।

কেদার১।

তা তা থৈ থৈ মৃদঙ্গ বাজই
ঝনর ঝনর করতাল।
তন তন তম্বুর বীণা সুমধুর
বাজত যন্ত্র রসাল॥
ডম্ফ খমক কত রবাব বাজত
পদতল তাল সুমেলি।
নাচত গৌর সঙ্গে প্রিয় গদাধর
সোঙরিয়া পুরবক কেলি॥
তিরে তিরে ফুলবন যেন[২] বৃন্দাবন
জাহ্নবি যমুনা ভানে।
কীর্ত্তন-মণ্ডল শোভা অতি ভেল
চৌদিগে ভকত করু গানে॥
পুরবক লালস বিলাস[৩] রাস-রস
সোই সখীগণ সঙ্গ।
এ কবিশেখর হোয়ল ফাঁফর
না বুঝিয়া গৌরাঙ্গ-রঙ্গ॥

॥৩৩॥২০৯১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২০০ সংখ্যক পদ।
২। 'যেন সেই' প-র-সা। ৩। 'বিলসে' ঘ।

করুণ কামোদ১।

মধুর মধুর গৌর কিশোর
মধুর মধুর নাট।
মধুর মধুর সব সহচর
মধুর মধুর হাট॥
মধুর মধুর মৃদঙ্গ বাজত
মধুর মধুর তান।
মধুর রসেতে মাতল ভকত
গাওত মধুর গান॥
মধুর হেলন মধুর দোলন
মধুর মধুর গতি।
মধুর মধুর বচন সুন্দর[২]
মধুর মধুর ভাতি॥

মধুর অধর জিনি শশধর
মধুর মধুর হাস।
আরতি পিরিতি চরিতি মধুর
মধুর মধুর ভাষ॥
মধুর যুগল নয়ান রাতুল
মধুর ইঙ্গিতে চায়।
মধুর প্রেমের মধুর বাদর
বঞ্চিত শেখর রায় ॥৩৪॥২০৯২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২০১ সংখ্যক পদ।
২। 'মধুর' ঘ।

মঙ্গল গুর্জ্জরী ১।
ধরা একতাল।

বিনোদ বন্ধানে নাচে শচীনন্দনে
চৌদিকে রূপ পরকাশ।
বামে রহু পণ্ডিত প্রিয় গদাধর
দক্ষিণে নরহরি দাস॥
গৌরাঙ্গ-অঙ্গেতে কনয়া কদম্ব জনু
ঐছন পুলকের আভা।
আনন্দে বিভোল ঠাকুর নিত্যানন্দ
দেখিয়া গৌরাঙ্গের শোভা॥
যাহার অনুভব সেই সে সমুঝই[২]
কহনে না যায় পরকাশ।
শ্রীকৃষ্ণচৈতন্য ঠাকুর শ্রীনিত্যানন্দ
গুণ গায় বৃন্দাবন দাস ॥৩৫॥২০৯৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২০২ সংখ্যক পদ।
২। 'বুঝই' ঘ।

শ্রীরাগ১।

জীবের ভাগ্যে অবনী আইলা গৌরহরি।
ভুবন-মোহন রূপ সোণার পুতলী॥
হরি-নামামৃত দিয়া করিলা চেতন।
কলিযুগে ছিল[২] যত জীব অচেতন॥
নিত্যানন্দ অদ্বৈত আচার্য্য গদাধর।
সকল ভকত মাঝে সাজে পহুবর॥
খোল করতাল মন্দিরা ঘন রোল।
ভাবের আবেশে গোরা বলে হরিবোল॥
ভুজ তুলি নাচে পহু শচীর নন্দন।
রামাই সুন্দর নাচে শ্রীরঘুনন্দন॥
শ্রীনিবাস হরিদাস আর বক্রেশ্বর।
দ্বিজ হরিদাস নাচে পণ্ডিত শঙ্কর॥
জয় জয় জয় ধ্বনি জগতে প্রকাশ।
আনন্দে মগন ভেল বৃন্দাবন দাস॥
৩৬॥২০৯৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২০৩ সংখ্যক পদ।
২। 'আছিল' গ, ঘ; প-র-সা।

সিন্ধুড়া১।

অরুণ নয়ানের প্রেম-জলে ঢর ঢর
ধারা বহত বিথার।
পদ-ভরে ভুবন চতুর্দ্দশ দোলনি
ধরণী[২] ধরই না পার॥
গৌরাঙ্গ নাচে কোটি মদন জিনি ঠান[৩]।
চৌদিগে ঝলমল হেরি সকল লোক
ধাওয়ে সুমেরু-গিরি-ভান॥ধ্রু॥
ও চাঁদ-বয়ানের রোদন শুনিয়া
পশু পাখী মৃগ রোয়ে।

মুকুন্দ দামোদর সঙ্গে গদাধর
হরি হরি সঘনে বোলয়ে[৪] ॥
অবনীতে বিজয়ে[৫] পতিত-জন-পাবন
দীন উদ্ধারিতে আয়।
শ্রীচৈতন্য নিত্যানন্দ ঠাকুর অদ্বৈতচন্দ্র
শ্যামদাস গুণ গায় ॥৩৭॥২০৯৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২০৪ সংখ্যক পদ।
২। 'ধরণীহ' প-র-সা। ৩। 'ঠাম' ক, চ।
৪। 'বোলায়ে' খ। ৫। 'বিজয়' ঘ, চ।

বিহাগ[১]।

আরে মোর নাচত গৌরকিশোর।
হিরণ-কিরণ জিনি ও তনু সুন্দর
দশ দিশ সকল উজোর ॥ধ্রু॥
শরদ-চাঁদ জিনি ঝলমল বদনহি
গোরোচন-তিলক সুভাল।
কুঞ্চিত চারু চিকুর তহিঁ লোলত
কমলে কিয়ে অলি-জাল ॥
নাসা তিলফুল বিম্ব অধর-তল
চুয়ত বিন্দু বিন্দু ঘাম।
তরুণ অরুণ সর- সিজ জিনি লোচন
ধারা বহে অবিরাম ॥
গাঁথিয়া আপন গুণ পরকাশ[২] কীর্ত্তন
গাওত সহচরবৃন্দে।
খোল করতাল যতন করি সিরজিল
পাষণ্ড-দলন-অনুবন্ধে ॥
অবনীতে অদভুত প্রভু শচীনন্দন
পতিত-পাবন অবতার।
দীন হীন মূঢ়মতি রামানন্দ দাস অতি
পহু মোরে কর ভব পার ॥
৩৮॥২০৯৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২০৫ সংখ্যক পদ।
২। 'পরকাশে' ক।

মায়ূর[১]।

নাচে শচীসুত লীলা অদভুত
চলনি ডগমগি ভঙ্গিয়া।
সঙ্গে কত কত ভকত গাওত
হিলন গদাধর-অঙ্গিয়া ॥
আজানুবাহু তুলি বোলয়ে হরি হরি
আপনি[২] নিজ রসে মাতিয়া।
বদন-মণ্ডল চাঁদ ঝলমল
দশন মোতিম-পাঁতিয়া ॥
কষিত কাঞ্চন- কিরণ ঝলমল
সতত কীর্ত্তন-রঙ্গিয়া।
অরুণ-নয়ানে বরুণ-আলয়
অঝরে ঝরে দিন রাতিয়া ॥
পঙ্গু অন্ধ যত পতিত দুর্গত
দেওল সভে প্রেম যাচিয়া।
করুণা দেখি মনে ভরসা বাঢ়ল
দাস নরহরি-ছাতিয়া ॥৩৯॥২০৯৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২০৬ সংখ্যক পদ।
২। 'আপন' খ, ঘ; প-র-সা। ৩। 'জন' প-র-সা।

গান্ধার[১]।

ভাবে ভরল হেম-[২] তনু অনুপাম রে
অহনিশি নিজ রসে ভোর।
নয়নযুগলে প্রেম- জলে ঝর ঝর[৩] রে
ভুজ তুলি হরি হরি বোল ॥

নাচত গৌর কিশোর মোর পহু রে
অভিনব নবদ্বীপ-চাঁদ[৫] ॥ধ্রু॥[৫]
জিতল নীপ-ফুল পুলক-মুকুল রে
প্রতিঅঙ্গে ভাব বিথারি।
রস-ভরে গর গর চলই খলই রে
গোবিন্দদাস বলিহারি ॥

৪০॥২০৯৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২০৭ সংখ্যক পদ। ২। 'গোরা' প-র-সা। ৩। 'রসে ঝর ঝর' স্থলে 'রসে ছলছল' প-র-সা। ৪। 'চালে' প-র-সা। ৫। প-র-সা পুথিতে 'ধ্রু' নাই,—নিম্নলিখিত অতিরিক্ত পংক্তিদ্বয়ের পরে 'ধ্রু' আছে, যথা—

'বদন পূর্ণিমা-চান্দে ছটায় পরাণ কান্দে
তাহে নব প্রেমার আনন্দে ॥ ধ্রু ॥'

তথা রাগঃ।

গৌরাঙ্গ সুন্দর[২] নট পুরন্দর
প্রকট প্রেমের তনু।
কিয়ে নবঘন পুরট মদন
সুধায়ে গড়ল জনু ॥
ভাল নাচে গৌরাঙ্গ আনন্দ সিন্ধু।
বদন-মাধুরী হাস-চাতুরী
নিছিয়ে শরদ-ইন্দু ॥ধ্রু॥
কিবা সে নয়ন জিনিয়া খঞ্জন
তাণ্ডব[৩] ভঙ্গিম শোভা।
অরুণ বরণ যুগল চরণ
এ যদুনন্দন-লোভা ॥

৪১॥২০৯৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২০৮ সংখ্যক পদ। ২। 'গৌর সুন্দর' প-র-সা। ৩। 'তাণ্ড' ক।

তথা রাগঃ।

কাঁচা সে সোণার তনু ডগমগি অঙ্গ।
কত সুরধুনী বহে নয়ন-তরঙ্গ ॥
গোরা নাচত পরম আনন্দ।
চৌদিকে বেড়ি[২] গাওয়ে নিজবৃন্দ ॥ধ্রু॥
করে করতাল বাজাওয়ে[৩] মৃদঙ্গ।
হেরত সুরধুনী উথলি তরঙ্গ ॥
ভাবে অবশ অঙ্গ[৪] গদ গদ ভাষ।
বাসু কহে কি মধুর ও মুখের[৫] হাস ॥

৪২॥২১০০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২০৯ সংখ্যক পদ। ২। 'বেড়িয়া' ক, চ; প-র-সা। ৩। 'বাজয়ে' ক, খ, চ; প-র-সা। ৪। 'তনু' খ, চ; 'হু' প-র-সা; ক পুথিতে পদটি নাই। ৫। 'মুখ' ক।

সুহিনীঃ।

গোরা মোর বড়ই রঙ্গিয়া।
সুরধুনী-তীরে নব রঙ্গিয়া সঙ্গিয়া ॥ধ্রু॥
গাওত সহচর মন-মোহনিয়া।
মাঝহি নাচত গৌর দ্বিজ-মণিয়া ॥
গদাধর নরহরি ডাহিন বাম।
শ্রীনিবাস হরিদাস গায় হরিনাম ॥
মুকুন্দ মুরারি বাসু রামাই সঙ্গতি।
গায় দামোদর জগদীশ মহামতি ॥
চৌদিগে শুনিয়ে যে হরি হরি বোল।
উথলিল প্রেম-সিন্ধু অমিয়া-হিলোল ॥

দেখিয়া বদন-চাঁদ সব তাপ হরে।
যদু কহে কেবা হেন এ রূপ পাসরে॥
॥৪৩॥২১০১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২১০ সংখ্যক পদ।

ধানশী১।

মুখানি পূর্ণিমার শশী কিবা মন্ত্র জপে।
বিম্ব-বিড়ম্বিতাধর২ সদাই কেনে কাঁপে॥
গোরা নাচে নটন-রঙ্গিয়া।
অখিল জীবের মন বান্ধে প্রেম দিয়া॥ধ্রু॥
চান্দ কান্দয়ে মুখ-ছান্দ৩ দেখিয়া।
তপন কান্দয়ে আঁখি-জলদ হেরিয়া৪॥
কাঁচা কাঞ্চন জিনি নবাঞ্চল গোরা।
বুক বাহি পড়ে প্রেম-রসের যে৫ ধারা॥
কহয়ে নয়নানন্দ মনের উল্লাসে।
পুন কি দেখিব গোরা গদাধর পাশে॥
॥৪৪॥২১০২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২১১ সংখ্যক পদ। ২। 'বিড়ম্বিত অধর' ক,খ,ঘ,চ। ৩। 'ছান' ঘ। ৪। 'হইয়া' ঘ। ৫। 'প্রেম'- ইত্যাদি স্থলে 'পরশের' ক, খ, চ; 'রসের' ঘ।

তথা রাগ১।

কিনা সে সুখের সরোবরে।
প্রেমের তরঙ্গ উথলিয়া পড়ে ধারে॥
নাচত পহু বিশ্বম্ভরে।
প্রেম-ভরে পদ ধরে২ ধরণী না ধরে॥
বয়ান কনয়া-চান্দ ছান্দে।
কত সুধা বরিখয়ে থির নাহি বান্ধে॥
রাজহংস প্রিয় সহচরে।
কেহ ভেল মধুকর কেহ বা চকোরে॥
নব নব নটন-লহরী।
প্রেম-লছমি৩ নাচে নদিয়া-নগরী॥
নব নব ভকতি-রতনে।
অযতনে পাইল সব দীন হীন জনে॥
নয়নানন্দ কহয়ে সুখ-সারে।
সেই বৃন্দাবন ভেল নদীয়া নগরে॥
॥৪৫॥২১০৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২১২ সংখ্যক পদ।
২। 'ভরে' ঘ। ৩। 'লছিমা' ক।

তথা রাগ।

নাচে বিশ্বম্ভর সঙ্গে গদাধর
নাচে নিত্যানন্দ ভায়া।
পূরব-কৌতুক ভুঞ্জে প্রেম-সুখ
সব সহচর লৈয়া॥ *৪৬॥২১০৪॥
ইতি পদমত্র গেয়ং।

*এই পদটিরই রূপান্তর ২০৬৮ সংখ্যক পদরূপে বর্ত্তমান পল্লবেই পূর্ব্বে উদ্ধৃত হইয়াছে।

তুড়ী১।

গোরা নাচে নব নব রঙ্গিয়া২।
হেম কিরণিয়া বরণ খানি গো৩
প্রেম৪ পড়িছে চুয়াইয়া॥
গুণ শুনিয়া [illegible]মন মানিয়া৫
দেখিয়া নাটের ছটা।
রূপ দেখিবারে৬ ছড় পরিয়াছে
নদীয়া-নাগরীর ঘটা।

গৌর বরণ সরুয়া বসন[৮]
সরুয়া কাঁকালি বেড়া।
গৌরাঙ্গ নাচিছে[৯] দুই দিগে দুলিছে
রঙ্গিয়া পাটের ডোরা[১০] ॥
॥৪৭॥২১০৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২১৪ এবং প-র পুথির ১৫।১২ সংখ্যক পদ। ২। 'নব নব রঙ্গিয়া' স্থলে 'নটবর রঙ্গিয়া' খ; 'মোহন মোহনিয়া' প-র। ৩। 'বরণ' ইত্যাদি স্থলে 'গৌরাঙ্গের বরণ' প-র। ৪। 'গোরা প্রেম' খ। ৫। 'গুণ' ইত্যাদি স্থলে 'ঠাম ঠমকা গান গমকা' প-র। ৬। 'দেখিতে' প-র। ৭। 'নব' প-র। ৮। 'গৌর' ইত্যাদি স্থলে 'অরুণ বসন গরুয়া সঘন' প-র। ৯। 'গৌরাঙ্গ নাচিছে' স্থলে 'গৌরাঙ্গের অঙ্গে' প-র। ১০। অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত অতিরিক্ত কলিগুলি দৃষ্ট হয়, যথা,—

'সুগন্ধি চন্দন অঙ্গের ভূষণ
সুগন্ধি ফুলের মালা।
রূপ দেখিতে কাম ভ্রমরি
বর বরিয়া গেলা॥
জাতি মজিল কুল ডুবিল
দেখিয়া গৌরাঙ্গ রায়।
লোচন বলে মদন ভুলে
অন্যের কিবা দায়॥'

মঙ্গল ১।

দেখ দেখ গোরা-নট রঙ্গ।
কীর্ত্তন মণ্ডল মহারাস-মণ্ডল
উপজিল পুরব-প্রসঙ্গ ॥ধ্রু॥
নাচে পহু নিত্যানন্দ ঠাকুর অদ্বৈতচন্দ্র
শ্রীনিবাস মুকুন্দ মুরারি।
রামানন্দ বক্রেশ্বর আর যত সহচর
প্রেম সিন্ধু আনন্দ-লহরী॥
ঠাকুর পণ্ডিত গায় গোবিন্দ আনন্দে বায়
নাচে গোরা গদাধর সঙ্গে।
দ্রিমিকি দ্রিমিক থৈয়া, তা থৈয়া তা থৈয়া থৈয়া
বাজত[২] মোহন মৃদঙ্গে॥
যত যত অবতারে সুখময় সুখ-সারে
এই মোর নবদ্বীপ-নাথে।
যার যেই নিজ ভাব পরতেকে দেখ সব
নয়নানন্দের রহু চিতে॥৪৮॥২১০৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২১৫ সংখ্যক পদ। ২। 'বাজায়ত' ঘ।

টীকা

১২—১৫। "যত" ইত্যাদি। (শ্রীগৌরাঙ্গ পূর্ণতম অবতার বলিয়া) পূর্ব্বে যত যত অবতার (হইয়াছেন)—আনন্দময় ও আনন্দ-ঘন সেই সমস্ত অবতার আমার এই নবদ্বীপ-বাসীর প্রভুতে (বিদ্যমান আছেন),—যে ভক্তের যাহা নিজের (অভীষ্ট) ভাব—(ইঁহাতে) সমস্ত প্রত্যক্ষ দৃষ্টি কর; (শ্রীগৌরাঙ্গের এই প্রত্যক্ষ-সিদ্ধ সর্ব্বাবতারিত্ব) নয়নানন্দের চিত্তে রহিয়াছে।

কেদার১।

নাচত রসময় গৌর কিশোর।
পুরুবক প্রেম-রভস-রসে ভোর॥
নরহরি গদাধর শোভে দুই পাশে।
হরি বলি চৌদিগে ফিরে হরিদাসে॥
গাওত মুকুন্দ মাধব বাসু ঘোষ।
কোরে করত পহু হইয়া সন্তোষ॥
কিবা সে বরণখানি কাঞ্চন জিনিয়া।
চাঁচর চিকুর চূড়া তাহে সে বনিঞা॥

আজানু-বিলম্বিত[২] ভুজ খেণে খেণে তুলিয়া।
নাচত পহু মোর হরি হরি বলিয়া ॥
অরুণ চরণে নূপুর রনঝনিয়া।
শেখর রায় কহত ধনি ধনিয়া ॥৪৯॥২১০৭

পাঠান্তর

১। এই পদটি ক ও প-র-সা পুথিতে নাই।
২। 'আজানুলম্বিত' খ।

তথা রাগঃ।

বহুখণ নটন-পরিশ্রমে পহু মোর
বৈঠল সহচর-কোর।
সুশিতল মলয়-পবন বহু মৃদু মৃদু
হেরইতে আনন্দ কো করু ওর ॥
দেখ দেখ অপরূপ গোরা দ্বিজ-রাজ।
সুন্দর বদনে স্বেদ-কণ শোভন
হেম-মুকুরে জনু মোতি বিরাজ ॥ধ্রু॥
বহুবিধ সেবনে সকল ভকতগণে
শ্রম-জল সকল কয়ল তব দূর।
নিজ গৃহে আওল গৌর দয়াময়
পরিজন-হিয়ে আনন্দ পরিপূর ॥
সব সহচরগণে গেও নিকেতনে
নিতি নিতি ঐছন করয়ে বিলাস।
সো সুখ-সিন্ধু-বিন্দু নাহি পাওল
রোয়ত দুরমতি বৈষ্ণব দাস ॥
॥৫০॥২১০৮॥

ইতি চতুর্থ-শাখায়াং সপ্তদশ-পল্লবঃ।

পাঠান্তর

১। ইহা প-র সা পুথির ২২১৬ সংখ্যক পদ।

অথ শ্রীগৌরচন্দ্রস্য রূপাদিবর্ণনং।

রাগঃ।

গৌর-বরণ মণি-আভরণ
নাটুয়া-মোহন বেশ।
দেখিতে দেখিতে ভুবন ভুলল
টলিল[২] সকল দেশ ॥
মলুঁ মলুঁ সোই দেখিয়া গৌর-ঠাম।
বধিতে যুবতী গঢ়ল কি[৩] বিধি
কামের উপরে কাম ॥ধ্রু॥
চাঁপা নাগেশ্বর মল্লী থরে থর[৪]
বিনোদ কেশের সাজ।
ও রূপ দেখিতে যুবতী উমতি
হরল[৫] ধৈরজ লাজ ॥
ও রূপ দেখিয়া পতি উপেখিয়া
নদীয়া-নাগরী কান্দে।
ভণে বলরাম আপনা নিছিল
গোরা-পদ-নখ-ছান্দে[৬] ॥১॥২১০৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২১৭ সংখ্যক পদ। ২। 'চলিল' ঘ, চ; প-র-সা। ৩। 'গঢ়ল কি' স্থলে 'গঠিল কো' প-র-সা। ৪। 'মল্লী' ইত্যাদি স্থলে 'মল্লিকা সুন্দর' ক। ৫। 'ধরল' ক। ৬। 'চান্দে' খ।

শ্রীরাগঃ।

কোথায় আছিল গোরা এমন সুন্দর।
ও রূপে মুগধ কৈল নদীয়া নগর ॥
বান্ধিয়া চিকণ কেশ দিয়া নানা ফুলে।
রঙ্গণ মালতী যূথী বান্ধুলী বকুলে ॥
মধু-লোভে মধুকর তাহে কত উড়ে।
ও রূপ দেখিতে প্রাণ নাহি রহে ধড়ে ॥

মণি-মুকুতার হার ঝলমল বুকে।
প্রতি অঙ্গে আভরণ বিজুরী চমকে॥
কুঙ্কুমে লেপিত অঙ্গ চন্দন মিশালে।
আজানুলম্বিত ভুজ বনমালা গলে॥
মন্থর চলনি গতি ছুদিগে হেলনি।
অমিয়া উথলে কিবা গ্রীবার দোলনি॥
চলিতে মধুর-নাদে নুপুর বাজে পায়।
বলরাম দাস বলে নিছনি যাঙ তায়॥

২॥২১১০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২১৮ সংখ্যক পদ।

তুড়ী ১।

বিহরে আজু রসিক-রাজ
গৌরচন্দ্র নদিয়া মাঝ
কুঞ্চ কেশরপুঞ্জ উজোর
কনক-রুচির-কাঁতিয়া।

কোটি কাম রূপ-ধাম
ভুবনমোহন লাবণি ঠাম
হেরত জগত-যুবতি২ উমতি
ধৈরজ ধরম তেজিয়া॥

অসিম পুণিম-শরদ-চন্দ-
কিরণ-দমন বদন-৩ ছন্দ৪
কুন্দ-কুসুম নিন্দি সুষম
মঞ্জু দশন৫ -পাঁতিয়া।

বিম্ব-অধরে মধুর হাসি
বমই কতহিঁ অমিয়া-রাশি
শুধই সীধু-নিকর৬ নিঝর
বচন ঐছন৬ ভাতিয়া॥

মধুর বরজ-বিপিন-কুঞ্জ
মধুর পিরিতি-আরতি৭-পুঞ্জ
সোঙরি সোঙরি অধিক অবশ
মুগধ দিবস রাতিয়া।

ভাবে৮ অবশ অলস ধন্দ
চলত চলত৯ খলত মন্দ
পণ্ডিত-কোর পড়ত ভোর
নিবিড় আনন্দে মাতিয়া॥

অরুণ নয়ানে করুণ১০ চাই
সঘনে জপয়ে রাই রাই
নটত উমত লুঠত ভ্রমত
ফুটত মরম ছাতিয়া।

উত্তম মধ্যম অধম জীব
সবহুঁ প্রেম-অমিয়া পীব
তহিঁ বলরাম বঞ্চিত একলে
সাধু ঠামে অপরাধিয়া॥৩॥২১১১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১৪৩০ ও ২২১৯ সংখ্যক পদ। ২। 'মুরতি' ঘ। ৩। 'দমন বদন-' স্থলে 'মদন বদন' ক; 'বদন মদন' প-র-সা। ৪। 'বসন' ক; 'সদন' খ; 'বদন' ঘ; প-র-সা। ৫। 'নিকরে' ক। ৬। 'রচন' প-র-সা। ৭। 'পিরিতি-আরতি' স্থলে 'যুবতি পিরিতি' প-র-সা। ৮। 'আবেশে' ক, খ, চ; প-র-সা। ৯। 'নটত' প-র-সা। ১০। 'অরুণ' প-র-সা।

তথা রাগ১।

চীত-২ চোর গৌর-অঙ্গ
রঙ্গে ফিরত ভকত সঙ্গ
মদনমোহন-ছন্দুয়া৩।

হেম-বরণ-হরণ[৩] দেহ
পূরল তরুণ[৫] করুণ মেহ
তপত-জগত-বন্ধুয়া ॥
ভাবে অবশ দিবস রাতি
নীপ-কুসুম পুলক-[৬]পাঁতি
বদন শরদ-ইন্দুয়া
সঘনে রোদন সঘনে হাস
আনহি বরণ বিরস ভাষ
নিবিড় প্রেম-সিন্ধুয়া ॥
অমিয়া জিতল মধুর বোল
অরুণ চরণে মঞ্জির রোল
চলত মন্দ মন্দুয়া।
অখিল ভুবন প্রেমে ভাস
আশ করত গোবিন্দদাস
প্রেম-সিন্ধু-বিন্দুয়া ॥৪॥২১১২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২২০ সংখ্যক পদ। ২। 'চিত' ক, চ; প-র-সা। ৩। ছান্দুয়া ক, খ, চ; প-র-সা। ৪। 'হরল' ক। ৫। 'পূরল' ইত্যাদি স্থলে 'পুলক করুণ তরুণ' ক; পূরল অরুণ করুণ' প-র-সা। ৬। 'নীপ' ইত্যাদি স্থলে 'নীপ ফুল শর কুসুম' খ।

তুড়ী[১]।

গৌর মনোহর নাগর-শেখর।
হেরইতে মুরছই অসিম কুসুম-শর ॥
কাঞ্চন রুচিতর[২] রুচিত[৩] কলেবর।
মুখ হেরি রোয়ত শরদ-সুধাকর ॥
জিনি মদ[৪]-কুঞ্জর গতি অতি মন্থর।
অধর-সুধারস[৫] মধুর হসিত ঝর ॥
নিজ নাম মন্তর[৬] জপয়ে নিরন্তর।
ভাবে অবশ তনু গরগর অন্তর ॥
হেরি গদাধর-মুখ অতি কাতর।
রাহ রাই করি পড়ই ধরণি পর ॥
লোচন-জলধর বরিখয়ে ঝরঝর।
মরমে ভরল খর বিষম বিরহ-জর ॥
অতি রসে গরগর[৮] না চিনে অপন পর।
রোয়ত করে ধরি পতিত নীচতর ॥
ও রস[৯]-সাগরে মগন সুরাসুর[১০]।
বিন্দু না পরশল বলরাম দাস পর ॥
॥৫॥২১১৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২২১ ও প-র পুথির ১৪।৭৬ সংখ্যক পদ। ২। 'রুচিরতর' ঘ। ৩। 'রচিত' ক, খ, চ; প-র-সা। ৪। 'মত্ত' ক, খ, ঘ, চ; প-র-সা। ৫। 'রস' ক, খ, ঘ, চ; প-র-সা। ৬। 'অন্তর' প-র-সা; প-র। ৭। 'ভরম' ক, চ; প-র-সা; প-র; 'মরম' খ। ৮। 'জরজর' ঘ; প-র। ৯। 'সুখ' প-র। ১০। 'নরিনর' প-র।

পটমঞ্জরী[১]।

গদাধর-মুখ হেরি কিবা উঠে মনে।
সোঙরি সে সব সুখ নিকুঞ্জ বৃন্দাবনে ॥
ঝুরয়ে সদাই মন সে গুণ শুনিয়া।
হারাইল দুখী যেন পরশ-মণিয়া ॥
হরি হরি বলে পহু কান্দিতে কান্দিতে।
না জানি কাহার ভাব উপজিত চিতে ॥
টলমল করয়ে সোণার বরণখানি।
ঢুলিয়া ঢুলিয়া পড়ে লোটায় ধরণী ॥
কহয়ে নয়নানন্দ গদাধর আগে।
এত পরমাদ হৈল কার অনুরাগে ॥
॥৬॥২১১৪॥

সুহই১।

ও রূপ সুন্দর গৌর কিশোর।
হেরইতে নয়নে আরতি নাহি ওর॥
কর পদ সুন্দর অধর সুরাগ।
নব অনুরাগিণি নব অনুরাগ॥
লোল বিলোচন লোলত লোর।
রসবতি-হৃদয়ে বান্ধল প্রেম-ডোর॥
পরতেক প্রেম কিয়ে মনমথ-রাজ।
কাঞ্চন-গিরি কিয়ে কুসুম-সমাজ॥
তছু২ প্রেম-সম্পট শ্রীগৌরাঙ্গ রায়।
শিব শুক অনন্ত৩ ধেয়ানে নাহি৪ পায়॥
পুলক-পটল-বলয়িত৫ সব অঙ্গ।
প্রেমবতি-আলিঙ্গনে লহরি৬-তরঙ্গ॥
তছু পদ-পঙ্কজ-অলি সহকার।
কহ৭ নয়নানন্দ চীত বিহার ॥৭॥২১১৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২২৩ সংখ্যক পদ। ২। 'অছু' প-র-সা। ৩। 'অনন্তাদি' প-র-সা। ৪। 'না' প-র-সা। ৫। 'বন ইথে' প-র-সা। ৬। 'নহলি' খ, চ, প-র-সা। ৭। 'কহল' ক; 'কহয়ে' ঘ।

বালা ধানশী১।

আওত পিরিতি মুরতিময় সাগর
অপরূপ পহু দ্বিজ-রাজ।
নব নব ভকত ভকতি নব রতন সু-
যাচত নটন-সমাজ॥
ভালি ভালি নদিয়া-বিহার।
সকল বৈকুণ্ঠ-বৃন্দাবন-সম্পদ
সকল সুখের সুখ-সার ॥ধ্রু॥
ধনি ধনি অতি ধনি অব ভেল সুরধুনি
আনন্দে বহে রস-ধার।
স্নান পান অবগাহ আলিঙ্গন
সঙ্গম কত কত বার॥
প্রতি পুর মন্দির প্রতি তরুকুল-তল
প্রতি ফুল-বিপিন বিলাস।
কহে নয়নানন্দ প্রেমে বিশ্বম্ভর
সভাকার পূরল আশ ॥৮॥২১১৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২২৪ সংখ্যক পদ।

বিভাষ১।

নিজ-নামামৃতে মত্ত২ অনুক্ষণ।
পিয়ায় সভারে নাম বিশেষে হীন জন॥
অতি অরুণিত আঁখি আধ আধ৩ বোলে।
কান্দে উচ্চনাদে যারে তারে করে কোলে॥
অপরূপ গৌরাঙ্গ-বিলাস।
খেণে বলে মুঞি পহু খেণে বলে দাস ॥ধ্রু॥
খেণে মত্ত সিংহ-গতি খেণে ভাব-স্তম্ভ।
খেণে ধরু ধরণী পাইয়া অঙ্গ-সঙ্গ॥
খেণে মালশাট মারে অট্ট অট্ট হাসে।
খেণেকে রোদন খেণে গদ গদ ভাষে॥
খেণে দেখে৪ শ্যামসুন্দর তিরিভঙ্গ।
কানুদাস কহে কেনা৫ বুঝে ও না রঙ্গ॥
॥৯॥২১১৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২২৫ সংখ্যক পদ। ২। 'পহু মত্ত' ক। ৩। 'বোল' ঘ, চ। ৪। 'দেখি' ক, খ। ৫। 'কে না' প-র-সা।

সুহই১।

পুলকে পূরল তনু নিজ গুণ শুনি।
প্রেমে অঙ্গ গরগর লোটায় ধরণী॥

খেণে নরহরি-অঙ্গে অঙ্গ হেলাইয়া।
গদাধর-মুখ হেরি পড়ে মুরছিয়া ॥
খেণে মালশাট মারে খেণে বলে হরি।
রাধা রাধা বলি কান্দে ফুকরি ফুকরি ॥
ললিতা বিশাখা বলি ছাড়য়ে নিশাস।
ধৈরজ ধরিতে নারে গোবিন্দদাস ॥

॥১০॥২১১৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২২৬ সংখ্যক পদ।

শ্রীরাগঃ১।

গোরা মোর দয়ার অবধি গুণনিধি।
সুরধুনী-তীরে নদীয়া নগরে
গৌরাঙ্গ বিহরে নিরবধি ॥
ভুজ-যুগ আরোপিয়া ভকতের কান্ধে।
চলিতে না পারে গোরা হরিবোল বলিয়া কান্দে ॥
প্রেমে ছল ছল নয়ান-যুগল
কত নদী বহে ধারে।
পুলকে পূরল সব কলেবর
ধরণী ধরিতে নারে ॥
সঙ্গে পারিষদ ফিরে নিরন্তর
হরি হরি বোল বলে।
সখার কান্ধে ভুজ-যুগ দিয়া
হেলিতে২ দুলিতে চলে ॥
ভুবন ভরিয়া প্রেম উভারিল
পতিত-পাবন নাম।
শুনিয়া ভরসা পরমানন্দের
মনেতে না লয় আন ॥১১॥২১১৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২২৭ সংখ্যক পদ।
২। 'হিলিতে' প, ঘ, প-র-সা।

কল্যাণঃ১।

গোরা-তনু ধূলায় লোটায়।
ডাকে রাধা রাধা বলি গদাধর কোলে করি
পীত বসন বংশী চায় ॥ধ্রু॥
ধরি নটবর-বেশ সমুখে বান্ধিয়া কেশ২
তাহে শোভে ময়ূরের পাখা।
ত্রিভঙ্গ ভঙ্গিমা করি সঘনে বলয়ে হরি
চাহে গোরা কদম্বের শাখা ॥
শুনি বৃন্দাবন-গুণ রসে উনমত মন
সখী-বৃন্দ কোথা গেল হায়।
না বুঝিয়া রস-বোধ প্রিয় সব পারিষদ
গৌরাঙ্গ বলিয়া গুণ গায় ॥
কেহো বলে সাবধান না করিহ রস-গান
উথলিল না ধরে ধরণী।
নিজ মন-আনন্দে কহয়ে পরমানন্দে
কেবা দেহে ধরিবে পরাণি ॥

॥১২॥২১২০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২২৮ সংখ্যক পদ।
২। 'ধরি নটবর বেশ' ইত্যাদি বাকি কলিগুলি প-র-সা পুথিতে নাই, তৎস্থলে 'গদাধর-অঙ্গে' ইত্যাদি পরবর্ত্তী পদের কলিগুলি লিখিত হইয়াছে; বোধ হয়, ইহা লিপিকরের প্রমাদ।

পঠমঞ্জরী।

গদাধর-অঙ্গে পহুঁ অঙ্গ হেলাইয়া।
বৃন্দাবন-গুণ গান বিভোর হইয়া ॥
ক্ষেণে হাসে ক্ষেণে কান্দে বাহ্য নাহি জানে।
রাধার ভাবে আকুল প্রাণ গোকুল পড়ে মনে।
অনন্ত অনঙ্গ জিনি দেহের বলনি।
কত কোটি চাঁদ কান্দে হেরি মুখখানি ॥

ত্রিভুবন দরবিত এ দোঁহার রসে।
না জানি মুরারি গুপ্ত বঞ্চিত কোন দোষে॥
॥১৩॥২১২১॥

—

মল্লার[১]।

গৌরাঙ্গ ঠেকিল[২] পাকে।
ভাবের আবেশে রাধা রাধা বলি ডাকে॥ধ্রু॥
সুরধুনী দেখি পহু যমুনার ভানে।
ফুল-বন দেখি বৃন্দাবন পড়ে মনে॥
পূরব-আবেশেতে[৩] তিরিভঙ্গ[৪] হয়ে।
পীত বসন আর মুরলী চাহয়ে[৫]॥
প্রিয় গদাধর পহু করিয়া ত[৬] কোলে।
কোথা ছিলা কোথা ছিলা গদগদ বোলে॥
ভাব বুঝি পণ্ডিত রহে বাম পাশে।
না বুঝয়ে এহ রঙ্গ নরহরি দাসে॥১৪॥২১২২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২২৯ সংখ্যক পদ। ২। 'ঠেকিল' ক। ৩। 'পূরব-আবেশেতে' স্থলে 'পূরব আবেশে' ক, খ, ঘ, চ; 'অপরূপ আবেশেতে' প-র-সা। ৪। 'ত্রিভঙ্গ' ক, খ, চ; 'ত্রিভঙ্গি' ঘ। ৫। 'চাহে' ক, খ, ঘ, চ। ৬। 'পহু করিয়া ত' (প-র-সা) স্থলে 'করিয়া' ক, খ, ঘ, চ।

—

ধানশী[১]।

সজনী অপরূপ রূপ দেখসিয়া।
পূরবে পরোক্ষ-ভাব　পরতেকে দেখ লাভ
সেই এই গোরা বিনোদিয়া॥ধ্রু॥
সুগন্ধি চন্দন-সার　গন্ধ করবীর মাল
দোলমাল করে সদা তনু।
কত ফুল-শর তায়　মধুকর হইয়া ধায়
ভাবে বিভোর গোরা-তনু॥
ত্রিভঙ্গ হইয়া রয়　মোহন মুরলী বায়
উভ করি চাঁচর চিকুর।
রাধা রাধা বলি ডাকে মালশাট মারে বুকে
বলে মুঞি সভার ঠাকুর॥
জাহ্নবী যমুনা-ভ্রম　তীরে তরু বৃন্দাবন
নবদ্বীপ গোকুল মথুরা।
কহয়ে নয়নানন্দ　সেই সখা সখী-বৃন্দ
বরণখানি কার ভাবে গোরা॥
॥১৫॥২১২৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৩০ সংখ্যক পদ। এই পদটি ১৭শ পল্লবের ২০৭১ সংখ্যক পদেরই রূপান্তর বলিয়া বোধ হয়।

—

তুড়ি।

কি ভাব উঠিল মনে　কান্দিয়া আকুল .কনে
সোণার অঙ্গ ধূলায় লোটায়।
ক্ষণে ক্ষণে বৃন্দাবন　করে গোরা সোঙরণ
ললিতা বিশাখা বলি ধায়॥
রাধা-ভাব অঙ্গীকরি[২]　রাধার বরণ ধরি
রাধা বিনে আন নাহি ভায়।
সুরধুনী-তীর-বন　দেখি মনে বৃন্দাবন
যমুনা-পুলিন বলি ধায়॥
রাধিকা রাধিকা[৩] বলি　ভূমে যায় গড়াগড়ি
রাধা নাম জপয়ে সদায়।
প্রেম-রসে হইয়া ভোরা সঙ্কীর্ত্তন মাঝে গোরা
রাধা নাম জীবেরে বুঝায়॥
ত্রিভঙ্গ হইয়া গোরা　দু নয়নে প্রেম-ধারা
পীত বসন বংশী চায়।
প্রেম-ধন অনুক্ষণ　দান করে জনে জন
এ লোচনদাস গুণ গায়॥১৬॥২১২৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৩১ সংখ্যক পদ। ২। 'অঙ্গীকারি' প-র-সা। ৩। 'রাধা রাধা' প-র-সা।

সুহই১।

আমার গৌরাঙ্গ জানে প্রেমের মরম।
ভাবিতে ভাবিতে ভেল রাধার বরণ॥
রা বোল বলিতে পুর্ণিত কলেবর।
ধা বোল বলিতে বহে নয়নের জল॥
ধারা ধরণী সঘনে বহি যায়।
পুলকে পূরিত তনু জপে নাম তায়॥
মন নিমগন২ গোরী-ভাবের প্রকাশ৩।
এক মুখে কি কহব যদুনাথ দাস৪॥
॥১৭॥২১২৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৩২ সংখ্যক পদ। ২। 'নিগমন' খ, চ। ৩। 'প্রকাশে' ক। ৪। 'দাসে' ক।

শ্রীগান্ধার১।

গদাধর নরহরি করে ধরি গৌরহরি
প্রেমাবেশে ধরণী লোটায়।
কহিলে না হয় তহু ফুকরি ফুকরি পহু
বৃন্দা-বিপিন-গুণ গায়॥
নিজ লীলা নিধুবন সোঙরিয়া উচাটন
কান্দে পহু যমুনা বলিয়া।
নয়ানে বহিছে কত সুরধুনী-ধারা মত
দর দর শ্রীবুক বাহিয়া॥
সুবলের শুদ্ধ সখ্য বৃন্দাদেবীর প্রিয় বাক্য
ললিতার ললিত সুলেহ।
বিশাখার প্রেম-কথা সোঙরি মরমে বেথা
কহি কহি না ধরয়ে দেহ॥
কাহাঁ মোর প্রাণেশ্বরী কাহাঁ গোবর্দ্ধন-গিরি
কাহাঁ মোর বংশী পীত বাস।
প্রেম-সিন্ধু উথলিল জগত ভরিয়া গেল
না বুঝিল যদুনাথ দাস॥১৮॥২১২৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৩৩ সংখ্যক পদ।

গৌরী১।

সোণার বরণ গোরা প্রেম-বিনোদিয়া।
প্রেম-জলে ভাসাওল নগর নদীয়া॥
পরিসর বুক বাহি পড়ে প্রেম-ধারা।
নাহি জানে দিবানিশি প্রেমে মাতোয়ারা॥
গোবিন্দের অঙ্গে পহু অঙ্গ হেলাইয়া।
বৃন্দাবন-গুণ শুনে মগন হইয়া॥
রাধা রাধা বলি পহু পড়ে মুরছিয়া।
শিবানন্দ কান্দে পহুর ভাব না বুঝিয়া॥
॥১৯॥২১২৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৩৪ সংখ্যক পদ।

মঙ্গল১।

শ্রীদাম সুদাম সঙ্গে যে রস করিলুঁ২ রঙ্গে
বলি পহু করে উতরোল।
মুরলী মুরলী করি মুরছিত গৌরহরি
পড়ে পহু গদাধর-কোল॥
রাস-রস বৃন্দাবন প্রিয় সখা সখীগণ
উপজয়ে প্রেম৩ -তরঙ্গ।
বাসুঘোষ রামানন্দ শ্রীবাস জগদানন্দ
নাচে পহু নরহরি সঙ্গ॥

রাধা-ভাবে বিভোরা বরণ হইল গোরা
রাধা নাম জপে অনুক্ষণ।
ললিতা বিশাখা বলি পহু যান গড়াগড়ি
কাহাঁ মোর গিরি গোবর্দ্ধন॥
কাহাঁ যমুনার তট কাহাঁ মোর বংশীবট
বলি পুন হরল চেতন।
এ দীন[৪] গোবিন্দ ঘোষে তা পাওল লব-লেশে
ধিক রহু ঐছন জীবন॥২০॥২১২৮॥

ইত্যাদি ভাবাবেশ-বর্ণনং।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ২২৩৫ সংখ্যক পদ। ২। 'করিনু' ক; 'করিল' খ, ঘ, প-র-সা। ৩। 'প্রেমের' ক। ৪। 'এ ছার' প র-সা।

অথ শ্রীগৌরচন্দ্রস্য রূপ-বর্ণনং।

কল্যাণী১।

অমিয়া[২] মথিয়া কেবা নবনি[৩] তুলিল গো
তাহাতে গড়িল গোরা-দেহ।
জগত ছানিয়া কেবা রস নিঙ্গারিল গো
এক[৪] কৈল সুধই সুলেহ॥
অখণ্ড পিযুষ-[৫] ধারা কেবা আউটিল গো[৬]
সোণার বরণে[৭] হৈল চিনি।
সে চিনি মারিয়া কেবা ফেনি তুলিল গো[৮]
ফেন বাসি[৯] গোরা-অঙ্গখানি॥
অনুরাগের দধি প্রেমার সাচনা[১০] দিয়া
কেবা পাতিয়াছে আঁখি দুটি।
তাহাতে অধিক মহু লহু লহু কথাখানি
হাসিয়া কহয়ে গুটি গুটি॥
বিজুরী বাটিয়া কেবা গা খানি মাজিল গো
চাঁদে মাজিল[১১] মুখখানি।
লাবণ্য বাটিয়া কেবা চিত[১২] নিরমাণ কৈল
অপরূপ রূপের বলনি॥
সকল-পূর্ণিমা-চাঁদে বিকল[১৩] হইয়া কান্দে
কর-পদ-পদুমের গন্ধে।
কুড়িটী নখের ছটায় জগত আলো কৈল গো
আঁখি পাইল জনমের অন্ধে॥
এমন বিনদ রূপ[১৪] কোথাও না দেখি গো[১৫]
অপরূপ প্রেমের বিনোদে।
পুরুষ প্রকৃতি ভাবে কান্দিয়া আকুল গো
নারী কেমনে প্রাণ বান্ধে॥
সকল রসের সার বিনদ[১৬] হৃদয়খানি
কেনা গড়িল[১৭] রঙ্গ দিয়া।
মদন বাটিয়া কেবা বদন গড়িল গো
বিনি ভাবে মু[১৮]মলু কান্দিয়া॥
ইন্দ্র[১৯] ধনুক আনি গোরার কপালে গো
কেবা দিল চন্দনের রেখা।
পুরুষের স্বরূপ[২০] যত কুলের কামিনী গো[২১]
দু হাত করিতে চাহে[২২] পাখা॥
রঙ্গের মন্দির খানি নানা রত্ন দিয়া গো[২৩]
গড়াইল বড় অনুবন্ধে।
লীলা-বিনোদ[২৪] কলা ভাবে অভিলাষি গো[২৫]
মদন-বেদন ভাবি কান্দে॥
নাচায় আঁখির কোণে সদাই সভার মনে
দেখিবারে আঁখি-পাখী ধায়।
আঁখির তিয়াস দেখি মুখের লালস গো
আলসল জর জর গায়॥
কুলবতী কুল ছাড়ে পঙ্গু ধায় উভ-রড়ে
গুণ গায় অসুর পাষণ্ড।
ধুলায় লোটাইয়া কান্দে,কেহো থির নাহি বান্ধে
গোরা-গুণ অমিয়া অখণ্ড॥

ধাওরে ধাওরে বলি প্রেমানন্দে কোলাকুলি
কেহো নাচে অট্ট অট্ট হাসে।
সুশীলা কুলের বহূ সোনে সকল বাও
গোরা-গুণ-রূপের বাতাসে ॥
নদীয়া নগর-বধূ হেরি গোর-মুখ-বিধু
ঝর ঝর নয়ান সদাই।
অনুরাগে বুক ভরে পুলকিত কলেবরে
মন মাঝে সদাই জাগাই ॥
যোগীন্দ্র মুনীন্দ্র কিবা মনে গণে[১৬]রাত্রি দিবা
গোরা-রূপে লাগি গেল ধান্দা।
অখিল ভুবন-পতি ধূলায় লোটাঞা কান্দে[১৭]
সদাই সোঙরে রাধা রাধা ॥
লখিমী-বিলাস ছাড়ি প্রেম-অভিলাষী গো
অনুরাগে রাঙ্গা দুটি আঁখি।
রাধার ধেয়ানে হিয়া বাহির না হয় গো
এই গোরা তনু[১৮]তার সাখী ॥
দেখ রে দেখ রে লোক হেন[১৯]প্রেমা অপরূপ
ত্রিজগত-নাথ নাথ হৈয়া।
অকিঞ্চনের[৩০] সনে কি নাহ[৩১] কি ধন মাগে
কিনা সুখে বুলয়ে নাচিয়া ॥
জয় রে জয় রে জয় হেন প্রেম-রসালয়
ভাঙ্গি বিলাইল গোরা রায়।
নির্জ্জীবে জীবন পাইল পঙ্গু গিরি ডিঙ্গাইল
আনন্দে লোচনদাস গায় ॥

॥২১॥২১২৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৩৬ সংখ্যক পদ। ২। 'অমৃত' ক। ৩। 'নবনী' খ; 'ননী' ক; 'লুনি' চ। ৪। 'এবৈ' ঘ। ৫। 'বিজুরী' ক। ৬। 'গোরা' ক। ৭। 'বচন' ক। ৮। 'কেনি তুলি[৯]' স্থলে 'গা খানি মাজিল' ক। ৯। 'বাসে' ক, খ, চ; 'বাসা' ঘ। ১০। 'সাচনি' ঘ; 'সাচন' প-র-সা। ১১। 'মাখিল' ক। ১২। 'চিত্র' ক, চ; 'চিত্র' ঘ। ১৩। 'আকুল' ক, খ, চ; 'অহুর' প-র-সা। ১৪। 'বিনা রূপ' স্থলে 'বিনোদিয়া ক, খ, চ প-র-সা। ১৫। 'কোথাও' ইত্যাদি স্থলে 'কোথার দেখিয়ে নাই' ক, খ, চ, প-র-সা। ১৬। 'বিশাল' ক, খ, চ; প-র-সা। ১৭। 'গড়াইল' ক, খ, চ; প-র-সা। ১৮। 'যো' ঘ। ১৯। 'ইন্দ্রের' ক, খ, চ; প-র-সা। ২০। 'পুরুবের' ইত্যাদি স্থলে 'ওরূপ স্বরূপ' ক, চ; 'ও রূপ স্বরূপ' খ। ২১। 'ছিল' ক, খ, চ; প-র-সা। ২২। 'চার' ক, ঘ, চ। ২৩। 'রত্ন' ইত্যাদি স্থলে 'রতন দিয়া' ক, চ; প-র-সা। ২৪। 'লীলার বিলাস' ঘ। ২৫। 'ভাবে' ইত্যাদি স্থলে 'ভাবের আবেশে দেখি' ঘ। ২৬। 'গুণে' ক, খ, চ। ২৭। 'ক্ষিতি' ক, খ, চ; প-র-সা। ২৮। 'রূপ' ঘ। ২৯। 'হেন' ক, খ, চ পুথিতে নাই। ৩০। 'আকিঞ্চন' খ, চ, প-র-সা। ৩১। 'লাগি' প-র-সা।

ধানশী[১]।

সরুয়া কাঁকালি ভাঙ্গিয়া পড়ে।
তাহে তনুসুখ বসন পরে ॥
কোঁচার শোভায় মদন ভুলে।
যুবতি-জীবন ঘুরিয়া বুলে ॥
শচীর দুলাল গৌরাঙ্গ চাঁদে।
বান্ধল রঙ্গিনী ভুরুর ফাঁদে[২] ॥
আঁখির বিলোল মুচকি হাসি[৩]।
কুলবতী-ব্রত নাশিল বাসি ॥
লবঙ্গ দুলাল চাঁপার ফুলে।
কি দিয়া বান্ধিল কুন্তল-মূলে ॥

চাঁচর কেশের লোটন দেখি[৪]।
কোন ধনী নিজ ধৈরজ রাখি॥
কপালে চন্দন-ফোটার ছটা।
রসিয়া-যুবতি-কুলের কাঁটা[৫]॥
নিতম্ব-মণ্ডলে কাম রতি[৬]।
ইছিয়া নিছিয়া পরাণ দি[৭]॥
গোবিন্দদাসের মরমে জাগে।
তাহে কোন ছার যৌবন লাগে॥

॥২২॥২১৩০॥

পাঠান্তর

১। ইহা প-ক-সা পুথির ২২৩৭ ও প-র পুথির ৬৩১ সংখ্যক পদ। 'তুড়ী' প-র। ২। অতঃপর প-র পুথিতে নিম্নলিখিত কলিটি দৃষ্ট হয়, যথা—

"চান্দ মলিন বদন-ছান্দে।
দেখিয়া যুবতি ঝুরিয়া কান্দে॥"

৩। 'আঁখির' ইত্যাদি কলিটি প-র পুথিতে নাই। ৪। 'চাঁচর' ইত্যাদি কলিটি প-র পুথিতে নাই। ৫। 'রসিয়া' ইত্যাদি পংক্তি স্থলে 'কুলবতি উমতি কুলের খোটা' প-র। ৬। 'রয়ে' প-র। ৭। 'দিয়ে' প-র।

ভাটিয়ারি।

রসিয়া রমণী যে[১]।
মদন-মোহন গৌরাঙ্গ-বদন
দেখিয়া জীয়ে কি সে॥
যে ধনী রঙ্গিণী হয়।
ভাঙ-ধনুয়া মদন-বাণে
তার কি পরাণ রয়॥
যে জানে পিরিতি-বেথা।
সেহ কি[২] ধৈরজ ধরিতে পারে[৩]
শুনিয়া মুখের[৪] কথা॥

বিলাসিনীর মনে দুখ।
আজানুলম্বিত বাহু হেরি কান্দে
পরিসর গোরা-বুক॥
কামিনী[৬] কামনা করে।
গুরুয়া নিতম্ব বিলাস-বসন
পরশ পাবার তরে॥
গোবিন্দদাসের চিতে।
গৌরাঙ্গচাঁদের চরণ-নখর[৭]
তাহার মাধুরী পিতে[৮]॥

॥২৩॥২১৩১॥

পাঠান্তর

১। ইহা প-ক-সা পুথির ২২৩৮ ও প-র পুথির ১১।১৩ সংখ্যক পদ। 'ধানশ্রী' প-র। ২। 'রমণীরে' ক। ৩। 'সে না' প-র। ৪। 'ধরিতে' ইত্যাদি স্থলে 'বান্ধিতে পারে' প-র-সা; 'ধরয়ে শুনিয়া' প-র। ৫। 'ধৈরজ' ক; 'মুখের' খ। ৬। 'কত কামিনী' ক, খ, ঘ, চ; প-র-সা। ৭। 'যুগল' প-র। ৮। 'তাহার' ইত্যাদি স্থলে 'চান্দ উদয় নিতে' প-র।

জুড়ী মায়ূরঃ।

বিনোদ ফুলের বিনোদ মালা
বিনোদ গলে দোলে।
কোন বিনোদনী গাঁথিল মালা
বিনোদ বিনোদ ফুলে॥
ইতি পদমন্ত্র গেয়ং ॥২৪॥২১৩২॥ *

* এই পদটি তৃতীয় শাখায় ১৫৭২ সংখ্যক পদ-রূপে ইতিপূর্বে উদ্ধৃত হইয়াছে; সুতরাং সম্পূর্ণ পদ ও পাঠান্তর সেখানে দ্রষ্টব্য।

বিহাগড়া।

লাখবান কাঁচা কাঞ্চন আনিয়া
মিলিয়া বিজুরি-সমূহে।

বিহি অতি বিদগধ অমিয়ার সাচে ভরি
নিরমিল গৌর সুদেহে ॥
সজনী ইহ অপরূপ গোরা রাজে।
রসময়-জলধি মাঝে নিতি মাজল
সাজল লাবণি সাজে ॥ধ্রু॥
কোটি কোটি কিয়ে শরদ-সুধাকর
নিরমঞ্ছল মুখ-চাঁদে। *
জগ-মন-মথন সঘন রতি-নায়ক
নাগর হেরি হেরি কান্দে ॥
ঝলমল অঙ্গ-কিরণ মণি-দরপণ
দীপ-দিপতি করু শোভা।
অতয়ে সে নিতি নিতি গোবিন্দদাস মনে
লাগল লোচন-লোভা ॥২২॥২১৩৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৪০ সংখ্যক পদ।

ধানশী১।

গোরারূপ সদাই পড়িছে মোর মনে।
নিরবধি থুইয়া বুকে সে রস-ধাধস সুখে
অনিমিখে দেখহোঁ২ নয়ানে ॥ধ্রু॥
পরিয়া পাটের যোড়৩ বান্ধিয়া চিকুর-ওর
তাহে নানা ফুলের সাজনি।
পরিসর হিয়া ঘন লেপিয়াছে চন্দন
দেখিয়া৪ জিউ করিলুঁ নিছনি ॥
মৃগমদ চন্দন কুঙ্কুম চতুঃসম
মাজিয়া৫ কে দিল ভালে ফোটা।
আছুক আনের কাজ মদন মুগধ ভেল
রহল যুবতীকুলের খোটা ॥
প্রাণ সরবস৬ দেহ অবশ সকল সেহ
না পালটে মোর আঁখি পাপ।
হিয়ার গৌরাঙ্গ-রূপ- কেশর লেপিয়া গো
ঘুচাইব৭ যত মনের তাপ ॥
কামিনী হইয়া কামনা করিয়া
কাম-সায়রে মরি।
গোবিন্দদাসে কহয়ে তবে সে
দুখের সাগরে তরি ॥২৬॥২১৩৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৪১ সংখ্যক পদ।
২। 'দেখহ' ক; প-র-সা; 'দেখোঁহ' ঘ। ৩ 'জোর' প-র-সা। ৪। 'দেখিয়া' ক, খ, ঘ, চ।
৫। 'সাজিয়া' ক; 'মাখিয়া' ঘ। ৬। 'পরশ' ঘ।
৭। 'ঘুচাইলুঁ' ক, খ, ঘ, চ।

তথা রাগঃ।

দেখ দেখ নাগর গৌর-সুধাকর
জগত-আহ্লাদন-কারী।
নদীয়া-পুরবর- রমণী-মণ্ডল-
মণ্ডন গুণ-মণি-ধারী১ ॥
সহজই রসময় সহচর উড়ু-গণ
মাঝে বিরাজিত নাগর-রাজ।
মদন পরাভব বদন-হাস দেখি
বিরসই২ রঙ্গিণিগণ-ভয় লাজ ॥
ভকতবৃন্দ-চিত কৈরব ফুল্লিত
নিশিদিশি উদিত হিয়াক বিলাসে।
রসিয়া-রমণি-চিত- রোহিণি-নায়ক
অনুখণ পূরল না রহ হ্রাসে ॥
ঐছে বিলাস প্র- কাশ বিনোদই৩
বিলসই উলসই ভাবিনি-ভাব।
পদ-পঙ্কজ পর গোবিন্দদাস-চিত-
ভ্রমরি কি পাওব মাধুরি-লাভ ॥
॥২৭॥২১৩৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৪২ সংখ্যক পদ। ২। 'মণ্ডন' ইত্যাদি স্থলে 'গুণ মণিগণ ধারী' ঘ; 'মাঝে গুণমণিধারী' প-র-সা। ৩। 'বিলসই' ক; প-র-সা; 'বিষশই' চ। ৪। 'বিনোদিনী' ক।

—

সুপালী১।

ও তনু সুন্দর গৌর কিশোর।
হেরইতে নয়নে বহয়ে প্রেম-লোর॥
জানুলম্বিত ভুজ তাহে বনমাল।
তহিঁ অলি গুঞ্জই শবদ রসাল॥
লোল বিলোকনে নয়ন-হিলোর।
রসবতি-হৃদয়ে বান্ধল প্রেম-ডোর॥
পুলক-পটল-বলয়িত ছিরি অঙ্গ।
প্রেমবতি আলিঙ্গিতে লহরি-তরঙ্গ॥
গোবিন্দদাস আশ করু তায়।
গৌর-চরণ-নখ-কিরণ-ঘটায়॥১৮॥২১৩৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৪৩ সংখ্যক পদ।

—

কল্যাণী১।

শারদ কোটী চাঁদ সঞে সুন্দর
সুখময় গৌরকিশোর বিরাজ।
হেরইতে যুবতি পিরিতি-রসে মাতল
ভাগল গুরুজন-গৌরব লাজ॥
সজনী কিয়ে আজু পেখলুঁ গোরা।
মনমথ-মথন অরুণ নয়নাঞ্চল
চাহনি ভৈ গেলুঁ ভোরা॥

মৃদু মৃদু মধুর মধুর স্মিত-শোভিত
লোহিত অধর বিনোদ।
কত কুল-কামিনি বাসর যামিনি
ভেল অনুরাগিণি পরশ-আমোদ॥
কেশরি-শাবক জিনি তনুর মাঝ খিনি
তাহে বিলসে মন-মোহন বাস।
হেরি কুলবতিগণ নিধুবন-গত-মন
মুগধে মাতল কত করু অভিলাষ॥
কুটিল সুকেশ কুসুম২ লোটন
যোটন রসবতি রস-পরিণাম।
গোবিন্দ দাস কহে ঐছে৩ বর রসিয়া
নাগর হেরি কহয়ে গুণ-গাম॥
॥১৯॥২১৩৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৪৪ সংখ্যক পদ।
২। 'কুসুম' ক। ৩। 'ঐছন' ক, খ।

—

ধানশী১।

যতিখণে গোরা-রূপ আয়লু হেরি।
মাজল২ মুকুর আনলু তথি৩ বেরি॥
সখি হে সয়সহ আনন অনূপ৪।
ইথে লাগি মুকুরে হেরিলু নিজ মুখ॥
তৈখনে হেরইতে ভেল হাম ধন্দ।
উয়ল৫ দরপণে গোরা-মুখ-চন্দ॥
মঝু মুখ সো মুখ যব ভেল সঙ্গ।
কিয়ে কিয়ে বাঢ়ল প্রেম-তরঙ্গ॥
উপজল কম্প নয়নে বহে৬ লোর।
পুলকিত৭ চমকি চমকি ভেলু৮ ভোর॥
করইতে আলিঙ্গন বাহু পসারি।
অবশে আরিশি করে৯ খসল হামারি॥

বহুত পরশ-রস অবশ কেলি[10]।
গোবিন্দদাস শুনি মুরছিত ভেলি[11] ॥
॥৩০॥২১৩৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৪৫ ও প-র পুথির ৩৬।১ সংখ্যক পদ। ২। 'মাজল' ক, চ। ৩। 'তহি' প-র-সা; প-র। ৪। 'সখি হে' ইত্যাদি স্থলে 'সখি হে সব সেই আনল অনুপ' ক, খ; 'সখিহে সব সেই আনন অনুক' প-র-সা; 'সখি কহ তুয়ানন সরস অনুপ' প-র। ৫। 'উয়ল' ক, খ, চ; প-র-সা; প-র। ৬। 'নয়নে বহে' স্থলে 'নয়ন ভরু' প-র। ৭। 'পুলকিনি' প-র। ৮। 'ভেল' ক। ৯। 'অবশে' ইত্যাদি স্থলে 'কয় সঞে আরিশি' প-র। ১০। 'কেল' ঘ; প-র। ১১। 'ভেল' ঘ; প-র।

তথা রাগ১।

বিহির কি রীতি পিরিতি-আরতি
গোরা-রূপে উপজিল।
যাহার এ পতি সেই[2] পুণবতী
আনে সে ঝুরিয়া মৈল ॥
সজনি কাহারে কহিব কথা।
নিরবধি গোরা- বদন দেখিয়া
ঘুচাব মনের বেথা ॥ধ্রু॥
সে গোরা-গায় ঘাম-কিরণে
নিন্দয়ে কতেক চাঁদে।
গলায় রঞ্জণ- কলিকার[3] মালা
নারী-মন-বান্ধা ফান্দে ॥
বাহুর বলনি অঙ্গের হেলনি
মন্থর চলনি-ছান্দে।
আছুক আনের কাজ কি[4] মদন
বিনিয়া বিনিয়া কান্দে ॥
শ্রবণে সোণার মকর-কুণ্ডল
রঙ্গিণী-পরাণ গিলে।
গোবিন্দদাস কহয়ে নাগর
হারাই হারাই তিলে ॥৩১॥২১৩৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৪৬ সংখ্যক পদ। ২। 'সই' ক, খ, ঘ, চ। ৩। 'কলিকা' ক, খ, ঘ, চ। ৪। 'কি' ক, খ, ঘ, চ পুথিতে নাই।

বেলোয়ার। কন্দর্প১।

লাখবান কনক কষিল[2] কলেবর
মোহন সুমেরু জিনিয়া সুঠান।
গদ গদ নীর থীর নাহি বান্ধই[3]
ভুবন-মোহন কিয়ে নয়ান-সন্ধান ॥
দেখ রে মাই সুন্দর শচিনন্দনা।
আজানুলম্বিত ভুজ বাহু সুবলনা ॥ধ্রু॥
ময়-মত্ত হাতি ভাতি গতি চলনা[4]।
কিয়ে রে মালতীর মালা গোরা-অঙ্গে
দোলনা ॥
শরদ-ইন্দু জিনি[5] সুন্দর বয়না।
প্রেম-আনন্দে পরিপুরিত নয়না ॥
পদ দুই চারি চলত ডগমগিয়া।
থির নাহি বান্ধে পড়ত পহু ঢলিয়া[6] ॥
গোবিন্দদাস কহে গোরা বড় রঙ্গিয়া[7]।
বলিহারি যাও মুঞি সঙ্গের অনুসঙ্গিয়া ॥
॥৩২॥২১৪০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৩৭ সংখ্যক পদ। ২। 'কষিল' ক, খ, ঘ, চ। ৩। 'পায়ই' ক, খ, ঘ, । ৪। 'চলনা' ক, খ। ৫। 'নিন্দি' প-র-সা।

৬। 'থির' ইত্যাদি স্থলে 'নাচত্ত পহু নিজ প্রেমে গরগরিয়া' প-র-সা। ৭। 'গোবিন্দদাস' ইত্যাদি স্থলে 'বলরাম দাস চিতে গোরা নট রঙ্গিয়া' প-র।

রামকেলি[১]।

ধবল পাটের জোড় পর্‌য়াছে[২]
রাঙ্গা রাঙ্গা পাড়ি[৩] দিয়াছে
চরণ উপর দুল্যা[৪] যাইছে[৫] কোঁচা।
বাঁকমল সোণার নূপুর
বাজ্যা[৬] যাইছে মধুর মধুর
রূপ দেখিয়া[৭] ভুবন মুরছা॥
দীঘল দীঘল চাঁচর চুল
তায় দিয়াছে চাঁপার ফুল
কুন্দ মালতীর মালা বেঢ়া ঝুঁটা।
চন্দন মাখা গোরা-গায়
বাহু দোলাইয়া চল্যা যায়
ললাট উপর ভুবন-মোহন ফোটা॥
মধুর মধুর কয় কথা
শ্রবণে মনের ঘুচায় বেথা
চাঁদে যেন উগারয়ে সুধা।
বাহুর হিলন[৮] দোলন দেখি
করীর শুণ্ড কিসে লেখি
নয়ান বয়ান যেন কুন্দে[৯] কুন্দা॥
এমন কেউ বেথিত থাকে
কথার ছলে খানিক[১০] রাখে
নয়ান ভর্‌যা দেখি রূপখানি।
লোচনদাসে বলে কেনে
নয়ান দিলি উহার পানে
কুল মজালি আপনা আপনি॥
॥৩৩॥২১৪১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৪৮ সংখ্যক পদ। ২। 'পরেছে' ক; 'পর্‌যাছ' খ। ৩। 'পাড়' ক; 'পাইড়' প-র-সা। ৪। 'দুলি' ক; 'দুলিয়া' প-র-সা। ৫। 'জেছে' খ, চ। ৬। 'বেজ্যা' ঘ। ৭। 'দেখিতে' ক। ৮। 'হিলোল' খ; 'হেলন' ক। ৯। 'কুন্দের' খ; প-র-সা। ১০। 'ক্ষেণেক' খ।

আড়ানি[১]।

মন-মোহনিয়া গোরা ভুবন-মোহনিয়া।
হাসির ছটা চাঁদের ঘটা বরিখে অমিয়া॥ধ্রু॥
রূপের ছটা যুবতি-ঘটা বুক ভরিতে চায়[২]।
মন-গরবের মান-ঘর[৩] ভাঙ্গিল মদন রায়॥
রঙ্গিন পাটের ডোর দুই দিগে সোণার
নূপুর পায়।
ঝুনর ঝুনর বেজ্যা যায়[৪] কাম চমকে[৫] তায়॥
মালতী-ফুলে ভ্রমর বুলে[৬] নব
লোটনের দাম।
কুল-কামিনীর কুল মজিয়া গীম-
দোলনীর ঠাম॥
আঁখির ঠারে প্রাণ মারে কহিতে সহিতে[৭]
নারি।
রাধাবল্লভ দাসে কয় মন করিলে চুরি॥
॥৩৪॥২১৪২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৪৯ সংখ্যক পদ। ২। 'যায়' ক, খ। ৩। 'মানের গড়' খ; 'মণি ঘর' প-র-সা। ৪। 'বেজ্যা যায়' স্থলে 'বাজিয়াছে' খ। ৫। 'ঠমকে' ক, খ, ঘ, চ। ৬। 'ভুলে' প-র-সা। ৭। 'কইতে সইতে' প-র-সা।

গান্ধার১।

দেখ দেখ গোরা নট-রায়।
বদন-শরদ-শশী তাহে মন্দ মন্দ হাসি
কুলবতী হেরি মুরছায় ॥
চাঁচর চিকুর মাথে চম্পক-কলিকা তাথে
যুবতীর মন মধুকর।
শ্রুতি-পদ্মযুগ-মূলে কনক-কুণ্ডল দোলে
পাকা বিম্ব জিনিয়া অধর ॥
কম্বু কণ্ঠে মৃদু বাণী সুধার তরঙ্গ খানি
হরি-রসে জগত ডুবায়।
করিবর-কর জিনি বাহু-যুগ সুবলনি
অঙ্গদ বলয়া শোভে তায় ॥
বক্ষ হেম-ধরাধর নাভি-পদ্ম সরোবর
মধ্য হেরি কেশরী পলায়।
অরুণ বসন সাজে চরণে নূপুর বাজে
বাসুঘোষে গোরা-গুণ গায় ॥৩৫॥২১৪৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৫০ সংখ্যক পদ।

কামোদ১।

কাঁচা কাঞ্চন মণি গোরা-রূপ তাহে জিনি
ডগমগি প্রেমের২ তরঙ্গ।
ও নব কুসুম-দাম গলে দোলে অনুপাম
হিলন নরহরি-অঙ্গ৩ ॥
বিহরই পরম আনন্দে।
নিত্যানন্দ করি সঙ্গে গঙ্গার৪ পুলিনে রঙ্গে
হরি হরি বলে নিজ-বৃন্দে ॥ধ্রু॥
ভাবে অবশ তনু পুলক কদম্ব জনু
গরজই যৈছন সিংহে।
নিজ-প্রিয় গদাধর ধরিয়াছে বাম কর
নিজ গুণ গাওই গোবিন্দে ॥
ঈষৎ অধরে পহু লহু লহু হাসত
বোলত কত অভিলাষে।
সোঙরি সে সব খেলা বৃন্দাবন রস-লীলা
কি বলিবে বাসুদেব ঘোষে ॥৩৬॥২১৪৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৫১ সংখ্যক পদ। ২। 'প্রেম' খ, ঘ। ৩। অতঃপর প-র-সা পুথিতে নিম্নলিখিত কলিটি দৃষ্ট হয়, যথা—

'বদন পূর্ণিমা শশী তাহে মৃদু মৃদু হাসি
আঁখি বহে অমিয়ার ধারা।
ভকত চাতক যত পিও পিও অবিরত
নিশি দিশি প্রেমে মাতোয়ারা ॥'

৪। 'গঙ্গা' চ; 'যমুনার' ক, খ, ঘ।

বেলোয়ার১।

সহজই কাঞ্চন-কান্তি কলেবর
হেরইতে জগ-জন-মন-মোহনিয়া।
তঁহি কত কোটী মদন মুরছায়ল
অরুণ-কিরণ-হর২ অম্বর বনিয়া ॥
রাই-প্রেম-ভরে গমন৩ সুমন্থর
অন্তর গরগর পড়ই ধরণিয়া।
স্বেদ কম্প ঘন ঘন পুলকাবলি
ঘন হুহুঙ্কার করত৪ গরজনিয়া ॥
ডগমগ দেহ থেহ নাহি বান্ধই
দুহুঁ দিঠি-মেহ সঘনে বরখণিয়া।
ও রসে ভোর ওর নাহি পায়ই
পতিত কোরে ধরি লোর সিচনিয়া ॥
হরি হরি বোলি রোই কত বিলপই
বঞ্চিত বলরাম দিবস রজনিয়া ॥
॥৩৭॥২১৪৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২।২ সংখ্যক পদ।
২। 'তহিঁ' খ। ৩। 'মগন' খ, ঘ। ৪। 'কর' ক, খ।

সিন্দুড়া ১।

কনয়া কষিল মুখ-শোভা।
হেরইতে জগ-মন লোভা॥
বিনি হাসে গোরা-মুখ[২] হাস।
পরিধান পীত পটবাস॥
অঙ্গের সৌরভ[৩]-লোভ পাইয়া।
নবীন ভ্রমরী আইল ধাইয়া॥
ঘুরি ঘুরি বুলে পদ-তলে।
গুণ গুণ শবদ রসালে॥
গোবিন্দ ঘোষের মনে জাগে।
গোরা না দেখিলে বিষ লাগে॥৩৮॥২১৪৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৫৩ সংখ্যক পদ।
২। 'মুখে' প-র-সা। ৩। 'সৌরভে' প-র-সা।

তুড়ী ১।

জানু-লম্বিত বাহু-যুগল
কনক-পুতলী দেহা।
অরুণ অম্বর শোভিত কলেবর
উপমা দেয়ব কাহাঁ॥
হাস-বিমল বয়ান-কমল
পীন হৃদয় সাজে।
উন্নত গীম সিংহ জিনিয়া
উদার বিগ্রহ রাজে॥
চরণ-নখর উজোর শশধর
কনয়া-মঞ্জরী শোহে[২]।
হেরি দিনমণি আপনা নিছয়ে[৩]
রূপে জগ-মন মোহে॥
কলিযুগে অবতার চৈতন্য নিতাই
পাপ পাষণ্ড নাহি মানে[৪]।
শ্রীকৃষ্ণচৈতন্য ঠাকুর নিত্যানন্দ
বৃন্দাবন দাস গুণ গানে॥৩৯॥২১৪৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৫৪ সংখ্যক পদ।
২। 'শোভে' ক। ৩। 'নিছিয়ে' ক, খ; 'নিছনি' প-র-সা। ৪। 'জানে' চ।

তথা রাগঃ ১।

গৌর-বরণ হেরিয়া বিজুরী
গগনে বসতি কেল[২]।
ত্রিভুবনে যত শোভার বিততি[৩]
হারি পরাজিত ভেল॥
দেখ দেখ মদন-মোহন রূপ।
মাথার শোভায় গরব তেজিয়া
পলায়ল গিরি-ভূপ॥ধ্রু॥
শুনি করি-বর গমন-সঞ্চার
চরণে সোঁপিয়া গেল।
ভয় পাই[৪] মনে কুরঙ্গিণীগণে
লোচন-ভঙ্গিমা দিল॥
কেশের শোভায় চামরীর গণে
নিজ অহঙ্কার ছাড়ি[৫]।
বনে প্রবেশিয়া লজ্জিত হইয়া
অভিমানে রহে পড়ি[৬]॥
যুবতী-গরব তেজিতে[৭] গৌর[৮]
নদীয়া নগর মাঝে।
চন্দ্রশেখর কহয়ে বজর
পড়িল যুবতী-লাজে॥৪০॥২১৪৮॥

পাঠান্তর।

১। ইহা প-র-সা পুথির ২২৫৫ সংখ্যক পদ। ২। 'কৈল' ক। ৩। 'বিভাত' ক। ৪। 'পাইয়া' ক, চ; প-র-সা। ৫। 'ছাড়ে' প-র-সা। ৬। 'পড়ে' প-র-সা। ৭। 'তেজিয়া' ক। ৮। 'গৌরব প-র-সা।

তুড়ী[১]।

মদনমোহন গৌরাঙ্গ-বদন
রূপ হেরি কি না হৈল মোরে।
সোণার বরণ তনু এই ছিল কালা কানু
নহিলে কি মন চুরি করে॥
রসের পরাণ যার কুল কি করিবে[২] তার
নদীয়া নগরে হেন জনা।
কি ছার দারুণ মতি মজিল যুবতী সতী
ঘরে ঘরে প্রেমের কান্দনা॥
নয়ন-কমল নব অরুণ পরাভব
ধারা বহে বুক[৩] বাহিয়া।
আহা মরি মরি সই মরম তোমারে কই
জীব না গো[৪] গোরা না দেখিয়া॥
হিয়ায় প্রেমের শর তনু কৈল জর জর
প্রবোধ না মানে মোর প্রাণী।
সুরধুনী-তীরে যাঞা ভাসাইব কুল-ক্রিয়া
ভজিব সে গোরা গুণমণি॥
পূরবে শুনিনু যত সেই সব অভিমত
এবে ভেল কাল-তনু গোরা।
বাসুদেব ঘোষের বাণী রসিক নাগর জানি
নহিলে কি গোপীর মন-চোরা॥

॥৪১॥২১৪৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৫৬ সংখ্যক পদ। ২। 'কহিবে' ক; 'রহিবে' খ, চ। 'মুখ বুক' প-র-সা। ৪। 'সে' প-র-সা।

সুহিণী[১]।

কি কহব অপরূপ গৌর কিশোর।
অপাঙ্গ-ইঙ্গিতে প্রাণ হরি নিল মোর॥
তেরছ চাহনি তাঁর বড়ই জঞ্জাল।
নগরে উদয় ভেল নাগরীর কাল॥
যেবা ধনী দেখে তারে পাসরিতে নারে।
কুল ছাড়ে কুলবতী নাহি রহে ঘরে॥
বাসুদেব ঘোষ কহে শুন মোর কথা।
গোরার পিরিতি খানি মরমের বেথা॥

॥৪২॥২১৫০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৫৭ সংখ্যক পদ।

বরাড়ী[১]।

সজনী ঐ দেখ শচীর নন্দন।
যেবা জন দেখে তার স্থির নহে মন॥ধ্রু॥
অসীম গুণের নিধি অপার মহিমা।
এ[২] তিন ভুবনে নাহি রূপে[৩] দিতে সীমা॥
খগ মৃগ তরু লতা গুণ শুনি কান্দে।
রূপে গুণে কুলবতী বুক নাহি বান্ধে॥
ব্রহ্মার দুর্লভ নাম জনে জনে দিয়া।
বাসুদেব বলে গোরা লইল তরিয়া॥

॥৪৩॥২১৫১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৫৮ সংখ্যক পদ। ২। 'ই' ঘ। ৩। 'রূপের' ঘ।

কামোদ১।

সখি হে ওই[২] দেখ গোরা-কলেবরে।
কত চাঁদ জিনি মুখ সুন্দর অধরে॥
করিবর-কর জিনি বাহু সুবলনি।
খঞ্জন জিনিয়া গোরার নয়ন-চাহনি॥
চন্দন-তিলক সাঁজে[৩] সুচারু কপালে।
আজানুলম্বিত চারু নব নব মালে॥
কম্বু-কণ্ঠ পীন পরিসর হিয়া মাঝে।
চন্দনে শোভিত কত[৪] রত্ন-হার সাজে॥
রামরম্ভা জিনি উরু অরুণ চরণ।
নখমণি জিনি ইন্দু পূর্ণ দরপণ॥
বাসুঘোষ বলে গোরা কোথা না আছিল।
যুবতি বধিতে রূপ বিধি সিরজিল॥

॥৪৪॥২১৫২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৫৯ সংখ্যক পদ। ২। 'ঐ' ক; 'অই' প-র-সা। ৩। 'শোভে' ক, খ। ৪। 'অঙ্গ' খ।

কানড়া ১।

দেখ দেখ সখি গোরা বর[২] দ্বিজমণিয়া।
নিরুপম রূপ বিধি নিরমিল
কেমনে ধৈরজ ধরিয়া॥ ধ্রু॥
আজানুলম্বিত সুবাহু-যুগল
বরণ কাঞ্চন জিনিয়া।
কিয়ে সে কেতকী কনক-অম্বুজ
কিয়ে বা চম্পক মণিয়া॥
কিয়ে গোরোচনা কুঙ্কুম-বরণ
জিনি অঙ্গ ঝলমলিয়া।
মধুর বচনে অমিয়া বরিখে
ত্রিজগত-মন ভুলিয়া।
কত কোটি চাঁদ বদন নিছনি
নখ-চাঁদে পড়ে গলিয়া॥
বাসুঘোষে কহে গৌরাঙ্গ-বদন
কে দেখি আসিবে চলিয়া॥

॥৪৫॥২১৫৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৬০ সংখ্যক পদ।
২। 'বর' প-র-সা পুথিতে নাই।

রায়'ড়ু১।

ও না কে বল গো সজনি।
কত চাঁদ জিনি সুন্দর মুখানি
বরণ কাঞ্চন মণি॥ধ্রু॥
করি-কর[২] জিনি বাহুর বলনি[৩]
আজানুলম্বিত সাজে।
নখ কর পদ বিধু কোকনদ
হরি লুকাইল লাজে॥
ভাও-যুগ বর দেখিতে সুন্দর
মদনে তেজয়ে ধনু।
তেরছ চাহিয়া হাসি মিশাইয়া
হানয়ে সভার তনু॥
কটিতে বসন অরুণ-বরণ
গলে দোলে বন-মালা।
বাসুঘোষ ভণে হও[৪] সাবধানে
জগত কর্যাছে আলা॥

॥৪৬॥২১৫৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৬১ সংখ্যক পদ। ২। 'করিবর' ক, ঘ, চ,; প-র-সা; 'করিবর কর' খ। ৩। 'সুবলনি' খ। ৪। 'হও' খ, ঘ।

কামোদ১।

দেখহ নাগর নদিয়ার।
গজবর-গতি জিতি গমন সুমাধুরি২
অপরূপ গোরা দ্বিজরায় ॥ধ্রু॥
চরণ কমল যেন ভকত ভ্রমরগণ
পরিমলে চৌদিগে ধায়।
মধু-মদে মাতল সব মহী-মণ্ডল
দিগ বিদিগ নাহি পায়।
রস-ভরে গর গর অধর মনোহর
ইষত হাসিয়া ঘন চায়।
অপাঙ্গ-ইঙ্গিত বর নয়ান-কোণের শর
কত কোটি কাম মুরছায় ॥
অভরণ বহু মণি বসন অরুণ জিনি
বাজন-নূপুর রাঙ্গা পায়।
জগ ভরি জয়৩ ধ্বনি জয় গোরা দ্বিজমণি
বাসুদেব ঘোষে গুণ গায় ॥
॥৪৭॥২১৫৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৬২ সংখ্যক পদ। ২। 'সুমন্থর' প-র-সা। ৩। 'জগ' ইত্যাদি স্থলে 'জগত বিজয়' ক। কোন লিপিকর 'ভ' অক্ষরটিকে 'ত' ও 'রি' অক্ষরটিকে 'বি' পাঠ করায়, এই হাস্য-জনক পাঠ-বিভ্রাট ঘটিয়াছে।

মঙ্গল ১।

নির্ম্মল২ কাঞ্চন জিতুল বরণ
বসন-ভূষণ-শোভা।
সুগন্ধি চন্দন তাহাতে লেপন
মদন-মোহন আভা ॥
উর পরিসর নানা মণি-হার
মকর-কুণ্ডল কাণে।
মধুর হাসনি তেরছ চাহনি
হানয়ে মরম৩ বাণে ॥
বিনোদ বন্ধান৪ ঢুলিছে লোটন
মল্লিকা-মালতী-বেড়া।
নদীয়া নগরে নাগরীগণের
ধৈরজ-ধরম-ছাড়া ॥
মদন-মন্থর গতি মনোহর
করী সরমিত তায়।
এ থল-কমল চরণ-যুগল
ভুখিয়া শেখর রায়৫ ॥৪৮॥২১৫৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৬৩ সংখ্যক পদ। ২। 'নিরমল' ক, খ; প র-সা; 'বিমল' ঘ। ৩। 'মরমে' ক। ৪। 'বন্ধন' ক; 'বান্ধন' খ; প-র-সা। ৫। 'গায়' খ।

ভাটিয়ারি১।

অতি অপরূপ রূপ মনোহর
তাহা না কহিবে কে।
সুরধুনী-তীরে নদীয়া নগরে
দেখিয়া আইলুঁ সে ॥
পিরিতি-পরশ অঙ্গের ঠাম
ললিত লাবণ্য-কলা।
নদীয়া-নাগরী করিতে পাগলী
না জানি কোথা না ছিলা ॥
সোণায় বান্ধল মণির২ পদক
উরে ঝলমল করে।
ও চাঁদ-মুখের মাধুরী হেরিতে
তরুণী হিয়া না ধরে ॥

যৌবন-তরঙ্গে　রূপের পাথার[৩]
পড়িয়া অঙ্গেতে ভাসে।
শেখরের পহু　বৈভব কো কহুঁ
ভুবন ডুবিল যশে ॥৪৯॥২১৫৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৬৪ সংখ্যক পদ। ২। 'মালার' প-র-সা। ৩। 'পাথারে' ক, খ, চ; প-র-সা।

তথা রাগঃ।

নিরুপম কাঞ্চন-রুচির কলেবর
লাবণি বরণি না হোয়।
নিরমল বদন　বচন-অমিয়া-সর[২]
লাজে সুধাকর রোয়॥
হেরলু রে সখি রসময় গৌর।
বেশ বিলাসে মদন ভেল ভোর ॥ধ্রু॥
লোল অলককুল তিলক সুরঞ্জিত
নাসা খগপতি-উন।
ভাঙ কামান বাণ দৃগঞ্চল
চন্দন-রেখ তাহে গুণ॥
কম্বু-কণ্ঠে[৩] মণি-হার বিরাজিত
কাম-কলঙ্কিত শোভা।
চরণ অলঙ্কৃত　মঞ্জির ঝঙ্কৃত
রায় শেখর মন-লোভা ॥৫০॥২১৫৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৬৫ সংখ্যক পদ। ২। 'রস' ঘ; প-র-সা। ৩। 'কণ্ঠ' ক।

সুহিনী[১]।

কি পেখলুঁ গৌরকিশোর।
সুরধুনি-তীরে উজোর॥
সুঘড় ভকতগণ সঙ্গ।
করতহিঁ কত কত রঙ্গ॥
মন্দ মধুর মৃদু হাস।
কুন্দ-কুমুদ[২] পরকাশ॥
জানু-লম্বিত ভুজ-দণ্ড।
জীতল[৩] করিবর-শুণ্ড॥
অহনিশি ভাবে বিভোর।
কুল-কামিনি-চিত-চোর॥
মদ[৪]-মন্থর গতি-ভাতি।
মুরছিত মনমথ-হাথি॥
সো পদ-পঙ্কজ-বায়।
কহ কবি শেখর রায় ॥৫১॥২১৫৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৬৬ সংখ্যক পদ। ২। 'কুসুম' ক। ৩। 'জিতল' ক, চ; প-র-সা। ৪। 'মদন' ক, খ, চ; প-র-সা।

সুহই[১]।

কুন্দন[২] কনক-কমল-রুচি-নিন্দিত
সুরধুনি-তীর-বিহারী।
কুঞ্চিত-কণ্ঠ-কলিত-কুসুমাকুল
কুল-কামিনি-মনহারী॥
জয় জয় জগ-জীবন যশ-ধীর।
জাহ্নবি যমুনা যেন　জলধর বরিখণ
ঐছে নয়নে বহে নীর ॥ধ্রু॥
পদুমিনি-পুরুব-পিরিতে পুলকায়িত
পরিজন-প্রেম পসারি।
পহিরণ পীত　পট নিপতিতাঞ্চল[৩]
পদ-পঙ্কজ পরচারী॥

রসবতি-রমণি-রঞ্জন রুচিরানন[৪]
রতি-পতি রঙ্গিত তায়।
রসিক-রসায়ন রসময় ভাষণ
রচয়তি শেখর রায় ॥৫২॥২১৬০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৬৭ সংখ্যক পদ। ২। 'কুন্দল' প-র-সা। ৩। 'পট' ইত্যাদি স্থলে পতনি পতিতাঞ্চল' ঘ, চ। ৪। 'রুচিরানল' ক।

জয়জয়ন্তী১।

মুদির-মাধুরি- মধুর মূরতি
মৃদুল[২] মোহন ছান্দ।
মৌলি-মালতি- মালে মধুকর
মোহিত মনমথ-ফান্দ॥
গৌরসুন্দর সুঘড়-শেখর
শরদ-শশধর-হাস।
সঙ্গে সাজক সুঘড় ভাবক
সতত সুখময় ভাব॥
চীন[৩] চাঁচর চিকুর চুম্বিত
চারু-চন্দ্রিক-মাল।
চকিত চাহিতে চপল চমকিত
চীত চোরল ভাল॥
গান গুর্জ্জরি গৌরি গান্ধার
গমক গরজন তায়।
গমন গজ-পতি- গরব-গঞ্জিত
গাওয়ে শেখর রায় ॥৫৩॥২১৬১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৬৮ সংখ্যক পদ। ২। 'মদন' প-র-সা। ৩। সকল পুথিতেই 'চীন' পাঠ আছে।

গান্ধার১।

দেখ দেখ অদভুত সুন্দর শচিসুত
অপরূপ বিহি-নিরমাণ।
ডগমগি[২] হিরণ-কিরণ জিনি তনু-রুচি
হরি হরি বোলত বয়ান॥
ভালহি মলয়জ-বিন্দু বিরাজিত
তছু পর অলকা হিলোল।
কনক-সরোজ চাঁদ জিনি[৩] উজোর
তহি বেড়ি অলিকুল দোল॥
ছুনয়ন অরুণ কমল-দল-গঞ্জন
খঞ্জন জিনিয়া চকোর।
'যৈছন শিথিল গাঁথন[৪] মোতি-ফল
তৈছে বহত ঘন লোর॥
নিজ গুণ নাম গান রস-সায়রে
জগ-জন নিমগন কেল।
দিন-হিন রামানন্দ তহিঁ বঞ্চিত
কিঞ্চিত[৫] পরশ না[৬] ভেল॥
॥৫৪॥২১৬২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৬৯ সংখ্যক পদ। ২। 'ডগমগ' ক। ৩। 'জন' ঘ, চ; প-র-সা। ৪। 'গাঁথল' ক, খ। ৫। 'দৈবে' খ। ৬। 'নাহি' খ।

তুড়ী১।

দেখত বেকত গৌর অদভুত
উজোর সুরধুনি-তীর।
জাম্বুনদ-তনু বসন জিনিয়া ভানু
সুন্দর সুঘড় সুধীর[২]॥
ব্রজ-লীলা গুণ সোঙরি সোঙরি ঘন
রহই না পারই থীর।

পুলকে পূরল তনু ফুটল কদম্ব জনু
ঝরঝর নয়নক নীর ॥
অবিরত ভকত গান[৩]-রসে উনমত
কম্বু-কণ্ঠ[৪] ঘন[৫] দোল।
পুলকে পূরল জীব সুনিপুণ[৬] নাচত
সঘনে বলয়ে হরিবোল ॥
দেব দেব অধি- দেব জন-বল্লভ
পতিত-পাবন অবতার।
কলিযুগ-কাল- ব্যাল-ভয়ে কাতর
রামানন্দে কর পার ॥৫৫॥২১৬৪ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৭০ সংখ্যক পদ। ২। 'শরীর' প-র-সা। ৩। 'গণ' ক। ৪। 'কণ্ঠে' ঘ। ৫। 'ঘন ঘন' ক, খ, চ। ৬। 'গুনি পুন' ক, খ, চ; প-র-সা।

তুড়ী[১]।

কুসুমে খচিত রতনে রচিত
চিকণ চিকুর-বন্ধ।
মধুতে মুগধ সৌরভে লুবধ
খুবধ মধুপ বৃন্দ ॥
ললাট-ফলক পটীর-তিলক
কুটিল অলকা সাজে।
তাণ্ডবে পণ্ডিত কুণ্ডলে[২] মণ্ডিত
গণ্ড-মণ্ডল রাজে ॥
ও রূপ দেখিয়া সতী কুলবতী
ছাড়ল কুলের লাজ।
ধরম করম সরম ভরম
মাথাতে পড়িল বাজ ॥
অপাঙ্গ-ইঙ্গিতে ভাঙর ভঙ্গিতে[৩]
অনঙ্গ-রঙ্গিত সঙ্গ।
মদন-কদন হোয়ল[৪] মর্দন
জগত-যুবতি-অঙ্গ ॥
অধর বন্ধুক মাধ্বীক-অধিক
আধ মধুর হাসি।
বোলনি অলসে কলসে কলসে
বময়ে অমিয়া-রাশি ॥
কুন্দ-দাম ঠামহি ঠাম
কুসুম-সুষম-পাঁতি।
ততহিঁ লোলুপ[৫] মধুপী মধুপ
উড়িয়া পড়য়ে মাতি।
হিরণ হীর বিজুরী থীর
শোহন মোহন দেহে।
অরুণ-কিরণ- হরণ বসন
বরণে যুবতী মোহে ॥
কাম চমক ঠাম ঠমক
কুন্দন-[৬] কনক-গোরা।
মত্ততা-সিন্ধুর- গমন-মন্থর
হেরিয়া ভুবন ভোরা ॥
কঞ্জ-চরণ খঞ্জন-গঞ্জন
মঞ্জু মঞ্জীর ভাষ।
ইন্দু-নিন্দন নখর-ছন্দন
বনি[৭] বলরাম দাস ॥৫৬॥২১৬৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৭১ সংখ্যক পদ। ২। 'পুলকে' ক, খ। ৩। 'ভঙ্গিত' ঘ, চ; প-র-সা। ৪। 'সোহন' ঘ। ৫। 'লুলুপ' ঘ, চ। ৬। 'কুন্দন' প-র-সা। ৭। 'বলি' ক; প-র-সা।

কামোদ[১]।

কাঞ্চন দরপণ বরণ সুগোরা রে
বর-বিধু জিনিয়া বয়ান।

দুটি আঁখি নিমিখ মুরুখ বড়[২] বিধি রে
নাহি দিল[৩] অধিক নয়ান ॥
হরি হরি কেনে বা জনম হৈল মোর।
কনক-মুকুর জিনি গোরা-অঙ্গ সুবলনী
হেরিয়া না কেনে হৈলাম ভোর ॥ধ্রু॥
আজানুলম্বিত ভুজ বন-মালা বিরাজিত
মালতী-কুসুম সুরঙ্গ।
হেরি গোরা-মূরতি কত শত[৪] কুলবতী
হালত[৫] মদন-তরঙ্গ ॥
অনুখণ প্রেম-ভরে ও রাঙ্গা নয়ন ঝরে
না জানি কি জপে নিরবধি।
বিষয়ে আবেশ মন না ভজিলুঁ সে চরণ
বঞ্চিত করিল মোরে বিধি ॥
নদীয়া নগরী সেহো ভেল ব্রজপুরী
প্রিয় গদাধর বাম পাশ।
মোহে নাথ অঙ্গীকরু[৬] বাঞ্ছা-কলপতরু
কহে দীন নরোত্তম দাস ॥৫৭॥২১৬৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৭২ সংখ্যক পদ। ২। 'বর' ঘ, চ। ৩। 'না দিলে' ঘ, চ। ৪। 'কত' ঘ। ৫। 'হানত' ক, খ, চ। ৬। 'নাথ' ইত্যাদি স্থলে 'অঙ্গীকার করু' প-র-সা।

খাম্বাবতী[১]।

মধুকর-রঞ্জিত-মালতি-মণ্ডিত-
জিত-ঘন-কুঞ্চিত-কেশং।
তিলক-বিনিন্দিত-শশধর-রূপক-
যুবতি-মনোহর-বেশং ॥
সখি কলয় গৌরমুদারং।
নিন্দিত-হাটক-কান্তি-কলেবর-
গর্ব্বিত-মারক-মারং ॥ধ্রু॥
মধু-মধুর-স্মিত-লোভিত-তনুভৃত-
মনুপম-ভাব-বিলাসং।
নিজ-নব-রাগ-বিমোহিত-মানস-
বিকথিত-গদগদ-ভাষং ॥
পরমাকিঞ্চন-কিঞ্চন-নরগণ-
করুণা-বিতরণ-শীলং
ক্ষোভিত-দুর্ম্মতি-রাধামোহন-
নামক-নিরুপম-লীলং ॥৫৮॥২১৬৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৭৩ সংখ্যক পদ।

টীকা

১—১৫। শ্রীরাধামোহন ঠাকুরের স্বকৃত টীকা যথা,—"হে সখি! উদারং দাতারং মহান্তং বা গৌরং শ্রীগৌরচন্দ্রং পশ্য। কীদৃশং?—নিন্দিতং হাটকং সুবর্ণং যথা তাদৃশকান্তিযুক্তঃ কলেবরো যস্য সঃ। তথা গর্ব্বিতং মারকং স্বার্থে 'ক'প্রত্যয়াৎ মারং মদনং মারয়তীতি তথা। স চাসৌ স চেতি তং। তস্মাৎ গর্ব্বযুক্তঃ স মন্মথস্যাপি মন্মথ ইতি ভাবঃ। মধুকরৈ রঞ্জিতং মালতিপুষ্পং যত্র তাদৃশং মণ্ডিতং মণ্ডনং চূড়াবন্ধোচিতস্বর্ণাভরণং যত্র সঃ। তথা জিতো ঘনো মেঘো যেন স তথা। তাদৃশঃ কুঞ্চিতঃ কেশো যস্য তথা তং। মধুনোঽপি মধুরেণাতি-লোভকেন স্মিতেন লোভিতাস্তনুভৃতাঃ স্থাবর-জঙ্গমা যেন। অনুপমভাবানাং ব্যভিচারি-সাত্ত্বিকা-দীনাং বিলাসো যত্র তং। নিজস্য পূর্ব্বকৃতাবতারস্য নবরাগেণ স্থায়িভাবেন বিমোহিতেন মানসেন হেতুনা বিকথিতা গদগদ-ভাবা যেন। এতেনানু-ভাবঃ স্পষ্টঃ। দরিদ্রাদরিদ্রনরগণে করুণাবিতরণ-শীলং যস্য। 'অকিঞ্চনো দরিদ্রে স্যাৎ কিঞ্চনো ধনিনি স্মৃতঃ।' ইতি ধরণিঃ। তথাহি শ্রীগোবিন্দ-কবিরাজঠকুরকৃত 'পতিত হেরি কান্দে' ইতি 'বরণ আশ্রম কিঞ্চন অকিঞ্চন কারো কোন দোষ

নাহি মানে' ইত্যত্র তদর্থক-কিঙ্কন-শব্দ-প্রয়োগো দৃশ্যতে। এতেন বিভাবানুভাব-ব্যভিচারিসাত্ত্বিক-মিলিতঃ পূর্ব্বরাগ-রসময়ঃ শ্রীগৌরচন্দ্রো লব্ধঃ। তস্য দয়ালুত্বাদিগুণবৈশিষ্ট্যং তাবত্তিষ্ঠতু অহো আশ্চর্য্যং শৃণু রাধামোহননামকঃ কশ্চিদ্ধর্ম্মভিরস্তি নিজ-নিরুপমলীলয়া তং ক্ষোভিতমকার্ষীদলমতিবিস্তরেণ।

অনুবাদ।

১—১৫। সখি! উদার শ্রীগৌরাঙ্গকে দেখ! ভ্রমর-চয়-যুক্ত ও মালতী-পুষ্পভূষিত ইঁহার জলদ-নিন্দী কেশপাশ কুঞ্চিত। ইঁহার চন্দন-তিলক শশধরের শোভাকে পরাজিত ও ইঁহার বেশ-ভূষণ যুবতিগণের মনোহরণ করিতেছে। ইঁহার দেহকান্তি সুবর্ণকে এবং ইনি গর্ব্বিত কন্দর্পকে পরাজিত করিতেছেন। অনুপম ভাব-বিলাস-বিশিষ্ট ইঁহার মধু অপেক্ষা সুমধুর হাস্যে প্রাণিগণ বিমোহিত হইতেছে। নিজ পূর্ব্ব অবতারের প্রতি নবানুরাগ হেতু বিমোহিত-চিত্ত ইঁহার গদ্গদ বাক্য প্রকাশ পাইতেছে। ইনি ধনী ও দরিদ্রনির্ব্বিশেষে সকলের প্রতিই করুণা-বিতরণ-পরায়ণ। অধিক কি, রাধামোহন নামক এই অধমের চিত্ত পর্য্যন্ত বিক্ষুব্ধ করিয়া ইনি নিজের নিরুপম লীলার পরিচয় দিতেছেন!

ততঃ শ্রীনবদ্বীপস্থ-ষড়্‌ভুজ-প্রকাশক-রূপং যথা।

তিরোথা ধানশী[১]।

কাঁচা সে সোণার তনু ডগমগি অঙ্গ।
চাঁদ-বদনে হাসি অমিয়া-তরঙ্গ॥
অবনি-বিলম্বিত বনি বনমাল।
সৌরভে বেঢ়ল মধুকর-জাল॥
উভ দুয় ভুজ পর ধর শর-চাপ।
হেরইতে রিপুগণ থরহরি কাঁপ॥
দুরবা-দল-তুল নখ-বিধু সাজ।
মণিময় কঙ্কণ বলয় বিরাজ॥
তদধহিঁ দুহুঁ কর জলধর-শ্যাম।
তহিঁ শোভে মোহন মুরলি অনুপাম॥
নখ-মণি বিধু জিনি তলহি সুরঙ্গ।
মণি-অভরণ তাহে মুরছে অনঙ্গ॥
তদধহি করহি কমণ্ডলু দণ্ড।
যাহে কলি-কলমষ পাষণ্ড[২] খণ্ড॥
গিম[৩] সঞে উরে মণি মোতি বিলোল।
শ্রীবৎসাঙ্কিত কৌস্তুভ দোল॥
মলয়জময় উর পরিসর পীন।
নাভি গভির কটি কেশরি-খীণ॥
বসন সুরঙ্গ চরণ পরিযন্ত।
পদ-নখ-নীছনি[৪] দাস অনন্ত॥৫৭॥২১৬৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৭৪ সংখ্যক পদ। ২। 'কলুষ' ক, চ। ৩। 'গিরি' ক, 'গীম' খ। ৪। 'নিছনি' ক, চ; প-র-সা।

ইতি চতুর্থ-শাখায়াং অষ্টাদশ-পল্লবঃ।

অথ শ্রীগৌরাঙ্গস্য রূপ-বর্ণনং নাগরীগণাদ্যুক্তিঃ।

সুহই[১]।

শুন শুন সই গৌরাঙ্গচাঁদের কথা।
না কহিলে মরি কহিলে খাঁখারি
এ বড় মরমে[২] বেথা॥
সুরধুনী-তীরে[৩] গৌরাঙ্গসুন্দর
সিনান করয়ে নিতি।
কুল-বধুগণ নিমগন মম
ডুবল সতীর মতি॥

ঢল ঢল কাঁচা সোণার বরণ
লাবণি জলেতে ভাসে।
যুবতী উমতি আউদড়-কেশে
রহই পরশ-আশে ॥
আধ কুন্তল লোটন পিঠে
সোণার কুণ্ডল কাণে।
মুখ মনোহর বুক পরিসর
কেনা কৈল নিরমাণে ॥
সজল বসন- নিতম্ব-লম্বন
আই কি হেরিলুঁ যে।
কামের পাটে রতির বিলাস
কহি মুরছিল সে ॥
সিংহের শাবক জিনিয়া মাঝা
উলটি কদলী উরু।
গোবিন্দদাস কহই বিষম
কামের কামান ভুরু ॥১॥২১৬৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৭৫ ও প-র পুথির ৩। ২৮ সংখ্যক পদ। 'ধানশ্রী' প-র। ২। 'মনের' প-র-সা। ৩। 'ধাওল' প-র। ৪। 'ঝলমল' প-র। ৫। 'পরিসর বুক' প-র। ৬। 'তিতিল' প-র ৭। 'দেখিলুঁ' প-র। ৮। 'পটে' ক; 'কপাট' ঘ। ৯। 'কহি' ইত্যাদি স্থলে 'মুরছা পাওল সে' প-র।

কামোদ। ১

আর এক দিন গৌরাঙ্গসুন্দর
নাহিতে দেখিলুঁ ঘাটে।
কোটি চাঁদ জিনি বদন সুন্দর
দেখিয়া পরাণ ফাটে ॥
জল-চল-ভল কনক-কমল
অমল কমল আঁখি।
নয়ানের শর ভাঙ ধনুবর
বিন্ধয়ে কাম-ধানুকী ॥
কুটিল কুন্তল তাহে বিন্দু জল
মেঘে মুকুতার দাম।
জল-বিন্দু তনু হেমে মোতি জনু
হেরিয়া মুরছে কাম ॥
মোছে সব অঙ্গ নিঙ্গারি কুন্তল
অরুণ বসন পরে।
বাসুঘোষে কয় হেন মনে লয়
রহিতে নারিব ঘরে ॥২॥২১৬৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৭৬ ও প-র পুথির ৬।১ সংখ্যক পদ। ২। 'তাহে' ইত্যাদি স্থলে 'বহে জলধর' প-র। ৩। 'যেন' পর। ৪। 'জল বিন্দু' ইত্যাদি স্থলে 'সকল অঙ্গে মুকুতার ফল' প-র। ৫। 'নারিবে' ক, খ, ঘ, চ; প-র-সা।

ভাটিয়ারি। ১

প্রেমের সাগর নয়ন-কমল
নাচন খঞ্জন তারা।
কিয়ে শুভক্ষণ সর্ব্ব সুলক্ষণ
ভেটলুঁ প্রাণ-পিয়ায়া ॥
গোরা-রূপ দেখিলুঁ মোহন বেশে।
যার অনুভব সেই সে জানয়ে
না পায় আনে উদ্দেশে ॥ধ্রু॥
রূপের সদন ও চাঁদ-বদন
সরুয়া বসন রাঙ্গা।
রাঙ্গা কর-পদ জিনি কোকনদ
রহে অঙ্গ তিরিভঙ্গা ॥

ভাবের আবেশে ভাবিনী লালসে
অন্তরে বাহিরে[৭] গোরা।
এ নয়নানন্দ ভাবে অনুবন্ধ
সদত ভাবে বিভোরা[৮] ॥৩॥২১৭০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৭৭ সংখ্যক পদ। ২। 'বয়ান' ক, খ, চ। ৩। 'লোচন' ক, খ, ঘ, চ। প্রথম-পংক্তি 'নয়ন-কমল' স্থলে 'বয়ান-কমল' পাঠ গ্রহণ করিলেও দ্বিতীয় পংক্তির শেষে 'তারা' শব্দ থাকায় এ স্থলে 'লোচন' পাঠে সঙ্গত অর্থ হয় না। ৪। 'সর্ব্ব' ইত্যাদি স্থলে 'ভেটলুঁ এখন' খ। ৫। 'বেশ' ক, খ ; প-র-সা। ৬। 'উদ্দেশ' ক, খ ; প-র-সা। ৭। 'অন্তর বাহির' ক, খ, ঘ, চ। ৮। অতঃপর ক, খ প্রভৃতি পুথিতে পূর্ব্ব-পল্লবের ১৫৭ সংখ্যক 'কি পেখলুঁ গৌরকিশোর' ইত্যাদি পদটি এস্থলে পুনরুদ্ধৃত হইয়াছে। এই পদটি এস্থলে গণনা করিলে ১৯শ পল্লবের পদ-সংখ্যা একটি বাড়িয়া যায়, সুতরাং ইহা পরিত্যক্ত হইল।

ধানশী[১]।

এক দিন ঘাটে জলে গিয়াছিলাম
কি রূপ দেখিলুঁ গোরা।
কনক কষিল অঙ্গ নিরমল
প্রেম-রসে পহু ভোরা ॥
সুন্দর বদন মদনমোহন
অপাঙ্গ-ইঙ্গিত-ছটা।
সুচারু কপোল চন্দন-তিলক
তারা সনে বিধু-ঘটা ॥
মধুর অধরে ইষত হাসিয়া
বলে আধ আধ বাণী।
হাসিতে খসয়ে মণি মোতি-বর
দেখিতে ভুলয়ে প্রাণী ॥

বাসুঘোষে কহে এমন নাগর
দেখি কে ধৈরজ ধরে।
ধন্য সে যুবতী ও রূপ দেখিয়া
কেমনে আছয়ে ঘরে ॥৪॥২১৭১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৭৯ সংখ্যক পদ।

পঠমঞ্জরী[১]।

যখন দেখিলুঁ গোরাচাঁদে।
তখনি পড়িলুঁ প্রেম-ফাঁদে ॥
তনু মন তাহারে সোঁপিলুঁ।
কুল-ভয়ে[২] তিলাঞ্জলি দিলুঁ ॥
গোরা বিনু না রহে জীবন।
গৌরাঙ্গ হইল[৩] প্রাণ-ধন ॥
ধৈরজ না বান্ধে মোর মনে[৪]।
বাসুদেব ঘোষ রস জানে ॥৫॥২১৭২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৮০ ও প-র পুথির ১৪।২৪ সংখ্যক পদ। ২। 'শীলে' প-র। ৩। 'গৌরাঙ্গ হইল' স্থলে 'গোরা মোর নিজ' প-র। ৪। 'ধৈরজ' ইত্যাদি স্থলে 'জীবন না রহে গোরা বিনে' প-র।

তথা রাগ[১]।

গোরা-রূপ দেখিবারে মনে করি সাধ।
গৌর-পিরিতি খানি বড় পরমাদ ॥
কিবা নিশি কিবা দিশি কিছুই না জানি।
অনুখণ পড়ে মনে গোরা গুণমণি[২] ॥
গোরা গোরা করি মোর কি হৈল অন্তরে।
কিবা মন্ত্র[৩] কৈল গোরা নয়ানের শরে ॥

নিঝরে ঝরয়ে আঁখি প্রবোধ না মানে।
বড় পরমাদ প্রেম বাসু ঘোষ গানে॥

॥৬॥২১৭৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৮১ সংখ্যক পদ।
২। 'রূপখানি' প-র-সা।

শ্রীরাগ[1]।

আর শুন্যাছ[2] আলো সই
গোরা-ভাবের কথা।
কোণের ভিতর কুল-বধূ
কান্দ্যা[3] আকুল তথা॥
হলদি বাঁটিতে গোরী[4]
বসিল[5] যতনে
হলদি-বরণ গোরাচাঁদ
পড়্যা গেল মনে।
কিসের রান্ধন কিসের বাড়ন[6]
কিসের হলদি বাঁটা।
আঁখির জলে বুক ভিজিল[7]
ভাস্যা গেল পাটা।
উঠিল[8] গৌরাঙ্গ-ভাব
সম্বরিতে নারে।
লোহেতে[9] ভিজিল[10] বাঁটন
গেল ছারে খারে॥
লোচন বোলে আলো সই
কি বলিব আর।
হয় নাই হবার নয়
গোরা অবতার ॥৭॥২১৭৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৮২ সংখ্যক পদ।
২। 'শুনেছ' ক। ৩। 'হৃদয়' প-র-সা। ৪। 'গোরা' ক। ৫। 'বসিলা' খ; প-র-সা। ৬। 'বাটন' প-র-সা। ৭। 'আঁখির' ইত্যাদি স্থলে

'লোহে ত ভিজিল বাটন
ভাস্যা গেল পাটা।

খ, ঘ, পাঠান্তর—চ। অতঃপর খ পুথিতে নিম্নলিখিত প্রক্ষিপ্ত পাঠ দৃষ্ট হয়, যথা—

'এদিগে যে মন মজিল
ওই। কুলের খোটা॥'

৮। 'উঠিলে' প-র-সা। ৯। 'আঁখির জলে' ঘ; 'নোরেতে' প-র-সা। ১০। 'ভাসল' ঘ।

তথা রাগ[1]।

গৃহ-কাজ করি[2] তাহে থির নহে মন।
চল দেখি গিয়া[3] গোরার ও চাঁদ-বদন॥
কুলে দিলুঁ তিলাঞ্জলি ছাড়ি সব আশ।
তেজিলুঁ সকল সুখ ভোজন-বিলাস॥
রজনী দিবস মোর মন ছনছন।
বাসু কহে গোরা বিনু না রহে জীবন॥

॥৮॥২১৭৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৮৩ সংখ্যক পদ।
২। 'করিতে' ক, খ, চ; প-র-সা। ৩। 'যাইয়া' ক, খ, চ।

তথা রাগ[1]।

চল দেখি গিয়া গোরা অতি মনোহরে।
অপরূপ রূপ গোরা নদীয়া নগরে॥
ঢল ঢল কষিল কাঞ্চন জিনি অঙ্গ।
কে দেখি ধৈরজ ধরে নয়ান-তরঙ্গ॥
আজানুলম্বিত ভুজ কনকের স্তম্ভ।
অরুণ বসন কটি বিপুল নিতম্ব॥

মালতীর মালা গলে আপাদ দোলনি।
কহে বাসু দিব গিয়া যৌবন নিছনি ॥
॥৯॥২১৭৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৮৪ সংখ্যক পদ।

তথারাগ ১।

সই চল দেখি গিয়া।
কেমন বন্ধানে নাচে গোরা বিনোদিয়া ॥ ধ্রু ॥
পীত পিরিতিময় রূপের সাজনি।
পীত বসন রাঙ্গা ডোরের দোলনি ॥
সর্ব্বাঙ্গে চন্দন গলে নব বন-মালে।
কত ফুলশর ধায় অলিকুল-জালে ॥
ভাবের আবেশে পুলকের নাহি ওর।
অনুরাগে অরুণ নয়ানে বহে লোর ॥
সাত পাঁচ করে প্রাণ ধরিতে নারি হিয়া।
হেন মনে করে সাধ পরশি ধাইয়া ॥
নদীয়ার কুল-বধূর গেল কুল-লাজে।
নিশ্বাস ছাড়িতে নাহি সভার সমাজে ॥
কহয়ে নয়নানন্দ আছয়ে উপায়।
সুরধুনী-তীরে যাই দেখিবে গোরারায় ॥
॥১০॥২১৭৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৮৫ সংখ্যক পদ।

নাটিকা১।

নদীয়া-নাগরী সারি সারি সারি
চলিলা গঙ্গার ঘাটে।
হেন রূপ-ছটা যেন বিধু-ঘটা
গগন ছাড়িয়া বাটে ॥
শচীর নন্দন করয়ে নর্ত্তন
সঙ্গে পারিষদ লৈয়া।
দেখিবার তরে সুরধুনী-তীরে
আইলা আকুল হৈয়া ॥
কারু—
গলিত অম্বর তাহা না সম্বর
কাহারু গলিত বেণী।
যেন—
চিত্রের পুতলী রহে সভে মেলি
দেখে গৌর গুণমণি ॥
ও রূপ-মাধুরী দেখিয়া নাগরী
সভাই বিভোর হৈয়া।
অঙ্গ-পরিমলে হইয়া চঞ্চলে
পড়িতে চাহে উড়িয়া ॥
কেহো ভাব-ভরে পড়ে কারু কোরে
নয়নে বহয়ে ধারা।
কাহার পুলক অঙ্গে পরতেক
কেহ মুরছিত পারা ॥
লোচন কহয়ে গেল কুল-ভয়ে
লাজের মাথায় বাজ।
ধৈর্য্য ধর্ম্ম আদি সকল বিনাশি
নাচে গোরা নট-রাজ ॥ ১১॥২১৭৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৮৬ সংখ্যক পদ।

বরাড়ী ১।

নাচয়ে গৌরাঙ্গ গদাধর-মুখ চাঞা।
অন্তরে পরশ-রস উথলিল হিয়া ॥
দুহুঁ মুখ নিরখিতে দুহুঁ ভেল ভোর।
দুহুঁ ভেল রস-নিধি অমিয়া চকোর ॥
বুকে বুকে মিলি দুহে২ করলহি কোর।
কাঁপি পুলক দুহুঁ ঝাঁপই লোর ॥

তনু মন বাণী দুহুঁ[3] একই পরাণ।
প্রতি অঙ্গে পিরিতি-অমিয়া নিরমাণ ॥
পণ্ডিতে মণ্ডিত ভেল গোরা নট-রাজ।
দূর সঞে দেখে সব[4] নাগরী-সমাজ ॥
নদীয়া-নাগরীগণ বুঝিল মরমে।
যার পরসাদে পাই প্রেম-রতনে ॥
গদাধর-প্রেম-বশ গৌর রসিয়া।
কহয়ে নয়নানন্দ এ রসে ভাসিয়া ॥১২॥২১৭৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ২২৮৭ সংখ্যক পদ।
২। 'দুহুঁ' ক খ; 'দোহে' ঘ। ৩। 'দোহে' ঘ।
৪। 'সব' ক, খ, প-র-সা পুঁথিতে নাই।

তথা রাগ ১।

গৌর-বরণ তনু সুন্দর সুখময়
সদয়-হৃদয় রসাল রে।
কুন্দ করবির গাঁথন থরে-থর
দোলনি বনি বন-মাল রে ॥
গৌর-বামে বর প্রিয় গদাধর
নিগুঢ়[2] রস পরকাশ রে।
রাস-মণ্ডল ঐছে ভানল[3]
প্রেমে গদ গদ ভাষ রে ॥
নদিয়া নগরে চাঁদ কত কত
দূরে গেও অন্ধিয়ার রে।
কতহুঁ উয়ল[4] দীপ নিরমল
ইথেহুঁ লখই না পার রে ॥
গৌর গদাধর প্রেম-সরোবর
উথলি মহিতল পূর রে।
দাস যদুনাথ বিধি-বিড়ম্বিত
পরশ না পাই ঝূর রে ॥১৩॥২১৮০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ২২৮৮ সংখ্যক পদ।
২। 'নিগূঢ়' ক; 'নিগুড়' ঘ। ৩। 'ভাবন' খ; 'ভানলে' চ। ৪। 'উয়ল' ক, চ; প-র-সা।

তথা রাগ ১।

কান্দয়ে মহাপ্রভু গদাধর সঙ্গে।
পহিলহি পুরুব পিরিতি-পরসঙ্গে ॥
সোঙরি সে সব সুখ নিকুঞ্জ-কাননে।
উপজল দুহুঁ প্রেম-ভাব মনে মনে ॥
সুগন্ধি চন্দন মালা তুলসী দূর্ব্বা লৈয়া।
দুহুঁ দোহাঁ[2] সম্ভাষণে মিলিল আসিয়া ॥
হাসি হাসি পরশি পরশি করু কোর।
দুহুঁ রসে ভাসল না বুঝল[3] ওর ॥
না জানি পুরুষ নারী না জানি ভকত।
দোহার আবেশে তিন লোক উনমত ॥
কহয়ে নয়নানন্দ নিগূঢ় বিচার।
অমিয়া-পুতলী যেন অমিয়া-আকার ॥
॥১৪॥২১৮১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ২২৮৯ সংখ্যক পদ।
২। 'দুহুঁ' ক। খ ও ঘ পুঁথিতে শব্দটি নাই।
৩। 'বুঝিনু' ক; 'বুঝিলুঁ' চ।

কেদার ১।

গৌর গদাধর দুহুঁ তনু সুন্দর
অপরুপ প্রেম বিথার।
দুহুঁ দুহুঁ হরষে পরশে যব বিলসয়ে[2]
অমিয়া বরিখে অনিবার ॥
দেখ দেখ অপরুপ দুহুঁ জন-নেহ।
কো অছু ভাব প্রেমময় চাতুরি
নিমজিয়া পাওব থেহ ॥ ধ্রু ॥
করে করে নয়নে নয়নে যোই মাধুরি
সো সব কি বুঝব হাম।

অপরূপ রূপ হেরি'[৩] তনু চমকিত[৪]
অখিল ভুবনে অনুপাম ॥
অমিয়া-পুতলি কিয়ে রসময় মূরতি
কিয়ে দুহুঁ প্রেম-আকার।
হেরইতে জগ-জন তনু মন ভূলয়ে
বদু কিয়ে পাওব পার ॥১৫॥২১৮২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৯০ সংখ্যক পদ। ২। 'বিলসব' প-র-সা। ৩। 'হেরিতে' ঘ; প-র-সা; 'হেরইতে' খ। ৪। 'চমকাইতে' ক, খ, চ।

তথা রাগ ১।

দেখ দেখ গোরাচাঁদ নদীয়া নগরে।
গদাধর সঙ্গে রঙ্গে সদাই বিহরে ॥
বামে গদাধর দক্ষিণে নরহরি।
সুরধুনী-তীরে দুহুঁ[২] নাচে ফিরি ফিরি ॥
কিবা সে বিনোদ বেশ বিনোদ চাতুরি।
বিনোদ রূপের ছটা বিনোদ মাধুরী ॥
দেখিতে দেখিতে হিয়ায় সাধ লাগে হেন।
নয়ান-অঞ্জন করি সদা রাখি যেন ॥
কহয়ে জগদানন্দ গোরা প্রেম[৩]-কথা।
সোঙরিতে হৃদয় উথিল যায় তথা ॥১৬॥২১৮৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৯১ সংখ্যক পদ। ২। 'দুহুঁ' ঘ পুথিতে নাই। ৩। 'পহুঁ' প-র-সা।

ইতি চতুর্থ-শাখায়াং ঊনবিংশ-পল্লবঃ।

পুনঃ প্রকারান্তরং শ্রীগৌরচন্দ্রঃ যথা।

ভাটিয়ারি ১।

গৌরাঙ্গ পতিত-পাবন অবতারী।
কলি-ভুজঙ্গম দেখি হরি-নামে জীব রাখি
আপনি হইলা ধন্বন্তরি ॥

কলি-যুগে চৈতন্য[২] অবনী করিলা ধন্য
পতিত-পাবন যার বানা।
পুরবে রাধার ভাবে গৌরাঙ্গ হইলা এবে
নিজ রূপ ধরি কাঁচা সোণা ॥
গদাধর আদি যত মহামহা ভাগবত
তারা সব গোরা-গুণ গায়।
অখিল-ভুবন-পতি গোলোকে যাহার স্থিতি
হরি বলি অবনী[৩] লোটায় ॥
সোঙরি পূরব-গুণ মুরছয়ে পুন পুন
পরশে ধরণী উলসিত।
চরণ-কমল কিবা নখর উজর-শোভা
গোবিন্দদাস সে[৪] বঞ্চিত ॥ ১॥২১৮৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৯২ সংখ্যক পদ। ২। 'শ্রীচৈতন্য' ক। ৩। 'ধরণী' প-র-সা। ৪। ক, খ, ঘ, চ পুথিতে 'সে' নাই।

মল্লার ১।

গোরা-গুণ গাও গাও শুনি।
অনেক পুণ্যের ফলে সো পহু মিলায়ল
প্রেম-পরশ-রস-মণি ॥ ধ্রু ॥
অখিল জীবের এ শোক-সায়র
শোষয়ে নয়ান-নিমিষে।
ও প্রেম-লবলেশ পরশ না পাইলে
পরাণ জুড়াইবে কিসে ॥
অরুণ নয়ান বরুণ-আলয়
করুণাময় নিরখণে।
মধুর আলাপনে আখরে আখরে
পাঁজরে পাতিয়া লিখনে ॥
প্রেমে ঢল ঢল পুলকে পূরল
আপাদমস্তক তনু।

বাসুদেব কহে সহস্র-ধারা বহে
সুমেরু সিঞ্চিত জনু ॥২॥২১৮৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৯৩ সংখ্যক পদ।

শ্রীরাগ ১।

পহু মোর গৌরাঙ্গ রায়।
শিব শুক বিরিঞ্চি যার গুণ গায় ॥ধ্রু॥
কমলা যাহার ভাবে সদাই আকুলি।
সেই পহু বাহু তুলি কান্দে হরি বলি ॥
যে অঙ্গ হেরি হেরি অনঙ্গ ভেল কাম।
সো অব কীর্ত্তন-ধূলি-ধূসর অবিরাম ॥
খেণে রাধা রাধা বলি উঠে চমকিয়া।
গদাধর নরহরি রহে মুখ চাঞা ॥
পূরব-নিবিড়-প্রেম-পুলকিত অঙ্গ।
রামচন্দ্র কহে কেনা বুঝে ও না রঙ্গ ॥
॥৩॥২১৮৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৯৪ সংখ্যক পদ।
২। 'মহিমা গুণ' ক, খ, চ ; প-র-সা।

ধানশী ১।

গৌর-গোবিন্দ-গুণ শুন হে রসিক জন
বিষ্ণু-মহাবিষ্ণু-পর পহু।
যার পদ-নখ-দ্যুতি পরমব্রহ্মের[২] স্থিতি
সুর-মুনিগণের প্রাণ তহু[৩] ॥
অন্তরে বরণ ভিন বাহিরে গৌর-চিন
শ্রীরাধার অঙ্গ-কান্তি রাজে।
শতদল কমল হেন কর্ণিকার মাঝে যেন
বিহরই চারি দ্বারী[৪] সাজে ॥
গোলোকে বৈকুণ্ঠ আর শ্বেতদ্বীপ নাম সার
আনন্দ-আনন্দ এক নাম।
বাসুদেব সঙ্কর্ষণে প্রদ্যুম্নানিরুদ্ধ সনে
চারি দিগে সাজে চারি ধাম ॥
ক্ষীরোদ-সায়র-জলে ভুজঙ্গ-রাজের কোলে
যোগ-নিদ্রা অবলম্বি লীলা।
তেহোঁ সব অবতরি শ্বেত-দ্বীপ অধিকারী
অনন্ত নিত্যানন্দ-খেলা ॥
সহস্র মুকুট সনে সহস্র সহস্র কাণে
দুলিয়া দুলিয়া পড়ে মুখে।
সৃজি দুই জিহ্বায় গৌরচন্দ্র-গুণ গায়
পাদ-পদ্ম মহালক্ষ্মী-বুকে ॥
দশশত ফণি-মণি মুকুটের সাজনি
শ্বেত-অঙ্গে ধরে নানা জ্যোতি।
কত কত পারিষদে সনক-সনন্দানন্দে
দেব ঋষিগণে করে স্তুতি ॥
যার এক লোম-কূপে কতেক[৫] ব্রহ্মাণ্ডেশ্বরে[৬]
নানা মতে সৃজে সব প্রজা।
রাম আদি অবতার অংশে পরকাশ যার
সে সব ব্রহ্মাণ্ডের যোহো রাজা।
এ হেন অনন্ত লীলা মায়ায় কত সৃজিলা
শ্রীরাধিকার কটাক্ষ-বাণ-তুণে ॥
ব্রহ্মাণ্ড উপরি ধাম শ্রীবৃন্দাবন নাম
গুণ-গান করে বৃন্দাবনে ॥৪॥২১৮৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৯৫ সংখ্যক পদ।
২। 'পরব্রহ্মের' ক, খ, চ। ৩। 'তুহুঁ' ক ; 'তহুঁ' খ ; 'পহু' প-র-সা। ৪। 'দ্বার' প-র-সা। ৫। 'শতেক' প-র-সা। ৬। 'ব্রহ্মাণ্ডেশ্বরী' খ ; 'ব্রহ্মাণ্ডরূপে' প-র-সা।

তথা রাগ ১।

সনকাদি মুনিগণে চাহি বুলে বেদগণে[২]
বিরিঞ্চি ধেয়ানে নাহি পায়।

দিগম্বর পশুপতি ভ্রমি বুলে দিবারাতি
পঞ্চ মুখে যার গুণ গায় ॥
যার পদ-ধৌত হৈতে শুচি কৈল ত্রিজগতে[২]
হর-শিরে জটার ভূষণ।
সো পহু নদীয়াপুরে অবতরি শচী-ঘরে
সঙ্গে লৈয়া পারিষদগণ ॥
দেখি শচীনন্দন জীব সব অচেতন
প্রকাশিলা নাম-সংকীর্ত্তন।
বিষয়ী যবন যত তারা হৈল উনমত
না লইল[৪] পড়ুয়া অধম ॥
প্রেম-জল মহাবন্যা পৃথিবী করিল ধন্যা
ত্রিভুবন চলিল বাহিয়া[৫]।
তার্কিক পাষণ্ডী যত পলাইল হৈয়া ভীত
অভিমান-নৌকায় চড়িয়া ॥
শ্রীচৈতন্য নিত্যানন্দ তাঁর পাদ-মকরন্দ
যে জন করয়ে তার আশ।
তাহার চরণ-ধূলি তাহে মোর স্নান-কেলি
দুখিয়া শেখর তার দাস ॥৫॥২১৮৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৯৬ সংখ্যক পদ। ২। 'দেবগণে' ক; প-র-সা। ৩। 'তিন লোকে' ক, খ, চ; 'ত্রিলোকেতে' খ। ৪। 'হইল' ক, খ। ৫। 'ভাসিয়া' প-র-সা।

ধানশী ১।

শ্যামর[২] গৌর-বরণ একু দেহ।
পামর-জন ইথে করয়ে সন্দেহ ॥
সৌরভে আগর[৩] মুরতি রস-সার।
পাকল ভেল জম্বু ফল সহকার ॥
গোপ-জনম পুন দ্বিজ-অবতার।
নিগমে[৪] না জানয়ে নিগুঢ় বিহার ॥
প্রকট করিল হরি-নাম-বাখান।
নারি-পুরুষ-মুখে না শুনিয়ে আন ॥
শ্রীরঘুনন্দন-চরণ করি সার[৫]।
কহ কবি শেখর গতি নাহি আর ॥৬॥২১৮৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৯৭ সংখ্যক পদ। ২। 'শ্যাম' ক, খ, চ। ৩। 'আগোর' ক, চ। ৪। 'নিগম' ক। ৫। 'শ্রীরঘুনন্দন' ইত্যাদি পংক্তিদ্বয় স্থলে খ ও প-র-সা পুথির পাঠ, যথা,—
'ত্রিপুরাচরণ-কমল-মধু-পান।
সরস সঙ্গীত কবিরঞ্জন গান ॥'

শ্রীভাষ ১।

ক্ষীরনিধি-জল মাঝে আছিলা শয়নে শেষে
নিত্যানন্দ গদাধর সঙ্গে।
অদ্বৈত পিরিতি-রসে[২] আইলা কীর্ত্তন-বাসে[৩]
হরি-ভক্তি বিলাইতে রঙ্গে ॥
অবতরি রঘু-কুলে সিন্ধু বান্ধি গিরি-মূলে
দশ-কন্ধ করিলা সংহার।
বধিলা রাক্ষস-কুলে আপনার বাহু-বলে
শ্রীরাম লক্ষ্মণ অবতার ॥
যদু-সিংহ-অবতারে গোকুল মথুরাপুরে
যত যত[৪] করিলা বিহার।
মোহিয়া গোপীর মন বিলাইয়া প্রেম-ধন
কানাই বলাই অবতার ॥
লব-যুগ-অবশেষে কলি-যুগ পরবেশে
ধন্য ধন্য নবদ্বীপ স্থান।
জয় জয় মঙ্গল-ধ্বনি ত্রিভুবন ভরি শুনি
করিবারে পতিতের ত্রাণ ॥
যুগে যুগে অবতার হরিতে ক্ষিতির ভার
পাপ পাষণ্ডী নাহি মানে।

শ্রীকৃষ্ণচৈতন্য ঠাকুর নিত্যানন্দ
বৃন্দাবন দাস গুণ-গানে ॥৭॥২১৯০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৯৮ সংখ্যক পদ। ২। 'বশে' ক, খ। ৩। 'বসে' ক, খ, ঘ, চ। ৪। 'কত কত' ক। 'যদু সিংহ' ইত্যাদি কলিটি খ ও প-র-সা পুথিতে নাই।

"গৌর-বর-তনু সুন্দর সুখময়" ইত্যাদি পদমত্র গেয়ং।

ধানশী[১]।

অপরুপ চাঁদ উদয় নদিয়াপুরে
তিমির নাহি রে ত্রিভুবনে।
অবনিতে অখিল জিবের শোক নাশল
নিগম-নিগুড় প্রেম-দানে ॥
আরে মোর গৌরাঙ্গসুন্দর রায়।
ভকত-হৃদয়-কুমুদ পরকাশল
অকিঞ্চন-জিবের উপায় ॥
শেষ শঙ্কর নারদ[২] চতুরানন
নিরবধি যার গুণ গায়।
সো পহু নিরুপম নিজ-গুণ শুনইতে
আনন্দে ধরণী লোটায় ॥
অরুণ নয়ানে বরুণ-আলয়
বহয়ে প্রেম-সুধা-জল।
যদুনাথ দাস বলে যেন সোণার কমলে
প্রসবিছে মুকুতার ফল ॥৮॥২১৯১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২২৯৯ সংখ্যক পদ। ২। 'নাম' ঘ।

তিরোথা ১।

জয় জয় জগন্নাথ শচীর নন্দন।
ত্রিভুবন করে যার চরণ বন্দন ॥
নীলাচলে শঙ্খ-চক্র-গদা-পদ্ম-ধর।
নদীয়ানগরে দণ্ড-কমণ্ডলু-কর ॥
কেহো বলে পুরবেতে[২] রাবণ বধিলা।
গোলোকের বৈভব লীলা প্রকাশ করিলা ॥
শ্রীরাধার ভাবে এবে গোরা-অবতার।
হরেকৃষ্ণ নাম গৌর করিলা প্রচার ॥
বাসুদেব ঘোষ বলে করি যোড় হাত।
সেই[৩] গৌর সেই কৃষ্ণ সেই জগন্নাথ ॥
॥৯॥২১৯২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩০০ সংখ্যক পদ। ২। 'পুরুবে' ক, খ, ঘ, চ। ৩। 'সেই' প-র-সা; 'এই' খ।

শ্রীরাগ ১।

শিব বিরিঞ্চি যারে ধেয়ানে[২] না[৩] পায়।
সহস্র-আননে শেষ যার গুণ গায় ॥
যার পাদ-পদ্ম লক্ষ্মী করয়ে সেবন।
দেবেন্দ্র মুনীন্দ্র যারে করয়ে চিন্তন ॥
ত্রেতায় জনম যার দশরথ-ঘরে।
যাহার বিলাস সদা গোকুল নগরে ॥
গোপীগণ ঠেকিল যাহার প্রেম-ফান্দে।
পণ্ডিতের গলা ধরি সে বা কেনে কান্দে ॥
অপরুপ এবে নবদ্বীপের বিলাস।
হেরিয়া মুগধ ভেল বৃন্দাবন দাস ॥
॥১০॥২১৯৩॥

ইত্যাদি ঐশ্বর্য্য।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩০১ সংখ্যক পদ। ২। 'ধ্যানে' ক, খ, চ। ৩। 'নাহি' ক, খ।

পুনঃ প্রকারান্তরং যথা।

মঙ্গল ১।

অখিল ভুবন ভরি হরি-রস-বাদর
বরিখয়ে চৈতন্য-মেঘে।
ভকত-চাতক যত পিও পিও[২] অবিরত
অনুক্ষণ প্রেম-ধন মাগে॥
ফাল্গুন-পূর্ণিমা তিথি মেঘের জনম তথি
সেই মেঘে করল বাদর।
উচা নীচা যত ছিল প্রেম-জলে ভাসায়ল
গোরা বড় দয়ার সাগর॥
জীবেরে করিয়া যত্ন হরি-নাম মহামন্ত্র
হাতে হাতে প্রেমের অঞ্জলি।
অধম দুর্গত যত তারা হৈল ভাগবত
বাড়িল গৌরাঙ্গ-ঠাকুরালি॥
জগাই মাধাই ছিল তারা প্রেমে উদ্ধারিল
হেন জীবে বিলায়ল দয়া।
দাস সদানন্দ বলে কেনে রৈলুঁ মায়া-জালে
প্রভু মোরে দেহ পদ-ছায়া॥

॥১১॥২১৯৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩০২ সংখ্যক পদ। ২। 'পিব পিব' ক, খ, ঘ, চ।

মল্লার ১।

হোর দেখ অপরুপ গোরাচাঁদের চরিত
কে তাহে উপমা[২] দিবে।
প্রেমে ছল-ছল[৩] নয়ান-যুগল
ভকতি যাচয়ে সব জীবে॥
সুমেরু জিনিয়া অঙ্গ গমন মাতঙ্গ
রূপ জিনি কত কোটি কাম।
না জানি কিবা[৪] ভাবে আপাদ-মস্তক
পুলকে জপয়ে শ্যাম-শ্যাম॥
গৌর-বরণ সুধাময় তনু[৫]
কিরণ ঠামহি ঠাম।
ভকত হেরি হেরি সমান দয়া করি
যাচত মধুর হরি-নাম॥
গোবিন্দদাসক চীত উনমত
দেখিয়া ও মুখ-চাঁদে।
মায়ের স্তন ছাড়ি দুধের বালক
গোরা গোরা বলি কান্দে॥

॥১২॥২১৯৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩০৩ ও প-র পুথির ৪।১৭ সংখ্যক পদ। ২। 'তুলনা' প-র। ৩। 'চল চল' প-র। ৪। 'কি' ক। ৫। 'গৌর-বরণ' ইত্যাদি বাকি পংক্তিগুলি প-র পুথিতে নাই।

কামোদ ১।

নবদ্বীপ-গগনে উয়ল দিন রাতি।
ঘন-রসে সেচল[২] থির-চর[৩] জাতি॥
দেখ দেখ গৌর জলদ-অবতার।
বরিখয়ে প্রেম-অমিয়া অনিবার॥ ধ্রু॥
তব ধরি জগ ভরি দুরদিন ডোর[৪]।
হরি-রসে ডগমগ জগ-জন ভোর॥
নাচত উনমত ভকত-ময়ূর[৫]।
অভকত-ভেক রোয়ত জলে বুর॥
ভকতি-লতা তিন ভুবনে বেয়াপ[৬]।
উত্তম অধম প্রেম-ফল পাব[৭]॥
কীর্ত্তন-কুলিশে যোগ-বন জারি।
জ্ঞান সেও-ঘন-গরজে বিদারি॥
চিত-বিল-নিকষিল করম-ভুজঙ্গ।
নিরসল কলি-মদ-দহন-তরঙ্গ॥

তাপিত-চাতক তিরপিত ভেল।
দশ দিশ সবহুঁ নদিয়া বহি গেল॥
ডুবল অবনি কাহু[৮] নাহি ঠাম।
সংসারাচলে[৯] রহু বলরাম॥১৩॥২১৯৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩০৪ সংখ্যক পদ। ২। 'সিঁচল' ক, খ; 'সেচন' ঘ; প-র-সা। ৩। 'স্থির চর' ক। ৪। 'তব ধরি' ইত্যাদি স্থলে 'জগ ভরি বরিখন দুর দিন নোর' ঘ। ৫। 'রোয়ত জলে' স্থলে 'আন রসে' ঘ। ৬। 'বেয়াপি' ঘ। ৭। 'উত্তম' ইত্যাদি স্থলে 'উত্তম অধম জনে প্রেমফল আপি' ঘ; 'উত্তম অধম প্রেমফল সব পাব' ক, খ। ৮। 'কাহো' ক। ৯। 'সংসারাচলে' ইত্যাদি স্থলে 'সংসার বাঁচল রহু' ইত্যাদি ক, খ, চ।

দেশাগ ১।

কলি-কবলিত[২] কলুষ[৩]-জারত[৪]
দেখিয়া জীবের দুখ।
করল উদয় হইয়া সদয়
ছাড়িয়া গোকুল-সুখ॥
দেখ গৌর গুণের সীমা।
দীন হীন পাইয়া দিছেন যাচিয়া
বিরিঞ্চি-বাঞ্ছিত প্রেমা॥ ধ্রু॥
অকিঞ্চন-বেশে ফিরে দেশে দেশে
সঙ্গে লৈয়া নিজ জন।
করিয়া সন্ন্যাস হৈলা আন-বেশ
কে বুঝে তাহার মন॥
পতিত-পাবন বলে সব জন
এ সব করুণা লাগি।
শোকের-সাগর এ রায় শেখর
ও রাঙ্গা চরণ মাগি॥১৪॥২১৯৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩০৫ ও ২৩৬৫ সংখ্যক পদ। ২। 'কলিত বলিত' ক, খ, ঘ, চ। ৩। 'কল্মষ' প-র-সা। ৪। 'জারত' ঘ। ৫। 'অকিঞ্চন' ইত্যাদি বাকি কলিগুলি ক, খ, ঘ, চ পুথিতে এ স্থলে লিখিত হয় নাই, কিন্তু ২১শ পল্লবের ২২৬০ সংখ্যক পদে লিখিত হইয়াছে। এই পদটি ইতিপূর্ব্বে আর উদ্ধৃত হয় নাই; সুতরাং সম্পূর্ণ পদটি এস্থলে সন্নিবেশিত করা বাঞ্ছনীয় বলিয়া ২২৬০ সংখ্যক পদ হইতে বাকি কলিগুলি উদ্ধৃত হইল।

ধানশী ১।

গৌরাঙ্গ রসের নদী প্রেমের-তরঙ্গ।
উথলিয়া আছে[২] ধারা কভু নহে ভঙ্গ॥
অভিরাম সারঙ্গ তায় তট দুই খানি।
অচ্যুতানন্দ তাহে প্রেমের ঘুরণী॥
স্রোত বহি যায় তাহে শ্রীঅদ্বৈতচন্দ্র।
ডুবারী কাণ্ডারী তাহে প্রভু নিত্যানন্দ॥
প্রেম-জলচর শ্রীবাসাদি গদাধর।
স্বরূপ শ্রীরূপ ভেল প্রেমের মকর॥
থাকুক ডুবিবার[৩] কাজ পরশ না পাইয়া।
দুখিয়া শেখর কান্দে ফুকার করিয়া॥
॥১৫॥২১৯৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩০৬ সংখ্যক পদ। ২। 'যাইছে' ক, খ। ৩। 'থাকুক' ইত্যাদি স্থলে 'আকুল ডুবারিয়া' প-র-সা।

তুড়ী ১

হাটের পত্তন শ্রীশচীনন্দন
করল[২] পাইয়া সুখ।
হাটের ঠাকুর নিতাই সুন্দর
খণ্ডিল জীবের দুখ

দেখ হাট মনোহর রঙ্গ।
নরহরি দাস হাটের বিশ্বাস
শ্রীনিবাস তার সঙ্গ ॥ ধ্রু ॥
আর অদভুত ঠাকুর অদ্বৈত
মুনসি[৩] হাটের মাঝ।
হরিদাস আদি ফিরে হাট সাধি
রামানন্দ সত্যরাজ ॥
করতাল যত[৪] বাদ্য বাজে কত[৫]
মৃদঙ্গ তাহার ঢোল।
হাট কলরব নৃত্যগীত সব
ঘন ঘন হরিবোল ॥
প্রেমের পসার লৈয়া গদাধর
সঙ্গে পসারির গণ।
রায় রামানন্দ মুরারি মুকুন্দ
বাসুদেব সুলোচন ॥
সনাতন রূপ পণ্ডিত স্বরূপ
দামোদর যার নাম।
বসু রামানন্দ সেন শিবানন্দ
বক্রেশ্বর গুণ-ধাম ॥
পণ্ডিত শঙ্কর আর কাশীশ্বর
মুকুন্দ মাধব দাস।
রঘুনাথ আদি গুণের অবধি
পূরল মনের আশ ॥
কত নাম নিব পসারি[৬] এ সব
পসার লইয়া কাছে।
পসার-ভূষণ পুলক রোদন
মহাভাব আদি আছে ॥
হাটের হাটুয়া ভকত নাটুয়া
পসার -মহিমা জানি।
দৈন্য-দান দিয়া সে প্রেম আনিয়া
সদা করে বিকিকিনি ॥
হাটের কোটাল ঠাকুর গোপাল
দান ঘাটি গোপীনাথ।
হাটের পালন শ্রীরঘুনন্দন
করেন সুন্দর সাথ ॥
দিবা রাত্রি নাই বাজার সদাই
যে যায় সে প্রেম পায়।
প্রেমের পসার করল বিথার
শচীর দুলাল রায় ॥
ভাঙ্গিল আকাল মাতিল কাঙ্গাল
খাইয়া ভরল পেট।
দেখিয়া শমন করয়ে ভাবন
বদন করিয়া হেট ॥
জরা মৃত্যু নাই আনন্দ সদাই
শোক ভয় নাহি হয়।
আশা ঝুলি[৭] করি শেখর ভিখারী
বাজারে মাগিয়া খায় ॥১৬॥২১৯৯।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ২৩০৭ সংখ্যক পদ। ২। 'করান' খ; প-র-সা। ৩। 'মনসি' ক, খ, ঘ, চ। ৪। 'কত' চ; প-র-সা। ৫। 'শত' প-র-সা। ৬। 'পসারি' ক, খ, চ; প-র-সা। ৭। 'ঢুলি' ঘ।

ইক্ষু-শাল।

তথা রাগ[১]।

বিশ্বম্ভর গাছ তার কাতরি[২] গদাধর।
নিত্যানন্দ জাঠি[৩] তার ফিরে নিরন্তর ॥
অভিরাম সারঙ্গ তায় বলদ এক জুড়ি।
চালায় সরকার ঠাকুর হাতে প্রেম-নড়ি[৪] ॥
গুণ-বান্ধা গায়েন বায়েন[৫] সব ফিরে।
হরিনাম-ইক্ষুরস দর দরাইতে পড়ে ॥

যে পায় সে খায় রস কেহ না আলয়[৬]।
যত ভত খায় তমু পেট না ভরয় ॥
রূপ সনাতন তাহে রসের বাড়ুই।
নানা মতে করে পাক যার যে রুচই ॥
গৌরীদাস পণ্ডিত হৈলা[৭] প্রেমের ভাণ্ডারী।
বিনি মূলে দেয় রস গাগরী গাগরী ॥
পাপিয়া শেখর তাহে রসের-কাঙ্গাল।
মাগিয়া যাচিয়া শালে খায় সর্ব্বকাল ॥
॥১৭॥২২০০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩০৮ সংখ্যক পদ। ২। 'কাণ্ডারি' প-র-সা। ৩। 'জাটি' খ, চ। ৪। 'গুঞ্জা নড়ি' ঘ। ৫। 'বায়ন' ক, চ; প-র-সা। ৬। 'আনয়' ক, খ, ঘ। 'আনয়' পাঠে সঙ্গত অর্থ হয় না; 'ফেলিয়া রাখা' অর্থে 'আলা' ধাতুর প্রয়োগ আছে; ('বাঙ্গালা শব্দ-কোষ'—'আলানা' দ্রষ্টব্য,) সুতরাং 'না আলয়' অর্থাৎ 'ফেলিয়া রাখে না' ইহাই প্রকৃত পাঠ ও অর্থ বটে; স্বর্গীয় কালিদাস নাথ মহাশয় তাঁহার সম্পাদিত 'রায়শেখর-পদাবলী' গ্রন্থে 'আলয়' পাঠ গ্রহণ করিয়া উহার অর্থ লিখিয়াছেন— 'আলে না'। ৭। 'তাহে' প-র-সা।

তথা রাগ[১]

সব-অবতার-সার গোরা অবতার।
এমন করুণা কভু না দেখিয়ে আর ॥
দীন হীন অধম পতিত জনে জনে।
যাচিয়া যাচিয়া পহুঁ[২] দিলা প্রেম-ধনে ॥
এমন দয়ার নিধি যেবা না ভজিল।
আপনার হাতে তুলি গরল খাইল ॥
যে জন বঞ্চিত হৈল হেন অবতারে।
কোটি কলপে তার নাহিক উধারে ॥
মুঞি সে অধম হেন পহুঁ[৩] না ভজিয়া।
কহে বলরাম এবে মরিলু পুড়িয়া ॥১৮॥২২০১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩০৯ সংখ্যক পদ। ২।৩। 'প্রভু' ক, প-র-সা।

কামোদ[১]।

গোরা-অবতারে যার না হৈল ভকতি-সার[২]
আর তার না দেখি উপায়।
রবির কিরণে যার আঁখি পরসন্ন নৈল
বিধাতা বঞ্চিত ভেল তায় ॥
ভজ গোরাচাঁদের চরণ।
এ তিন ভুবনে ভাই দয়ার ঠাকুর নাই
গোরা বড় পতিত-পাবন ॥ ধ্রু ॥
হেম-জলদ কিয়ে প্রেম-সরোবর
করুণা-সিন্ধু অবতার।
হেন অবতার পাইয়া যে জন শীতল নহে
কি জানি কেমন মন তার।
ভব তরিবারে হরি- নাম-মন্ত্র ভেলা করি
আপনে গৌরাঙ্গ করে পার।
তবে যে ডুবিয়া মরে কেবা উদ্ধারিবে তারে
পরমানন্দের পরিহার ॥১৯॥২২০২ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩১০ সংখ্যক পদ। ২। 'রস' ক, খ, চ।

শ্রীরাগ[১]।

কে যাবে কে যাবে ভাই ভব-সিন্ধু-পার।
ধন্য কলিযুগের চৈতন্য-অবতার ॥

আমার গৌরাঙ্গের ঘাটে অদান খেয়া বয়।
জড় অন্ধ আতুর[২] অবধি পার হয় ॥
হরির নামের নৌকাখানি শ্রীগুরু কাণ্ডারী।
সংকীর্ত্তন-কেরোয়াল দুই বাহু পসারি ॥
সব জীব হৈল পার প্রেমের বাতাসে।
পড়িয়া রহিল লোচন আপনার দোষে ॥

॥২০॥২২০৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩১১ সংখ্যক পদ।
২। 'অন্তর' ক, খ।

তথা রাগ[১]।

কলি-ঘোর-তিমিরে গরাসল জগ-জন
ধরম করম রহু দূর।
অসাধনে চিন্তামণি বিহি মিলাওল আনি
গোরা বড় দয়ার ঠাকুর ॥
ভাই রে ভাই গোরা-গুণ কহনে না যায়।
কত শত-আনন কত চতুরানন
বরণিয়া ওর না পায় ॥ ধ্রু ॥
চারি বেদ ষড় দরশন পড়িয়া যে
সে যদি গৌরাঙ্গ নাহি ভজে।
কিবা তার অধ্যয়ন লোচন-বিহীন যেন
দরপণে কিবা তার কাজে ॥
বেদ বিদ্যা দুই কিছুই না জানত
সে যদি গৌরাঙ্গ জানে সার।
নয়নানন্দ ভণে সেই সে সকল জানে
সর্ব্ব সিদ্ধি করতলে তার ॥২১॥২২০৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩১২ সংখ্যক পদ।

ধানশী[১]।

গৌরাঙ্গের দুটি পদ যার ধন-সম্পদ
সে জানে ভকতি-রস-সার।
গৌরাঙ্গ-মধুর-লীলা যার কর্ণে প্রবেশিলা
হৃদয় নির্ম্মল ভেল তার ॥
যে গৌরাঙ্গের নাম লয় তার হয় প্রেমোদয়
তার মুঞি যাও বলিহারি।
গৌরাঙ্গ-গুণেতে ঝুরে নিত্য-লীলা তারে স্ফুরে
সে জন ভজন-অধিকারী ॥
গৌরাঙ্গের সঙ্গিগণে নিত্য-সিদ্ধ করি মানে
সে যায় ব্রজেন্দ্র-সুত-পাশ।
শ্রীব্রজ[২]-মণ্ডল ভূমি যেবা জানে[৩] চিন্তামণি
তার হয় ব্রজ-ভূমে[৪] বাস ॥
গৌর-প্রেম[৫]-রসার্ণবে সে তরঙ্গে যেবা ডুবে[৬]
সে রাধামাধব-অন্তরঙ্গ।
গৃহে বা বনেতে থাকে গৌরাঙ্গ বলিয়া[৭] ডাকে
নরোত্তম মাগে তার-সঙ্গ ॥২২॥২২০৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩১৩ ও প-র পুথির ৯১৫ সংখ্যক পদ। ২। 'শ্রীগৌড়' ক, খ, চ ; প-র-সা ; 'এ গৌড়' খ। ৩। 'মানে' প-র-সা। ৪। 'পুরে' প-র। ৫। 'গৌরাঙ্গের' প-র। ৬। 'যে ডুবিবে' প-র। ৭। 'গৌরাঙ্গ বলিয়া' স্থলে 'হা চৈতন্য বলি' প-র।

ভাটিয়ারি[১]।

নাহি নাহি রে গৌরাঙ্গ বিনে
দয়ার ঠাকুর নাহি আর।
কৃপাময় গুণ-নিধি সব-মনোরথ-সিধি
পূর্ণ পূর্ণ অবতার ॥

রাম আদি অবতারে ক্রোধে নানা অস্ত্র ধরে
অসুরেরে করিলা সংহার।
এবে অস্ত্র না ধরিলা কারু প্রাণে না মারিলা
মন-শুদ্ধি করিলা সভার॥
কলি-কবলিত যত জীব সব মুরছিত
নাহি আর মহৌষধি[৩] তন্ত্র।
তনু অতি ক্ষীণ প্রাণী দেখি মৃত-সঞ্জীবনী
প্রকাশিলা হরিনাম-মন্ত্র॥
এ হেন করুণা তার[৪] পাষাণ হৃদয় যার
সে না হৈল মণির[৫] সোসর।
দেবকীনন্দন ভণে হেন প্রভু যে না মানে
সে ভাড়িয়া[৬] গড়িয়া শূকর॥২৩॥২২০৬॥

পাঠান্তর

১। ইহা প-ক-সা পুথির ২৩১৪ ও প-র পুথির ৯১ সংখ্যক পদ। ২। 'পূর্ণ' ইত্যাদি স্থলে 'কলিযুগে কৈল অবতার' প-র। ৩। 'ঔষধি' ক, খ, ঘ; পাঠান্তর—চ। ৪। 'এ হেন' ইত্যাদি স্থলে 'করুণার অবতার' প-র। ৫। 'মুনির' প-র। ৬। 'অধম' ঘ। ৭। 'গ্রাম্য' ঘ; প-র; পাঠান্তর—চ।

শ্রীরাগ[১]

বড় অবতার ভাই বড় অবতার।
পতিতেরে বিলাওল প্রেমের ভাণ্ডার॥
বড় অপরূপ গোরাচাঁদের লীলা।
রাজা হৈয়া কান্ধে করে[২] বৈষ্ণবের দোলা॥
হেন অবতারের উপমা দিতে নারি।
সংকীর্ত্তন মাঝে নাচে কুলের বৌহারী[৩]॥
সর্ব্ব লোক ছাড়ে যারে অপযশ বলি।
দেবগণ মাগে এবে তার পদধূলি॥
যবনেহ নাচে গায় লয় হরিনাম।
হেন অবতারে সে বঞ্চিত বলরাম॥
॥২৪॥২২০৭॥

পাঠান্তর

১ ইহা প-ক-সা পুথির ২৩১৫ ও প-র পুথির ৯১৫ সংখ্যক পদ। ২। 'বহে' প-র। ৩। 'সংকীর্ত্তন' ইত্যাদি স্থলে 'সংকীর্ত্তনে নাচে লোক সর্ব্বধর্ম্ম ছাড়ি॥' প-র।

স্বহিন[১]।

আপাদ-মস্তক প্রেম-ধারা বরিখত
চৌদিগে ঝলকত কিরণে।
মত্ত গজেন্দ্র জিনি গমন সুলাবণি
চাঁদ উদয় করু চরণে॥
কেমন বিধাতা সে গৌরাঙ্গ-চাঁদের দে
গড়িল আপন তনু দড়িয়া[২]।
কেমন কেমন[৩] তার কাষ্ঠ-পাষাণ-হিয়া
তখনি না গেল কেনে গলিয়া[৪]॥
আমার গৌরাঙ্গের গুণে দারু পাষাণ কিবা
গলিয়া গলিয়া পড়ে অবনী।
অরণ্যের মৃগ পাখী ঝুরিয়া ঝুরিয়া কান্দে
নাহি কান্দে হেন নাহি পরাণী॥
যেমন তেমন কুলে জনম হউক মোর
যেমন তেমন দেহ পাইয়া।
অনন্ত দাসের মন ঠাকুর গৌরাঙ্গের গুণ
দেশে দেশে ফিরি যেন[৫] গাইয়া॥
॥২৫॥২২০৮॥

পাঠান্তর

১। ইহা প-ক-সা পুথির ২৩১৬ সংখ্যক পদ। ২। 'ধরিয়া' প-ক-সা। ৩। 'কেমনে কেমনে' প-ক-সা। ৪ 'মিলাইয়া' ঘ। ৫। 'যে' ঘ।

মঙ্গল[১]।

জলের জীব কান্দে দেখিয়া প্রতিবিম্ব
কাননে কান্দয়ে পশু পাখী।
তরুয়া পুলকিত পাষাণ দরবিত
শুনিয়া অন্ধ কান্দে ডাকি॥
অপরূপ গোরাচাঁদের দেহ[২]।
অসীম অনুভব এক মুখে কি কহব
মনে যে[৩] মুখে না আইসে সেহ[৪] ॥ধ্রু॥
কুলের কুল-বধূ ফুকরি সেহ কান্দে
বধির জড়[৫] কান্দে ধান্দে।
মায়ের স্তন ছাড়ি দুধের বালক
না জানি কিবা লাগি কান্দে॥
এমন অবতার হবেক নাহি আর
কেবল করুণার সিন্ধু।
পতিত মূঢ় জড়[৬] অজড় উদ্ধারিল[৭]
কেবল বঞ্চিত ভেল যদু॥
॥২৬॥২২০৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩১৭ ও প-র পুথির ৯২১ সংখ্যক পদ। ২। 'দে' প-র। ৩। 'যে আছয়ে' প-র। ৪। 'সে' প-র। ৫। 'বধির জড়' স্থলে 'মূক বধির' প-র; 'অধির জড়' প-র-সা। ৬। 'জন' প-র-সা। ৭। 'উদ্ধারণ' প-র-সা।

সুহই[১]।

না জানি কি জানি মোর ভেল।
ভাবিতে গৌরাঙ্গ-গুণ তনু মোর গেল ॥ধ্রু॥
গোরা-গুণ সোঙরিয়া কান্দে বৃক্ষ লতা।
গুণ সোঙরিয়া কান্দে বনের দেবতা॥
গোরা-গুণ সোঙরিয়া গলয়ে পাথরে।
গুণ সোঙরিয়া কেহো নাহি রহে ঘরে॥
বাসুদেব ঘোষ গুণ সোঙরিয়া কান্দে।
পশু পাখী কান্দে গুণে স্থির নাহি বান্ধে॥
॥২৭॥২২১০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩১৮ সংখ্যক পদ।

বরাড়ী[১]।

আরে মোর রসময় গৌরকিশোর।
এ তিন ভুবনে নাহি এমন নাগর॥
কুলবতী সতী রূপ দেখিয়া মোহিত।
গুণ শুনি তরুলতা হয় পুলকিত॥
শিলা তরু গলি যায় খগ মৃগ কান্দে।
নগরের নাগরী বুক স্থির নাহি বান্ধে॥
সুর-সিদ্ধ-মুনির মন করে উচাটন।
বাসুঘোষ কহে গোরা পতিত-পাবন॥
॥২৮॥২২১১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩১৯ সংখ্যক পদ।

সুহই[১]।

বরণ-আশ্রম কিঞ্চন অকিঞ্চন
কার কোন দোষ নাহি মানে।
শিব-বিরিঞ্চির অগোচর প্রেম-ধন
যাচিয়া বিলায় জগ-জনে॥
করুণার সাগর গৌর-অবতার
নিছনি লইয়া মরি।
কে জানে কিবা গুণ কিবা সে মাধুরী
প্রাণ কান্দে পাসরিতে নারি॥
পামর পাষণ্ড আদি দীন হীন ক্ষীণ[২] জাতি[৩]
গুণ শুনি কান্দে জগ-জন।

অগেয়ান পশু পাখী   তারা কান্দে ঝরে আঁখি
কি দিয়া বান্ধিল সভার মন ॥
রাজা ছাড়ে রাজা-ভোগ যোগী ছাড়ে ধ্যান যোগ
জ্ঞানী কান্দে ছাড়ি জ্ঞান-রস।
কেবা বলরাম-হিয়া   গড়িল পাষাণ দিয়া
হেন রস না কৈল পরশ ॥ ২৯॥২২১২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩২০ সংখ্যক পদ। ২। 'খল' ক; প-র-সা। ৩। 'মতি' প-র-সা।

তথা রাগ[১]।

পতিত হেরি[২] কান্দে   থীর[৩] নাহি বান্ধে
করুণ-নয়ানে[৪] চায়।
নিরুপম হেম জিনি   উজোর গোরা-তনু
অবনী ঘন গড়ি যায় ॥
গৌরাঙ্গের[৫] নিছনি লইয়া মরি।
ও রূপ-মাধুরী   পিরিতি[৬]-চাতুরী
তিল-আধ[৭] পাসরিতে নারি ॥ধ্রু॥
বরণ-আশ্রম   কিঞ্চন অকিঞ্চন
কার কোন দোষ নাহি মানে ॥
কমলা-শিব-বিধি-[৮]   দুল্লভ[৯] প্রেম-নিধি[১০]
দান করয়ে জগ-জনে ॥
ঐছন সদয়-   হৃদয় রসময়
গৌর ভেল পরকাশ।
প্রেম-ধনের ধনী   করল অবনী
বঞ্চিত গোবিন্দদাস ॥ ৩০॥২২১৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩২১ ও প-র পুথির ৩।৫০ সংখ্যক পদ। ২। 'হেরিয়া' ক, খ, চ; প-র-সা। ৩। 'স্থির' ক; প-র; 'থির' প-র-সা। ৪। 'বদনে' প-র-সা। ৫। 'গোরা পহুঁ' প-র। ৬। 'চরিত, প-র। ৭। 'তিল-আধ' স্থলে 'জিতে' প-র। ৮। 'বিহি' ক, খ, চ। ৯। 'দুলহ' প-র। ১০। 'ধন' ক, খ, চ; প-র-সা; প-র।

তথা রাগ[১]।

কুন্দন-কনয়-কলেবর-কাঁতি।
প্রতি-অঙ্গে অবিরল পুলক[২] পাঁতি ॥
প্রেম-ভরে[৩] ঝর-ঝর লোচনে চায়।
কতহুঁ মন্দাকিনি তহিঁ বহি যায় ॥
দেখ দেখ গোরা গুণ-মণি।
করুণায় কো বিহি মিলায়ল আনি ॥ধ্রু॥
জপিয়া জপায়ে মধুর নিজ-নাম।
গাই[৪] গাওয়ায়ে আপন গুণ-গাম ॥
নাচি[৫] নাচাওয়ে বধির জড় অন্ধ।
কতিহুঁ না পেখলু ঐছন পরবন্ধ ॥
আপহি ভোরি ভুবন করু ভোর।
নিজ পর নাহি সভারে দেই কোর ॥
ভাসল প্রেমে অখিল নর নারি।
গোবিন্দ দাস কহে যাঙ বলিহারি ॥
॥৩১॥২২১৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩২২ ও প-র পুথির ২।১৪ সংখ্যক পদ। ২। 'পুলক' ক, খ; 'পুলকের' প-র। ৩। 'রসে' প-র। ৪। 'গাইয়া' ক, চ; প-র-সা। ৫। 'নাচিয়া' ক, চ; প-র-সা।

সিন্ধুড়া[১]।

কলি-তিমিরাকুল অখিল জীব হেরি
বদন-চাঁদ পরকাশ।
লোচন-প্রেম-সুধারস-বরিখণে
জগ-জন-তাপ বিনাশ ॥

গৌর করুণা-সিন্ধু অবতার।
নিজ-গুণে গাঁথিয়া নাম-চিন্তামণি
জগ-জনে পরায়লি হার ॥ ধ্রু ॥
ভকত-কলপতরু অন্তরে অন্তরু
রোপলি ঠামহি ঠাম।
যছু পদ-তল অবলম্বই পন্থিক
পূরল নিজ নিজ কাম ॥
ভাব-গজেন্দ্র চড়ায়ল অকিঞ্চনে
ঐছন পহুক বিলাস।
সংসার-কাল-কূট-বিষে তনু দগধল
একলি গোবিন্দদাস ॥৩২॥২২১৫ ॥

পাঠান্তর

১। ইহা প-র পুথির ৮।১ সংখ্যক পদ। ২। 'গৌর' সা-প ২০১ সং পুথি স্থলে 'গৌরাঙ্গ' ক, খ, ঘ, চ ; 'গোরা' প-র। ৩। 'তছু' ক, খ, চ

পাহাড়।

জাম্বুনদ-তনু　　বদন-অম্বুজ
সঘনে হরি হরি বোল।
নয়ন-অম্বুজে　　বহই সুরধুনি
কম্বু-কন্ধরে দোল ॥
দেখ দেখ গৌর দ্বিজবর-রাজ।
সঙ্গে সহচর　　সুঘড়-শেখর
উয়ল নবদ্বিপ[২] মাঝ ॥ ধ্রু ॥
তরুণ প্রেম-ভরে[৩] দিন রজনি নাচত
অরুণ-চরণ অথীর।
করুণ দিঠি-জলে　　এ মহি ভাসল
নিলয় বরুণ গভীর॥
কবহুঁ নাচত　　কবহুঁ গাওত
কবহুঁ গদ-গদ ভাব।
অখিল জগ-জনে　　প্রেমে পূরল
বঞ্চিত গোবিন্দদাস ॥ ৩৩॥২২১৬॥

পাঠান্তর

১। 'বর দ্বিজ' ক, খ, চ। ২। 'নবদ্বীপ' ক। ৩। সকল পুথিতে 'প্রেম-ভরে' পাঠ থাকিলেও ঐ পাঠে ছন্দোভঙ্গ ঘটে ; বোধ হয়, 'তরুণ' ইত্যাদি পংক্তির এইরূপ শুদ্ধ পাঠ হইবে, যথা—
'তরুণ প্রেমে দিন　　রজনি নাচত'।

তুড়ী[১]।

পতিত দুর্গত দেখি　　আঁখি-যুগল রে
কত ধারা বহে প্রেম-জলে।
হরে কৃষ্ণ মহামন্ত্র　　উপদেশ করাইয়া
তুমি আমার আমি তোমার বলে ॥
করুণা শুনিতে প্রাণ কান্দে।
তাপিত ত্রিজগত　　প্রেম-জলে সিঞ্চিত
শীতল করল গোরাচাঁদে ॥ ধ্রু ॥
খোল করতাল　　পঞ্চম রসাল
অবনী করল ধনি।
গোলোক-গোকুল-　　বৈভব লইয়া
আইলা পরশ-মণি ॥ ৩৪॥২২১৭ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ৩১১ সংখ্যক পদ।

ইতি চতুর্থ-শাখায়াং বিংশ-পল্লবঃ।

অথ শ্রীগৌরচন্দ্রস্য সন্ন্যাস-করণ-বিরহাদি-বর্ণনং যথা।

সুহই[১]।

কি জানি কি করে হিয়া[২] দিন দুই চারি।
ধক ধক করে সদা পরাণ হামারি ॥
অবিরত লোরে নয়ন-যুগ ঝাঁপি।
দখিণ অঙ্গ মোর অবিরত কাঁপি ॥

লাখে লাখে অমঙ্গল তাহা নাহি মানি।
গৌরাঙ্গ-বিচ্ছেদ মোর পাছে হয় জানি ॥
॥১॥ ২২১৮ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০২৩ ও প-র পুথির ৪০।১ সংখ্যক পদ। ২। 'করে হিয়া' স্থলে 'হবে গিয়া' ক,খ।

বিভাষ[১]।

শয়ন-মন্দিরে গৌরাঙ্গসুন্দর
উঠিলা রজনী-শেষে।
মনে দৃঢ় আশ করিব সন্ন্যাস
ঘুচাব এ সব বেশে ॥
ঐছন ভাবিয়া মন্দির তেজিয়া
আইলা সুরধুনী-তীরে।
দুই কর যুড়ি নমস্কার করি
পরশ করিলা নীরে ॥
গঙ্গা পরিহরি নবদ্বীপ ছাড়ি
কাঞ্চননগর-পথে।
করিলা গমন শুনি সব জন
বজর পড়িল মাথে ॥
পাষাণ সমান হৃদয় কঠিন
সেহো শুনি গলি যায়।
পশু পাখী ঝুরে গলয়ে পাথরে
এ দাস লোচন গায় ॥২॥২২১৯ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০২৪ সংখ্যক পদ।

সিন্ধুড়া[১]।

এথা বিষ্ণুপ্রিয়া চমকি উঠিয়া
পালঙ্কে বুলায়[২] হাত।
প্রভু না দেখিয়া কান্দিয়া কান্দিয়া
শিরে হানে[৩] করাঘাত ॥
এ মোর প্রভুর সোণার নূপুর
গলার[৪] সোণার হার।
এ সব দেখিয়া মরিব ঝুরিয়া
জিতে না পারিব আর ॥
মুঞি অভাগিনী সকল রজনী
জাগিলুঁ প্রভুরে লৈয়া।
প্রেমেতে বান্ধিয়া মোরে নিদ্রা দিয়া
প্রভু গেল পলাইয়া ॥
কাঞ্চন নগর গেলা বিশ্বম্ভর
জীব উদ্ধারিবার তরে।
এ দাস লোচন দগদগি মন
শচী না পাইলা দেখিবারে ॥৩॥২২২০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২০২৫ সংখ্যক পদ। ২। 'বুলায়ে' ক, খ। ৩। 'মারে' ক, খ, চ; প-র-সা। ৪। 'গলায়' ক; প-র-সা।

বিভাষ করুণ[১]।

শচীর মন্দিরে আসি দুয়ারের পাশে বসি
ধীরে ধীরে কহে বিষ্ণুপ্রিয়া।
শয়ন-মন্দিরে ছিলা নিশিভাগে কোথা গেলা
মোর মুণ্ডে বজর পাড়িয়া ॥
গৌরাঙ্গ জাগয়ে মনে নিদ্রা নাহি দুনয়নে
শুনিয়া উঠিলা শচী মাতা।
আউদড়-কেশে ধায় বসন না রহে গায়
শুনিয়া বধূর মুখের কথা ॥
তুরিতে জ্বালিয়া বাতি দেখিলেন ইতি উতি
কোন ঠাঞি উদ্দেশ না পাইয়া।
বিষ্ণুপ্রিয়া বধূ সাথে কান্দিতে কান্দিতে পথে
ডাকে শচী নিমাঞি বলিয়া ॥

শুনিয়া নদীয়ার লোকে কান্দে উচ্চস্বরে শোকে
যারে তারে পুছেন বারতা।
এক জন পথে যায় দশ জন পুছে তায়
গৌরাঙ্গ দেখ্যাছ যাইতে কোথা ॥
সে বলে দেখ্যাছি পথে কেহো ত নাহিক সাথে
কাঞ্চননগর-পথে[২] ধায়।
কহে বাসু ঘোষ ভাষা শচীর এমন দশা
পাছে জানি মস্তক মুড়ায় ॥ ৪॥২২২১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩২৬ সংখ্যক পদ। ২। 'মুখে' প-র-সা।

পাহিড়া[১]।

সকল মহান্ত মেলি সকালে সিনান করি
আইলা গৌরাঙ্গ[২] দেখিবারে।
গৌরাঙ্গ গিয়াছে ছাড়ি বিষ্ণুপ্রিয়া আছে[৩] পড়ি
শচী কান্দে বাহির দুয়ারে ॥
শচী কহে শুন মোর নিতাই[৪] গুণমণি[৫]।
কেবা আসি দিলে মন্ত্র কে শিখাইলে কোন তন্ত্র
কিবা হৈল কিছুই না জানি ॥
গৃহ মাঝে শুয়্যা ছিলুঁ ভাল মন্দ না জানিলুঁ[৬]
কিবা করি গেল রে ছাড়িয়া।
কিবা[৭] নিঠুরাই কৈল পাথারে ভাসাঞা গেল
রহিব কাহার মুখ চাঞা।
বাসুদেব ঘোষ ভাষা শচীর এমন দশা
মরা হেন রহিল পড়িয়া।
শিরে করাঘাত মারি ঈশানে দেখায় ঠারি
গোরা গেল নদীয়া ছাড়িয়া ॥৭॥২২২২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩২৭ ও প-র পুথির ৪০।৩৪ সংখ্যক পদ। ২। 'আইলা গৌরাঙ্গ' স্থলে 'সভে গেলা গোরা' প-র। ৩। 'বিষ্ণুপ্রিয়া আছে' স্থলে 'অচেতন ভুমে' প-র। ৪। 'নিমাই' খ; প-র-সা। ৫। 'শচী কহে' ইত্যাদি কলিটি স্থলে প-র পুথির পাঠ, যথা—

'শুন রে নিতাই গুণমণি।
শিখাইল কোন তন্ত্র কেবা দিল কোন মন্ত্র
ভাল মন্দ কিছুই না জানি।'

৬। 'গৃহ মাঝে' ইত্যাদি স্থলে 'নিশায় চলিয়া গেল কারে কিছু না বলিল' প-র। ৭। 'কেবা' ক, খ, চ; 'কেনে' প-র।

শ্রীরাগ[১]।

কাঞ্চননগরে এক বৃক্ষ মনোহর।
সুরধুনী-তীরে ছায়া শীতল সুন্দর ॥
তার তলে বসিলেন গৌরাঙ্গ সুন্দর।
কাঞ্চনের কান্তি জিনি দীপ্তি[২] কলেবর ॥
নগরের লোক ধায় যুবক যুবতী।
সতী ছাড়ে নিজ পতি জপ ছাড়ে যতি ॥
কেহো বলে এ নাগর[৩] যেনা দেশে ছিল।
সে দেশের পুরুষ নারী কেমনে বাঁচিল ॥
কেহ বলে নিজ নারীর গলে পদ দিয়া।
আসিয়াছে জননীর পরাণ বধিয়া ॥
হেন কালে কেশব ভারতী মহামতি।
দেখিয়া তাহারে প্রভু করিলা প্রণতি ॥
কৃষ্ণ-দাস কর গোসাঞি দেহ ভক্তি বর।
বাসু ঘোষ কহে মুণ্ডে পড়িল বজর ॥৬॥২২২৩

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩২৮ সংখ্যক পদ। ২। 'দীপ্ত' ক, খ, চ। ৩। 'এ নাগর' স্থলে 'এনা গৌর' ঘ; 'এনা নাগর' প-র-সা।

ধানশী[১]।

তখন নাপিত আসি প্রভুর সম্মুখে বসি
খুর[২] দিল সে চাঁচর কেশে।
করি অতি উচ্চ-রব কান্দে যত লোক সব
নয়নের জলে দেহ ভাসে॥
হরি হরি কিনা হৈল কাঞ্চন নগরে।
যতেক নগর-বাসী দিবসে হইল নিশি
প্রবেশিল শোকের সায়রে॥
মুণ্ডন করিতে কেশ হৈয়া অতি প্রেমাবেশ
নাপিত কান্দয়ে উচ্চ-রায়।
কি হৈল কি হৈল বলে খুর[৩] আর নাহি চলে
প্রাণ ফাটি বিদরিয়া যায়॥
মহা উচ্চ-স্বর করি কান্দে কুলবতী নারী
সভাই সভার মুখ চাইয়া।
ধৈরজ ধরিতে নারে নয়ন-যুগল-নীরে
ধারা বহে বয়ান বাহিয়া॥
দেখি কেশ-অন্তর্দ্ধান অন্তরে দগধে প্রাণ
কান্দিছেন অবধৌত রায়।
রসিকানন্দের প্রাণ সদা করে আনচান
ফাটিয়া বাহির হইয়া যায় ॥৭॥২২২৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩২৯ সংখ্যক পদ। ২।৩। 'ক্ষুর' ক।

পাহিড়া[১]।

মুড়াইয়া চাঁচর চুলে স্নান করি গঙ্গা-জলে
বলে দেহ অরুণ বসন।
গৌরাঙ্গের বচন শুনিয়া ভকতগণ
উচ্চ-স্বরে করয়ে রোদন॥
অরুণ দুই খানি কানি ভারতী দিলেন আনি
আর দিল একটি কৌপীন।
মস্তকে পরশ করি পরিলেন গৌরহরি
আপনাকে মানে অতি দীন॥
তোমরা বান্ধব মোর এই আশীর্ব্বাদ কর
নিজ-কর দিয়া মোর মাথে।
করিলাম সন্ন্যাস নহে যেন উপহাস
ব্রজে যেন পাই ব্রজ-নাথে।
এত কহি গৌররায় উর্দ্ধমুখ করি ধায়
দিগ বিদিগ নাহি মানে।
ভক্ত-জনার পাছে পাছে লোটাঞা লোটাঞা কাছে
বাসু ঘোষ হাকান্দ কান্দনে ॥৮॥২২২৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৩০ সংখ্যক পদ।

ভাটিয়ারি[১]।

আরে মোর গৌরাঙ্গ নায়র।
প্রেম-জলে তিতিল সোণার কলেবর॥
কটিতে করঙ্গ বান্ধি দিগ-পথে ধায়।
প্রেমের ভাইয়া নিতাই ডাকে ফিরিয়া না চায়॥
নিতাই বলে যত যত পাতকী তরাইলে।
সে সব সফল হবে আমা উদ্ধারিলে॥
যত যত অবতার অবনীর মাঝে।
পতিত-পাবন নাম তোমারে[২] সে সাজে॥
বাসুদেব ঘোষে কহে মুঞি অভাগিয়া[৩]।
মোরে না ছাড়িহ দয়া পতিত দেখিয়া॥
॥৯॥২২২৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৩১ ও প-র পুথির ১৪।১ সংখ্যক পদ। ২। 'তোমার' ক। ৩। 'বাসুদেব' ইত্যাদি ভণিতার কলি কেবল প-র-সা পুথিতে আছে।

যথা রাগ[১]।

সন্ন্যাস করিয়া প্রভু গুরু নমস্করি।
প্রেমাবেশে বিদায় হইলা গৌরহরি॥
তিন দিন রাঢ় দেশে করিলা ভ্রমণ।
কৃষ্ণ-নাম না শুনিয়া করয়ে[২] রোদন॥
গোপ-বালকের মুখে শুনি হরি-নাম।
প্রেমানন্দে তাহাঁ[৩] প্রভু করিলা বিশ্রাম॥
শ্রীচন্দ্রশেখরে পাঠাইল নবদ্বীপে।
নিত্যানন্দ সঙ্গে আইলা গঙ্গার সমীপে॥
গঙ্গা-স্নান করিয়া চলিলা শান্তিপুরে।
শ্রীচন্দ্রশেখর আইলা নদীয়া নগরে॥
সভাকারে কহিলেন প্রভুর সন্ন্যাস।
কান্দয়ে নদীয়ার লোক কান্দে প্রেমদাস॥
॥১০॥২২২৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৩২ সংখ্যক পদ। ২। 'করেন' ক। ৩। 'তথায়' ক।

পাহিড়া[১]।

হরি হরি কি না হৈল নদীয়া নগরে।
কেশব ভারতী আসি বজর[২] পাড়িল গো
রসবতীর পরাণের ঘরে॥ধ্রু॥
গিরি পুরী ভারতী আসিয়া করিল[৩] যতি[৪]
আঁচলের রতন কাড়ি নিল।
প্রিয় সহচরী সঙ্গে[৫] যে সাধ করিলুঁ রঙ্গে[৬]
সে সব স্বপন সম ভেল॥
কিশোর[৭] বয়েস বেশ মাথায়[৮] চাঁচর কেশ
মুখে হাসি আছে মিশাইয়া।
আমরা পরের নারী[৯] পরাণ ধরিতে নারি
কেমনে বাঁচিবে[১০] বিষ্ণুপ্রিয়া॥
সুরধুনী-তীরে[১০] তরু কদম্বখণ্ডিতে চারু[১১]
প্রাণ কান্দে কেতকী দেখিয়া।
নদীয়া আনন্দ ছিল গোকুলের পারা হৈল
বাসু ঘোষ মরয়ে কান্দিয়া॥১১॥২২২৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৩৩ ও প-র পুথির ৪০।১০৫ সংখ্যক পদ। ২। 'কুলিশ' প-র-সা। ৩। 'সন্ন্যাসী' খ। ৪। 'খেতি' প-র। ৫। 'গণে' প-র; প-র-সা। ৬। 'করিলুঁ রঙ্গে' স্থলে 'করিল মনে' প-র-সা, 'আছিল মনে' প-র। ৭। 'নবীন' প-র-সা। ৮। 'কিবা সে' প-র-সা। ৯। 'বধিবে' প-র-সা; প-র। ১০। 'তীর' ক, প-র। ১১। 'কদম্ব' ইত্যাদি স্থলে 'কদম্বখণ্ডিতে বরু' ক, খ, চ; 'কদম্ব খণ্ডিত উরু' প-র-সা; 'কদম্ব খণ্ডিত অরু' প-র।

ভাটিয়ারি[১]।

কি লাগিয়া দণ্ড ধরে অরুণ বসন পরে
কি লাগিয়া মুড়াইল কেশ।
কি লাগিয়া মুখ-চাঁদে রাধা রাধা বলি কান্দে
কি লাগি[২] ছাড়িল নিজ দেশ॥
শ্রীবাসের উচ্চরায় পাষাণ মিলাঞা যায়
গদাধর না জিয়ে পরাণে।
বহিছে তপত ধারা যেন মন্দাকিনী পারা
মুকুন্দের ও দুই নয়ানে॥
সকল মহান্ত ঘরে বিধাতা বুঝাই[৩] ফিরে
তমু স্থির নাহি হয় কেহ।
জ্বলন্ত অনল হেন রমণী ছাড়িল কেন
কি লাগি তেজিল তার লেহ॥
কি কব দুখের কথা কহিতে মরমে বেথা
না দেখি বিদরে মোর হিয়া।
দিবানিশি নাহি জানি বিরহে আকুল প্রাণী
বাসু ঘোষ পড়ে মুরছিয়া॥১২॥২২২৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৩৪ সংখ্যক পদ। ২। 'লাগিয়া' ক, খ, চ ; প-র-সা। ৩। 'বুঝাইয়া' ক, ঘ, চ ; 'বুঝাইতে' খ।

টীকা

৯—১০। "সকল" ইত্যাদি। (শ্রীবাস প্রভৃতি) সকল মহান্ত অর্থাৎ শ্রীগৌরাঙ্গের প্রধান ভক্তগণ প্রতি ঘরে ঘরে—সকলই বিধাতার কার্য্য, এইরূপ প্রবোধ দিয়া ফিরিতেছেন, তথাপি কেহ স্থির হয় না।

পাহিড়া[১]।

কান্দে দেবী বিষ্ণুপ্রিয়া নিজ অঙ্গ আছাড়িয়া
লোটাঞা লোটাঞা ক্ষিতি-তলে।
ওহে নাথ কি করিলে পাথারে ভাসাইয়া গেলে
কান্দিতে কান্দিতে ইহা বলে॥
এ ঘর জননী ছাড়ি মুঞি অনাথিনী[২] এড়ি
কার বোলে করিলা সন্ন্যাস।
বেদে শুনি রঘুনাথ জানকী লইয়া সাথ
তবে সে করিলা বন-বাস॥
পূরবে নন্দের বালা যবে মধুপুরে গেলা
এড়িয়া সকল গোপীগণে।
উদ্ধবেরে পাঠাইয়া নিজ-তত্ত্ব জানাইয়া
রাখিলেন তা সভার প্রাণে॥
চাঁদ-মুখ না দেখিব আর পদ না সেবিব
না করিব সে সুখ-বিলাস।
এ দেহ গঙ্গায় দিব তোমার শরণ নিব
কি আর জীবনে মোর আশ ॥১৩॥২২৩০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৩৫ সংখ্যক পদ। ২। 'অভাগিনী' প-র-সা।

সুহই[১]।

প্রেমাবেশে প্রভুরে রাখিয়া শান্তিপুরে।
নিত্যানন্দ প্রভু আইলা নদীয়া নগরে॥
ভাবিয়া শচীর দুখ নিত্যানন্দ রায়।
পথ মাঝে অবনীতে গড়াগড়ি যায়॥
ক্ষণেকে সম্বরি নিতাই আইলেন ঘরে।
শুনি শচী ঠাকুরাণী আইলা বাহিরে॥
দাড়াঞা মায়ের আগে ছাড়য়ে নিশ্বাস।
প্রাণ বিদরয়ে ভাইয়ের কহিতে সন্ন্যাস॥
সন্ন্যাস করিয়া গৌর আইলা শান্তিপুরে।
আমারে পাঠাঞা দিল তোমা লইবারে॥
শচী কান্দে নিতাই কান্দে নদীয়া-নিবাসী।
সভারে ছাড়িয়া নিমাই হইলা সন্ন্যাসী॥
কহয়ে মুরারি গোরাচাঁদ না দেখিলে।
নিশ্চয় মরিব প্রবেশিব গঙ্গা-জলে ॥১৪॥২২৩১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৩৬ সংখ্যক পদ।

পটমঞ্জরী[১]।

হেদে গো মালিনি সই অদ্বৈত-মন্দিরে চল যাই।
নিমাই আইলা তাহাঁ কহিল নিতাই॥
সে চাঁচর-কেশ-হীন কেমনে দেখিব।
দণ্ড কমণ্ডলু দেখি পরাণ তেজিব॥
ধাইল নদীয়ার লোক গৌরাঙ্গ দেখিতে।
দুখিত বল্লভ যায় কান্দিতে কান্দিতে॥
॥১৫॥২২৩২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৩৭ সংখ্যক পদ।

শ্রীগান্ধার[১]।

নিতাই করিয়া আগে চলিলেন অনুরাগে
আইলা সভাই শান্তিপুরে।
মুড়াইতে মাথার কেশ ধর‍্যাছে সন্ন্যাসীর বেশ
দেখিয়া সভার প্রাণ ঝুরে॥
কর যোড় করি আগে দাঁড়াইয়া[২] মায়ের আগে
পড়িলেন দণ্ডবৎ হৈয়া।
দুই হাত তুলি বুকে চুম্ব দিলা চাঁদ-মুখে
কান্দে শচী গলায় ধরিয়া॥
ইহার লাগিয়া যত পড়াইলাম ভাগবত
এ কথা কহিব আমি কায়।
অনাথিনী করি মোরে যাবে বাছা দেশান্তরে
বিষ্ণুপ্রিয়ার কি হবে উপায়॥
এ ডোর কৌপীন পরি কি লাগিয়া দণ্ড ধরি
ঘরে ঘরে খাবে ভিক্ষা মাগি[৩]।
জিয়ন্ত থাকিতে মায় ইহা নাকি সহা যায়
কার বোলে হইলা বৈরাগী[৪]॥
গৌরাঙ্গের বৈরাগে ধরণী বিদার মাগে[৫]
আর তাহে শচীর করুণা।
কহয়ে বল্লভ দাস গোরাচাঁদের বৈরাগ
ত্রিজগতে রহিল ঘোষণা॥১৬॥২২৩৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৩৮ সংখ্যক পদ। ২। 'দাঁড়াইলা' ক। ৩। 'করি' ক, খ, চ; প-র-সা। ৪। 'হইলা বৈরাগী' স্থলে 'হইলা মোরে বৈরী' খ; 'বৈরাগি হইলি' প-র-সা। ৫। 'বিদার মাগে' স্থলে 'ধরিতে নারে' খ।

সুহই[১]।

আচার্য্য-মন্দিরে ভিক্ষা করিয়া চৈতন্য।
পতিত পাতকী দুখী করিলেন ধন্য॥
চন্দনে শোভিত অঙ্গ অরুণ বসন।
সংকীর্ত্তন মাঝে নাচে অদ্বৈত-জীবন॥
মুকুন্দ মাধবানন্দ গায় উচ্চস্বরে।
নিতাই চৈতন্য নাচে অদ্বৈত-মন্দিরে[২]॥
আচার্য্য গোসাঞি নাচে দিয়া করতালি।
চির দিনে[৩] মোর ঘরে গোরা বনমালী॥
কহয়ে নয়নানন্দ গদাধরের পাছে।
কিবা ছিল কিবা হৈল আর কিবা আছে॥
॥১৭॥২২৩৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৩৯ সংখ্যক পদ। ২। 'অদ্বৈতের ঘরে' খ। ৩। 'দিন' ক, খ, প-র-সা।

রামকেলি[১]।

ধর ধর ধর[২] ধর রে নিতাই
আমার গৌরাঙ্গ[৩] ধর।
আছাড়-সময়ে অঙ্গুজ বলিয়া
বারেক করুণা কর॥ ধ্রু॥
আচার্য্য গোসাঞি দেখিহ নিমাই[৪]
আমার আঁখির[৫] তারা॥
না জানি কি খেদে[৬] নাচিতে কীর্ত্তনে
পরাণে হইব হারা।
শুনহ শ্রীবাস কর‍্যাছে সন্ন্যাস
ভূমি-তলে গড়ি যায়॥
সোণার বরণ ননীর পুতলী
বেথা না লাগয়ে গায়॥
শুন ভক্তগণ রাখহ কীর্ত্তন
হইল অধিক নিশা।
কহয়ে মুরারি শুন গৌরহরি
দেখহ মায়ের দশা॥১৮॥২২৩৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৪০ সংখ্যক পদ। ২। 'ধর' ইত্যাদি স্থলে 'ধর ধর' ক, খ, চ; প-র-সা। ৩। 'গৌরে' ক, খ; চ; 'গোউরে' ঘ। ৪। 'নিতাই' ক, খ, চ; প-র-সা। ৫। 'নয়ন' প-র-সা। ৬। 'কি খেণে' স্থলে 'কখনে' প-র-সা।

সুহই[১]।

সকল ভকত ঠাঞি হইয়া বিদায়।
নীলাচল দেখিতে চলিল গৌর রায়॥
মায়ের চরণ বন্দি অনুমতি লৈয়া।
অদ্বৈত আচার্য্য ঠাঞি বিদায় হইয়া॥
চলিলা গৌরাঙ্গ পহু বলি হরিবোল।
আচার্য্য-মন্দিরে উঠে ক্রন্দনের রোল॥
গৌরাঙ্গ গৌরাঙ্গ বলি কান্দয়ে সভায়[২]।
কান্দয়ে নয়নানন্দ ধুলায় লোটায়॥১৯॥২২৩৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৪১ সংখ্যক পদ। ২। 'গৌরাঙ্গ' ইত্যাদি ভণিতার কলিটি কেবল প-র-সা পুথিতে আছে।

পাহিড়া[১]।

পহু মোর অদ্বৈত-মন্দির ছাড়ি চলে।
শিরে দিয়া দুটি হাথ কান্দে শান্তিপুর-নাথ
কিবা ছিল কিবা হৈল বলে॥ধ্রু॥
কৃপা করি মোর ঘরে অবধৌত বিশ্বম্ভরে
কত রূপে করিলা বিহার।
এবে সেই দুই ভাই কি দোষে ছাড়িয়া যাই
শান্তিপুর করিয়া আন্ধার॥
অদ্বৈত-ঘরণী কান্দে কেশ-পাশ নাহি বান্ধে
প্রভু বলি ডাকে উচ্চ স্বরে।
নিত্যানন্দ করি সঙ্গে প্রেম-সংকীর্ত্তন রঙ্গে
কে আর নাচিবে মোর ঘরে॥
শান্তিপুর-বাসী যত তারা কান্দে অবিরত
লোটাঞা লোটাঞা ভূমি-তলে।
শচীর নন্দন ভণ শান্তিপুর হৈল যেন
পূরবে শুনিলুঁ[২] যে গোকুলে॥২০॥২২৩৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৪২ সংখ্যক পদ। ২। 'শুনিল' ক, চ; 'শুনিয়ে' খ।

ধানশী[১]।

চলিলা নীলাচলে গৌরহরি।
দণ্ড কমণ্ডলু শ্রীকরে ধরি॥
সঙ্গে নিত্যানন্দ মুকুন্দ আদি।
প্রেম-জলে হিয়ে[২] বহয়ে নদী॥
অরুণ অম্বর শোভয়ে গায়।
প্রেম-ভরে তনু দোলাঞা যায়॥
দণ্ড করে দেখি নিতাইচাঁদ।
পাতয়ে অমিয়া-পিরিতি-ফাঁদ॥
আপন করে লইয়া প্রভুর দণ্ড।
ফেলিলা ছলে[৩] জলে করিয়া খণ্ড॥
আসিয়া যবে প্রভু চাহিলা দণ্ড।
নিতাই কহে দণ্ড হইল খণ্ড॥
দণ্ড-ভঞ্জন শুনিয়া কথা।
কোপ করি পহু না তোলে মাথা॥
কে বুঝে দুহুঁ জন-মরম-বাণী।
প্রেমদাস কহে মুঞি না জানি॥
॥২১॥২২৩৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৪৩ সংখ্যক পদ। ২। 'হিয়া' ক, খ; প-র-সা। ৩। 'ছলে' ক পুথিতে নাই।

বরাড়ী[১]।

কলহ করিয়া ছলা আগে পহু চলি গেলা
ভেটিবারে নীলাচল-রায়।
যতেক ভকতগণ হৈয়া সকরুণ[২]-মন
পদ-চিহ্ন-অনুসারে ধায়॥
নিতাই বিরহ-অনলে ভেল ধন্দ[৩]।
আঠারনালাতে হৈতে কান্দিতে কান্দিতে পথে[৪]
যায় নিতাই[৫] অবধৌত-চন্দ॥ধ্রু॥
সিংহ-দুয়ারে গিয়া মরমে বেদনা পাইয়া
দাঁড়াইল নিত্যানন্দ রায়।
হরে কৃষ্ণ হরি বলে দেখিয়াছ সন্ন্যাসীরে[৬]
নীলাচল-বাসীরে সোধায়॥
জাম্বুনদ-হেম জিনি গৌর[৭]-বরণ-খানি
অরুণ বসন শোভে গায়[৮]।
প্রেম-ভবে গরগর আঁখিযুগ ঝর ঝর[৯]
হরি হরি বোল বলি ধায়[১০]।
ছাড়ি নাগরালি-বেশে ভ্রমে পহু দেশে দেশে[১১]
এবে ভেল সন্ন্যাসীর বেশ॥
মাধবী দাসেতে কয় অপরূপ গোরা রায়
ভট্ট-গৃহে করল প্রবেশ॥২২॥২২৩৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৪৪ সংখ্যক পদ। ২। 'হৈয়া সকরুণ' স্থলে 'হইয়া বিমন' পপ্র-সা। ৩। 'নিতাই' ইত্যাদি স্থলে 'নিতাই বিরহে নয়ন ভেল অন্ধ' প-র-সা। ৪। 'কান্দিতে' ইত্যাদি স্থলে 'কান্দি কান্দি যান পথে' প-র-সা। ৫। 'যায় নিতাই' স্থলে 'নিত্যানন্দ' প-র-সা। ৬। 'হরে কৃষ্ণ' ইত্যাদি স্থলে 'সভে অতি অনুরাগী উদ্দেশ পাবার লাগি' প-র সা। ৭। 'গৌরাঙ্গ' ক, খ, ঘ, চ। ৮। 'অরুণ' ইত্যাদি স্থলে 'অরুণ চরণ পীত বাস' প-র-সা। ৯। 'প্রেম-ভরে' ইত্যাদি স্থলে 'অনুখন লোচনে প্রেমবারি ঝরঝর' প-র-সা। ১০। 'হরি হরি' ইত্যাদি স্থলে 'ধরণি রহত দৌ পাশ' প-র-সা। ১১। 'ছাড়ি' ইত্যাদি ভণিতার কলি প-র-সা পুথিতে নাই।

তথা রাগ[১]।

নিত্যানন্দ সঙ্গতি মুকুন্দ গদাধরে।
দেখিলেন গৌরচন্দ্র সার্ব্বভৌম-ঘরে॥
প্রতপ্ত[২] কাঞ্চন-কান্তি অরুণ বসন।
প্রেমে ছল ছল দুই অরুণ নয়ন॥
আজানুলম্বিত ভুজ চন্দনে ভূষিত[৩]।
উন্নত নাসিকা উর্দ্ধ-তিলক-শোভিত[৪]॥
গোপীনাথ বাণীনাথ সার্ব্বভৌম কাশী।
গোরা-রূপ দেখে যত নীলাচল-বাসী॥
দক্ষিণে নিতাই বসি বামে গদাধর।
মিলিলেন গোরাচাঁদের যত অনুচর॥
যে দেখয়ে গোরা-মুখ সেই প্রেমে ভাসে।
মাধবি[৫] বঞ্চিত হৈল নিজ কর্ম্ম-দোষে॥
॥২৩॥২২৪০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৪৫ সংখ্যক পদ। ২। 'তপ্ত' খ। ৩। 'শোভিত' ক, খ, চ; প-র-সা। ৪। 'লোলিত' প-র-সা। ৫। 'মাধবী' ক; 'মাধব' প-র-সা।

ভাটিয়ারি[১]।

ত্রিভুবন-মনোহর শচীর নন্দন মোর
নদীয়া নগরে যার বাস।
সকল সম্পদ ছাড়ি সন্ন্যাস গ্রহণ করি
নীলাচলে জগন্নাথ পাশ॥
যে চাঁচর কেশ দেখি মোহ যায় রতি-পতি
মুণ্ডন করিল হেন কেশ।

কনক অঙ্গদ বালা মণি মুকুতার মালা
তেয়াগিলা সে মোহন বেশ ॥
জীবে হৈয়া দয়াবান সভে দিয়া হরিনাম
পরম[২] পাতকী উদ্ধারয়ে[৩]।
দেবের দুর্লভ যে লক্ষ্মী আদি বাঞ্ছে[৪] সে[৫]
প্রেম পতিতে বিতরয়ে[৬] ॥
সকল ভকত সঙ্গে সংকীর্ত্তন-মহারঙ্গে
বিহার করয়ে সিন্ধু-তীরে।
স্বরূপ রূপ[৭] রামানন্দ গোবিন্দ পরমানন্দ
মিলিলা সকল সহচরে ॥
কহে দাস নরহরি আমার গৌরহরি
রাধার পিরিতে হৈল হেন।
এমন প্রেমের বন্যা জগত হইল ধন্যা
বঞ্চিত হইলুঁ মুঞি কেন ॥২৪॥২২৪১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৪৬ সংখ্যক পদ।
২। 'পামর' প-র-সা। ৩। 'উদ্ধারে' প-র-সা।
৪। 'বাঞ্ছে যে' ক, খ, চ, 'বাঞ্ছে সে' প-র-সা।
৫। 'সেই' প-র-সা। ৬। 'বিতরে' প-র-সা।
৭। 'স্বরূপ রূপ' স্থলে 'স্বরূপ' ক, খ, চ; 'স্বরূপাদি' প-র-সা।

মঙ্গল[১]।

প্রফুল্লিত কনক- কমল মুখ-মণ্ডল
নয়ন-খঞ্জন তাহে সাজে।
দিঘল[২] ললাট মাঝে হরি-মন্দির সাজে
করঙ্গ কৌপিন কটি মাঝে ॥
জয় জয় গোরাচাঁদ কলুষ-বিনাশ।
পতিত-পাবন[৩]জন[৪]- তারণ-কারণ
সংকীর্ত্তন-পরকাশ ॥ ধ্রু ॥
জানুলম্বিত ভুজ দণ্ড-বিরাজিত
গলে দোলে মালতি-দাম।
ভুবন-মনোহর দীঘ কলেবর
পুলক-কদম্ব অনুপাম ॥
প্রাতর-অরুণ[৫]-রুচি শ্রীপাদ-পল্লব
অভেদ অদ্বৈত নিত্যানন্দ।
বিজয়ানন্দ দাসে আনন্দ-সায়রে ভাসে
চরণ-কমল-মকরন্দ ॥২৫॥২২৪২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৪৭ সংখ্যক পদ।
২। 'দীঘ' ক, খ। ৩। 'পামর' প-র-সা। ৪। 'জগ' খ। ৫। 'তরুণ' ক, খ, ঘ, চ। প-র-সা।

বরাড়ী[১]।

জীবে[২] এমন দয়া কোথাও না দেখি
নায়র[৩] চৈতন্য প্রভু।
দীন হীন জনে এমন করুণা
আর নাহি দেখি কভু ॥
যুগ-ধর্ম্ম লাগি[৪] বৈরাগী হইয়া
ভ্রমি ফিরে[৫] দেশে দেশে।
পাইয়া অকিঞ্চন যাচে[৬] প্রেম-ধন
বিলায়[৭] করুণাবেশে[৮] ॥
নাম[৯]-সংকীর্ত্তন পরম নিগূঢ়[১০]
"প্রচারে[১১] হৈয়া অমায়া।
ধীরাধীর জড় পঙ্গন্ধ[১২] অতুর
সভারে সমান দয়া ॥
ত্রি-তাপে-তাপিত দেখিয়া জগত
নয়ন ভরল প্রেম-জলে।
শীতল করিতে হেরি কৃপা-দিঠে
বরিখয়ে কানুদাসে বোলে ॥
॥২৬॥২২৪৩ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৪৮ সংখ্যক পদ। ২। 'জীবেরে' ক, খ, চ; প-র-সা। ৩। 'এই সে' খ। ৪। 'লাগিয়া' ক, খ, ঘ, চ। 'যুগ-ধর্ম্ম' ইত্যাদি কলির স্থলে খ পুথির পাঠান্তর যথা—

'হরি হরি বোলি দেশে দেশে ফিরি
সদাই প্রেমেতে ভাসে।
ব্রহ্মার দুর্লভ এ সম্পদ সব
ক্ষিতিতলে পরকাশে॥'

৫। 'ভ্রমি ফিরে' স্থলে 'ভ্রমিয়া ফিরেন' ক, খ, ঘ, চ। ৬। 'যাচিয়া' ক, খ, ঘ, চ। ৭। 'বিলায়ে' ক, খ, ঘ, চ। ৮। 'করুণা আবেশে' ক, খ, ঘ, চ। ৯। 'নিজ নাম' ক, খ, ঘ, চ। ১০। 'নিগূঢ় ধন' ক, খ, ঘ, চ। ১১। 'করুণায়' ক। ১২। 'ধীরাধীর' ইত্যাদি স্থলে 'ধীর অধীর জড় পঙ্গু অন্ধ' ক, খ, ঘ, চ। অন্ত্য কলির 'ত্রি' স্থলে 'তিন' ক, খ, ঘ, চ। 'জগতে' স্থলে 'ত্রিজগতে' ক, খ, ঘ, চ।

রামকেলী[১]।

গৌরসুন্দর পহু নদীয়া উদয় করি
ভুবন ভরিয়া প্রেম-দান।
পামর পাষণ্ড আদি দীন হীন ক্ষীণ জাতি
উদ্ধারিল দিয়া হরি-নাম॥
ঠাকুর গৌরাঙ্গের গুণ শুনিতে পরাণ কান্দে।
অগেয়ান যত জন দেখিয়া সুথির মন
হরিবোল বলি মন বান্ধে॥ধ্রু॥
গদাধর দেখি কান্দে মন থির নাহি বান্ধে
করে ধরি স্বরূপ রামানন্দে[২]।
পহু মোর শ্রীপাদ বলি লোটায় ধরণী-ধূলি
কোলে করি কান্দে নিত্যানন্দে[৪]॥
অন্ধ বধির যত গোরা-গুণে উনমত
দিগ বিদিগ নাহি জানে।
ভাব-ভরে গরগর না চিনে আপন পর
নিস্তার করয়ে জনে জনে॥
বাহু তুলি হরি বোলে পতিত[৫] লইয়া কোলে
গোরা-প্রেমে জগ-জন ভাসে।
উত্তম অধম যত তারা হৈল ভাগবত
বঞ্চিত বলরাম দাসে॥ ২৭॥২২৪৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৪৯ সংখ্যক পদ। ২। 'পহু' ক, খ, চ। ৩। 'রামানন্দ' ক। ৪। 'নিত্যানন্দ' ক। ৫। 'পণ্ডিত' ক, খ, চ; প-র-সা।

বরাড়ী[১]।

আপনার গুণ শুনি আপনা পাসরে।
অরুণ অম্বর খসে তাহা না সম্বরে॥
নাহি দিগ বিদিগ নাহি[২] নিজ পর।
ধরিয়া ধরিয়া কান্দে পতিত পামর॥
শ্রীপাদ বলিয়া পহু কান্দে উচ্চ স্বরে।
কত শত ধারা বহে নয়ন-কমলে॥
কান্দিয়া কান্দিয়া পহু মাগে পদ-ধূলি।
ভূমে পড়ি কান্দে নিতাই ভাইয়া ভাইয়া বলি॥
প্রিয় গদাধর কান্দে রায় রামানন্দে।
দেখিয়া গৌরাঙ্গ-মুখ থির নাহি বান্ধে॥
কান্দে বাসু শ্রীবাস[৩] মুকুন্দ মুরারি।
আনন্দে চলয়ে যত[৪] বাল বৃদ্ধ নারী॥
হেন অবতার ভাই কোথাও না[৫] দেখি।
ভুবন মগন সুখে কান্দে পশু পাখী॥
অন্ধ বধির জড় সভে আনন্দিত।
বলরাম দাস সবে এ রসে বঞ্চিত॥২৮॥২২৪৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৫০ সংখ্যক পদ। ২। 'নাহি' ইত্যাদি স্থলে 'দিগ বিদিগ তাহে নাহি'

প-র-সা। ৩। 'শ্রীনিবাস' ক, খ, চ; প-র-সা। ৪। 'বেন' ক, খ, চ; প-র-সা। ৫। 'ভাই' ইত্যাদি স্থলে 'আর কভু নাহি' ঘ।

শ্রীরাগ[১]।

পহু মোর করুণা-সাগর গোরা।
ভাবের ভরে অঙ্গ টলমল
গমনে ভুবন ভোরা ॥ধ্রু॥
খেণে খেণে কত করুণা করয়ে
গরজে গভীর-নাদে।
অধম দেখিয়া আকুল হইয়া
ধরিয়া ধরিয়া কান্দে ॥
চরণ-কমল অতি সুচঞ্চল
রাতা-উতপল-রীত।
বদন-কমলে গদগদ-স্বরে
গায়ে রসময় গীত ॥
হাহাকার করি ভুজযুগ তুলি
বলে হরি হরি বোল।
রাধা রাধা বলি ডাকে উচ্চ করি
গদাধর করি কোল ॥
মুরলী মুরলী খেণে খেণে বলি
স্বরূপ-মুখ নেহারে।
শিখি-পিঞ্ছ বলি কি ভাব উঠয়ে
কে তাহা কহিতে পারে ॥

॥২৯॥২২৪৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৫১ সংখ্যক পদ।

পঠমঞ্জরী[১]।

গোলোক ছাড়িয়া পহু কেনে বা অবনী।
কালা রূপ কেনে হৈল গোরা বরণ খানি[২] ॥
হাস বিলাস ছাড়ি কেনে পহু কান্দে।
না জানি ঠেকিল গোরা কার প্রেম-ফান্দে ॥
খেণে কৃষ্ণ কৃষ্ণ বলি কান্দে ঘনে ঘন।
খেণে সখি সখি বলি করয়ে রোদন ॥
মথুরা মথুরা বলি করে কি[৩] বিলাপ।
খেণে[৪] বা অক্রূর বলি করে অনুতাপ ॥
খেণে বলে ছিয়ে ছিয়ে চাঁদ চন্দন।
ধূলায় লোটাঞা কান্দে যত নিজগণ ॥
গদাধর কান্দে প্রাণ-নাথ করি কোলে।
রায় রামানন্দ কান্দে প্রবোধে বিকলে ॥
স্বরূপ শ্রীরূপ কান্দে সোঙরিবিলাস।
না বুঝি না কান্দি মরু গোবিন্দদাস ॥

॥৩০॥২২৪৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৫২ সংখ্যক পদ। ২। 'কালা' ইত্যাদি স্থলে 'গোরা বরণ হৈল কেনে কালা রূপখানি' খ। ৩। 'করয়ে' ক। ৪। 'কেনে' খ; প-র-সা।

বরাড়ী[১]।

দেখ দেখ জীব গৌরাঙ্গচাঁদের লীলা।
লাখে লাখে গোপী নিমিখে ভুলায়্যা
কি লাগি সন্ন্যাসী হৈলা ॥ধ্রু॥
পীত বসন ছাড়ি ডোর কৌপীন পরি
বাকুয়া করিলা দণ্ড।
কালিন্দীর তীরে সুখ পরিহরি
সিন্ধু-তীরে পরচণ্ড ॥
রাম-অবতারে ধনুক ধরিলা[২]
গোকুলে পূরিলা বাঁশী।
এবে জীব লাগি করুণা করিয়া
দণ্ড ধরিয়া সন্ন্যাসী ॥

ধরি নব দণ্ড　　　লইলা করঙ্গ[২]
সিন্ধু-তীরে কৈলা থানা।
রামানন্দে কয়　　সন্ন্যাসীর বেশ নয়
পাষণ্ড-দলন বীর-বানা ॥৩১॥২২৪৮॥

পাঠান্তর

২। ইহা প-র-সা পুথির ২৩৫৩ সংখ্যক পদ। ২। 'ধরিয়া' ক, খ, চ; প-র-সা। ৩। 'লইলা করঙ্গ' স্থলে 'লইয়া সঙ্গে' ক, খ; প-র-সা।

সিন্ধুড়া[১]।

নটবর রসিক রমণি-মনমোহন
কত শত বেশ বিলাস।
শ্যাম বরণ[২] পর গৌর কলেবর
অখিল ভুবন পরকাশ ॥
দেখ দেখ অদভুত পহুক বিলাস।
রঙ্গিণি-সঙ্গ-রঙ্গ-রস-রঙ্গিত
হেন জন করিল সন্ন্যাস ॥ধ্রু॥
নায়রি-কুচ-তট-কুঙ্কুম-মণ্ডিত
বসন বেশ ধরু সাধে।
গৌরিক থোরি বদন-বিধু চুম্বন
হৃদয় গহন উনমাদে ॥
তাকর গাঢ় আলিঙ্গন সঙ্গমে[৩]
পুলকিত অতি অবসাধে[৪]।
মনসিজ[৫]-সমরে পরাভব অন্তরে
তেঁ অতি করয়ে বিষাদে ॥[৬]
মকরত-বরণ রতন-মণি-ভূষণ
তেজি অব তরু-তলে বাস।
লম্পট-গুরুবর কোন সিধি সাধয়ে
না বুঝই বলরাম দাস ॥৩২॥২২৪৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৫৪ সংখ্যক পদ। ২। 'বিবরণ' ক, খ, চ। বোধ হয় 'শ্যামরি বরণ' পাঠই লিপিকর-ভ্রমে 'শ্যাম বিবরণ' পাঠে পরিণত হইয়াছে। ৩। 'সঙ্গম' ক, খ, চ; প-র-সা। ৪। 'অতি অবসাধে' স্থলে 'অতিশয় সাধে' ক; 'অতি অপসাধে' প-র-সা। ৫। 'মনভব' খ।

টীকা

৩—৪। "শ্যাম" ইত্যাদি। তুলনা করুন—'অন্তঃকৃষ্ণঃ বহির্গৌরঃ' ইত্যাদি। তথা—'অন্তরেতে শ্যাম-তনু বাহিরে গৌরাঙ্গ অঙ্গ'—২২৫৯ সং পদ।

ধানশী[১]।

গোপীগণ-কুচ-　　কুঙ্কুমে বঞ্চিত[২]
অরুণ বসন শোভে[৩] অঙ্গে।
কাঞ্চন-নিন্দিত-　　কান্তি কলেবর
রাই পরশ-রস-রঙ্গে ॥
দেখ দেখ অপরূপ গৌর[৪]-বিলাস।
লাখ যুবতি-রতি　　যো গুরু লম্পট[৫]
সো অব করল সন্ন্যাস ॥ধ্রু॥
যো ব্রজ-বধুগণ　　দৃঢ় ভুজ-বন্ধন[৬]
অবিরত রহত অগোর[৭]।
সো তনু পুলকে　　পুরিত অব ঢর ঢর
নয়নে গলয়ে প্রেম[৮]-লোর ॥
যো নটবর ঘন-　　শ্যাম-কলেবর
বৃন্দা-বিপিন-বিহারী।
কহয়ে নটবর[৯]　　সো অব অকিঞ্চন
ঘরে ঘরে প্রেম ভিখারী[১০] ॥৩৩॥২২৫০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৫৫ ও প-র পুথির ১।২ সংখ্যক পদ। ২। 'কুঙ্কুমে' ইত্যাদি স্থলে 'কুঙ্কুম কিয়ে তেল' প-র-সা। ৩। 'ধরু' প-র। ৪। 'চৈতন্য' প-র। ৫। 'যো' ইত্যাদি স্থলে 'লম্পট যো গুরু' প-র। ৬। 'ভুজ-বন্ধন' স্থলে

'পরিরম্ভণ' প-র। ৭। 'আগোর' ক, খ, ঘ, চ। ৮। 'গলয়ে প্রেম' স্থলে 'বহয়ে ঘন' প-র। ৯। 'বলরাম' প-র-সা। ১০। 'বিথারি' খ; প-র-সা।

শ্রীরাগ[১]।

হরি হরি এ বড় বিস্ময়[২] লাগে মনে।
জিনি নব জলধর পূর্ব্বে যার কলেবর
সে এবে গৌরাঙ্গ ভেল কেনে ॥ধ্রু॥
শিখি-পুচ্ছ গুঞ্জা-বেড়া মনোহর যার চূড়া
সে মস্তকে কেশ-শূন্য দেখি।
যার বাঁকা চাহনিতে মোহে রাধিকার চিতে
এবে প্রেমে ছলছল আঁখি ॥
সদা গোপ গোপী সঙ্গে বিলসয়ে রস-রঙ্গে
এবে নারী-নাম না শুনয়ে।
ভুজযুগে বংশী ধরি আকর্ষয়ে ব্রজ-নারী
সেই ভুজে দণ্ড কেনে লয়ে ॥
পিয়ল পাটের ধটি শোভা করে যার কটি
তাহে কেনে অরুণ বসন।
না পায়্যা ভাবের ওর বলরাম দাস ভোর
বিষাদ ভাবয়ে মনে মন ॥৩৪॥২২৫১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৫৬ সংখ্যক পদ। ২। 'বিষম' প-র-সা।

সিন্ধুড়া[১]।

রূপ কোটি কাম জিনি বিদগধ-শিরোমণি
গোলোকে বিহরে কুতূহলে।
ব্রজ-রাজ-নন্দন গোপিকার প্রাণ-ধন
কি লাগি লোটায় ভূমি-তলে ॥
হরি হরি কি শেল রহিল মোর বুকে।
কি লাগি রসিক-রাজ কান্দে সংকীর্ত্তন মাঝ
না বুঝিয়া মলুঁ মন-দুখে ॥ধ্রু॥
সঙ্গে বিলসই যার রাধা চন্দ্রাবলী আর
কত শত বরজ-কিশোরী।
এবে পহু বুকে বুক না দেখে নারীর মুখ
কি লাগি সন্ন্যাসী দণ্ড-ধারী ॥
ছাড়ি নাগরালি-বেশ ভ্রমে পহু[২] দেশ দেশ
পতিত চাহিয়া ঘরে ঘরে।
চিন্তামণি নিজ-গুণে[৩] উদ্ধারিলা জগ-জনে
বলরাম দাস রহু দূরে ॥৩৫॥২২৫২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৫৭ সংখ্যক পদ। ২। 'বহু' প-র-সা। ৩। 'নাম-চিন্তামণি-দানে' প-র-সা।

তথা রাগ[১]।

পূর্ব্বে যেই গোপী-নাথ শ্রীমতী রাধিকা সাথ
সে সুখ ভাবিয়া এবে দীন।
যে করে মুরলী বায় দণ্ড কমণ্ডলু তায়
কটি-তটে এ ডোর কৌপীন ॥
অধরে মুরলী পূরি ব্রজ-বধূর মন চুরি
কুরি সুখ বাঢ়ায় তাহার।
নয়ান-কটাক্ষ-বাণে মরমে পশিয়া হানে
সে নয়নে বহে অশ্রু-ধার ॥
যমুনা-পুলিন-বনে গোধন রাখাল সনে
নট-বেশ বিজই বাথানে।
নাহি জানি সেহো এবে না জানি কাহার ভাবে
বিলসয়ে সংকীর্ত্তন-স্থানে ॥
ভাবিতে সে সব সুখ দ্বিগুণ উঠয়ে দুখ
বিরহ-অনলে জরজরি[২]।
বিন্দু[৩] দাসের হিয়া গড়িল পাষাণ দিয়া
না দরবে সে সুখ সোঙরি ॥৩৬॥২২৫৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩১৮ সংখ্যক পদ।
২। 'ভরি ভরি' ক, খ; 'যায় ভরি' প-র-সা।
৩। 'গোবিন্দ' প-র-সা।

সুহই[১]।

হরি হরি গোরা কেনে কান্দে।
না জানি ঠেকিলা গোরা[২] কার প্রেম-ফান্দে ॥ধ্রু॥
তেজিয়া কালিন্দী-তীর কদম্ব-বিলাস।
এবে সিন্ধু-তীরে কেনে কিবা অভিলাষ[৩] ॥
যে করিল শত কোটি গোপী সঙ্গে রাস।
এবে সে কান্দয়ে কেনে করিয়া সন্ন্যাস ॥
যে আঁখি-ভঙ্গীতে কত অনঙ্গ মুরছে।
এবে কত শত[৪] ধারা বাহিয়া পড়িছে ॥[৩]
যে মোহন চূড়া-ছাঁদে[৫] জগত মোহিত।
সে মস্তক কেশ-শূন্য[৬] অতি বিপরীত ॥
পীত বাস ছাড়ি কেনে অরুণ বসন।
কালরূপ ছাড়ি কেনে গৌর বরণ ॥
কহে বলরাম দাসে না জানি কারণ।
তাহার কারণ কিবা যাহার বরণ ॥৩৭॥২২৫৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ২৩১৯ সংখ্যক পদ।
২। 'গোরা' ক, খ, প-র-সা পুথিতে নাই।
৩। 'এবে' ইত্যাদি কলিটি ব পুথিতে নাই। ৪। 'জল' ক, খ, ব, চ। ৫। 'ফাঁদে' ক, খ, ব, চ।
৬। 'মস্তক' ইত্যাদি স্থলে 'মস্তকে কেন' প-র-সা।

গান্ধার[১]।

পুরবে বান্ধিল চূড়া এবে কেশ-হীন।
নটবর-বেশ ছাড়ি পরিলা কৌপীন ॥
গাবি-দোহন-ভাণ্ড ছিল বাম করে।
করঙ্গ ধরিলা গোরা সেই অনুসারে ॥
ত্রেতায় ধরিল ধনু দ্বাপরেত বাঁশী।
কলিযুগে দণ্ড ধরি[২] হইলা সন্ন্যাসী ॥
বাসুঘোষ কহে শুন নদীয়া-নিবাসী।
বলরাম অবধৌত কানাই সন্ন্যাসী ॥৩৮॥২২৫৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩১০ সংখ্যক পদ।
২। 'ধারি' প-র-সা।

তত্র শ্রীগৌরাঙ্গস্য সংকীর্ত্তন-রূপ-বর্ণনং যথা।

সুহই[১]।

লোচনক অরুণ করুণ-অবলোকনে
জগ-জন-তাপ বিনাশ।
কত কলধৌত ধৌত তনু[২] শোহন
মোহন অরুণিম বাস ॥
দেখ দেখ অপরুপ গৌরকিশোর।
সহচর নখতর-বৃন্দ বিভূষিত
পহু দ্বিজ-রাজ উজোর ॥ধ্রু॥
শ্রীহরিদাস অদ্বৈত গদাধর
নিত্যানন্দ মুকুন্দ।
শ্রীমদ্রূপ সনাতন নরহরি
শ্রীরঘুনাথ[৩] গোবিন্দ ॥
জয় জয় ভকত সঙ্গে শচিনন্দন
উরে রঙ্গণ-ফুল-দাম।
হেরইতে জগত বদন-বিধু-মাধুরি
পূরই নিজ নিজ কাম ॥

চন্দন-তিলক ভালে সব ভকতহিঁ
করয়ে কীর্ত্তন অধিবাস।
গাওয়ে ঐছে[৪] গুণ লীলা অনুখণ
সুখদ সম্পদ পরকাশ॥
শ্রীযুত চরণক করুণ-কৃপা-রস
আদেশিত প্রতিভাস[৫]।
বহু-অপরাধ-ব্যাধি বর পামর
রচয়তি মাধব দাস॥৩৯॥২২৮৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৬১ সংখ্যক পদ। ২। 'ধৌত তনু' স্থলে 'ধৌত অনু' ক; 'কলেবর' খ। ৩। 'আর তাহে দাস' প-র-সা। ৪। 'ঐছন' ক। ৫। 'আদেশিত' ইত্যাদি স্থলে 'আদেশি অতি প্রতিভাব' প-র-সা।

ধানশী[১]।

ভাল ভালি নাচে গৌরাঙ্গ রঙ্গিয়া।
প্রেমে মত্ত হুহুঙ্কারে কলি-কলমষ হরে
পিছে বুলে নিতাই ধরিয়া॥ধ্রু॥
করতাল মৃদঙ্গ বায় সভে উচ্চস্বরে গায়
মুরারি মুকুন্দ বাসু সঙ্গে।
পদ শুনি গোরা রায় ধরণী না পড়ে পায়
প্রেম-সিন্ধু উছলে তরঙ্গে॥
পুছে পহু গৌরহরি কহ কহ নরহরি
বামে গদাধর পানে চায়।
প্রিয় গদাধর ধন্য প্রাণ যার চৈতন্য
গদাইর গৌরাঙ্গ লোকে গায়॥
স্বরূপ রূপ[২] কাছে আসি কহে দেহ[৩] মোহন বাঁশী
ক্ষেণে রহে ত্রিভঙ্গ হইয়া।
বচন-অমিয়া রাশি ক্ষেণে লহু লহু হাসি
হরি বোলে দুবাহু তুলিয়া॥

জয় জয় দ্বিজমণি উঠিল মঙ্গল-ধ্বনি
অদ্বৈতের বাঢ়ল আনন্দ।
কাশীশ্বর মহাবলী অদ্বৈত রাখয়ে ধরি
হেরি হরষিত রামানন্দ॥৪০॥২২৫৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৬২ সংখ্যক পদ। ২। 'স্বরূপ রূপ' স্থলে 'স্বরূপের' প-র-সা। ৩। 'কহে দেহ' স্থলে 'দেহ না' প-র-সা।

তথা রাগ[১]।

নাচে শচীনন্দন ভকত-জীবন-ধন
সঙ্গে নাচে[২] প্রিয় নিত্যানন্দ।
অদ্বৈত শ্রীনিবাস[৩] আর নাচে হরিদাস
বাসুঘোষ রায় রামানন্দ॥
নিত্যানন্দ-মুখ হেরি বোলে পহু হরি হরি
প্রেমায় ধরণী গড়ি যায়।
প্রিয় গদাধর আসি প্রভুর বাম পাশে বসি
ঘন নরহরি-মুখ চায়॥
পহু নাহি মেলে আঁখি কহে মোর কাহাঁ সখী
কাহাঁ পাব রাই দরশন[৪]।
কহ কহ নরহরি আর সম্বরিতে নারি
ইহা বলি ভেল অচেতন॥
এখনি আছিলুঁ তথা[৫] কে মোরে আনিল এথা
রাস-রসে নিকুঞ্জ-ভবন।
গেল সুখ-সম্পদ এবে ভেল বিপদ
বিষাদয়ে এ দাস লোচন॥৪১॥২২৫৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৬৩ সংখ্যক পদ। ২। 'নাচে' কেবল প-র-সা পুথিতে আছে। ৩। 'শ্রীশ্রীনিবাস' খ। ৪। 'রাই দরশন' স্থলে 'শ্রীরাধা দর্শন' প-র-সা। ৫। 'এথা' ক।

তথা রাগ[১] ;

রসে তনু ঢর ঢর গৌরকিশোর বর[২]
নাম তার শ্রীকৃষ্ণচৈতন্য।
এ সব নিগূঢ় কথা কহিতে অন্তরে বেথা
ভক্ত বিনু নাহি জানে অন্য ॥
দ্বাপর যুগেতে শ্যাম কলিতে চৈতন্য নাম
গর্গ-বাক্য ভাগবতে লিখি।
মনে করি অনুমান শ্যাম হইল গৌরাঙ্গ
রাধাকৃষ্ণ-তনু তার সাখী ॥
অন্তরেতে শ্যাম-তনু বাহিরে গৌরাঙ্গ জনু
অদভুত চৈতন্যের লীলা।
রাই সঙ্গে খেলাইতে কুঞ্জ-রস বিলাইতে
অনুরাগে গৌর-তনু হৈলা ॥
কহিবার কথা নহে[৩] কহিলে কি জানি হয়ে[৪]
না কহিলে মনে বড় তাপ।
চিত্তে অনুমান করি গৌরাঙ্গ হৃদয়ে ধরি
নরহরি করয়ে বিলাপ ॥ ৪২॥২২৫৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৬৪ সংখ্যক পদ। ২। 'মোর' প-র-সা। ৩। 'নয়' প-র-সা। ৪। 'হয়' প-র-সা।

তথা রাগ[১]।

কলি-কবলিত কলুষ-জারত[১]
দেখিয়া জীবের দুখ।
করল উদয় হইয়া সদয়
ছাড়িয়া গোকুল-সুখ ॥
দেখ গৌর গুণের সীমা।
দীন হীন পাইয়া দিছেন যাচিয়া
বিরিঞ্চি-বাঞ্ছিত প্রেমা ॥ ধ্রু ॥
অকিঞ্চন-বেশে ফিরে দেশে দেশে
সঙ্গে লৈয়া নিজ জন।
করিয়া সন্ন্যাস হৈলা আন-বেশ
কে বুঝে তাহার মন ॥
পতিত-পাবন বলে সব জন
এ সব করুণা লাগি।
শোকের সাগর এ রায় শেখর
ও রাঙ্গা চরণ মাগি ॥৪৩॥২২৬০॥

পাঠান্তর

১। এই পদটি ২১৯৭ সংখ্যক পদরূপে ৪র্থ শাখার ২০শ পল্লবে উদ্ধৃত হইয়াছে: পাঠান্তর ইত্যাদি সেখানে দ্রষ্টব্য।

তত্র নিত্যানন্দচন্দ্রস্য গৌড়ে প্রেরণং যথা।

বরাড়ী[১]।

প্রভু কহে নিত্যানন্দ সব জীব হৈল অন্ধ
কেহো ত না পাইল হরি-নাম।
এক নিবেদন তোরে নয়ানে দেখিবে যারে
কৃপা করি লওয়াইবে[২] নাম ॥
কৃতপাপী দুরাচার নিন্দুক পাষণ্ড[৩] আর
কেহো যেন বঞ্চিত না হয়।
শমন বলিয়া ভয় জীবে যেন নাহি হয়
সুখে যেন হরি-নাম লয় ॥
কুমতি তার্কিক জন পড়ুয়া অধমগণ
জন্মে জন্মে ভকতি-বিমুখ।
কৃষ্ণ-প্রেম দান করি বালক পুরুষ নারী
খণ্ডাইহ সবাকার দুখ ॥
সংকীর্ত্তন প্রেম-রসে ভাসাইহ[৪] গৌড় দেশে
পূর্ণ কর[৫] সভাকার আশ।
হেন কৃপা-অবতারে উদ্ধার নহিল যারে
কি করিবে বলরাম দাস ॥৪৪॥২২৬১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৬৬ সংখ্যক পদ। ২। 'দিহ' খ। ৩। 'পাষণ্ডি' ঘ ৪। 'ভাসাইল' ক। ৫। 'কয়া' খ।

তথা রাগ[১]।

বিরলে নিতাই পাঞা হাতে ধরি বসাইয়া[২]
মধুর কথা কহে ধীরে ধীরে।
জীবেরে সদয় হইয়া হরি-নাম লওয়াও গিয়া
যাও নিতাই সুরধুনী-তীরে[৩] ॥৪৫॥২২৬২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৬৭ সংখ্যক পদ। ২। 'কোলে লইয়া' ঘ। ৩। পরবর্তী পদটী প-র-সা পুথিতে এই পদের শেষাংশরূপে লিখিত ও গণিত হইয়াছে এবং তাহাই সঙ্গত বোধ হয়, কিন্তু ক, খ, ঘ, চ, পুথিগুলিতে ইহা স্বতন্ত্র পদ-রূপে লিখিত ও গণিত হওয়ায় এখানে অগত্যা সেইরূপই করা হইল।

মঙ্গল রাগ।

চৈতন্য-আদেশ পাইয়া নিতাই বিদায় হৈয়া
আইলেন শ্রীগৌড়-মণ্ডলে।
সঙ্গে ভাই অভিরাম গৌরীদাস গুণধাম
কীর্ত্তন-বিহার কুতূহলে ॥
রামাই সুন্দরানন্দ বাসু আদি ভক্তবৃন্দ
সতত কীর্ত্তন-রসে ভোলা।
পানিহাটি গ্রামে আসি গঙ্গাতীরে পরকাশি
রাঘব পণ্ডিত সহ মেলা ॥
সকল ভকত লৈয়া গৌর-প্রেমে মত্ত হৈয়া
বিহরয়ে নিত্যানন্দ রায়।
পতিত-দুর্গতি দেখি হইয়া করুণা-আঁখি
প্রেম-রত্ন জগতে বিলায় ॥
হরি-নাম চিন্তামণি দিয়া জীবে কৈল ধনী
পাপ তাপ দুঃখ দূরে গেল।
পড়িয়া বিষয়-ফাঁদে না ভজি নিতাইচাঁদে
প্রেমদাস বঞ্চিত হইল ॥৪৬॥২২৬৩॥

সুহই[১]।

নদীয়া নগরে গেলা নিত্যানন্দ রায়।
দণ্ডবৎ হৈয়া পড়ে শচী মাতার পায় ॥
তারে কোলে করি শচী কান্দয়ে করুণে।
নয়ানের জলে ভিজে অঙ্গের বসনে ॥
ফুকরি ফুকরি কান্দে কাতর হিয়ায়।
গৌরাঙ্গের কথা কহি প্রবোধয়ে তায় ॥
নিত্যানন্দ বলে মাতা থির কর মন।
কুশলে আছয়ে সুখে তোমার নন্দন ॥
তোমারে দেখিতে মোরে পাঠাইয়া দিল।
তোর পদযুগে কত প্রণতি করিল ॥
কানুদাস কহে মাতা কহি তোর ঠাঞি।
তোমার প্রেমে বান্ধা আছে গৌরাঙ্গ গোসাঞি ॥
॥৪৭॥২২৬৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৬৮ সংখ্যক পদ।

মল্লার[১]।

কহ কহ অবধৌত নিমাঞি কেমন আছে।
ক্ষুধার সময় জননী বলিয়া
তোরে কখন কি[২] পুছে[৩] ॥
যে অঙ্গ কোমল সুনীর পুতল
আতপে মিলায় যে।
যতির নিয়মে নানা দেশে গ্রামে
কেমনে ভ্রময়ে সে ॥
এক তিল বারে না দেখি মরিতাম
বাড়ীর বাহির দূরে ॥

সে কেমনে মোরে ছাড়িয়া আছয়ে
কোথা নীলাচল-পুরে ॥
মুঞি অভাগিনী আছি একাকিনী
জীবণে মরণ পারা।
কোথা বা যাইব কারে কি কহিব
প্রেমদাস জ্ঞান-হারা ॥৪৮॥২২৬৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৬৯ সংখ্যক পদ। ২। 'তোরে' ইত্যাদি স্থলে 'তোমারে কখন কিছু' ক, খ, চ; 'তোমারে যখনে' প-র-সা। ৩। 'যাচে' খ। ৪। 'এখন' ক, খ, ঘ, চ।

তথা রাগ[১]।

জননীরে প্রবোধ বচন কহি পুন।
নিত্যানন্দ করে তার চরণ বন্দন ॥
শ্রীবাসাদি সহচরে মিলিলা নিতাই।
গৌরাঙ্গের কথা শুনি আকুল সভাই ॥
মুরারি মুকুন্দ দত্ত পণ্ডিত রামাই।
একে একে সভা সনে মিলিলা নিতাই ॥
সকল ভকত মেলি নিতাই লইয়া।
গোরা-গুণ-কথা[২] শুনি থির করে হিয়া ॥
প্রেমদাস বলে মুঞি কি বলিতে[৩] জানি।
গলায় গাঁথিয়া লই নিতাই-চরণ[৪] খানি[৫] ॥
॥৪৯॥২২৬৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৭০ সংখ্যক পদ। ২। 'গাথা' ক, চ। ৩। 'কহিতে' প-র-সা ৪। 'পদ' প-র-সা। ৫। 'দুখানি' ঘ।

তথা রাগ[১]।

ভাবে দর-দর[২] বুক গৌরাঙ্গের চাঁদ-মুখ
ভাবিতে শুইলা শচী মায়।
কনক কষিল জনু গৌরসুন্দর-তনু
আচম্বিতে দরশন পায় ॥
মায়েরে দেখিয়া গোরা অরুণ নয়ানে ধারা
চরণের ধূলি নিল শিরে।
সচকিতে উঠি মায় ধাই[৩] কোলে করে তায়
ঝরঝর নয়ানের নীরে ॥
দুহুঁ-প্রেমে দুহুঁ কান্দে দুহুঁ থির নাহি বান্ধে
কহে মাতা গদগদ ভাষে।
আন্ধল করিয়া মোরে ছাড়ি গেলা দেশান্তরে
প্রাণ-হীন তোমার হাত্যাশে[৪] ॥
যে হউ সে হউ বাছা আর না যাইহ কোথা
ঘরে বসি করহ কীর্ত্তন।
শ্রীবাসাদি সহচর পরম বৈষ্ণব-বর
কি ধরম সন্ন্যাস-করণ ॥
এতেক কহিতে কথা জাগিলেন শচী মাতা
আর নাহি দেখিবারে পায়।
ফুকরি কান্দিয়া উঠে ধারা বহে দুহুঁ দিঠে
প্রেমদাস মরিয়া না যায় ॥৫০॥২২৬৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৭১ সংখ্যক পদ। ২। 'গদ গদ' ক। ৩। 'ধাঞা' ক; 'ধাইয়া' চ। ৪। 'হুতাশে' ক; 'হাতাষে' প-র-সা।

তথা রাগ[১]।

বিরহ-বিকল মায় সোয়াথ নাহিক পায়
নিশি-অবসানে নাহি ঘুমে।
ঘরেত রহিতে নারি আসি শ্রীবাসের বাড়ী
আঁচল পাতিয়া শুইলা ভূমে ॥
গৌরাঙ্গ জাগয়ে মনে নিদ্রা নাহি সব জনে
মালিনী বাহির হৈয়া ঘরে।
সচকিতে আসি কাছে দেখি শচী পড়ি[২] আছে
অমনি কাঁদিয়া হাতে ধরে ॥

উথলি[৩] হিয়ার দুখ মালিনীর ফাটে বুক
ফুকরি কান্দয়ে উভরায়।
দুহুঁ দোহাঁ ধরি গলে পড়িল ধরণী-তলে
তখনে শুনিয়া সভে ধায়॥
দেখিয়া দোঁহার দুখ সভার বিদরে বুক
কত মতে প্রবোধ করিয়া।
থির করি বসাইল মনে দুখ উপজিল
প্রেমদাস যাউক মরিয়া॥৫১॥২২৬৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৭২ সংখ্যক পদ। ২। 'পড়িয়াছে' ক, খ, চ ; প-র-সা। ৩। 'উথলিল' ক, খ, চ ; প-র-সা।

তথা রাগ[১]।

স্বপনে গিয়াছিলুঁ ক্ষীরোদ-সায়রে
তথা না পাইলুঁ গুণ-নিধি॥
পাতিয়া হাট খানি বেসাইতে[২] না দিলে
বিবাদে লাগিল বিধি॥
কোথা হৈতে আইল কেশব ভারতী
ধরিয়া সন্ন্যাসি-বেশ।
পড়ায়্যা শুনায়্যা পণ্ডিত করিলুঁ
কেবা লৈয়া গেল দূরদেশ॥
শচী মায় ডাকে নিমাই আয় রে॥ধ্রু॥
॥৫২॥২২৬৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৭৩ সংখ্যক পদ। ২। 'বসাইতে' ক; প-র-সা; বৈসাইতে ঘ, চ। ৩। 'শচী' ইত্যাদির স্থলে প-র-সা পুথির পাঠ, যথা—
'শচী মায় ডাকে নিমাই আয় রে আয়।
ভারতীর সনে কি মন্ত্রণা করি
মায়েরে বধিয়া যায়। ধ্রু।

বিভাষ[১]।

আজিকার স্বপনের কথা শুন গো মালিনী সই
নিমাঞি আসিয়াছিল ঘরে।
আঙ্গিনাতে দাঁড়াইয়া গৃহ পানে চাইয়া চাইয়া
মা বলিয়া ডাকিল সে মোরে॥
ঘরেতে শুতিয়াছিলাম অচেতনে বারাইলাম[২]
নিমাঞির গলার সাঁড়া পাইয়া।
আমার চরণ-ধূলি নিল নিমাই শিরে তুলি
পুন কান্দে গলায় ধরিয়া॥
তোমার প্রেমের বশে ফিরি আমি দেশে দেশে
রহিতে নারিলাম নীলাচলে।
তোমাকে দেখিবার তরে[৩] আইলাম নদীয়াপুরে
কান্দিতে কান্দিতে ইহা বলে॥
আইস মোর বাছা বলি হিয়ার মাঝারে[৪] তুলি
হেন কালে নিদ্রা-ভঙ্গ হৈল।
পুন না দেখিয়া তারে পরাণ কেমন করে
কান্দিয়া রজনী পোহাইল॥
সেই হৈতে প্রাণ কান্দে হিয়া থির নাহি বান্ধে
কি করিব কহ না উপায়।
বাসুদেব ঘোষে কয় গৌরাঙ্গ তোমার হয়
নহিলে কি সদা দেখ তায়॥৫৩॥২২৭০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৭৪ সংখ্যক পদ। ২। 'বাহির হইলাম' ক, খ, চ; প-র-সা। ৩। 'দেখিবার তরে' স্থলে 'দেখিবারে' খ; 'সে দেখিবারে' প-র-সা। ৪। 'উপরে' প-র-সা।

তথা রাগ[১]।

সকল ভকতগণ শচী মায়ে দেখি।
সকরুণ হৈয়া কয় ছলছল আঁখি॥
থির কর প্রাণ তুমি দেখিবে তাহারে।
নিত্যানন্দে পাঠাইল তোমা দেখিবারে॥

আমরা যাইব সভে নীলাচল-পুরী।
গঙ্গা-স্নান বলিয়া আনিব সঙ্গে করি ॥
ঐছন বচন কহি প্রবোধ করিলা।
সভে মেলি থির করি ঘরে বসাইলা ॥
প্রেমদাস কহে হেন নদীয়ার পিরীতি।
কি করি ছাড়িল গৌর না বুঝি কি রীতি ॥
॥৫৪॥২২৭১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ২৩৭৪ সংখ্যক পদ।

সুহই[১]।

যে দিন হইতে গোরা ছাড়িল নদীয়া।
তব ধরি[২] আহার ছাড়িল বিষ্ণুপ্রিয়া ॥
দিবা নিশি পিয়ে গোরা-নাম-সুধাখানি।
কভু শচীর অবশেষে রাখয়ে পরাণি ॥
বদন তুলিয়া কার মুখ নাহি দেখে।
দুই এক সহচরী কভু কাছে থাকে ॥
হেন মতে নিবসয়ে প্রভুর ঘরণী।
গৌরাঙ্গ-বিরহে কান্দে দিবস রজনী ॥
প্রবোধ করয়ে কেহো কহি তার কথা ॥
প্রেমদাস হৃদয়ে রহিয়া গেল বেথা ॥
॥৫৫॥২২৭২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৭৬ সংখ্যক পদ।
২। 'তদবধি' ক।

পাহিড়া[১]।

সন্ন্যাসী হইয়া গেলা পুন যদি বাহুড়িলা
নাহি আইলা নদীয়া নগরে।
হৃদয়ে হৃদয়ে ধরি নিজ পর এক করি
চাঁদ-মুখ[২] দেখিবার তরে ॥

হরি হরি গৌরাঙ্গ এমন কেনে হৈলা।
সভারে সদয় হৈয়া মুঞি নারীরে বঞ্চিয়া
এ শোক-সাগরে ভাসাইলা ॥ ধ্রু ॥
এ নব যৌবন-কালে মুড়াইয়া চাঁচর চুলে
না জানি সাধিলা কোন সিধি।
কি ছার পরাণ[৩] যে[৪] পশুবত[৫] পণ্ডিত সে[৬]
গৌরাঙ্গ-সন্ন্যাসে দিল বিধি ॥
অক্রুর আছিল ভাল রাজ-বলে[৭] লৈয়া গেল
রাখিল সে মথুরা-নগরী[৮]।
নিতি লোক আইসে যায় তাহাতে সম্বাদ পায়
ভারতী করিল দেশান্তরী[৯] ॥
এত বলি বিষ্ণুপ্রিয়া মরমে বেদনা পাইয়া
ধরণীরে মাগুয়ে বিদার[১০]।
বাসুদেব ঘোষে কয় মো সম[১১] পামর নয়
তমু হিয়া বিদরে আমার[১২] ॥৫৬॥২২৭৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৭৭ সংখ্যক পদ। ২। 'তার মুখ' ঘ, চ। ৩। 'পুরাণ' ক, খ, চ; প-র-সা। ৪। 'সে' ক, খ, চ; প-র-সা। ৫। 'পশুবৎ' ক, খ, চ; 'পশুপত' প-র-সা। ৬। 'যে' ক, খ; প-র-সা। ৭। 'বোলে' ক, খ। ৮। 'নগরে' ঘ। ৯। 'দেশান্তরে' ঘ। ১০। 'বিদায়' প-র-সা। ১১। 'সমান' ক, চ। ১২। 'আমায়' প-র-সা।

ধানশী[১]।

গৌর-গরবে হাম জনম গোঁয়ায়লুঁ
অব কাহে নিরদয় ভেল।
পরিজন-বচনহি গরলে গরাসল
গেহ গহন[২] সম কেল ॥
সজনী অব দিন বিফলহি ভেল।
সোঙরিতে সো দুখ হৃদয় বিদারত
পাঁজরে বজরক শেল ॥ধ্রু॥

উঠি বসি করি কত খিতি মাহা লুঠব[3]
পবন অনল দহ অঙ্গ।
কি করব কা দেই সম্বাদ পঠাওব
মীলব কিয়ে তছু সঙ্গ॥
বেথিত বেদনি-জন বোধায়ত অনুখণ
ধৈরজ কর হিয়া মাঝ।
নিরবধি সো গুণ করি অবলম্বন
সাধহ আপনক কাজ॥৫৭॥২২৭৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৭৮ সংখ্যক পদ। ২। 'দহন' ক। ৩। 'লুঠত' ক; 'লুঠব' খ, চ; প-র-সা।

তথা রাগ[১]।

জনমহি গৌরক গরবে গোঙায়লু
সো কিয়ে এত দুখ সহই।
উর বিনু শেজ পরশ নহি জানত
সো তনু অব মহি লুঠই॥
বদন-মণ্ডল চাঁদ ঝলমল
সো অতি অপরূপ শোহে।
রাহু-ভয়ে শশি ভূমে পড়ল খসি
ঐছন উপজল মোহে॥
পদ-অঙ্গুলি দেই খিতি পর লেখই[২]
যৈছন বাউরি পারা।
ঘন ঘন নয়নে নিঝরে বারি ঝরু
যৈছন[৩] শাঙন-ধারা॥
খেণে মুখ গোই পাণি অবলম্বই
ঘন ঘন বহয়ে নিশাস।
সোই গৌরহরি পুনহি মিলায়ব
নিয়ড়হি মাধব দাস॥৫৮॥২২৭৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৭৯ সংখ্যক পদ। ২। 'লিখই' ক। ৩। 'ঐছন' ক, খ, চ, প-র-সা।

তথা রাগ[১]।

তছু দুখে দুখী এক প্রিয়-সখী
গৌর-বিরহে ভোরা।
সহিতে নারিয়া চলিল ধাইয়া
যেমত বাউরী পারা॥
নদীয়া নগরে সুরধুনী-তীরে
যেখানে বসিতা পহু।
তাহাই যাইয়া গদগদ হৈয়া
কি কহয়ে লহু লহু॥
সে সব প্রলাপ- বচন শুনিতে
পাষাণ মিলাঞা যায়।
নীলাচল-পুরে ঐছন[২] গৌরে
যাইয়া দেখিতে পায়॥
আঁখি ঝরঝর হিয়া গরগর
কহয়ে কান্দিয়া[৩] কথা।
মাধব ঘোষের হিয়া বেয়াকুল
শুনিতে মরমে বেথা॥৫৯॥২২৭৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৮০ সংখ্যক পদ। ২। 'যৈছন' ক, খ, ঘ, চ। ৩। 'কালিয়া' ঘ।

পাহিড়া[১]।

অবলা সে বিষ্ণুপ্রিয়া তুয়া গুণ সোঙরিয়া
মুরছি পড়ল খিতি-তলে।
চৌদিগে সখীগণ হেরি করে রোদন
তুলা ধরি নাসার উপরে॥
তুয়া বিরহানলে অন্তর জরজর
দেহ ছাড়া হইল[২] পরাণি।

নদীয়া-নিবাসী যত তারা ভেল মুরছিত
না দেখিয়া তুয়া মুখখানি ॥
শচী বৃদ্ধ[৪] আধ-মরা দেহে প্রাণ নাহি তারা
তার প্রতি নাহি তোর দয়া ।
নদীয়ার সঙ্গিগণ কেমনে ধরিবে প্রাণ
কেমনে ছাড়িলা তার মায়া ॥
যত সহচর তোর সভাই বিরহে ভোর
শ্বাস রহে[৫] দরশন[৬] আশে ।
হেদে হে রসিকবর চলহ নদীয়া-পুর
কহে দীন মাধব[৭] ঘোষে ॥৬০॥২২৭৭॥
"কি করিলা গোরাচাঁদ নদীয়া ছাড়িয়া"
ইত্যাদি পূর্ব্বোক্তং ।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৮১ সংখ্যক পদ। ২। 'ধরে' প-র-সা। ৩। 'ছাড়া হইল' স্থলে 'ছাড়াইল সে' প-র-সা। ৪। 'শচী বৃদ্ধ' স্থলে 'শচীর বে' প-র-সা। ৫। 'বহে' প-র-সা। ৬। 'পরশন' ঘ। ৭। 'এ মাধব' প-র-সা।

শ্রীরাগ[১]।

গৌরাঙ্গ বাট করি চলহ নদীয়া ।
প্রাণ-হীন হইল অবলা বিষ্ণুপ্রিয়া ॥
তোমার চরিত যত পুরব-পিরীত ।
সোঙরি সোঙরি এবে ভেল মুরুছিত ॥
সে হেন নদীয়াপুর সে সব সঙ্গিয়া ।
ধূলায় পড়িয়া কান্দে তোমা না দেখিয়া ॥
কহয়ে মাধব ঘোষ শুন গৌরহরি ।
তিলেক বিলম্বে আমি আগে যাব মরি ॥
॥৬১॥২২৭৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৮২ সংখ্যক পদ।

অথ ভক্তগণস্য উৎকণ্ঠা যথা ।

সুহই[১]।

কত দিনে হেরব[২] গোরাচাঁদের মুখ ।
কবে মোর মনের মিটব[৩] সব দুখ ॥
কত দিনে গোরা পহু করবহি কোর[৪] ।
কত দিনে সদয় হইবে বিধি মোর[৫] ॥
কত দিনে শ্রবণের হবে[৬] শুভ দিন ।
চাঁদ-মুখের বচন শুনিব নিশিদিন ॥
বাসুঘোষ কহে[৭] গোরা[৮]-গুণ সোঙরিয়া ।
ঝুরয়ে নদীয়ার লোক[৯] গোরা না দেখিয়া ॥
॥৬২॥২২৭৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৮৩ ও প-র পুথির ৪১১১ সংখ্যক পদ। ২। 'দেখিব' প-র। ৩। 'কবে' ইত্যাদি স্থলে 'গোরামুখ দরশে টুটব' প-র। ৪। 'কোরে' প-র-সা ; প-র। ৫। 'মোরে' প-র-সা ; প-র। ৬। 'শ্রবণে হইবে' ক, খ, ঘ, চ ; প-র-সা। ৭। 'গায়' প-র। ৮। 'পহু' প-র। ৯। 'ঝুরয়ে' ইত্যাদি স্থলে 'কেমনে রহিবে প্রাণ' খ ; 'ঝুরিয়া মরয়ে আঁখি' প-র।

তথা রাগ[১]।

গোরা-গুণে প্রাণ কান্দে কি বুদ্ধি করিব ।
গৌরাঙ্গ গুণের[২] নিধি কোথা গেলে পাব ॥
কে আর করিবে দয়া পতিত দেখিয়া ।
দুর্লভ হরির নাম কে দিবে যাচিয়া ॥
অকিঞ্চন দেখি কেবা[৩] উঠিবে কান্দিয়া ।
গোরা বিনু শূন্য হৈল[৪] সকল[৫] নদীয়া ॥
বাসুদেব ঘোষ কান্দে গুণ[৬] সোঙরিয়া ।
কেমনে রহিবে[৭] প্রাণ গোরা না দেখিয়া ॥
॥৬৩॥২২৮০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ১০৪১। ২৩৮৪ সংখ্যক পদ। এই পদটি খ পুথিতে নাই। ২। 'দয়ার' ঘ, চ। ৩। 'দেখি কেবা' স্থলে 'জনে দেখি' প-র-সা। ৪। 'ভেল' প-র-সা। ৫। 'নগর' প-র-সা। ৬। 'গোরার গুণ' প-র-সা। ৭। 'বাচিবে' প-র-সা।

শ্রীরাগ[১]।

কান্দয়ে নিন্দুক সব করে হায় হায়।
এই বার নদীয়া আইলে ধরিব তার পায়॥
না জানি মহিমা-গুণ কহিয়াছি কত।
এইবার নাগালি পাইলে[২] হব অনুগত॥
দেশে দেশে কত জীব তরাইল শুনি।
চরণে ধরিলে দয়া করিবে আপনি॥
না বুঝিয়া কহিয়াছি কত কুবচন।
এইবার পাইলে তার লইব শরণ॥
গৌরাঙ্গের সঙ্গে যত পারিষদগণ।
তারা সব শুনিয়াছি[৩] পতিত-পাবন॥
নিন্দুক পাষণ্ডী যত[৪] পাইল প্রকাশ।
কান্দিতে কান্দিতে কহে বৃন্দাবন দাস॥
॥৬৪॥২২৮১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৮৫ সংখ্যক পদ। ২। 'নাগালি পাইলে' স্থলে 'নদিয়া আইলে' ঘ। ৩। 'তারা' ইত্যাদি স্থলে 'শুনিয়াছি তারা বড়' ঘ। ৪। 'কান্দি' ঘ।

শ্রীরাগ[১]।

গৌরাঙ্গ-বিরহে সভে বিভোর হইয়া।
সকল ভকতগণ একত্র মিলিয়া[২]॥
নিত্যানন্দ প্রভু সনে যুগতি করিল।
অদ্বৈত আচার্য্য পাশে সভাই চলিল॥
গৌরাঙ্গ দেখিতে সভে নীলাচলে যাব।
দেখিয়া সে চাঁদ-মুখ হিয়া জুড়াইব॥
শ্রীনিবাস হরিদাস মুরারি মুকুন্দ।
বাসুদেব নরহরি সেন শিবানন্দ॥
সকল ভকত মেলি যায় নীলাচল।
প্রেমদাস কহে সব হইবে সফল[৩]॥
॥৬৫॥২২৮২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৮৬ সংখ্যক পদ। ২। 'হইয়া' ক, খ, চ; প-র-সা। ৩। 'হইবে সফল' স্থলে 'হইল বিকল' প-র-সা।

ধানশী[১]।

শচী মাতার আজ্ঞা লঞা সকল ভকত ধাঞা
চলিলেন নীলাচল-পুরে।
শ্রীনিবাস হরিদাস অদ্বৈত আচার্য্য পাশ
মিলিয়া[২] সকল সহচরে॥
অদ্বৈত নিতাই সঙ্গে মিলিয়া কৌতুক-রঙ্গে
নীলাচল-পথে চলি যায়।
অতি উৎকণ্ঠিত[৩]-মনে দেখিতে গৌরাঙ্গ-চাঁদে
অনুরাগে আকুল-হিয়ায়॥
পথে দেবালয়গণ করি কত দরশন
উত্তরিলা আঠারনালাতে।
সকল ভকত সাথে কীর্ত্তন করিয়া[৪] পথে
যায় সভে গৌরাঙ্গ দেখিতে॥
কীর্ত্তনের মহা রোল ঘন ঘন হরিবোল
অদ্বৈত নিতাই মাঝে নাচে।
গগনে উঠিল ধ্বনি নীলাচল-বাসী শুনি
দেখিবারে ধায় আগে পাছে॥
শুনিয়া গৌরাঙ্গ-হরি স্বরূপাদি সঙ্গে করি
পথে আসি দিলা দরশন।
মিলিলা সভার সঙ্গে প্রেমে পরিপূর্ণ অঙ্গে
প্রেমদাসের আনন্দিত মন॥৬৬॥২২৮৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৮৭ সংখ্যক পদ। ২। 'মিলিলা' ক। ৩। 'উৎকণ্ঠা' খ, চ। ৪। 'করিলা' ক, খ, চ; প-র-সা।

শ্রীরাগ[১]।

অদ্বৈত নিতাই সনে প্রভুর মিলন।
দোহেঁ কান্দে ধরি মহাপ্রভুর চরণ ॥
কান্দে মহাপ্রভু দুই প্রভু করি কোলে
ভাসিল সকল অঙ্গ নয়নের জলে ॥
শ্রীবাসেরে কোলে করি কান্দেন গৌরাঙ্গ ॥
প্রেম-জলে ভাসি গেল শ্রীবাসের অঙ্গ ॥
মুরারি[২] মুকুন্দ হরিদাস দামোদর।
একে একে মিলিলা সকল সহচর ॥
সভারে লইয়া জগন্নাথ দেখাইল।
গৌরাঙ্গ নিকটে সব মহান্ত রহিল ॥
প্রেম-দানে পূরিল সভার অভিলাষ।
বঞ্চিত হইল সবে একা প্রেমদাস ॥
॥৬৭॥২২৮৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৮৮ সংখ্যক পদ। ২। 'মুকুন্দ মুরারি' ক।

তথা রাগ[১]।

জয় শচীনন্দন[২] জগ-জীবন সার।
জীবনে মরণে গোরা ঠাকুর আমার ॥ধ্রু॥
আসিয়া গোলোক-নাথ পারিষদগণ সাথ
নবদ্বীপে অবতীর্ণ হৈয়া।
স্থাপিয়া যুগের কর্ম্ম নিজ-সংকীর্ত্তন ধর্ম্ম
বুঝাইলা নাচিয়া গাইয়া ॥
ধরি রূপ হেম-গৌর পরিলা কৌপীন ডোর
অরুণ-কিরণ বহির্ব্বাস।
করে কমণ্ডলু দণ্ড ধরিলা গৌরাঙ্গচন্দ্র
ছাড়ি বিষ্ণুপ্রিয়া-অভিলাষ ॥
অখিলের গুরু হরি ভারতীরে গুরু করি
মন্ত্র দিয়া করিলা গ্রহণ।
নিন্দুক পাষণ্ড ছিল বহু নিন্দা পূর্ব্বে কৈল
ভজিল বলিয়া নারায়ণ ॥
যাইয়া উৎকল-দেশে নাম কৈল উপদেশে
ষড়-ভুজ দেখাঞা প্রকাশ।
অনন্ত আচার্য্যে কয় সঙ্গে সব মহাশয়
লৈয়া[৩] কৈল নীলাচলে বাস ॥
॥৬৮॥২২৮৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৮৯ সংখ্যক পদ। ২। 'জয়' ইত্যাদি স্থলে 'শচীর নন্দন' ক, খ; 'জয় শচীনন্দন গোরা' প-র-সা। ৩। 'লীলা' প-র-সা।

কামোদ[১]।

দেখ দেখ অপরুপ গৌর-চরিত।
সো গোকুল-পতি অব পরকাশল
পুন কিয়ে বামন-রীত ॥ধ্রু॥
নিরখি প্রতাপ প্রতাপরুদ্র বলি
তনু মন সরবস দেল।
জগাই মাধাই আদি অসুরগণ
চরণ প্রবণ[২] নিজ কেল ॥
যছু পদ[৩] সহ অদ্বৈত-ভগীরথ
ভকতি[৪]-গঙ্গ-পরবাহ।
নিত্যানন্দ গিরিশ, দেই আনল
বাম[৫]-হিমাচল মাহ ॥
যছু অবগাহনে অখিল ভকতগণে
বিলসই প্রেম-আনন্দ।
পামর পতিত পরম পদ[৬] পায়ল
বঞ্চিত বলরাম মন্দ ॥৬৯॥২২৮৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৯০ সংখ্যক পদ। ২। 'প্রবলে' ক; 'প্রবণে' খ, ঘ, চ। ৩। 'পথ' ক, খ। ৪। 'ভকত' খ; প-র-সা। ৫। 'নিত্যানন্দ' ইত্যাদি স্থলে 'নিত্যানন্দ গীস' প-র-সা। ৬। 'রাম' চ; প-র-সা। ৭। 'দয়া' ক, খ।

তথা রাগ[১]।

শ্রীকৃষ্ণচৈতন্য গোরা শচীর দুলাল।
এই সে পুরবে ছিল গোকুলের গোপাল ॥
কেহ কহে জানকী-বল্লভ[২] ছিল রাম।
কেহ বলে নন্দলাল নব-ঘন-শ্যাম ॥
পুরবে কালিয়া ছিল গোপী-প্রেমে ভোরা।
ভাবিয়া রাধার বরণ এবে হৈল গোরা ॥
ছলছল অরুণ নয়ান অনুরাগী।
না পাইয়া ভাবের ওর হইল বৈরাগী ॥
সন্ন্যাসী বৈরাগী হৈয়া ভ্রমিলা দেশে দেশে।
তমু না পাইল রাধা-প্রেমের[৩] উদ্দেশে ॥
গোবিন্দ দাসিয়া কয় কিশোরী কিশোরা।
স্বরূপ রামের[৪] সনে সেই রসে ভোরা ॥
॥৭০॥২২৮৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৯১ সংখ্যক পদ। ২। 'জানকীর পতি' প-র-সা। ৩। 'ভাবের' প-র-সা। ৪। 'রায়ের' প-র-সা।

বরাড়ী[১]।

অনুপাম গোরা-অবতার।
নবধা ভকতি-রস বিস্তারিলা সব দেশ
না করিলা জাতির বিচার ॥ ধ্রু ॥
এমন ঠাকুর ভজ দূর কর সব কাজ
ছাড় সব মিছা অভিলাষ।
চৈতন্যচাঁদের গুণে আলো কৈল ত্রিভুবনে
অনায়াসে হৈল পরকাশ ॥
চৈতন্য-কলপতরু অখিল-জীবের গুরু
গোলোক-বৈভব সব সঙ্গে।
জীবেরে মলিন দেখি হৈয়া সকরুণ-আঁখি
হরি-নাম বিলাইল রঙ্গে ॥
যজ্ঞ জপ ধ্যান পূজা অন্য যুগে যত প্রজা
সাধিলেক অতি বড় দুখে।
এই যে কলি-যুগ-নরে যত পাপ তাই করে
নাম লৈয়া তরি গেল সুখে ॥
করুণা-বিগ্রহ সার তুলনা কি দিব আর[২]
পতিতের পূরাইল আশ।
কিছু না বুঝিয়া চিতে কান্দিয়া কান্দিয়া[৩] পথে
গুণ গায় নরহরি দাস ॥ ৭১॥২২৮৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৯২ সংখ্যক পদ। ২। 'তার' প-র-সা। ৩। 'কান্দিতে কান্দিতে' প-র-সা।

প্রকারান্তরং যথা।

মায়ুর[১]।

নাচে পহু কলধৌত[২]-গোরা।
অবিরত পূর্ণ-কল মুখ-বিধু মণ্ডল
নিরবধি প্রেম-রসে ভোরা ॥ধ্রু॥
অরুণ-কমল-পাখী জিনি রাঙ্গা দুটি আঁখি
ভ্রমরযুগল দুটি তারা।
সোণার ভূধরে যৈছে সুর-নদী বহে ঐছে
বুক বাহি পড়ে প্রেম-ধারা ॥
কেশরীর কটি জিনি তাহাতে কৌপীন খিনি[৩]
অরুণ বরণ[৪] বহির্ব্বাস।
গলায় দোনার[৫] মালা ভূষণ করিল[৬] আলা
নাসা তিল-কুসুম বিকাশ ॥

কনক-মৃণাল-যুগ সুবলিত দুটি ভুজ
কর-যুগ কঞ্জের বিলাস।
রাতা-উতপল-ফুল পদ নহে সমতুল
পরশনে মহীর উল্লাস॥
আপাদ মস্তক গায় পুলকে পূরিত তায়
যৈছে নীপ-ফুল অতি শোভা।
প্রভাতে[৭] কদলী জনু সঘনে কম্পিত তনু
মাধব ঘোষের মনলোভা ॥৭২॥২২৮৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৯৩ সংখ্যক পদ। ২। 'অবধৌত' ক, খ, চ। ৩। 'ধানি' ক, খ; 'ঝিনি' প-র-সা। ৪। 'বসন' ক, খ, চ; 'কিরণ' প-র-সা। ৫। 'দোলয়ে' প-র-সা। ৬। 'করিয়া' ক, খ, চ। ৭। 'প্রবাতে' শুদ্ধ পাঠ হইবে কি?

বসন্ত[১]।

আনন্দে নাচত সঙ্গে ভকত
গৌরকিশোর-রাজ।
ফাগু উঝালি করে ফেলাফেলি
নীলাচল-পুরী[২] মাঝ॥
শুনিয়া নাগরী প্রেমেত আগরি
ধাইয়া চলিল বাটে[৩]।
হেরিয়া গৌরে পড়িয়া ফাঁফরে
বদন চাহিয়া থাকে॥
দু বাহু তুলিয়া বেড়ায় নাচিয়া[৪]
ভকত-গণের সঙ্গ।
নীলাচল-বাসী মনে অভিলাষী
কৌতুকে দেখয়ে রঙ্গ॥
বাজে করতাল বোলে ভালি ভাল
আর বাজে তাহে খোল।
মাধবি[৫] দাস মনেতে[৬] উল্লাস
সদা বলে হরি বোল ॥৭৩॥২২৯০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৯৪ সংখ্যক পদ। ২। 'পুর' প-র-সা। ৩। 'ধাইয়া' ইত্যাদি স্থলে 'আসিয়া সকলি দেখে' প-র-সা। ৪। 'মাধবী' ক; 'মাধব' প-র-সা। ৫। 'মনে' খ।

তথা রাগ[১]।

নাচয়ে গৌরাঙ্গ পহু সহচর সঙ্গ।
শ্যাম-তনু গৌর ভেল বসন সুরঙ্গ॥
পূরবে দোহন-ভাণ্ড অনুভবি শেষে।
করঙ্গ লইলা গোরা সেই অভিলাষে॥
ছাড়ি চূড়া শিখি-পুচ্ছ[২] কৈল কেশ হীন।
পীত বসন ছাড়ি পরিলা কৌপীন ॥৭৪॥২২৯১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৯৫ সংখ্যক পদ। ২। 'পিঞ্ছ' প-র-সা।

বরাড়ী[১]।

কি কহিব শত শত তুয়া অবতার।
একলা গৌরাঙ্গচাঁদ পরাণ আমার॥
বিষ্ণু-অবতারে তুমি প্রেমের ভিখারী।
শিব শুক নারদ লইয়া জনা চারি॥
সেতু-বন্ধ কৈলা তুমি রাম-অবতারে।
এবে সে[২] তোমার যশ ঘুষিবে সংসারে॥
কলি-যুগে কীর্ত্তন করিলা সেতু-বন্ধ।
সুখে পার হউক যত[৩] পঙ্গু জড় অন্ধ॥
কিবা গুণে পুরুষ নাচে কিবা গুণে নারী।
গোরা-গুণে মাতিল ভুবন দশ চারি॥
না জানিয়ে জপ তপ এ বেদ-বিচার।
কহে বাসু গৌরাঙ্গ মোরে কর পার ॥৭৫॥২২৯২॥

পাঠান্তর

১। ইহা প-ক্ল-সা পুথির ২৩৯৬ সংখ্যক পদ। ২। 'এবে সে' স্থলে 'অবশেষ' প-ক্ল-সা। ৩। 'হউক যত' স্থলে 'হউক' ক, চ; 'হউ এবে' খ; 'হউ' ঘ।

তথা রাগ[১]।

গৌরাঙ্গ কে জানে মহিমা তোমার।
কলিযুগ উদ্ধারিতে পতিত-পাবন অবতার ॥ধ্রু॥
শ্যাম-মহোদধি কেমনে বিধাতা
মথিয়া সে কত কাল।
কত সুধা-রস তাহে নিরমিয়া
উপজল গৌরাঙ্গ রসাল ॥
ত্রিভুবনে প্রেম- বাদর হইল
গৌর-প্রেম-বরিষণে।
দীন হীন জন ও রসে মগন
নরহরি গুণ-গানে ॥৭৬॥২২৯৩॥

১। ইহা প-ক্ল-সা পুথির ২৩৯৭ সংখ্যক পদ।

ইতি চতুর্থ-শাখায়াং একবিংশ-পল্লবঃ।

অথ নিত্যানন্দচন্দ্রস্য গুণ-বর্ণনং যথা।

ভাটিয়ারি[১]।

আরে মোর নিতাই নায়র।
সংসার-সায়র[২] জীবের জীবন
নিতাই মোর সুখের সায়র ॥ধ্রু॥
অবনী-মণ্ডলে আইলা নিতাই
ধরি অবধূত-বেশ।
পদ্মাবতী-নন্দন বসু-জাহ্নবার জীবন[৩]
চৈতন্য লীলায় বিশেষ ॥
রাম অবতারে অনুজ আছিলা
লক্ষ্মণ বলিয়া নাম।
কৃষ্ণ-অবতারে গোকুল-নগরে
জ্যেষ্ঠ ভাই বলরাম ॥
গৌর-অবতারে নদীয়া বিহরে
ধরি নিত্যানন্দ নাম।
দীন হীন যত উদ্ধারিলা কত
বঞ্চিত দাস আত্মারাম ॥১॥২২৯৪ ॥

পাঠান্তর

১। ইহা প-ক্ল-সা পুথির ২৩৯৮ সংখ্যক পদ। ২। 'সাগর' ক, খ; প-ক্ল-সা। ৩। 'জীবন ধন' ক, খ, ঘ, চ।

শ্রীরাগ[১]।

চলে নিতাই প্রেম-ভরে দিগ টলমল করে
পদ-ভরে অবনী দোলায়।
আধ আধ কথা কয় মুখের বাহির নয়
নিজ পারিষদে গুণ গায় ॥
দেখ ভাই অবনী-মণ্ডলে নিত্যানন্দ।
ভাইয়ার[২] মুখ হেরি বাড়য়ে আনন্দ ॥ধ্রু॥
পরিধান নীল ধটী শোভা করে[৩] ক্ষীণ কটি
কনক-কুণ্ডল এক কাণে।
অঙ্গ হেলি দুলি চলে গৌর গৌর সদা[৪] বলে
দিবানিশি আন নাহি জানে ॥
জিনি করিবর-শুণ্ড শ্রীভুজে কনক-দণ্ড
পাষণ্ড করিতে বিনাশ।
শ্রীকৃষ্ণচৈতন্য-চন্দ[৫] প্রভু মোর নিত্যানন্দ
গুণ গায় বৃন্দাবন দাস ॥২॥২২৯৫॥

পাঠান্তর

১। ইহা প-ক্ল-সা পুথির ২৩৯৯ সংখ্যক পদ। ২। 'ভায়ার' ক। ৩। 'শোভে হার' ক, খ; প-ক্ল-সা। ৪। 'গৌর' ক; ঘ পুথিতে শব্দটী নাই। ৫। 'শ্রীকৃষ্ণ-চৈতন্য' ঘ, চ; প-ক্ল-সা।

ধানশী[১]।

বন্দো প্রভু নিত্যানন্দ কেবল আনন্দ-কন্দ
ঝলমল অভরণ সাজে।
দুই দিগে শ্রুতি-মূলে মকর-কুণ্ডল দোলে
গলে এক কৌস্তুভ বিরাজে ॥
সুবলিত ভুজ-দণ্ড জিনি করিবর-শুণ্ড
তাহাতে শোভয়ে হেম-দণ্ড।
অরুণ অম্বর গায় সিংহের গমনে ধায়
দেখি কাঁপে অসুর পাষণ্ড ॥
অঙ্গ দেখি শুদ্ধ স্বর্ণ দুটি আঁখি রক্ত-বর্ণ
তাহাতে ঝরয়ে মকরন্দ।
সুমেরু বাহিয়া যেন গঙ্গা-ধারা বহে হেন
দেখি সুর-লোকের আনন্দ ॥
সর্ব্বাঙ্গে পুলক-ছটা যেন কদম্বের ঘটা
লম্ফে কম্প হয় বসুমতী।
বীর-দাপ মালশাটে শবদে ব্রহ্মাণ্ড ফাটে
দেখি ব্রহ্মালোকে করে স্তুতি ॥
চৈতন্যের প্রেম-রত্ন জীবেরে করিয়া[২] যত্ন
দিল পহু পরম আনন্দে।
কহে বৃন্দাবন দাসে 'আপনার কর্ম্ম-দোষে
না ভজিলুঁ[৩] নিতাই পদ-দ্বন্দে ॥৩॥২২৯৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪০০ সংখ্যক পদ। ২। 'করিল' ক, খ, চ। ৩। 'ভজিলাম' ক; প-র-সা।

সিন্ধুড়া[১]।

জয় জয় নিত্যানন্দ রোহিণী-কুমার।
পতিত উদ্ধার লাগি দুবাহু[২] পসার ॥
গদগদ মধুর মধুর আধ বোল।
যারে দেখে তারে প্রেমে ধরি দেই[৩] কোল ॥
ডগ মগ লোচন ঘুরয়ে নিরন্তর।
সোণার কমলে যেন ফিরয়ে ভ্রমর ॥
দয়ার ঠাকুর নিতাই পর-দুখ[৪] জানে।
হরি নামের মালা গাঁথি দিল জগ-জনে ॥
পাপ পাষণ্ডী যত করিল দলন[৫]।
দীন হীন জনে কৈলা প্রেম বিতরণ[৬] ॥
হাহা[৭] গৌরাঙ্গ বলি পড়ে ভূমি-তলে।
শরীর ভিজিল নিতাইর[৮] নয়নের জলে ॥
বৃন্দাবন দাস মনে এই বিচারিল।
ধরণী[৯] উপরে কিবা[১০] সুমেরু পড়িল ॥৪॥২২৯৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪০১ ও প-র পুথির ৬১২ সংখ্যক পদ। ২। 'বাহু' খ; প-র। ৩। 'দেয়' প-র। ৪। 'সুখ' প-র। ৫। 'দলনে' ক, খ, ঘ; 'দমনে' প-র। ৬। 'বিতরণে' ক, খ, ঘ। ৭। 'আহা' ক, খ, চ; প-র। ৮। 'ভিজিল রাঙ্গা' খ; পাঠান্তর —চ; 'ভাসিল সব' প-র। ৯। 'অবনি' প-র। ১০। 'যেন' প-র।

মঙ্গল[১]।

গজেন্দ্র-গমনে যায় সকরুণ-দিঠে চায়
পদ-ভরে মহী টলমল।
মত্ত-সিংহ[২] জিনি কম্পমান মেদিনী
পাষণ্ডীগণ শুনিয়া বিকল ॥
আওত অবধৌত করুণার[৩] সিন্ধু।
প্রেমে গরগর মন করে হরি-সংকীর্ত্তন
পতিত-পাবন দীন-বন্ধু ॥ধ্রু॥
হুঙ্কার করিয়া চলে অচল সচল নড়ে
প্রেমে ভাসে অমর-সমাজে।
সহচরগণ সঙ্গে বিবিধ খেলন-রঙ্গে
অলখিতে করে সব কাজে ॥

শেষ-শায়ী সঙ্কর্ষণ অবতারী নারায়ণ
যার অংশ-কলায় গণন।
কৃপা-সিন্ধু ভক্তি-দাতা জগতের হিত-কর্ত্তা
সেই রাম রোহিণী-নন্দন ॥
যার লীলা লাবণ্য-ধাম আগমে নিগমে গান
যার রূপ মদন-মোহন।
এবে অকিঞ্চন-বেশে ফিরে পহু দেশে দেশে
উদ্ধার করয়ে ত্রিভুবন ॥
ব্রজের বৈদগ্ধি-সার যত যত লীলা আর
পাইবারে যদি থাকে মন।
বলরাম দাসে কয় মনোরথ সিদ্ধি হয়
ভজ ভজ শ্রীপাদ-চরণ ॥৫॥২২৯৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪০২ সংখ্যক পদ।
২। 'সিংহ গতি' ক। ৩। 'করুণ' খ।

কল্যাণী[১]।

রূপে গুণে অনুপমা লক্ষ্মী-কোটি-মনোরমা
ব্রজ-বধূ অযুতে অযুত।
রাস-কেলি-রস-রঙ্গে বিহরে যাহার সঙ্গে
সো পহু কি লাগি অবধূত ॥
হরি হরি এ দুখ কহিব কার আগে।
সকল নাগর-গুরু রসের কলপতরু
সে বা কেন ফিরয়ে বৈরাগে ॥ ধ্রু ॥
সঙ্কর্ষণ শেষ যার অংশ কলা অবতার
অনুখণ গোলোকে বিরাজে।
কৃষ্ণের অগ্রজ নাম মহাপ্রভু বলরাম
কেন নিতাই সংকীর্ত্তন মাঝে ॥
শিব-বিহি-অগোচর আগম-নিগম-পর
কলি-যুগে শ্রীনিত্যানন্দ।
গৌর-রসে নিমগন করাইল জনে জন
দূরে রহু বলরাম মন্দ ॥৬॥২২৯৯॥

১। ইহা প-র-সা পুথির ২৪০৩ সংখ্যক পদ।

পঠমঞ্জরী[১]।

নিতাইচাঁদ দয়াময় নিতাইচাঁদ দয়াময়।
কলি-জীবে এত দয়া কভু নাহি হয় ॥
খেণে কালা খেণে গোরা খেণে অঙ্গ পীত[২]।
খেণে হাসে খেণে কান্দে না পায় সম্বিত ॥
খেণে গো গো করে গোরা বলিতে না পারে।
গোরা-রাগে রাঙ্গা আঁখি জলেই সাঁতারে ॥
আপনি ভাসিয়া জলে ভাসাওল ক্ষিতি।
এ ভবৃ-অচলে যদু রহল অবধি ॥৭॥২৩০০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৩৫ সংখ্যক পদ।
২। 'পীত' ক, খ; চ; 'সিত' ঘ।

মঙ্গল[১]।

অনুখণ অরুণ নয়ন ঘন ঘূরত[২]
ঢরকত লোর বিথার।
কিয়ে ঘন করুণ-বরুণালয় সঞ্চরু
অমিয়া বরিখে অনিবার ॥
নাচত রে নিতাই বর-চাঁদ।
সিঞ্চই প্রেম-সুধারস জগ-জনে
অদভুত নটন-সুছান্দ ॥ধ্রু॥
পদ-তল-তাল-খলিত[৩] মণি-মঞ্জির
চলতহি টলমল অঙ্গ।
মেরু-শিখর কিয়ে তনু অনুপামরে
ঝলমল ভাব[৪]-তরঙ্গ ॥
রোয়ত হসত চলত গতি-মন্থর
হরি বলি মুরছি বিভোর।
খেণে খেণে গৌর গৌর বলি ধাবই
আনন্দে গরজত[৫] ঘোর[৬] ॥

পামর পঙ্গু অধম জড় আতুর
দীন অবধি নাহি মান।
অবিরত দুর্লভ[৭] প্রেম-রতন ধন
যাচি জগতে করু দান॥
অতিচঞ্চলনোগ্র[৮] প্রেম-ধন-বিতরণে
নিখিল-তাপ দুরে গেল।
দিন হিন সবহু মনোরথ পূরল
অবলা উনমত ভেল॥
ঐছন করুণ নয়ন-অবলোকনে[৯]
কাহু না রহু দুরদিন।
বলরাম দাস কাহে ভেল বঞ্চিত
দারুণ হৃদয়-কঠিন॥৮॥২৩০১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ২৪০৫ ও প-র পুঁথির ৪।২ সংখ্যক পদ। 'কামোদ' প-র। ২। 'ঘুরত' ক, চ; প-র-সা; প-র। ৩। 'খলত' ঘ; প-র। ৪। 'ঝলমল ভাব-' স্থলে 'ঝলকত প্রেম' প-র। ৫। 'রটতহিঁ' প-র। ৬। 'থোর' ক; প-র। ৭। 'অবিরত' ইত্যাদি স্থলে 'অবিচল দুলহ' প-র। ৮। 'অবিচল লোল' প-র-সা। 'অবিচল' ইত্যাদি কলিটি প-র পুঁথিতে নাই। ৯। 'ঐছন' ইত্যাদি স্থলে 'অবিচল দুলহ প্রেমধ সম্পদে' প-র।

তথা রাগ[১]।

খঞ্জন[২]-গঞ্জন লোচন-রঞ্জন
গতি অতি ললিত সুঠান।
চলত খলত পুন পুন উঠি গরজত[৩]
চাহনি বঙ্ক নয়ান॥
গৌর গৌর বলি ঘন দেই করতালি
কঞ্জ-নয়নে বহে লোর।
প্রেমেতে অবশ হৈয়া পতিতেরে নিরখিয়া
আইস আইস বলি দেই কোর॥
হুহুঙ্কার গরজন মালশাট পুন পুন
কত কত ভাব-বিথার।
কদম্ব-কেশর জনু পুলকে পূরল তনু
ভাইয়ার ভাবে মাতোয়ার॥
আগম-নিগম-পর বেদ-বিধি-অগোচর
তাহা কৈল পতিতেরে দান।
কহে আত্মারাম দাসে না পাইলুঁ[৪] কৃপা-লেশে
রহি গেলুঁ পাষাণ সমান॥৯॥২৩০২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ২৪০৬ সংখ্যক পদ। ২। 'অঞ্জন' ক। ৩। 'গরজন' খ। ৪। 'পাইল' ক।

শ্রীগান্ধার[১]।

নিতাই করুণাময় অবতার।
দেখিয়া দীন হীন করয়ে প্রেম-দান
আগম নিগমের সার॥ ধ্রু॥
সহজে ঢল ঢল[২] সজল নিরমল
কমল জিনিয়া দিঠি-শোভা।
বদন-মণ্ডল কোটি শশধর
জিনিয়া জগ-মন-লোভা॥
অঙ্গ সুচিকণ[৩] মদন-মোহন
কণ্ঠে শোভে মণি-হার।
বচন-অমিয়া শ্রবণে দূরে গেল
পাতকীর মনের আন্ধিয়ার॥
নবীন-করি-কর[৪] জিনিয়া ভুজ-বর
তাহে শোভে হেম-দণ্ড।
হেরিয়া সব লোক পাসরে দুখ শোক
খণ্ডয়ে হৃদয় পাষণ্ড॥
নিতাই করুণায় অবনি ভাসায়ল[৫]
পূরল জগ-মন[৬]-আশ।
ও প্রেম-লবলেশ- পরশ না পাইয়া
কান্দয়ে হরিরাম দাস॥১০॥২৩০৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ২৪০৭ সংখ্যক পদ। ২। 'চর চর' ক। ৩। 'চিকণ' ক; 'সুচিকণ' চ; 'সুচিক্কণ; ঘ। ৪। 'বর' ক, খ, ঘ। ৫। 'ভাসল' ক। ৬। 'জন' খ; প-র-সা।

তথা রাগ[১]।

মরি যাই এমন নিতাই কেন না ভজিলুঁ।
হরি হরি ধিক্ আরে কুবুদ্ধি লাগিল মোরে
হাতে নিধি পাইয়া হারাইলুঁ ॥ধ্রু॥
কমল জিনিয়া আঁখি শোভা করে মুখ-শশী
করুণায় যাহা পানে চায়।
বাহু পসারিয়া বোলে আইস আইস করি কোলে
প্রেম-ধন সভারে বিলায় ॥
কাছনি[২] কটির বেশ শোভিছে চাঁচর কেশ
বান্ধে চূড়া অতি মনোহর।
নাটুয়া-ঠমকে চলে বুক বাহি পড়ে লোরে
ত্রিবিধ জীবের তাপ[৩]-হর ॥
হরি হরি বোল বোলে ডাহিনে বামে অঙ্গ দোলে
রাম-গৌরীদাসের গলা ধরি।
মধুমাখা মুখ-চাঁদ নিতাই প্রেমের-ফাঁদ
ভাব-সিন্ধু উছলে লহরী ॥
নিতাই করুণা-সিন্ধু পতিত-জনার বন্ধু
করুণায় জগত ডুবিল।
মদন-মদেতে অন্ধ বিষয়ে[৪] রহল ধন্দ
নিতাই ভজিতে না পারিল ॥১১॥২৩০৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ২৪০৮ সংখ্যক পদ। ২। 'কাচুলি' ক, ঘ। ৩। 'পাপ' ক, খ, চ; প-র-সা। ৪। 'বিশেষে' ক।

বরাড়ী[১]।

নিতাই রঙ্গিয়া মোর নিতাই রঙ্গিয়া।
পুরব-বিলাস[২] রঙ্গী সঙ্গের সঙ্গিয়া ॥
কঞ্জ-নয়নে বহে সুরধুনী-ধারা।
নাহি জানে দিবানিশি প্রেমে মাতোয়ারা ॥
চন্দনে চর্চ্চিত সব অঙ্গ উজোর।
রূপ নিরখিতে জগ-জন-মন ভোর ॥
আজানুলম্বিত ভুজ করিবর-শুণ্ড।
কনক-খচিত দণ্ড দলন-পাষণ্ড ॥
শির পর[৩] পাগড়ী বান্ধে নটপটিয়া।
কটি আটি পরিপাটী পরে নীল ধটিয়া ॥
দয়ার ঠাকুর নিতাই জগতে প্রকাশ।
শুনিয়া আনন্দে নাচে পরসাদ[৪] দাস ॥১২॥২৩০৫

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ২৪০৯ সংখ্যক পদ। ২। 'বিলাসী' খ, ঘ; প-র-সা। ৩। 'শিরোপর' ক। ৪। 'বলরাম' ঘ।

ধানশী[১]।

আরে মোর আরে মোর নিত্যানন্দ রায়।
আপে নাচে আপে গায় চৈতন্য বোলায় ॥ধ্রু॥
লম্ফে লম্ফে যায় নিতাই গৌরাঙ্গ-আবেশে।
পাপিয়া পাষণ্ড আর না রহিল দেশে।
পট্ট-বাস পরিধান মুকুতা শ্রবণে।
ঝলমল্ ঝলমল্ করে নানা আভরণে ॥
সঙ্গে রঙ্গে যায় নিতাই রামাই সুন্দর।
গৌরীদাস আদি করি সঙ্গে সহচর ॥
চৌদিগে নিতাই মোর হরি বোল বোলায়।
জ্ঞানদাস নিশি দিশি নিতাইর গুণ গায় ॥
॥১৩॥২৩০৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪১০ সংখ্যক পদ।

দেশাগ[১]।

দেখ দেখ[২] মোর নিত্যানন্দ।
ভুবন-মোহন[৩] প্রেম-আনন্দ ॥
প্রেম-দাতা মোর নিতাইচাঁদ।
জনে[৪] জনে দেই প্রেমের ফাঁদ ॥
নিতাইর বরণ কনক-চাঁপা।
বিধি দিল রূপ অঙ্গুলি-মাপা ॥
দেখিতে নিতাই সভাই ধায়।
ধরি কোলে নিতে সভারে চায় ॥
নিতাই বলে বোল গৌরহরি।
প্রেমে নাচে বাহু উর্দ্ধ করি ॥
নাচয়ে নিতাই গৌর-রসে।
বঞ্চিত এ রাধাবল্লভ দাসে ॥১৪॥২৩০৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪১১ সংখ্যক পদ। ২। 'দেখ দেখ দেখ' ক। ৩। 'মোহন রূপ' খ। ৪। 'জগ' ঘ। ৫। 'প্রেম' ক, ঘ, চ; প-র-সা।

শ্রীরাগ[১]।

নিতাই গুণমণি আমার নিতাই গুণমণি।
আনিয়া প্রেমের বন্যা ভাসাইল অবনী ॥
প্রেমের বন্যা লইয়া নিতাই আইলা গৌড় দেশে।
ডুবিল ভকতগণ দীন হীন ভাসে ॥
দীন হীন পতিত পামর নাহি বাছে।
ব্রহ্মার দুর্ল্লভ প্রেম সভাকারে যাচে ॥
আবদ্ধ করুণা-সিন্ধু[২] কাটিয়া মুহান।
ঘরে ঘরে বুলে প্রেম-অমিয়ার বান ॥
লোচন বলে মোর নিতাই যেবা নাহি মানে[৩]।
আনল জ্বালি দিয়ে তার মাঝ মুখ খানে[৪] ॥
॥১৫॥২৩০৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪১২ সংখ্যা। এই পদটি ৬১৮ সংখ্যক পদ-রূপে তৃতীয় শাখায় উদ্ধৃত হইয়াছে, কিন্তু এস্থলে উক্ত ৬১৮ সংখ্যক পদের উল্লিখিত পাঠ-ভেদ অপেক্ষা আরও কিঞ্চিৎ পাঠ-ভেদ দৃষ্ট হয়; উহা অপ্রণিধান হেতু ৬১৮ সংখ্যক পদে উল্লেখ না করায়, নিয়ে লিখিত হইল। ২। 'নিতাই' ক। ৩। 'নাহি মানে' স্থলে 'না ভজিল' ক, খ, ঘ, চ; প-র-সা (২৩০৮ সংখ্যক পদ)। ৪। 'আনল' ইত্যাদি স্থলে 'জানিয়া শুনিয়া সেই আত্মঘাতী হৈল' ক, খ, ঘ, চ; প-র-সা (২৩০৮ সংখ্যক পদ)।

তথা রাগ[১]।

কীর্ত্তন-রসময় আগম-অগোচর
কেবল আনন্দ-কন্দ।
অখিল-লোক-গতি ভকত প্রাণ-পতি
জয়[২] নিত্যানন্দ-চন্দ ॥
হেরি পতিতগণ করুণ বিলোকন[৩]
জগ[৪] ভরি করল অপার।
ভব-ভয়-ভঞ্জন দুরিত-নিবারণ
ধন্য ধন্য অবতার ॥
হরি-সংকীর্ত্তন মাতল[৫] জগ-জন
সুর নর নাগ পশু পাখী।
সকল বেদ-সার বেদ-সুধা-রস
দেয়ল কাহু[৬] না উপেখি ॥
ত্রিভুবন-মঙ্গল নাম-প্রেম-বলে
দুরে গেল কলি-আন্ধিয়ার।
শমন-ভবন-পথ সবে এক রোধল
বঞ্চিত রাম দুরাচার ॥১৬॥২৩০৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪১৩ সংখ্যক পদ। ২। 'জয় জয়' খ। ৩। 'করুণাবলোকন' ক, খ,

চ; প-র-সা; 'করুণবলোকন' খ। 'করুণাবলোকন' পাঠে ছন্দোভঙ্গ ঘটে; খ পুঁথির পাঠ সমর্থন-যোগ্য নহে। ৪। 'জগত' ক। ৫। 'মজল' ক, চ; 'মাজল' খ; প-র-সা।

কামোদ[১]।

ভকতি-রতন[২]-খনি উঘাড়িয়া প্রেম-মণি
নিজ-গুণ-সোণার মড়িয়া[৩]।
উত্তম অধম নাই যারে দেখে তার ঠাঞি
দান করে জগত বেড়িয়া।
সোঙরি নিতাইর গুণ যেমন করয়ে মন
তাহা কি কহিতে পারি ভাই।
লাখে লাখে হয় মুখ তবে সে মনের সুখ
ঠাকুর নিতাইর গুণ গাই॥
নামেই আনন্দময় সকল ভুবন হয়
দেখিবার দায়[৪] রহু দূরে[৫]।
শুনিয়া নিতাইর গুণ যেমন করয়ে মন[৬]
তার লাগি কেবা নাহি ঝুরে॥
পাষাণ সমান হিয়া সেহো গেল মিলাইয়া[৭]
নিতাইর গুণ গাইতে শুনিতে।
কহে ঘনশ্যাম দাস যার নাহি বিশ্বাস
সেই সে পাষণ্ডী[৮] অবনীতে॥
॥১৭॥২৩১০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ২৪১৪ ও প-র পুঁথির ৯১২ সংখ্যক পদ। ২। 'ভকত' প-র। ৩। 'মাঢ়িয়া' খ, চ; প-র; 'মুড়িয়া' ক। ৪। 'দয়া' ক। ৫। 'দেখিবার' ইত্যাদি স্থলে 'আছুক দেখিবার দায় দূরে' প-র। ৬। 'শুনিয়া' ইত্যাদি স্থলে 'এমন দয়ার ঠাই কোথায় শুনিয়ে নাই' প-র-সা। ৭। 'গেল' ইত্যাদি স্থলে 'যায় বিদরিয়া' প-র। ৮। 'পামর' ক, খ, চ।

শ্রীরাগ[১]।

পূরবে গোবর্দ্ধন ধরল অনুজ যার
জগ-জনে কহে বলরাম।
এবে সে চৈতন্য সঙ্গে আইলা কীর্ত্তন-রঙ্গে
ধরি পহু নিত্যানন্দ-নাম॥
পরম উদার করুণাময় বিগ্রহ
ভুবন-মঙ্গল গুণ-ধাম।
গৌর-প্রেম-রসে কটির বসন খসে
অবতার অতি অনুপাম॥
নাচত গাওত হরি হরি বোলত
নিরবধি জনু[২] মাতোয়াল।
হাস প্রকাশ মিলিত মধুরাধরে
বোলত পরম রসাল॥
রামদাসের[৩] পহু সুন্দরের জীবন
গৌরীদাসের ধন প্রাণ।
অখিল জীব যত এহ রসে উনমত
জ্ঞানদাস গুণ গান॥১৮॥২৩১১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ২৪১৫ সংখ্যক পদ। ২। 'যেন' ক, চ; প-র-সা। ৩। 'রামদাস' ক; প-র-সা।

তথা রাগ[১]।

গূঢ়[২]-রূপে রাম পূরে নিজ কাম
অনঙ্গ-মঞ্জরী হৈয়া।
রাস-রস কাজে বৈসে ব্রজ মাঝে
আনন্দে গোবিন্দ লৈয়া॥
হরি হরি কে বুঝে রামের রীত।
পুরুষ প্রকৃতি অনন্ত-মূরতি
ধরি পহু করে প্রীত॥ ধ্রু॥

রাইয়ের ভগিনী অনুজা আপনি
পিঙ্গল নীলিম বাস ॥
বসন্ত কেতকী জাতি যুথী জিতি
মৃদুল মৃদুল ভাষ ॥
সখ্য-দেহে[২] সখা দাস্যে দাস লেখা
বাৎসল্যে লালক প্রায়।
দাস বৃন্দাবন মানসং-রতন
বুঝিয়া সোঁপল[৫] তায় ॥ ১৯ ॥ ২৩১২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪১৬ সংখ্যক পদ। ২। 'নিগূঢ়' খ। ৩। 'সখ্যে দেহ' ক; 'সখা দেহে' ঘ। ৪। 'মানুষ' প-র-সা। ৫। 'গো পুন' প-র-সা।

শ্রীরাগ[১]।

পহু মোর নিত্যানন্দ রায়।
মথিয়া সকল তন্ত্র হরি-নাম মহামন্ত্র
করে ধরি জীবেরে বুঝায় ॥ ধ্রু ॥
চৈতন্য-অগ্রজ নাম ত্রিভুবন-অনুপাম
সুরধুনী-তীরে করি থানা।
হাট করি পরবন্ধ রাজা হৈলা নিত্যানন্দ
পাষণ্ডী-দলন বীর-বানা ॥
রামাই সুপাত্র হৈয়া রাজ-আজ্ঞা-চালাহিয়া
কোতোয়াল হৈলা হরিদাস।
কৃষ্ণদাস হৈলা দাড়্যা[২] কেহো যাইতে নারে ভাঁড়্যা[৩]
লিখন পড়ন শ্রীনিবাস ॥
পসারিয়া বিশ্বম্ভর আর প্রিয় গদাধর
আচার্য্য-চত্বরে বিকি কিনি।
গৌরীদাস হাসি হাসি রাজার নিকটে বসি
হাটের মহিমা কিছু শুনি ॥ ২০॥২৩১৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪১৭ সংখ্যক পদ। ২। 'ভারা্যা' ক, খ, চ; 'ভেয়্যা' ঘ। ৩। 'ভেঁড়্যা' চ; 'ছাড়্যা' প-র-সা।

সিন্ধুড়া[১]।

নিতাই কেবল পতিত জনার বন্ধু।
জীবের[২] চির পুণ্য-ফলে বিহি আনি মিলাইলে
রঙ্ক মাঝে রতনের সিন্ধু ॥ ধ্রু ॥
দিগ নেহারিয়া যায় ডাকে পহু গোরা রায়
ধরণীতে পড়ে মুরছিয়া।
প্রিয় সহচর মেলে[৩] নিতাইরে করি[৪] কোলে
কান্দে চাঁদ-বদন হেরিয়া ॥
নব-কঞ্জারুণ[৫] আঁখি প্রেমে ছল ছল দেখি
সুমেরু বাহিয়া মন্দাকিনী।
মেঘ-গভীর-স্বরে ভাই ভাই রব করে
পদ-ভরে কম্পিত মেদিনী ॥
নিতাই করুণাময় জীবে দিল প্রেমাশ্রয়
হেন দয়া জগতে বিদিত।
নিজ-নাম-সংকীর্ত্তনে উদ্ধারিলা জগ-জনে
বাসু কেনে হইল বঞ্চিত ॥ ২১॥২৩১৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪১৮ সংখ্যক পদ। ২। 'জীবে' খ; 'জীব' প-র-সা। ৩। 'মেলি' খ; 'মিলে' প-র-সা। ৪। 'করে' প-র-সা। ৫। 'গুঞ্জারুণ' ক, খ, ঘ, চ।

শ্রীরাগ[১]।

সংকীর্ত্তনে নিত্যানন্দ নাচে।
প্রিয় পারিষদগণ কাছে ॥

গোবিন্দমাধব ঘোষের[২] গান।
শুনি কেবা ধরয়ে পরাণ ॥
পতিতের[৩] গলায় ধরিয়া।
কান্দে পহু সকরুণ হৈয়া ॥
গদগদ কহে পতিতেরে।
শুনি যাহা পাষাণ বিদরে ॥
তো[৪] সভার ধারি বহু ধার।
ধর ধর প্রেমের পসার ॥
তো[৫] সভার দুর্গতি নাশিব।
ব্যাজের সহিতে প্রেম দিব ॥
তারা প্রেমে চাহে মুখ-চাঁদে।
গলায় ধরিয়া তার কান্দে ॥
সে হেন করুণা সোঙরিয়া।
বাসুঘোষ মরয়ে ঝুরিয়া ॥২২॥২৩১৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪১৯ সংখ্যক পদ। ২। 'ঘোষে' ক। ৩। 'পতিতেরে' ঘ। ৪। ৫। 'তা' ক।

সুহই[১]।

গজেন্দ্র-গমনে নিতাই চলয়ে মন্থরে।
যারে দেখে তারে ভাসায় প্রেমের পাথারে ॥
পতিত দুর্গত[২] পাপীর ঘরে ঘরে গিয়া।
ব্রহ্মার দুর্লভ প্রেম দিছেন যাচিয়া ॥
যে না লয় তারে কয় দন্তে তৃণ ধরি।
আমারে কিনিয়া লও বোল গৌর[৩] হরি ॥
তো সভার লাগিয়া কৃষ্ণের অবতার।
শুন নাই[৪] গৌরাঙ্গসুন্দর নদীয়ার ॥
যে পহু গোকুল[৫]-পুরে নন্দের কুমার।
তো সভার লাগিয়া এবে কৈল অবতার ॥
শুনিয়া কান্দয়ে পাপী চরণে ধরিয়া।
পুলকে পূরল অঙ্গ গরগর হিয়া ॥
তারে কোলে করি নিতাই যায় আন ঠাম।
হেন মতে প্রেমে ভাসাইল[৬] পুর-গ্রাম ॥
দৈবকীনন্দনে[৭] বলে মুঞি অভাগিয়া।
ডুবিলুঁ বিষয়-কূপে নিতাই না ভজিয়া ॥
॥ ২৩ ॥ ২৩১৬ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪২০ সংখ্যক পদ। ২। 'দুর্গতি' ক, খ, চ; প-র-সা। ৩। 'হরি' ক। ৪। 'ভাই' ক, খ। ৫। 'গোলক' ক, খ; 'নদিয়া' প-র-সা। ৬। 'ভাসায়ল' ক, খ, চ; প-র-সা। ৭। 'দেবকীনন্দন' খ।

বেলোয়ার[১]।

ঢর ঢর সোণ কনক তনু সুন্দর
নটপট পাগ শিরোপরি বনিয়া।
জিনি গজ-রাজ চলত মৃদু মন্থর
মণি-মঞ্জির বাজত রণঝনিয়া ॥
আওত অবধৌত নিত্যানন্দ রায়।
গৌর গৌর বলে[২] ঘন মালশাট মারে
ভাবে অথির তনু থির নাহি পায় ॥ ধ্রু ॥
অবিরল নীপ[৩]-পুলক-কুল-সঙ্কুল
ঢরকত নয়নে লোর অনিবার।
ভাই অভিরাম বামে অবলম্বই
প্রেম-রতন করু জগতে বিথার ॥
দুরগতি অগতি পতিত হেরি জনে জনে
যাচি দেয়ত হরি-নামক[৪] হার।
ঐছন সদয়-হৃদয় নাহি হেরিয়ে
বঞ্চিত দুরমতি মোহন ছার ॥২৪॥২৩১৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪২১ সংখ্যক পদ। ২। 'বোলে' ক, খ, চ; প-র-সা। ৩। 'নীপফুল' ক। ৪। 'নাম্বকি' খ।

মল্লার[১]।

নাচে নিত্যানন্দ   ভুবন-আনন্দ
বৃন্দাবন-গুণ শুনিয়া রে।
বাহু-যুগ তুলি   বলে হরি হরি
চলত[২] মন্থর ভাতিয়া রে॥
কিবা সে মাধুরি   বচন-চাতুরি
গদাধর-মুখ হেরিয়া রে।
মাধব গোবিন্দ   শ্রীবাস মুকুন্দ
গাওত ও রস ভাবিয়া[৩] রে॥
নাচে নিত্যানন্দচাঁদ রে।
কহে গদগদ   চলে পদ আধ
পাতিয়া প্রেমের ফাঁদ রে॥ ধ্রু॥
ও চাঁদ-বদনে   হাস সঘনে
অরুণ লোচন-ভঙ্গিয়া রে।
কুসুম-হার   হিয়ার উপর
সুঘড় রঙ্গিয়া সঙ্গিয়া[৪] রে॥
রাতুল চরণে   রতন-নূপুর
রঙ্গের নাছিক ওর রে।
মনের আনন্দে   শ্রীনিবাস[৫]-সুত
গতিগোবিন্দ-চিত ভোর[৬] রে॥

॥২৫॥২৩১৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪২২ সংখ্যক পদ। ২। 'চলন' ক, খ; 'চলল' চ। ৩। 'ভোরিয়া' খ। ৪। 'ভঙ্গিয়া' প-র-সা। ৫। 'শ্রীবাস' প-র-সা। ৬। 'বিভোর' খ।

মঙ্গল[১]।

প্রেমে মত্ত মহাবলী   চলে নিতাই দিগ দলি
ধরণী ধরিতে নারে ভার।
শ্রীঅঙ্গ সুন্দর   গতি অতি মন্থর
কি ছার কুঞ্জর মাতোয়ার।
প্রেমে পুলকিত তনু   কনয়া-কদম্ব জনু
প্রেম-ধারা বহে দুটি আঁখে[২]।
নাচে গায় গোরা-গুণে   পূরব পড়্যাছে মনে
ভাইয়া রে ভাইয়া রে বলি ডাকে॥
হুহুঙ্কার মালশাটে   কেশরি-গরব টুটে
বুক[৩] ফাটে[৪] পাষণ্ডী বিমনা[৫]।
লগুড় নাছিক সাথে   অরুণ কঞ্জ[৬] হাতে
হলধর মহাবীর-বানা॥
কেবল পতিত-বন্ধু   রঙ্কের[৭] রতন-সিন্ধু
অন্ধের[৮] লোচন পরকাশ।
পতিতের অবশেষে   রহি গেল গুপ্তদাসে
পুন নিতাই না কৈল তলাস॥

॥২৬॥২৩১৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪২৩ সংখ্যক পদ। ২। 'আখো' খ, চ। ৩। 'শুনি বুক' ক; পাঠান্তর-চ। ৪। 'ফাটি মরে' খ। ৫। 'জনা' খ। ৬। 'কুঞ্জর' ক, ৭। 'রঙ্গের' ক, খ। ৮। 'অঙ্গের' ক, খ।

পাঠমঞ্জরী[১]।

নিতাই মোর জীবন-ধন নিতাই মোর জাতি।
নিতাই বিহনে মোর আন নাহি গতি॥
সংসার-সুখের মুখে তুল্যা[২] দিব ছাই।
নগরে মাগিয়া খাব গাইয়া[৩] নিতাই॥
যে দেশে নিতাই নাই সে দেশে না যাব।
নিতাই-বিমুখ জনার মুখ না দেখিব॥

গঙ্গা যার পদ-জল হর শিরে ধরে।
হেন নিতাই না ভজিয়া দুঃখ পাই মরে ॥
লোচন বলে মোর[৪] নিতাই যেবা নাহি মানে।
আনল ভেজাই তার মাঝ মুখ খানে ॥
॥২৭॥২৩২০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪২৪ সংখ্যক পদ। ২। 'তুলি' খ। ৩। 'গাইব' প-র-সা। ৪। 'আমার' প-র-সা।

তথা রাগ[১]।

দয়া কর মোরে নিতাই দয়া কর মোরে।
অগতির গতি নিতাই সাধু লোকে বোলে ॥
জয় প্রেম-ভক্তি-দাতা পতাকা[২] তোমার।
উত্তম অধম কিছু না কৈল[৩] বিচার ॥
প্রেম-দানে জগ-জীবের[৪] মন কৈলা সুখী।
তুমি যদি[৫] দয়ার ঠাকুর আমি কেনে দুখী ॥
কানুরাম দাসে বোলে কি বলিব আমি।
এ বড় ভরসা মোর কুলের ঠাকুর তুমি ॥
॥২৮॥২৩২১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪২৫ সংখ্যক পদ। ২। 'পতকা' ক, খ। ৩। 'কৈলে' ক, খ। ৪। 'জগ জনের' ক; 'জগৎ জীবের' খ। ৫। 'তুমি যদি' স্থলে 'তুমি' ক; 'তুমি হেন' খ, চ।

কল্যাণী[১]।

দেখ অপরূপ চৈতন্য-হাট।
কুলের কামিনী কয়য়ে নাট ॥
হাট বসাওল নিতাই বীর।
কাহুঁক চরণ কাহুঁক শীর[২] ॥

অবনী কম্পিত নিতাই-ভরে।
ভাইয়া ভাইয়া বলে গভীর স্বরে ॥
গৌর বলিতে সৌর[১]-হীন।
প্রেমে না জানে রজনী দিন ॥
এ বড় মরমে রহল শেল।
নিতাই না ভজি বিফল ভেল ॥
কহয়ে মাধব শুন রে ভাই।
নিতাই ভজিলে গৌরাঙ্গ[৪] পাই ॥
॥২৯॥২৩২২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪২৬ সংখ্যক পদ। ২; 'শির' ক; প-র-সা। ৩। 'শৌর' ক। ৪। 'গৌর' ক, খ, চ; প-র-সা।

ধানশী[১]।

নিতাই-পদ-কমল কোটি-চন্দ্র-সুশীতল
যার ছায়ায়[২] জগত জুড়ায়।
হেন নিতাই বিনে ভাই রাধাকৃষ্ণ পাইতে নাই
দঢ় করি[৩] ধর নিতাইর পায় ॥
সে সম্বন্ধ[৪] নাহি যার বৃথাই জনম[৫] তার[৬]
কি করিবে বিদ্যা কুলে[৭] তার।
মজিয়া সংসার-সুখে[৮] নিতাই না বলিল[৯] মুখে
সেই পাপী অধম সভার[১০] ॥
অহঙ্কারে মত্ত হৈয়া নিতাই-পদ পাসরিয়া
অসত্যকে সত্য করি মানে[১১]।
এ ভব সংসার মাঝে নিতাইচাঁদ যে না ভজে[১২]
তার জন্ম হৈল অকারণে ॥
নিতাইচাঁদের দয়া হবে ব্রজে রাধাকৃষ্ণ পাবে
কর রাঙ্গা চরণের আশ।
নরোত্তম বড় দুখী নিতাই মোরে কর সুখী
রাখ রাঙ্গা চরণের পাশ ॥ ৩০॥২৩২৩ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪২৭ ও প-র পুথির ৪৩।৫০ সংখ্যক পদ। ২। 'ছার' খ। ৩। 'দড় করি' প-র-সা; 'দড়াইয়া' প-র। ৪। 'সে সম্বন্ধ' স্থলে 'হেন মন' প-র। ৫। 'জীবন' প-র-সা। ৬। 'বৃথাই' ইত্যাদি স্থলে 'যাউ সেই ছারে খায়' প-র। ৭। 'কি' ইত্যাদি স্থলে 'বৃথা কুলে কি করিব' প-র। ৮। 'কূপে' প-র। ৯। 'বোল' ক। ১০। 'সেই' ইত্যাদি স্থলে 'সেই বপু বড় দুরাচার' প-র। ১১। 'মানি' প-র। ১২। 'এ ভব' ইত্যাদি চারিটি পংক্তির স্থলে প-র পুথির পাঠ যথা—

'ব্রজে রাধাকৃষ্ণ পাবে চৈতন্য-করুণা হবে
ভজ নিতাইর চরণ দুখানি॥
নিতাই-চরণ সত্য তাহার সেবক নিত্য
তাহে মন সদা কর আশ।'

তুড়ী[১]।

আনন্দ-কন্দ নিতাই-চন্দ
অরুণ নয়ন বরুণ[২]-ছন্দ
করুণ-পূর সঘনে ঝূর
হরি হরি ধনি[৩] বোল রে।
নটক-রঙ্গ ভকত সঙ্গ
বিবিধ ভাস[৪] রস-তরঙ্গ
ইষত হাস মধুর ভাষ
সঘনে গীম দোল রে॥
পতিত-কোর জগত গৌর
এ দিন রজনি আনন্দ ভোর
প্রেম-রতন করিয়া যতন
জগ-জনে করু দান রে।[৫]
কীর্ত্তন মাঝ রসিক-রাজ
বৈছন কনয়া-গিরি বিরাজ
ব্রজ-বিহার রস-বিথার
মধুর মধুর গান রে॥
ধুলি-ধুসর ধরণি উপর
কবহুঁ লুঠত[৬] প্রেমে গরগর
কবহুঁ চলত কবহুঁ খলত
কবহুঁ অট্ট-হাস রে।
কবহুঁ স্বেদ কবহুঁ খেদ
কবহুঁ পুলক স্বর-বিভেদ
কবহুঁ লম্ফ কবহুঁ ঝম্ফ
কবহুঁ দীঘ শ্বাস রে॥
করুণা-সিন্ধু অখিল-বন্ধু
কলি-যুগ-তম-পুরণ[৭]-ইন্দু
জগত-লোচন-পটল[৮]-মোচন[৯]
নিতাই পূরল আশ রে।
অন্ধ অধম দীন দুরজন
প্রেম-দানে করল মোচন
পাওল জগত কেবল বঞ্চিত
এ রাধাবল্লভ দাস রে॥

॥৩১॥২৩২৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪২৮ সংখ্যক পদ। ২। 'বয়ন' ক, খ, চ। ৩। 'বলি' ক। ৪। 'ভাষ' ক। ৫। 'স রাজ' খ। ৬। 'উঠত' ঘ। ৭। 'পুলক' ক; 'পূরণ' খ; প-র-সা; 'পরণ' ঘ। ৮। 'পট' ক। ৯। 'মোহন' ঘ।

শ্রীগান্ধার[১]।

ওরে ভাই নিতাই আমার দয়ার অবধি।
জীবেরে করুণা করি দেশে দেশে ফিরি ফিরি
প্রেম-ধন যাচে নিরবধি॥ ধ্রু॥
অদ্বৈতের সঙ্গে রঙ্গ ধরণে না যায় অঙ্গ
গোরা-প্রেমে গড়া তনুখানি।

ঢুলিয়া ঢুলিয়া চলে বাহু তুলি হরি বলে
দু নয়নে বহে কত পানি ॥
কপালে তিলক শোভে কুটিল কুন্তল লোভে[২]
গুঞ্জার[৩] আটনি[৪] চূড়া তায় ।
কেশরী জিনিয়া কটি তাহে শোভে নীল ধটী
বাজন-নূপুর শোভে পায় ॥
কো কহু নিতাইর গুণ জীবে দেখি সকরুণ
হরি-নামে জগত তারিল ।
মদন-মদেত অন্ধ বিষয়ে রহল ধন্দ
হেন নিতাই ভজিতে না পাইল ॥
ভুবন-মোহন বেশ মাতাইল সকল[৫] দেশ
রসাবেশে অট্ট অট্ট হাস ।
পহু মোর নিত্যানন্দ কেবল আনন্দ-কন্দ
গুণ গায় বৃন্দাবন দাস ॥৩২॥২৩২৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪২৯ সংখ্যক পদ। ২। সকলগুলি পুথিতেই 'লোলে' পাঠ আছে; কিন্তু এই ত্রিপদীর প্রত্যেক পদের শেষে মিল (rhyme) থাকায় 'লোভে' (অর্থাৎ লোভ জন্মায়) প্রকৃত পাঠ হইবে বিবেচনা হয়। ৩। 'গুঞ্জাহার' খ। ৪। 'টালনী' ক। ৫। 'সব' ক, খ; প-র-সা।

দেশাগ[১] ।

সহজে নিতাইচাঁদের রীত ।
দেখি উনমত জগত-চীত ॥
অবনি কম্পিত নিতাই-ভরে ।
ভাইয়া ভাইয়া বলে গভীর স্বরে ॥
গৌর বলিতে সৌর-হীন ।
ভাইর[২] ভাবে কান্দে রজনী দিন ॥
শ্রীমুখ-কমলে সে গুণ-গাথা ।
ঢর-ঢর দুই নয়ন রাতা ॥
নিতাই-চরণে যে করে আশ ।
বৃন্দাবন তার দাসের দাস ॥৩৩॥২৩২৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৩০ সংখ্যক পদ।
২। 'তাহার' প-র-সা।

তথা রাগ[১] ।

আরে মোর পহু নিতাইচাঁদ ।
ঘরে ঘরে দিল প্রেমের ফাঁদ ॥
তাপিত অখিল সকল জনে ।
সিঞ্চিত করল নয়ন-কোণে ॥
অপার করুণা গৌড়-দেশে ।
নাচিয়া বুলয়ে[২] ভাব-আবেশে ॥
গদগদ কহে ভাইয়ার কথা ।
প্রেম-জলে ডুবে নয়ন রাতা ॥
আরকত গোরা সুন্দর-তনু ।
পুলক কদম্ব-কেশর জনু ॥
বিবিধ ভূষণে ভূষিত অঙ্গ ।
ভকত মিলিয়া গায়ত রঙ্গ ॥
ঢুলিতে ঢুলিতে কত না ভাতি ।
কমল-চরণে খঞ্জন-গতি ॥
করুণা শুনিয়া বাঢ়ল আশ ।
প্রেম মাগে পদে এ কানুদাস ॥৩৪॥২৩২৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৩১ সংখ্যক পদ।
২। 'বুলেন' ক, খ, চ; প-র-সা।

মঙ্গল[১] ।

প্রেমে মত্ত নিত্যানন্দ সহজে আনন্দ-কন্দ
ঢলিয়া ঢলিয়া চলি যায় ।
ভাইয়ার ভাবেতে মত্ত জানেন সকল তত্ত্ব
হরি বলি অবনী লোটায় ॥

নিতাইর গোরা-প্রেমে গড়া তনুখানি।
গদাধরের মুখ হেরে ঢোলিয়া ঢোলিয়া পড়ে
ধারা বহে সিঞ্চিত[২] ধরণী ॥
অদ্বৈত আনন্দ-কন্দ হেরে নিতাইর মুখ-চন্দ
হুহুঙ্কার পুলক শোভে গায়।
হরি হরি বোল বলে ডাকে নিতাই গৌর-বরে[৩]
প্রিয়-পারিষদ গুণ গায়[৪] ॥
গোলোকের প্রেম-বন্যা[৫] জগত[৬] করিল ধন্যা
অতুল অপার রস-সিন্ধু।
মাতিল জগত ভরি নিতাই চৈতন্য করি'
অনন্ত না পাইল এক বিন্দু[৮] ॥ ৩৫॥২৩২৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৩২ সংখ্যক পদ। ২। 'সিঞ্চিয়া' প-র-সা। ৩। 'ডাকে' ইত্যাদি (খ) স্থলে 'গৌর গৌর গৌর বলে' ক; প-র-সা; 'গৌর গৌর বলে' ঘ। 'হরি হরি' ইত্যাদি স্থলে 'হা হরি হা হরি বলি গৌর গৌর করি' চ। ৪। 'গুণ গায়' স্থলে 'গণ ধায়' ক, খ, ঘ; প-র-সা। ৫। 'গোলোকের' ইত্যাদি স্থলে 'আনিয়া প্রেমের বন্যা' ঘ। ৬। 'অবনি' চ। ৭। 'বলি' চ। ৮। 'অনন্ত' ইত্যাদি স্থলে 'রায় অনন্ত মাগে এক বিন্দু' ক, খ; 'রায় বসন্ত মাগে বিন্দু' প-র-সা।

সিন্ধুড়া[১]।

দেখ নিতাইচাঁদের মাধুরী।
পুলকে পূরিত তনু কদম্ব-কেশর জনু
বাহু তুলি বলে হরি হরি ॥ ধ্রু ॥
শ্রীমুখ-মণ্ডল-ধাম জিনি কত কোটি কাম
সে না বিহি কিসে নিরমিল।
মথিয়া লাবণ্য-সিন্ধু তাহে নিঙ্গাড়িয়া ইন্দু
সুধা-সাচে মুখানি গড়িল ॥
নব-কঞ্জ-দল আঁখি তারক ভ্রমরা-পাখী
ডুবি রহু প্রেম-মকরন্দে।
সে রূপ দেখিল যেহ[২] সে জানিল রস-মেহ[৩]
অবনী ভাসল সে আনন্দে ॥
পূরবে যে ব্রজপুরে বিহরে নন্দের ঘরে
রোহিণী-নন্দন বলরাম।
এবে পদ্মাবতী-সুত নিত্যানন্দ অবধূত
ভুবন-পাবন হৈল নাম ॥
সে পহু পতিত হেরি করুণায় অবতরি
জীবেরে বলায় গৌরহরি।
পড়িয়া সে ভব-বন্ধে কান্দয়ে লোচন অন্ধে
না দেখিয়া সে রূপ-মাধুরী ॥৩৬॥২৩২৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৩৩ সংখ্যক পদ। ২। 'যে' ঘ, চ; প-র-সা। ৩। 'মে' ঘ; 'লে' প-র-সা।

সুহই[১]।

যে জন গৌরাঙ্গ ভজিতে চায়।
সে শরণ লউক নিতাইচাঁদের
অরুণ দুখানি পায় ॥
নিতাই যে জন ভজে।
সংসার-তাপের শিরে পদ ধরি
অমিয়া-সাগরে মজে ॥
নিতাই যাহার হিয়ে।
ব্রহ্মার দুর্লভ প্রেম-সুধানিধি
মানস ভরিয়া পিয়ে ॥
যে নিতাই বলিয়া কাঁদে।
গৌরাঙ্গচাঁদের পদ দুই খানি
হিয়ার মাঝারে বান্ধে ॥৩৭॥২৩৩০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৩৪ সংখ্যক পদ।

তথা রাগ[১]।

অরুণ বসনে বিদিত ভুবনে
শিরে নটপটি পাগিয়া।
চৌদিগে হেরি হেরি[২] বোলয়ে হরি হরি
নাচত কতহুঁ ভঙ্গিয়া॥
নিতাইসুন্দর নাচে।
অরুণ-নয়ানে ও চাঁদ-বদনে
কত বা[৩] মাধুরি আছে॥
চলন সুন্দর মত্ত করিবর
নূপুর ঝনন কারিয়া[৪]।
ভাবে অবশ নাহি দিগ পাশ
গৌর বলি হুঙ্কারিয়া॥
যতেক ভকত ধরণী লুঠত
ও চাঁদ-বদন হেরিয়া।
বসু রামানন্দে কাঁদে নিরানন্দে
নিতাই চরণ ধরিয়া॥৩৮॥২৩৩১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ২৪৩৫ সংখ্যক পদ। ২। 'হেরি হেরি' স্থলে 'হরি হরি' ক, চ; 'হেরি' প-র-সা। ৩। 'না' ঘ। ৪। 'চলন সুন্দর' ইত্যাদি পংক্তিদ্বয় লিপিকরপ্রমাদে ক, খ, চ ও প-র-সা পুঁথিতে পরিত্যক্ত হইয়াছে।

ইতি চতুর্থ-শাখায়াং দ্বাবিংশ-পল্লবঃ।

তত্র শ্রীচৈতন্য-নিত্যানন্দয়োর্দ্বয়োর্গুণ-রূপবর্ণনং যথা।

ভাটিয়ারি[১]।

অবনিক মাঝে দেখ দোন[২] ভাই।
অপরুপ রূপ[৩] গোরাচাঁদ নিতাই॥
হেম-পদ্ম জিনি দুহুঁ মুখ-ছটা।
তাহে পরকাশল প্রেম-ঘটা[৪]॥[৫]
ঘন চন্দন[৬] দুহুঁ অঙ্গ ভরি।
ভুজযুগ তুলি দুহুঁ বোলে হরি হরি॥
নাম-সংকীর্ত্তন করিলা প্রকাশ।
গুণ গাওয়ে বৃন্দাবন দাস॥১॥২৩৩২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ২৪৩৬ সংখ্যক পদ। ২। 'দুন' ক। ৩। 'রূপ' শব্দ ক, খ ও প-র-সা পুঁথিতে নাই। ৪। 'তাহে' ইত্যাদি স্থলে 'অবধূত বিরাজিত চন্দ্র-ঘটা' ক। ৫। অতঃপর ক পুঁথিতে পরবর্ত্তী পদের 'শচিনন্দন' ইত্যাদি পংক্তিদ্বয় সন্নিবেশিত হইয়াছে। 'অবধূত' ইত্যাদি পংক্তিত্রয় তোটক-ছন্দে রচিত ও পরবর্ত্তী পদের অন্তর্গত ঐগুলি লিপিকর-প্রমাদ হেতু 'অবনিক' ইত্যাদি পদের মধ্যে সন্নিবেশিত হইয়াছে। ৬। 'চন্দন দে' প র-সা।

তথা রাগ[১]।

কলধৌত-কলেবর গৌর[২]-তনু।
তছু রঙ্গ[৩]-তরঙ্গ নিতাই জনু॥
কোটি কাম জিনী[৪] কিয়ে অঙ্গ-ছটা।
অবধূত বিরাজিত চন্দ্র ঘটা॥
শচিনন্দন-কণ্ঠে সুরঙ্গ মালা।
তহিঁ রোহিণি-নন্দন দীগ আলা॥
গজরাজ জিনী[৫] দুন[৬] ভাই চলে।
মকরাকৃতি-কুণ্ডল গণ্ডে দোলে॥
মুনি ধ্যান ভুলে সতি[৭] ধর্ম্ম টলে।
জগ-তারণ-কারণ বিন্দু বলে॥২॥২৩৩৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ২৪৩৭ সংখ্যক পদ। ২। 'গৌর' শব্দ ক ও ঘ পুঁথিতে নাই। ৩। 'সঙ্গ' খ। ৪—৫। 'জিনি' ক, ঘ, চ; প-র-সা। ৬। 'দোন' ক, ঘ, চ; প-র-সা। ৭। 'সতী' ক।

ধানশী[১]।

এক দিন মনে আনন্দ বাঢ়ল
নিতাই গৌর রায়।
হাসিতে হাসিতে কেহ নাহি সাথে
বাজারে চলিয়া যায়।
হেনই সময়ে যতেক নাগরী
জল ভরিবারে যায়।
পথে হৈল দেখা রূপের[২] নাহি[৩] লেখা
দিঠি পইল[৪] গোরা-গায়॥
কেহ বলে ইথে গোকুল হইতে
নাটুয়া আইসাছে[৫] পারা।
চল দেখিবারে নাচিবে বাজারে
মরুক মরুক[৬] জল ভরা॥
বাহে বাহে[৭] ছান্দা জাহ্নবী দু-কান্দা[৮]
ভরিল যতেক নারী।
হেরি গোরা পানে ভুলিল নয়ানে
কহয়ে দাস মুরারি॥৩॥২৩৩৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৩৮ সংখ্যক পদ। ২। 'রূপে' ক; প-র-সা। ৩। 'নাহিক' ঘ। ৪। 'পেলাইল' ক; 'পড়িল' খ; প-র-সা; 'পড়ল' ঘ। ৫। 'আসিছে' প-র-সা। ৬। 'মরুক মরুক' স্থলে 'মরুকহু' প-র-সা। ৭। 'বাহেঁ বাহেঁ' খ; 'বাহু বাহু' প-র-সা। ৮। 'দুকান্দা' ক।

তথা রাগ[১]।

জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য-নাম।
কলি-মদ-মথন নিত্যানন্দ রাম॥
অরুণ হেম-কলপ-তরু জোর।
প্রেম-রতন ধন ধয়ল[২] উজোর॥
অযাচিত বিতরই কাহে না উপেখি।
ঐছন সদয়-হৃদয় নাহি দেখি॥
যে নাচিতে নাচয়ে[৩] বধির জড় অন্ধ[৪]।
কান্দিতে অখিল ভুবন-জন কান্দ[৫]॥
তেঞি অনুমানিয়ে দুহুঁ পরমেশ।
প্রতি দরপণে জনু রবির আবেশ॥
তাহে যে না দেখি কোন জনেতে প্রকাশ[৭]।
মলিন মুকুরে[৮] নহে[৯] বিম্বু বিকাশ॥
গোবিন্দদাস কহে তাহা কি[১০] বিচার।
কোটি কলপে তার নাহিক নিস্তার॥৪॥২৩৩৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৩৯ ও প-র পুথির ১১১ সংখ্যক পদ। 'শ্রীরাগ' প-র। ২। 'ধরল' প-র। ৩। 'সে' ইত্যাদি স্থলে 'নাচি নাচয়ে' প-র। ৪। 'অন্ধে' প-র। ৫। 'ভুবন' ইত্যাদি স্থলে 'ভবন জনে কান্দে' প-র। ৬। 'যৈছে' প-র। ৭। 'তাহে' ইত্যাদি স্থলে 'এহ রসে যাহার নাহিক বিশোয়াস' ক, ঘ, চ; প-র-সা। ৮। 'আধারে' ক। ৯। 'নাহি' ক, খ, ঘ, চ; প-র-সা। ১০। 'তাহা কি' স্থলে 'বুঝহ' প-র।

কামোদ[১]।

দেখ দেখ অপরূপ গৌরাঙ্গ নিতাই।
অখিল জীবের ভাগ্যে অবনী বিহরে গো
পতিত-পাবন দোন ভাই॥
যারে দেখে তার ঠামে যাচিয়া বিলায় প্রেমে
উত্তম অধম নাহি মানে।
এ তিন ভুবনের লোক নাহি জরা মৃত্যু শোক
প্রেম-অমৃত করি পানে।
কলপ-বিরিখি সিন্ধু না যাচয়ে এক বিন্দু
ছি ছি কিয়ে তাহাতে উপমা।
পতিত দেখিয়া কান্দে দোহেঁ[২] থির নাহি বান্ধে
যাচয়ে অমূল্য ভক্তি প্রেমা॥

এমন দয়াল দুহুঁ যে না ভজে হেন পহু
সে ছারের জীবনে কি আশ।
ন্যাসী বিপ্র হইলেহ অসুরে গণন সেহ
অনন্ত দাসের এই ভাষ ॥৫॥২৩৩৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৪০ সংখ্যক পদ। ২। 'দেহ' ক।

সুহই[১]।

নিতাই চৈতন্য দুই ভাই দয়ার অবধি।
ব্রহ্মার দুর্ল্লভ প্রেম যাচে নিরবধি ॥
চারি বেদে অন্বেষয়ে যে প্রেম পাইতে।
হেন প্রেম দুই ভাই যাচে অবিরতে ॥
পতিত দুর্গত পাপী কলি-হত যারা।
নিতাই চৈতন্য বলি নাচে গায় তারা ॥
ভুবন-মঙ্গল ভেল সংকীর্ত্তন-রসে।
রায় অনন্ত কান্দে না পাইয়া লেশে ॥৬॥২৩৩৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৪১ সংখ্যক পদ।

গান্ধার[১]।

ভব-সাগর-বর দুরতর দুরগহ
দুস্তর-গতি সুবিথার।
নিমগন জগত পতিত সব আকুল
কোই না পাওল পার ॥
জয় জয় নিতাই গৌর অবতার।
হরি-নাম প্রণব[২]-তরণি অবলম্বনে
করুণায় করল উদ্ধার ॥ধ্রু॥
অজ ভব আদি ব্যাস শুক নারদ
অন্ত না পায়ই যার।
ঐছন প্রেম পতিত জনে বিতরই
কো অছু করুণা অপার ॥
হেন অবতার আর[৩] কিয়ে হোয়ব
রসিক ভকতগণ মেল।
দীন ঘনশ্যাম সোঙরি ভেল জরজর
হৃদি মাহা রহি গেল শেল ॥৭॥২৩৩৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৪২ সংখ্যক পদ। ২। 'প্রবল' ক; পাঠান্তর—চ; 'প্রবন' ঘ; প-র-সা। ৩। 'অব' ক, খ, প-র-সা।

তথা রাগ[১]।

দেখ ভাই আগম নিগমে।
চৈতন্য নিতাই বিনু দয়ার ঠাকুর নাই
পাপী লোকে তাহা নাহি মানে ॥ধ্রু॥
সত্য ত্রেতা দ্বাপর সর্ব্ব[২] যুগের ঈশ্বর
ধ্যান যজ্ঞ পূজা প্রকাশিলা।
সেই বৃন্দাবন-চাঁদ ধরি নটবর-ছাঁদ
সে যুগে গোপীরে প্রেম দিলা ॥
যে[৩] জন গোকুল-নাথ কংস কেশী কৈল পাত
যারে কহে যশোদা-কুমার।
সে জন গোকুল ছাড়ি নবদ্বীপে অবতরি
পাতকীরে করিলা উদ্ধার ॥
তাহার অগ্রজ নাম রোহিণী-নন্দন রাম
আর যত পারিষদ মেলে।
নিজ-নাম-প্রেম-গুণে পতিত চণ্ডাল জনে
ভাসাইল প্রেম-আঁখি-জলে ॥
যে মূঢ় পণ্ডিত-মানী পড়ুয়া তার্কিক জানি
পূরবে অসুর হৈয়াছিল।
দ্বিজ মাধব দাসে বলে সেই অপরাধ-ফলে
এ যুগে[৪] বঞ্চিত বুঝি হৈল ॥৮॥২৩৩৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৪৩ সংখ্যক পদ।
২। 'তিন' ক, খ। ৩। 'সে' ক, খ। ৪। 'জনু' ঘ।

ভাটিয়ারি[১]।

জয় জগন্নাথ-শচী- নন্দন গৌরাঙ্গ পহু
জয় নিত্যানন্দ প্রেম-ধাম।
জগত দুখিত দেখি হৈয়া সকরুণ-আঁখি
উদ্ধারিলা দিয়া হরি-নাম॥
বৈকুণ্ঠ-নায়ক হরি দ্বিজ-কুলে অবতরি
সংকীর্ত্তন করিলা প্রচার।
ধন্য সুরধুনী-তীরে ধন্য নবদ্বীপ পুরে
সাঙ্গোপাঙ্গে করিলা বিহার॥
এমন করুণা-সিন্ধু শ্রীচৈতন্য প্রাণ-বন্ধু
পাপ পাষণ্ড[২] নাহি জানে।
শ্রীকৃষ্ণচৈতন্য ঠাকুর শ্রীনিত্যানন্দ[৩]
বৃন্দাবন দাস গুণ গানে॥৯॥২৩৪০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৪৪ সংখ্যক পদ।
২। 'পাষণ্ডী' ক, খ, চ। ৩। 'নিত্যানন্দ' ক, খ।

ধানশী[১]।

জীবের ভাগ্যে অবনী বিহরে দুই[২] ভাই।
ভুবন-মোহন গোরাচাঁদ নিতাই॥
কলিযুগে জীব যত ছিল অচেতন।
হরিনামামৃত দিয়া করিল চেতন॥
হেন অবতার ভাই কভু শুনি নাই।
পাতকী উদ্ধার কৈলা ঘরে ঘরে যাই॥
হেন অবতার ভাই নাহি কোন যুগে।
কোন্ অবতারে হেন[৩] পাপীর পাপ মাগে॥
রুধির পাড়িল[৪] অঙ্গে করিয়া প্রহার।
যাচি প্রেম দিয়া তার করিলা উদ্ধার॥
নাম-প্রেম-সুধাতে ভরিল ত্রিভুবন।
একলা বঞ্চিত ভেল এ দাস লোচন॥
॥১০॥২৩৪১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৪৫ সংখ্যক পদ।
২। 'দোন' খ। ৩। 'সে' ক, খ, চ; প-র-সা।
৪। 'পড়িল' ক, খ, ঘ, চ।

কামোদ[১]।

ইহ কলিযুগ ধন্য নিত্যানন্দ চৈতন্য
পতিত লাগিয়া অবতার।
দেখি জীব বড় দুখী হৈয়া সকরুণ-আঁখি
হরি-নাম[২] গাঁথি দিল হার॥
নিজ-গুণ প্রেম-ধনে[৩] দিলা গোরা জনে জন[৪]
পতিতেরে আগে দান করে।
নিজ-ভক্ত সঙ্গে করি ফিরে পহু গৌরহরি
যাচিয়া যাচিয়া ঘরে ঘরে॥
জড় অন্ধ পঙ্গু[৫] যত পশু পাখী আদি কত
কান্দাইল নিজ-প্রেম দিয়া।
প্রেম-রসে[৬] মত্ত হৈয়া অন্ন জল তেয়াগিয়া[৭]
ফিরে তারা নাচিয়া গাইয়া॥
হেন পহু না ভজিলুঁ জনমিয়া না মরিলুঁ[৮]
হাথের[৯] ধন হারাইলুঁ[৯] নিধি[১০]।
কহে হরিদাস ছার[১১] কোন গতি নাহি আর
হেন যুগে বঞ্চিত কৈলা[১২] বিধি॥১১॥২৩৪২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৪৬ সংখ্যক পদ।
২। 'নামে' প-র। ৩। 'ধনে' প। ৪। 'দিলা' ইত্যাদি স্থলে 'ধনি কৈল জগজনে' প-র। ৫। 'পঙ্গু অন্ধ' ক, খ, চ; প-র-সা। ৬। 'প্রেম রসে' স্থলে 'প্রেমে সব' ক, খ, চ; প-র-সা। ৭। 'প্রেম-রসে'

ইত্যাদি স্থলে 'তেয়াগিয়া অন্ন পান হৈয়া প্রেমে অগেয়ান' প-র। ৮। 'না মরিলুঁ' স্থলে 'কিবা কৈলুঁ' প-র। ৯। 'হাতে' ক, চ; প-র-সা; 'হাথে' খ। ১০। 'এথের' ইত্যাদি স্থলে 'হারাইলুঁ হেন প্রেমনিধি' প-র। ১১। 'কহে' ইত্যাদি স্থলে 'বলরাম দাসচ্ছার' প-র। ১২। 'বঞ্চিত কৈলা' স্থলে 'বঞ্চিলেক' প-র।

ধানশী[১]।

প্রেম-সিন্ধু গোরা রায় নিতাই-তরঙ্গ তায়
করুণা-বাতাস চারি পাশে।
প্রেম উথলিয়া পড়ে জগত হাফান[২] ছাড়ে
তাপ[৩] তৃষ্ণা সভাকার নাশে॥
দেখ দেখ নিতাই চৈতন্য দয়াময়।
ভক্ত-হংস-চক্রবাকে পিব পিব বলি ডাকে
পাইয়া বঞ্চিত কেন হয় ॥ধ্রু॥
ডুবি রূপ সনাতন তোলে নানা রত্ন ধন
যতনে গাঁথিয়া তার মালা।
ভক্তি-লতা[৪]-সূত্র করি লেহ জীব কণ্ঠ ভরি
দূরে যাবে তপনের জ্বালা॥
লীলা-রস সংকীর্ত্তন বিকসিত পদ্ম-বন
জগত ভরিল যার বাসে।
ফুটিল কুসুম বন মাতিল ভ্রমরগণ
পাইয়া বঞ্চিত কৃষ্ণদাসে ॥১২॥২৩৪৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৪৭ সংখ্যক পদ। ২। 'হাকাল' ক। ৩। 'পাপ' খ। ৪। 'প্রেম' ঘ।

ইত্যাদি দ্বয়োগুণ-লীলা-বর্ণনং।

পুনশ্চ প্রকারান্তরং যথা।

বিভাষ[১]।

পাসরা না যায় আমার গোরাচাঁদের লীলা।
যাহার গুণে পশুপাখী ঝুরে সদা দুটি আঁখি
গলিয়া গলিয়া পড়ে শিলা ॥ধ্রু॥
যাহার নামের লাগি মহেশ হইলা যোগী
বিরিঞ্চি ভাবয়ে অনুক্ষণে।
ব্রহ্মার দুর্লভ নাম সুলভ করিয়া পহু
যাচিয়া দেয়ল ত্রিভুবনে॥
গৌরাঙ্গ[৩]-অঙ্গ[৪] শোভে[৫] পুলক-কদম্ব তাহে
অপরূপ শ্রীঅঙ্গের শোভা।
আনন্দে বিভোর ঠাকুর নিত্যানন্দ
দেখিয়া কনকের আভা ॥১৩॥২৩৪৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৪৮ সংখ্যক পদ। ২। 'যাহার' ইত্যাদি স্থলে 'যাহার গুণে পশুপাখী ঝুরয়ে' ক, ঘ, চ; প-র-সা। ৩। 'শ্রীগৌরাঙ্গ' ক। ৪। 'অঙ্গে' ক, প-র-সা; 'অঙ্গের' খ, চ। ৫। 'শোভে' শব্দটি ঘ পুথিতে নাই।

তথা রাগ[১]।

গৌরাঙ্গ নহিত কি মেনে[২] হইত
কেমনে ধরিত দে।
রাধার মহিমা প্রেম-রস-সীমা
জগতে জানাইত কে॥
মধুর বৃন্দা- বিপিন-মাধুরি-
প্রবেশ চাতুরি-সার।
বরজ-যুবতি- ভাবের ভকতি
শকতি হইত কার॥
গাও পুন পুন গৌরাঙ্গের গুণ
সরল হইয়া[৩] মন।

এ ভব-সাগরে　　　এমন দয়াল
না দেখিয়ে এক জন ॥
গৌরাঙ্গ বলিয়া　　　না গেল গলিয়া
কেমনে ধরিল দে।
বাসুর হিয়া　　　পাষাণ দিয়া
কেমনে গড়িয়াছে ॥১৪॥২৩৪৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৪৯ সংখ্যক পদ।
২। 'কি মেনে' স্থলে 'কেমনে' ক, ঘ; 'কি মনে' খ।
৩। 'হইয়া' প-র-সা।

ভাটিয়ারী[১]।

যত যত অবতার-সার।
বুঝিতে রহিল আমার গোরা অবতার ॥ ধ্রু ॥
ব্রহ্মার দুর্ল্লভ কৃষ্ণ-প্রেম নাম-ধন।
আচণ্ডালে দিয়া পহু ভরিল ভুবন ॥
ম্লেচ্ছ পাষণ্ড আদি প্রেমের বন্যায়।
ডুবিয়া সকল লোক হাসে নাচে গায় ॥
পশু পক্ষী[২] ব্যাঘ্র মৃগ[৩] জলচরগণে।
হাসে কান্দে নাচে গায় করয়ে কীর্ত্তনে ॥
স্বর্গ মর্ত্ত্য পাতাল ডুবিল গোরা[৪]-প্রেমে।
বঞ্চিত হইল একা[৫] দাস বলরামে ॥১৫॥২৩৪৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৫০ সংখ্যক পদ।
২। 'পক্ষ' খ　৩। 'মৃগী' ঘ, প-র-সা।
৪। 'সব' ক; প-র-সা। শব্দটি চ পুথিতে নাই।
৫। 'এক' ক, খ।

তথা রাগ[১]।

অবতার বড় অবতার কৈলা বড়[২]।
এমন করুণা কোন যুগে নাহি কর ॥
প্রতি ঘরে ঘরে শুনি প্রেমের কান্দনা।
কলি-যুগে হরি-নাম রহিল ঘোষণা ॥
সুখ-সায়রের ঘাটে দিয়া প্রেমের ভরা[৩]।
ভাল হাট পাত্যাছ[৪] গৌর[৫] প্রেমের পসরা ॥
জগাই মাধাই তারা ছিল দুই ভাই।
হরি-নামে উদ্ধারিলা চৈতন্য গোসাঞি ॥
॥১৬॥২৩৪৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৫১ সংখ্যক পদ।
২। 'অবতার' ইত্যাদি স্থলে 'অবতার কৈলা বড় বড়' ক, খ; প-র-সা; 'অবতার কৈলা বড় অবতার কৈলা বড়' চ। ৩। 'ভারা' ক খ, ঘ, চ।
৪। 'পাতাইলা' ঘ। ৫। ঘ পুথিতে শব্দটি নাই।

ইতি চতুর্থ-শাখায়াং ত্রয়োবিংশ-পল্লবঃ।

অথ শ্রীঅদ্বৈতচন্দ্রস্য গুণ-বর্ণনং যথা।

তথা রাগ[১]।

বন্দিব অদ্বৈত শিরে　　　যে আনিলা ধীরে ধীরে
মহাপ্রভু অবনী মাঝার।
নন্দের নন্দন যে[২]　　　শচীর নন্দন সে[২]
নিত্যানন্দ রায় সখা যার ॥
প্রভু মোর অদ্বৈত গোসাঞি।
উত্তম অধম জনে　　　তরাইলা ভক্তি-দানে
এমন দয়াল[৩] দাতা নাই ॥ ধ্রু ॥
উত্তম অধম[৫] মেলি　　　করাইলা কোলাকুলি
অন্ধ বধির যত আছে।
পঙ্গুয়া[৬] চলিল ধাঞা　　　হরি হরি বোলাইয়া
দু বাহু তুলিয়া তারা নাচে ॥
প্রেমের[৭] বন্যা নিতাই হৈতে অদ্বৈত তরঙ্গ তাতে
চৈতন্য-বাতাসে উথলিল।

আকাশে লাগিছে[৮] ঢেউ স্বর্গে নাহি বাঁচে[৯] কেউ
সপ্ত পাতাল ভেদি গেল ॥
ডুবিল যে নাগ-লোক নর-লোক সুর-লোক
গোলোক ভরিল প্রেম-বন্যা।
কেহ নাচে কেহ গায় কেহ হাসে কেহ ধায়[১০]
বিশেষে ধরণী হৈল ধন্যা ॥
হেন লীলা করে যেই অদ্বৈত আচার্য্য সেই
অনন্ত অপার রস-ধাম।
এমন প্রেমের বন্যা স্থাবর জঙ্গম ধন্যা
বঞ্চিত হইল বলরাম ॥১॥২৩৪৮ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৫২ ও প-র পুথির ১১৮ সংখ্যক পদ। ২। 'যেই' প-র। ৩। 'সেই' প-র। ৪। 'দয়ার' খ। ৫। 'উত্তমে অধমে' প-র। ৬। 'পঙ্গু' প-র। ৭। 'প্রেম' প-র। ৮। 'লাগিল' প-র। ৯। 'নাহি বাঁচে' স্থলে 'না এড়ায়' প-র। ১০। 'কেহ নাচে' ইত্যাদি পংক্তি ছয়টির স্থলে প-র পুথির পাঠ, যথা,—
'সে রস-সমুদ্র মাঝে বলরাম না ডুবল
স্থাবর জঙ্গম হল্য ধন্যা ॥'

তুড়ী[১]।

জয় জয় অদ্বৈত আচার্য্য দয়াময়।
যার হুহুঙ্কারে গৌর-অবতার হয় ॥
প্রেম-দাতা সীতানাথ করুণা-সাগর।
যার প্রেম-রসে আইলা গৌরাঙ্গ নাগর ॥
যাহারে করুণা করি কৃপা-দিঠে চায়।
প্রেমাবেশে যে[২] জন চৈতন্য-গুণ গায় ॥
তাহার চরণে যেবা লইলা শরণ।
সে জন পাইলা গৌর-প্রেম-মহাধন ॥
এমন দয়ার নিধি কেনে না ভজিলুঁ।
লোচন বলে নিজ মাথে বজর পাড়িলুঁ ॥২॥২৩৪৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৫৩ সংখ্যক পদ।
২। 'সে' ক, খ, চ; প-র-সা।

আশাবরী[১]।

জয় অদ্বৈত-দয়িত[২] করুণাময়
রসময় গৌরাঙ্গ রায়।
নিত্যানন্দ-চন্দ[৩] যছু মানস
মানুষ সো করুণায় ॥
অজ-ভব-দেব দেবগণ-বন্দিত
যছু সহ এক পরাণ।
সুর-মুনিগণ নারদ শুক সুরসুত
যাক মরম নাহি জান ॥
দেখ দেখ দীন-দয়াময় রূপ।
দরশনে তুরিত দুর করু তুই জনে
দেয়ত প্রেম অনূপ ॥ ধ্রু ॥
অখিল জিবন জন নিমগন অনুখণ
বিষয়-বিষানল মাহ।
যাক কৃপায় সোই অব জনে জনে
প্রেম-অমিয়া[৪] অবগাহ ॥
ঐছন পরম দয়াময় পহু মোর
সীতা-পতি আচার্য্য।
কহ শ্যামদাস আশ পদ-পঙ্কজ
অনুখণ হউ শিরধার্য্য ॥৩॥২৩৫০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৫৪ সংখ্যক পদ।
২। শব্দটি ক ও প-র-সা পুথিতে নাই।
৩। 'কন্দ' ক, চ। ৪। 'করুণা' ক।

তথা রাগ[১]।

পরম মঙ্গল-কন্দ আচার্য্য অদ্বৈতচন্দ্র
জয় জয় পহু সীতা-নাথ ॥

জয় শান্তিপুর-রায়　　অবতরি করুণায়
বিহরই নিজ-বৃন্দ সাথ ॥
গুণ কি কহিব ওরে ভাই।
প্রেম-ধন-বিতরণে　　কত শত জীবগণে
ধনী কৈলা কৃপা-দিঠে[২] চাই ॥ ধ্রু ॥
প্রতিজ্ঞা করিয়া[৩] মনে　　দীন হীন আকিঞ্চনে
আচণ্ডাল করিলা[৪] উদ্ধার।
নিরমিল[৫] কেবা জনু　　অরুণ নয়ান দুনু[৬]
করুণায় পরিপূর্ণ যার ॥
উথলিল মহানন্দ　　অবতীর্ণ গৌরচন্দ
ঘন ঘন পূরে মালশাট।
নিজানন্দ-কুতুহলে　　হুঙ্কার গর্জ্জন করে
উঘারিলা[৭] প্রেমের কপাট ॥
হেন প্রেম-বিলসনে　　বঞ্চিত এহেন জনে
করুণায় ভরিল সংসার।
দাড়াইলু[৮] হেন মনে　　প্রভু সে অদ্বৈত বিনে
গোকুলানন্দের নাহি আর ॥৪॥২৩৫১॥

পাঠান্তর।

১। ইহা প-র-সা পুথির ২৪৫৫ সংখ্যক পদ। ২। 'দৃষ্টে' ক, খ, ঘ; প-র-সা। ৩। 'করিলা' ক। ৪। 'করিয়া' ক, চ। ৫। 'নিরমল' ক। ৬। 'দুন' খ; ঘ, চ। ৭। 'উঘাড়িল' ক, চ; প-র-সা। ৮। 'দড়াইল' ক।

তথা রাগঃ[১]।

কেহু[২] কহে পরম ভাগবত কেহু[৩] কহে
পরম উত্তম দ্বিজ-রাজ।
সকল ভুবন মঙ্গলময় ধাম এহ
বৈকুণ্ঠ শান্তিপুর মাঝ ॥
সীতানাথের অবতার বেদের নিগূঢ়।
আনিয়া চৈতন্য-চন্দ্রে উদ্ধারিলা ত্রিভুবনে
পরম পাষণ্ডী পাপী মূঢ় ॥ ধ্রু ॥
খেণে খেণে সোঙরি বৃন্দাবন হুহুক্ত[৪]
কোই না বুঝে ইহ রঙ্গ।
খেণে নিরবেদ খেদ খেণে হাসই
খেণে পূজই নিজ-অঙ্গ ॥
কত কোটি চন্দ্র সুশীতল বিগ্রহ
সঙ্গহি সীতা ঠাকুরাণী[৫]।
কলি-ভব-তাপ-নিবারণ-কারণ
শ্যামদাস কহ বাণী ॥৫॥২৩৫২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৫৬ সংখ্যক পদ। ২—৩। 'কেহ' প-র-সা। ৪। 'হুহুক্ত' ক, খ, চ; প-র-সা। ৫। 'রাণী' ক; 'বাণী' ঘ; 'পহু রাণী' প-র-সা।

ইতি চতুর্থ-শাখায়াং চতুর্ব্বিংশ-পল্লবঃ।

অথ শ্রীগৌরভক্তবৃন্দস্য চরিত্র-বর্ণনং
সংক্ষেপেণ যথা।

কল্যাণী[১]।

সপ্তদ্বীপ দীপ্ত করি　　শোভে নবদ্বীপ-পুরী
যাহে বিশ্বম্ভর দেব-রাজ।
তাহে তার ভক্ত যত　　তাহাতে শ্রীবাস খ্যাত
শ্রীকৃষ্ণ-কীর্ত্তন যার কাজ ॥
জয় জয় ঠাকুর পণ্ডিত।
যার কৃপা-লেশ মাত্র　　হয় গৌর-প্রেম-পাত্র
অনুপম সকল চরিত ॥ ধ্রু ॥
গৌরাঙ্গের সেবা বিনে　　দেবা দেবী নাহি জানে
চারি ভাই দাস দাসী লৈয়া।
সদত[২] কীর্ত্তন-রঙ্গে　　গৌর গৌর-ভক্ত সঙ্গে
অহর্নিশি প্রেমে মত্ত হৈয়া ॥
যার ভার্য্যা শ্রীমালিনী　　পতিব্রতা-শিরোমণি
যারে প্রভু কহয়ে জননী।

নিত্যানন্দ রহে ঘরে পুত্র সম স্নেহ করে
স্তন ঝরে নেত্রে বহে পানী ॥
কভু বা ঈশ্বর-জ্ঞানে নতি করে শ্রীচরণে
কভু কোলে করয়ে লালন।
প্রভুর নৃত্য ভঙ্গ লাগি মৃত-পুত্র-শোক ত্যাগি
শুনি প্রভু করয়ে রোদন ॥
ভ্রাতৃ-সুতা নারায়ণী বৈষ্ণব-মণ্ডলে ধ্বনি
যার পুত্র বৃন্দাবন দাস।
বর্ণিয়া চৈতন্য-লীলা ত্রিভুবন উদ্ধারিলা
প্রেমদাস করে যার আশ ॥১॥২৩৫৩।

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৫৭ সংখ্যক পদ। ২। 'সতত' ক।

বেলোয়ার[১]।

জয় জয় শ্রীল গদাধর পণ্ডিত
মণ্ডিত ভাব-ভূষণ অনুপাম।
শ্রীচৈতন্য-অভিন্ন শকতি গুণ
অন্য-সুদুরগম[২] যছু রস-ধাম ॥
কিয়ে বিহি[৩] জগ-জন-দুরগতি জানি।
শ্রীবৃন্দাবন-মধুর-ভজন-ধন
সম্পদ-সার মিলায়ল আনি ॥ ধ্রু ॥
গর গর গৌর প্রেম-ভরে ঝরঝর
অরুণ করুণ বরুণালয় আঁখি।
খেণে খেণে[৪] স্তবধ শবদ খেণে গদগদ
আধ আধ পদ গোপিনাথ[৫] ভাখি ॥
নব[৬] অনুরাগি লাগি রহু অন্তর
উথলয়ে খেণে প্রেম-জলধি-তরঙ্গ।
দাস শিবাই আই খিন দিন-জন
না পাওল সতত অসত-পথ রঙ্গ ॥
॥২॥২৩৫৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৫৮ সংখ্যক পদ। ২। 'সুদুর্গম' ক; 'সুদুরুগম' খ। ৩। 'বিধি' ক। ৪। 'ক্ষণেকে' ক, চ; প-র-সা। ৫। 'গোপী গোপিনাথ' ঘ। ৬। 'যব' ক, খ, চ।

পঠমঞ্জরী[১]।

জয় জয় পণ্ডিত গোসাঞি।
যার কৃপা-বলে[২] সে চৈতন্য-গুণ গাই ॥
হেন সে গৌরাঙ্গচন্দ্রে যাহার পিরিতি।
গদাধর-প্রাণনাথ যাহে নাম-খ্যাতি ॥
গৌর-গত-প্রাণ প্রেম কে বুঝিতে পারে।
ক্ষেত্র-বাস কৃষ্ণ-সেবা যার লাগি ছাড়ে ॥
গদাইর[৩] গৌরাঙ্গ গৌরাঙ্গের গদাধর।
শ্রীরাম জানকী যেন এক-কলেবর ॥
যেন এক-প্রাণ রাধা বৃন্দাবন-চন্দ ॥
তেন গৌর গদাধর প্রেমের তরঙ্গ ।
কহে শিবানন্দ পহু যার অনুরাগে।
শ্যাম-তনু গৌর হইয়া প্রেম মাগে ॥৩॥২৩৫৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৫৯ সংখ্যক পদ। ২। 'লেশে' প-র-সা। ৩। 'গদাধর' ঘ।

তথা রাগ[১]।

দুহুঁ দুহুঁ পিরিতি-আরতি নাহি টুটে।
পরশে পরম কত কত সুখ উঠে ॥
নাচয়ে গৌরাঙ্গ মোর গদাধর-রসে।
গদাধর নাচে পুন গৌরাঙ্গ-বিলাসে ॥
প্রকৃতি পুরুষ কিবা জানকী শ্রীরাম।
রাধা-কানু এই কিবা রতি দেব কাম ॥
অনন্ত অনঙ্গ জিনি অঙ্গের বলনি।
উপমা মহিমা-সীমা কি বলিতে জানি ॥

মুখে চাঁদ কি বর্ণিব নিতি জীয়ে মরে।
কর-পদে পদ্ম কিবা হিম-ভয়ে ঝরে ॥
প্রেম-কীর্ত্তন সুখ নদীয়া-নগরে।
প্রেমের গৃহিণী সে পণ্ডিত গদাধরে ॥
প্রেম-পরশ-মণি শচীর নন্দন।
উদ্ধারিল জগ-জন দিয়া প্রেম-ধন ॥
কহে নয়নানন্দ দোঁহার বিহার।
শুনিলে পাইবা দোঁহে ইথে কি বিচার ॥
॥৪॥২৩৫৬॥

পাঠান্তর

১। এই পদটি ২০৬৯ পদ-রূপে ৪র্থ শাখার ১৭শ পল্লবে উদ্ধৃত হইয়াছে; সুতরাং পাঠান্তর ইত্যাদি সেখানে দ্রষ্টব্য।

শ্রীরাগ[১]।

জয় জয় প্রভু মোর ঠাকুর হরিদাস।
যে করিল হরি-নামের মহিমা প্রকাশ ॥
গৌর-ভক্তগণ মধ্যে সর্ব্ব-অগ্রগণ্য।
যার গুণ গাই কান্দে আপনে চৈতন্য ॥
অদ্বৈত আচার্য্য প্রভুর প্রেম-সীমা[২]।
তেঁহো সে জানেন হরিদাসের মহিমা ॥
নিত্যানন্দচাঁদ যারে প্রাণ হেন জানে।
চরণ-পরশে মহী দেহ ধন্য মানে ॥৫॥২৩৫৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৬১ সংখ্যক পদ।
২। 'প্রেম প্রিয় সীমা' ঘ।

ভাটিয়ারি[১]।

ঠাকুর পণ্ডিতের বাড়ী গোরা নাচে ফিরি ফিরি
নিত্যানন্দ বলে হরি হরি।
কান্দি গৌরীদাস বলে　পড়ি প্রভুর পদ-তলে
কভু না ছাড়িবে মোর বাড়ী ॥
আমার বচন রাখ　অম্বিকানগরে থাক
এই নিবেদন তুয়া পায়।
যদি ছাড়ি যাবে তুমি　নিশ্চয় মরিব আমি
রহিব সে নিরখিয়া কায় ॥
তোমরা যে দুটি ভাই　থাক মোর এই ঠাঞি
তবে সভার হয় পরিত্রাণ।
পুন নিবেদন করি　না ছাড়িহ গৌরহরি
তবে জানি পতিত-পাবন ॥
প্রভু কহে গৌরীদাস　ছাড়হ এমত আশ
প্রতিমূর্ত্তি সেবা করি দেখ।
তাহাতে আছিয়ে আমি　নিশ্চয় জানিহ তুমি
সত্য মোর এই বাক্য রাখ ॥
এত শুনি গৌরীদাস　ছাড়ি দীর্ঘ নিশ্বাস
ফুকরি ফুকরি পুন কান্দে।
পুন সেই দুই ভাই　প্রবোধ করয়ে তায়
তমু হিয়া থির নাহি বান্ধে ॥
কহে দীন কৃষ্ণদাস　চৈতন্য-চরণে আশ
দুই ভাই রহিলা তথায়।
ঠাকুর পণ্ডিতের প্রেমে　বন্দী হৈলা দুই জনে
ভকত-বৎসল তেঞি গায় ॥৬॥২৩৫৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৬২ সংখ্যক পদ।

তথা রাগ[১]।

আকুল দেখিয়া[২] তারে　কহে গৌর ধীরে ধীরে
আমরা থাকিলাম তোর[৩] ঠাঞি।
নিশ্চয় জানিহ তুমি　তোমার এ ঘরে আমি
রহিলাম এই দুই ভাই ॥

এতেক প্রবোধ দিয়া দুই প্রতিমূর্ত্তি[৪] লৈয়া
আইল পণ্ডিত বিদ্যমান।
চারি জনে দাঁড়াইল পণ্ডিত বিস্ময় ভেল
ভাবে অশ্রু বহয়ে নয়ান ॥
পুন প্রভু কহে তারে তোর ইচ্ছা হয় যারে
সেই দুই রাখ নিজ ঘরে।
তোমার প্রতীত লাগি তোর ঠাঞি খাব মাগি
সত্য সত্য জানিহ অন্তরে ॥
শুনিয়া পণ্ডিত-রাজ করিলা রন্ধন-কাজ
চারি জনে ভোজন করিলা।
পুষ্প-মাল্য বস্ত্র দিয়া তাম্বূলাদি সমর্পিয়া
সর্ব্ব অঙ্গে চন্দন লেপিলা ॥
নানা মতে পরতীত করায়্যা ফিরাল্য চিত
দোঁহারে রাখিল নিজ ঘরে।
পণ্ডিতের প্রেম লাগি দুই ভাই খায় মাগি
দোঁহে গেলা নীলাচল-পুরে ॥
পণ্ডিত করয়ে সেবা যখন যে[৫] ইচ্ছা যেবা
সেই মত করয়ে বিলাস।
হেন প্রভু গৌরীদাস তার পদ করি আশ
কহে দীন হীন কৃষ্ণদাস ॥৭॥২৩৫৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৬৩ সংখ্যক পদ। ২। 'দেখিতে' খ। ৩। 'তোমার' ক। ৪। 'মূর্ত্তি মূর্ত্তি' ক। ৫। 'সেই' ক; প-র-সা।

তথা রাগ[১]।

শ্রীবৃন্দাবন নাম[২] রত্ন-চিন্তামণি-ধাম[৩]
তাহে কৃষ্ণ বলরাম পাশ।
সুবলচন্দ্র নাম ছিল এবে গৌরীদাস হৈল
অম্বিকা নগরে যার বাস ॥
নিতাই চৈতন্য যার সেবা কৈল অঙ্গীকার
চারি মূর্ত্তি[৪] ভোজন করিল।
পুরবে সুবল জনু বশ কৈল রাম কানু
পরতেক এখন রহিল ॥
নিতাই চৈতন্য বিনে আর কিছু নাহি জানে
কে কহিবে প্রেমের বড়াই।
সাক্ষাতে রাখিল ঘরে হেন কে করিতে পারে
নিতাই চৈতন্য দুই ভাই ॥
প্রেমে লম্ফ ঝম্প যার পুলকিত হুহুঙ্কার
খেণেকে রোদন খেণে হাস।
তাঁর পাদ পদ্ম রেণু ভূষণ করিয়া তনু
কহে দীনহীন কৃষ্ণদাস ॥৮॥২৩৬০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৬৪ সংখ্যক পদ। ২। 'ধাম' প-র-সা। ৩। 'নাম' প-র-সা। ৪। 'মূর্ত্তে' ক।

অথ শ্রীসনাতন-রূপ-গোস্বামিনাং গুণ-বর্ণনং যথা।

তথা রাগ[১]।

রূপের বৈরাগ্য-কালে সনাতন বন্দী-শালে
বিষাদ ভাবয়ে মনে মনে।
রূপেরে করুণা করি ত্রাণ কৈলা গৌরহরি
মো অধমে না কৈলা স্মরণে[২] ॥
মোর কর্ম্ম-দোষ-ফাঁদে হাথে পায়ে গলে[৩] বান্ধে
রাখিয়াছে[৪] কারাগারে ফেলি।
আপনে করুণা-পাশে দঢ়[৫] করি ধরি[৬] কেশে
চরণ নিকটে লেহ তুলি ॥
পশ্চাতে অগাধ জল দুই পাশে দাবানল
সম্মুখে সাঁধিল ব্যাধ বাণ।

কাতরে হরিণী ডাকে পড়িয়া বিষম পাকে
এই বার কর পরিত্রাণ ॥
জগাই মাধাই হেলে বাসুদেব অজামীলে
অনায়াসে করিলা উদ্ধার।
এ দুখ-সমুদ্র ঘোরে[৭] নিস্তার করহ মোরে
তোমা বিনে কেহ নাহি আর ॥
হেন কালে এক জনে অলখিতে সনাতনে
পত্রী দিল রূপের লিখন।
এ রাধাবল্লভ দাসে মনে হৈল আশ্বাসে
পত্রী পড়ি[৮] করিলা[৯] গোপন ॥৯॥২৩৬১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৬৫ সংখ্যক পদ। ২। 'মরণে' ক, খ, ঘ; 'মরমে' চ। ৩। 'গলায় পায়ে' ক, খ। ৪। 'রাখিয়াছ' ক। ৫। 'দড়' ক, চ; প-র-সা। ৬। 'ধর' খ। ৭। 'দুখ' ইত্যাদি স্থলে 'দুঃখ সমুদ্রে মরে' ক; 'দুখ সমুদ্রে ঘোষে' খ। ৮। 'দিল' ক। ৯। 'করিয়া' ক।

তথা রাগ[১]।

শ্রীরূপের বড় ভাই সনাতন গোসাঞি
পাতশার উজীর হৈয়াছিলা।
শ্রীরূপের পত্রী পাইয়া বন্দী হৈতে পলাইয়া
কাশীপুরে গৌরাঙ্গে ভেটিলা ॥
ছিঁড়া বস্ত্র অঙ্গে[২] মলি হাতে নখ মাথে চুলি
নিকটে যাইতে অঙ্গ হালে।
দুই গুচ্ছ তৃণ করি এক গুচ্ছ দন্তে ধরি
পড়িলা গৌরাঙ্গ-পদতলে ॥
দরবেশ-রূপ দেখি প্রভুর সজল আঁখি
বাহু পাসরিয়া আইসে ধাঞা।
সনাতনে করি কোলে কাতরে গোসাঞি বলে
মো অধমে স্পর্শ কি লাগিয়া ॥
অস্পর্শ[১] পামর দীন দুরাচার মন্দ[২] হীন
নীচ সঙ্গে নীচ[৩] ব্যবহার।
এ হেন পামর জনে স্পর্শ প্রভু কি কারণে
যোগ্য নহোঁ তোমা স্পর্শিবার ॥
ভোট-কম্বল দেখি গায় প্রভু পুন পুন চায়
লজ্জিত হইলা সনাতন।
গৌড়িয়ারে ভোট দিয়া ছিঁড়া এক কাঁথা[৩] লৈয়া
প্রভু-স্থানে পুন আগমন ॥
গৌরাঙ্গ করুণা করি রাধাকৃষ্ণ-মাধুরি
শিক্ষা করাইলা সনাতনে।
প্রভু কহে রূপ সনে দেখা হবে বৃন্দাবনে
প্রভু-আজ্ঞায় করিলা গমনে ॥
কভু কান্দে কভু হাসে কভু প্রেমানন্দে ভাসে
কভু ভিক্ষা কভু উপবাস।
ছেঁড়া কাঁথা নাড়া[৭] মাথা মুখে কৃষ্ণ-নাম[৮] গাঁথা[৯]
পরিধান ছেঁড়া বহির্বাস ॥
গিয়া গোসাঞি সনাতন প্রবেশিলা বৃন্দাবন
রূপ সঙ্গে হইল মিলন।
ঘর্ম্ম অশ্রু নেত্রে পড়ে সনাতনের পদ ধরে
কহে রূপ গদগদ বচন ॥
গৌরাঙ্গের যত গুণ কহে রূপ সনাতন
হা নাথ হা নাথ বলি ডাকে।
ব্রজপুরে ঘরে ঘরে মাধুকরী[১০] ভিক্ষা করে
এইরূপে কথো[১১] দিন থাকে ॥
কথো[১২] দিন তাহা ছাড়ি কুঞ্জে কুঞ্জে রহে পড়ি[১৩]
ফল মূল করয়ে ভক্ষণ।
উচ্চ-স্বরে আর্ত্ত-নাদে রাধাকৃষ্ণ বলি কান্দে
এইরূপে থাকে কথো[১৪] দিন ॥
কথো[১৫] দিন অন্তর্মনা ছাপ্পান্ন দণ্ড ভাবনা
চারি দণ্ড নিদ্রা বৃক্ষ-তলে।
স্বপ্নে রাধাকৃষ্ণ দেখে নাম-গুণে সদা থাকে
অবসর নাহি এক তিলে ॥

কখন বনের শাক অলবণে করে[১৬] পাক
মুখে দেন দুই চারি[১৭] গ্রাস।
ছাড়িয়া ভোগ-বিলাস তরু-তলে কৈলা বাস
এক দুই দিন উপবাস ॥
সূক্ষ্ম বস্ত্র বাজে গায় ধূলায় লোটায় কায়
কণ্টকে বাজয়ে কভু পাশ।
এ রাধাবল্লভ দাস বড় মনে অভিলাষ
কবে হব তার দাসের দাস ॥
॥১০॥২৩৬২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৬৬ সংখ্যক পদ। ২। 'অজে' ক, খ। ৩। 'অস্পর্শ্য' ক। ৪। 'মত্তি' প-র-সা। ৫। 'নিত্য' প-র-সা। ৬। 'কেথা' ঘ; 'কেঁথা' চ; 'কান্থা' প-র-সা। ৭। 'নেড়া' ক, খ। ৮। 'গুণ' ক, চ; প-র-সা। ৯। 'গাথা' ক, খ, ঘ; প-র-সা। ১০। 'মাধুরী' খ; 'মাধুকুরি' ঘ, চ। ১১,১২। 'কন্ত' ক। ১৩। 'রহে প'ড়ি' স্থলে 'ভিক্ষা করি' ক। ১৪। ১৫। 'কত' ক। ১৬। 'করি' ক। ১৭। 'এক' প-র-সা।

পাহিড়া[১]।

আরে মোর শ্রীরূপ গোসাঞি।
গৌরাঙ্গচাঁদের ভাব প্রচার করিয়া[২] সব
জানাইতে হেন আর[৩] নাই ॥ ধ্রু ॥
বৃন্দাবন নিত্যধাম সর্ব্বোপরি অনুপাম
সর্ব্ব-অবতারী নন্দ-সুত।
তার কান্তা-গণাধিকা সর্ব্বারাধ্য-শ্রীরাধিকা
তার সখীগণ সঙ্গ যুথ ॥
রাগ-মার্গে তাহা পাইতে যাহার করুণা হৈতে
বুঝিল[৪] পাইল যত[৫] জনা।
এমন দয়ালু ভাই কোথাও দেখিয়ে নাই
তার পদ করহ ভাবনা ॥
শ্রীচৈতন্য-আজ্ঞা পাঞা ভাগবত বিচারিয়া
যত ভক্তি-সিদ্ধান্তের খনি।
তাহা উঠাইয়া কত নিজ গ্রন্থ করি যত
জীবে দিলা প্রেম-চিন্তামণি ॥
রাধাকৃষ্ণ-রস-কেলি নাট্য গীত পদ্যাবলি
শুদ্ধ পরকীয়া মত করি।
চৈতন্যের মনোবৃত্তি স্থাপন করিলা খিতি
আস্বাদিয়া তাহার মাধুরি ॥
চৈতন্য-বিরহে শেষ পাই অতিশয় ক্লেশ
তাহে যত প্রলাপ বিলাপ।
সে সব কহিতে ভাই দেহে প্রাণ রহে নাই
এ রাধাবল্লভ হিয়ে তাপ ॥১১॥২৩৬৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৬৭ সংখ্যক পদ। ২। 'করিলা' প-র-সা। ৩। 'হেন আর' স্থলে 'আর দেখি' খ। ৪। 'বুঝিতে' প-র-সা। ৫। 'জেতে' ঘ, চ।

তথা রাগ[১]।

যঙু[২] কলি-রূপ শরীর না ধারত[৩]।
তঙু[৪] ব্রজ-ভূতল প্রেম-মহানিধি
কোঙন[৫] কপাট উঘাড়ত ॥ ধ্রু ॥
নির খির হংসন পান বিধায়ন
কোঙন[৬] পৃথক করি পারত।
কো সব তেজি ভজি বৃন্দাবন
কো-সব গ্রন্থ বিচারত ॥
যদপিও[৭] বনফুল ফলত নানাবিধ
মন-রাজী-অরবিন্দ।
সো মধুকর বিনে পান কো[৮] জানত
বিত্তমান[৯] মকরন্দ[১০] ॥
কো জানত মথুরা বৃন্দাবন
কো জানত ব্রজ[১১]-নীত।

কো জানত রাধা-মাধব-রতি
কো জানত সোই প্রীত ॥
যাক[১২] চরণ-পরসাদে সকল জন
গাই গাওয়াই সুখ পাওত।
চরণ-কমলে শরণাগত মাধো[১৩]
তব মহিমা উর[১৪] লাগত[১৫] ॥১২॥২৩৬৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৬৮ সংখ্যক পদ। ২। 'জেও' প-র-সা। ৩। 'ধরত' খ; প-র-সা। ৪। 'তেও' প-র-সা। ৫। ৬। 'কোন' ক, খ, চ; 'কৌন' প-র-সা। ৭। 'যব পিতু' ক; 'অদপিয়' প-র-সা। ৮। 'কোন' ক। ৯। 'বিদ্যমান' খ। ১০। 'করি বন্ধ' ক; 'কর বন্ধ' খ, চ; প-র-সা। ১১। 'ব্রজ সব' ক। ১২। 'যাকর' ক; 'যাকো' ঘ। ১৩। 'মাধব' ক; 'মাধ' প-র-সা। ১৪। 'উক' ক। ১৫। 'মাগত' ক।

তথা রাগ[১]।

জয় জয় রূপ মহারস-সাগর।
দরশন পরশন[২] বচন রসায়ন
আনন্দহুকে গাগর ॥ ধ্রু ॥
অতি গম্ভীর ধীর করুণাময়
প্রেম-ভকতিক[৩] আগর।
উজ্জল-প্রেম-মহামণি প্রকটিত
দেশ গৌড় বৈরাগর ॥
সতগুণ-মণ্ডিত পণ্ডিত-রঞ্জন
বৃন্দাবন-নিজ-নাগর।
কিরিতি বিমল যশ শুনতহিঁ মাধো[৪]
সতত রহল হিয়ে জাগর ॥১৩॥২৩৬৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৬৯ সংখ্যক পদ। ২। 'দরশ পরশ' ক। ৩। 'ভকতিকে' ঘ, চ। ৪। 'মাধব' ক; 'মাধ' প-র-সা।

শ্রীরাগ[১]।

জয়[২] পহু শ্রীল সনাতন নাম।
ভরল ভুবন মহা[৩] যছু গুণ-গাম ॥
তেজল সকল সুখ-সম্পদ-পার।
শ্রীচৈতন্য-চরণ করু সার ॥
শ্রীবৃন্দাবন-ভূমে করি[৪] বাস।
লুপত-তীর্থ সব কয়ল প্রকাশ ॥
শ্রীগোবিন্দ-সেবা পরচারি।
কয়ল ভাগবত-অর্থ-বিচারি ॥
যুগল-ভজন লীলা গুণ নাম।
কয়ল বিথার গ্রন্থ অনুপাম ॥
সতত গৌর-প্রেমে গর গর দেহ।
ভ্রমই বৃন্দাবনে না পায়ই থেহ ॥
বিপুল-পুলক-ভর নয়নহি নীর।
রাই কানু বলি পড়ই অথীর ॥
ভাব-বিভূষণ সকল শরীর।
অনুখণ বিহরই যমুনাক তীর ॥
যছু করুণায় বৃন্দাবন পাই।
ভাবই মনোহর সোই গোসাঞি ॥
॥১৪॥২৩৬৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৭০ সংখ্যক পদ। ২। 'জয় জয়' ক। ৩। 'মাহা' ঘ। ৪। 'কর' প-র-সা।

সারঙ্গ[১]।

জয়[২] সাধু-শিরমণি সনাতন রূপ।
যো দুহুঁ প্রেম-ভকতি-রস-ভূপ[৩] ॥
রাধাকৃষ্ণ-ভজনকে[৪] লাগি।
শ্রীবৃন্দাবন-ধামে বৈরাগী ॥
শ্রীগোপাল ভট্ট রঘুনাথ।
মীলল সকল ভকতগণ সাথ ॥

সভে মেলি প্রেম ভকতি পরচারি।
যুগল-ভজন-ধন জগতে বিথারি ॥
অনুখণ গৌরচন্দ্র-গুণ গান।
ভোরল[৫] প্রেমে ওর নাহি পান ॥
কতিহুঁ না হেরিয়ে ঐছে উদাস।
মনোহর সদত চরণে করু আশ ॥১৫॥২৩৬৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৩৭১ সংখ্যক পদ। ২। 'জয় জয়' ঘ, চ। ৩। 'কৃপ' ক। ৪। 'ভজনক' ক, খ; 'ভজনকো' প-র-সা। ৫। 'ভরল' ক, খ।

—

ধরাড়ী[১]।

জয় ভট্ট রঘুনাথ গোসাঞি।
রাধাকৃষ্ণ-লীলা-গুণে দিবানিশি নাহি জানে
তুলনা দিবার[২] নাহি ঠাঞি ॥ধ্রু॥
চৈতন্যের প্রেম-পাত্র তপন মিশ্রের পুত্র
বারাণসে ছিল যার বাস।
নিজ-গৃহে গৌরচন্দ্রে পাইয়া পরমানন্দে
চরণ সেবিলা দুই মাস ॥
শ্রীচৈতন্য নাম জপি কথো[৩] দিন গৃহে থাকি
করিলেন পিতার সেবনে।
তার অপ্রকট হৈলে আসি পুন নীলাচলে
রহিলেন প্রভুর চরণে ॥
মহাপ্রভু কৃপা করি নিজ শক্তি সঞ্চারি
পাঠাইয়া দিলা বৃন্দাবন।
প্রভুর শিক্ষা হৃদে গণি আসি বৃন্দাবন-ভূমি
মিলিলেন রূপ সনাতন ॥
দুই গোসাঞি তারে পাঞা পরম আনন্দ হৈয়া
রাধাকৃষ্ণ-প্রেম-রসে ভাসে।
অশ্রু পুলক কম্প নানা ভাবাবেশ অঙ্গ
সদা কৃষ্ণ-কথার উল্লাসে ॥
সকল বৈষ্ণব সঙ্গে যমুনা-পুলিনে রঙ্গে
একত্র হইয়া প্রেম-সুখে।
শ্রীভাগবত-কথা অমৃত সমান গাথা
নিরবধি শুনে যার মুখে ॥
পরম-বৈরাগ্য-সীমা সুনির্ম্মল কৃষ্ণ-প্রেমা
সুস্বর অমৃতময় বাণী।
পশু পক্ষ[৪] পুলকিত যার মুখে কথামৃত
শুনিতে পাষাণ হয় পানী ॥
শ্রীরূপ সনাতন সর্ব্বারাধ্য দুই জন
শ্রীগোপাল ভট্ট রঘুনাথ।
এ রাধাবল্লভ বলে পড়িলুঁ বিষয়-ভোলে
কৃপা করি কর আত্ম সাথ ॥১৬॥২৩৬৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৭২ সংখ্যক পদ। ২। 'দিবারে' ঘ, চ। ৩। 'কত' ক। ৪। 'পাখী' ক, খ।

—

তথা রাগ[১]।

আরে মোর প্রেমালয় পরম করুণাময়
শ্রীগোপাল ভট্ট ভু মাঝার।
সকল সদগুণ-খনি বিপ্রবংশ-শিরোমণি
শ্রীবেঙ্কট ভট্টের কুমার ॥
শ্রীগৌরাঙ্গের প্রিয় যতি অদ্ভুত ভজন-রীতি
জগতে বিদিত কীর্ত্তি যার।
অল্পকালে মহাভক্তি কে বুঝিতে পারে শক্তি
সদা কৃষ্ণ-রসে মাতোয়ার ॥
দক্ষিণ-ভ্রমণ-কালে প্রভু চারি মাস ছলে
ত্রিমল্ল বেঙ্কটগৃহে স্থিতি।
তথা নিজ নাথে পায়্যা পরম-আনন্দ হয়্যা
পিতার আজ্ঞায় সেবে নিতি ॥

শচীসুত গৌরহরি পরম করুণা করি
প্রিয় ভট্ট গোপালের তরে।
প্রেমামৃত পিয়াইয়া নিজ-তত্ত্ব জানাইয়া
ভাসাইল আনন্দ-সাগরে ॥
পুন প্রভু গৌরহরি ভট্টের করেত ধরি
কহে কিছু মধুর বচন।
তুয়া প্রেমাধীন আমি শীঘ্র ব্রজে যাবে তুমি
তাহা পাবে রূপ সনাতন ॥
শুনিয়া প্রভুর বাণী বিচ্ছেদ হইবে জানি
তিলেক ধৈরজ নাহি বান্ধে।
মুখে না নিঃসরে কথা সদাই অন্তরে ব্যথা
ও রাঙ্গা চরণে পড়ি কান্দে ॥
পুন প্রভু গৌরহরি প্রিয় ভট্টে কোলে করি
সিঞ্চিয়া শ্রীনয়নের জলে।
কত রূপে প্রবোধিয়া ভট্ট-মুখ পানে চাইয়া
কাতর-অন্তরে প্রভু চলে ॥
শ্রীবেঙ্কট ত্রিমল্লেরে আশ্বাসিয়া বারে বারে
দক্ষিণ-ভ্রমণে প্রভু গেলা।
এথা কথোদিন পরি গৃহ-সুখ পরিহরি
শ্রীগোপাল ভট্ট ব্রজে আইলা ॥
প্রভু আসি পুরুষোত্তমে যবে গেলা বৃন্দাবনে
তাঁহা হইতে আসিবার কালে।
পথে রূপ সনাতনে শিক্ষা দিয়া দুই জনে
তবে প্রভু গেলা নীলাচলে ॥
রূপ আর সনাতন যবে আইলা বৃন্দাবন
ভট্ট গোসাঞি মিলিলা সভায়।
প্রভু-প্রিয় লোকনাথ মিলিলা সভার সাথ
সভে মেলি গৌর-গুণ গায় ॥
নীলাচলে গৌরাঙ্গ বিহরে ভকত সঙ্গ
শুনিলা শ্রীভট্ট ব্রজে গেলা।

মহাপ্রভু প্রেম-ভরে শ্রীগোপাল ভট্ট তরে
ডোর বহির্বাস পাঠাইলা ॥
সভা সহ সনাতন ডোর বহির্বাস ধন
পাইয়া আনন্দ উথলিল।
কেহ নাচে কেহ গায় কেহ প্রেমে গড়ি যায়
চারি দিগে ক্রন্দন উঠিল ॥
কথো ক্ষণে স্থির হৈয়া ডোর বহির্বাস লৈয়া
সমর্পিলা গোপাল ভট্টেরে।
ডোর বহির্বাস ধন পাইয়া আনন্দ মন
নিয়ম করিয়া সেবা করে ॥
গৌরাঙ্গের গুণ গানে দিবানিশি নাহি জানে
শ্রীরূপ-সভায় সদা স্থিতি।
গোসাঞি শ্রীসনাতন সঙ্গে সুখ অনুক্ষণ
কে বুঝিবে তাহার পিরিতি ॥
গোসাঞির বৈরাগ্য যত তাহা বা কহিব কত
যার প্রেমাধীন জানাইতে।
শ্রীরাধারমণ-লীলা আপনে প্রকট হৈলা
শালগ্রাম-শিলাতে হইতে ॥
শ্রীরাধারমণ বিনে অন্য কিছু নাহি জানে
শ্রীরাধারমণ প্রাণ যার।
সদা গৌর-গুণে মত্ত বাখানে ভকতি-তত্ত্ব
হেন কি বৈরাগ্য হয় আর ॥
সদা বাস বৃন্দাবনে কভু কুণ্ড গোবর্দ্ধনে
কভু বরসান নন্দীশ্বরে।
কভু বা যাবটে গিয়া পূর্ব্ব-বাস নিরখিয়া
ভাসে মহা আনন্দ-সায়রে ॥
শ্রীগোকুল মহাবনে কভু রহে সুনির্জ্জনে
কভু প্রিয় লোকনাথ পাশ।
এইরূপে ফিরে রঙ্গে স্নেহ ব্রজবাসী সঙ্গে
ভক্তি-দানে পরম উল্লাস ॥

গুণ কি বর্ণিব আর কৃপা কর এই বার
শ্রীনিবাস আচার্য্যের প্রভু।
নরহরি অকিঞ্চন ও পদে সোঁপিল মন
এ অধমে না ছাড়িবা কভু ॥১৭॥২৩৬৯॥

পাঠান্তর

১। এই পদটি কেবল ঘ পুথিতে দৃষ্ট হয়। এই সুদীর্ঘ ঐতিহাসিক পদটি অজ্ঞাত-পূর্ব্ব ; ইহা 'গৌর-পদ-তরঙ্গিণী' গ্রন্থে উদ্ধৃত হয় নাই। এই পদটি পরিত্যক্ত হওয়ায় ক, খ প্রভৃতি পুথিতে ২৫শ পল্লবের নির্দ্দিষ্ট পদ-সংখ্যা অপূর্ণ রহিয়াছে।

অথ রঘুনাথ দাস-গোস্বামিনাং গুণবর্ণনং যথা।

তথা রাগ[১]।

শ্রীচৈতন্য-কৃপা হৈতে রঘুনাথ দাস-চিতে
পরম বৈরাগ্য উপজিল।
দারা গৃহ সম্পদ নিজ-রাজ্য-অধিপদ
মল প্রায় সকল ত্যজিল ॥
পুরশ্চর্য্য কৃষ্ণ-নামে গেলা শ্রীপুরুষোত্তমে
গৌরাঙ্গের পদ-যুগ সেবে।
এই মনে অভিলাষ পুন[২] রঘুনাথ দাস
নয়ান-গোচর হবে কবে[৩] ॥
গৌরাঙ্গ দয়াল হৈয়া রাধাকৃষ্ণ-নাম[৪] দিয়া
গোবর্দ্ধনের শিলা গুঞ্জাহারে।
ব্রজ-বনে গোবর্দ্ধনে শ্রীরাধিকার শ্রীচরণে
সমর্পণ করিলা তাহারে ॥
চৈতন্যের অগোচরে নিজ কেশ ছিঁড়ি করে
বিরহে আকুল ব্রজে গেলা।
দেহ-ত্যাগ করি মনে গেলা গিরি-গোবর্দ্ধনে
দুই গোসাঞি তাহারে দেখিলা ॥
ধরি রূপ সনাতন রাখিলা তার জীবন
দেহ ত্যাগ করিতে না দিলা।
দুই গোসাঞির আজ্ঞা পাঞা রাধাকুণ্ড-তটে গিয়া
বাস করি নিয়ম করিলা ॥
ছেঁড়া কম্বল পরিধান ব্রজ-ফল গব্য খান
অন্ন আদি না করে আহার।
তিন সন্ধ্যা স্নান করি স্মরণ কীর্ত্তন করি
রাধা-পদ-ভজন যাহার ॥
ছাপ্পান্ন দণ্ড রাত্রি দিনে রাধাকৃষ্ণ-গুণ-গানে
স্মরণেত সদাই গোঙায়।
চারি দণ্ড শুতি থাকে স্বপ্নে রাধাকৃষ্ণ দেখে
এক তিল ব্যর্থ নাহি যায় ॥
গৌরাঙ্গের পদাম্বুজে রাখে মন-ভৃঙ্গ-রাজে
স্বরূপেরে সদাই ধেয়ায়।
অভেদ শ্রীরূপ সনে গতি যার সনাতনে
ভট্টযুগ-প্রিয় মহাশয় ॥
শ্রীরূপের গণ যত তার পদ[৫]-আশ্রিত
অত্যন্ত বাৎসল্য[৬] যার জীবে।
সেই আর্ত্তনাদ করি কাঁদি[৭] বলে হরি হরি
প্রভুর করুণা হবে কবে ॥
হে রাধাবল্লভ গান্ধর্ব্বিকা-বান্ধব
রাধিকা-রমণ রাধা-নাথ।
হে বৃন্দাবনেশ্বর হাহা কৃষ্ণ দামোদর
কৃপা করি কর আত্ম সাথ ॥
শ্রীরূপ সনাতন যবে হৈল অদর্শন
অন্ধ হৈল এ দুই নয়ন।
বৃথা আঁখি কাহাঁ দেখি বৃথা প্রাণ কাহাঁ রাখি
এত বলি করয়ে ক্রন্দন ॥
শ্রীচৈতন্য শচীসুত তার গণ হয় যত
অবতার শ্রীবিগ্রহ নাম।

গুপ্ত ব্যক্ত লীলা-স্থল দৃষ্ট শ্রুত বৈষ্ণব[৮]
সভারে করয়ে পরণাম ॥
রাধাকৃষ্ণ-বিয়োগে ছাড়িল সকল ভোগে
শুখ রুখ[৯] অন্নমাত্র সার।
গৌরাঙ্গের বিয়োগে অন্ন ছাড়ি দিল আগে
ফল গব্য করিল আহার ॥
সনাতনের অদর্শনে তাহা ছাড়ি সেই দিনে
কেবল করয়ে জল পান।
রূপের বিচ্ছেদ যবে জল ছাড়ি দিল তবে
রাধাকৃষ্ণ বলি রাখে প্রাণ ॥
শ্রীরূপের অদর্শনে না দেখি তাহার গণে
বিরহে ব্যাকুল হৈয়া কান্দে।
কৃষ্ণ-কথা-আলাপন না শুনিয়া শ্রবণ
উচ্চ-স্বরে ডাকে আর্ত্ত-নাদে ॥
হা হা রাধাকৃষ্ণ কোথা কোথা বিশাখা ললিতা
কৃপা করি দেহ দরশন।
হা চৈতন্য মহাপ্রভু হা স্বরূপ মোর প্রভু
হা হা প্রভু রূপ সনাতন ॥
কান্দে গোসাই রাত্রিদিনে পুড়ি যায় তনু মনে
ক্ষণে অঙ্গ ধূলায় ধূসর।
চক্ষু অন্ধ অনাহার আপনাকে দেহ-ভার
বিরহে হইল জরজর ॥
রাধাকুণ্ড-তটে পড়ি সঘনে নিশ্বাস ছাড়ি
মুখে বাক্য না হয় স্ফুরণ।
মন্দ মন্দ জিহ্বা নড়ে প্রেম-অশ্রু নেত্রে পড়ে
মনে কৃষ্ণ করয়ে স্মরণ ॥
সেই রঘুনাথ দাস পুরাহ মনের আশ
এই মোর বড়[১০] আছে সাধ।
এ রাধাবল্লভ দাস মনে বড় অভিলাষ
প্রভু মোরে কর পরসাদ ॥১৮॥২৩৭০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৭৩ সংখ্যক পদ। ২। 'পুর' ক, খ; প-র-সা। ৩। এই স্থলেই খ ও প-র-সা পুথিতে এই পদ শেষ করিয়া 'গৌরাঙ্গ দয়াল' ইত্যাদি পরবর্ত্তী অংশ যথাক্রমে ২৩৭০ ও ২৪৭৪সংখ্যক পদ গণনা করা হইয়াছে। ৪। 'মন্ত্র' প-র-সা। ৫। 'পদে' ক। ৬। 'বাচ্ছন্য' ঘ। ৭। 'কান্দে' ঘ। ৮। 'বৈষ্ণব সব' ক, খ, ঘ, চ। ৯। 'শুখ রুখ' স্থলে 'সুখ রুখ' ক, খ, ঘ, চ; 'শুষ্ক রুক্ষ' প-র-সা। ১০। 'মনে' প-র-সা।

—

তথা রাগ[১]।

গৌর-প্রিয় গুণ-মণি কেবল প্রেমের খনি
লোকনাথ লোকের পরাণ।
যার শিশুকাল হৈতে প্রবল বৈরাগ্য চিতে
পরম উদার দয়াবান ॥
প্রেম-রস-আস্বাদনে দিবানিশি নাহি জানে
অন্য কথা না করে শ্রবণ।
মহৈশ্বর্য্য ত্যাগ করি আইলা নবদ্বীপ পুরী
যথা প্রভু শ্রীশচীনন্দন ॥
প্রভু-মুখ নিরখিয়া ধরণীতে লোটাইয়া
বন্দিলেন চরণ-যুগল।
গৌরাঙ্গ আনন্দ-মনে হেরি লোকনাথ পানে
প্রেম-ভরে করে টলমল ॥
আইস আইস লোকনাথ আজি মোর সুপ্রভাত
এত কহি শচীর কুমার।
ভুজ-যুগ পসারিয়া আলিঙ্গন কৈল ধাইয়া
বুক বাহি পড়ে অশ্রু-ধার ॥
লোকনাথ করে দৈন্য শুনি প্রভু শ্রীচৈতন্য
নিষেধি নিকট বসাইলা।

প্রেমাবেশে বারে বার পুছে প্রভু সমাচার
লোকনাথ সব নিবেদিলা ॥
পুন প্রভু হর্ষ হৈয়া প্রিয় লোকনাথে লৈয়া
নিভৃতে কহয়ে ধীরে ধীরে।
মন-দুখ পরিহরি মোর দোষ ক্ষমা করি
যাইতে হইল ব্রজ-পুরে ॥
সনাতন রূপ সাথ ভট্ট-যুগ রঘুনাথ
আর যত মোর প্রিয়গণ।
ক্রমে ক্রমে সেই স্থানে মিলিবে তোমার সনে
পাইবে আনন্দ অনুক্ষণ ॥
আর এক শুন তুমি কথো দিন পরে আমি
করিব সন্ন্যাস অঙ্গীকার।
দেবের দুর্ল্লভ ধন জীবে করি বিতরণ
নাশিব দারুণ কলি-ভার ॥
ভক্তগণ লৈয়া সঙ্গে বিহরিব নানা রঙ্গে
সঙ্কীর্ত্তন প্রচার করিয়া।
বৃন্দাবনে থাকি তুমি সকল শুনিবে আমি
সমাচার দিব পাঠাইয়া ॥
শুনি সন্ন্যাসের কথা অন্তরে উঠিল বেথা
প্রভুর শ্রীকেশ পানে চায়।
কান্দিয়া কান্দিয়া বলে হায় প্রভু কি বলিলে
ইহা বলি ভূমে গড়ি যায় ॥
অদভুত গৌর-গুণ আপনি অধৈর্য্য পুন
প্রিয় লোকনাথ হাথে ধরি।
প্রবোধিয়া কত কত রাধাকৃষ্ণ-প্রেমামৃত
পিয়াইল পূর্ণ কৃপা করি ॥
লোকনাথ মনে গণি প্রভুর বচন মানি
অতিশয় মনে দুখী হৈয়া।
প্রভুর পদ হৃদয়ে ধরি চলিলেন ব্রজ-পুরী
সভাকার অনুমতি পায়্যা ॥

দেখি লোকনাথ-গতি প্রভু সে ব্যাকুল অতি
লোকনাথ-পথ হেরি কান্দে।
প্রিয় গদাধর আদি যত্ন করে নানা বিধি
তথাপিহ ধৈর্য্য নাহি বান্ধে ॥
এথা পথে লোকনাথ শিরে দিয়া দুটি হাথ
কান্দিয়া কহয়ে বার বার।
গৌরমুখ-চন্দ্র-হাসি বরিষে অমিয়া-রাশি
বুঝি না দেখিতে পাব আর ॥
সঙ্গে লৈয়া ভক্তগণ বিহরিব অনুক্ষণ
সঙ্কীর্ত্তন-সুখের হিলোরে।
মুঞি অতি অভাগিয়া দেখিতে না পাব ইহা
বিধাতা বঞ্চিত কৈল মোরে ॥
এইরূপ আক্ষেপণে দিবানিশি নাহি জানে
কথো দিনে গেলা বৃন্দাবনে।
যমুনা-পুলিন-বনে কুণ্ড গিরি গোবর্দ্ধনে
দেখি প্রেম-ধারা দু-নয়ানে ॥
পূর্ব্ব-বাস মনোহর শ্রীযাবট নন্দীশ্বর
বৃষভানু-পুর অনুপাম।
আর যত স্থান-গণ তাহে ভ্রমে অনুক্ষণ
তরু-মূলে বসতি নিয়ম ॥
প্রেমের তরঙ্গ অতি নাহি কোন স্থানে স্থিতি
কথো দিন পরে বৃন্দাবনে।
শ্রীসুবুদ্ধি মিশ্র রূপ সনাতন ভক্তি-ভূপ
মিলিলেন এ সভার সনে ॥
নানা ভাব পরকাশে সদা সেবানন্দে ভাসে
শ্রীরাধাবিনোদ প্রাণ যার।
গৌর-গুণ সঙ্কীর্ত্তনে উদ্ধারে অধম জনে
ত্রিজগতে মহিমা অপার ॥
কহে নরহরি হীন মো বড় বিষয়ী দীন
হেন জন্ম বিফলে গোঙাইলুঁ।

নরোত্তম-প্রাণনাথ মোরে কর আত্মসাথ
তুয়া পদে শরণ লইলুঁ ॥১৯॥২৩৭১॥

পাঠান্তর

১। এই অজ্ঞাত-পূর্ব্ব সুদীর্ঘ ঐতিহাসিক পদটি কেবল ঘ পুথিতে দৃষ্ট হয়।

সুহই[১]।

প্রাণ মোর সনাতন রঘুনাথ জীবন
ধন মোর শ্রীরূপ গোসাঞি।
শ্রীরঘুনন্দন পতি তাহা বিনু নাহি গতি
যার গুণে ভব-ভয় নাই ॥
ঠাকুর মোর রামানন্দ স্বরূপ জগদানন্দ
শ্রীনিবাস[২] মুরারি গোবিন্দ।
কুল শীল জাতি মোর নরহরি গদাধর
মুকুন্দ মাধব শুভানন্দ ॥
আচার বিচার মোর পণ্ডিত শ্রীদামোদর
সুলোচন লোচন আমার।
দান ব্রত তপ ধর্ম্ম জপ যজ্ঞ জ্ঞান[৩] কর্ম্ম
পুণ্য মোর নাম সভাকার ॥
হরিদাস আশ মোর ঠাকুর শ্রীসুন্দর
বনমালী শ্রীধর রামাই[৪]।
গোপীনাথ বক্রেশ্বর গৌরীদাস কাশীশ্বর
পুরীদাস শিবাই নন্দাই ॥
শ্রীচৈতন্য নিত্যানন্দ অদ্বৈত পরমানন্দ
এ তিন ঠাকুর সর্ব্বেশ্বর।
যাহার করুণা পাঞা পঙ্গু ধায় মত্ত হৈয়া
আশা করে দুখিয়া শেখর ॥২০॥২৩৭২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৭৫ সংখ্যক পদ। ২। 'শ্রীবাস' চ। ৩। 'আদি' প-র-সা। ৪। 'মাধাই' ক, খ; 'রমাই' প-র-সা।

তথা রাগ[১]।

শ্রীবৃন্দাবন- অভিনব-সুমদন
শ্রীরঘুনন্দন রাজে।
লাখ লাখ বর বিমল সুধাকর
উয়ল[২] শ্রীখণ্ড-সমাজে ॥
জয়[৩] পহু নটন[৪]-কলা-রস-ধীর।
নিখিল-মহোৎসব গৌর-গুণার্ণব
প্রেমময় সকল শরীর ॥ধ্রু॥
রুচির তরুণতর[৫] নটবর-শেখর
পীতাম্বর-বর-ধারী।
গাই গওয়ায়ত[৬] গৌর-গুণামৃত
ভব-ভয়-খণ্ডন-কারী ॥
পদ-তল রাতুল পঙ্কজ নহ তুল[৭]
পদ-নখ-ইন্দু[৮] পরকাশে।
সে পদ রজনি দিনে শয়ন স্বপন মনে
রায় শেখর করু আশে ॥২১॥২৩৭৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৭৬ সংখ্যক পদ। ২। 'উয়ল' ঘ। ৩। 'জয় জয়' প-র-সা। ৪। 'নট' প-র-সা। ৫। 'তরুণ সব' ক। ৬। 'গাওয়ত' খ, ঘ, চ; 'গাওয়ায়ত' ক। ৭। 'নহ তুল' স্থলে 'নৌতুন' প-র-সা। ৮। 'বিন্দু' খ; প-র-সা।

ধানশী[১]

ভূখণ্ড মণ্ডল মাঝে তাহাতে শ্রীখণ্ড সাজে
মধুমতী[২] যাহে পরকাশ।
ঠাকুর গৌরাঙ্গ সনে বিলসয়ে রাত্রিদিনে
নাম ধরে নরহরি দাস ॥
শ্রীরাধিকার সহচরী রূপে গুণে আগরি
মধুর মাধুরী অনুপাম।

অবনীতে অবতরি পুরুষ-আকৃতি ধরি
পূর্ণ কৈল চৈতন্সের কাম ॥
মধুমতী[২]-মধু-দানে ভাসাইলা ত্রিভুবনে
মত্ত কৈল গৌরাঙ্গ নাগর।
মাতিল সে নিত্যানন্দ আর সব ভক্ত-বৃন্দ
বেদ-বিধি পড়িল ফাঁফর ॥
যোগ-পথ করি[৪] নাশ ভকতির পরকাশ
করিল মুকুন্দ-সহোদর।
পাপিয়া শেখর রায় বিকাইল রাঙ্গা পায়
শ্রীরঘুনন্দন প্রাণেশ্বর ॥২২॥২৩৭৪॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৭৭ সংখ্যক পদ। ২। 'মধুবতি' চ। ৩। 'মধুবতি' চ। ৪। 'করে' ক, খ, চ; প-র-সা।

—

তথা রাগ[১]।

গৌড় দেশে রাঢ় ভোমে[২] শ্রীখণ্ড নামেতে গ্রামে
মধুমতী প্রকাশ যাহায়।
শ্রীমুকুন্দ দাস সঙ্গে শ্রীরঘুনন্দন রঙ্গে
ভক্তি-তত্ত্ব জগতে লওয়ায় ॥
শুনি মধুমতী নাম নিত্যানন্দ বলরাম
সপার্ষদে দিল দরশন।
দেখি অবধৌত চন্দ্র হইয়া পরমানন্দ
নতি করি বন্দিলা চরণ ॥
কহে নিত্যানন্দ রাম শুনি মধুমতী নাম
আসিয়াছি তৃষিত হইয়া।
এত শুনি নরহরি নিকটেত জল হরি[৩]
সেই জল ভাজনে ভরিয়া ॥
আনিয়া ধরিল আগে মধু-স্নিগ্ধ মিষ্ট লাগে
গণ সহ খায় নিত্যানন্দ।
যত জল ভরি আনে মধু হয় তৎক্ষণে
পুন পুন খাইতে আনন্দ ॥
মধুমতী-মধু-দান সপার্ষদে করি পান
উনমত অবধৌত রায়।
হাসে কান্দে নাচে গায় ভোমে[৪] গড়াগড়ি যায়
উদ্ধবদাস রস গায় ॥২৩॥২৩৭৫॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৭৮ সংখ্যক পদ। ২। 'ভূমে' ক। ৩। 'হেরি' ক, খ; প-র-সা। ৪। 'ভূমে' ক।

—

তথা রাগ[১]।

প্রকট শ্রীখণ্ড-বাস নাম শ্রীমুকুন্দ দাস
ঘরে সেবা গোপীনাথ জানি।
গেলা কোন কার্য্যান্তরে সেবা করিবার তরে
শ্রীরঘুনন্দনে ডাকি আনি ॥
ঘরে আছে কৃষ্ণ-সেবা যত্ন করি খাওয়াইবা
এত বলি মুকুন্দ চলিলা।
পিতার আদেশ পাঞা সেবার সামগ্রী লৈয়া
গোপীনাথের সমুখে আইলা ॥
শ্রীরঘুনন্দন অতি বয়-ক্রম শিশু-মতি
খাও বলে কান্দিতে কান্দিতে।
কৃষ্ণ সে প্রেমের বশে না রাখিয়া অবশেষে
সকল খাইলা অলক্ষিতে[২] ॥
আসিয়া মুকুন্দ দাস কহে বালকের পাশ
প্রসাদ নৈবেদ্ব আন দেখি।
শিশু কহে বাপ[৩] শুন সকলি খাইলা পুন
অবশেষ কিছুই না রাখি ॥
শুনি অপরূপ হেন বিস্মিত হৃদয়ে পুন
আর দিন বালকে কহিয়া।

সেবা-অনুমতি দিয়া বাড়ীর বাহির হৈয়া
পুন আসি রহে লুকাইয়া।
শ্রীরঘুনন্দন অতি হইয়া হরিষ[৩]-মতি
গোপীনাথে লাড়ু দিয়া করে।
খাও খাও বলে ঘন অর্দ্ধেক খাইতে হেন
সময়ে মুকুন্দ দেখি দ্বারে॥
যে খাইল রহে তেন আর না খাইলা পুন
দেখিয়া মুকুন্দ প্রেমে ভোর॥
নন্দন করিয়া কোলে গদগদ-স্বরে বলে
নয়ানে বরিখে ঘন লোর॥
অদ্যাপি শ্রীখণ্ডপুরে অর্দ্ধ লাড়ু আছে করে
দেখে যত ভাগ্যবন্ত জনে।
অভিন্ন-মদন যেই শ্রীরঘুনন্দন সেই
এ উদ্ধবদাস রস ভণে॥২৪॥২৩৭৬॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৭৯ সংখ্যক পদ।
২। 'অলখিতে' চ; প-র-সা। ৩। 'বাপু' ক, খ।
৪। 'হই হরষিত' ক, খ; প-র-সা।

—

তথা রাগ[১]।

পূরবে শ্রীদাম এবে অভিরাম
মহাতেজ-পুঞ্জ রাশি।
বাঁশী বাজাইতে ভ্রমিতে ভ্রমিতে
শ্রীখণ্ড গ্রামেতে আসি॥
দেখিয়া মুকুন্দে কহয়ে সানন্দে
কোথায় রঘুনন্দন।
তাহারে দেখিতে আইলাম এথাতে
আনি দেহ দরশন॥
শুনি ভয় পাঞা রাখে লুকাইয়া
গৃহেতে দুয়ার দিয়া।
তোহোঁ নাহি ঘরে বলি স্তুতি করে
অভিরাম গেলা না দেখিয়া॥
বড়ডাঙ্গি নামে স্থান নিরজনে
নৈরাশ হইয়া বসি।
বুঝি তার মন শ্রীরঘুনন্দন
অলখিতে মিলে আসি॥
দেখিয়া তাহারে দণ্ডবৎ করে
দুই চারি পাঁচ সাতে।
শ্রীরঘুনন্দন করি আলিঙ্গন
আনন্দ-আবেশে মাতে॥
তবে[২] দুহুঁ মেলি নাচে কুতূহলী
নিজ-পহু-গুণ গাইয়া।
চরণ ঝাড়িতে নূপুর পড়িল
আকাই হাটেতে যাইয়া॥
অভিরাম সনে শ্রীরঘুনন্দনে
মিলন হইল শুনি।
সঘনে মুকুন্দ হই নিরানন্দ
কান্দে শিরে কর হানি॥
পত্নীর সহিতে বিষাদিত-চিতে
আইল দোঁহার পাশ।
দুহুঁ-নৃত্য গীত দেখি হরষিত
ভণয়ে উদ্ধবদাস॥২৫॥২৩৭৭॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৮০ সংখ্যক পদ।
২। 'এবে' ক।

— —

শ্রীরাগ[১]।

প্রভু মোর শ্রীনিবাস পূরাইলা[২] মনের আশ
তুয়া পদে কি বলিব আর।
আছিলুঁ বিষয়-কীট বড়ই লাগিত[৩] মীঠ
ঘুচাইলা রাজ-অহঙ্কার॥
করিথুঁ[৪] গরল পান রহিল ডাহিন বাম
দেখাইলা অমিয়ার ধার।

পিব পিব করে মন সব লাগে উচাটন
এমতি তোমার ব্যবহার ॥
রাধা-পদ সুধা-রাশি সে পদে করিলা দাসী
গোরা-পদে বান্ধি দিলা চিত।
শ্রীরাধা-রমণ সহ দেখাইলা কুঞ্জ-গেহ
জানাইলা দুহুঁ-প্রেম-রীত ॥
কালিন্দীর কূলে যাই সখীগণে ধাওয়া ধাই
রাই কানু বিহরই সুখে।
এ বীর হাম্বীর-হিয়া ব্রজ-ভূমি সদা ধেয়া
যাহাঁ অলি উড়ে লাখে লাখে ॥২৬॥২৩৭৮॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৮১ সংখ্যক পদ। ২। 'পূরাইল' ক। ৩। 'লাগিল' খ। ৪ । 'করিতুঁ' ক, খ ; প-র-সা।

—

পাহিড়া[১]।

আরে মোর আচার্য্য ঠাকুর।
দয়ার সাগর-বর জগ ভরি বিথারল
রাধাকৃষ্ণ-লীলা-রস পূর ॥ ধ্রু ॥
গৌরাঙ্গ চাঁদের হেন নিরুপম গুণগণ
দ্বিজরাজ[২] গৌড়-ভুবনে।
মল্ল-ভূপতি আদি হরি-রসে উনমাদি
ভেল যার করুণা-কিরণে ॥
যত্ন করিয়া অতি রস-লীলা গ্রন্থ-ততি
বৃন্দাবন ভূমি সঞে[৩] আনি।
রাধাকৃষ্ণ-রস-লীলা দেশে দেশে প্রচারিলা
আস্বাদন করিয়া আপনি ॥
এমন দয়াল পহু চক্ষু ভরি না দেখিলুঁ[৪]
হৃদয়ে রহল শেল ফুটি।
এ রাধাবল্লভ দাস করে মনে অভিলাষ
কবে সে দেখিব[৫] পদ দুটি ॥২৭॥২৩৭৯॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৮২ সংখ্যক পদ। ২। 'অবতরি দ্বিজ' খ। ৩ । 'সনে' ঘ; 'সঙ্গে' চ। ৪ । 'হেরিলুঁ' ঘ। ৫ । 'পাইব' ঘ।

—

তথা রাগ[১]।

জয় প্রেম-ভক্তি-দাতা সদয়-হৃদয়।
জয় শ্রীআচার্য্য প্রভু জয় দয়াময় ॥
চৈতন্যচাঁদের হেন নিরুপম গুণ।
অসীম করুণা-সিন্ধু পতিত-পাবন ॥
দক্ষিণে শ্রীরামচন্দ্র কবিরাজ ঠাকুর।
বামে ঠাকুর নরোত্তম প্রেম-রস-পূর[২] ॥
গৌরাঙ্গের লীলা যত করে আস্বাদন।
গৌর গৌর বলি হয়ে অচেতন ॥
পুন উঠে পুন পড়ে সম্বরিতে নারে।
দুই জনার কণ্ঠ ধরি সম্বরণ করে ॥
এ হেন দয়াল প্রভু পাব কত দিনে।
শ্রীরাধাবল্লভ দাস করে নিবেদনে ॥
॥২৮॥২৩৮০॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৮৩ সংখ্যক পদ। ২। 'প্রেম' ইত্যাদি স্থলে 'করুণা প্রচুর' ক, খ, চ; প-র-সা।

—

মঙ্গল[১]।

অনুখণ গৌর-প্রেম-রসে গরগর
ঢর ঢর লোচনে লোর।
গদ গদ ভাষ হাস খণে রোয়ত
আনন্দে মগন সঘনে হরি-বোল ॥
পহু মোর শ্রীশ্রীনিবাস।
অবিরত রামচন্দ্র পহু বিহরত
সঙ্গে নরোত্তম দাস ॥ধ্রু॥

ব্রজপুর-চরিত সদত অনুমোদই
রসিক ভকতগণ পাশ।
ভকতি-রতন ধন যাচত জনে জন
পুন কি গৌর পরকাশ ॥
ঐছে দয়াল কবহুঁ নাহি হেরিয়ে
ভুবন চতুর্দ্দশ মাঝে।
দিন হিন পতিতেঁ পরম পদ দেয়ল[২]
ধরণি বঞ্চিত নিজ কাজে ॥২৯॥২৩৮১॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ২৪৮৪ সংখ্যক পদ। ২। 'পায়ল' ঘ।

তথা রাগ[১]।

পহু দ্বিজ-রাজ-বর মুরতি মনোহর
রত্নাকর করি জ্ঞান।
প্রভু শ্রীনিবাস প্রকাশ[২]-স্বরূপ
হরি-নাম করতহি[৩] গান ॥
কনক-বরণ তনু প্রেম-মুরতি[৩] জনু
কণ্ঠহি তুলসিক মাল।
গৌর-প্রেম-ভরে অহনিশি[৪] আঁখি ঝুরে
হেরি কাঁপয়ে কলি-কাল ॥
শ্রীমদ্ভাগবত উজ্জ্বল-গ্রন্থ যত
দেশে দেশে[৫] করিলা প্রচার।
পাষণ্ড অধমগণে করুণাবলোকনে[৬]
সভাকারে করল উদ্ধার ॥
ভকত-প্রিয়োত্তম ঠাকুর নরোত্তম
রামচন্দ্র প্রিয় দাস।
অধম নিতান্ত[৭] গোপী- কান্ত হৃদয়ে পহু
চরণ করহ পরকাশ ॥৩০॥২৩৮২॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ২৪৮৫ সংখ্যক পদ। ২। 'প্রকাশন' ক, খ, চ; প-র-সা। ৩। 'রতন' ক, খ, ঘ, চ,। ৪। 'নিরবধি ঘ। ৫। 'দিনে দিনে' প-র-সা। ৬। 'কৃপ অবলোকনে' ক, খ, ঘ, চ। ৭। 'দিনান্তে' ঘ, চ।

তথা রাগ[১]

ভুবন-মঙ্গল গোরা- গুণে লোকনাথ ভোরা
সুখে নরোত্তমে দয়া করি।
রাধাকৃষ্ণ-লীলা গুণ নিজ-শক্তি আরোপণ
পিয়াইল গৌরাঙ্গ-মাধুরি ॥
অনুখণ গোরা-রঙ্গে বিলাস[২] বৈষ্ণব সঙ্গে
প্রিয় রামচন্দ্র সঙ্গে লৈয়া।
শ্রীভাগবত আদি গ্রন্থ গীত বিদ্যাপতি
নিজ পহু[৩]-গুণ আস্বাদিয়া ॥
নরোত্তম দীন-বন্ধু অপার[৪] করুণা-সিন্ধু
রূপে গুণে রসের মুরতি।
রাধাকান্ত না দেখিয়া সদাই বিদরে হিয়া
কে বুঝিবে ঐছন পিরীতি ॥
মোর ঠাকুর মহাশয় নরোত্তম দয়াময়
দন্তে তৃণ করে৺া নিবেদন।
বল্লভ পড়িয়া পাকে আকুল হইয়া ডাকে
অহে নাথ লইলুঁ শরণ ॥৩১॥২৩৮৩॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুঁথির ২৪৮৬ সংখ্যক পদ। ২। 'বিলসে' ক, খ। ৩। 'গ্রন্থ' ক, খ, চ; প-র-সা। ৪। 'জীবেরে' ক, খ, চ; প-র-সা।

তথা রাগ[১]।

হেন দিন শুভ পরভাতে।
শ্রীনরোত্তম-নাম পহু মোর গৌর-ধাম
বার এক স্মৃতি হয় যাতে ॥ ধ্রু ॥

যাহার সঙ্গতি-কাম শ্রীল কবিরাজ নাম
ছাড়িয়া সে গৃহ পরিকর।
ঠাকুর শ্রীশ্রীনিবাস খেতরী[২] করিলা বাস
প্রাণ-সমতুল কলেবর ॥
নিত্যানন্দ-ঘরণী জাহ্নবা ঠাকুরাণী
ত্রিভুবনে পূজিত-চরণ।
যাহার কীর্ত্তন-কালে রুধির পুলক-মূলে
দেখি কৈল চৈতন্য-স্মরণ ॥
ভাব দেখি আপনি জাহ্নবা ঠাকুরাণী
নাম থুইলা ঠাকুর মহাশয়।
পতিত-পাবন নাম ধর বল্লভে উদ্ধার কর
তবে জানি মহিমা নিশ্চয় ॥৩২॥২৩৮৪ ॥

পাঠান্তর

১। ইহা প-র-সা পুথির ২৪৮৭ সংখ্যক পদ।
২। 'খেতুর' প-র-সা।

ইতি চতুর্থ-শাখায়াং পঞ্চবিংশ-পল্লবঃ।

অথ পূর্ব্বপদকর্ত্তৃগণস্য চরিত-বর্ণনং যথা।

বিদ্যাপতিশ্চণ্ডীদাসো জয়দেব-কবীশ্বরঃ।
লীলা-শুকঃ প্রেমযুক্তো রামানন্দশ্চ নন্দদঃ ॥
শ্রীগোবিন্দকবীন্দ্রোঽন্যঃ সিদ্ধঃ কৃষ্ণঃ কবীনকঃ।
পৃথিব্যাং ধন্যধন্যাস্তে বর্ত্তন্তে[১] সিদ্ধ-রূপিণঃ ॥
এতান্ বিজ্ঞবরান্ বন্দে সপ্তবারিধিতুল্যকান্।
যেষাং সংস্মৃতিমাত্রেণ সর্ব্বসিদ্ধিঃ প্রজায়তে ॥
॥১॥২৩৮৫॥

সারঙ্গ[১]।

কবি-পতি বিদ্যাপতি মতি মানে।
লাখ[২] গীতে জগ-চীত চোরায়ল
গোবিন্দ-গোরি-সরস-রস-গানে ॥
ভুবনে আছয়ে যত ভারতি-বাণি।
তাকর সার সার পদ সঞ্চয়ে
বান্ধল গীত কতহুঁ পরিমাণি ॥
যো সুখ-সম্পদে শঙ্কর ধনিয়া।
সো সুখ সার সার সব রসিকক[৩]
কণ্ঠহি-কণ্ঠ পরায়ল বনিয়া ॥
আনন্দে নারদ নাঃ ধরয়ে থেহা।
সো আনন্দ-রস জগ ভরি বরিখল
সুখময় বিদ্যাপতি-রস-মেহা ॥
যত যত রস-পদ করলহি বন্ধে।
কোটিহুঁ[৪] কোটি শ্রবণ যব পাইয়ে
শুনইতে আনন্দে লাগয়ে ধন্দে ॥
সো রস শুনি নাগর বর-নারি।
কিয়ে কিয়ে করিয়া[৬] চীত চমকাওই[৭]
ঐছন রসময় চম্পূ বিথারি ॥
গোবিন্দদাস মতি-মন্দে
এত সুখ-সম্পদ রহইতে আন মন
বৈছন বামন ধরবহি চন্দে ॥২॥২৩৮৬॥

পাঠান্তর

১। পদকল্পতরুর সঙ্কলয়িতা বৈষ্ণব দাস গ্রন্থশেষে "অনুবাদ-প্রকরণ" নামক গ্রন্থ-বিবরণে লিখিয়াছেন—
'ষড়্বিংশে বিদ্যাপতি আর চণ্ডীদাস।
ইহা সভার গুণ কিছু আছয়ে প্রকাশ।
দশ পদে সংক্ষেপ করিয়া সে গাইল।
সপ্তবিংশে দশাবতারে ভের পদ হৈল ॥'
কিন্তু ঘ পুথি ব্যতীত অন্যান্য পুথিতে ষড়্বিংশ পল্লবে দশাবতার-বর্ণনার পদ, সপ্তবিংশে শ্রীকৃষ্ণের রূপ-বর্ণনার পদ, অষ্টাবিংশে শ্রীরাধার রূপ-বর্ণনার পদ ও উনত্রিংশ পল্লবে বিদ্যাপতি ও চণ্ডীদাস-বিষয়ক পদগুলি সন্নিবেশিত হইয়াছে। পঞ্চবিংশ পল্লবে শ্রীগৌর-ভক্তবৃন্দের গুণ-কীর্ত্তন করিয়া তৎপরে

বিদ্যাপতি চণ্ডীদাসের গুণ-কীর্ত্তন করাই স্বাভাবিক; নতুবা শ্রীকৃষ্ণ ও শ্রীরাধার রূপ-বর্ণনা ও তাঁহাদিগের অষ্ট-কালীয় লীলা-বর্ণনার মধ্যে ঐ পদগুলি সন্নিবেশিত হয়া কোনরূপেই সঙ্গত হইতে পারে না। সুতরাং আমরা পদকল্পতরুর অনুবাদ-প্রকরণের উল্লিখিত পর্য্যায় ও ঘ পুথি অনুসারে পদ-বিন্যাস করিলাম। এই ঐতিহাসিক পদগুলির উল্লেখ গৌর-পদ-তরঙ্গিণী প্রভৃতি বহু গ্রন্থেই দৃষ্ট হয়; তথাপি "বঙ্গভাষা ও সাহিত্য" গ্রন্থ-প্রণেতা শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন মহাশয় পদকল্পতরুর মুদ্রিত গ্রন্থের ষড়্বিংশ পল্লবে ঐ পদগুলি খুঁজিয়া না পাইয়াই পদকল্পতরু গ্রন্থের অসম্পূর্ণতা ও ঐতিহাসিক তত্ত্ব লোপ করায় কার্য্যে বাঙ্গালী জাতির স্বভাব-সিদ্ধ পটুতা সিদ্ধান্ত করিয়া ফেলিয়াছেন। বৈষ্ণব কবিদিগের আর যে কলঙ্কই থাকুক না কেন, তাঁহাদিগের অনন্য-সাধারণ ইতিহাস-প্রিয়তার ভূয়সী প্রশংসা না করিয়া পারা যায় না। ২। 'নাগ' ক; ৩। 'রসিকই' ক। ৪। 'কোটিহি' ক। ৫। 'পর' ক। ৬। 'করি' ক, খ, চ। ৭। 'চমকয়ে' ক; 'চমকই' খ।

তথা রাগ।

জয় জয় শ্রীজয়- দেব দয়াময়
পদ্মাবতি[১]-রতি-কান্ত।
রাধামাধব- প্রেম-ভকতি-রস
উজ্জ্বল-মুরতি নিতান্ত ॥
শ্রীগীতগোবিন্দ গ্রন্থ সুধাময়
বিরচিত মনহর ছন্দ[২]।
রাধাগোবিন্দ- নিগুঢ়-লীলা-গুণ-
পদ্মাবলি-পদ-বৃন্দ[৩] ॥
কেন্দুবিল্ব বর ধাম মনোহর
অনুখণ করয়ে বিলাস।
রসিক-ভকতগণ যো সরবস-ধন
অহনিশি রহু তছু পাশ ॥
যুগল-বিলাস-গুণ করু[৪] আস্বাদন
অবিরত ভাবে বিভোর।
দাস রঘুনাথ ইহ তছু গুণ বর্ণন
কীয়ে করব লব-ওর ॥৩॥২৩৭৭॥

পাঠান্তর

১। 'পদ্মাবতী' ক। ২। ছন্দে' ক, খ। ৩। 'বৃন্দে' ক, খ। ৪। 'বর' ক; 'রস বর' খ।

তথা রাগ।

চণ্ডীদাস বিদ্যাপতি দুহুঁ জন পিরিতি
প্রেম-মুরতিময় কাঁতি।
যে করিল দুহুঁ জন লীলা-গুণ-বর্ণন
নিতি নিতি নব নব ভাতি ॥
দুহুঁ-গুণ শুনি চিত দুহুঁ উতকণ্ঠিত
দুহুঁ দোহাঁ দরশন লাগি।
দোহাঁর রসিকপন শুনি শুনি দুহুঁ জন
দুহুঁ-হিয়ে দুহুঁ রহু জাগি ॥
নিজ নিজ গীত লেখি বহু ভেজল[১]
তাহে অতি আরতি ভেল
রাধাকানুক প্রেম-রস-কৌতুক
তাহে মগন ভৈ গেল ॥
নিজ নিজ সহচর রসিক-ভকত-বর
তা সঞে করত বিচার।
তাহে নিতি নবিন পরম সুখ পাওত
আনন্দ প্রেম অপার ॥
রূপনরায়ণ বিজয়নরায়ণ
বৈদ্যনাথে শিবসিংহ।
মীলন ভাবি দুহুঁক করু বর্ণন
তছু পদ-কমলক[২] ভৃঙ্গ ॥৪॥২৩৭৮॥

পাঠান্তর

১। 'নিজ' ইত্যাদি স্থলে 'নিজ গীত লিখি বহু ভেজল অবনি' খ। ২। 'কমল' ক।

অথ বিদ্যাপতি-চণ্ডীদাস-মিলনং যথা ।

তথা রাগ ।

চণ্ডীদাস শুনি বিদ্যাপতি-গুণ
দরশনে ভেল অনুরাগ ।
বিদ্যাপতি তব চণ্ডীদাস-গুণ
শুনইতে বাঢ়ল রাগ[১] ॥
দুহুঁ উতকণ্ঠিত ভেল ।
সঙ্গহি রূপনরায়ণ কেবল
বিদ্যাপতি চলি গেল ॥
চণ্ডীদাস তব রহই না পারই
চললহিঁ দরশন লাগি ।
পন্থহি দুহুঁ-গুণ[২] দুহুঁ জন[৩] গায়ত
দুহুঁ-হিয়ে দুহুঁ রহু জাগি ॥
দৈবহি দুহুঁ দোঁহা দরশন পাওল
লখই না পারই কোই ।
দুহুঁ দোঁহা নাম-শ্রবণে তহিঁ জানল
রূপনরায়ণ গোই ॥৫॥২৩৮৯ ॥

পাঠান্তর

১। 'শুনইতে' ইত্যাদি স্থলে 'দরশনে ভেল অনুরাগ' ক। ২। 'জন' ক, খ। ৩। 'গুণ' ক, খ।

তথা রাগ[১] ।

সময় বসন্ত যাম দিন-মাঝহি
বটতলে সুরধুনি-তীর ।
চণ্ডীদাস কবিরঞ্জনে মীলল
পুলক কলেবর গীর ॥
দুহুঁ জন ধৈরজ ধরই না পার ।
সঙ্গহি রূপনরায়ণ কেবল
দুহুঁক অবশ-প্রতিকার ॥ধ্রু॥
ধৈরজ ধরি দুহুঁ নিভৃতে অলাপই
পুছত মধুর-রস কী ।
রসিক হইতে কিয়ে রস উপজায়ত
রস হৈতে রসিক কহী[১] ॥
রসিকা হইতে রসিক কিয়ে হোয়ত
রসিক হইতে রসিকা ।
রতি হইতে প্রেম প্রেম হইতে রতি
কিয়ে কাহে মানব অধিকা ॥
পুছত চণ্ডীদাস কবিরঞ্জনে
শুনতহি রূপনরাণ[২] ।
কহ[৩] বিদ্যাপতি ইহ রস-কারণ
লছিমা-পদ করি ধ্যান ॥৬॥২৩৯০॥

পাঠান্তর

১। 'কহি' ক, খ। ২। 'রূপনারায়ণ' ক, খ, চ। ৩ 'কহত' ঘ; 'কবি' চ।

তথা রাগ[১] ।

রসের কারণ[২] রসিকা রসিক
কায়াদি[৩] ঘটনে রস ।
রসিক কারণ রসিকা হোয়ত
যাহাতে প্রেম-বিলাস ॥
স্থূলতঃ পুরুষে কাম সূক্ষ্ম-গতি
স্থূলতঃ প্রকৃতে রতি ।
দুহুঁক ঘটনে যে রস হোয়ত
এবে তাহা নাহি গতি ॥
দুহুঁক য়োটন বিনহি কখন
না হয় পুরুষ নারী ।
প্রকৃতি পুরুষে যে কিছু হোয়ত
রতি প্রেম পরচারি ॥
পুরুষ অবশ প্রকৃতি সবশ
অধিক রস যে পিয়ে ।
রতি-সুখ-কালে অধিক সুখহি
তা নাকি পুরুষে পায়ে ।

দুহুঁক নয়নে নিকসয়ে বাণ
বাণ যে কামের হয়।
রতির যে বাণ নাহিক কখন
তবে কৈছে নিকসয়॥
কাম দাবানল রতি যে শীতল
সলিল প্রণয়-পাত্র।
কুল কাট খড় প্রেম যে আধেয়
পচনে পিরিতি মাত্র॥
পচনে পচনে লোভ উপজিয়া
যব ভেল দ্রবময়।
সেই সে বস্তু[7] বিলাসে উপজে[8]
তাহাকে রস যে কয়॥
ভণে বিদ্যাপতি চণ্ডীদাস তথি
রূপনারায়ণ সঙ্গে।
দুহুঁ আলিঙ্গন করল তখন
ভাসল প্রেম-তরঙ্গে ॥৭॥২৩৯১॥

পাঠান্তর

বিশেষ দ্রষ্টব্য—এই পদের ৫ম পংক্তি হইতে ৩১শ পল্লবের ১০ম পদ পর্য্যন্ত খ পুথির পাতাগুলি পাওয়া যায় নাই; সুতরাং উহার পাঠভেদ উদ্ধৃত করা গেল না। ২। 'কারণ' চ। ৩। 'কায়াটি' ক। ৪। ৫। 'স্থলত' ক। ৬। 'প্রকৃতি' ক; ৭। 'সেই' ইত্যাদি স্থলে 'সেই বস্তু এবে' ক; 'সেই বস্তু' চ। ৮। 'উপরে' ক; 'উপযে' চ।

তথা রাগ।

শৃঙ্গার-রস বুঝিবে কে।
সব রস-সার শৃঙ্গার এ॥
শৃঙ্গার-রসের মরম বুঝে।
মরম বুঝিয়া শৃঙ্গার যজে॥
সকল রসের শৃঙ্গার সারা।
রসিক-ভকত শৃঙ্গারে মরা॥
কিশোর কিশোরী দুইটি জন।
শৃঙ্গার-রসের মুরতি মন[1]॥
গুরু বস্তু এবে বলিব কায়।
বিরিঞ্চি ভবাদি সীমা না পায়॥
কিশোর কিশোরী যাহাকে ভজে।
গুরু বস্তু সে সদাই যজে॥
চণ্ডীদাস কহে না বুঝে কেহ।
যে জন রসিক বুঝয়ে সেহ ॥৮॥২৩৯২॥

পাঠান্তর

১। 'হন' ক।

তথা রাগ।

রসিক নাগরী রসের মত্রা।
রসিক ভ্রমরা[1] প্রেম-পিয়ারা॥
অবলা-মুরতি রসের বান।
রসে ডুবু ডুবু করে পরাণ॥
রসবতী সদা হৃদয়ে জাগে।
দরশ বাঢ়াইয়া পরশ মাগে॥
দরশে পরশ রস-প্রকাশ।
চণ্ডীদাস কহে রস-বিলাস ॥৯॥২৩৯৩॥

পাঠান্তর

১। 'ভ্রমর' ক, চ।

তথা রাগ।

চৌদ্দ ভুবন ভুবন তিন।
সপ্ত আখর তাহার চিন॥
দুইটি আখরে সদা পিরিতি।
তিনটি পরশে উপজে রতি॥